Shri Nirmal Chandra Bhattacharyya: I would suggest a most honourable way of solving the problem. I hope, Sir, the Hon'ble Minister after this will withdraw the vague statement.

The Hon'ble Abha Maiti: Why?

Shri Tripurari Chakravarti: May I make this humble submission. I crave the indulgence for making a submission. This is a very very important point affecting the rights and the liberties of the House. In England, in the British House of Commons there have been a number of such cases—cases from Stock V. Hansard to Wason V. Walter (1868). Wason V. Walter (1868) is a very important case bearing upon the issues which have been raised in the debate of this House at this moment. The times reported Parliamentary proceedings and in a very important case Chief Justice Cockburn gave his very important judgment—a very weighty judgment—saying that the press is entitled to make fair reports and fair comments. In this case the Minister thought it necessary to frame such allegations against the press—vague allegations were made against the press which she could not prove. She has not given us specific instances. In the present case the procedure would be that the Minister can go to a lawyer and frame a case against the press or the allegations of the Minister may be enquired into by you, Sir, and if you think, Sir, you may refer the matter to the Committee of Privileges. There is no other way out.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Under the rules this matter cannot be referred to the Committee of Privileges. (Shri Nirmal Chandra Bhattacharyya: Why not?) Because the Minister offered certain personal explanation. Rule 218 says "Notwithstanding anything contained in these rules, a member may, with the permission of the Chairman, make a personal explanation at any time, but in doing so no debatable matter may be brought forward and no debate shall arise.

Shri Jatin Chakravorty:
এ জিনিস বারবার ঘটবে স্যার।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Let me make myself clear. The Minister rose and made some personal explanations. She made a speech the other day and she says that she has been misreported and you may kindly compare the two versions and take your own decision. There cannot be any reference to the Committee of Privileges under the rules.

Shri Nagendra Kumar Bhattacharyya: You may, Sir, refer to rule 241—"All matters not specifically provided in these rules and all questions relating to the detailed working of these rules shall be regulated in such manner as the Chairman may from time to time direct." So it is within your discretion.

(Noise)

[2-40—2-50 p.m.]

Shri Nirmal Chandra Bhattacharyya: She made in the first instance certain vague allegations and after having done so she requested you to notice it and you did notice it. Therefore, it was not merely a personal explanation; she went beyond personal explanation, she went far beyond personal explanation.

Mr. Chairman: I might follow the rule which was quoted by Shri Nagendra Kumar Bhattacharyya. But meanwhile I would draw your attention to Chapter XIV of the Rules on questions of privilege. Subject to the provisions of these rules, a member may, with the consent of the Chairman, raise a question involving a breach of privilege either of a member, or of the Council or of a committee thereof. A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Secretary. But there is no notice in writing; so she is not raising a question of privilege.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. That makes your position miserable because the Minister raised a question which was a question of privilege. A question of privilege can be brought here only with the consent of the Speaker or the Chairman. She did not obtain your consent. She suddely stood up.....(Noise and interruptions).....If it was not a question of privilege, you ought to have asked her to sit down because she could not raise a question except through privilege and therefore, when she raised a question, she had no consent from you and your duty was to ask her to sit down. But I am prepared to excuse what the Minister in her youthful exuberance has said. She has resentment and rancour—I can understand that. But what I shall seriously protest against is that in a flippant manner the executive frown was passed on to the press through the seemingly harmless hands of the Chairman.

Mr. Chairman: You see, by use of language you can make things look like what you want things to look like.

Shri Sasanka Sekhar Sanyal: I have learnt the language from you.

Mr. Chairman: There was no frown. She asked for my permission and then she made a statement before the House.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, you have read out only one rule but that fragmentory rule does not meet the needs of the circumstances. Sir, I will first of all draw your attention to rule 180. It says, "Subject to the provisions of these rules, a member may, with the consent of the Chairman, raise a question involving a breach of privilege either of a member, or of the Council or of a committee thereof". The Hon'ble Minister has done something like that. Sir, I will next draw your attention to rule 183 about the mode of raising a question of privilege. (Noise and Interruptions).

(Voices from the Treasury Bench: It is not a question of privilege).

Mr. Chairman: She has not given anything in writing.

Shri Nirmal Chandra Bhattacharyya: No, Sir, it is not necessary. Just look at rule 180. Under rule 180 a verbal request is made. Then under rule 183, the Chairman, if he gives consent under rule 180 and holds that the matter proposed to be discussed is in order, shall, after the questions and before the list of business is entered upon, call the member concerned, who shall rise in his place and, while asking for leave to raise the question of privilege make a short statement relevant thereto. She made a statement, she did make a statement. (Noise)

Mr. Chairman: But no question of privilege was raised.

Shri Nirmal Chandra Bhattacharyya: It affects the privilege of every member of the House.

Mr. Chairman: But it is not a question of privilege.

(Noise and interruptions)

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, I refer you to rule 181 which says that if a member wants to raise a question of privilege, then he must serve a notice in writing to the Secretary before the commencement of the sitting on the day. So, Sir, it is not a question of privilege.

(Noise)

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, if the dignity of the House is violated, then it becomes.....(noise and interruptions). She has violated the dignity of the House by making certain false allegations.

Mr. Chairman: I do not know whether it is a false allegation or not.

Shri Jatin Chakravorty:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই শেষ কথা বলতে চাই যে বারবারই এই জিনিস হবে কারণ এই রকম লোক যদি মন্ত্রি হয় যার *** করবার উপযুক্ততা নেই।

Mr. Chairman: We pass on to the next item of business. Calling attention notices.

The Hon'ble Jagannath Kolay:
স্যার, একটা আন্‌পার্লামেন্টারি কথা উনি বলেছেন হি মাস্ট উইথড্র দ্যাট। উনি বলেছেন যে *** করবার উপযুক্ত নয়—একথা একজন মেম্বারের কাছ থেকে আমরা আশা করি না।

Shri Jatin Chakravorty:
স্যার, আমি ঐ কথাই বলতে চাইছি যে যার সামান্য কাজ করার উপযুক্ততা নেই তাকে যদি মন্ত্রি করা হয় তাহলে নিশ্চয়ই.....

Mr. Chairman: If you have used the word "* * *" own it up and then withdraw.

The Hon'ble Jagannath Kolay: That must be expunged from the proceedings.

Mr. Chairman: I think you are withdrawing it.

Shri Jatin Chakravorty:
আমি উইথড্র করছি, কিন্তু আমি এটাও বলছি যে মন্ত্রি যাকে করা হয়েছে যার একটা ছোট সামান্য কাজ করার উপযুক্ততা নেই।

*** Expunged as ordered by the Chair.

Mr. Chairman: You are perfectly welcome to your opinion.

The Hon'ble Jagannath Kolay: Sir, it must be expunged from the proceedings.

Shri Jatin Chakravorty:
স্যার, যার একটা সামান্য ছোট কাজ করার উপযুক্ততা নাই তাকে মন্ত্রি করা হয়েছে।

Mr. Chairman: We come to the decision that we expunge the word "* * *" but the other opinion of his may, remain.

UNSTARRED QUESTION

(to which written answers were laid on the Table)

The Royal Calcutta Turf Club

1. Shri C. N. Khaitan: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) whether during the Chief Ministership of late Dr. B. C. Roy an Enquiry Committee was formed under the Chairmanship of Shri Sankardas Banerjee, Ex-Finance Minister of West Bengal, to report on the affairs and management of the Royal Calcutta Turf Club;

(b) if so, whether the Committee has completed the enquiry and submitted a report; and

(c) whether the Government consider the desirability of placing the report before the House, and if so, when?

Minister for Home (The Hon'ble Prafulla Chandra Sen): (a) A Commission of Enquiry into Horse-racing in West Bengal was constituted with Shri D. C. Driver as Chairman, Shri Sankardas Banerjee as Member and Shri K. P. Thomas as Member-Secretary.

(b) Yes.

(c) No.

Commissioner of Police, Calcutta

2. Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state the circumstances leading to the replacement of Shri S. M. Ghosh by Shri P. K. Sen as Commissioner of Police in January, 1964.

Minister for Home (General Administration) (The Hon'ble Prafulla Chandra Sen): Due to heavy strain of work during the last disturbances Shri Ghosh became very tired and needed some rest. He applied for one month's leave and has been allowed it with effect from the 15th January, 1964. Shri P. K. Sen has been appointed to act as Commissioner of Police in the vacancy.

Punitive tax in West Bengal

3. Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) what are the areas, if any, where punitive tax has been imposed;

(b) whether such tax has been imposed under the provision of any law; and

(c) if so, what provision?

Minister for Home (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Areas within the jurisdiction of six police-stations, viz., Tehatta, Chakdah, Ranaghat, Haringhata, Kotwali, Santipur in Nadia district and 14 police-stations, viz., Bongaon, Bagdah, Gaighata, Baraset, Habra, Deganga, Basirhat, Swarupnagar, Dum Dum, Baranagar, Belghoria, Jadavpur, Mahestala, and Sonarpur in 24-Parganas district were declared to be in a dangerous and disturbed state under section 15(1) of the Police Act, 1861. Punitive tax has nowhere been imposed.

(b) and (c) Do not arise.

Military forces during the disturbance period

4. Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state:

(a) why military force was brought in during the unquiet days in January, 1964;

(b) whether the initiative for bringing military was taken by the State Government or it was at the suggestion or direction of the Union Government; and

(c) whether the State Government thought that law and order broke down and military force was a necessity or whether the Government of India gave the idea to call for the military force?

Minister for Home (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Troops were called out in aid of civil power.

(b) Troops came out in aid of the civil power at the request of the State Government.

(c) The situation warranted, in the opinion of the State Government, that the civil power should be assisted by the army for quelling the disturbances.

Calling attention to matters of urgent public importance.

Mr. Chairman: I have before me two notices of calling attention on the following subjects—

(1) Non-payment of final grants to the non-Government Aided Secondary Schools, and

(2) Arrangement of migration certificates for the workers of Narayangunje Mill in East Pakistan.

These are from Shri Santosh Kumar Bhattacharyya and Dr. Janaki Ballabha Bhattacharyya. The members may please make their statements.

Shri Santosh Kumar Bhattacharyya: Sir, under rule 170A of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council I hereby give notice of my intention to call the attention of the Minister in charge of the Education Department to the following matter of urgent public importance and to request that the Minister may make a statement thereon.

In spite of the repeated demand and appeals from Secondary teachers and teacher legislators in the Council for timely payment of grants-in-aid to non-Government Aided Secondary Schools in the State a vast majority of the schools have not yet received the final grant for the year 1962-63 even when the next financial year is practically over. The result is that

the salaries of thousands of teachers have been in arrears for months together. It is a serious situation and unless the Education Department moves in the matter the teachers will have to launch a movement.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am making enquiries and shall make a statement on Monday next.

Dr. Janaki Ballabha Bhattacharyya: Sir, under rule 170A of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council I hereby give notice of my intention to call the attention of the Chief Minister to the following matter of urgent public importance and to request that the Chief Minister may make a statement thereon.

A large number of minorities of East Pakistan who are workers of Narayangunje Mill feel insecure in East Pakistan and intend to migrate to Indian Union but do not dare to come out to obtain migration certificates. What arrangements are proposed to be made for providing them with migration certificates?

The Hon'ble Jagannath Kolay: Sir, it is a Central Government affair. We have got nothing to do in the matter.

Mr. Chairman: West Bengal Government cannot do anything in this matter. It is a Central Government affair.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Under the Rules no such question can be answered by the State Government. This can only be answered by the Central Government.

Mr. Chairman: So it falls through. We now begin our discussion on Governor's Address.

Discussion on Governor's Address

Mr. Chairman: Now, Mr. Rasul may like to speak.

Shri Abdullah Rasul: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz:—

"But regret that there is no mention about—

(1) the failure of the Government to deal with the question of prices of commodities in West Bengal;

(2) the failure of the Government to mention the low price of raw jute and potato and the plight of their growers."

[2-50—3 p.m.]

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয়া রাজ্যপাল মহোদয়া সেদিন এখানে এই বাজেট সেসানের উদ্বোধন করতে গিয়ে যা বলেছেন তাতে দেখা গেল তাঁর ভাষণ অত্যন্ত সংক্ষিপ্ত এবং শুধু সংক্ষিপ্ত নয়, মনে হল দায় সারার একটা বিষয়, যাতে সরকারী নীতি সম্বন্ধে বিশেষ কোন বক্তব্যই রাখা হয় নি এবং সেই হিসাবে আমি মনে করি তাঁর বক্তব্য অত্যন্ত নৈরাশ্যজনক। বর্তমানে এই দেশে যে জরুরী অবস্থা চলছে সেই জরুরী অবস্থা এখনও বজায় রাখার কোন যুক্তিসংগত কারণ আছে কিনা জানি না, আমার মনে হয় কোন কারণ নেই। কিন্তু সরকারের তরফ থেকে সে সম্বন্ধে কোন উক্তি করা হয় নি। অনেক গুরুত্বপূর্ণ বিষয় সরকারী নীতির মধ্যে আসা উচিত ছিল, সেই বিষয়গুলি আসে নি, অথবা নামমাত্র উল্লেখ করা হয়েছে—যেমন, খাদ্য সম্পর্কে, দ্রব্য মূল্য সম্পর্কে, জমি, কৃষি ব্যবস্থা, সেচ ব্যবস্থা, বেকার সমস্যা, সরকারী দুর্নীতি ইত্যাদি

বিভিন্ন বিষয় রয়েছে, সে সম্বন্ধে হয় সামান্য মাত্র উল্লেখ করা হয়েছে অথবা কিছুই বলা হয়নি। এইভাবে তাঁর বক্তব্য না রাখলেই হয়ত ভাল হত, তবে সেটা আইনের দিক থেকে প্রয়োজন ছিল সেজন্য বলেছেন।

খাদ্যের ব্যাপারে এটা আমার মনে হয় যে নীতি ঘোষণা করা হয়েছে সেই নীতি ভাল বা মন্দ যাই হোক, সেই নীতিকে কার্য্যকরী করার জন্য সরকারের তরফ থেকে বিশেষ কোন চেষ্টা নেই। দ্বিতীয়তঃ, সেই নীতি অনুসারে যাঁরা ধরুণ ধান চাল কিনে খান তাঁরা তো উপযুক্ত দরে কিনতে পাচ্ছেন না, বেশী দর দিতে বাধ্য হচ্ছেন। আবার যে সময় ধান চালের দর ঘোষণা করা হয়েছিল তারপরের দুই এক দিনের মধ্যে দেখা গেছে যে বস্তার হিসাবে অর্থাৎ ১॥ মনের হিসাবে ধানের যে দর পাওয়া যাচ্ছিল সেই দর ৫ টাকা কমে গেল। আমি একটা বাজারের খবর বলছি, সেখানে ২৬ টাকা বস্তার দর ছিল, সেখানে ১ বস্তায় ১ মন ২৬ সের নেওয়া হয়, সেটা ২১ টাকায় নেমে গেল, যে মুহূর্তে এই দাম ঘোষণা করা হয় ঠিক তার ২৪ ঘণ্টার মধ্যে। এই ভাবে যারা উৎপাদক তাদের ক্ষতি করা হয়েছে। তৃতীয়তঃ, আমাদের বাংলা দেশে পাটের দর একটা বড় সমস্যা। এবারে পাট উৎপন্ন হওয়ার পর যখন পাট বাজারে আসতে আরম্ভ করল তখন দেখা গেল পাটের দর ২১।২২ টাকায় নেমে গেছে, তার থেকে বেশী পাওয়া যায় নি। সেজন্য কৃষকরা অত্যন্ত বেশী আঘাত পেয়েছে। তার উপর দেখা গেছে আলুর দর। বর্তমানে আলুর দর ৬, ৬॥, ৭ টাকার মধ্যে। এইভাবে যে দর পাওয়া যাচ্ছে তাতে কৃষকদের চাষের খরচ পর্যন্ত পোষায় না।

তারপর ভূমি সংক্রান্ত ব্যবস্থা। ভূমি বণ্টন করার যে প্রশ্ন ছিল সেই বণ্টন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। যেটুকু হয়েছিল পূর্বে এক সময়ে, তারপর গত ১ বছরের মধ্যে হয়েছে বলে আমি খবর জানি না।

তারপর বাস্তু ভিটা সম্পর্কে। ভূমি সংস্কার আইনে ব্যবস্থা করা হয়েছিল যে বাস্তু ভিটা জমি ১ বিঘা পর্যন্ত থাকলে তাকে নিষ্কর করে দেওয়া হবে। কিন্তু সেই জিনিসটা না করে অর্থাৎ আইনটাকে সেইভাবে জারি না করে একটা সরকারী অর্ডার মাত্র দেওয়া হয়েছে ১ বছরের জন্য বাস্তু ভিটা নিষ্কর করার জন্য। এটা কি যুক্তিতে করা হয়েছে তা আমি জানি না।

তারপর সরকারী দুর্নীতির ব্যাপার। চারিদিকে দেখতে পাচ্ছি দুর্নীতি। ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী নন্দ সাহেব বলেছিলেন যে তিনি স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রীত্ব গ্রহণ করার পর ২ বছরের মধ্যে যদি শতকরা ৭৫ ভাগ দুর্নীতি না কমে যায় তাহলে তিনি চাকরিতে ইস্তফা দেবেন। অবশ্য এইভাবের কথা বাগাড়ম্বর ছাড়া আর কিছু হবে বলে আমার মনে হয় না। কিন্তু এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এ সম্পর্কে গভর্ণরের বক্তৃতার মধ্যে কোন কিছু পেলাম না। যেন হয়ত এখানে দুর্নীতি নেই, অথবা হয়ত পদত্যাগ করবার জন্য কোন উপযুক্ত মন এখানে নেই—যিনি দায়িত্বশীল এবিষয়ে আছেন তিনি হয়ত পদত্যাগ করতে চান না—সেজন্য কোন কথা বলা হয় নি।

আর একটা বিষয় চলছে, বাংলাদেশের বহু জেলাতে পঞ্চায়েত নির্বাচন হচ্ছে। পঞ্চায়েত নির্বাচনে যে প্রহসন চলছে সেই প্রহসনের খবর যাঁরা রাখেন তাঁরা বুঝেছেন সে আইন বলে কোন বস্তু এ ব্যাপারে কাজ করে না। আমরা দেখেছি, আমি নিজেও দেখেছি এবছর খুব সাম্প্রতিক কালে যেমন হাওড়া জেলায় ধরুন সেখানে পঞ্চায়েত নির্বাচন হচ্ছে। আইনে আছে যে বিধান-সভার নির্বাচনে যাঁরা ভোট দেবার অধিকারী তাঁরা গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে ভোটের অধিকারী কিন্তু বি ডি ও নিজের খুসীমত যে ভোটার তালিকা তৈরী করছেন সেই ভোটার তালিকার সংগে য়্যাসেম্বলীর ভোটার তালিকার কোন মিল নেই। য়্যাসেম্বলীর ভোটার তালিকায় যে সমস্ত নাম আছে তার বহু নাম তিনি ইচ্ছামত কেটে দিচ্ছেন। দলগতভাবে যাতে কংগ্রেসের লোক বেশীভাবে ভোট দিতে পারেন সেই চেষ্টা হচ্ছে, তিনি ভোটার তালিকা টাঙিয়ে দেন

না, দেখতে দেন না—যেদিন পোলিং হবে তার আগের দিন সেটা তৈরী করে হাজির করেন অথচ কেউ জানতে পারে না যে কে ভোটার হল কিন্তু ওঁদের দিক থেকে তা ঠিক হয়ে যাচ্ছে আর যাঁরা বাস্তবিক ভোটার হতে পারেন এরকম বহু লোক তাঁরা ভোটার হতে পারছেন না। এই যে জিনিসটা এটা কি ভাবে চলছে? গণতন্ত্র এবং নীরা বিপ্লব এই সব বড় বড় গালভরা বুলি আমরা শুনে আসছি। এই নীরা বিপ্লব যে চলছে এই ভাবে—এই বিপ্লবের কি হেড কি টেল তা আমরা আজ পর্যন্ত বুঝতে পারলাম না কিন্তু এই ধরনের জিনিসগুলো যে চলছে এবিষয়ে কোন উল্লেখ পর্যন্ত গভর্ণরের বক্তৃতার মধ্যে পেলাম না। এখানে একটা বিষয় আছে যে বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেটা সম্পর্কে কিছু উল্লেখ গভর্ণরের বক্তৃতায় করা হয়েছে-সে বিষয়টা সম্বন্ধে আমি কিছু বলতে চাই। সম্প্রতিকালে এই দুই বাংলায় যে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা হয়ে গেল সে সম্পর্কে কিছু উল্লেখ করা হয়েছে। তার মধ্যে ২।১টা ভাল কথা যে বলা হয় নি তা নয় কিন্তু সে সম্পর্কে আমার কিছু বক্তব্য যা আছে আমি বলছি। প্রথম হচ্ছে হাঙ্গামা যে হয়েছে সেই হাঙ্গামাতে যেসব ব্যক্তি মারা গেছেন তাঁদের স্মৃতির প্রতি আমি শ্রদ্ধা জানাচ্ছি সে পাকিস্তানেই হোক্ অথবা আমাদের এ দেশেই হোক্। দ্বিতীয় হচ্ছে যে সমস্ত ব্যক্তি মারা যাননি আহত হয়েছেন এবং যাঁদের সম্পত্তি নষ্ট হয়েছে ঘরবাড়ী জ্বালিয়ে দেয়া হয়েছে তাঁদের প্রতি আমি গভীর সহানুভূতি জানাচ্ছি তাঁরা পাকিস্তানের অধিবাসী হোন অথবা ভারতবর্ষের অধিবাসী হন।

[3—3-10 p.m.]

এখন সংবাদপত্রে যে ধরণের খবর আমাদের এখানে কলকাতার অধিকাংশ পেপার-এ বা কাগজে বেরিয়েছে, তা থেকে একটা জিনিষ মনে হয় যে যেন, শুধু পাকিস্থানেই হাঙ্গামাটা হয়েছে, পশ্চিমবাংলায় হাঙ্গামা যেন কিছুই হয়নি।

গতকাল আমাদের এখানে বিধান পরিষদের মধ্যে এক ঘন্টা ধরে যে প্রশ্নোত্তর হল, সেই সব প্রশ্নোত্তর যদি কোন বাইরের লোক, যিনি আমাদের অবস্থা সম্পর্কে অবগত নন, তিনি শুনতেন, তাহলে ভাবতেন যে যা কিছু ঘটনা ঘটেছে, তা সব পাকিস্থানে ঘটেছে, এখানে পশ্চিমবাংলায় কিছু ঘটেনি। আমি পাকিস্থানের অধিবাসী নই, পাকিস্থান গভর্নমেন্টের আমি সমর্থকও নই, বরং আমি বলতে পারি পাকিস্থানে যে বর্তমান গভর্নমেন্ট আছে, তার আমি কড়া সমালোচক। কিন্তু এই সঙ্গে আমি এ কথাটাও বলবো যে ঐ পাকিস্থান কিছুদিন পূর্বে আমাদের একই দেশ ছিল। আজকে যে কারণেই হোক, দুর্ভাগ্যক্রমে হোক, বা সৌভাগ্যক্রমে হোক, দুটা দেশ হয়ে গিয়েছে। সেখানে মুসলমান, হিন্দু উভয়েই বাস করে, যেমন আমাদের এখানে পশ্চিমবাংলায় হিন্দু, মুসলমান উভয় সম্প্রদায়ের লোক বাস করেন। সেখানে দুর্ঘটনা ঘটে গিয়েছে, খুব খারাপ ঘটনা ঘটে গিয়েছে, তবে কতটা পরিমান তা আমি সঠিক জানিনা। কিন্তু দুর্ঘটনা আমাদের এখানেও ঘটেছে, খুব খারাপ ঘটনাই ঘটেছে, এবং তার পরিমানটা কি সে সম্পর্কে ব্যক্তিগত জ্ঞান আমার নিজের কিছু আছে। কিন্তু আমি এটা মনে করি সে প্রেসে এর প্রচার যে ভাবে হচ্ছে, তাতে এই হাঙ্গামা সম্পর্কে আহত, নিহত অথবা ক্ষতিগ্রস্থ যাঁরা হয়েছেন, তাদের সম্পর্কে যথেষ্ট সুবিচার করা হচ্ছে না, খুব বেশী করে একতরফা ভাবে প্রচার হচ্ছে।

Dr. Srikumar Banerjee: Sir, there is nobody now to stand up for the Press.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, the press is not a part of the House and therefore, if the press is aggrieved by the House, the press will take care of itself.

Shri Abdullah Rasul:

কলকাতা এবং পশ্চিমবঙ্গের কয়েকটি জেলায় সম্প্রতি জানুয়ারী মাসে যে হাঙ্গামা হয়ে গেল, সেখানে আমি মনে করি শান্তি এবং নিরাপত্তা রক্ষার কাজে পশ্চিমবঙ্গ সরকার ব্যর্থ হয়েছেন। শুধু ব্যর্থই হয়েছেন তা নয়, আমি মনে করি নীতির দিক থেকেও তারা অনেক ভ্রান্তিকর কাজ

করেছেন। পুলিশ কি করেছে সে সম্বন্ধে আমি বেশী কিছু বলতে চাই না। শুধু এইটুকু বলবো যে আমাদের পশ্চিমবঙ্গের পুলিশ সম্পর্কে আমি খুব প্রশংসাসূচক কথা বলতে পারছি না। এবং এই জিনিসটা অন্ততঃ কিছু পরিমানেও বাংলা সরকার যে উপলব্ধি করেছেন তার প্রমান হচ্ছে এই যে যখন হাঙ্গামা চলতে থাকে, তারই মধ্যে কলকাতার পুলিশ কমিশনারকে সরান হয়েছে। তাঁরা যে অজুহাতই দিন, তাঁকে সরান যে হয়েছে, এটাই বাস্তব ঘটনা। তাছাড়া বনগাঁ মহকুমার সাব-ডিভিসনাল অফিসারকেও সরান হয়েছে, এবং হাবড়া থানার, ২৪ পরগণা জেলার, অফিসার ইন চার্জ যিনি ছিলেন তাঁকে সাসপেন্ড করা হয়েছে। এমন আরও যে কত ঘটনা ঘটেছে সে সম্বন্ধে বিস্তৃত বিবরণ নেই, এবং খুব বেশী না দেওয়াটাই ভাল বলে আমার মনে হয়।

এর থেকে একটা ইংগিত পাওয়া যায় এই যে হাঙ্গামার সময় পুলিশ তার কর্তব্য যথাযথ ভাবে পালন করেন নি। দু-চারজন ব্যক্তির বিরুদ্ধে প্রশ্ন নয়, পুলিশের মধ্যে ব্যাপক ভাবে এই দুর্নীতিটা প্রকাশ পেয়েছে। এটা বিশেষ করে সম্প্রতিকালের হাঙ্গামার মধ্যে দেখতে পাওয়া গিয়েছে। সরকারকে যে সমালোচনা করছি, তার কারণ হচ্ছে এই যে খুলনায় যখন প্রথম ঘটনা ঘটে, এখানে অনেক ক্ষেত্রে বলা হয় যে খুলনায় বা পূর্ব পাকিস্থানে যা ঘটনা ঘটেছে, সেটার প্রতিক্রিয়া হিসাবে এখানে হাঙ্গামা ঘটেছে। সেটা আংশিক ভাবে ঠিক। কিন্তু এই কথাটা যদি বেশী করে বলা যায়, তাহলে এখানকার হাঙ্গামাটার সম্বন্ধে একটা সাফাই দেবার চেষ্টা হয়। সেটা একটা ভ্রান্ত নীতি। খুলনায় তিন তারিখে যে ঘটনা ঘটল, তার প্রতিক্রিয়া এখানে হতে পারে, এই সম্ভাবনার কথা সরকারের তরফ থেকে সরকারের মধ্যে দায়িত্বশীল মন্ত্রীরা নিশ্চয় জানতেন। অন্ততঃ জানা উচিত ছিল তাঁদের। কিন্তু তাঁরা ভুবনেশ্বরে কংগ্রেসের অধিবেশনে যোগ দিতে চলে গেলেন।

মুখ্যমন্ত্রী মহাশয় ১০ই তারিখে ভুবনেশ্বর থেকে ফিরে এলেন। পরকাল এ্যাসেম্বলীতে তিনি বলেছেন কাগজের রিপোর্টেও বেরিয়েছে, যে তিনি ৯ই তারিখে এখানে দুর্ঘটনা ঘটেছে জানতে পেরেই, ১০ই তারিখে এখানে চলে আসেন। কিন্তু তা নয়। ৭ই তারিখে প্রথম দমদমে দুটা খুন হয়েছিল, এবং এন্টালীতেও দুর্ঘটনা ঘটেছিল। ৭ই তারিখের পর ৮ই তারিখ গেল তারপর ৯ই তারিখ গেল, তারপর তিনি ১০ই তারিখে এখানে এলেন। ১০ই তারিখে তিনি যখন এলেন বোধহয় ২।৩টার সময়, তিনি এসে পৌঁছেছিলেন এবং ৩টার সময় তাঁর কাছে ডেপুটেশন এল। সেই ডেপুটেশন থেকে বলা হয়েছিল যে অবস্থা আমরা যা দেখতে পাচ্ছি তাতে এখুনি প্রয়োজন মিলিটারী ডাকা এবং মন্ত্রীসভার এবং বিরোধীপক্ষের মিলিত ভাবে সহরের মধ্যে টহল দেওয়া বা ঘোরা, এবং লোককে আশ্বাস দেবার ব্যবস্থা করা হোক। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় এই প্রস্তাব গ্রহণ করেন নি।

১১ তারিখ সকালবেলা যখন ডেপুটেশন যায় তখন সেই ডেপুটেশনকে তিনি বলেন যে আজকে ৪৪ ধারা জারী করছি, ৭।৮টা থানায় কারফিউ জারী করা হবে আর মিলিটারী ডাকা হবে। তাঁকে বলা হয় মিলিটারীর হাতে ক্ষমতা দিন কারণ পুলিশের ওপর ভরসা করা যাচ্ছে না। তিনি বলেন যে মিলিটারীর হাতে ক্ষমতা দিলে তারা তো গুলি করবে। যারা অসৎ লোক গুণ্ডাবাজী করার জন্য গুলি করছিল বা লোককে মারছিল সেটা বন্ধ করবার জন্য যদি পুলিশ গুলি চালাতো তাহলে তাঁর আপত্তি ছিল কিন্তু ওরা যখন গুণ্ডাবাজী করছিল তার জন্য তাঁর আপত্তি ছিল না। অথচ সেই কাজেই তিনি পরের দিন রবিবার ১২ তারিখে তিনি করলেন। যদি দুইদিন পূর্বে হত তাহলে এই কলকাতা সহরে অন্তত অনেক জায়গাতে হাঙ্গামা বন্ধ করা যেতে পারত এবং যে ব্যাপকতা হয়েছে, যে তীব্রতা হয়েছে তাকে অনেক পরিমাণে কমিয়ে দেওয়া যেতে পারতো কিন্তু তিনি তা করেন নি।

তিনি কি করলেন—১১ তারিখে রাজী হলেন, ১২ তারিখ দুটোর সময় মিলিটারী এল, এবং ১২ তারিখ সন্ধ্যাবেলায় ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী এখানে এলেন। যদি স্বরাষ্ট্রমন্ত্রী না আসতেন তাহলে যে ব্যবস্থা এ পর্যন্ত করা হয়েছিল হাঙ্গামা দমন করবার জন্য তা হতো কিনা তা

বলতে পারি না। অন্তত এই পরিমাণে হতো কি না আমার সন্দেহ আছে। স্বরাষ্ট্রমন্ত্রী এলেন, তারপরে ১২ তারিখের পর থেকে দেখা গেল রাত্রিতে মিলিটারী পোস্টিং হল। তারপর থেকে দেখা গেল—১৩ তারিখ থেকে হাঙ্গামার পরিমাণটা কম হল। কিন্তু ইতিমধ্যে ঘটনা ঘটে গেছে। মহেশতলা থানা অঞ্চলেল, বাটা অঞ্চলে দেখা গেছে যে ১০ তারিখে দুপুর বেলায় ৪ ঘন্টা ধরে ৪ খানা গ্রামকে পুড়ানো হয়েছে এবং কয়েকজন মানুষকে খুন করা হয়েছে। খুন শুধু নয় বীভৎসতা তার মধ্যে অত্যন্ত বেশী ছিল, তার বর্ণনা আমি করতে চাই না। বিষয়টী অবশ্য জানে অনেকে। তবুও না বর্ণনা করাই ভাল। কিন্তু নুঙ্গী অঞ্চলে, নুঙ্গী ইউনিয়নে ৪ দিন ধরে হত্যাকাণ্ড হয়েছে। ১০।১১।১২।১৩ এই ৪ দিন ধরে হত্যাকাণ্ড হয়েছে। সংবাদ পাওয়া গেছে যে একটা পরিবারের ১৫ জন মানুষকে খুন করা হয়েছে। এবং সেখানে রাস্তার ধারে বাজারে এবং রেল ষ্টেশন-এর পাশে একটা মসজিদ ভাঙ্গা হয়েছে, ধর্মতলা বলে একটী এলাকায় যে মোল্লার বাড়ী আছে তাদের সেখানে মসজিদে পেট্রোল দিয়ে জ্বালান হয়েছে বলে জানা গেছে। এই ধরণের অনেক ঘটনা হয়েছে। কতগুলি খুন হয়েছে সে সংখ্যা আমি পাইনি কিন্তু বেশ সংখ্যাই হয়েছে। এবং খুনের সংখ্যা ঐ এলাকায় অন্যান্য অনেক এলাকার থেকে বেশী।

ইতিমধ্যে বনগাঁ মহকুমায় গাইঘাটা ইত্যাদি অঞ্চলে আর হাবড়া থানা অঞ্চলে যে বীভৎস ব্যাপার হয়েছে তা যারা দেখেছেন তারা জানেন। না দেখলেও শুনলেও হয়ত খানিকটা বুঝতে পারবেন। হাবড়া থানা অঞ্চলে ৬৫ খানা গ্রাম জ্বালিয়ে দেওয়া হয়েছে এবং আরও ১০ খানা গ্রামে লুঠ করা হয়েছে। মৃতের সংখ্যা খুব কম নয়। মোট কত মারা গেছে সে সম্বন্ধে স্বরাষ্ট্র মন্ত্রী পার্লামেন্টে বলেছেন যে ২০৮ জন এই হাঙ্গামার মধ্যে মারা গেছেন আর ৫৬ জন পুলিশের গুলিতে মারা গেছে। সুতরাং মারা কিছু গেছে। অবশ্য ১৯৪৬ সালের তুলনায় কিছুই নয়। এর মধ্যে হিন্দুও আছে মুসলমানও আছে। হাঙ্গামার মধ্যে হিন্দু মরেছে কম, মুসলমান মরেছে বেশী কিন্তু পুলিশের গুলিতে হিন্দু মরেছে বেশী, মুসলমান কম মরেছে। এই যে ঘটনাগুলি ঘটলো এই ঘটনাগুলি আমাদের অন্তত একটু বিবেচনা করে দেখা দরকার যে হাঙ্গামা কিছুটা ঘটতে দেওয়া হয়েছিল বলেই তো ঘটছে। যখন নন্দা সাহেব এলেন তাঁর মিলিটারীও এল, সেই মিলিটারী কাজ আরম্ভ করলে। নন্দা সাহেব দুইদিন এখানে থেকে ফিরে যাবার পূর্বে সমাজ বিরোধী লোক হিসাবে যাদের তালিকা তাঁকে দেখান হয়েছিল তাতে ৩০০ চেয়ে কম লোকের নাম ছিল।

[3-10—3-20 p.m.]

তিনি বলেছেন দি নাম্বার মাস্ট বি মাচ হায়ার দ্যান দিস এবং এটা আমরা জানি যে পুলিশের ব্ল্যাক লিস্টে হাজার হাজার সমাজ বিরোধী লোকের নাম আছে, যেমন গত পূজার সময় বাংলা দেশে, কলকাতায় এবং বাইরে ৮ হাজার লোককে ধরা হয়েছিল। যারা বাইরে পূজার সময় ঘোরাফেরা করে, কেউ পকেটিয়ার, কোথাও মেয়েছেলের পিছনে যাওয়া এই রকম সমাজ বিরোধী কাজ যারা করে থাকে তাদের জন্য এইভাবে সতর্কতামূলক ব্যবস্থা করেছিলেন। সেটা খুব ভাল কাজ করেছিলেন। কিন্তু যখন এত বড় একটা হাঙ্গামা হয়ে গেল তখন মাত্র ৩ শো লোকের লিস্ট বেরুল? এটা কি করে হয়? পুলিশের হাতে সমস্ত লিস্ট ছিল; সে লিস্ট তাহলে গোপন করা হয়েছে। কিন্তু সংগে সংগে দেখা গেল ১৪ তারিখে বেলা ১টার সময় থেকে মিঃ এস. এম. ঘোষ, পুলিশ কমিশনার, সরে গেলেন এবং নতুন পুলিশ কমিশনার যখন এলেন, তারপর ধর পাকড় হয়ে গেল। যথেষ্ট ধর পাকড় হয়েছে, তার মধ্যে নির্দোষ ব্যক্তিকেও ধরা হয়েছে, তাই হয়ে থাকে এবং মিঃ নন্দের বিবৃতি থেকে পাচ্ছি যে ১৫ হাজার লোককে এ্যারেস্ট করা হয়েছে, পরশু তিনি বলেছেন। তাহলে এই লোকগুলি ছিল, কিন্তু তাদের পিছনে লাগা হয় নি। সেটা ভাল করেছেন কি মন্দ করেছেন তার বিচার আপনারা করবেন, পাবলিক করবেন।

তারপর রিলিফের ব্যাপারেও অনেক কিছু অব্যবস্থা হয়েছিল, তাহলেও পরে কিছু সুবিধা হয়েছে। সেগুলি সম্বন্ধে আমি বিস্তৃত বিবরণে যাচ্ছি না। কিন্তু কি ধরণের বিভৎস ঘটনা ঘটেছে, (মানুষের হত্যার ব্যাপার বাদ দিয়ে বলছি। হত্যার ব্যাপার শুনলে গা

কাঁটা দিয়ে উঠে। পাকিস্তানেও হয়ত এই রকম ঘটনা হয়ে থাকতে পারে।) সেগুলি বলছি। এখানকার কতকগুলি জায়গায় দেখেছি এলাকাকে এলাকা জ্বালিয়ে দেওয়া হয়েছে, কারখানা জ্বালিয়ে দেওয়া হয়েছে, মানুষের ঘর বাড়ী জ্বালিয়ে দেওয়া হয়েছে এবং ডিজেলে জ্বালান হয়েছে। আমরা দেখেছি বোমা ফেললে যেভাবে, নষ্ট হয় কোন কোন জায়গায় তার চেয়ে বেশী নষ্ট হয়েছে। এই জিনিসগুলি যে হতে পেরেছে এটা ২।১ জন লোকে করেনি, শত শত লোক করেছে, দীর্ঘ সময় ধরে করেছে। কিন্তু পুলিশ কোথায় ছিল?

কাজেই ২।৪ জন পুলিশের লোক অপরাধী এই কথা যদি কেউ ভাবেন তাহলে আমি বলব একটা ভুল ধারণার উপর তিনি চিন্তা করেছেন। কিন্তু প্রশ্নটা শুধু এই নয়, এর উপর আরো অন্য বিষয় আছে। উত্তেজনা সৃষ্টি করা হয়েছে। আমি এই উত্তেজনা যাতে বেশী সৃষ্টি না হয় সেজন্য বিভৎসতার কথা এখানে বলতে চাই না। কিন্তু আমাদের এখানকার প্রেসে বেরুচ্ছে —স্বাজকের কাগজে বেরিয়েছে গত কাল পার্লামেন্টে দুজন বাঙালী মেম্বার বলেছেন, একজন বলেছেন ১০ হাজার লোক পাকিস্তানে মারা গেছে, আর একজন বলেছেন ২০ হাজার লোক পাকিস্তানে মারা গেছে। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ তা হবে, তা হবে) ঐ ধরণের চিন্তা ছিল বলে ঐ ধরণের বিভৎসতা হয়েছে, তা না হলে হত না।

Shri Jogindra Lal Saha:
আপনি পাকিস্তানের সংগে তুলনা করে পশ্চিমবঙ্গের কথা দয়া করে বলবেন না।

Shri Abdullah Rasul:
আপনার সময়ে আপনি বলবেন, এখন থাক। পাকিস্তানে ১ হাজার লোক মারা গেছে একটা কাগজে বেরিয়েছিল একদিন এবং তাতে আমেরিকান পিস মিশনের একজন নার্স বলেছেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আমি দেখেছি যে ৬ শো লোক মারা গেছে।

Shri Devaprosad Chatterjea:
১০ হাজার।

Shri Abdullah Rasul:
আমাকে বলতে দিন, আপনারা তো বলবেন। পাকিস্তানে কত মরেছে তা আমি জানি না, আমি শুধু এইটুকু বলছি যে পাকিস্তানের ব্যাপারে যে খবর এখানে বেরিয়েছিল, ৬ শো মারা গেছে বলে যে নার্স বলেছিলেন, এই খবরটা রয়টার থেকে এখানে এসেছিল। সেই নার্স রে কনট্রাডিক্ট করেছেন এবং জনসেবকে সেটা বেরিয়েছে। সেখানে কত মারা গেছে তার হিসাব আমার কাছে নেই। আমি এখানকার হিসাব নিয়ে বলব। আমার মনে আছে ১৯৪৬ সালে নোয়াখালিতে যখন হাঙ্গামা হয়েছিল কলকাতার হাঙ্গামার পরে অক্টোবর মাসে, সেই সময় সুরেন ঘোষ মহাশয় বি, পি, সি, সি'র প্রেসিডেন্ট ছিলেন, তিনি বলেছিলেন নোয়াখালিতে ৫০ হাজার হিন্দুকে হত্যা করা হয়েছে। কাগজে বড় করে ব্যানার লাইন হেডিং দেওয়া হয়েছিল। কিন্তু দেখা গেল যে ২২ জন লোক সেখানে মারা গেছে।

আমি কিন্তু যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই (কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)

Devaprosad Chatterjee:
আপনি ইউ, এন, ওতে গিয়ে পাকিস্তানের হয়ে বলুন, পাকিস্তানে যান।

Shri Abdullah Rasul:
মাননীয় সদস্যের অধিকার নেই আমার সিটিজেনসীপ নষ্ট করার (হট্টগোল)। যাহোক আমি এজন্য বলছি এখানে যদি প্রচার বেশী হয় তাহলে এখানে গোলমাল বেশী হতে পারে, আর পাকিস্তানে যদি প্রচার বেশী হয় তাহলে পাকিস্তানে গোলমাল বেশী হতে পারে। সেই কারণেই এই ধরণের প্রচারের আমি বিরোধী এবং পাকিস্তানকে ডিফেন্ড করার উদ্দেশ্যে আমি একথা বলছি না। আমাদের এখানে গভর্নরের বক্তৃতার মধ্যে একথা আছে যে আমাদের এখানে ন্যাশনাল ইন্টিগ্রেশান ইমোশনাল ইন্টিগ্রেসানের দিকে জোর দেয়া দরকার এবং এটা গ্রেটেস্ট নিড অফ দি আওয়ার—আমি খুব সমর্থন করি একথাটাকে কিন্তু সমর্থন করে আমি

বলছি যে এই ইমোশনাল ইনটিগ্রেসান করতে হলে কাজটা ভালো অবস্থায় দরকার হয়। ে অবস্থা এখানে আছে কিনা সেটা বিবেচনা করার বিষয়। আমাদের এখানে সেকিউলারিজ কথা বলা হয়। কিন্তু আমি বলবো এবারকার হাঙ্গামাতে সেকিউলারিজম তো নষ্ট হয়ে গে আমরা সেটাকে বজায় রাখতে পারলাম না। এই যে ঘটনা এটা তো প্রাইমমিনিষ্টার নিজেও এ বার বলেছিলেন—গত ১লা ডিসেম্বর তারিখে মাদুরাইতে একটা সেমিনারের ব্যাপারে। তিনি বলেছিলেন

What we are working for is not superficial integration but emotion integration...it has brought about not by compulsion but by other means while talking of integration of the country such basic facts as the multip city of caste, race and religions in India should not be forgotten.

আমরা এই বিষয়টা অনেক ক্ষেত্রে ভুলে গিয়েছিলাম কিন্তু পাকিস্তানে গভর্নমেন্ট ছাড় কিছু আছে, সেটা লক্ষ্য করার বিষয়। পাকিস্তান জনগণ বলে একটা জিনিস আছে যা ভার বর্ষেও আছে এবং আমি মনে করি ভারতবর্ষের জনগণের থেকে পাকিস্তানের জনগণ খুব এব ভিন্ন জিনিস নয় কিন্তু সেখানে কি হয়েছে? পাকিস্তানের জনসাধারণ, পাকিস্তানের ে তারা কি করেছেন সে সম্পর্কে আমি কয়েকটা কোটেসান চালিয়ে দিচ্ছি, যেমন একে রাজনৈতিক নেতা হিসাবে মৌলানা আবদুল হামিদ খাঁন ভাসানী তিনি বলেছেন "খুলন জঘন্য ঘটনার জন্য তাঁহাদের মানে দুষ্কৃতকারীদের কার্যকলাপই দায়ী। অনুরূপ অশা সৃষ্টিকারীদের মারাত্মক কার্যকলাপ প্রতিরোধ করিতে না পারিলে কায়েমী স্বার্থের উদ্দেশ হাসিল হইবে। তাই আমি পাকিস্তানের শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত, ছাত্র সকল শ্রেণীর নি সর্বপ্রযত্নে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য আবুল আবেদন জানাইতেছি। আমি সরকা নিকটও অনুরোধ জানাইতেছি খুলনার ঘটনার পুনরাবৃত্তি রোধের জন্য এবং খুলনার ঘট জন্য প্রকৃত দোষী ব্যক্তিদের প্রতি কঠোর শাস্তি বিধানের জন্য অবিলম্বে যথোপযুক্ত ব্যব গ্রহণ করুন।"

দ্বিতীয় একটা হচ্ছে যে কতকগুলো গণতান্ত্রিক সংগঠনের পক্ষ থেকে ৫২ জনের স্বাক্ষ সহ একটি বিবৃতি বেরিয়েছে ১৭ই জানুয়ারী—তাতে বলা হয়েছে খুলনা, দৌলতপু নারায়ণগঞ্জ প্রভৃতি স্থান হইতে সাম্প্রদায়িক হাঙ্গামার যে দুঃসংবাদ আসিয়াছে তাহাতে আম অত্যন্ত উদ্বেগ বোধ করিতেছি। এই ঘটনায় শ্রমিকদের অংশ গ্রহণের যে খবর প্রচারিত হইয়া তাহাতেও আমরা লজ্জা বোধ না করিয়া পারিতেছি না। এই ঘটনা গোটা জাতির মুখে কল লেপন করিয়া দিয়াছে। যাহারা হাঙ্গামার জন্য দায়ী তাহাদিগকে হিন্দু অথবা মুসলমান হিসা গণ্য করা যায় না, ইহারা হিন্দুও নয়, মুসলমানও নয়, ইহারা দুর্বৃত্ত, দুরাচারী ও স্ব শিকারী। এখানে যদি আমরা শান্তি অক্ষুণ্ণ রাখিতে পারি তাহা হইলে পশ্চিমবংগের সদ্‌বু সম্পন্ন মানুষও জাগিয়া উঠার প্রেরণা পাইবে। তাহা না হইলে পশ্চিমবংগের দুর্বৃত্তদের ঘৃ আচরণকে নিন্দা করিবার সমস্ত অধিকার আমরা হারাইয়া ফেলিব। দেশের সদ্‌বুদ্ধিসম্পন্ন স মানুষের নিকট আমাদের আবেদন দেশের মুখে, ধর্মের মুখে এবং আমাদের শান্তি কা ঐতিহ্যের মুখে কলংক লেপন করার সুযোগ যেন নরপশুদের দেওয়া না হয়।"

[3-20—4 p.m. including adjournment]

সভাপতি মহাশয়, চট্টগ্রামে প্রভাতী বলে একটা কাগজের সম্পাদকীয়তে লেখা হয়েছে তারিখে খুলনা ও কলিকাতায় যেসব মানুষ ও নামধারী দুর্বৃত্ত নরহত্যা, লুণ্ঠন ও অগ্নি সংযোগের পাগলামিতে মাতিয়া উঠিয়াছে—তাহারা এক জাতি, এক ধর্মের অংশীদার এ পাকিস্তান ও ভারতবর্ষের ইহারা শত্রু। দুই দেশে ইহাদের নিপাত না হইলে শান্তি ফিরি আসিবে না। শুধু তাই নয় আজ ভারতে ও পাকিস্তানে সত্যিকার গণতন্ত্র সম্মত মানু জীবনে সত্যিকার সুখ, স্বাচ্ছন্দ্য আনিবার জন্য জনগণ যে সংগ্রাম পরিচালনা করিতেছেন ত বানচাল হইয়া যাইতে বাধ্য। ইহাদের নিপাত গণতান্ত্রিক দেশের প্রগতির জন্য অপরিহা ভারতের পাকিস্তান বিরোধী জিগির হইতে ঐ সমস্ত সমাজ বিরোধী দাঙ্গাকারীরা সংগ্রহ করিয়া থাকে। অন্যত্র যাহাই হোক, পাকিস্তানে শান্তি ও সম্প্রীতি অক্ষুণ্ণ রাখি

নকার সংখ্যালঘুদের নিরাপত্তার ব্যবস্থা করিয়া আমাদের জাতিগত অভিজ্ঞতার, আমাদের থ যুক্তিবাদী চিন্তাধারার প্রমান দিতে হইবে। ভারতে অনুরূপ নীতি অনুসৃত হোক ই আমাদের কাম্য।

Mr. Chairman: Please conclude.

Shri Abdullah Rasul:

মি শেষ করছি। এই ভাবে এই ধরণের যে কথাগুলি সেখানে প্রচার করা হয়েছে আমি সেই- এখানে তুলে ধরতে চাচ্ছি—যাতে সুস্থ বুদ্ধি যাতে পাকিস্তানে এবং ভারতবর্ষে দুই ক্ষেত্রেই দেখতে পাই।

আমার শেষ কথা হচ্ছে এই যে আমি এই সমস্ত কথা যা বললাম তাতে আমার বক্তব্য এই যে কোন একটা প্রতিশোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক। যদি ইমোশনাল ইনটিগ্রেসান বা নেশানাল ইনটিগ্রেসান সম্বন্ধে সত্যি, সত্যি আমরা চিন্তা করি, সেকিউলারিজম নিয়ে তা, সত্যি যদি আমরা আলোচনা করি, তাহলে আমাদের এটাই বুঝতে হবে, এই ভাবে চিন্তা তে হবে যে আমাদের মনোভাবটা যেন এক নাগরিক, আর এক নাগরিকের উপর আক্রমণ ুক, এটা না হয়। ধর্ম তার যাই থাকুক, তার যে ভাবেরই চিন্তাধারা থাক, তাদের প্রতি বিচার করা উচিত। প্রত্যেক নাগরিকটির জন্য, সে হিন্দু হোক, মুসলমান হোক, সকলের া সুব্যবস্থা করা, নিরাপত্তার ব্যবস্থা করা উচিত। এবং সেই ব্যবস্থা যতক্ষণ না হবে, ততক্ষণ র্যন্ত সত্যিকার জাতীয় বা ইমোশনাল ইনটিগ্রেসান হওয়া খুব কঠিণ অবস্থায় থাকবে। সেই ক থেকে আমি এই হাউসের দুই পক্ষের বন্ধুদের কাছে আমার আবেদন জানাচ্ছি যেন তাঁরা মস্ত বিষয়টির বিচার করেন, যেন এক-পেশে ভাবে চিন্তা না করেন, সামগ্রিক ভাবে, ভবিষ্যতের কে দৃষ্টি রেখে যেন চিন্তা করেন। যাতে দেশে নিরাপত্তা বজায় থাকে। সকলে সেই বিষয়টাকে স্থ ভাবে চিন্তা করবেন, এই আমার আবেদন।

(At this stage the House was adjourned for 20 minutes)

(After adjournment)

Shri Sasanka Sekhar Sanyal: Sir, there is no Minister.

Mr. Chairman: The House stands adjourned for 10 minutes.

(At this stage the House was adjourned for 10 minutes)

(After adjournment)

Mr. Chairman: It does not look nice to have to adjourn the House n several occasions, but I understand there was one difficulty. A period f 20 minutes was too short for tea. Perhaps I should have made it half-an-our. Still, when the time was fixed the House was to have met in time.

The Hon'ble Jagannath Kolay:

ার, আমাদের ডিফিকাল্টি যেটা হচ্ছে সেটা স্যার, আমি বলছি যে মন্ত্রীরা ঘরে বসে থাকেন ারা আপনার এই ইলেকট্রিক বাজা শুনতে পান না। এবং যখনই রিসেস্ এর পরে হাউসে সে তখনই এই রকম ঘটে যায়। নট ওনলি দ্যাট স্যার, পার্লামেন্টে যে রকম আছে ঘন্টা এবং াজা যদি থাকে তাহলে ঠিক মত বোঝা যায় কিম্বা বাজা যদি একবার থামে এবং আরেক-ার বাজে তাহলে বোঝা যাবে।

Mr. Chairman: That should be changed. I will tell you one thing. There is no clock in my room. I have to use my own watch
অনেক মেম্বার অপোজিশানের বলছিলেন যে সকাল বেলায় হাউস করলে
will that be suitable, say, from half-past nine to half-past twelve?

The Hon'ble Jagannath Kolay:

স্যার, আমাদের সকালে হাউস হলে আমাদের অসুবিধা একটু হবে কারণ এ সম্বন্ধে আমরা পরে ডিসকাস করতে পারি তবে ওখানে আমি বলতে পারি যে চীফ্ হুইপ কন্‌ফারেন্সে ঠিক হয়েছে যে ঐ হাউস ৫ ঘন্টা বসতে হবে তার মধ্যে ১ ঘন্টা কোশ্চেন আওয়ার থাকবে। এখন ওখানে যদি ১২টা থেকে ৫টা অবধি হয় তাহলে সকাল বেলা এই হাউস চলা একটু অসুবিধা আছে বাজেট সেসনে। যাই কউক আমরা স্যার, এ সম্বন্ধে পরে আলোচনা করব।

Mr. Chairman: That will be discussed later.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely:

> "But regret that no mention has been made of the utter failure of the executive authority of the State to take such drastic measures as are permissible under the Constitution in the context of what has happened to Hindus in West Bengal and their relations in East Pakistan".

Sir, there is one thing which I do place before this House, viz., that although regarding the people who have come from the other side, we have arrived at almost a unanimity of opinion as to how they should be dealt with, one matter which has not yet been discussed or dealt with, at least, properly, is that what will be the fate of those persons who have not come over and who may not come over even in future. The question that strikes me, I simply place that question as a note of interrogation before this House, viz. are they to remain as helots in East Pakistan unless and before they come over here? Sir, the answer has to be found out in several ways: (1) There is something like a United Nations Organisation. Pakistan is a constituent of that organisation. India is also a constituent of that organisation. The aims and objects of the United Nations Charter as set forth in the Preamble and Article I are to promote human rights and fundamental freedom without any distinction of religion, race, creed or colour. This is, Sir, binding upon all constituent nations of the U.N.O. in general.

[4—4-10 p.m.]

Sir, Pakistan is bound to implement that. If Pakistan does not do so it is the duty of the U.N.O. to do so, and what the Government of India is doing? It is doing its duty as a nearest neighbour, namely, giving shelter and political asylums. Here the question of costs is involved and the Government of India has taken over that. May I suggest, Sir, that a case be started from the floor of the House today that ultimately these costs should be recoverable from Pakistan, because if Pakistan is a Member of the U.N.O., if Pakistan goes by default and if that default involves any country in expenditure then ultimately it is the duty and the right of the U.N.O. to recover these costs from the delinquent constituent. Then there is another matter... (Dr. Srikumar Banerjee: How is it to be done?) This is to be done through the Security Council. If things have been done in South Africa through the intervention of the Security Council similar things can and ought to be done through the Security Council, otherwise there is no meaning in having the U.N.O. and the Security Council.

Then, Sir, are we to be content with taking these helpless people in our midst and continuing them to stay at Dandakaranya or some other place? Our objective ought to be to send them to the soil from where they came. It ought to be the concern of the U.N.O. to clear the climate on the other side of all hatred and repression and rehabilitate these people there not only on safety and security but also on the basis of dignity and for that the United Nations Organisation have to be made vigilant for these things. If Pakistan is not a party to this then it ought to be our case again started from here, and ultimately the U.N.O. ought to be persuaded, to take away Rajshahi Division and that portion of the Presidency Division which has gone over to Pakistan and other immediate territory. We must from today start a case for Greater Bengal. In this behalf, Sir, I would suggest in all humility that a fact finding machinery should be started in Bengal today. You have dealt with genocide. Here in West Bengal we do not know what has happened there. We shall start the case here and now. Many people have come from the inception of Pakistan, many people have come due to bloodbath that have occurred there from time to time. It will not be difficult for us to have a skeleton of facts and figures. We can implement it in other ways. It may not be complete but still we must have some statistics so that we can hand over our case to the U.N.O. for their guidance and for the action that they may be called upon to take.

Then, Sir, there is the question of India Government's responsibility. Is this responsibility and obligation of the Government of India merely moral or gratuitous? I would beg to submit that this obligation is legal and constitutional.

Sir, before the Partition of India British Government's law and order was the caretaker of every individual subject. When British-cum-Congress agreed to Pakistan being created, Pakistan not only got the liberty of having a particular country but also inherited, if I may use the expression, the liability to look after the safety of every individual. If Pakistan cannot implement that then the Government of India has a right to ask for the return of the liberty of that country. You cannot have the dividend and escape the shareholders' liability. Therefore it is untrue to say, as Gulzarilal Nanda has said, that it is moral. I maintain, Sir, that this obligation is legal and constitutional. After all, you know that secularism is a good thing.

Sir, the question is who are those people there? They are Hindus and I am not anything other than secular but at the same time I cannot still feel that I am a Hindu and those people there are Hindus. If Hindus are slaughtered merely because they are Hindus is it not natural and justified that Hindus as a race should be roused to their consciousness. Hindus' consciousness is not subversive of the Constitution or derogatory to the Constitution. Race consciousness is not against the Constitution. Sir, as an Indian I am interested in the inviolability of the country and as a Hindu also I am interested in the inviolability of the Hindu race. You know, Sir, Christians may have their homeland in many countries—they can choose one or two or as many as their motherland. Muslims have also many countries as their homeland—they can choose their homeland anywhere but so far as the Hindus are concerned they can have their homeland in one place, namely, in India (A voice: And in Nepal) yes and in Nepal. Therefore we have to consider whether protection of one million—their statelessness is it a constitutional perfidy or is it not an obligation which

we are discharging? Sir, may I take you to Articles 5, 8 and 9 of the Constitution. Article 5 "At the commencement of this Constitution, every person who has his domicile in the territory of India and—

(a) who was born in the territory of India; or

(b) either of whose parents was born in the territory of India; or

(c) who has been ordinarily resident in the territory of India for not less than five years immediately preceding such commencement,

shall be a citizen of India." Article 8 has larger meaning. It says "Notwithstanding anything in article 5, any person who or either of whose parents or any of whose grand-parents was born in India as defined in the Government of India Act, 1935 and who is ordinarily residing in any country outside India as so defined shall be deemed to be a citizen of India if he has been registered as a citizen of India etc."

Therefore, the Constitution contemplates that if a person is born here or whose grandfather was born here, if he is now in England or in any part of the continent or in America, if he simply says "I want to be registered as a citizen of India then he will be considered a citizen of India. Therefore, why should that be not possible—minorities in East Pakistan to be considered as citizens of India on declaration (Shri Nagendra Kumar Bhattacharyya: They will be citizens of two countries) Please hear me. Do not run away. If the persons living there can be citizens here only on the condition of being registered—registration is a directive—and it is not a basic matter—why Government will not declare from the house—top that they will be citizens of India on registration here... (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The Constitution will have to be amended). If the Constitution has to be amended let it be amended Now, Sir, Article 9 says "No person shall be a citizen of India by virtue of article 5, or be deemed to be a citizen of India by virtue of article 6 or article 8, if he has voluntarily acquired the citizenship of any foreign state."

Sir, shall I be very wrong if I say that the minorities in East Pakistan, particularly Hindus—about them can it be said that they have voluntarily acquired the Islamic citizenship of Pakistan. (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Surely during the last 15 years). Can it be said that they voluntarily acquired it—rather it can be said that it has been forced upon them. Therefore, it is the duty of the Government of India to keep that in view. So far as the registration is concerned—of course a long time is necessary—the climate has got to be considered so that people from the farthest corner of Pakistan may come over here. It is not possible for them to get to those places in order to get migration certificates. Therefore, if you have to amend the Constitution, you amend that part of the Constitution and make recommendation accordingly.

[4-10—4-20 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: On the assumption?

Shri Sasanka Sekhar Sanyal: Is it assumption any longer? People are not getting opportunities of coming—is it assumption?

Then, Sir, so far as the question of West Bengal's obligation is concerned, the West Bengal Chief, Shri Ghosh, has more than once stated that the minorities in East Pakistan, namely, the Hindus, are our kith and kin. Sir, I put this question—a very humble question. Can there be

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ডিয়ারনেস এ্যালাওয়েন্স এবং বেসিক পে মার্জার হয়েছে তাতে দুটো মিলিয়ে কি তাদের বেসিক পে হয়েছে?

The Hon'ble S. M. Fazlur Rahaman:

সেটাই বিবেচনা করা হচ্ছে এবং সেটাই হবে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন পশ্চিমবঙ্গ সরকারের মার্জার অব ডি, এ, উইথ বেসিক পে তাতে কি দুটো মিলিয়ে বেসিক পে হয়ে যায় নি?

The Hon'ble S. M. Fazlur Rahaman:

সেটাই কর্পোরেশানে বেসিক পে হিসাবে গণ্য হবে।

Shri Narendra Nath Das:

আপনি এইমাত্র বললেন যে ১লা ডিসেম্বর থেকে এই ইমপ্লিমেণ্ট করা হচ্ছে। তাহলে আমরা কি এটা ধরে নেব যে ১লা ডিসেম্বর থেকে বেসিক পে এবং ডিয়ারনেস এ্যালাওয়েন্স মার্জড হয়ে গেছে?

The Hon'ble S. M. Fazlur Rahaman:

নিশ্চয়ই।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারেন এই যে নতুন স্কেল হল সেই অনুযায়ী কি তাদের ইনক্রিমেন্ট হচ্ছে বা হবে?

The Hon'ble S. M. Fazlur Rahaman:

মার্জার হয়ে যেটা বেসিক পে সাব্যস্ত হয়েছে সেই অনুপাতে যা ডি, এ, তা বর্তমানে তারা দাবি করতে পারে। সেই অনুসারে বিবেচনা করা হবে।

Shri Narendra Nath Das:

আপনি আমার কথা বুঝতে পারছেন না। ডি, এ, এবং বেসিক পে একত্রিত হয়ে তাদের যা টোটাল পে হয়েছে সেই পে অনুযায়ী কি তাদের ফিকসেসান অব ইনক্রিমেন্ট এবং গ্রেডেসান অব পে হচ্ছে?

The Hon'ble S. M. Fazlur Rahaman:

হ্যাঁ, সেই অনুসারে হবে।

Shri Narendra Nath Das:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এটা খোঁজ করে দেখার জন্য। কারণ, এটা হয় নি।

The Hon'ble S. M. Fazlur Rahman:

আচ্ছা খোঁজ করে দেখব।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে সেখানে কিছুই বন্দোবস্ত হয় নি। সেখানে বেসিক পে এবং ডিয়ারনেস এ্যালাওয়েন্সটাকে একটা এ্যাডিসন্যাল পে করে দেওয়া হয় এবং তার মানে হচ্ছে সেটা ডি, এ,-ই থেকে যাচ্ছে এবং তাতে দুইটা মিলিয়ে এক হয়ে যায় নি।

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেটা কর্পোরেশান কি করছে তা আমার জানা নেই।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে কর্পোরেশন যখন প্রভিডেন্ট ফাণ্ড নিচ্ছে তখন এই দুটোকে মিলিয়ে প্রভিডেন্ট ফাণ্ড নিচ্ছে, কিন্তু তাদের ইনক্রিমেন্ট সেই পুরাণ বেসিক পে অনুযায়ী করা হচ্ছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

কর্পোরেশান একটা স্বায়ত্তশাসন মূলক প্রতিষ্ঠান। আমরা প্রিন্সিপল যেটা এ্যাকসেপ্ট করেছি

সেই অনুসারে তারা কতদূর কি কার্যকরী করছে না করছে সেটার প্রতি আমাদের দৃষ্টি যথারীতি আকর্ষণ না করলে বলা সম্ভব নয়।

Shri Narendra Nath Das:

আজকে আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। আপনি দয়া করে দেখবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

দেখব নিশ্চয়ই।

Shri Narendra Nath Das:

আপনি আর একটা কথা বললেন (৩) তে যে পেমেন্ট বাই দি ষ্টেট গভর্নমেন্ট অফ ইটস্ শেয়ার অফ ডি. এ. ইটিসি। ১৯৫১ সাল থেকে কর্পোরেশন আপনাদের সংগে ঝগড়া করে আসছে যে আপনাদের যে শেয়ার ৮০ পার্সেন্ট অব ডি, এ, সেটা দেন নি?

The Hon'ble S. M. Fazlur Rahman

80 per cent. of the dearness allowance has been paid and is being paid.

Shri Narendra Nath Das:

কর্পোরেশানের যে শেয়ার ১ টাকা সেটা দিয়েছে কিন্তু আপনাদের যে শেয়ার ৪ টাকা সেটা দেন নি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেটাই তো চার্টার অব ডিমাণ্ডের বিষয় বস্তু।

Commissioner of Police, Calcutta

*27. **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that the Commissioner of Police (Shri S. M. Ghosh) was forced to go on leave preparatory to retirement;

(b) if so, what were the reasons and the circumstances that led to his going on such leave; and

(c) if the answer to (a) is in the negative, when he will resume his duties?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) No.

(b) Due to heavy strain of work during the last disturbances Shri Ghosh became very tired and needed some rest. He applied for one month's leave and has been allowed it with effect from the 15th January, 1964.

(c) He is expected to return to duty on the expiry of leave, unless he applies for extension of leave.

I may tell the honourable members that since then he has applied for extension of leave for one month more.

Shri Jatin Chakravorty:

এই যে একসটেনসন অব লিভ এটা কি লিভ? মেডিক্যাল লিভ, না প্রিভিলেজ লিভ, না কি লিভ?

The Hon'ble Prafulla Chandra Sen:

উনি ছুটি চেয়েছেন শরীর খারাপ বলে—নিশ্চয়ই মেডিকেল লিভ।

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রী জানেন কি যে মেডিকেল লিভ চাইতে গেলে মেডিকেল সার্টিফিকেট দিতে হয়—সেই মেডিকেল সার্টিফিকেট তিনি কি দিয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা বুঝেছি যে তাঁর শরীর খারাপ সেজন্য ছুটি দিয়েছি।

Shri Jatin Chakravorty:

আমরা বুঝেছি তার শরীর খারাপ মানে কি—যিনি অসুস্থ তিনি যদি মেডিকেল সার্টিফিকেট না দিয়ে থাকেন, আমরা বুঝেছি মানে কি—আপনি আবার ডাক্তার হলেন কবে থেকে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সরকার তাঁকে লিভ দেয়া প্রয়োজন মনে করেই দিয়েছেন।

Shri Jatin Chakravorty:

একথা কি সত্য যখন দাঙ্গা চলছিল সেই সময় তিনি এমন কতকগুলি কাজ করতে চেয়েছিলেন যেগুলি সরকারের বা মুখ্যমন্ত্রীর মনঃপুত হয়নি তারই জন্য তাঁকে সরিয়ে দেয়া হল?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্নের সংগে এটার কোন সম্পর্ক নেই।

Shri Jatin Chakravorty:

একথা কি সত্য নয় যে তাঁকে যখন লিভ দেয়া হল তার এক ঘন্টা আগে পর্যন্ত তিনি কন্ট্রোল রুমে ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হতে পারে।

Shri Jatin Chakravorty:

হতে পারে নয়, তার কি জবাব তার উপর আমার সাপ্লিমেন্টারী হবে—একথা সত্য কিনা যে এক ঘন্টার নোটীশে তাঁকে সরানো হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি লিভ নেবার আগে পর্যন্ত কাজ করেছিলেন।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন হচ্ছে যে তিনি ছুটিটা কখন চাইলেন এবং এক ঘন্টার নোটীশে তাঁকে ছুটি দেয়া হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এক ঘন্টা আগে নয়, কয়েক ঘন্টার মধ্যে।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে ইউনিয়ন-এ হোম মিনিষ্টারের নির্দেশানুযায়ী তাঁকে আপনারা ছুটি নিতে বাধ্য করিয়েছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা আদৌ সত্য নয়।

Shri Sasanka Sekhar Sanyal:

ছুটি যখন চাওয়া হয় এবং ছুটি যখন নেয়া হয় এই চাওয়া এবং নেওয়ার মধ্যে একটা নিয়ম আছে যে নিয়ম অনুসারে ছুটি দেয়া হয়—এটা ঠিক তো?

The Hon'ble Prafulla Chandra Sen:

অনেক সময় নিয়মের ব্যতিক্রম ঘটে।

Shri Sasanka Sekhar Sanyal:

এমন কোন নিয়ম আছে কি ক্লান্তিজনিত অবসাদের জন্য ছুটি দেয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই আছে।

Shri Sasanka Sekhar Sanyal:

সেই নিয়মটা কোট করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি শুনা যায় যে ক্লান্তি বোধ হয়েছে, নিশ্চয়ই ছুটি দেয়া হবে।

Shri Sasanka Sekhar Sanyal:

নিয়মটা কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি কোন সরকারী কর্মচারী বিশেষ করে কোন উচ্চপদস্থ কর্মচারী তিনি যদি মনে করেন তাঁর ক্লান্তি বোধ হচ্ছে, তিনি নিশ্চয়ই ছুটি ভোগ করতে পারেন।

Shri Sasanka Sekhar Sanyal: Under what rule he was granted leave?

The Hon'ble Prafulla Chandra Sen:

রুলের কোন প্রয়োজন হয় না।

Shri Sasanka Sekhar Sanyal: There are certain rules

যেমন মেডিকেল গ্রাউন্ড, গ্রাউন্ড অব পার্সোনাল নেসেসিটি অর্থাৎ বাড়ীতে বিয়ে টিয়ে থাকতে পারে, অসুখ থাকতে পারে, তার জন্য কোডিফায়েড রুলস আছে। আমি জানতে চাচ্ছি এমন কোন রুল স্পেসিফাই করা আছে কি যে ফেটিগ বোধ করলে ছুটি দেয়া যেতে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি কেউ ক্লান্তি বোধ করেন তাহলে ছুটি চাইলে পরে অন গ্রাউন্ড অব হেল্‌থ ছুটি দিতে হয়।

Shri Sasanka Sekhar Sanyal:

তাঁকে ডাক্তারের কাছে য়্যাপীয়ার হবার জন্য কোন ডিরেকসন দিয়েছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা কোন প্রয়োজন বোধ করিনি।

Shri Sasanka Sekhar Sanyal:

তাঁকে এক্সটেনসন অব লিভ যখন দেয়া হয়েছে তখন ফার্দার ভেরিফায়েড হয়েছে কিনা যে তাঁর শরীর খারাপ—এটা জানার কি কোন প্রয়োজন মনে করেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা কোন প্রয়োজন বোধ করিনি।

Shri Sasanka Sekhar Sanyal:

এই লিভটা কি লিভ উইথদাউট পে না উইথ্ পে?

The Hon'ble Prafulla Chandra Sen:

লিভ উইথ পে।

Shri Sasanka Sekhar Sanyal: It is not the duty of Government to be satisfied that leave asked was necessary on the ground of health?

The Hon'ble Prafulla Chandra Sen: Because the Government was satisfied and the leave was granted.

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রী কি বলবেন যে তাঁকে আরো এক মাসের যে ছুটির এক্সটেনসন দেয়া হয়েছে তারপরে তিনি পুলিশ কমিশনারের পদে এসে বসবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

পুলিশ কমিশনার যিনি ছিলেন তাঁর তো পুলিশ কমিশনারের পদেই ফিরে আসা উচিৎ।

[1-40—1-50 p.m.]

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় কি বলবেন যে আরও যে এক মাসের ছুটির এক্সটেনসন তাঁকে দেওয়া হয়েছে, তারপরে তিনি কি আবার সেই পুলিশ কমিশনারের পদে এসে বসবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যিনি পুলিশ কমিশনারের পদে ছিলেন, তাঁরও পুলিশ কমিশনারের পদে ফিরে আসাই উচিত।

Shri Jatin Chakravorty:

সাপ্লেমেন্টারী কোয়েশ্চেন স্যার। আমি জিজ্ঞাসা করছি তাঁকে পুলিশ কমিশনারের পদেতেই রাখা হবে কিনা? সেইখানেই তাঁকে বসানো হবে কিনা? এইটুকু আমি জিজ্ঞাসা করছি, উচিৎ তো আমি জানতে চাইনি।

The Hon'ble Prafulla Chandra Sen:

চেয়ারম্যান মহাশয়, আপনি নির্দেশ দিন এখানে যা প্রশ্ন দেওয়া আছে, তা থেকে এই প্রশ্ন ওঠে কি না?

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই অফিসারটি এখনও তাঁর যে সরকারী বাসভবন, সেখানে তিনি আছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তা বলতে পারবো না।

Shri Jatin Chakravorty:

সরকারী বাসভবন, যেটা পুলিশ কমিশনারের জন্য নির্দিষ্ট —যদি তিনি আবার পুলিশ কমিশনার হয়ে ফিরে আসতে চান, তাহলে তিনি এই ছুটি পেলেও, সেখানে আবার থাকছেন কি না? এবং কোথা থেকে তিনি এই দরখাস্ত করেছেন আপনাদের কাছে, বলতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলতে পারবো না কোথা থেকে তিনি দরখাস্ত করেছেন। আমার যতদূর মনে হয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন থেকে তিনি কোথায় আছেন, কবে থেকে সেখানে আছেন,—এই সব প্রশ্ন ওঠে না।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিচার করবেন। সে কথা উনি কি করে বলেন, উনিত চেয়ার-ম্যান হয়ে বসেন নি। আপনি স্যার, বিচার করে বলুন।

Mr. Chairman: What is going to be done to him after he joins, is a matter for the future.

Shri Jatin Chakravorty:

উনি বলেছেন যে তিনি আবার দরখাস্ত করেছেন। সুতরাং আমি নিশ্চয় জিজ্ঞাসা করতে পারি যে তিনি কোথা থেকে, কোন ঠিকানা থেকে তিনি দরখাস্ত করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলতে পারবো না। আমার ঠিকানা মুখস্ত নেই।

Shri Tripurari Chakravarti:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সাধারণত সাপ্লেমেন্টারী করি না। আমি যে অতিরিক্ত প্রশ্ন করছি সেটা হচ্ছে এই—যে মিঃ এস, এম, ঘোষ, তিনি কলকাতার পারমানেণ্ট পুলিশ কমিশনার কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, তিনি পারমানেন্ট পুলিশ কমিশনার নিশ্চয়ই ছিলেন।

Shri Tripurari Chakravarti:

তিনি কন্‌ফার্মড হয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, হয়েছেন।

Shri Tripurari Chakravarti:

তারপরে আমার প্রশ্ন হচ্ছে এই—পারমানেণ্ট কন্‌ফার্মড পুলিশ কমিশনার মিঃ এস, এম, ঘোষ, তাঁর ছুটির পরে যদি জয়েন করতে চান, তিনি সেই পদেই জয়েন করতে পারবেন, এবং করা উচিত। কিন্তু, এখানে চিফ মিনিষ্টারের কি এইভাবে এই কথা বলা উচিত যে তিনি কোন পদে জয়েন করবেন তা বলতে পারি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এইটাই বলেছি যে তিনি কোথায় জয়েন করবেন, কি করবেন না, এই প্রশ্ন তাঁর এই ছুটির প্রশ্ন থেকে ওঠে কিনা, এই নির্দেশ চেয়েছি মাননীয় চেয়ারম্যান মহাশয়ের কাছ থেকে।

Shri Tripurari Chakravarti:

আমার মনে হয় এই প্রশ্ন নিশ্চয় ওঠে অধ্যক্ষ মহাশয়।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. The question is "if the answer to (a) is in the negative, when he will resume his duties? 'when' automatically brings 'where'.

The Hon'ble Prafulla Chandra Sen:

বলা আছে

He is expected to return to duty on the expiry of leave.

তারপর আর জিজ্ঞাসা করবার কি আছে।

Shri Tripurari Chakravarti:

এখানকার সভ্যগণ জানতে চান কোন ডিউটিস্? যে ডিউটিতে তিনি ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen: He is expected to return to duty on the expiry of leave unless he applies for extension of leave

জবাবে আমিত বলেছি।

Shri Tripurari Chakravarti:

আমার মনে হয় এটার উত্তর দিলেন না।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয় বোধহয় শোনেননি, আমি পড়ে দিচ্ছি—
(a) no. (b) due to heavy strain of work during the last disturbances Shri Ghosh became very tired and needed some rest. He applied for one month's leave and has been allowed it with effect from 15th January, 1964. (c) he is expected to return to duty on the expiry of leave unless he applies for extension of leave.
তারপরে বলেছি যে তিনি আর এক মাসের ছুটির দরখাস্ত করেছেন।

Shri Tripurari Chakravarti:

মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় এই কথা বলেছেন যে হি ইজ একস্‌পেকটেড টু রিটার্ন টু ডিউটি —তবে কি ডিউটি, বলতে পারিনা এখন। একথা তিনি কেন বলেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি পুলিশ কমিশনার ছিলেন, তিনি আবার পুলিশ কমিশনার হিসাবেই জয়েন করবেন, আমি বলেছি।

Shri Tripurari Chakravarti:

না, না তা বলেন নি ; দেখুন না রেকর্ড কন্‌সালট করে।

The Hon'ble Prafulla Chandra Sen:

এখন পরিষ্কার করে দিলাম—তাঁর ডিউটিস মানে, কমিশনার অব পুলিশের যা।

Shri Narendra Nath Das:

অতিরিক্ত প্রশ্ন। আপনার জবাবে আছে—আনলেস হি প্রেজ ফর ফারদার লিভ এই ধরণের একটা কথা থাকার তাৎপর্য কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাৎপর্য হল এই যে আমার ডিপার্টমেন্ট তাঁর ছুটি নেবার সময়, আমাকে বলেছিলেন যে তিনি আরও ছুটি নেবেন।

Shri Narendra Nath Das:

তার মানে কি এই যে তিনি রিটায়ারমেণ্ট লিভ নেবেন, এই রকম আশা করেছিলেন?

Mr. Chairman: That does not come in here.

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রিমহাশয় যে বললেন যে তিনি অতিরিক্ত পরিশ্রমের ফলে ক্লান্তি জনিত হেতু, তিনি এক মাসের ছুটির জন্য দরখাস্ত করেছেন। তাঁর সেই দরখাস্তের মধ্যে কি এই সব ক্লান্তি জনিত এবং পরিশ্রান্ত কথাগুলি লেখা ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

লেখার দরকার নেই। তিনি আমাদের বলেছিলেন এইজন্য জানতাম যে তিনি সত্যই ক্লান্তিজনক ও অসুস্থ ছিলেন।

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে আপনারা জানতেন যে ক্লান্তি হয়েছে, সেটা এখানকার হোমমিনিষ্টার প্রথম দেখতে পেলেন, না স্বরাষ্ট্রমন্ত্রী গুলজারিলাল নন্দ দেখতে পেলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

গুলজারিলাল নন্দের সংগে এর কোন সম্পর্ক নেই।

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে প্রথমে ক্লান্তিটা আপনিই দেখতে পেলেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি নিজে বলেছিলেন আমাদের চিফ সেক্রেটারির কাছে তাঁর ক্লান্তি হয়েছে।

Shri Sasanka Sekhar Sanyal:

কিন্তু ক্লান্তি কথাটা তার মধ্যে নাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

ক্লান্তির কথাটা আছে কিনা আমি দেখে বলব।

Shri Jatin Chakravorty:

Supplementary question, Sir,

সেটা উনি দেখে বলবেন, কিন্তু, স্যার, আমি আপনার কাছে জানতে চাচ্ছি, মুখ্যমন্ত্রী সেই দরখাস্তের কপি এই হাউসের টেব্‌লে শো করতে প্রস্তুত আছেন কিনা—

The Hon'ble Prafulla Chandra Sen:

মোটেই না।

Shri Jatin Chakravorty:

তাহলে তিনি কি দেখে বলবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি দেখে বলব এই ক্লান্তি কথাটা আছে কিনা।

Shri Jatin Chakravorty:

কবে বলবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ দিলে বলব, আপনি নোটিশ দিন।

Shri Tripurari Chakravarty:

আমি, স্যার, অতিরিক্ত প্রশ্ন করছি, মুখ্যমন্ত্রীকে আমি জানি সত্যপরায়ণ, সত্যবাদী মানুষ, গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া লিখে রেখেছেন 'সত্যমেব জয়তে', আর এখানে লেখা আছে "মাত্য সত্যং যৎ ছলেনানুবিদ্যম্" অর্থাৎ যে সত্যের মধ্যে ছল রয়েছে সেটা সত্য নয়। আমি আশা করব এবং মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই এই প্রশ্ন যে, সেই যে দরখাস্ত পুলিশ কমিশনারের তাতে কি আছে সঠিক সংবাদ তিনি এখানে আমাদের দেবেন। তিনি কি দরখাস্ত করেছেন সেটা দিলে আমরা সন্তুষ্ট হব।

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাচ্ছি, নোটিশ দিলে বলব।

Shri Jatin Chakravorty:

এই যে দরখাস্ত মঞ্জুর করাটা, এটা কি হোম মিনিষ্টার নিজেই করেছেন, না কেবিনেট-এর সিদ্ধান্ত অনুসারে হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই দরখাস্ত মঞ্জুর চিফ সেক্রেটারি করতে পারেন, হোম মিনিষ্টার-এর সই-এর দরকার হয়।

Shri Jatin Chakravorty:

আমার সাপ্লিমেন্টারী ছিল হোম মিনিষ্টার যে সই করেছেন এটা কি কেবিনেট-এর সিদ্ধান্ত অনুসারে করেছেন, না নিজের মতে করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এতে কেবিনেট-এর সিদ্ধান্ত নেবার কোন প্রয়োজন হয়না।

Shri Dwijendra Lal Sengupta:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ক্লান্তির কথাটা বলা হচ্ছে—এটা তাঁর অনুমাণ, না তার কোন ফ্যাকচুয়াল বেসিস্ আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

ফ্যাকচুয়াল বেসিস্ আছে।

Shri Dwijendra Lal Sengupta:

সেই ফ্যাকচুয়াল বেসিস্ কি কি সেগুলি কি মন্ত্রিমহাশয় বলবেন যে, এই এই কারণে আমি কনক্লুসন-এ এসেছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

তা আমি বিশদভাবে কিছু বলতে পারব না।

Japanese method of cultivation

***28. Shri Nagendra Kumar Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state--

(a) whether Japanese method of cultivation has been adopted in every district of West Bengal; and

(b) (i) what is the total area of lands cultivated during the year 1963 according to Japanese method of cultivation and (ii) the results thereof?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) Yes.

(b) (i) 802,000 acres.

(ii) Due to adoption of the method in question we obtained an additional production of 59,407 tons of cleaned rice.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state the names of the districts where the Japanese method of cultivation has been adopted?

The Hon'ble Smarajit Bandyopadhyay: Japanese method of cultivation has been adopted throughout the State of West Bengal.

"Control Room" at Lalbazar

***29. Shri Jatin Chakravorty:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state whether it is a fact that during the recent disturbances in Calcutta some outsiders (not connected with the administration) were allowed inside the "Control Room" at Lalbazar Police Headquarters?

(b) If the answer to (a) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the names of such persons who entered the Control Room; and

(ii) the names of the authorities through whose good offices they were permitted inside the "Control Room"?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) No person not connected with the administration entered the "Control Room".

(b) Does not arise.

Shri Jatin Chakravorty:

সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন যে আমাদের এই হাউসের দুইজন সদস্য শ্রীবদ্রীপ্রসাদ পোদ্দার এবং শ্রীগজানন খৈতান এবং পার্লামেন্টের একজন সদস্য শ্রীরামকুমার ভুয়ালকা ওরা আপনার সাথে লালবাজারের কনট্রোল রুমে ছিলেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

কণ্ট্রোল রুম যেটা বলে, সেটা এ্যাকশন রুম সেখানে আমিও প্রবেশ করি নাই। আমি তার পাশের ঘরে ছিলাম। কাজে কাজেই আমি যেখানে ঢুকিনি সেখানে আমার সঙ্গে অন্য লোক দেখা করবেন কি করে? আমার সংগে শুধু একজন দুইজন নয় বোধহয় ১৫০।২০০ জন লোক দেখা করেছিল—কেউ বিপদে পড়ে এসেছে, কেউ কোন খবর নিয়ে এসেছেন—একজন দুইজন দেখা করেন নি।

Shri Jatin Chakravorty:

এ্যাকশন রুম ছাড়া পাশে যেটা ইনএ্যাকশন, রুম সেখানে কেউ কেউ কি গিয়েছিল আপনার সাথে দেখা করবার জন্য।

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, সেখানে ১০০।১৫০ লোকের বেশী ভিজিটর আমার সঙ্গে দেখা করেছিলেন।

Shri Jatin Chakravorty:

এই তিনজন লোক যার নাম করলাম আমি, এই তিনজনকে নিয়ে আপনি সেখানে ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই তিনজন লোক আমার সাথে দেখা করতে গিয়েছিল।

[1-50—2 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, as regards *30 you gave me time to answer it on the 21st.

Judgement of Justice Shri Binayak Banerjea

***31. Shri Jatin Chakravorty:** With reference to the reply given to starred question No. *2, dated the 3rd January, 1964, will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) whether the Government has since received any copy of the judgment of Justice Shri Binayak Banerjea in the case of Golam Mohiuddin, Curator of Botanical Gardens; and

(b) if so, what action the Government has taken or contemplates to take against the other higher officials who were also involved in the above case as mentioned in the judgment?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) No.

(b) Does not arise yet.

Shri Jatin Chakravorty:

স্যার, এর মানে কি? এখনও গভর্নমেন্টের হয়নি? এখানে উইকলি নোট বেরিয়ে গেছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলতে পারি এটার যখন উত্তর দিয়েছি তখন (এ) নো এবং (বি) ডাজ নট এ্যারাইজ ইয়েট ছিল। ৩ দিন আগে জাজমেন্টের কপি পাওয়া গেছে এবং জাজমেন্টের কপিটা আমরা ডিপার্টমেন্ট কনসার্নড মিনিষ্টারকে পাঠাতে বলেছি। তাঁর মন্তব্য সহ আমরা পরে কি করা যায় সেটা ভেবে দেখব।

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে এ্যানসার রিট্রাক্ট করুন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাত হয় না এই এ্যানসার ৩ দিন আগে লেখা আছে, আমি আবার নতুন খবর আপনাকে দিচ্ছি, তাতে আপত্তির কি আছে। এই এ্যানসার যেদিন লেখা হয় সেদিন এটা ঠিকই ছিল—নো, আর ডাজ নট এ্যারাইজ। কিন্তু ৩ দিন আগে বোধহয় সোমবার আমরা জাজমেণ্টের কপি পেয়েছি। সেই জাজমেণ্টের কপি ডিপার্টমেণ্ট মিনিষ্টারের কাছে গেছে।

Shri Jatin Chakravorty:

স্যার, আমাদের ত্রিপুরারিবাবু মুখ্যমন্ত্রীকে সত্যবাদী বলে মনে করতে পারেন, কিন্তু আমি তো কোন সময় তা মনে করি না, সেটা আপনি জানেন। আমি খারাপ লোক, আমি ওঁকে সত্যবাদী বলে মনে করি না। আমার প্রশ্ন হচ্ছে মুখ্যমন্ত্রী এখানে বলেছেন যে ৩ দিন আগেও যখন এই প্রশ্নের জবাব দেওয়া হচ্ছে তখন নাকি তাঁরা কপি পান নি। স্যার, আপনি দেখুন ক্যালকাটা উইকলি নোটে ৯ই জানুয়ারী তারিখে বেরিয়েছে। আমাদের কি এই কথা স্বীকার করতে হবে এবং আপনি কি এটা সত্য বলে মনে করছেন যে গভর্নমেণ্ট ৩ দিন আগে মাত্র পেয়েছে?

Mr. Chairman: I have no views in the matter. I just said what he has said

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

উইকলি নোটসে ঢের আগে পাবলিশড হয়েছে, কিন্তু তার সার্টিফায়েড কপি সচরাচর পেতে দেরি হয়।

Shri Jatin Chakravorty:

গভর্নমেণ্ট চাইলে পায় না এই কথা কি আমাদের বিশ্বাস করতে হবে? হরেনবাবু এখানে কি বোঝাচ্ছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সান্যাল-মহাশয় তো আছেন, ওঁকে জিজ্ঞাসা করা হোক না কেন মাননীয় অধ্যক্ষ মহাশয়। উনি তো একজন প্রখ্যাত উকিল।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order. Apropos of the feeling of the Hon'ble Leader of the House and since the Chief Minister has made a reference to me, may I ask him to consider—even if certified copies are not available unless there is some time gap—when the matter is reported in the recognised journals, is it not the practice of the Department to put in copies of these journals which reported the cases?

The Hon'ble Prafulla Chandra Sen: The practice is that the Department always applies for a certified copy of the judgment and as soon as it is available action is taken.

Shri Sasanka Sekhar Sanyal: Is the Calcutta Weekly Notes banned in the Secretariat?

The Hon'ble Prafulla Chandra Sen: No, not at all.

Shri Sasanka Sekhar Sanyal: Is it not the practice, when certified copies are not available, to refer to the recognised journals?

The Hon'ble Prafulla Chandra Sen: It should be made available.

Shri Jatin Chakravorty:

উনি বললেন যে এখন সার্টিফায়েড কপি পাওয়া গেছে এবং এটা পরীক্ষা করে দেখা হচ্ছে এবং তারপর আরো একটা ২ নম্বর প্রশ্ন রয়েছে .....

The Hon'ble Prafulla Chandra Sen:

না, পরীক্ষা করে এখন দেখা হচ্ছে না। সার্টিফায়েড কপিটা ডিপার্টমেন্ট কনসার্নড মিনিষ্টারের কাছে পাঠান হয়েছে ফর হিজ কমেন্ট।

Shri Jatin Chakravorty:

আমি জিজ্ঞাসা করছি সেটা পেয়েছেন কিনা এবং পেলে সে সম্পর্কে গভর্নমেন্ট কি ব্যবস্থা অবলম্বন করছেন? কমেন্টের জন্য পাঠিয়ে দিয়েছেন, তারপর কয়েকটা ডিপার্টমেন্টে হয়ত সেগুলি যাবে এবং তারপর আপনারা বিবেচনা করবেন। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে এতে কতখানি সময় লাগবে? কারণ, আমি আর একটা প্রশ্ন দেব এবং সেটা কতদিন পরে দেব সেটা জানতে চাই?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলতে পারব না।

Held over questions from 12th February, 1964

Unlicensed arms and deadly weapons

***1. Shri Jatin Chakravorty:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that unlicensed arms and other deadly weapons were found after search in some areas in the city of Calcutta during the period from 8th January, 1964, onwards?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the places from where these were found; and

(ii) the description of the arms?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Yes:

(b) (i) Different residential houses and bustees abandoned huts, vehicles and a mosque;

(ii) Eight guns including 3 pipe guns, 1 sten-gun in parts, 1 rifle, 1 revolver, 2 pistols, 10 swords, 12 daggers and 2 spears.

Shri Jatin Chakravorty:

জায়গাগুলির নাম মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটীশ চাই।

Shri Jatin Chakravorty:

এটার ব্যাপারে নোটীশ চাই কেন—আমার (বি) (আই) দেয়া আছে দি প্লেসেস ফ্রম হোয়ার দিজ ওয়ার ফাউন্ড, উনি স্যার, ইভেড করে চলে যাচ্ছেন, উনি বলছেন বস্তী অঞ্চলে, গাড়ীতে, বাড়ীতে পেয়েছি কিন্তু তা তো আমার প্রশ্ন নয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি ডিফারেন্ট রেসিডেনসিয়াল হাট্স এ্যান্ড বস্তিস। আর কিছু এখন আমার কাছে নেই, আমি পরে দিতে পারি।

Shri Jatin Chakravorty:

তাহলে নোটিশ চাই বলছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেহেতু আমার কাছে এখন নেই।

Shri Jatin Chakravorty:

যে সমস্ত বাড়ীতে পাওয়া গেছে সেই সমস্ত বাড়ীর মালিক বা সেই সমস্ত বাড়ী যাদের পজেসনে আছে তাদের মধ্যে সংখ্যাগুরু সম্প্রদায়ের লোক কত, সংখ্যালঘু সম্প্রদায়ের লোক কত?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা বলতে পারি না তবে মোটামুটি এর জন্য ৯০ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে। সম্প্রদায়ের হিসাব বলতে পারবো না—নোটিশ চাই।

Shri Sasanka Sekhar Sanyal: What are these places from where these things were found?

The Hon'ble Prafulla Chandra Sen: They are not given here.

Shri Sasanka Sekhar Sanyal: Will you please mention the places?

The Hon'ble Prafulla Chandra Sen: I can give later on.

Mr. Chairman: You can give fresh notice.

Shri Jatin Chakravorty: Why a fresh notice should be given.

Shri Sasanka Sekhar Sanyal:

কেন নোটীশ দেবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্লেসেস মানে কি য়্যাড্রেস?

Shri Sasanka Sekhar Sanyal:

প্লেস মানে পার্টিকুলার স্ট্রীট, লেন, ইটিসি

The Hon'ble Prafulla Chandra Sen:

তাহলে আমার মনে হয় যিনি প্রশ্নটা করেছেন তাঁর য়্যাড্রেস কথাটা দেওয়া উচিত ছিল। প্লেস মানে আমি যা বুঝেছি বস্তীতে পাওয়া গেছে, রেসিডেনসিয়াল হাউসে পাওয়া গেছে ইত্যাদি আমরা মনে করেছি। যদি প্রশ্ন কর্তা অনুগ্রহ করে লিখতেন য়্যাড্রেস তাহলে নিশ্চয়ই লিখতাম।

Shri Jatin Chakravorty:

সেটাই তো দেয়া হয়েছে।

Mr. Chairman:

আপনি যেগুলি চেয়েছেন উনি সেগুলি পরে দেবেন।

Shri Jatin Chakravorty: Then we shall get the address without any further notice submitted.

Mr. Chairman: Therefore fresh notice is not necessary.

Shri Jatin Chakravorty:

তাহলে ফার্দার কোন কোয়েশ্চেন আনবার দরকার নেই তো

fresh notice is not necessary.

Shri Narendra Nath Das:

আপনি বলেছেন যে কতকগুলি বস্তী, বাড়ী এবং একটা মস্কে পাওয়া গেছে মস্কের ঠিকানাটা দিতে পারেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
এটা আমি এখন দিতে পারিনা, কারণ ঠিকানাটা তো আমাকে জিজ্ঞাসা করা হয়নি।

Requisition of "Circuit House" at Krishnagar

***5. Shri Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Minister in-charge of the Home Department be pleased to state—

(1) whether an Assistant Sessions Judge (who is also a Subordinate Judge) was recently permitted to occupy the Circuit House at Krishnagar in Nadia by the District Magistrate of Nadia.

(2) whether the extension of permission on the ground of non-availability of suitable accommodation was first refused by the District Magistrate and that thereafter the Hon'ble High Court referred the matter to Government in its Board of Revenue who accorded permission;

(3) whether in spite of this the District Magistrate threatened the said Sub-Judge and Assistant Sessions Judge with locking up and also followed up the threat by mounting bailiffs and peons of Collectorate over the premises occupied by the said Judge within the Circuit House;

(4) whether on a day while the Judge was holding a sessions trial the District Magistrate caused his rooms to be locked up with belongings and thereafter caused the Judge's lock to be broken open and his belongings removed, and whether the Judge had to leave the station in panic leaving the trial; and

(5) what steps the Government has taken or contemplate taking for dealing with this action of the District Magistrate which amounts to contempt of Court and also to theft of properties, criminal trespass, etc?

The Hon'ble Prafulla Chandra Sen: 1, 2, 3, 4 and 5—the matter is sub-judice.

Shri Sasanka Sekhar Sanyal: It appears that in the case before the High Court Government has engaged lawyer to give protection to the District Magistrate. Has the Government appointed a lawyer to espouse the cause of the aggrieved Assistant Sessions Judge?

The Hon'ble Prafulla Chandra Sen: Yes, Government have given lawyers on both sides.

[2—2-10 p.m.]

Police firing on a group of students at Jadavpur

***7. Shri Jatin Chakravorty:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether on the 10th January, 1964, there was police firing on a group of students of the Dinabandhu Andrews College at Jadavpur?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether any student was killed as a result of such firing;

(ii) if so, the name of the police officer who fired the shot;

(iii) the circumstances under which the firing was resorted to;

(iv) whether the student was killed within the college compound; and

(v) whether any judicial enquiry into the whole incident is being contemplated by the Government?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) The firing was resorted to by the police on a riotous mob at Garia on 10th January 1964. Some students were in the riotous mob.

(b) (i) One student named Bhudeb Sen was killed as a result of the firing.

(ii) It is not possible to state whose shot killed the student. Fire was opened by a police party to quell the disturbances.

(iii) On receipt of information about looting of houses and stopping of buses and lorries, a police party went to the place to quell the disturbances. It was attacked by a riotous mob and had to open fire.

(iv) No.

(v) No. Executive enquiry will be held as laid down in the Police Regulations.

Shri Jatin Chakravorty:

সাপ্লেমেন্টারী কোয়েশ্চেন স্যার। মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় কি বলবেন যে এ সম্বন্ধে একটা জুডিসিয়াল এনকোয়ারি-র দাবী করে সেনেটে কোন প্রস্তাব গৃহীত হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে এ রকম কোন প্রস্তাব আসেনি।

Shri Jatin Chakravorty:

সংবাদপত্র ত উনি নিশ্চয় পড়েন। এ কথা সত্য কিনা, তাঁর দৃষ্টি আকৃষ্ট হয়েছে এই সম্পর্কে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না আমার দৃষ্টি আকৃষ্ট হয়নি।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় কি জানাবেন যে ওখানকার যে সমস্ত শিক্ষকরা আছেন, তাঁরা এ সম্বন্ধে একটা মেমোরাণ্ডাম সাবমিট করেছেন আপনার কাছে, এবং অনেকের কাছে তার একটা কপি পাঠিয়েছেন, এবং তার মধ্যে যা আছে, তা হচ্ছে যে ভূদেব সেনকে মাটিতে ফেলে, তারপর তাকে মেরে, তারপর পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ হতে তাকে গুলি করা হয়েছে? এবং আমি জিজ্ঞাসা করতে চাই আণ্ডার হোয়াট সারকামস্টেনসেস এটা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সমস্ত জিনিষটা এনকোয়ারি করতে বলেছি বলে আমি এই অতিরিক্ত প্রশ্নের জবাব দিতে পারছি না।

Shri Jatin Chakravorty:

সাপ্লেমেণ্টারী কোয়েশ্চেন স্যার। আমি ওঁকে জিজ্ঞাসা করছি তিনি যেটা আমার (৫) এর জবাবে বলেছেন যে জুডিসিয়াল এনকোয়ারি করবো না, তাহলে কি এনকোয়ারি তিনি এখন করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি ডিভিসনাল কমিশনারকে দিয়ে এনকোয়ারি করাবার জন্য। আমি পুলিশকে দিয়ে এনকোয়ারি করাচ্ছি না। আমাদের প্রেসিডেন্সি ডিভিসন-এর যিনি ডিভিসনাল কমিশনার, তাঁকে এই সম্পর্কে এনকোয়ারি করতে বলেছি।

Shri Sasanka Sekhar Sanyal:

এই যে ডিভিসনাল কমিশনার একজিকিউটিভ এনকোয়ারি করবেন, তাঁকে পাবলিক-এর কাছে থেকে এভিডেন্স এবং রিপ্রেজেনটেশন নেবার জন্য ডাইরেকশন দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয় তিনি যখন এনকোয়ারি করবেন, তখন তিনি নিশ্চয়ই পাবলিক-এর কাছে থেকে এভিডেন্স নেবেন।

Shri Sasanka Sekhar Sanyal:

না, তা তারা করেন না। এই জন্য বলছি যে একজিকিউটিভ এনকোয়ারিতে আমাদের যতখানি এক্সপেরিয়েন্স আছে এ্যাজ এ ম্যান অফ দি পাবলিক এ্যান্ড এ্যাজ এ লইয়ার হিসাবে জানি তাঁরা একটা মোর বা লেস হাইড এ্যান্ড সিক এনকোয়ারি করেন, এবং অনেক ক্ষেত্রে হয়ত সেটা কোর্টে এগ্রিভড্ হয় না। কিন্তু এ ক্ষেত্রে যখন মুখ্যমন্ত্রিমহাশয় জানেন যে চারিদিক থেকে জুডিসিয়াল এনকোয়ারির জন্য একটা ডিমান্ড হয়েছে, তার মানে একটা ওভার বোর্ড—একটা ওপেন এনকোয়ারি চাওয়া হয়েছে, এবং একটা একজিকিউটিভ এনকোয়ারি যখন করছেন, তখন যাতে পাবলিক প্রোপারলি রিপ্রেজেনটেড হয় তাদের কেস রিসিভ করেন, এ সম্বন্ধে কোন রকম মাইন্ড ওপেন আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয় মাইন্ড নিশ্চয় ওপেন আছে। আমি দু-একটা ঘটনা যা জানি —যেখানে পাবলিককে ডেকে ডিভিসনাল কমিশনার তাদের সাক্ষ্য নিয়েছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি অনুগ্রহ করে জিজ্ঞাসা করছি (এ ভয়েস : অনুগ্রহ করে জিজ্ঞাসা করছেন?) হ্যাঁ, হ্যাঁ, আমার জিজ্ঞাসাটা অনুগ্রহ, এটা নিগ্রহ নয়। আমি বলছি শশাঙ্কশেখর সান্যাল as a member of the public and as a lawyer also I am offering myself—• —যে আমি সেখানকার এভিডেন্স কলেক্ট করে একজিকিউটিভ এনকোয়ারিতে প্লেস করবো এই জিনিসটা, এই ম্যাটারটাকে এ্যাপ্রুভাল দিয়ে সেখানে ফরওয়ার্ড করবেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য শশাঙ্কশেখর সান্যাল মহাশয় যখন অনুগৃহীত করেছেন, তখন তিনি যদি কোন তথ্য জানেন, নিশ্চয় আমরা ডিভিসনাল কমিশনারের কাছে সেটা প্লেস করতে পারি।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি সমস্ত তথ্য কলেক্ট করে এ্যাজ এ লইয়ার এপিয়ার হবো তাঁর কাছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, আপনি নিশ্চয় তা দিতে পারেন।

Shri Nirmal Chandra Bhattacharyya:

মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বলছেন যে সেনেটের সভায় কোন প্রস্তাব ভূদেব সেনের বিচার বিভাগীয় তদন্তের দাবী করে গ্রহণ করা হয়েছে, সে খবর উনি জানেন না। উনি কি আশ্চর্যান্বিত হবেন যদি আমি বলি যে আমি একজন সেনেটের সভ্য হিসাবে সেখানে উপস্থিত ছিলাম, এবং ঐ প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা হতে পারে, আমার কাছে অফিসিয়ালি কোন খবর আসেনি এবং তার কোন কপিও পাইনি। মাননীয় সদস্য ভট্টাচার্য মহাশয় ইউনিভার্সিটিকে বলে দেবেন তাঁরা যেন ঐটার এক খণ্ড নকল অনুগ্রহ করে আমার কাছে পাঠিয়ে দেন।

Shri Nirmal Chandra Bhattacharyya:

শিক্ষামন্ত্রীর দপ্তরে কি এই রকম কোন খবর এসেছে এটা কি শিক্ষা-মন্ত্রীমহাশয় দয়া করে বলে দেবেন?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

না।

Shri Tripurari Chakravarti:

মাননীয় মুখ্যমন্ত্রি বললেন যে জুডিসিয়াল এনকোয়ারী হবে না ডিপার্টমেণ্টাল এনকোয়ারী হবে বা হচ্ছে জুডিসিয়াল এনকোয়ারী-তে তিনি ভয় পাচ্ছেন কেন—এই আমার প্রথম প্রশ্ন। আরেকটা আমি এই সংগে বলছি—আজ জালিয়ানাবাগ হত্যাকাণ্ডের কথা মনে পড়ছে, ১৯১৯ সালে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া জুডিসিয়াল এনকোয়ারী-র ব্যবস্থা করেছিলেন। লর্ড হাণ্টার সেই কমিটির প্রেসিডেণ্ট ছিলেন। তথাপি ইণ্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস সেই জুডিসিয়াল এনকোয়ারী-র সংগে কোন সংশ্রব রাখেন নি—এই বলে আমার মনে আছে এই কথা—মহাত্মা গান্ধী সংশ্রব রাখলেন না—যে আমি বিশ্বাস করি না এই জুডিসিয়াল এনকোয়ারী নিরপেক্ষ ভাবে বিচার করবে এই কথা আমি বিশ্বাস করি না তাই কংগ্রেস এনকোয়ারী কমিটি নিযুক্ত করেছিল তার সভ্য ছিলেন মহাত্মা গান্ধী, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, আব্বাস তয়েবজী এবং মুকুন্দরাম রাও জয়াকর। সেই রিপোর্ট প্রকাশিত হল বেনারস থেকে ১৯২০ সালের ফেব্রুয়ারী মাসে। এবং সেই রিপোর্ট-ই বেশী প্রামাণিক বলে গৃহীত হয়েছে। আজ কংগ্রেস গভর্ণমেণ্ট ক্ষমতায় সমাসীন কেন জুডিসিয়াল এনকোয়ারী হবে না। আমি এই কথাই মুখ্যমন্ত্রিকে জিজ্ঞাসা করছি।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

ত্রিপুরারীবাবু ভুল করছেন সেটা কংগ্রেসের নির্দেশে হয় নি। সেটা রয়াল কমিশন বসেছিল। ওটা গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া এবং সেটা জুডিসিয়াল এনকোয়ারীও নয়।

Shri Tripurari Chakravarti:

It was a judicial enquiry, the word Commission was not used.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা কেন এই তর্কের মধ্যে যাচ্ছি, এখানে মাননীয় সদস্য মহাশয় যে প্রশ্ন করেছিলেন তার জবাব দিয়েছি। এর বেশী আর কিছু বলতে পারব না।

Shri Tripurari Chakravarti:

যদি কংগ্রেস সেই হাণ্টার কমিটির সংগে কোঅপারেট করেনি কংগ্রেস এনকোয়ারী কমিটি করেছিল।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

এটা কি বলছেন

Is that your argument or logic ?

Shri Tripurari Chakravarti:

আরগুমেণ্ট এই জন্য যে আজ কংগ্রেস গভর্ণমেণ্ট ক্ষমতায় সমাসীন, গভর্ণমেণ্ট ভয় পাবে কেন জুডিসিয়াল এনকোয়ারী করতে, এইজন্য বলছি।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

Congress Government was not in power then.

Shri Tripurari Chakravarti:

তাহলে জুডিসিয়াল এনকোয়ারী-তে ভয় পাচ্ছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা মোটেই ভয় পাইনা। মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন যে আমরা ভীত নই। আমরা নিয়ম মাফিক কাজ করছি।

Shri Jatin Chakravorty:

আপনারা যে এই এনকোয়ারীর কথা বলছেন সেই রিপোর্ট এই হাউস-এর মেম্বারের কাছে দেবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা আমরা পরে বুঝে দেখব। এখন আমরা জুডিসিয়াল এনকোয়ারী করব না।

Shri Santosh Kumar Bhattacharjyya:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় বলেছেন যে পুলিশ যে গুলি চালিয়েছিল তা রায়োটাস মব এর কথা তিনি উল্লেখ করেছেন। তিনি কি আমাদের জানাবেন যে এই রায়োটাস মব যাদের উপরে পুলিশ গুলি চালিয়েছিল তাদের মধ্যে একজন অধ্যাপকও ছিলেন এবং পুলিশের গুলি চালানোর ফলে অধ্যাপকের বুড়ো আঙ্গুলটা উড়ে গেছে এ খবর তিনি কি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

না সে খবর এখানে নাই। নোটীস দিলে বলতে পারি।

Shri Santosh Kumar Bhattacharjyya:

মাননীয় মুখ্যমন্ত্রি কি এই কথা বলবেন যে এই যে রায়োটাস মব যাদের উপরে গুলি চালান হয়েছিল তারা কি রাস্তায় ছিল না ঐ দীনবন্ধু এণ্ড্রুজ কলেজ-এর ভিতরে সেই রায়োটাস মব ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয় যখন আমি সমস্ত বিচারটা এনকোয়ারী করতে দিয়েছি তখন এই সমস্ত প্রশ্নের আমি উত্তর দিতে পারব না

Shri Santosh Kumar Bhattacharjyya:

Sir, when the entire question is sub-judice

তাহলে মাননীয় মুখ্যমন্ত্রির এখানে কোন উত্তর দেওয়াই উচিত ছিল না। এখানে তিনি রায়োটাস মব অমুক তমুক এই সমস্ত কথা বলে, তাহলে এনকোয়ারী উড্ হ্যাড বিন প্রেজুডাইসড্—এবং তাঁর এই সব কথা না বলে এক কথায় সেরে দিলে পারতেন।

[2-10—2-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে আমার মনে হয় রায়োটাস মব এ্যাজ এ্যালেগ্‌ড বাই দি পুলিশ এই তো বলতে চাইছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তো নিশ্চয়ই।

Shri Santosh Kumar Bhattacharjyya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি এই কথা জানাবেন যে পুলিশের গুলি চালোনার ফলে দীনবন্ধু এণ্ড্রুজ কলেজের দেওয়াল, লেবরেটরী এই সমস্ত জায়গাতে বুলেটের গর্ত হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশ্নের সঙ্গে ওটা আসে না মাননীয় অধ্যক্ষ মহাশয়।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন পুলিশ গুলি চালাবার আগে টিয়ারগ্যাস ব্যবহার করেছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখানে কিছু লেখা নেই।

Shri Dwijendra Lal Sengupta:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে গুলিটা চালান হয়েছিল এটা এস-পি, সাব-ইন্সপেক্টর অব পুলিশ বা ডি-এস-পি কার অর্ডারে চালান হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো এখানে ছিলাম না, কার অর্ডারে করেছে সে সম্বন্ধে আমি নোটিশ চাই।

Shri Narendra Nath Das:

এ সম্বন্ধে আপনার অফিসিয়াল ইনফরমেসান কি আছে? আপনি না থাকলে কি সেটার রেকর্ড থাকে না যে কে গুলি চালিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার এখানে আছে পুলিশ গুলি করেছে। কোন পুলিশ গুলি করেছে যদি প্রশ্ন করেন তাহলে উত্তর দেব।

Shri Nirmal Chandra Bhattacharyya:

দীনবন্ধু এন্ড্রুজ কলেজের অধ্যক্ষ একটা বিস্তারিত বিবরণ মুখ্যমন্ত্রির কাছে পাঠিয়েছেন। সেটা কি ওঁর হাতে পড়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সে বিবরণ আমি দেখেছি।

Recent disturbances in and around Calcutta

*8. **Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(i) the number of occasions when police opened fire on unruly crowds in the city of Calcutta and districts during the recent disturbances in January; and

(ii) the number of casualties due to such firing?

(b) Will the Hon'ble Minister be further please to state—

(i) whether any member of the Police force have been fatally injured in the disturbances;

(ii) if so, their number and the places where they have become such victims; and

(iii) what steps have so far been taken for finding out the culprits concerned?

The Hon'ble Prafulla Chandra Sen: (a)(i) 400 occasions.

(ii) 56 persons were killed. 184 persons were injured.

(b)(i) Yes.

(ii) 1 Naik and 2 Constables were killed at village Gazna, police station Gaighata, district 24-Parganas.

(iii) Gaighata P.S. case No. 9, dated 11-1-64, under section 148/149/302/397, I.P.C., was started. The case is under investigation now.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে মহেশতলা পুলিশ স্টেশনে একজন সাব-ইন্সপেক্টর গুরুতররূপে আহত হয়েছিলেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি জেনে বলতে পারব, আমার এখানে কিছু নেই।

Shri Narendra Nath Das:

তাহলে আমাকে কি এটার জন্য আর একটা ফ্রেস কোশ্চেন করতে হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটার সঙ্গে ওটা উঠে না।

Requisition of the services of the N.C.C.

10. Dr. Janaki Ballabha Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether during the last disturbances in Calcutta in January, 1964, military force was called in as the police force of the State Government were found inadequate;

(b) if so, whether before calling for the military force the services of the N.C.C. of this State were requisitioned;

(c) if not, the reasons therefor; and

(d) what is the purpose for which the large number of members of the N.C.C. is being maintained?

The Prafulla Chandra Sen: (a) Yes, troops were called out in aid of the civil power.

(b) No.

(c) N.C.C. is not meant for this sort of work.

(d) As N.C.C. has now become compulsory in this State, all able-bodied students have to enrol themselves as N.C.C. cadets. The N.C.C. organisations is not a military one and its primary function is to impart to the N.C.C. cadets a sense of duty and to give them a military bias so that they may find the Armed Services sufficiently attractive to make it their career.

Dr. Janaki Ballabha Bhattacharyya:

এন-সি-সি যখন করা হয় তখন বলা হয়েছিল যে তাদের উপর দেশ রক্ষার ভার দেওয়া হচ্ছে। সেদের ছেলেরা যদি একটা গোলমাল থামাতে না পারে তাহলে তারা কোন কাজ করবে? তবে তাদের উপর কি দেশ রক্ষার ভার দেওয়া যেতে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই মাননীয় সদস্যকে বলছি যে এন-সি-সি অর্গানাইজেসানটা মিলিটারী অর্গানাইজেসান নয়।

The primary function is to impart to the N.C.C. cadets a sense of duty and to give them a military bias so that they may find the Armed Services sufficiently attractive to make it their career.

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রি কি বলবেন তাদের কি কি কাজ করতে হবে এই যে লক্ষ্য দেখালেন এর মধ্যে কি যখন কোন জায়গায় স্ট্রাইক হয় তখন সেই জায়গায় তাদের কাজে লাগানটা পড়ে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য বোধ হয় ভুল করছেন। তিনি বোধ হয় এন-ভি-এফ-এর কথা বলছেন। আমরা কোন দিনই এন-সি-সি-কে কোন স্ট্রাইক দমন করবার জন্য ডাকি নাই বা কোন কাজ করবার জন্য ডাকি নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Judicial Enquiry into the death of Shri Bhudev Sen:

5. Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether any judicial or other enquiry will be held into the death of a student—Shri Bhudev Sen—in January, 1964, as a result of Police firing; and

(b) if so, when it will be help?

Minister for Home (Police) (The Hon'ble Prafulla Chandra Sen): (a) An executive enquiry will be held as laid down in the Police Regulations.

(b) After complete normalcy has been restored.

Study-tour to East Pakistan

6. Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) (i) whether Government have taken steps or are taking steps for moving the Union Government for arranging to send a study-tour including selected citizens of West Bengal to East Pakistan for assessing and ascertaining the conditions of the minorities there in the wake of recent atrocities, and (ii) if not, why not; and

(b) (i) whether there is any contemplation for sending any Minister for the above purpose, and (ii) if not, why not?

Minister for Home (The Hon'ble Prafulla Chandra Sen): (a)(i) No.

(ii) It is not yet considered opportune for mooting such a proposal.

(b)(i) No.

(ii) As it is not considered to be opportune at present.

Shri Sasanka Sekhar Sanyal:

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকের কাগজে দেখে থাকবেন যে বেনিয়াপুকুর রোডে বিদ্যার্থী ভবন বলে একটা স্কুল আছে, তার পেছনে কাল রাত্রে একটা বোমা ফেটেছিল। অনেক সময় বলা হয় যে এখানকার হিন্দু ছেলেরা টেরারাইজ করবার জন্য এই রকম বোমা ফাটায়। সেখানে পুলিশ যারা গিয়েছিল তাদের সংগে সেখানকার স্থানীয় লোকেরা ছিল। যেসব স্পিলিনটারস

পাওয়া গিয়াছিল তার রেসন্যাল্টস উর্দু কাগজ জড়িত। এটা আপনার কাছে দিলাম, আপনি স্বরাষ্ট্র বিভাগে পাঠিয়ে দেবেন। সেই সময় বেনিয়াপুকুর এলাকায় স্থানীয় যেসব সংখ্যাগরিষ্ঠ হিন্দু তাঁরা বলেছিলেন যে ইসলামিক মহলের যে হোষ্টেল আছে চারতলা বিল্ডিং গভর্ণমেণ্টের খরচায় সেখানে বড় সালাউদ্দিন নামক যে নায়ক তারই নেতৃত্বাধীনে সেখানে আদর্শ ম্যালুনিশান ম্যাসেনেব্‌ল করা হয়েছে, আপনারা সার্চ করুন—এসত্বেও পুলিশ পক্ষ কোন কাজ করেনি।

Mr. Chairman: I hope the Hon'ble Minister will make a note of that.

The Hon'ble Prafulla Chandra Sen:

ঠিক আছে।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী এখানে আছেন—আমি আপনার অনুমতি নিয়ে আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, এবং মুখ্যমন্ত্রীও জানেন যে আগামী কাল পবিত্র ইদ উৎসব অনুষ্ঠিত হচ্ছে এবং সংবাদপত্রে বা নানারকমে শোনাও যাচ্ছে যে ময়দানে যে বরাবর ইদের জমায়েত হয়ে থাকে—নানারকম বিভ্রান্তমূলক প্রচার চলছে যাতে সেখানে ইদের জমায়েত না হয়। স্যার, মুখ্যমন্ত্রি যেমন চান, আমরাও তেমন চাই যে সেই ইদের জমায়েত এবার শান্তিপূর্ণভাবে সেখানে হোক এবং আরো আড়ম্বরের সাথে হোক, ভারতবর্ষের বিরুদ্ধে বিশেষ করে বাংলাদেশের বিরুদ্ধে এই অপপ্রচার যাতে না হয় যে পশ্চিমবাংলায় অবাঙ্গালিও রয়েছে, সুতরাং সেখানে আজ ইদ হতে পারছে না—এই অপপ্রচার যাতে বন্ধ হয়। আমি মুখ্যমন্ত্রির কাছে জানতে চাচ্ছি উনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে শান্তিপূর্ণভাবে এখানে পবিত্র ইদ উৎসবের জমায়েত হয়, অর্থাৎ আমাদের বাংলাদেশের বিরুদ্ধে যাতে কোনরকম অপপ্রচার না হয়—সে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা জানলে আমরা সকলে আশ্বস্ত হতে পারি এবং আমরা সহযোগিতা করবো মুখ্যমন্ত্রির সাথে এব্যাপারে বিশেষ করে পূর্ব বাংলায় যে হিন্দুরা রয়েছে, নির্য্যাতিত হচ্ছে তাদের স্বার্থে আমাদের এখানে এটা হওয়া দরকার যাতে শান্তিপূর্ণভাবে ইদ উৎসব অনুষ্ঠিত হয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

এবিষয়ে কোন দ্বিমত নেই—যাতে শান্তিপূর্ণভাবে পবিত্র ইদ উৎসব পালিত হয় তার জন্য যা যা ব্যবস্থা করা দরকার আমরা তা সমস্তই করেছি।

Calling Attention

Mr. Chairman: Some Calling Attention notices have been received—

(i) on the subject of imposition of Collective Fines—attention called by Shri Sasanka Sekhar Sanyal on 12th February, 1964;

(ii) questioning the legality of the D.I.G's tour in the border areas—by Shri Jatin Chakravorty.

The Hon'ble Ministers concerned may make statements.

2-20—2-30 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, in reply to the Calling Attention notice given by Shri Sasanka Sekhar Sanyal I beg to state that no collective tax was imposed under the West Bengal Collective Fines Act, 1950, anywhere in West Bengal. During the recent communal disturbances, however, two proclamations were issued under section 15(1) of the

Police Act, 1961, declaring the areas within six police-stations of Nadia, district and 14 police-stations of 24-Parganas district to be in a disturbed and dangerous State. These proclamations were in force till the 31st January, 1964. In view of the improvement in the situation and the return of the displaced persons to their homes in large numbers without any obstruction and even with the co-operation of the local inhabitants in many areas Government decided not to proceed with the recovery of any amount under sections 15 and 15A of the Police Act, 1861. These proclamations were accordingly allowed to lapse on the 31st January, 1964 and were not continued beyond that date. The honourable Shri Sanyal has raised the point that the situation does not permit the imposition of collective tax. This is, however, entirely a matter of opinion. Until there is an authoritative judicial pronouncement to the contrary it cannot be said that the West Bengal Collective Fines Act, 1950 and sections 15 and 15A of the Police Act, 1861, are invalid or ultra vires the Constitution. So far as it known, no court has yet given any adverse decision on the question of validity.

In reply to another Calling Attention notice, I beg to state that although the name of the D.I.G. has not been mentioned in the news item, there can be no doubt that the reference is to Shri M. A. H. Maswood who is the only D.I.G. of Police in West Bengal who has a younger brother in the Pakistan Army and an elder brother who has a flat in Park Circus, Calcutta. It has been said that the D.I.G. has recently made secret tours in 24-Parganas and Nadia districts in the course of which he held meetings with Indian Muslims in the border areas which was attended by some officers of the East Pakistan Rifles incognito. These are absolutely unfounded and grossly damaging insinuations against a very senior police officer of the State Government. It is absolutely untrue that Shri Maswood has recently toured in these two border districts. Besides, Shri Maswood is the D.I.G. of Police for the Burdwan Division and it is neither necessary for him to tour in these two districts nor to remain there It has also been said that Shri Maswood's younger brother is a Lieutenant General in the East Pakistan Rifles. There is no Lieutenant General in the East Pakistan Rifles where the seniormost officer is a Brigadier. As already said, Shri Maswood has a younger brother who is an army officer somewhere in West Pakistan and his rank is probably that of a Major only. It is also not true that Shri Maswood has been keeping two flats in Calcutta for a long time on a nominal rent. As already said, he has an elder brother who lives in Park Circus in Calcutta. When Shri Maswood occasionally comes to Calcutta on duty, he naturally puts up with his brother in his flat. It has also been alleged that some time ago there was a proposal to send him to a higher post in some State in Western India but he was unwilling to leave West Bengal.As there has been no such proposal or suggestion, the question of his unwillingness to leave West Bengal does not arise.

Mr. Chairman: I have before me one notice of Calling Attention on the subject of non-availability of primary text books from Shri Santosh Kumar Bhattacharyya.

The member may formally call attention of the Minister concerned.

Shri Santosh Kumar Bhattacharyya: Sir, my Calling Attention motion is this: Due to non-availability of text books for primary school students published by the State Government in adequate numbers thousands of pupils are in great trouble and in a large number of schools practically teaching is in a stand-still although more than a month and a half have elapsed after the beginning of the new academic session.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, the Education Directorate had to print 72 lakh copies of primary text books this year. Issue of the books was delayed, in the first instance, for non-availability of papers to a large extent, and further by the disturbances in Calcutta. Supplies are now being received from the printers of the remaining books, not only from the printers but also from the binders who were located in the most disturbed areas. And the books are being regularly distributed to Calcutta Book Sellers and to District Inspectors of Schools.

Messages

Secretary (Shri P. Roy): Sir, the following Messages have been received from the West Bengal Legislative Assembly in respect of the following Bills, namely:—

(1)

"The West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 12th February, 1964, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

KESHAB CHANDRA BASU,
Speaker,
West Bengal Legislative Assembly."

Calcutta:
The 13th February, 1964.

(2)

"The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 12th February, 1964, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

KESHAB CHANDRA BASU,
Speaker,
West Bengal Legislative Assembly."

Calcutta:
The 13th February, 1964.

(The Messages and the Bills were laid on the Table.)

Discussion on Governor's Address

Shri Razaul Karim:

শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, আজকের আলোচনা আপনার অনুমতি নিয়ে আমি বসে বলব। আশা করি আপনি আমাকে ক্ষমা করবেন।

Mr. Chairman:

ঠিক আছে।

Shri Razaul Karim:

সকাল আমাদের মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর আমাদের বিরোধী দলের দুই একজন সদস্য অনেক কথা বলেছেন। আমি আজকে তাঁর সেই ভাষণের উপর আমার কিছু বক্তব্য বলব। এই ভাষণের জন্য সর্বপ্রথমে আমি আমাদের মাননীয়া রাজ্যপালকে অন্তরের সহিত ধন্যবাদ

দিচ্ছি। এই ভাষণটী যখন শুনলাম তারপরে পড়লাম তখন দেখলাম যে এর ভাষা খুব সংক্ষিপ্ত ও সংযত। তবুও এতে দেখলাম দরকারী সব কথাই প্রায় বলা হয়েছে, বিশেষ করে বর্তমান অবস্থাতে এইরূপ সংযত ভাষণ দেওয়াই দরকার। এ সময়ে উত্তেজনাপূর্ণ কোন কথা বলা ঠিক নয়। দেখলাম, এই ভাষণে প্রথমে তিনি পূর্ববঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়ের নিধনের মর্মন্তুদ ব্যাথা ও বেদনার কথা বলেছেন। অবশ্য যেটা শলং পরে বলে নি। সংক্ষিপ্তভাবে এবং সংযত ভাবে তিনি সে কথা বলেছেন। আমি যখন পূর্ববঙ্গের এই সমস্ত অসহায় সংখ্যালঘু সম্প্রদায়ের দুঃখ দুর্দ্দশার কথা মফঃস্বলে বসে শুনলাম তখন আমার মনে যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল সেটা আমি আপনার কাছে বলব। মহাকবি মিলটনের সেই বিখ্যাত সনেটের কথা আমার মনে পড়লো—পাকিস্তানের সংখ্যালঘুদের উপরে অত্যাচারের কথা শুনে মিলটনের সেই মহাবাণী আমার মনে পড়লো

"Avenge oh Lord, Thy slaughtered Saints whose bones lie scattered on the Alpine Mountains cold."

আমি তো ভাবলাম, এই মধ্যযুগীয় শাসন ব্যবস্থার অধীনে শাসিত ও নিয়ন্ত্রিত পাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায় কেমন করে সেখানকার ব্যাবিলনিয়ান উয়ো এর হাত থেকে বাঁচবে। এদের বাঁচানোর সমস্ত রকম ব্যবস্থা আজকে করা দরকার—এটাই আমি উপলব্ধি করলাম। আমি আরও উপলব্ধি করলাম যে সেখানে সম্মানের সঙ্গে তারা থাকতে পারে না—এবং থাকাও কোন ক্রমে সম্ভব নয়। এবং সঙ্গে সঙ্গে দেখালাম তার প্রতিক্রিয়াস্বরূপ পশ্চিমবঙ্গেও কিছু কিছু দুর্ঘটনা বা গোলযোগ দেখা দিয়েছে।

[2-30—2-40 p.m]

আনন্দের কথা যে আমাদের রাজ্যপাল সেই কথাও সংক্ষেপে বলেছেন, তিনি কোন কথা বলতে কুণ্ঠিত হন নি। কিন্তু তাঁর ভাষা সংযত, এবং এই সব কথা সংযত ভাষায় বলাই কর্তব্য। মানুষের প্যাসান যখন হাইলি এক্সাইটেড হয় তখন এরূপ সংযত ভাষাই প্রয়োজন। আমাদের রাজ্যপালের ভাষণে সেই সংযমের আভাষ দেখে তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আশ্চর্য্য লাগে এই দেখে যে পাকিস্তান এই সমস্ত সংখ্যালঘু সম্প্রদায় যাদের তারা নিজের রাজ্যের নাগরিক বলে স্বীকার করেছে, তাদের রক্ষা করার জন্য তাদের সর্ববিধ স্বার্থ এবং কল্যাণের জন্য কোন ব্যবস্থাই করছে না। এর চেয়ে লজ্জা এবং দুঃখের কথা আর কিছু হতে পারে বলে আমি ভাবতে পারি না। যাইহোক, সেখানে যা হয়েছে তার প্রতিক্রিয়া আমরা এখানে করব সেটা ঠিক নয়। আমাদের মনে রাখতে হবে

It is only just India that can demand justice from Pakistan.

সুতরাং আমরা সব সময় জাস্টিসের দিকে লক্ষ্য রাখব। দাংগা-হাঙ্গমার যে হয় তার অনেক কারণ আছে, সে কথা আমি বলব না। আমি সাধারণভাবে এইটুকু বলব যে এর একটা অর্থ-নৈতিক দিক আছে। এই যে দাংগা-হাঙ্গমা হয় এতে একটা বিশেষ সম্প্রদায়ের সম্পত্তি নষ্ট হয় না, নষ্ট হয় সমগ্র নেশানের সম্পত্তি। বাড়ী-ঘর, বিষয় আশয় যা কিছু নষ্ট হয় সমস্ত নেশানের সম্পত্তি নষ্ট হয়। সুতরাং এইভাবে যে দাংগা-হাঙ্গামা হয় এগুলি যাতে বন্ধ হয় তার জন্য কঠোর ব্যবস্থা, কঠোর শাসন এবং কঠোর নীতি প্রয়োগ করা উচিত। আমি আনন্দের সংগে লক্ষ্য করছি যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার বেশ ভালভাবে অল্প দিনের মধ্যে পশ্চিমবঙ্গকে দাঙ্গামুক্ত করেছেন। কিন্তু পাকিস্তানের যে সংবাদ পেলাম তাতে দেখতে পাচ্ছি যে ওখানে এখনও সুব্যবস্থা হয় নি, এখনও অনেক কিছু অব্যবস্থা রয়েছে। তবে একটা কথা মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে সকলকে বলব যে এই দাংগা-হাঙ্গামার কথা নিয়ে বিস্তৃত আলোচনা করা মোটেই ঠিক নয়। পূর্ববাঙ্গলায় কত লোক মরল, কত লুণ্ঠিত হল আর এখানে কত মরল, কত লুণ্ঠিত হল এই সব আলোচনা যতই করব ততই উত্তেজনা বাড়বে এবং তাতে মানুষের মন বিষিয়ে উঠবে। বিশেষ করে তাতে হিন্দুর মনে মুসলমান বিরোধী মনোভাব জাগ্রত হবে এবং মুসলমানের মধ্যে হিন্দু বিরোধী মনোভাব জাগ্রত হবে এবং এর

ফলে আমাদের দেশে সাম্প্রদায়িকতা আরো বৃদ্ধি পাবে। বর্তমান সময়ে রাজ্যপাল দেশবাসীকে ভালভাবে স্মরণ করিয়ে দিয়েছেন যে

one wrong, however, can never be righted by the perpetration of another and no provocation from outside should make us swerve from our secular ideal.

এটা একটা অত্যন্ত মূল্যবান কথা। এজন্য আমি আমাদের মাননীয়া রাজ্যপালকে অন্তরের সংগে ধন্যবাদ জানাচ্ছি। রাজ্যপালের ভাষণের মূল আবেদন হচ্ছে সেকুলার আদর্শের দিকে। এই সেকুলার আদর্শের কথা তিনি অত্যন্ত দৃঢ়তার সংগে আমাদের কাছে বলেছেন। তাহলে এই সেকুলার আদর্শের গোড়ার কথা কি? সেই কথা বলতে গেলে আমাকে একটা বই-এর কথা উল্লেখ করতে হয়। আমাদের এই এ্যাসেম্বলীর লাইব্রেরীতে এই বই আছে। একজন আমেরিকান লেডি সেই বই লিখেছেন, মুসলিম উইমেন এণ্টার এ নিউ ওয়ার্লড বইটির নাম। সেই বই-এ তিনি একদিন আরব দেশের কোন একটা পরিবারের সংগে আলাপ-আলোচনা করতে করতে বললেন যে ভারতীয় মুসলমানদের সম্বন্ধে তোমরা কি চিন্তা কর। তখন তারা বলল

we are nearer to the christians of Arabs than to the Muslims of India

তখন লেখিকা উপলব্ধি করেছেন এই হল সেকুলারিজমের আইডিয়া। আমাদেরকেও সেই কথাই বলতে হবে। পাকিস্তান এই কথা বলবার মত যোগ্যতা অর্জন করেনি এবং সেই সাহস তার নেই। আমাদের বলতে হবে—মুসলমানদের বলতে হবে

We are nearer to the Hindus of India than to the Muslims of Pakistan or anywhere in the world.

এবং হিন্দুকেও বলতে হবে উই আর নিয়ারার টু দি মুসলিমস অব ইণ্ডিয়া দ্যান টু দি হিন্দুজ অব এনিহোয়ার। কারণ, এ আমার সহ-নাগরিক, এই সহ-নাগরিকের স্বার্থ তার মঙ্গল কল্যাণ আমাকে আগে দেখতে হবে। এই মনোভাব যদি আমাদের থাকে এবং এই মনোভাব যদি প্রচার করা হয় তাহলে দেখবেন ভারতবর্ষে কোন রকম সাম্প্রদায়িক দাংগা হতে পারে না। সেকুলারিজম গঠন করা যে কত কঠিন কাজ সেটা অনেকে চিন্তা করতে পারে না। ইউরোপে এই সেকুলারিজম গড়তে ৫ শো বছর লেগেছে। ৫ শো বছর ধরে সেখানে মারামারি, কাটাকাটি হয়েছে। এক সময় ইউরোপের রাজন্যবর্গের আদর্শ ছিল কুজাস ইজিও, রিজাস রিলিজিও—দি প্রিন্স অব এ স্টেট শ্যাল সেটেল দি রিলিজিয়ান অব দ্যাট স্টেট। ৩০ ইয়ার্স ওয়ারের পরে নানা রকম কাটাকাটির পরে ইউরোপে ধীরে ধীরে সেকুলারিজমের আদর্শ গ্রহণ করা হয়েছে। আমরা একটা সংবিধান তৈরি করলাম সমস্ত রকম ধর্মান্ধতা, অন্ধতা, সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা বর্জন করে, হিন্দু, মুসলমান, খৃষ্টান, বৌদ্ধ যে কেউ আছে সমস্ত বাধা ব্যবধানকে দূর করে সুন্দরভাবে একটা শক্ত ভিত্তির উপর এমন একটা সেকুলারিজমের আদর্শ গ্রহণ করলাম যার ফলে আজ আমরা দাঁড়িয়ে আছি বিশ্বের বুকে মাথা উঁচু করে। কিন্তু যেখানে থিওক্রাটিক স্টেট চালু রয়েছে সেখানে ফ্যানাটিসিজম থাকে, মিডাইভ্যালিজম থাকে, অভিজ্ঞতা থাকে, ধর্মান্ধতা থাকে—তারা কখনই মানুষের প্রতি সদ্ব্যবহার করতে পারে না এবং একথা সত্য যে ভারতবর্ষে বহু পূর্বে হতেই কোন বিপ্লব ঘটাবার পূর্বে আমরা সেকুলারিজমের আদর্শ স্থাপন করেছি কিন্তু পাকিস্তানে একদিন আসবে যখন জনমানব সেকিউলারিজম প্রতিষ্ঠা করবে এবং তখন ধ্বংস যা হবার সব শেষ হয়ে যাবে, মাইনরিটি সম্প্রদায় নিশ্চিহ্ন হয়ে যাবে। তখন তার সেই সেকিউলারিজমের কোন অর্থ থাকবে না। এখানে সংখ্যাগরিষ্ঠ ও সংখ্যালঘিষ্ঠের কথা বলা হয়, হিন্দু মুসলমানের কথা বলা হয়, কিন্তু রাজনীতির দিক থেকে সংবিধানের দিক থেকে আমরা সবাই ভারতবাসী উই দি পিপল অফ ইণ্ডিয়া—আমরা হিন্দুও নই, মুসলমানও নই, কেউ নই—আমাদের একথা ভাবতে হবে

We are first and foremost Indians,—Muslims next, Muslims or not is not our consideration

আমরা ইণ্ডিয়ান্স এটাই আমাদের সবচেয়ে বড় কথা। পাকিস্তান তা পারেনি এবং কতদিনে তা পারবে সেটা বলতে পারি না। সুতরাং এই যে পাকিস্তান তা ধর্মীয় রাষ্ট্র, এই ধর্মীয় রাষ্ট্র হলে আন্তর্জাতিক বিধি ও নীতি অনুসারে কি বিচার করা কর্তব্য সেটা আপনার কাছে

বলবো। অতীতকালে যতদিন সুলতানের অধীনে টার্কি ছিল, অনেকে জানেন নিশ্চয়ই, আপনি পণ্ডিত লোক, যে সেখানে ক্যালকুলেসনের ব্যবস্থা ছিল। ক্যালকুলেসন মানে সেখানে যেসব মাইনরিটি থাকবে খৃষ্টান, প্রজারাই ইউরোপীয় সম্প্রদায় যারা থাকতো তাদের বিচার টার্কিস আদালতে হত না। তাদের বিচার করবার জন্য ক্যাপিচুলেসন কোর্ট ছিল। পাকিস্তানের কাছে আমাদের দাবী হবে, যতদিন একটাও সংখ্যালঘু সম্প্রদায়ের লোক থাকবে, হিন্দু শুধু নয়, হিন্দু, বৌদ্ধ, খৃষ্টান যতদিন থাকবে ততদিন আমরা পাকিস্তানের উপর ক্যাপিচুলেসনের দাবী করছি। টার্কির বুকে ১ শো বছর ২ শো বছর ধরে যা ছিল ক্যাপিচুলেসন কামাল পাশা এসে সেই ক্যাপিচুলেসন দূর করেছেন এবং কামাল পাশা এসে কতকটা সেকিউলার রাষ্ট্র গঠন করেছে। যেহেতু পাকিস্তান সেকিউলার রাজ্য গঠন করতে পারেনি সেহেতু পাকিস্তানের উপর এই রকম ক্যাপিচুলেসনের দাবী আমরা করছি এবং আন্তর্জাতিক জগতে একথা প্রচার করতে হবে। চাই

Capitulation must be claimed from Pakistan otherwise minorities cannot be secured in Pakistan

সুতরাং একথা আমাদের বলতে হবে। একটা কথা বলছি অ্যাব্রাহাম লিংকনের বই-এ একটা জায়গায় আছে জেফারসোন বলছেন

when I look at the slaves of the country I become afraid, because God is just.

স্লেভের দুর্দশা দেখে তার ততটা দুঃখ নয়- যতটুকু এর পরিণতির জন্য। কারণ তিনি বিশ্বাস করতেন যে গড ইজ জাস্ট, কোন জায়গাতে অগণিত মানুষের উপর অত্যাচার যদি হয় সেই অত্যাচারের জন্য জাতির ক্ষতি হতে পারে। রাষ্ট্রেরও ধ্বংস হতে পারে। গড ইজ জাস্ট এই রকম দিনের পর দিন অন্যায় চলতে পারে না। আমরা পাকিস্তানের কাছে শিখবোনা কিছু, আমরা বরং শিক্ষা দেব, শুধু পাকিস্তানকে নয়, সমগ্র বিশ্বকে শিক্ষা দেব জাস্টিস যাতে হয় সেই চেষ্টা সব সময় করবো। একটা কথা এই যে হত্যা পাকিস্তানে কিছু হল, এখানে কিছু হল—সেখানে বেশী এখানে কম এটা আসল কথা নয় এটা ডিফারেন্স ইন ডিগ্রি বাট নট ইন কাইন্ড সেটাই আমি বলবো। পাকিস্তানে ২।৪।১০।২০ হাজার মরেছে, আর ভারতবর্ষে ২।৩ শো মরেছে এ কোন প্রশ্ন নয়—প্রশ্ন হচ্ছে একটা মানুষও মরবে কেন। এই যে সব হত্যা হচ্ছে আমি নির্মল দিবালোকে ঘুরে বেড়াবো, আমার পুলিশ আছে, মিলিটারী আছে, মন্ত্রীবর্গ আছে, আমার রাজ্য আছে, আমার আশে পাশে কি অল্প প্রতিবেশী আছে—এই রাজ্যে একটা লোক যেহেতু সে অন্য ধর্মাবলম্বী অতএব গুন্ডা লাগিয়ে তাকে মারবো এ জিনিসটা অন্যায়। আজকে সত্যই পাকিস্তানে মাইনরিটিদের সিকিউরিটি নষ্ট হচ্ছে। এখানে কিছু কিছু মাইনরিটি নিহত হয়েছে বটে কিন্তু সিকিউরিটি জিনিসটা ভারতবর্ষের মুসলমানদের সম্পূর্ণরূপে মোটেই নষ্ট হয়নি। তার প্রমাণ আমি কিছুটা আগে নদীয়া জেলার একটা জায়গাতে গিয়েছিলাম—সেখান থেকে নাজিরপুর কাছে। নাজিরপুরের লোকেরা এই সভায় যোগদান করতে এসেছিলেন, সেখানে অনেক লোকের সংগে আমার দেখা হল, বল্লাম কি ব্যাপার, তোমরা কি করবে, এখানে কি থাকবে? বল্লো হ্যাঁ থাকবো। তোমাদের ভয় জাগেনি, বল্লো কিছুই নয়। বল্লাম তোমরা ওপারে যাবার চেষ্টা করবে না, বল্লো মোটেই নয়—তোমরা নিরাপত্তা বোধ করেছো, নিশ্চয়ই বোধ করছি, বল্লো আমাদের মন্ত্রীমণ্ডলী এখানে এসেছিলেন স্মরজিৎ বাবু এসেছিলেন, রহমান সাহেব এসেছিলেন...

[2-40—2-50 p.m.]

আমরা বহু অসুবিধা সত্বেও সিকিওড্ হয়ে দাঁড়িয়ে আছি, আমাদের মধ্যে সেন্স অফ সিকিউরিটি জাগ্রত হয়েছে। কাজেই কলকাতার বেনিয়াপুকুর এলাকায় আমি দেখলাম এই সেদিন ইত্তাহারের সময়, পথের ধারে একটা জায়গায় কি সুন্দর ইত্তাহারের ব্যবস্থা তারা করেছে! দেখে মনে হল যেন কোন দিকে, কোথাও কিছু ঘটেনি। এই যে সেন্স অফ সিকিউরিটি, আমরা ভারতবর্ষে পেয়েছি, পাকিস্তানে এই রকম সেন্স অফ সিকিউরিটি তারা আনতে পারেনি; এবং কোন কালে যে তারা আনতে পারবে, সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে। সুতরাং

অবিভক্ত ভারতের যে সব হিন্দু আজ পাকিস্তানে বাস করছে, তাদের মধ্যে এমন বহু হিন্দু আছে যারা দেশের স্বাধীনতার জন্য, গণতন্ত্রের জন্য লড়াই করেছে, তারা জাতীয় সংগ্রামে অর্থ দিয়েছে, জেলে গিয়েছে, এবং নানাভাবে স্বাধীনতা আন্দোলনে অংশ গ্রহণ করে সাহায্য করেছে, আজ তারা সেখানে ধনতান্ত্রিক, স্বৈরাচারী, মিলিটারী শাসনে যে থাকতে চায় না এরজন্য কোনরূপ তাদের উপর জোর দেওয়া যায় না। এখানে তারা চলে এলে, সমান মান, মর্যাদা ও অধিকার পাবে, একথা তারা জানে। সুতরাং পাকিস্তান থেকে যে সমস্ত লোক এখানে চলে আসতে চান, তাদের আসতে দিতে হবে এবং সুব্যবস্থা করতে হবে। এটা খুব আনন্দের কথা যে আমাদের কেন্দ্রীয় সরকার বলেছেন যে যারা সেখান থেকে চলে আসতে চায় তাদের জন্য বিশেষ ব্যবস্থা করবেন।

ইউ, এন, ওর দিকে তাকিয়ে একবার ভারতবর্ষের সেক্যুলার রূপটা দেখুন। ইউ, এন, ওতে পাকিস্তানের প্রতিনিধি হিসাবে ভুট্টা সাহেব গেলেন। আর ভারতের প্রতিনিধি হয়ে কে গেলেন? মহম্মদ করীমভাই চাগলা। এঁরা দুজনেই মুসলিম। এ থেকে প্রমাণ হচ্ছে যে ভারতবর্ষ কি-ভাবে তার সেক্যুলারিজম-এর আদর্শ রক্ষা করে চলেছে। কাশ্মীর মুসলিমপ্রধান অঞ্চল, ভারত-বর্ষে থাকা উচিত, এই কথাটাকে কত যুক্তি সহকারে চাগলা সাহেব সেখানে বলেছেন। এর-দ্বারা আমরা বুঝতে পারছি ভারতবর্ষের সেক্যুলারিজম-এর রূপটা। এই দৃশ্যটাই সারা পৃথিবীর কাছে তুলে ধরতে হবে। এই সেকুলার আদর্শটাকে তাদের সকলের কাছে বোঝাতে হবে যে এটা কত খাঁটি, এটা ভাঁওতা নয়, ভ্রান্ত কথা নয়, ধাপ্পাবাজি নয়, আসল এবং বাস্তব সত্য, এটাই দেখাতে হবে। সুতরাং এই প্রসঙ্গে আমি একটি কথা বলবো যে ইউ, এন, ওতে কাশ্মীর প্রসঙ্গে বৃটেনের প্রতিনিধি স্যার প্যাট্রিক ডিন যে সব ভারত বিরোধী কথা বলেছেন তার আমি প্রতিবাদ করছি, এবং আমি পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে ভারত সরকারের নিকট নিবেদন করবো তারা যেন এ সম্পর্কে বৃটেনের সঙ্গে একটা বোঝাপড়ার ব্যবস্থা করেন। কেন তারা এইরূপ পক্ষপাত গ্রহণ করবেন! গতকাল আমার বন্ধু শশাঙ্ক শেখর সান্যাল মহাশয় বলেছেন যে

Indian Muslims have homeland beside India.

আমি এই কথা বলছি, এটা ভুল কথা। ভারতবর্ষ ছাড়া

Indian Muslims have no homeland.

Shri Sasanka Sekhar Sanyal:

আমি এ কথা বলিনি। আমি বলেছি যে পৃথিবীতে মুসলমানদের অনেক রাষ্ট্র আছে, খৃষ্টানদেরও অনেক রাষ্ট্র আছে, কিন্তু হিন্দুদের ইণ্ডিয়া কিম্বা নেপাল ছাড়া আর কোন হোমল্যাণ্ড নেই। ইণ্ডিয়ান মুসলিম হ্যাভ মেনি হোমল্যাণ্ডস এ কথা আমি বলিনি।

Shri Rezaul Karim:

তাহলে ঠিক আছে। আমি এই কথা বলছি যে ভারতীয় মুসলমান যারা ভারতবর্ষকে তাদের হোমল্যাণ্ড বলে গ্রহণ করেছে, তারা চিরকালই ভারতবর্ষকে তাদের হোমল্যাণ্ড বলে গ্রহণ করবে। ভারতের স্বার্থের সঙ্গে সে তার নিজের স্বার্থকে জড়িয়ে দেবে, ভারতের স্বার্থকে, নিজের স্বার্থ বলে সে গ্রহণ করবে। ভারতের কল্যাণ, তার কল্যাণ, ভারতের মঙ্গল, তার মঙ্গল, এই কামনা নিয়ে সে এখানে বাস করবে, এবং সকলের সঙ্গে মিলেমিশে আমরা একভাবে চলবো।

এই দাঙ্গা সম্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই। এটা লক্ষ্য করা উচিত যে যে সকল লোক এই দাঙ্গায় লিপ্ত নয়, সমস্ত ভদ্র মহোদয়, তাঁদের আমি বলছি লক্ষ্য করুন আপনারা যে এণ্টিসোসাল এলিমেণ্টস্ এর দ্বারাই দাঙ্গা সৃষ্টি হয়ে থাকে। এইভাবে তারা আইন বা ল-কে ফাঁকি দিয়ে নির্মল দিবালোকে নরহত্যা করে, লুণ্ঠন করে যে হাত পাকাচ্ছে, যে অভিজ্ঞতা অর্জন করছে এইভাবে দাঙ্গা করে, তারা এখানেই শান্ত থাকবে না, এরা ভবিষ্যতে সমাজে

আসবে অরাজকতা, এবং সমাজ জীবনকে ধ্বংস করবে। সুতরাং সরকারের সমস্ত শক্তি দিয়ে এই প্রকারের দাঙ্গাকে রুখতে হবে, দমন করতে হবে।

not only to save the minorities but to save the State from anarchy, chaos, misery and confusion.

সমস্ত রকম দাঙ্গার যে প্রসপারিটি, দাঙ্গার যে মনোভাব, তা সম্পূর্ণরূপে দূর করা একান্ত কর্তব্য। আমার বক্তব্য এ সম্বন্ধে এবার শেষ হল। আমি সর্বশেষে এইটুকু বলবো আমার বন্ধুদের কাছে আপনার মাধ্যমে যে আমাদের রাজ্যপাল তাঁর অভিভাষণের সর্বশেষে যে কথা বলেছেন, যে

promotion of communal harmony and emotional integration among all sections of people,

এটা আমাদিগকে করতে হবে। এই কথাগুলি বলে মহামান্য রাজ্যপাল যে সকল মহান আদর্শের কথা আমাদের সম্মুখে উল্লেখ করেছেন, তা আমি সমর্থন করছি। সর্বশেষে আমি একটি কবিতা বলে আমার বক্তব্য শেষ করবো। আমি আশাবাদী। এত যে কাণ্ড হয়ে গেল কলকাতার বুকের উপর এবং পশ্চিম বঙ্গের কয়েকটি জায়গায় যে কিছু কিছু দুর্ঘটনা ঘটে গেলো, তবু আমি আশা রাখছি সেইজন্য ছোট্ট দু-লাইন কবিতা আমি পড়ে শোনাচ্ছি—

For sudden the worst turns the best to the brave,
The black minute's at end,
And the element's rage, the fiend voices that rove,
Shall dwindle, shall blend,
Shall change, shall become first a peace then a joy,
Then a light, then thy breast,
O thou soul of my soul: I shall clasp thee again,
And with God be the rest.

বন্দেমাতরম্।

Shri Satya Priya Roy: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention of—

(1) the serious communal situation in East Pakistan and of its repercussion in West Bengal and how the Government intend to tackle this question in a comprehensive manner;

(2) the complete dislocation in the field of Secondary Education in the State because of the inapt and illegal way in which the West Bengal Board of Secondary Education Act, 1963, has been brought into force."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের অভিভাষণে আমাদের এই সমস্যাসংকুল রাজ্যের বিভিন্ন সমস্যার সমাধানের ইঙ্গিত থাকবে এটাই আমরা আশা করেছিলাম। এবং অভিভাষণের জন্য যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে তার সংশোধনীতে পশ্চিমবাংলার বিভিন্ন সমস্যা সম্বন্ধে আলোচনা করবার একটা সুযোগ আমাদের সামনে উপস্থিত আছে সেটাই আমরা আশা করেছিলাম। কিন্তু দেখা গেল সমস্ত সমস্যাকে ছাপিয়ে আজকে পশ্চিম বাংলায় একটা সমস্যা তীব্রতর হয়ে উঠেছে সে হচ্ছে এখানকার সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার সমস্যা। এবং আজকে রাজ্যপালের ভাষণ সম্পর্কে এ পর্যন্ত যে কয়টা আলোচনা শুনলাম সর্বত্রই দেখতে পেলাম সেই একই সমস্যা সম্পর্কে সকলেই তাদের আলোচনা সীমাবদ্ধ রেখেছেন। অবশ্য এটা আজকে মানবতার প্রশ্ন এবং এই প্রশ্ন সম্পর্কে আমিও আলোচনা না করে পারব না—কারণ এই পশ্চিম বাংলায় অন্যান্য সমস্যা আমাদের যাই থাকুক না কেন এখানে আমরা যে সভ্য সংস্কৃতি মান একটা অগ্রগরাজ্য গড়ে তুলতে পারি, যাতে আমরা মনুষ্যত্বের স্তর থেকে নেমে হিংস্র পশুর স্তরে কখনও না নেমে আসি সেই জন্য প্রতিটি স্বুস্থ শুভবুদ্ধিসম্পন্ন

মানুষকে এই যে ঘটনা ঘটে গিয়েছে পশ্চিমবঙ্গে এবার যা ঘটেছে পাকিস্তানে তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ না জানিয়ে পারি না। পাকিস্তান থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে যে রাজনীতি আজকে সাপের চেয়ে ক্রুর হয়ে উঠেছে এবং মানুষের সমাজে এমন বিষ ঢেলে দিচ্ছে যাতে সমস্ত মানবতাবোধ মানুষের মন থেকে লুপ্ত হয়ে যায়। পাকিস্তানে গণতন্ত্রের কোন প্রতিষ্ঠা নাই, আয়ুবশাহী সেখানে তার নিজের গদীতে বসিয়ে রাখবার জন্য নিজেকে নিরাপদ রাখবার জন্য সেখানকার যে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায় তাদের হোস্টেজ হিসাবে ব্যবহার করছে। এবং তাদের যখনই প্রয়োজন তার নিজের প্রয়োজনে তাদের হত্যা করে পূর্ব বাংলা থেকে পশ্চিম বাংলা প্রেরণ করবার ব্যবস্থা করছে। কিন্তু সে ব্যবস্থা যে শুধু সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়কে ব্যথিত করেছে তা নয়। সমস্ত মানবতাবোধকে লঙ্ঘন করেছে পাকিস্তান সরকার আজকে। একথা তীব্রভাবে আমি বলে নিয়ে আমি এইটুকু বলতে চাই যে এটা শুধু পাকিস্তানের কাজ নয়—যারা আমাদের স্বাধীনতা দিয়ে গিয়েছেন যাদের হাত থেকে এরা স্বাধীনতা আপোষে গ্রহণ করেছেন তারা যখন এই রাজ্যকে দুটো ভাগে দ্বিজাতিতত্ত্বের উপর প্রতিষ্ঠিত করে ভারতবর্ষের অঙ্গচ্ছেদ করেছিলেন সেদিন তারা জানতেন যে এই রকম একটা সাম্প্রদায়িক বিষ সাম্প্রদায়িক হলাহল সমস্ত ভারতের সমাজকে বিষাক্ত করে তুলবে এবং ভারতবর্ষেও একটা সুস্থ নাগরিক জীবনকে গড়ে তুলতে দেওয়া হবে না—এই উদ্দেশ্যেই ভারতবর্ষ বিভাগ হয়েছিল এবং বিভাগের ফলে যে বিষবৃক্ষ রোপণ করা হয়েছিল আজকে আমরা সই বিষবৃক্ষের ফল ভোগ করছি। কিন্তু আমার কথা হচ্ছে যে পাকিস্তান থেকে যে আজকে হিন্দু সম্প্রদায় চলে আসে তাদের সম্পর্কে যাদেরকে মাইগ্রান্টস বলা হয়েছে তাদের সম্পর্কে কি ব্যবস্থা করা হচ্ছে? এখানে আলোচনায় আমি দেখলাম যে শুধু দণ্ডাকারণ্যে তাদের পাঠান হবে ত্রাণমন্ত্রী এইটুকু বলেই যেন তিনি নিজের দায়িত্ব এড়িয়ে যেতে চাচ্ছেন।

[2-50—3 p.m.]

এবং দণ্ডকারণ্যে পাঠিয়ে দিলে সমস্যার পরিপূর্ণ সমাধান হয়ে যাবে এইরকম একটা ইংগিত যেন আমরা ত্রাণ মন্ত্রীমহাশয়ের কাছে পেলাম। কিন্তু স্যার, আপনি নিজেই দেখেছেন যে ১০ হাজার মাইগ্রান্টস এখানে এসেছে। আমাদের হিসাব হচ্ছে এছাড়াও অনেক বেশী এসেছে। কিন্তু, ১০ হাজার মাইগ্রান্টস যদি এসে থাকে এবং তার মধ্যে ১ হাজার মাত্র দণ্ডকারণ্যে যাবার জন্য মাইগ্রান্টস হিসাবে নাম লিখিয়েছেন, তাহলে আর যে ৯ হাজার তারা তো পশ্চিমবাংলায় থেকে যাবে এবং পশ্চিমবাংলার জাতীয় জীবনে, তার অর্থনৈতিক জীবনের উপর তাদের একটা বিরাট প্রভাব পড়বে। সেজন্য আমার পশ্চিমবংগ সরকার কিভাবে প্রস্তুত হচ্ছেন এবং কেন্দ্রীয় সরকারের সংগে সেদিক থেকে কি ব্যবস্থা করছেন সে সম্বন্ধে আমরা ত্রাণ মন্ত্রীমহাশয়ের কাছ থেকে কোন রকম প্রশ্নোত্তরের সময় বা অন্য কোন সময় ওপক্ষ থেকে যাঁরা আলোচনা করছেন তাঁদের ভাষণে ইংগিত পাইনি। একথা আমাদের মনে রাখতে হবে যে ২ লক্ষ বা ৩ লক্ষ পরিবার যদি পশ্চিমবংগে চলে আসে তাহলে তার থেকে ১০ হাজারের বেশী পরিবার দণ্ডকারণ্যে যেতে প্রস্তুত থাকবে না। কারণ, এটা স্বাভাবিক যে একই ভাষাভাষী, একই আচার যাদের তাদের সংগে বাস করবার একটা স্বাভাবিক ইচ্ছা প্রতিটি মানুষের মধ্যে আছে। এজন্য আমি সরকারকে আরো সতর্ক করে দিচ্ছি যে যে ভুল গোড়ায় করেছিলেন পাকিস্তান থেকে আগত শরণার্থীদের জন্য এবং তখন থেকেই এতে যে কি রিয়ট ব্যাপকতার সৃষ্টি হবে, পশ্চিমবাংলার জীবনের উপর যে কি বিরাট আঘাত আসবে সেটা আমরা কেন্দ্রীয় সরকারকে জানাইনি বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এখানকার শরণার্থীদের জন্য যথোপযুক্ত ব্যবস্থার দাবি করিনি, এই ভুল কিন্তু আবার এখনও করা হচ্ছে। এই দণ্ডকারণ্যে প্রেরণের যে পন্থা ওঁরা দেখিয়ে দিচ্ছেন তাতে সামান্য মাত্র কিছু পরিবার দণ্ডকারণ্যে আশ্রয় নিতে পারবে। কিন্তু শরণার্থীদের বিরাট চাপ এই পশ্চিমবংগ সরকারের উপর পড়বে এবং পশ্চিমবঙ্গ সরকার আজও যদি সে সম্পর্কে অবহিত না হন, যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাঁরা এই সমস্যা সমাধানের জন্য যথেষ্ট সাহায্যের দাবি না করেন তাহলে পশ্চিমবঙ্গে আর্থিক জীবন যে সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে পড়বে সে সম্পর্কে আমি আমার দলের তরফ থেকে সরকারকে জানাতে চাই। আমরা জানতে চাই যে

ভারত সরকার থেকে আরম্ভ করে এই পশ্চিমবংগ সরকার এই দাংগা আরম্ভ হওয়া পর্যন্ত নানা-রকমভাবে তাঁদের কর্তব্য থেকে চ্যুত হয়েছেন। আমার বক্তব্য হচ্ছে পবিত্র হজরত মহম্মদের কেশ যখন কাশ্মীর থেকে অপহরণ করা হল তখন ভারতবর্ষ সম্পূর্ণভাবে একটা গোপনতার আড়ালে আশ্রয় গ্রহণ করল, তখন ভারতবর্ষ থেকে বিন্দুমাত্র প্রচার করা হল না যে একজন মুসলমান সে তার কোন রকম সাম্প্রদায়িক উদ্দেশ্য সফল করবার জন্য এবং হয়ত বা পাকিস্তানের চর হয়ে সে এই দেশে সাম্প্রদায়িক উস্কানি দেবার জন্য এইরকম একটা অপহরণ কাজে ব্রতী হয়েছে এই রকম একটা সুস্পষ্ট ঘোষণা ভারত সরকারের পক্ষ থেকে করা হলনা। কাল পর্যন্ত যে খবর আমরা দেখতে পাচ্ছি তাতে যেন ফোঁটা ফোঁটা একটু একটু করে বলতে চাইছেন, তাতে ভাল পরিষ্কার হচ্ছে না যে কেন কি উদ্দেশ্যে কারা এই মসজিদ থেকে পবিত্র কেশ চুরি করেছিল এবং এই জায়গায় যে গোপনতা ভারত সরকার বজায় রেখে চলেছেন তার ফলে সারা পৃথিবীর চোখে আজ ভারতবর্ষ হেয় হয়ে উঠেছে। এই প্রচার পাকিস্তান করবার সুযোগ পেয়েছে যে ঐ যে কেশ অপহরণ এটা হচ্ছে সংখ্যাগুরু হিন্দু সম্প্রদায়ের কাজ এবং তারা মুসলিম ধর্মকে অপমানিত করবার জন্য এবং এবং মুসলমানদের মনে আঘাত দেবার জন্য ঐভাবে পবিত্র কেশ অপহরণ করেছে। সে দিক থেকে ভারত সরকারের কথা থেকে পশ্চিমবঙ্গ সরকারের কথায় আসতে চাই। যখন এই অপপ্রচারের ফলে খুলনা ও যশোহরে নৃশংস বর্বরতা দেখা দিল যা মধ্যযুগীয় বর্বরতাকেও লজ্জা দিয়েছে, তখন পর্যন্ত আমার পশ্চিমবঙ্গ সরকার এ সম্পর্কে বিন্দুমাত্র সজাগ হয়নি। তখন দেখা যাচ্ছে এখানে কোন রকম একটা প্রস্তুতি বা এখানে একটা জনমত গড়বার কোন রকম প্রচেষ্টা এই সরকার করেন নি। এবং সরকারের প্রায় সমস্ত বড় বড় কর্তারা তখন ভুবেনেশ্বরে ঐ প্রতি বছরের যে তামাসা সেই তামাসায় যোগদান করবার জন্য সেখানে নিশ্চিন্তে আরামে বাস করছেন। ততক্ষণে এখানে আগুন লেগে গেছে এবং আমার সেই প্রবাদ বাক্যের কথা মনে পড়ে—রোম যখন জ্বলছে তখন নিরো নাকি বাঁশি বাজাচ্ছিল। আমি আমার সমস্ত মন্ত্রী-মণ্ডলী এবং ওপক্ষের সদস্যদের মধ্যে যাঁদের দায়িত্বজ্ঞান আছে তাঁদের প্রশ্ন করতে চাই যে যখন আগুন এসে পশ্চিমবঙ্গের সীমান্তে পৌঁচাচ্ছে, যখন তার স্পষ্ট লক্ষণ সর্বত্র দেখা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত কোন রকম ব্যবস্থা না করে তাঁরা বার্ষিক তামাসা দেখবার জন্য ভুবেনেশ্বরে কেন বসে ছিলেন? সেই প্রশ্ন পশ্চিমবঙ্গের জনসাধারণও তাঁদের কাছে করবে। শুধু তাই নয়, স্যার, রাজ্যপাল-এর ভাষণে যা কিছু দেখলাম তাতে কিন্তু জনসাধারণের যে কোন অংশ আছে,—এই নৃশংসতা, বর্বরতাকে দমন করবার জন্য, এই সাম্প্রদায়িক বিদ্বেষকে সম্পূর্ণ উৎখাত করবার জন্য পশ্চিমবাংলার বুক যেটা জনসাধারণের যে একটা ভূমিকা আছে তার কোন একটা কথা তিনি উল্লেখ করেননি অথচ রাজ্যপাল মহোদয় নিশ্চয়ই জানেন যে আমাদের শান্তি কমিটিতে এ বিষয়ে অন্ততঃ ৩০ হাজার মানুষ সমবেত হয়েছিলেন এবং তিনি জানেন সেদিনকার যে শান্তি মিছিল বের করা হয়েছিল তাকে কিভাবে বিপর্যস্ত করে দেয়া হয়েছিল। আমাদের যিনি মুখ্যমন্ত্রী তাঁর সে সময়ে যাওয়ার কথা ছিল। তার অন্ততঃ আধ ঘন্টা পরে তিনি উপস্থিত হয়েছেন এবং সেই সমস্ত কমিটিতে এই বৃদ্ধ বয়সে আমি যোগদান করেছিলাম শান্তি প্রতিষ্ঠা করবার জন্য। আমরা দেখেছি সেখানে যে ফেষ্টুন নিয়ে যাবার কথা ছিল শান্তি কমিটির মিছিল বের হওয়ার সময় অতিক্রান্ত হবার পরও সেই ফেষ্টুন এসে পৌঁছায় নি। মাঝ পথে সেই ফেষ্টুন এসে পৌঁছেছে। আমরা শুনে অত্যন্ত দুঃখিত হয়েছি, পার্মিসান নেয়া হয়নি আগেভাগে যে অঞ্চল সেই অঞ্চল দিয়ে সেই মিছিলকে নিয়ে যাওয়া হয়নি এইভাবে সম্পূর্ণরূপে সেই শান্তি কমিটির যে প্রচেষ্টা তাকে ব্যর্থ করে দেয়া হয়েছে। আমার অভিযোগ এই মন্ত্রী-মণ্ডলীর বিরুদ্ধে যে মুখ্যমন্ত্রী ফিরে এসে প্রথম আদেশ দিলেন গুলী আমরা করব না এবং গুলী যদি আরো প্রয়োজন হয় তাহলে আরো গুলী করা হবে। যখন জনসাধারণ উত্তেজিত হয়ে উঠেছে তখন সেই মুহূর্তে ঐ গুলীর আশ্রয় নিয়ে যে সরকার শান্তি প্রতিষ্ঠার স্বপ্ন দেখেন সে যে কি মূর্খের স্বর্গে বাস করে সে কথা ভাষায় বলতে পারছি না এবং ওর পরিবর্তে নন্দজী এখানে আসবার আগে, পর্যন্ত কেন এই মন্ত্রীমণ্ডলীর পক্ষ থেকে জনসাধারণকে আহ্বান জানানো হয় নি, কেন বিভিন্ন রাজনৈতিক দলকে, বিভিন্ন শান্তিপ্রিয় প্রতিষ্ঠানকে আহ্বান জানিয়ে তাদের সহযোগিতা চাওয়া হয়নি, কেন মুখ্যমন্ত্রী এখন ঐ গুলীর কথা না বলে জন-সাধারণের সহযোগিতা নিয়ে এই যে সাম্প্রদায়িক নৃশংসতা দেখা দিয়েছে এই সাম্প্রদায়িক

নৃশংসতাকে পশ্চিমবাংলার বুক থেকে মুছে ফেলবেন একথা কেন মুখ্যমন্ত্রী বা তাঁর মন্ত্রী-মণ্ডলী বল্লেন না। আমি ওদিকে সংবুদ্ধিসম্পন্ন সদস্য যাঁরা আছেন তাঁদের কাছে সেই প্রশ্ন রাখবো। আমি এর পরে বলছি স্যার, শান্তি কমিটি আমাদের আছে এবং শিক্ষক হিসাবে শান্তিই আমাদের প্রধান কার্য এবং সাম্প্রদায়িকতাকে আমরা সবচেয়ে বেশী ঘৃণার চোখে দেখি সে পাকিস্তানই হোক্ এবং পশ্চিমবাংলাই হোক্ এবং এই পশ্চিমবাংলায় যখন একজন ও মুসলমান মরেছে সাম্প্রদায়িক বিদ্বেষে তখন লজ্জায় মাথা নত করেছি এবং আমার মুসলমান বন্ধুদের কাছে আমাদের বহু মুসলমান সহকর্মী শিক্ষক আছেন, তাঁদের কাছে আমি মুখ দেখাতে পারিনি—আমি বলেছি স্পষ্ট যে আমি সমস্ত ভারতবর্ষের পক্ষ থেকে তোমাদের কাছে লজ্জা প্রকাশ করছি। আমি জিজ্ঞাসা করছি জনসাধারণ যে শান্তি কমিটি প্রতিষ্ঠা করেছে সেজন্য আমরা স্যার, দরজায় থেকে দরজায় গিয়েছি এই শান্তি কমিটিগুলিতে যোগদান করবার জন্য যাতে অন্ততঃ একটা কিছু সংঘ প্রতিষ্ঠান আমরা পাই যার ভেতর দিয়ে শান্তির যে কামনা আমাদের মধ্যে তীব্র হয়ে উঠেছে তাকে একটা বাস্তব রূপ দিতে পারি কিন্তু এই শান্তি কমিটিগুলির অপমৃত্যু কেন হল এবং কেন আজ পর্যন্ত শান্তি কমিটিগুলি কোন কাজ করতে পারলো না। আমি ঐ মন্ত্রীমণ্ডলী এবং এদিকে যাঁরা সংবুদ্ধিসম্পন্ন লোক আছেন তাঁদের কাছে এই প্রশ্ন অত্যন্ত তীব্রভাবে তুলে ধরতে চাই। কেন আজকে রাজ্যপাল মহোদয়ের ভাষণে জনসাধারণের যে ভূমিকা ছিল পশ্চিমবাংলার সেই ভূমিকা কিছুমাত্র উল্লেখ নেই, কেন রাজ্যপাল মহোদয়া বল্লেন যে স্টার্ন মেজার্স শুধু নেয়া হয়েছে? তিনি কি মনে করলেন তাঁর বুলেটের গুলীতে এবং মিলিটারীতে দেশের শান্তি ফিরে এসেছে, তিনি কি এখানকার জনসাধারণের যে শান্তির কামনা এবং ইচ্ছা আছে; এখানে জনসাধারণ যে সাম্প্রদায়িক বিদ্বেষ চায়না সে কথাটা কি তাঁর মনে একবারও উদিত হল না এবং সেই যে মস্তবড় বিরাট সত্য সে সত্য পৃথিবীতে আবার মানবতাবোধ ফিরিয়ে আনতে পারে, সে সত্য ভারতবাসীকে আবার সর্বসমাজে প্রতিষ্ঠিত করতে পারে, সে সত্য আজকে গৌরবের সংগে প্রচার করা উচিত, অহঙ্কারের সঙ্গে প্রচার করা উচিত যে জনসাধারণ এগিয়ে এসেছিল শান্তি প্রতিষ্ঠা করবার জন্য তার সম্পর্কে স্যার, একটা কথারও উল্লেখ নেই কেন, আমি রাজ্যপাল মহোদয়ার ভাষণের উত্তরে যাঁরা ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন তাঁদের কাছে সেই প্রশ্নটা অত্যন্ত তীব্রভাবে করছি।

[3—3-10 p.m.]

শুধু এখানে বলা হচ্ছে—

happily my Government took prompt steps to control the situation, stern measures were taken against the miscreants and army units were called in the aid of the civil police wherever necessary.

এইভাবে তিনি শান্তি এনেছিলেন। কিন্তু সত্যই কি এইভাবে শান্তি এসেছে এই পশ্চিম বাংলায়? আমি জানি অধ্যাপকদের মধ্যে, শিক্ষকদের মধ্যে, অনেকেই এখানে মুসলমানদের আশ্রয় দেওয়ায় তাদের জীবন বিপন্ন হয়েছে এবং লাঞ্ছনা অনেকে নিগৃহীত পর্যন্ত হয়েছেন। এই রকম হাজার হাজার ইতিহাস এই কলকাতার বুকে আছে। আজও আবার সেই কথা জোরের সঙ্গে বলতে চাই পাকিস্তানেও সেই ইতিহাস এবারও সাম্প্রদায়িক নৃশংসতার মধ্যে অত্যন্ত বড় করে রাখা হয়েছে। সেখানে স্যার, পাকিস্তানের মধ্যে ৫০ জন বাঙ্গালী মুসলমান আত্মবিসর্জন দিয়েছে সেখানকার হিন্দুদের রক্ষা করবার জন্য। আমি লজ্জিত এই জন্য যে, আমরাও গৌরবের সঙ্গে বলতে পারি যে আমাদের এখানে ৫০ জন হিন্দু নিহত হয়েছে সংখ্যালঘু সম্প্রদায়ের রক্ষা করার জন্য! অবশ্য পাকিস্তানী সরকার এবং পশ্চিমী জনসাধারণের মধ্যে যে একটা তীব্র বিভেদ আছে, সে কথা আমি পরিষ্কারভাবে বলে দিতে চাই। বর্তমান পাকিস্তানের বিদ্বেষ সৃষ্টি করেছে এবং সেখানকার রাষ্ট্রনীতিই হচ্ছে—সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়ান। আমরা সরকার মধ্যযুগীয় নৃশংস, বর্বর সরকার, এবং সেই সরকার উস্কানি দিয়ে এই সাম্প্রদায়িক ভারত সম্পর্কে অত্যন্ত গর্বের সঙ্গে বলতে পারি যে ভারতের অন্ততঃ রাষ্ট্রনীতি এই সাম্প্রদায়িক

বিদ্বেষের উপর প্রতিষ্ঠিত নয়। আমাদের ভারতের রাষ্ট্রনীতি হচ্ছে সেকিউলারিজম, অর্থাৎ যাকে বলে ধর্ম-নিরপেক্ষ। এখানে আমরা প্রত্যেক রাষ্ট্রের দিক থেকে—ভারতীয় ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রের দিক থেকে, তার নীতির প্রতি যে বিশ্বস্ত, সে বিষয় বিন্দুমাত্র সন্দেহ নেই। পাকিস্তান সরকারের বিরুদ্ধে দাঁড়িয়ে, সেখানকার লোকজন যারা প্রাণ দান করেছে সংখ্যালঘু সম্প্রদায়কে বাঁচাবার জন্য, তাদের আমি এপার থেকে শুভবুদ্ধি মানুষের পক্ষ থেকে, মানবতাবোধ মানুষের পক্ষ থেকে অত্যন্ত আনন্দের সঙ্গে অভিনন্দন জানাচ্ছি। আমার প্রশ্ন হচ্ছে যে এঁরা আজও শান্তি কমিটিগুলিকে বাঁচিয়ে রাখছেন না। আজ এমনও যে আমাদের নানা জায়গায় নানা রকম প্রচার কার্য চলেছে, সেগুলিকে বন্ধ করার জন্য ওঁরা ১৪৪ ধারা জারী করে রেখেছেন। ঐ ১৪৪ ধারা শুধু যে সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য বজায় রেখেছেন, এ কথা জনসাধারণ আজ মনে করতে পারছে না। এখানে বিধান সভা ও বিধান পরিষদের কাজ চলাকালীন বহু শোভাযাত্রা এখানে আসবে, এবং সেই শোভাযাত্রাগুলি তাদের নানা রকম দাবী-দাওয়া নিয়ে এখানে মন্ত্রী মহোদয়ের নিকট পেশ করবার জন্য আসতে চায়, কিন্তু, স্যার, সেগুলি এই ১৪৪ ধারা জারী থাকার দরুন, আসতে পারবে না। পূর্বে ওঁদের এই ১৪৪ ধারা শান্তি রক্ষা করতে পারে নি। ১৯৪৬ সালে তা দেখেছি, এবং আজ ১৯৬৪ সালেও তাই দেখছি। কাজেই তাঁরা এই ১৪৪ ধারার উপর নির্ভর না করে, জনসাধারণের শুভ বুদ্ধির উপর নির্ভর করে। যে শুভ বুদ্ধির পরিচয় যথেষ্ট পরিমানে ভারতবর্ষের ও পশ্চিমবাংলার লোক দিয়েছে, তার উপর নির্ভর করুন। সেইজন্য আমি এ বিষয় তাদের অনুরোধ জানাচ্ছি। আর রিফিউজি সম্পর্কে আমার পরিষ্কার বক্তব্য হচ্ছে যে পশ্চিমবাংলা সরকার তাঁর দায়িত্ব এড়িয়ে গেলে চলবে না। এবং সমস্ত লোককে দন্ডকারণ্যে পাঠিয়ে দেবো, এই সুখ স্বপ্ন যদি ওঁরা দেখে থাকেন তাহলে পরে পশ্চিমবাংলার সমস্ত জাতীয় জীবন বিপর্যস্ত হয়ে যাবে শুধু মন্ত্রীমন্ডলীর অদূরদর্শিতার জন্য, সে কথা আজ এখান থেকে আমরা মন্ত্রীমন্ডলীর কাছে ঘোষণা করছি। স্যার, সাম্প্রদায়িকতা জিনিষ সম্পর্কে বলার প্রয়োজন আছে প্রতিটি মানুষের সেই হিসাবে আমি বললাম।

কিন্তু, স্যার, আমার প্রধান বক্তব্য হচ্ছে শিক্ষা সম্পর্কে। স্যার, বর্তমানে মাধ্যমিক শিক্ষার কি শোচনীয় অবস্থা হয়েছে এবং শিক্ষা মন্ত্রিমহাশয়ের সুব্যবস্থার কি রকম একটা অরাজকতা মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় চলেছে, সেই সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, ১৯৬৩ সালের গোড়ায়, ঐ বোর্ড অফ সেকেন্ডারি এডুকেসন এ্যাক্ট, শিক্ষা মন্ত্রিমহাশয় পাশ করেন। তারপর এক বছর চলে যাবার পর, মাঝখানে একটা অর্ডিন্যান্স নিয়ে এলেন যে প্রেসিডেন্টের নিয়োগ ঐ পাঁচ বছরের জন্য না করে, প্রয়োজনানুযায়ী যে কোন সময়, কয়েক দিনের জন্য তাঁরা নিয়োগ করতে পারবেন। এইভাবে তাঁরা তিন মাসের জন্য একজন প্রেসিডেন্টকে নিয়োগ করে দিলেন। এই প্রেসিডেন্ট নিয়োগ হলেন ১-১-৬৫ তারিখে। কিন্তু সেদিন থেকে কোন আইনের কোন ধারা অনুযায়ী এই বোর্ড কার্যকরী হয়ে উঠলো, সে কথা আমি মন্ত্রিমন্ডলীর কাছে জিজ্ঞাসা করছি। ঐ এ্যাক্টের মধ্যে কোথাও নেই যে প্রেসিডেন্ট নিযুক্ত হওয়া মাত্র পর্ষদ্ তার কাজ আরম্ভ করতে পারবে। অথচ স্যার, এই যে দেখা যাচ্ছে যে বোর্ড থেকে একটা সার্কুলার দেওয়া হচ্ছে এবং সমস্ত স্কুলেই এটা পাঠান হয়েছে।

"The undersigned is directed to state that the West Bengal Board or Secondary Education Act, 1963, comes into force with effect from 1st January, 1964 and the Board, named the Board of Secondary Education, West Bengal, is established from the same date with Dr. J. C. Sen Gupta, M.Sc. (Cal.), Dr. Phil., F.N.I. Nat, (Hoidelberg), as President of the Board. All previous orders passed by the Board of Secondary Education, West Bengal, and communicated to schools before 31st December, 1963, will hold good until further orders."

স্যার, এর পুরানো যিনি সেক্রেটারী বিশ্বনাথ ব্যানার্জী মহাশয়, তার স্বাক্ষরে এই রকম একটা জিনিষ গেল। বিশ্বনাথ ব্যানার্জী মহাশয়ের আর কি অধিকার আছে যে সেক্রেটারী

হিসাবে ফাংশন করবার সে কথা আমি শিক্ষামন্ত্রিকে জিজ্ঞাসা করতে চাই। কারণ সেখানে আইনে লেখা আছে যে

Secretary will be appointed by the Government.

তার তো গভর্ণমেণ্ট এ্যাপয়েণ্টমেণ্ট আজও হয়নি। শুধু তাই নয় ওখানে কতকগুলি কমিটি আছে এবং সেই কমিটিগুলির মধ্যে বিশেষ করে টিচারদের স্বার্থের দিক থেকে আপীল কমিটি, ছাত্রদের স্বার্থের দিক থেকে সিলেবাস কমিটি, এক্‌জামিনেশন কমিটি এই সমস্ত কোন কমিটি এখন পর্যন্ত সেখানে হতে পারে না; এবং বোর্ড আইনতঃ কি করে ঘোষণা করতে পারে

Board has come into existence with the appointment of the President.

এই প্রশ্ন স্যার, আমি করতে চাই। এবং এই প্রশ্নের বাস্তব দিকটা আমি আপনাকে দেখাতে চাই সেটা হচ্ছে এই বিদ্যালয়গুলি ৬ মাসের মধ্যে এক পয়সাও সাহায্য পায়নি। এবং ৬২-৬৩ সালে যে ফাইনাল মেমো যাদের শেষ অঙ্কের টাকা আজকে ৬৩-৬৪ শেষ হয়ে যাচ্ছে এরমধ্যেও নাইণ্টি পারসেণ্ট অফ দি স্কুলস-এও ৬২-৬৩ সালের ফাইনাল মেমো যায়নি, টাকা যায়নি। তাতে শিক্ষকেরা সপরিবারে উপোষ করছে সেটা আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রির কাছে বারে বারে আবেদন করেছি। এবং এখানে স্যার, দেখতে পাচ্ছি সেই বিশ্বনাথ ব্যানার্জী মহাশয়ের একটা সার্কুলার-এ তিনি বলছেন যে

regarding the work of the Finance Section, the calculation of grants-in-aid, etc., will continue but no communication should be made to schools relating to grants-in-aid or other allied matters.

এখানে পরিষ্কার বলে দেওয়া হচ্ছে ফ ইনান্স ডিপার্টমেণ্ট পুরানো বোর্ডকে যে ক্যালকুলেশন করতে পারবে কিন্তু সেই ক্যালকুলেশন সম্পর্কে কোন স্কুলকে জানাতে পারবে না। কোন স্কুলকে যদি জানান না হল এবং কোন স্কুলকে তার ভিত্তিতে টাকা না দেওয়া হল তাহলে এই ক্যাল-কুলেশন-এর কি প্রয়োজনীয়তা তা আমরা জানি না। স্কুলগুলি আজকে কোথায় এসে দাঁড়িয়েছে সে সম্বন্ধে শিক্ষামন্ত্রী কিছু জানেন কিনা জানিনা। তাঁকে আমার আরও প্রশ্ন যে তিনি যে আইন করেছিলেন তখনই আমরা বলেছিলাম যে এখানে টাকা ডিসবার্স কে করবে? তার সম্পর্কে কোন অথরিটি দেওয়া নাই। এবং তখন আমি এই প্রশ্ন করেছিলাম যে এটাকে বোর্ড বিলের থেকে তুলে দিলে অটোম্যাটিক্যালি গভর্নমেন্টে পৌঁছুচ্ছে—এটাই বা কোন ব্যবস্থায় হচ্ছে? আজকে আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে সোজা প্রশ্ন করছি যে এ, জি, ওয়েষ্ট বেঙ্গল, যে ওরা টাকা ডিসবার্সমেণ্ট করবার যে স্কীম করেছেন তার সম্পর্কে কি আপত্তি জানিয়েছে সে কথা নিশ্চয়ই তিনি এখানে বললেন। ওরা স্যার, ডিস্‌ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল-এর থ্রুতে এই টাকা ডিস্‌-বার্স করার একটা স্কীম করেছিলেন কিন্তু স্কীম সম্পর্কে এ, জি অফিস কি মন্তব্য করেছে সে সম্পর্কে যে চিঠি আদান প্রদান হয়েছে তা নিশ্চয়ই শিক্ষামন্ত্রীমহাশয় আমাদের সামনে উপস্থিত করবেন। আজ পর্যন্ত স্যার, গ্রান্ট কে দেবে তাই ঠিক হল না। বোর্ড কি করে ফাংশন করবে তা আজ পর্যন্ত ঠিক হল না। আজ এসেম্বলী কাউন্সিলের মেম্বার ইলেক্টেড হতে পারলো না। আজ পর্যন্ত টিচার্স রিপ্রেজেনটেটিভ এক্সিকিউটিভ কমিটিতে আসতে পারলো না। আজ যে সমস্যার কথা সেদিনই বলেছিলাম যে সব ইউনিভার্সিটিতে ডীন নেই, ডীন এর কথা কেন উল্লেখ করছেন, এখন পর্যন্ত সে সব বিশ্ববিদ্যালয়ে ডীন এলো না। এই যে বোর্ড যেটা তিনি ১-৪-৬৫ থেকে চালু করতে চাচ্ছেন। এটা আইনগত ক্ষমতা নিয়ে কবে থেকে কাজ করতে আরম্ভ করবে তা আমরা কিছুতেই বুঝতে পারছি না। এখন প্রশ্ন হচ্ছে এই গ্র্যাণ্ট-ইন-এড কে দেবে। প্রশ্ন উঠেছে এটা কি ডি পি আই-এর কাছে থাকবে? অথবা ফিনান্স ডিপার্টমেণ্টে এটাকে কন্ট্রোল করবে। ডি পি আই-এর কাছে থাকলে কি সেটা ডি আই-এর থ্রু দিয়ে ডিসবার্সমেণ্ট হবে, না ওদের একটা আলাদা সেট আপ করতে হবে, যে সেট আপ-এর ভিতর দিয়ে ওরা এই গ্র্যান্ট গুলোকে ডিসবার্স করতে পারবে। এখন আমাদের সাজেসন হচ্ছে এ সম্পর্কে যে অন্ততঃ বোর্ড-এর যে ফিনান্স ছিল তাতে দেখা যাচ্ছে যে ১৫২ জন কর্মচারী ছিল। ঐ ১৫২ জন কর্ম-চারীই বরখাস্ত হয়ে যাবে। এবং তারা দীর্ঘকাল ৫।৬ বছর চাকরী করার পর এরা আজকে বেকারের দলে নাম লেখাতে বাধ্য হবে। এবং আমাদেরও নতুন লোক নিয়ে এসে কাজ আরম্ভ

করলে অন্ততঃ আরও ১ বছরের মধ্যে এরা বিদ্যালয়গুলিতে সাহায্যের টাকা পাঠাতে পারবেন ত আমি বিশ্বাস করি না।

[3-10—3-50 p.m. including adjournment.]

স্যার, নতুন লোকের হাতে গেলে কি হয় সেই সর্বনাশের কথা আজকে এই বিধান পরিষদে আসবার আগে শুনে এসেছি এবং আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রিমহাশয়ের দৃষ্টি সেই সমস্যার প্রতি আকর্ষণ করছি। ইতিমধ্যে সাহায্যহীন বিদ্যালয়ের যে সমস্ত শিক্ষক বি টি কলেজে পড়তে আসছেন তাঁদের বেশ কিছু সংখ্যক আমার সংগে আমার বিদ্যালয়ে দেখা করতে এসেছিলেন। আমি বিধান পরিষদে আসবার আগে তাঁরা বললেন যে শিক্ষা দপ্তর এখন ডেপুটেশানের টাকা দেবার অধিকার নিয়ে নিয়েছে। তাঁরা বলেছেন যে আন-এডেড স্কুলের টিচারদের কোন রকম ডেপুটেশান এ্যালাওয়েন্স দেওয়া হবে না। অথচ দীর্ঘ ১০ বছর কাল বোর্ড টাকা দিয়েছে। এই বোর্ড চিরকাল এডেড এবং আন-এডেড স্কুলের টিচারদের ডেপুটেশান এ্যালাওয়েন্স দিয়েছে। আজকে কি তাহলে শিক্ষামন্ত্রিমহাশয় হঠাৎ নতুন নিয়ম প্রবর্তন করবেন? এবং তাঁরা যখন বি টি কলেজে জয়েন করেছিলেন তখন তাঁদের বলা হয়নি যে তোমাদের ডেপুটেশান এ্যালাওয়েন্স দেওয়া হবে না। এখন কি তাদের ডেপুটেশান এ্যালাওয়েন্স তুলে নেওয়া হবে? এ তো শুধু কয়েক শত টিচারদের ব্যাপার, কয়েক হাজার, ওঁরা বলেন যে ৩৫ হাজার শিক্ষক, করণিক, গ্রন্থাগারিক আজ বিপন্ন। আজকে যেভাবে ওঁরা আইন চালু করবার চেষ্টা করছেন সেটা সম্পূর্ণ বে-আইনী হয়েছে এবং সেখানে সম্পূর্ণ দক্ষতার অভাব দেখা দিয়েছে। এইভাবে আইনকে চালু করে একটা যে অরাজকতার সৃষ্টি মাধ্যমিক শিক্ষাজগতে করেছেন তার জন্য শিক্ষক সমাজকে আর কতকাল প্রায়শ্চিত্ত করতে হবে সেটা আমি শিক্ষামন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই স্যার, এই বোর্ডের ইলেকশান সম্পর্কে আমার বক্তব্য আছে। আমি ওদের রুলস পড়ছিলাম সেই রুলের মধ্যে দেখলাম যে ইলেকটোরাল রোল তৈরী হবে। এই একটা চিঠি ইন্সপেক্টোরেট থেকে পেলাম তাও ইন্সপেক্টর নিজে সই করেন নি, ফর ডিস্ট্রিক্ট ইন্সপেকটর অব স্কুলস কেউ সই করছেন, তাতে আমাদের কাছ থেকে সব তথ্য চেয়ে পাঠিয়েছেন। কিন্তু তাতে লিখছেন এ উত্তর দিতে হবে

by return of mail or through a special messanger.

অথচ কোন্ তারিখের মধ্যে আমাদের এই তথ্যগুলি পাঠালে আমরা ভোটার তালিকাভুক্ত হতে পারব তার কোন উল্লেখ এর মধ্যে নেই। এবং অনেকেই হয়ত বা এই রিটার্ন অব মেল অর স্পেশাল মেসেনজার দিয়ে পাঠাতে পারবেন না বলে আর এর উত্তরের প্রয়োজনীয়তা অনুভব করতে পারবেন না, ফলে অনেকে ভোটার তালিকায় নাম লেখাতে পারবেন না। আমি এটা আপনার মারফত শিক্ষা মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে এই সার্কুলারের ভিত্তিতে আমাদের আর তিনি যেন হাইকোর্টে টেনে নিয়ে না যান। তিনি যেন ঘোষণা করেন এবং তাঁর ঘোষণা আমরা মেনে নিতে রাজী আছি, যে কোন ধারা অনুযায়ী প্রেসিডেন্ট ইলেক্ট করার পরই সমস্ত কমিটিগুলি হয়ে গেল? স্যার, ওখানে রেকগনিসান কমিটি আছে, ধারা আছে যে রেকগনিসান কমিটির রেকমেন্ডেসান ছাড়া বোর্ড কোন স্কুলকে রেকগনিসান দিতে পারবে না। স্কুলের রেকগনিসান শেষ হয়ে গেছে, তাদের রেকগনিসানের কোন রিনিউয়্যালের চিঠি আজ জানুয়ারী ফেব্রুয়ারী মাস চলে যাচ্ছে বোর্ড থেকে তা যাচ্ছে না। বহু শিক্ষকের চাকুরীকাল শেষ হয়ে গিয়েছে, তাদের চাকুরীকাল বৃদ্ধির প্রয়োজন, সেই সমস্ত চিঠির কোন উত্তর যাচ্ছে না। বহু শিক্ষকের বেতন আজ নির্ধারিত হয় নি এবং কোন স্কুল ১৯৬২-৬৩ সালের সাহায্যের টাকা পাচ্ছে না। এই অবস্থার সৃষ্টি করেছেন এই বোর্ড এইভাবে প্রতিষ্ঠা করার চেষ্টা করে এবং যে দুঃসহ অবস্থার ভেতর দিয়ে আমাদের যেতে হচ্ছে তাতে এই দিক থেকে আমাদের প্রতিবাদ করার প্রয়োজন হয়ে পড়েছে। আমরা আইনের আশ্রয় নেবার চেষ্টা করব যদি না শিক্ষামন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমরা যথোচিত উত্তর পাই। তা ছাড়া আমাদের আন্দোলনের পথে আবার নামতে হবে এবং এই আন্দোলনের পথে যদি নামি তাহলে তার জন্য দায়ী থাকবে এই সরকারের অকর্মণ্যতা, এই সরকারের উদাসিনতা এবং হৃদয়হীনতা। হাজার শিক্ষক আজকে যে কি দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে, বিদ্যালয়ের অন্যান্য কর্মীরা যে

দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে সে সম্পর্কে ওঁর ধারণা নেই। এবং এই যে অর্ডার এটা কেন গেল এ সম্পর্কে আমি শিক্ষামন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই। তাঁরা ক্যালকুলেশান করতে পারবেন কিন্তু কোনরকম স্কুলকে তার কত পাওনা তার সম্পর্কে কোন পত্র দিতে পারবেন না? পত্র দিতে পারবেন না টাকাও তাদের দেওয়া হবে না। এইরকম একটা ব্যবস্থা কেন সেটা শিক্ষামন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই? (দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী ঃ টাকা দেবে ডাইরেক্টোরেট।) ডাইরেক্টোরেট তো আপনার আণ্ডারে। কিন্তু সেই ডাইরেক্টোরেট তো আপনার আণ্ডারে আগে পে করত না, এখন করতে আরম্ভ করবে এবং সেটাও তো আবার ফাইনান্স ডিপার্টমেন্টের সংগে আপনার ডিপার্টমেন্ট বোঝাপড়া শেষ করতে পারেন নি। কি করেসপন্ডেন্স হয়েছে সেটা আপনি তুলবেন আমি সদস্য হিসাবে সেটা বলছি।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আপনি যতই সদস্য হোন আমাদের গভর্ণমেণ্টের ইণ্টারন্যাল ব্যাপারে এ ডিপার্টমেণ্টের সংগে ও ডিপার্টমেন্টের কি লেখাপড়া হয়েছে সেটা আপনাকে দিতে হবে?

Shri Satya Priya Roy:

আমাদের যদি অসুবিধা হয় তাহলে আপনি কেন দেবেন না?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

অসুবিধার কথা একশোবার বলতে পারেন কিন্তু ইন্টার ডিপার্টমেন্টাল করেসপনডেন্ট হলে সেটা চাইলে দেব আপনাকে।

Shri Satya Priya Roy:

কমিউনিকেসন আপনার অবস্থা সাব্‌সট্যান্স কি এবং আজকে আমরা কোথায় দাঁড়িয়ে আছি এবং আপনারা সাহায্য দেবার কি ব্যবস্থা করছেন? ৬ মাস ধরে সাহায্যের টাকা থেকে বিদ্যালয় বঞ্চিত হচ্ছে, সমস্ত অব্যবস্থা চলেছে, শিক্ষকরা উপবাসী রয়েছে সেটার কি ব্যবস্থা করেছেন সেটা জানতে চাই। আর বোর্ডকে ক্যালকুলেসন অব গ্রাণ্ট ইন এড্ করতে বলা হল কেন এবং সংগে সংগে কেন বলা হল,

but no communication should be made to schools relating to grant-in-aid or other allied matters.

সে সম্পর্কে আমি প্রশ্ন করছি। ক্যালকুলেসন আজকে মধ্য শিক্ষা পর্যতের নয়, উনি তো বল্লেন ডিরেকটোরেট থেকে দেবে এবং ক্যালকুলেসনের ভার ডিরেকটোরেটের নেবার জন্য কি ব্যবস্থা করেছেন সে প্রশ্ন করেছি এবং সেখানে স্যার, যদি কোন ব্যবস্থা না হয়, যদি ৩ মাস চলে গিয়ে থাকে, আরো ৩ মাস চলে যাবে। কাজেই স্যার, মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার হাজার দোষ ত্রুটি যে আছে তাকে অপসারণ করা সম্ভবপর হচ্ছে না। মধ্যশিক্ষা পর্ষৎ আইনমত কাজ করতে পারছে না এবং এই চ্যালেঞ্জ আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে করেছি। তিনি এটা প্রমাণ করুন প্রেসিডেন্ট নিয়োগের সংগে সংগে বোর্ড যে ফাংশন করতে আরম্ভ করেছে এটা আইনের কোন্ ধারায় পেলেন? এই যে এসেম্বলী মেম্বার, টিচার মেম্বার না নিয়ে বা কোন কমিটি না করে প্রেসিডেন্ট নিয়োগের সংগে সংগে পর্ষৎ যে কাজ করতে আরম্ভ করলো। এই যে সার্কুলার বেরুলো সমস্ত স্কুলে এটা আইনের কোন ধারা বলে করলেন সে সম্পর্কে শিক্ষামন্ত্রী বলে দেবেন। আমি আরো অন্যান্য সমস্যা সম্বন্ধে বলতে চাই না কারণ সময় সংক্ষেপ কিন্তু একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এখানেই বলেছিলাম যে সাম্প্রদায়িক পরিস্থিতি সম্পর্কে একটা অতিরিক্ত সময় দেয়া হোক্ আলোচনার এবং আপনি স্যার বলেছিলেন যে বিবেচনা করবেন। আমার মনে হয় যে আমাদের এই গভর্ণর অ্যাড্রেসের মধ্যে বেশীর ভাগ সময় সাম্প্রদায়িক সমস্যা আলোচনায় গেছে। আপনি যে বলেছিলেন অতিরিক্ত সময় দেবেন সেটা স্যার, বিজিনেস অ্যাডভাইজারী কমিটিতে দেয়া হোক, এখানে জগন্নাথবাবু নেই কিন্তু স্যার, সেটা সম্পর্কে যেসব সদস্যরা বলেছেন, আপনি বলুন এবং যাতে সকলে আলোচনার সুযোগ পান সেই ব্যবস্থা আপনি করুন। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

(At this stage the House was adjourned for half an hour)

After adjournment

Shri Dhirendra Nath Moitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালিকার ভাষণের উপর বিতর্কে যোগদান দিতে পেরে আজকে আমি কিছু বলার ইচ্ছা করছি। প্রথমেই মনে পড়ে বর্তমান পরিস্থিতি। এই পরিস্থিতি খুবই মর্মদায়ক এবং সকলে এ বিষয়ে আলোচনা করেছেন। তাছাড়া আমাদের রেজাউল করিম সাহেব যে আলোচনা করেছেন সেটা খুব ভাল এবং তিনি সত্যই যেভাবে ভাষণ দিয়েছেন এটা এখানকার পক্ষে খুবই উপযুক্ত ভাষণ। সেই হিসাবে আমি বলতে চাই যে পাকিস্তান তাদের দুরভিসন্ধি সার্থক করবার জন্য একটা অজুহাত দিয়ে হানাহানি সুরু করে এবং তার ফলে আজকে পশ্চিমবংগে হাঙ্গামা হয় কিন্তু আমাদের জাতীয় সরকার ধর্ম নিরপেক্ষতার আদর্শে কঠোর হস্তে এই সাম্প্রদায়িক হাঙ্গামা যাতে দ্রুত বন্ধ হয় তার জন্য নিজে এবং প্রয়োজনবোধে সামরিক সাহায্য গ্রহণ করতে কুণ্ঠা বোধ করেন নি। আমি সম্প্রদায় নির্বিশেষে এই হাঙ্গামায় ক্ষতিগ্রস্ত পরিবারকে সমবেদনা জানাচ্ছি।

[3-50—4 p.m.]

হানাহানির দ্বারা মহৎ কার্য সমাধান হইবে না, তাহাতে উভয় রাষ্ট্রের অগ্রগতি ব্যাহত হইবে। ভারতের স্বাধীনতা লাভের পর এইরূপ ঘটনা আরও পাঁচ, সাতবার ঘটে, এবং ইহাতে উভয় রাষ্ট্রের সংখ্যালঘু সম্প্রদায়ের মানসিক অবস্থার কথা সহজেই অনুমান করা যাইতে পারে।

অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালিকা, তার ভাষণে জানিয়েছেন যে অন্যায়ের দ্বারা কোন অন্যায়ের প্রতিকার করা কখনও সম্ভব নহে, বা বাইরের কোন প্রকার প্ররোচনায় আজকে আমাদের ধর্মনিরপেক্ষতার আদর্শচ্যুত হওয়া উচিত নহে। ইহা খুব বড় সত্য। আমরা বিশ্বাস করি না যে হানাহানির দ্বারা কোন মহৎ কার্য সাধিত হইতে পারে? ক্রমাগত সেখানে যে অশান্তির ছায়া চলেছে, তাহাতে পূর্ব পাকিস্তানে সংখ্যালঘু সম্প্রদায়ের পক্ষে আর কোন প্রকারেই থাকা সম্ভব নহে। সে জন্য ভারত সরকার বর্তমানে যে নীতি ঘোষণা করিয়াছেন, তাহা আমাদের, প্রত্যেকের গ্রহণ করা উচিত। আমাদের এই বিরাট দেশে কোন না কোন মতে জাতি-ধর্ম নির্বিশেষে সবাই একত্রে মিলিয়া থাকিতে পারিবেন। আমরা ভারতবাসী সহস্র জাতি, এক সুরে পাকিস্তানের এই জঘন্য নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানান প্রয়োজন হইলে আমরা সবাই একত্রে ৪৪ কোটী ভারতবাসী যে কোন দুঃখ বরণ করিতে প্রস্তুত থাকিবো এবং আজ বেদনা ভারাক্রান্ত মনে এই সমস্যার সমাধানের প্রতিক্ষায় থাকিবো।

এবার আমি ধান, চাল সম্বন্ধে দু-একটা কথা বলবো। বর্তমানে আমাদের দেশে ধান চালের অবস্থা অনেকটা ভাল। গতবারের উৎপাদন ৩৯ লক্ষ মেট্রিক টনের স্থলে, এবার ৪৮ লক্ষ টন (মেট্রিক) খাদ্যশস্য উৎপন্ন হয়েছে। উহা ছাড়া গমের ব্যবহার বহু পরিমাণে বৃদ্ধি হইয়াছে সরকার বর্তমানে যে খাদ্যনীতি গ্রহণ করিয়াছেন, তাহা যেন তাঁরা দৃঢ় হস্তে চালু রাখেন আমার বিশ্বাস উহা সাফল্যমণ্ডিত হইবে। সরকারের খাদ্যনীতি চালু রাখার সপক্ষে আমি কয়েকটি কথা স্মরণ করাইয়া দিচ্ছি। (১) সরকার যেন প্রত্যেক জেলায় চিপ রেশন সপ-এর মাধ্যমে চাউল দেবার ব্যবস্থা করেন। (২) যেন স্থানীয় মিল-মালিক বা ব্যবসায়ীরা চাল ধানের দর বৃদ্ধির কোন সুযোগ না পান। (৩) যে সব জেলায় খাদ্যশস্য বাড়তি আছে, এই সব স্থানে শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য বাড়তি এলাকা হইতে আলাদা বরাদ্দ হিসাবে ধান চাউল দেবার ব্যবস্থা করিলে, স্থানীয় বাজারে চাপ পড়িবে না, এবং তার ফলে মূল্যমান ন্যায্য ভাবে থাকিবে।

এবার আমি শিক্ষা সম্বন্ধে কিছু বলিতে চাই। প্রাথমিক, মাধ্যমিক ও অন্যান্য শিক্ষার যথেষ্ট উন্নতিসাধন হইয়াছে। প্রথম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণীর পাঠরত বালক, বালিকার সংখ্যা ২৯ লক্ষ স্থলে, ৩০ লক্ষ হইতে যাইতেছে। কিন্তু দুঃখের বিষয় আধা-সরকারী শিক্ষা প্রতিষ্ঠান গুলির কর্মচারীদের বেতন ও মাগ্যিভাতা সরকারী হারে নির্ণয় হয় নাই। জানিনা শিক্ষা ক্ষেত্রে উহাদের দায়িত্ব কোন অংশে কম কিনা?

মাননীয়া রাজ্যপালিকা তাঁহার ভাষণে বহুমুখী পরিকল্পনার উন্নতির বিষয় উল্লেখ করেছেন তিনি বলেছেন রাস্তা ঘাটের সমূহ উন্নতি সাধন হয়েছে। সমগ্র রাজ্যে গ্রাম পঞ্চায়েতগুলি

গঠনের কার্য সুরু হইয়াছে, এবং তারপরে আঞ্চলিক ও জেলা পরিষদ সৃষ্টি হইবে। এই ভাবে জাতির জনক, মহাত্মা গান্ধীর স্বপ্ন রূপায়িত হইতে চলিয়াছে। সরকার জনগণের হাতে ক্ষমতা অর্পণ করার নীতি গ্রহণ করিয়াছেন। এই বৃহৎ যজ্ঞের যাহারা কর্ণধার, তাহাদের কথা এই ক্ষেত্রে উল্লেখ করবো। তাহাদের গুরু দায়িত্ব বিবেচনা করে সরকারের নিযুক্ত কর্মচারীদের যে হারে বেতন ও ভাতা আছে, তাদেরও সেই ভাবে বেতন ও ভাতার হার নির্ণয় করা বিশেষ প্রয়োজন রয়েছে, তার কোনরকম তারতম্য বা তফাৎ করা উচিত হইবে না। কিন্তু দুঃখের বিষয় এ সম্বন্ধে কোন উল্লেখ মহামান্য রাজ্যপালিকার ভাষণে নাই। আমি পুনরায় বলছি, আজকের দিনে হানাহানি ভুলে গিয়ে, হিন্দু, মুসলমান নির্বিশেষে, সকলে মিলে, একত্রে, শান্তির বাণী প্রচার করা উচিত।

এই কথা বলেই, আজকের মত আমি এখানে আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Das: I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that the Government has failed to give a true picture of the pangs and problems of West Bengal."

মাননীয় অধ্যক্ষমহাশয়, রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণে পশ্চিমবাংলার মর্মবেদনা এবং পশ্চিমবাংলার যে সব চেয়ে বড় সমস্যা এই দুটোই অবহেলিত হয়েছে, এর পূর্ণাঙ্গ ছবি রাজ্যপাল আঁকেন নি। স্যার, এখানে আমাদের খুব বিপদ যে রাজ্যপালের ভাষণে কি বললেন—সে বলা যদি ঠিক ভালো না হয়, সে বলা যদি আনব্যালান্সড্ হয়, ভারসাম্যহীন হয় তাহলে এই ভাষণ আমাদের বিরুদ্ধে প্রয়োগ করবে ঐ পাকিস্তানের মন্ত্রী ভুট্টো সাহেব। আমি প্রসঙ্গত আপনাকে এই কথা বলতে পারি যে পাকিস্তানের ৩রা জানুয়ারী খুলনাতে যে দাঙ্গা সুরু হয়েছে, হিন্দু নিধন সুরু হয়েছে সেই নিধন এমনিতেই হত, কিন্তু ভুট্টো সাহেব যখন কাশ্মীরের পবিত্র কেশের কথা তুললেন এবং কেশের জন্য ওখানে দাঙ্গা হয়েছে এবং ওখানকার দাঙ্গার জন্য কলকাতায় দাঙ্গা হয়েছে এই চেইন অফ আরগুমেন্ট দিলেন, আমাদের যারা প্রতিনিধি এবং আমাদের যারা সরকার তারা সেটাকে মেনে নিলেন। স্যার, আমি খুব দায়িত্ব নিয়ে বলছি যে যদি কাশ্মীরের ঘটনা না হতো তাহলে এই দাঙ্গা পূর্ব পাকিস্তানে হত। ২৯শে তারিখে কাশ্মীরের ঘটনা ঘটেছে আর ৩০ হাজার লোকের প্রসেশান, তিন তারিখে খুলনায় আক্রমণ করেছে, স্যার, প্রসেশান কিভাবে অর্গানাইজ হয় আমরা তার কিছুটা জানি, তার টেকনিক আমরা জানি—কতটা সময় লাগে, তিন তারিখে ৩০ হাজার লোকের প্রসেশান সেখানে হিন্দুদের আক্রমণ করল—তা কখনই হতে পারে না। আমার বক্তব্য হচ্ছে এই অজ রাজ্যপাল যে একটা ভারসাম্যহীন বক্তৃতা দিয়েছেন, একটা আনব্যালেন্সড্ স্টেটমেন্ট দিয়েছেন তাতে এই ধারণা হবে—এবং এটা ইউসড হবে ইউনাইটেড নেশনস-এ এবং ইউসড হবে আমাদের বিরুদ্ধে। স্যার, আমার বক্তব্য হচ্ছে যে রাজ্যপাল পশ্চিমবাংলার কথাও ঠিক করে বলেন নি পূর্বপাকিস্তানের কথা তো উল্লেখ করেন নি। পশ্চিমবাংলার কথা উল্লেখ করতে গিয়ে আমি এই কথাই বলব যে এখানে যে দাঙ্গা হয়েছে সে দাঙ্গা আমি বিশ্বাস করি তা রোধ করা যেত, সে দাঙ্গা বন্ধ করা যেত। কারণ এখানে স্যার, আপনি দেখেছেন যে ১৫টা জেলার ভিতর তিনটা জেলাতে দাঙ্গা হয়েছে। তিনটা জেলার ভিতরেও কতকগুলি থানাতে হয়েছে। সমস্ত কলকাতা সহরে ২০।২২টা থানা রয়েছে তার মধ্যে তিনটা থানাতে দাঙ্গা হয়েছে এবং তারপরে দুটো থানায় দাঙ্গা হয়েছে। এত সীমাবদ্ধ যে ঘটনা হয়েছিল সেই ঘটনাকে যদি আমাদের মন্ত্রীমণ্ডলী সজাগ হতেন তাদের যদি রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থাকতো, তাদের যদি ইমাজিনেশন থাকতো তাহলে তারা এটা বন্ধ করতে পারতেন। স্যার, এখানে যখন জানুয়ারী মাসের ৪ তারিখে বিধান পরিষদ চলছিল সেদিনই আমরা খবর পেয়েছি—সামান্য খবর কিছুটা টুইকল করে এসেছে যে খুলনাতে দাঙ্গা হয়েছে। পাঁচ তারিখে কলকাতার সমস্ত খবরের কাগজে এই খবর বেরিয়েছে—কিন্তু আমি জিজ্ঞাসা করি ৫ তারিখে এখান থেকে পশ্চিমবাংলার সমস্ত মন্ত্রীমণ্ডলী এবং কংগ্রেসের নেতৃবৃন্দ এখান থেকে ভুবনেশ্বরে চলে গেলেন। তারা এটা খেয়াল করেন নি বা এতটুকু দূরদৃষ্টি ছিল না যারা শিশুপাঠ্য ইতিহাসেরও খবর রাখেন তারাও এটা মনে করতেন যে পূর্ব পাকিস্তানে যে গোলমাল হয়েছে তার

স্বাভাবিক প্রতিক্রিয়া এখানে হবে। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী তা করেন নি। মুখ্যমন্ত্রী গুলজারীলাল নন্দের হুইপ খেয়ে এখানে একটা শান্তি কমিটি করেছেন সর্বদলীয়। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কংগ্রেস পার্টী সর্বদলীয় কমিটি করা সম্বন্ধে খুব এলারজিক, এবং আমি আপনাকে বলতে পারি গুলজারীলাল নন্দ যদি এখানে না আসতেন প্রেসার না দিতেন তাহলে সর্বদলীয় শান্তি কমিটি হত না। আমার এক বন্ধু পার্লামেন্টের মেম্বারের কাছে তিনি বলেছেন যে

Chief Minister and Congress Party was oppossed to it.

প্রফুল্লবাবু বলেছিলেন এই সব ছোট দলের কি প্রভাব আছে—তার জবাবে তিনি বলেছেন যত ছোটই হউক তাতে কিছুটা ইমোশনাল ইফেক্ট হবে। তারপরে বাধ্য হয়ে তারা করেছেন। তারপরে সকলেই জানেন যে তা কিভাবে টরপেডো হয়েছে তা কলকাতার নাগরিকরা তার খবর রাখেন

[4—4-10 p.m.]

স্যার, আমি এটা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে তিনি যাওয়ার সময় কি নির্দেশ দিয়ে গিয়েছিলেন? যে শান্তি কমিটি করেছেন সেই শান্তি কমিটি যদি ৫ তারিখে বা ৬ তারিখে করতেন, ঐ ৫০ হাজার লোকের শান্তি মিছিল যদি ৫।৬ তারিখে হত, সেদিন সংখ্যালঘুদের যেসব এরিয়া আছে সেইসব এরিয়া গার্ড করবার বন্দোবস্ত করতে পারতেন তাহলে আমি মনে করি তিনটা জেলাতে যে রায়ট হয়েছে সেই রায়ট হত না, সেই রায়ট আটকান যেত। কিন্তু পশ্চিমবঙ্গের যাঁরা কর্ণধার তাঁরা দলগত বুদ্ধির দ্বারা পরিচালিত হয়ে সম্মেলনে চলে গেছেন। পশ্চিমবঙ্গের প্রশাসন ভার যাঁদের উপর রয়েছে তাঁরা এত দায়িত্বহীন যে এখানকার এ্যাডমিনিষ্ট্রেটিভ দায়িত্ব ছেড়ে দিয়ে তাঁরা সেই সম্মেলনে চলে গেছেন। মুখ্যমন্ত্রী ১০ তারিখে যখন ফিরে এসেছেন তখন তাঁর হাতের বাইরে চলে গেছে। তখন তিনি আবার উল্টো হলেন, আতংকগ্রস্ত হলেন এবং আতংকগ্রস্ত হয়ে ঐ ভূদেব সেনকে হত্যা করলেন। এই স্যুট টু বিল অর্ডার না দিয়ে কংগ্রেস সরকারের যদি এটা আদর্শ হত যে ওখানে একজন পুলিশ মারা যেত তাহলে ভাল হত। সেই পুলিশ যদি ছাত্রদের দ্বারা প্রহৃত হয়ে মৃত্যু বরণ করত তাহলে সেটা দাংগার পক্ষে ভাল হত। ভূদেব সেনের মৃত্যু দাংগার সংগে কোথাও জড়িত নেই। সেদিন দাংগা এমন কোন জায়গায় আসেনি, সেদিন ছাত্ররা এখানে ১৯৪২ সালের আগস্ট আন্দোলন সুরু করেছিল ওয়েলিংটন স্কোয়ার থেকে ছাত্ররা এই ধরণের কাজ করে। সেখানে এই ধরণের নির্মমভাবে বিদ্যালয়ের ভেতর ঢুকে গুলি চালাবার কোন প্রয়োজন ছিল না। স্যার, তারপর শিয়ালদহে লাঠি চার্জ হয়েছে। আপনারা জানেন যে ১০।১১।১২ এই তিন দিন কলকাতা শহরে রায়ট হয়েছে। ৯ তারিখে যারা খুব আতংকগ্রস্ত মানুষ, যারা খুলনা বরিশাল এক্সপ্রেসের খবর জানবার জন্যে জড়ো হয়েছে তাদের সেখানে যেতে দেওয়া হয়নি। তারা জানতে চায় তাদের আত্মীয় স্বজনের খবর। তারা জানতে চায় খুলনা যশোহরে কি হয়েছে। কিন্তু সেখানে কি হল, সেখানে যারা দুঃখিত হয়ে শোকগ্রস্ত হয়ে খবর জানতে গেল তাদের উপর লাঠি চার্জ করা হল। এই হচ্ছে আমাদের প্রশাসন। স্যার, একে বন্ধ করা যেত, কিন্তু বন্ধ সরকার করেন নি। কারণ, সরকারের সেই দূরদৃষ্টি ছিল না। তারপর তাঁরা বেপরোয়াভাবে গ্রেপ্তার করলেন, ১৫ হাজার মানুষকে গ্রেপ্তার করেছেন। তার মানে আজ দেখান হচ্ছে ১৫ হাজার মানুষ হচ্ছে পশ্চিমবঙ্গে দাংগাকারী। তাহলে দেখা যাচ্ছে ১৫ হাজার সংখ্যা নিশ্চয়ই কংগ্রেস সেবাদলের চেয়ে বেশী সংখ্যা। তাহলে যে কংগ্রেস সরকার এতদিন ধরে এখানকার প্রশাসন চালাচ্ছেন তাঁদের গৌরব কোথায়? দাংগাকারীর সংখ্যা হল বেশী। কিন্তু তাঁরা তা বন্ধ করতে পারতেন। যারা এ্যান্টি-সোসিয়েল এলিমেন্ট, যাদের সম্বন্ধে তাদের সন্দেহ রয়েছে পূর্বাহ্নেই যদি তাদের গ্রেপ্তার করা হত তাহলে দাংগা হত না। গ্রেপ্তার করেছেন ট্রেড ইউনিয়ন কর্মীদের, গ্রেপ্তার করেছেন বিভিন্ন বামপন্থী দলের মানুষদের যারা এটাকে সেকুলার স্টেট বলে গ্রহণ করেছে। ট্রেড ইউনিয়নের কর্মী যারা হিন্দু মুসলমান উভয়ের স্বার্থে কাজ করে তাদের আপনারা গ্রেপ্তার করেছেন, তারা হচ্ছে দাংগাকারী, তারা দেশপ্রেমিক নয়। দেশপ্রেমিক হচ্ছে ঐ পাকিস্তানের যারা অনুচর, দেশপ্রেমিক হচ্ছে যারা ভূতপূর্ব মুসলিম লীগের মেম্বার। তার কারণ হচ্ছে ভূতপূর্ব মুসলিম লীগের যারা, মেম্বার, পাকিস্তানের যারা অনুচর তারা কংগ্রেস পার্টির পক্ষপুটে আশ্রয় নিয়েছে। ঐ মোল্লাজান সাহেবের উপর রিলিফের ভার দেওয়া হয়েছে। স্যার,

আপনি জানেন মোল্লাজানের অতীত কি ছিল। সেই মোল্লাজানের মাধ্যমে সমস্ত মুসলিমদের ভেতর রিলিফ ডিসট্রিবিউসান হয়েছে; ভোটের জন্য হয়েছে, মোল্লাজানকে হাতে রাখা দরকার তার জন্য হয়েছে। সালাউদ্দিনকে গ্রেপ্তার করা হয়নি। মফিদুল ইসলাম লেনে যে স্কুল বাড়ী সেই স্কুল বাড়ীর তিনি সেক্রেটারী। সেই স্কুল বাড়ীতে তাজা বোমা পাওয়া গেল। বেনিয়াপুকুর থানা যখন তাকে গ্রেপ্তার করতে চাইল তখন নরেশ মুখার্জী তাকে বাধা দিলেন যে ওকে গ্রেপ্তার করা যাবে না। দেশদ্রোহী, পাকিস্তানের অনুচর কংগ্রেসের পক্ষপুটে এসে সে দেশপ্রেমিক হয়ে গেল। এই হচ্ছে কংগ্রেসী শাসন। এই রায়ট সম্পর্কে তারা এই ধরণের আচরণ করেছেন।

স্যার, আমি আপনার মাধ্যমে এবারকার দাংগার কিছুটা গতি প্রকৃতি সম্বন্ধে আলোচনা করতে চাই। আমি ১৯৪৭ সালের দাংগা দেখেছি, ১৯৫০ সালে যখন আমি এখানকার কেন্দ্রীয় পিস কমিটিতে জাহাঙ্গীর কবীরের সংগে জয়েন্ট সেক্রেটারী ছিলাম তখন মুসলমানদের রক্ষা করার জন্য আমার জীবনও বিপন্ন করেছি কিন্তু এবারকার দাংগায় একটা অন্য দিক আছে, সেই দিকটাকে আমি আমাদের সরকারের কাছে আপনার মাধ্যমে উপস্থাপিত করবো। সেই দিকটা হচ্ছে এটা ঠিকই যে এখানে সংখ্যাগুরু সম্প্রদায়ের লোক তারা দাংগা করেছে, তারা এখানে সংখ্যালঘুদের উপর অত্যাচার করেছে—এটা আমি অস্বীকার করছি না কিন্তু কখন করেছে? ঐ শিয়ালদহে লাঠি চার্জের পরে করেছে, যখন মনে করেছে যে সরকার তাদের পক্ষে নয়, মানুষ যখন নিঃসহায় বোধ করে, যখন সে মনে করে যে সরকার আমাদের জন্য কিছু করবে না তখন তারা নিজেদের হাতে আশ্রয় নেয়, তখন সে আইন শৃংখলা ভাংগে, তার আগে কিছু করে না। এই নিঃসহায়তার ক্রোধ হিসাবে এখানে দাংগা হয়েছে। সেদিক দিয়ে এখানে যারা সংখ্যাগুরু সম্প্রদায় তারা কতকটা সাম্প্রদায়িকতার বুদ্ধির দ্বারা পরিচালিত হয়েছে এবং সরকারের অকর্মণ্যতার জন্য বাধ্য হয়ে তারা দাংগা করেছে। ১৯৫০ সালে দেখেছি এতবড় দাংগা হয়েছে পশ্চিমবাংলায় কিন্তু সেখানে মুসলমানদের তরফ থেকে, সংখ্যালঘুদের তরফ থেকে কোথাও বাধা আসে নি—সেটা খুব ভাল নয়। মুসলমানরা এখানকার নাগরিক, স্বাধীন দেশের নাগরিক, একটা ধর্মনিরপেক্ষ দেশের নাগরিক—তাদের তরফ থেকেও বাধা আসা উচিৎ, আত্মরক্ষার অধিকার তাদের রয়েছে। এবারকার দাংগায় যেসকল মুসলমান আত্মরক্ষা করেছে আমি তাদের অভিনন্দন জানাচ্ছি কিন্তু স্যার, আমি একথা বলবো যে এবার কোন কোন অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায়ের তরফ থেকে প্রথম য়্যাগ্রেসান এসেছে—তাঁতীবাগান, ফুলবাগান, পাটোয়ার বাগানে এসেছে। পাটোয়ার বাগানে প্রথম গুলিতে যে যুবক আহত হয়েছে আমি তাকে দেখেছি এবং তার সংগে কথাও বলেছি। এই যে আক্রমণ এসেছে এই আক্রমণ যদি আত্মরক্ষার জন্য আক্রমণ হত বা আত্মরক্ষার জন্য প্রত্যাক্রমণ হত তাহলে আমি তাকে অভিনন্দন করতাম কিন্তু এই আক্রমণ কেমন করে এল। এখানে স্যার, অক্টোবর মাসে বর্ডারের উপর একটা রেজলিউসন হয়েছে, আমরা আলোচনা করেছি। সেদিন আপনি এখানে উপস্থিত ছিলেন না, আমাদের ডেপুটী চেয়ারম্যান প্রিসাইড করেছিলেন। সেদিন একথা এখানে বলেছি যে সমস্ত পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে পাকিস্তানের একটা গুপ্তচর চক্র চলেছে এবং সেই পাকিস্তানী গুপ্তচর চক্র দিল্লীর মন্ত্রীসভা থেকে সুরু করে ঐ পার্ক ষ্ট্রীটের ইন্টারন্যাশনাল ষ্টুডেন্টস হোষ্টেল পর্যন্ত তাদের আড্ডা জমিয়েছে—একথা সেদিন খুব দায়িত্ব নিয়ে আমি বলেছিলাম। আমি বলছি এখানে পাকিস্তানী গুপ্তচর চক্র অতি গভীর হয়েছে এবং এবারকার যে দাংগা হয়েছে সেই দাংগার পেছনে পাকিস্তানী গুপ্তচর চক্র, পাকিস্তানী স্পাই এবং তাদের সহায়তা করেছে এখানে পাকিস্তানী ডেপুটী হাইকমিশনার আমি মুসলমান বন্ধুদের কাছ থেকে শুনেছি যে তারা কিভাবে উস্কানী দিয়েছে। অতএব এই দাংগা একদিক দিয়ে যেমন কমিউনাল আর একদিক দিয়ে তেমন পলিটিক্যাল। মুসলমানরা কোন সাহসে এখানে আক্রমণ করলো—তারা জানে যে এখানে হিন্দু সংখ্যালঘু নয় তা সত্ত্বেও কেন করলো? তার কারণ হচ্ছে রাজনৈতিক—খুলনা, খারিজপুর, দৌলতপুরে যা হয়েছে, মহেশ্বর থানাতে যা হয়েছে এবং বেনিয়াপুকুরের, তাঁতীবাগানে একটা য়্যাকসিস, যে উদ্দেশ্য নিয়ে সেখানকার সংখ্যালঘুদের স্কুইজ করার পলিসি, এখানকার অন্য পলিসি সেই পলিসিতে আমরা আসছি না। কেন হল সে সম্বন্ধে একটা ইসারা স্বস্তি পরিষদে আমাদের প্রতিনিধি দিয়েছেন। তিনি একথা বলেছেন যে সাইনো-পাক এগ্রিমেন্টের পরে পাকিস্তানের একটা গুণগত পরিবর্তন হয়েছে ভারতবর্ষ সম্পর্কে,

ভারতবর্ষ সম্পর্কে সে নানাভাবে অবস্ট্রিনেট পলিসি নিচ্ছে—তারা সীমান্তে গোলমাল করছে; সর্বত্র গোলমালের চেষ্টা করছে। একথা আমার কথা নয়, ভারত সরকারের যিনি প্রতিনিধি তিনিই একথা বলেছেন এবারকার স্বস্তি পরিষদে।

[4-10—4-20 p.m.]

আমিও বলছি আমার সঙ্গে এই চিন্তা করুন যে সাইনো-পাক এগ্রিমেণ্ট-এর সঙ্গে, এর কোন যোগাযোগ রয়েছে কিনা? সাইনো-পাক এগ্রিমেণ্ট-এর প্রভাব আমাদের এখানে এসে পড়েছে কি না? চীন ভারতবর্ষকে আক্রমণ করেছিল, সেই চীন আজও ভারতবর্ষের শত্রু, তার কারণ হচ্ছে আজও আমাদের এখানে ইমারজেন্সি রয়েছে, এটা কংগ্রেস সরকার রেখেছেন, আমিত রাখিনি। কংগ্রেস সরকার যখন আজ ইমারজেন্সি বজায় রেখেছেন তখন নিশ্চয় তাঁরা চীনকে শত্রু মনে করেন। চীন যখন আমাদের দেশ আক্রমণ করে ফুটহিলস পর্যন্ত চলে এলো এবং চীন যখন বোমডিলা দখল করলো, তখন, তার ফলে, সমস্ত ভারতবর্ষে একটা জাতীয় ঐক্যের বান ডেকেছিল, একটা জাতীয় ঐক্যের জোয়ার এসেছিল, তাতে ন্যাশনাল ইউনিটি তৈরী হয়েছিল। ফলে চীন ব্যর্থ হয়েছে। এখানে চীন যে কাজ চেয়েছিল, যে ঘটনা তারা আশা করেছিল, সেই ঘটনা ঘটেনি। এখানে সাধারণ মানুষের ভিতর কোন রকম অসন্তোষের ভাব সৃষ্টি হয়নি। এখানে সাধারণ মানুষের জীবন বিপর্য্যস্ত হয়নি। এখানে একটা পরাজয়ের মেণ্টালিটি গ্রো করেনি, ডিফিটিজম-এর মেণ্টালিটি গ্রো করে নি। কিন্তু চীন চেয়েছিল সেই ডিফিটিজম মেণ্টালিটি আমাদের মধ্যে গ্রো করুক। কিন্তু, আজ আমরা কি দেখেছি? যখন কলকাতার তিনটি থানাতে রায়ট হয়েছে, আমাদের প্রশাসনিক ব্যবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? ট্রান্সপোর্ট সিস্টেম বন্ধ হয়ে গিয়েছে, এবং টেলিফোন কাজ করতো না। টেলিফোন তুলে ধরে ডায়াল করলাম, একজন হ্যালো বলে জবাব দিয়ে চুপ হয়ে গেলো। সমস্ত হাট-বাজার বন্ধ, রাইটার্স বিল্ডিং-এ আসা বন্ধ, কর্পোরেশনের সার্ভিসেস বন্ধ। তিনটি থানায় গোলমাল সুরু হয়, কিন্তু অন্যত্র সমস্ত জায়গায় কাজকর্ম বন্ধ, এই রকম আমাদের বর্তমান এ্যাডমিনিষ্ট্রেটিভ এফিসিয়েন্সি। এই রকম এ্যাডমিনিষ্ট্রেটিভ ইনএফিসিয়েন্সী ১৯৫০ সালে দেখা যায় নি। ১৯৪৬ সালের ডাইরেক্ট এ্যাকশন আন্দোলনের সময়ও হয়নি। আজ এই ধরণের একটা অব্যবস্থা, এই ধরনের একটা এ্যাডমিনিষ্ট্রেটিভ এফিসিয়েন্সি আমরা দেখছি, এবং এথেকে প্রমাণিত হচ্ছে যে খুব সামান্য জায়গাতে যদি গোলমাল করা যায়, যদি মাইনরিটি-র খুব অল্প সংখ্যক লোক মিলেও তারা গোলমাল করতে চায় তাহলে তার দ্বারা কংগ্রেস সরকারকে পর্য্যুদস্ত করা যায়, কলকাতার নাগরিক জীবনকে বিপর্য্যস্ত করা যায়। এটা একটা পদক্ষেপ, এটা একটা মহড়া, এটা একটা ড্রেস রিহার্সাল যদি কোন দিন একটা প্রিকারসর অব ইনভেসন হয়, আমি সেটা রুল আউট করছি না, তাহলে জয়েণ্ট ফ্রণ্ট অফ সাইনো-পার্ক আর্মি, সে যখন আমাদের এখানে আসবে, তখন পশ্চিমবাংলা বা কলকাতাকে কি ভাবে বিপর্য্যস্ত করতে পারবে, তার একটা মহড়া বা ইসারা তারা আজ নিজেরা দেখে নিলো।

স্যার, আমি আরও দেখাচ্ছি আপনি শুনে আশ্চর্য্য হয়ে যাবেন যে আমাদের এখানকার সরকারী ব্যবস্থার কতখানি অবনতি হয়েছে। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট আমাদের পশ্চিমবাংলা গভর্ণমেণ্টের উপর বিশ্বাস করতে পারেন না। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে একজন আ-সি-এস অফিসার শ্রী গোবিন্দ নারায়ণকে এনে এখানে বসিয়ে দিলেন এবং তিনি সবার উপরে সরফরাজি করতে লাগলেন এবং তিনি কিছু দিনের জন্য একজন ডি ফ্যাক্টো চীফ মিনিষ্টার হয়ে ছিলেন, আমরা শুনেছি। আমরা মুখ্যমন্ত্রীর কাজ থেকে জবাব শুনতে চাই যে এই গোবিন্দ নারায়ণের এখানে কি কাজ ছিল? তাঁর এখানে কি ভূমিকা ছিল? কেন চীফ সেক্রেটারীর ঘরের পাশে তাঁকে একটা ঘর দেওয়া হয়েছিল? কেন তাঁর কাছে সমস্ত ফাইল পাঠান হতো? এ সম্বন্ধে আমরা তাঁর কাছ থেকে জানতে চাই। আমরা এ কথাও জানতে চাই যে তিনি এখানে এসে কি, কি কাজ করেছেন?

স্যার, তারপর বনগাঁতে আপনাকে নিয়ে যাবো। ৮ই তারিখে বনগাঁয় গোলমাল সুরু হয়, এবং ৯ই তারিখে খুব বেশী করে গোলমাল হয়েছে। আমি আপনাকে বলছি যে বনগাঁতে ৯ই

তারিখে রেলওয়ে স্টেশনে ত সাইরেন বেজেছে এবং থানাতেও সাইরেন বেজেছে। তেঁজপুরের ত জায়গায় ষ্টেট ব্যাংকে সাইরেন বেজেছে, এবং ৯ই তারিখে ভারতবর্ষ ও পাকিস্তানের মধ্যে যে র্ডার এলাকা পেট্রাপোল, সেখান থেকে, সেখানকার ভারতবর্ষের নাগরিকরাই পালিয়ে আসছে—াকিস্তান আক্রমণ করেছে, এই ভয়ে। এই মানুষগুলির মধ্যে এই মনোভাব সৃষ্টি হয়েছে। ই যে পরাজয়ের মানসিকতা সে দিন কি রকম ভাবে সৃষ্টি হয়েছে—যে সরকারের উপরে াধারণ মানুষের বিশ্বাস যখন হারায়, সে তখন এই ভাবে পালায়। তারপর কি হয়েছে? নগাঁ শহরে আসুন। সেখানে ইচ্ছামতি নদীর দুই পাড়—ওপারে নর্থ-ইস্ট যে পাড়, সেখানে ধ্যুসিত মুসলমান বেশী। ওখান থেকে সব হিন্দুরা এপারে পালিয়ে এসেছে, এবং পালিয়ে রা এসেছেন তাঁদের মধ্যে একজন লিয়াইসন অফিসার আছেন। পাকিস্তানের যিনি লিয়াইসন ফিসার, তিনি এই ভাবে পালিয়ে এসেছেন। সবচেয়ে আশ্চর্য্যের কথা বনগাঁর এস, ডি, প, ও তাঁর ফ্যামিলিকে সেখান থেকে সরিয়ে নিয়ে এসেছেন। এখন স্যার, আপনার ধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আমার এই আবেদন রেখেছি,—এই এস, ডি, প, ও'র বিরুদ্ধে আমার অভিযোগ,—তার সম্বন্ধে অনুসন্ধান করা হোক যে তিনি াঁর ফ্যামিলিকে ইচ্ছামতির নদীর ওপার থেকে এপারে সরিয়ে ছিলেন কিনা? এ থেকে মাণিত হচ্ছে যে তেজপুরের অভিমুখে যদি ১৭ জন অশ্বারোহী আসতো, তাহলে ঐ ১৭ জন অশ্বারোহী বোধহয় বনগাঁকে দখল করে নিতো। এই হচ্ছে আমাদের অবস্থা। ই ধরনের কাওয়ারডিস, এই ধরনের টিমিডিটি, এই ধরনের মনের অবস্থা আজ ারতবর্ষে তথা পশ্চিমবাংলার জনগণের মনে সৃষ্টি হয়েছে। এবং কখন সৃষ্টি হয়েছে? খন এখানে ইমারজেন্সি প্রিভেল করছে। যখন ইমারজেন্সি-র আওতায় আমরা রয়েছি তখন ই রকম একটা আতঙ্ক সৃষ্টি হয়েছে। এই হচ্ছে আমাদের প্রশাসন। এই যদি আমাদের প্রশাসনিক ব্যবস্থা হয় তাহলে কোনদিন আমাদের দেশে ইনভেসন হলে, তখন আমরা কি রবো? আমার ঠিক মনে পড়ছে সেই রুণ্ডস্টেট-এর আর্মি যখন ফ্রান্সে ঢুকছিল তখন সেখানে রফুজিরা রাস্তা ব্লক করে, করে বসে থাকাতে আর্মি মুভমেণ্ট করতে পারেনি। আমাদের খানেতেও ঠিক সেই অবস্থা হবে। আমরা একটা ডিফিটিজম মেণ্টালিটি নিয়ে পরাজিত, র্যুদস্ত বিপর্যস্ত হয়ে যাবো। এবারকার দাঙ্গার ভিতর দিয়ে—আমি যে জিনিষটা লছি যে এবারকার দাঙ্গা হিন্দুদের তরফ থেকে কম্যুনাল কিন্তু অন্য দিক থেকে টা পলিটিক্যাল। এটাকে যদি আমরা পলিটিক্যাল হিসাবে না দেখি পলিটিক্যাল দি এটাকে পোজ না করি তাকে যদি কম্যুনাল হিসাবে দেখি তাহলে আমাদের ষ সমস্যা সে সমস্যার সমাধান হবে না। তারপরে স্যার, আমার বক্তব্য হচ্ছে যে র্ব পাকিস্তানে যে ঘটনা ঘটেছে সেই ঘটনা সম্পর্কে কোন উল্লেখ আমাদের রাজ্যপাল রেন নি। কিন্তু স্যার, আপনি জানেন যে আমরা এক দেশের মানুষ ছিলাম—একটা দেশ ছিল খানে যারা অধিবাসী তাদের সঙ্গে এখানকার মানুষের আত্মীয়তার যোগ রয়েছে বন্ধুত্বের যোগ য়েছে নাড়ীর যোগ রয়েছে। তাদের কথা আমাদের ভাবতে হয় বুঝতে হয়, সেখানে দি কোনরকম অন্যায় হয়, সেখানে যদি কোন রকম গোলমাল হয় তাহলে সে গোলমালের এখানে স্বাভাবিক প্রতিক্রিয়া হবে, এবং এটা যে হবে তা পাকিস্তানের ুটো সাহেবও স্বীকার করেছেন। তিনি স্বীকার করেছেন যে পাকিস্তানের রিয়্যাকশন হসাবেই কলকাতায় যা কিছু হয়েছে। অতএব তা যদি হয় তাহলে আজকের ষ পলিসি তা হচ্ছে ওখানে যদি শান্তি না হয় তাহলে এখানে শান্তি হতে পারে না। খানে যদি সংখ্যালঘুদের বিরুদ্ধে বিদ্বেষ থাকে, তাদের বুকে যদি আগুন জ্বলতে থাকে, াদের ভিতরে যদি অশান্তি থাকে তাহলে এখানে শান্তি আসতে পারে না। স্যার, আমি াপনাকে বলছি আমি কোন দায়িত্বহীন উক্তি করি না কাল পাকিস্তান থেকে যে মানুষ এসেছে াদের কাছ থেকে শুনেছি যে—তাদের মধ্যে থেকে এমন লোকের কাছ থেকে খবর পেয়েছি ষ আমি যদি মুখ্যমন্ত্রীর কাছে তাঁর নাম বলি তাহলে তাঁর খবর নিশ্চয়ই তিনি বিশ্বাস করবেন। সখান থেকে এই খবর এসেছে যে ২৩০০ গ্রাম হ্যাভ বিন কমপ্লিটলি ডিমোলিসড এবং ক্যাজুয়ালিটি হচ্ছে অরুণবাবুর ফিগার ৩০ হাজারেরও বেশী। এই হচ্ছে অবস্থা। এখন তাহলে

আপনি এই জিনিষকে চাপা দেবেন কেমন করে? আবার দিল্লীর লোকসভা বলছে খবরের কাগজগুলি রায়ট লাগাচ্ছে, খবরের কাগজগুলি দায়িত্বহীন, খবরের কাগজগুলি যত গোলমাল করছে। কালকেও ঐ হাউসের কোন কংগ্রেস সদস্য ঐ কথাই বলেছে। আমি জিজ্ঞাসা করি ১৪৪ ধারা জারী করে আমাদের মুখ বন্ধ করে দেওয়া হয়েছে। যখন কোন ডেমোক্র্যাটিক আন্দোলন হতে পারে না তখন কি ভাবে পাবলিক ওপিনিয়ন এক্সপ্রেসড হবে? আমি বলি পশ্চিমবাংলার বিশেষ করে কলকাতার খবরের কাগজগুলি তারা যে ভাবে দায়িত্ব পালন করেছেন, তারা যে ভূমিকা পালন করেছে যদি তারা তা না করত তাহলে এই বধির সরকারের কানে কোন কিছু পৌঁছুত না। আজকে খবরের কাগজ ওয়ালাদের স্কেপগোট করা হচ্ছে—এর কোন কারণ নেই। তারপরের প্রশ্ন হচ্ছে এখানকার শান্তির জন্য ওখানে যে সংখ্যালঘু আছেন তাদের এখানে আনতে হবে। আমি বলছি ওখানে কোন ডেমোক্র্যাটিক আন্দোলন হবে না যতক্ষণ পর্যন্ত একজন সংখ্যালঘু ওখানে থাকবেন। তাদের বধ করে দেখিয়ে দেখিয়ে ঐ ডেমোক্র্যাটিক আন্দোলন বন্ধ করবে। অতএব পাকিস্তানের ডেমোক্র্যাটিক আন্দোলনকে জোরদার করবার জন্য ওখান থেকে ৯০ লক্ষ সংখ্যালঘুকে এখানে আনতে হবে। তারা নিজেদের মধ্যে লড়াই করুক তখন ডেমোক্র্যাটিক আন্দোলন হবে। তখন সোসিয়ালিজম হতে পারে—কিন্তু তার আগে হবে না। একটা হিন্দু থাকা পর্যন্ত সেখানে হবে না। আজ আমি জানি কমিউনিস্ট বন্ধু মণি সিং তাঁর সঙ্গে আমি বহুদিন এক সঙ্গে কাজ করেছি, তিনি হাজংদের মধ্যে অনেকদিন কাজ করেছেন তিনি কমিউনিস্ট লাইন-এ কাজ করেছেন কিন্তু আজ দেখছি হাজারে হাজারে লোক গারো পাহাড়ে এসে আশ্রয় নিতে বাধ্য হয়েছে। তারা সবাই হিন্দু নয় তার মধ্যে প্রচুর খৃষ্টান সম্প্রদায়ের লোক আছে। আজ প্রায় ৫০ হাজার লোক এসে আশ্রয় নিয়েছে। যখন কম্যুনাল দাঙ্গা হয় তখন ক্লাশ বেরিয়ার সব ভেঙ্গে যায়। যে ক্লাশ কনসাসনেস যা সৃষ্টি হয় তা দাঙ্গার সময় সব ভেঙ্গে যায়—এক শ্রমিক আর এক শ্রমিকের বুকে ছুরি বসিয়ে দেয়। এ বড় সাংঘাতিক জিনিষ। অতএব ওখানকার ডেমোক্র্যাটিক আন্দোলনের জন্য তাদের নিয়ে আসা উচিত। এখানে ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র আমরা অঙ্গ রাজ্য হিসাবে এখানে কোন মুসলমানের গায়ে একটা আঁচড় লাগতে আমরা দেব না। কিন্তু তার জন্য ওখানকার মানুষকে নিয়ে আসতে হবে।

[4-20—4-30 p.m.]

এবং প্ল্যান্ড ইভাকুয়েসান তাঁদের করতে হবে। ঐ গুলজারিলাল নন্দ যেভাবে ছেড়ে দিয়েছেন তা নয়, তিনি ডিগ্রি হিসাবে বলেছেন যে যাদের বাড়ীতে হতাহত হয়েছে তারা আসবে অর্থাৎ যারা হতাহত হয়নি তারা আসতে পারবে না। খুব সুন্দর আর্গুমেণ্ট যে যে র‍্যাভিশ্ড হয়নি সে আসতে পারবে না, যে র‍্যাভিশ্ড হয়েছে সে আসতে পারবে। এ অত্যন্ত সাংঘাতিক কথা। এমনভাবে তাঁরা করেছেন যে তারা কোনদিন আসতে পারবে কিনা আমরা জানি না। এমন ক্লাসিফিকেসান হয়েছে যে যারা দাঙ্গা পীড়িত তারা আসবে, যাদের বাড়ীতে মৃত্যু হয়েছে তারা আসবে, এখন পর্যন্ত যাদের বাড়ীতে মৃত্যু হয়নি তারা আসবেন না। তার মানে কি তার মানে হচ্ছে দাঙ্গা হলে তবে তারা আসবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনি যা বলছেন তার মানে তা নয়। আপনি নন্দের স্টেটমেণ্ট পড়ে দেখুন না খবরের কাগজে।

Shri Jatin Chakravorty: Why restriction? Why that is not unrestricted?

Shri Narendra Nath Das:

আমি পড়ে দেখেছি। প্রথম হচ্ছে যারা দাঙ্গা পীড়িত যাদের বাড়ীতে লুঠ হয়েছে তারা আসতে পারবে। যারা এখন বাড়ীতে বাস করছে তারা আসতে পারছে না। স্যার, আমার প্রশ্ন হচ্ছে যে প্ল্যান্ড ইভাকুয়েসান তাঁদের করতে হবে। ১৯৫০ সালে ডাঃ রায়ের চেষ্টায় আর,

এস, এন, এণ্ড কোং যেমন তাদের যে কার্গো বোট সেখানে রেখেছিলেন তেমনি সেখানে তাদের ২০।২৫ খানা কার্গো বোট তাদের বার্জেস নিয়ে গেট পাসে এক একটা ব্রিজ হেড থেকে ২০।২৫ হাজার লোককে আনতে পারবে, সেইভাবে করতে হবে। পশ্চিমবাংলায় যারা আসবে তারা যতটুকু সম্পত্তি নিয়ে আসতে পারবে সেই পরিমাণে তারা পশ্চিমবঙ্গ সরকারের উপর বা ভারত সরকারের উপর কম নির্ভরশীল হবে। এবং তারা যতটুকু মুভেবল প্রোপার্টি নিয়ে আসতে পারে তা আনার বন্দোবস্ত করে দিতে হবে। (ডঃ শ্রীকুমার ব্যানার্জী) তা কিভাবে আনবে?) অধ্যাপক ব্যানার্জী জিজ্ঞাসা করেছেন তা কিভাবে আনবে। কিভাবে আনবে সেটা তো প্রধান মন্ত্রীর প্রশ্ন। আমি প্রধান মন্ত্রী হলে সে কথার জবাব দিতাম। কিন্তু আমি তো প্রধান মন্ত্রী নই। ইট ইজ জহরলাল নেহেরুজ হেডএ্যাক। তিনি যখন দায়িত্ব নিয়েছেন তখন তাঁর কাছে আমাদের বক্তব্য আনতে হবে। তিনি যেভাবে আনুন—রেড ক্রসের মাধ্যমে আনুন, নার্সেস গুড অফিসেস হেল্পের মাধ্যমে আনুন সেটা তাঁর দায়িত্ব। প্রধান মন্ত্রী আমার চেয়ে বেশী সজাগ এবং সক্ষম মানুষ, সেজন্যই তো প্রধান মন্ত্রী। আজ আমার ১৯৫০ সালের সেই কথা মনে পড়ে। আজ আমার ওয়ার্ডসওয়ার্থের কথা মনে পড়ে। সারা জীবন আমি বল্লভ-ভাই প্যাটেলের বিরুদ্ধাচারণ করেছি, আজ আমার মনে হয় সর্দারজী, ইণ্ডিয়া হ্যাড নিড অব দি। তার কারণ, আমি শ্যামাপ্রসাদ মুখার্জীর কাছে শুনেছি যখন ডাঃ চারু বিশ্বাস গিয়েছিলেন করাচীতে তখন জিজ্ঞাসা করেছিলেন

what me-sage you have brought from the Sardar and not from the Prime Minister.

কারণ, সর্দারের কথার মূল্য ছিল সেদিন। আজ হোম মিনিষ্টার যিনি তিনি তো ভিখারী, তাঁর তো টিকলিং মাইণ্ড, তাঁর কোন স্টেটসম্যানসিপ নেই। অতএব ঐ প্রসঙ্গের ভিতর আমি যাব না। কিন্তু আমার কথা হল এই যে তাদের আনতে হবে। ওখানকার দুঃখ বোধ আপনাদের নেই। ঐ যে ৩০ হাজার লোক এসেছে তাদের জন্য কংগ্রেস পার্টি থেকে কি করা হয়েছে?

Shri Biswanath Mukherjee :

দুঃখ বোধ কি সব আপনাদের একচেটিয়া?

Shri Sasanka Sekhar Sanyal:

অন এ পয়েণ্ট অব অর্ডার। দুঃখ একচেটিয়া নয় আমি সম্পূর্ণ একমত বিশ্বনাথ বাবুর সঙ্গে; দুঃখ বোধও একচেটিয়া নয়। কিন্তু দুঃখ এবং দুঃখ বোধের অভিব্যক্তিটা এদিকের একচেটিয়া।

Shri Narendra Nath Das:

স্যার প্ল্যাণ্ড ইভাকুয়েসান এইভাবে নিয়ে আসতে হবে এবং আমার ধারণা যে ওখানে প্রায় ২০।২৫ কোটী টাকার বেশী প্রপারটি রয়েছে—সেই প্রপারটি সম্বন্ধে কমপেনসেসান চাইতে হবে। কিভাবে চাইতে হবে, কিভাবে আনতে হবে সেটা আমার প্রশ্ন নয়, আমার দাবী সেই হিসাবে রাখছি। স্যার, সর্বশেষে আমি একথা বলতে চাচ্ছি যে পাকিস্তানের যেসকল সংবাদপত্র বা যেসকল নাগরিক পাকিস্তানে এই যে বীভৎস ব্যাপার হয়েছে, নারকীয় ব্যাপার হয়েছে তারজন্য প্রতিবাদ করেছেন, যাঁরা সংখ্যালঘুদের জন্য প্রাণ দিয়েছেন আই টেক দেট প্লাস অফ টু দেম, তাঁরা খুব ভাল কাজ করেছেন কিন্তু যাবার আগে আমি একটা কথা বলবো যে যতদিন পর্যন্ত পাকিস্তানে হিন্দুরা থাকবে ততদিন পর্যন্ত পশ্চিমবংলা বা ভারতবর্ষের শান্তি হবে না এবং সেই শান্তির উদ্দেশ্য আজ প্ল্যাণ্ড ইভাকুয়েসানের জন্য পশ্চিমবংলাকে তৎপর হতে হবে, পশ্চিমবাংলা সরকারকে বুঝতে হবে যে প্ল্যাণ্ড ইভাকুয়েসন দরকার। তা যদি না হয় তাহলে আমি এখানে বলছি যে পশ্চিমবাংলার মানুষ সেটাকে ঐভাবে গ্রহণ করবে না, তারা নিজেদের হাতে ল এণ্ড অর্ডারের ভার নেবে, যেমন ডিহোর্ডিং-এর বেলায় তারা নিয়েছিল, মজুত দখলের সময় নিয়েছিল সেই রকম প্রত্যক্ষ সংগ্রাম হবে সে সংগ্রামের মাধ্যমে

আমরা ভারত সরকারকে, কৃষি সরকারকে বাধ্য করবো যাতে করে তারা পাকিস্তানের প্রতি পলিসি বদল করে।

Shri Byomkesh Chakravarty :

মাননীয় পরিষদপাল মহাশয়, রাজ্যপালের ভাষণ সম্বন্ধে বক্তৃতা বিভিন্ন বক্তা করেছেন। এখানে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করি। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন আমার সরকার কৃষিকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন—সর্বাধিক পরিমাণে কৃষি-পণ্যের উৎপাদন বৃদ্ধি আমাদের সমস্যা। কৃষির উন্নতির উপর এই রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের সকল প্রচেষ্টা নির্ভরশীল। সেজন্য আমাদের সরকার যে পরিকল্পনা রচনা করেছেন তা সর্বতো-ভাবে সমর্থনযোগ্য। কৃষি ও শিল্পের উন্নয়ন পরস্পরের উপর নির্ভরশীল। ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গে কৃষিকার্যই অধিকাংশ অধিবাসীর উপজীবিকা। সুতরাং শিল্পের জন্য যে মূলধন প্রয়োজন তার পরিমাণ নির্ভর করে মূলতঃ কৃষি উন্নয়নের উপর। শিল্পে দ্রুত উন্নয়ন না ঘটলে কৃষিকার্যে যে একমাত্র পশ্চিমবঙ্গে যে কয়েকটা লোক আছে তাদের বিকল্প জীবিকার ব্যবস্থা সম্ভব নয়। তাছাড়া বৈজ্ঞানিক প্রথায় চাষের সূচনা অবলম্বন করা প্রয়োজন, তার জন্য চাই শিল্পের প্রসার। অতএব কৃষি ও শিল্পে দ্রুত উন্নয়ন না ঘটলে আমাদের অর্থনৈতিক সংকট থেকে ত্রাণ পাবার কোন উপায় নেই। সুখের বিষয় আমাদের সরকার এ বিষয়ে অবহিত আছেন এবং ছোটবড় নানা পরিকল্পনার যে ব্যবস্থা করা হচ্ছে সেগুলি বিশ্লেষণ করলে বুঝা যাবে যে আমাদের সংকটের স্বরূপ উপলব্ধি করা এবং তার যথোচিত সমাধানের পথ নির্ণয় সম্পর্কে সরকারী নিয়ন্ত্রণ চেষ্টা রয়েছে। সরকার এবং জনসাধারণের সম্মিলিত চেষ্টায় আমরা অচিরে পশ্চিমবাংলায় অর্থনৈতিক সমস্যার সমাধান করতে পারবো এ বিশ্বাস আমাদের আছে। এই প্রসংগে পশ্চিম দিনাজপুরের কয়েকটা সমস্যা মাননীয় পরিষদপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রীমহাশয়ের নিকট তুলে ধরতে চাই।

(১) দুটো রিভার পাম্প মঞ্জুর করা হয়েছে কিন্তু এখনও পেঁছায়নি। আশু ব্যবস্থা অব-লম্বন এবং আরো কয়েকটা রিভার পাম্প মঞ্জুর করবার জন্য অনুরোধ জানাই।

(২) ৭০টি ডিপ্ টিউবওয়েল য়্যালটমেণ্ট হয়েছে, এগুলি যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করবার জন্য আমি অনুরোধ জানাই।

(৩) কয়ের ফিলটার স্কীম হয়েছে কিন্তু পাম্প এস, আই, স্কীমে দেবার ব্যবস্থা নেই — এ সম্বন্ধে ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাই।

(৪) পশ্চিম দিনাজপুর জেলার প্রায় ৩৩ হাজার পুকুর ও দীঘি ও প্রচুর নদীনালা আছে সরকারী ব্যয়ে জলসেচন ও মৎস্য চাষের ব্যবস্থা করা যেতে পারে এবং ট্রাক্টর ডিভিসানের ন্যায় পাম্প ডিভিসান খুলবার জন্য অনুরোধ জানাই। এই সব পাম্পের দ্বারা গরীব চাষীরা স্বল্প ভাড়ায় জলসেচের সুযোগ গ্রহণ করতে পারে।

(৫) কৃষির অন্যান্য যন্ত্রপাতি যেমন ৫০ পার্সেন্ট সাবসিডিতে বিক্রী করা হচ্ছে সেরকম সেচের পাম্প ৫০ পার্সেন্ট সাবসিডিতে বিক্রী করবার জন্য অনুরোধ জানাই।

(৬) সারের সুফল সম্বন্ধে চাষীদের অভিজ্ঞতা আছে কিন্তু চাষীরা সময়মত হাতের কাছে সার না পাওয়ার জন্য অধিক ফসল ফলাও আন্দোলন ব্যাহত হচ্ছে। সেজন্য আমার অনুরোধ উভয় বংগে মূলতঃ পশ্চিমদিনাজপুর জেলায় যেখানে ব্যবসা ভিত্তিক উপায়ে সুষ্ঠুভাবে সার বণ্টন সম্ভব হয় নি সেখানে সরকারকে জমি পরীক্ষা করে সার বণ্টনের দায়িত্ব গ্রহণ করতে অনুরোধ জানাই। আমার মনে হয় অধিক ফসল ফলাও আন্দোলন সাফল্যমণ্ডিত করতে হলে প্রতি ইউনিয়নে এবং প্রত্যেক গ্রামে সারের ডিপো খুলে সময় মত সার বণ্টনের ব্যবস্থা গ্রহণ করা উচিৎ। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাই।

[4-30—4-40 p.m.]

এই প্রসংগে সরকারকে অনুরোধ করি কৃষকদের সারের জন্য ঋণ নগদ না দিয়ে সার হিসাবে দিলে ঋণের সদ্ব্যবহার আশা করা যায়।

বালুরঘাট ও রায়গঞ্জ মিউনিসিপ্যালিটির ব্লীচিং গ্রাউণ্ডে আনুমানিক ২০ হাজার টনের ধিক নাইট সয়েল কমপোস্ট পড়ে আছে। কিন্তু ট্রাকের ও সুষ্ঠু পরিকল্পনার অভাবে এই াতি মূল্যবান সার চাষীরা ব্যবহার করতে পারছেন না। দুঃখের বিষয় গত বৎসর মাননীয় ৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এর কোন সুরাহা হয় নি। এই বিষয়ে পুনরায় ার দৃষ্টি আকর্ষণ করছি।

(৭) আপনারা জানেন গরু ও ছাগলের উৎপাতের জন্য খোলা মাঠে ধৈনচা চাষ রা খুবই কষ্টকর। কিন্তু এ রকম অসুবিধা থাকা সত্ত্বেও আমি আনন্দের সাথে জানাচ্ছি যে শ্চিম দিনাজপুরের চাষীরা ধৈনচা সারের উপকারিতা সম্বন্ধে খুবই আগ্রহশীল, কিন্তু স্ট্রে ক্যাটল এর উৎপাতে বেশী চাষ করা সম্ভব হচ্ছে না। সেজন্য স্ট্রে ক্যাটল ট্রেসপাসকে গ্নিজিবল অফেন্স বলে আইন সংশোধনের জন্য অনুরোধ জানাই। এই অবাধ গরু চরা বন্ধ রলে একটি জমিতে তিনটি ফসল উৎপাদন করা সম্ভব হবে।

(৮) সীমান্ত জেলা পশ্চিম দিনাজপুর, সেখানে অনেক চাষীরই উন্নত ধরণের লাঙ্গল, যমন ভোলটাস অটোফ্লেম ইমপ্লিমেন্ট, প্যাডলার প্রভৃতি ব্যবহার করতে খুবই ইচ্ছুক এবং নেক চাষী এরূপ যন্ত্রপাতি ক্রয়ও করেছেন। কিন্তু দুঃখের বিষয় এরূপ যন্ত্রপাতির উপযোগী ড় বড় গরু, মোষ চুরি করে সীমান্তের অপরপারে চালান হওয়ার জন্য চাষীরা খুবই আত-ংকিত ও ক্ষতিগ্রস্ত হয়েছেন। এরূপ অবৈধ চুরি ও সীমান্ত পারাপার বন্ধ করবার কঠোর ব্যবস্থা অবলম্বনের জন্য সরকারকে অনুরোধ জানাই। অন্যথায় ছোট ছোট ট্রাক্টর চাষীদের স্বল্প-ূল্যে বা ঋণ হিসাবে দেওয়া হোক।

(৯) আমাদের এই জেলায় দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সাতটি ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তিনটি মোট দশটি থানা ফার্ম স্থাপন করা হয়েছে। এর মধ্যে সরকার আজকে কুসারগঞ্জ থানা ফার্ম ও মাজিয়ান বিগ সীড মালটিপ্লিকেসন ফার্ম পরিদর্শনের ভার দিয়েছেন। আমি শুনেছি সরকারী কোনও প্রতিষ্ঠান পরিচালনার ত্রুটির জন্য ভালভাবে চলে না। কিন্তু আমি আনন্দের সাথে জানাচ্ছি যে ১৯৬২-৬৩ সালে রেকারিং এক্সপেণ্ডিচার বাদ এস্টাব্লিশমেন্ট খরচ বাদ দিয়ে চার হাজার টাকার উপর লাভ করেছে এবং এবার সাত হাজার টাকার ওপর লাভ হবে বলে আশা করা যাচ্ছে। এসব এলাকার চাষীদের সাথে আলাপ করেছি ও জানতে পেরেছি যে এই ফার্ম থেকে তাদের শেখবার অনেক কিছু আছে। এখানে ফ্রুট গার্ডেন, ফিশারি নার্সারি ও ব্রুপ হাজবান্ড্রি সব কিছুই করা হয়। কিন্তু আমার মনে হয় এই থানা ফার্মগুলি অর্থনৈতিক দিক থেকে আরও লাভবান ও চাষীদের আদর্শস্থানীয় হতে পারে, যদি গরু, মুরগী ও হাঁস পালনের ব্যবস্থা করা হয়। কৃষিমন্ত্রী মহাশয়কে এ বিষয়ে ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাই।

(১০) লাইভ স্টক, এনিমাল হাসবান্ড্রি ভেটেরিনারি ও ফিশারী খাদ্য উৎপাদনের সাথে ওতোপ্রোত ভাবে জড়িত। আমার মনে হয় এই সব ডিপার্টমেন্টাল পলিসি একজনের করা ভাল। সুতরাং আমার অনুরোধ এই কয়েকটি ডিপার্টমেন্ট অন্যান্য প্রদেশের ন্যায় একত্র করে একই মিনিষ্ট্রি—সেক্রেটারী ও ডিরেক্টারের আণ্ডারে দেওয়া। এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য সরকারকে অনুরোধ জানাই।

(১১) উত্তরবঙ্গের ছেলেদের কৃষিবিদ্যা অর্জনের পথ সুগম করবার জন্য বালুরঘাটে একটি কৃষি মহাবিদ্যালয় স্থাপন করবার জন্য পূর্বেও অনুরোধ করেছি এবারও পুনরায় সরকারের কাছে অনুরোধ করি।

(১২) গত ৩রা নভেম্বরে শিলা বৃষ্টির ফলে আমাদের জেলার কুষিমণ্ডি, কালিয়াগঞ্জ ও রায়গঞ্জ থানায় ফসলের যথেষ্ট ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করে মাননীয়া ত্রাণ-মন্ত্রী মহোদয়া সর্বপ্রকারের সাহায্য এবং গম ও যবের বীজ বন্টনের যেন ব্যবস্থা করেন।

এই প্রসঙ্গে একটি কথা উল্লেখ করতে চাই। বাংলাদেশের কোন একটি বিখ্যাত পত্রিকায় প্রকাশিত হয়েছিল যে পশ্চিম দিনাজপুরের কৃষকরা ধানের চাষে অভ্যস্ত, গম ও যবের চাষ

তারা জানেন না, অথচ—সরকার তাদের দিয়েছেন গম ও যবের বীজ। তিনি বোধহয় জানতেন না যে সেই মাসে পুনরায় ধান চাষের সময় ছিল না। আমি এই অঞ্চল ব্যাপক ভাবে ঘুরে দেখে এসেছি সেখানে গম ও যবের চাষ খুব ভাল হয়েছে। খাদ্য সমস্যা আজও রয়েছে আমাদের দেশে, তাই ফসলের অধিকতর উৎপাদন এবং গতানুগতিক ভাবে একই ফসলের চাষ না করে বিভিন্ন ফসল উৎপাদনের জন্য কৃষকদের উৎসাহিত করাই যখন আজকের দিনে প্রয়োজন তখন এই ধরণের সংবাদ সেই শুভ প্রচেষ্টার হয়ত অন্তরায় হতে পারে। এই কথা স্মরণ করে সংবাদ পরিবেশনে একটু সতর্কতা অবলম্বন করা সঙ্গত।

(১৩) আমাদের জেলায় চাষীরা আলু, সবজি ও মাছের চাষ বাড়িয়েছেন। কিন্তু কোল্ড স্টোরেজ না থাকায় উপযুক্ত মূল্য পাচ্ছেন না। বিশেষত পশ্চিম দিনাজপুর জেলায় রেলওয়ে না থাকায় চাষীরা খুবই ক্ষতিগ্রস্ত হচ্ছে। অন্ততঃ ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান-এ রেলওয়ে হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট দাবী করে চাষীদের ও জনসাধারণের ক্ষতির হাত থেকে রক্ষার ব্যবস্থা অগৌণে করার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাই।

(১৪) আমাদের জেলায় প্রায় ৬ হাজার একর জমি অনাবাদী হয়ে পড়ে আছে। এই সব জমিতে সরকারী প্রচেষ্টায় যাতে ফসল উৎপাদন হয় তার ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাই। বর্তমানে পূর্ববাংলা থেকে বহু কৃষক পরিবার চলে আসছে তাদের অনেককে পশ্চিম দিনাজপুর অঞ্চলে এই সব জমিতে বসবাস ও আবাদের সুযোগ দেওয়া যেতে পারে।

(১৫) কৃষকদের উন্নতি সাধনের জন্য ব্লক ডেভেলাপমেন্ট পর্যায়ে যে সমস্ত সরকারী কর্মচারী আছেন তাদের মধ্যে এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার, ভেটেরিনারি সার্জেন ও কো-অপারেটিভ ইন্সপেক্টর সকলেরই সমান দায়িত্ব, সুতরাং ইহাদের সকলকে সমবেত ভাবে কাজ করা উচিত। আমি এই কথা বলে পুনরায় রাজ্যপালকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jatin Chakravorty: Sir, I move that the following be added at the end of the Address in reply, viz.:—

> "But regret that not a word has been mentioned about the grim tragedies which the minorities in East Pakistan are being subjected to and also about the gross failure of the State Government in extending relief to the incoming migrants when they are crossing the border and also the utter failure of the Government in ensuring safe transit for the caged minorities in East Pakistan to cross over to India."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণে সব কিছু আছে, দুর্গাপুরের গ্যাস চুল্লী আছে, গ্যাস গ্রিডের কথা আছে, কুটির শিল্পের কথা আছে ক্ষুদ্র শিল্পের কথা আছে, প্রাথমিক মাধ্যমিক প্রায়ধিক সেই শিক্ষার খাতে কত লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে তার মস্তবড় ফিরিস্তি আছে, ম্যালেরিয়া বসন্ত কলেরা কুষ্ঠ সব কিছু আছে, স্যার কেবল একটি বিষয় নাই যে বিষয় নিয়ে আজ সমস্ত ভারতবর্ষ বিশেষকরে প্রতিটি বাঙালী তার মন তার প্রাণ আজ উদ্বেল হয়ে উঠেছে, উদ্বিগ্ন হয়ে উঠেছে পূর্ব বাংলার সেই নরমেধ যজ্ঞের জন্য একফোঁটা চোখের জলের কথা ভাষণের মধ্যে নেই। স্যার, বাঙালী জাতির যে মর্মবেদনার কথা কেবলমাত্র বাঙালী নয় পূর্ব পাকিস্তানে যে বাঙালীরা আছে সদবুদ্ধি সম্পন্ন তাদের যে মর্মবেদনার কথা আজ এর মধ্যে সম্পূর্ণভাবে উহ্য রয়ে গেছে। স্যার, এই সমস্যার কোন স্থায়ী সমাধান করার এতটুকু ইশারা বা ইঙ্গিত তা পর্যন্ত এর মধ্যে নেই। স্যার, নিয়মতন্ত্র অনুযায়ী আমরা জানি

যে মন্ত্রীমণ্ডলীর সুপারিশ ও পরামর্শ ক্রমে এই ভাষণ দেওয়া হয়ে থাকে। স্যার, হরেনবাবু এখানে কথা বলছেন —লজ্জা করে না, আজ আমি জিজ্ঞাসা করতে চাই যে কেবিনেটের মধ্যে যখন কেবিনেটের সভা হয় তখন দুইজন মন্ত্রী অন্তত—আমি তাদের অভিনন্দন জানাই,—সরাসরি এই প্রস্তাব করেছিলেন কেবিনেটের বিচারের জন্য, আলোচনার জন্য অন্তত এই রাজ্যপালের ভাষণের মধ্যে কেবলমাত্র যশোর খুলনার দাংগা তারপর কলকাতার দাংগার কথা এসে নিস্তব্ধ হয়ে গেল—তারা বলেছিলেন প্রস্তাব রেখেছিলেন যে ঢাকা নারায়ণগঞ্জের দুর্গত মানুষগুলির কথা একবার বলা হউক, তখন ঐ দুইজন মন্ত্রীর কথা ডুবে গেল—ওঁর মত হৃদয়হীন মানুষ যারা ছিল সেই কেবিনেটের মধ্যে—আমাদের মুখ্যমন্ত্রী প্রতিবাদ করতে পারবেন যে কেবিনেটে এই প্রস্তাব আসেনি? স্যার, সেই মন্ত্রীকে আমি অভিনন্দন জানাই। স্যার, এই মনোবৃত্তি কংগ্রেসের মধ্যে সংক্রামিত হয়েছে, বিরোধীদলের মধ্যে এই রকম কিছু কিছু মনোবৃত্তি দেখা যায় এবং একটা ঝোঁক আছে সেই ঝোঁকটা হল এই পাকিস্তানের নরমেধ যজ্ঞের সংগে কলকাতার যে দাংগা তাকে এক করবার একটা চেষ্টা রয়েছে, কিন্তু স্যার, কংগ্রেসের মধ্যে এই ঝোঁক, মুখ্যমন্ত্রীর মধ্যে এই ঝোঁক, মন্ত্রীদের মধ্যে এই ঝোঁক, এবং বিরোধীদলের মধ্যেও এই ঝোঁক কার কার মধ্যে দেখা যায়। কিন্তু একটা কথা মনে রাখতে হবে যে কোয়ালিটেটিভ ডিফারেন্স আছে, পাকিস্তানের রায়ট—নরমেধ যজ্ঞ প্ল্যান্ড এবং গভর্নমেন্ট স্পনসর্ড, পলিটিক্যালি মোটিভেটেড একদিকে যখন সিকিউরিটি কাউন্সিলে কাশ্মীরের সমস্যা আলোচনা হচ্ছে তার জন্য ক্ষেত্র তৈরী করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল, মহম্মদের কেশ চুরির প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল, অন্য দিকে পূর্ববাংলার বাঙালী মুসলমানদের মধ্যে গণতান্ত্রিক যে শক্তি—তারা যখন পাঠান শাসনের বিরুদ্ধে বাঙালী মুসলমানের মধ্যে যে বিদ্রোহীর ভাব পাকিস্তানে দেখা দিয়েছে,—

[4-40—4-50 p.m.]

তাকে সাম্প্রদায়িকতার খাতে প্রবাহিত করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে বলে এটা পলিটিক্যালি মোটিভেটেড এই কথা যেন আমরা না ভুলি। কারণ, আমরা জানি যে ২০শে জানুয়ারি মৌলানা ভাসানি আন্দোলনের প্রথম পদক্ষেপের কথা ঘোষণা করেছিলেন, মস্ত বড় ডিমনস্ট্রেসানের কথা গণতান্ত্রিক অধিকারের দাবিতে তিনি সেই ইসারা দিয়েছিলেন। তাকে সাম্প্রদায়িকতার মধ্যে ডুবিয়ে দেওয়ার তাগিদ সেখানে দেখা দিয়েছিল। স্যার, কলিকাতায় যেটা হয়েছে সেটা হচ্ছে যশোহর এবং খুলনার প্রতিক্রিয়া। কঠোর হস্তে সেই দাংগা আমাদের সরকার দমন করেছেন। আমরা যে প্রতিক্রিয়াশীল শক্তিরা ছিলাম সরকারের সাথে সহযোগিতা করে আমরা সেই দাংগা থামিয়েছি। এখানে গভর্নমেন্ট স্পনসোর্ড নয়, এটা পলিটিক্যাল দাংগা নয়, এটাই হল কোয়ালিটেটিভ ডিফারেন্স। স্যার, গতকাল আমি আমার অত্যন্ত শ্রদ্ধাভাজন বন্ধু হালিম সাহেবের বক্তৃতা শুনেছি, আমি তাঁর সাথে বহুলাংশে এক মত। কিন্তু একটা জায়গায় আমার মত পার্থক্য রয়েছে। উনি শেষের দিকে বলেছিলেন যে পূর্ব বাংলায় যে গণতান্ত্রিক শক্তি প্রগতিশীল শক্তি রয়েছে—নিশ্চয়ই আমি তাঁদের অভিনন্দন জানাব, অভিনন্দন জানাব ইত্তেফাকের মত সংবাদপত্রকে, সংবাদের মত সাপ্তাহিককে, কারণ তাঁরা দৈনিক সংবাদ যেভাবে মাথা ঠাণ্ডা রেখে সরবরাহ করেছেন, শুভ বুদ্ধি তাঁদের ছিল, তাতে তাঁরা সেই সাম্প্রদায়িকতার বিরুদ্ধে প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে কাজ করে চলেছেন, আর অভিনন্দন জানাই সেই বাঙালী মুসলমানদের যাঁরা দুর্গত মানুষকে মানুষ বলে আশ্রয় দিতে চেয়েছিলেন, তাঁদের শ্রদ্ধা জানাই, নমস্কার জানাই, কিন্তু হালিম সাহেব যখন বললেন যে পূর্ব বাংলার যে গণতান্ত্রিক শক্তি প্রগতিশীল শক্তি সেই শক্তি সেখানকার সংখ্যালঘুকে বাঁচাবে তাদের প্রোটেকসান দেবে, সেখানে আমি তাঁর সংগে একমত নই। আজ পশ্চিমবাংলায় যে গণতান্ত্রিক শক্তি দেখা দিয়েছে সেটা সংখ্যালঘুকে প্রোটেকসান দিতে পারে কিন্তু পূর্ববাংলার সেই শক্তি এখনও অত্যন্ত দুর্বল এবং এই সাম্প্রদায়িকতা যতক্ষণ চলবে সেই দিক নিয়ে যেতে চাইবে হোসটেজ হিসাবে এবং যতক্ষণ পূর্ব বাংলায় হিন্দুরা থাকবে ততক্ষণ পাকিস্তানের গণতান্ত্রিক শক্তি বিকাশ লাভ করতে পারবে না। সেজন্য পূর্ব পাকিস্তানে যে গণতান্ত্রিক শক্তি জাগ্রত হচ্ছে, পাঠান শাসন ও শোষণের বিরুদ্ধে তারা যে মাথা তুলে দাঁড়াবার চেষ্টা করছে তার স্বার্থে এবং আমার

এখানকার যে গণতান্ত্রিক শক্তি যেটা দাংগার পরে আমরা দেখেছি ট্রেড ইউনিয়ন আন্দোলন ঝিমিয়ে পড়ছে, খাদ্যের যে দর নির্দিষ্ট হয়েছে সেই দরে আজ চাল পাওয়া যাচ্ছে না, আজকে আন্দোলন করবার মত আমাদের শক্তি নাই, আজ অন্য দিকে আমাদের মন চলে গেছে, সেই সব দিকের স্বার্থে—উভয় বঙ্গের গণতান্ত্রিক শক্তির স্বার্থে আজ প্রয়োজন সেখান থেকে প্রত্যেকটি হিন্দু যারা আসতে চায় তাদের আসবার জন্য দ্বার অবারিত করে দিতে হবে। সেই দায়িত্ব কংগ্রেস সরকারের আছে, আমি সে সম্বন্ধে পরে আসছি। আমি লোক বিনিময়ের কথা বলি না। এখানকার প্রতিটি মুসলমান নাগরিক পূর্ণ নাগরিকের অধিকার নিয়ে সসম্মানে এখানে থাকবে, সেটা আমার সংবিধানের গৌরব হবে, সেটা আমার সমাজের, ধর্মের, আমার ঐতিহ্যের গৌরব হবে। আমার যে সাধনা এতদিন ধরে চলেছে, সেই রামকৃষ্ণের সাধনা, বিবেকানন্দের সাধনা, রবীন্দ্রনাথের সাধনা, রামমোহনের সাধনা এবং শেষে নেতাজী যাঁর আদর্শে আমরা উদ্বুদ্ধ হয়েছি সেই হিন্দু মুসলমানের মিলন, ভারতবর্ষে সেই মুসলমান থাকবে। যারা ভারতের নাগরিক, ভারতের প্রতি যাদের লয়ালটি আছে তারা নিশ্চয়ই থাকবে। আমরা তাদের বাঁচাব, কংগ্রেসের সাথে হাত মিলিয়ে আমরা তাদের বাঁচাব। স্যার, আমরা যারা বামপন্থায় বিশ্বাস করি, সমাজতন্ত্রে বিশ্বাস করি, তাদের কাছে সেকুলারিজম ধর্মের মত। কিন্তু স্যার, মুস্কিল হচ্ছে এই মাঝে মাঝে তার পারভারসন বিকৃত রূপ দেখা যায়। স্যার, পারভার্টেড সেকুলারিজম সেটাও আর এক রকমের সাম্প্রদায়িকতা।

সেকিউলারিজম আমাকে দেখতে হবে সত্য কথা বলবো না আই ক্যান্ট কল এ স্পেড এ স্পেড এটাও আর এক রকমের সাম্প্রদায়িকতা। সুতরাং এর ফলে আমরা দেখেছি যে শাসনতন্ত্র ভারসাম্য হারিয়ে ফেলে এবং একটা অরাজকতার সৃষ্টি হয়; কেওস সৃষ্টি হয় এবং তার সংগে যদি যাঁরা শাসন পরিচালনা করেন তাঁদের দক্ষতার অভাব দেখা দেয়, তাঁরা যদি ইনএফিসিয়েন্ট, এমবেসাইল হন, চরম অপদার্থ হন তাহলে স্যার, আর তো কথা নেই যে কেওস তাঁদের স্বর্গরাজ্যে প্রতিষ্ঠিত হবে। এই প্রসংগে স্যার; কোলকাতায় গোলমালের সময় একটা ছবি আপনার সামনে উপস্থিত করতে চাই—একটা কেওস কিরূপভাবে চলছিল দেখে যান। ৪ঠা জানুয়ারী তারিখে বিধানমণ্ডলীর অধিবেশন শেষ হয়, ৫ই তারিখে মুখ্যমন্ত্রী সদলবলে ভুবনেশ্বরে রওনা হলেন। যশোহর, খুলনায় সুপরিকল্পিতভাবে হিন্দু নিধন সুরু হয়েছে—ভীত, সন্ত্রস্ত, আহত, লাঞ্ছিতা নরনারীরদল তারা ভারতবর্ষে প্রবেশ করছে, সেই সংবাদ কেউ দেবার নেই, তাঁরা রাখার দরকার মনে করেন না। আমাদের সংবাদপত্রকে সাধুবাদ জানিয়েছেন নরেনবাবু, আমিও তাঁর সংগে কণ্ঠ মেলাই। তাঁরা যদি সেদিন ঐ সংবাদগুলি না দিতেন তাহলে ওঁদের টনক নড়তো না। স্যার, সরকারী সূত্রে কোন খবর আসেনি, এতবড় অপদার্থ। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, আমাদের ইণ্ডিয়ান হাই কমিশন অফিসে লোক কোথায়। ফার্ষ্ট সেক্রেটারী শ্রীবি, এল, ঘোষ কোলকাতায় বসে আছেন ছুটি নিয়ে। থার্ড সেক্রেটারী ট্রান্সফার্ড হয়ে চলে এসেছেন এখানে পুলিশের কোন বিভাগে ডেপুটী কমিশনার না কি হবেন বলে। সেকেণ্ড সেক্রেটারী বেরুতে পারেন না, লোক কম, হৃদয়হীন এবং ওখানে যে চীফ মাইগ্রেসন অফিসার, আজ লজ্জা হয়, রাজনৈতিক বন্ধু হিসাবে তাঁকে গ্রহণ করেছিলাম, তাঁর নেতৃত্ব মেনে ছিলাম অন্যান্যরা, প্রাণে দয়া নেই, মমতা নেই। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ কার কথা বলছেন?) আমাদের চীফ মাইগ্রেসন অফিসার শ্রীঅরুণাংশু দে, আমি পূর্ণ দায়িত্ব নিয়ে একথা বলছি, মনে রাখবেন, ভুলে যাবেন না আমাকে বলে লাভ নেই। আমার বাবা এখনও পাকিস্তান রয়েছেন পাকিস্তানের নাগরিক হিসাবে। সুতরাং আমি জানি এবং তাঁকে আমি জোর করে আনতে চাই না। স্যার, ৭ই তারিখে আমি এবং শশাংকবাবু তাঁদের ঘুম ভাঙ্গাবার জন্য টেলিগ্রাম করেছিলাম যে কিছুটা মাইগ্রেসন শিথিল করে নিন অতুল্যবাবু এবং মুখ্যমন্ত্রীর কাছে। স্যার, আমাদের সাংবাদিক বন্ধুরাও সেকথা বলেছিলেন—তিনি তো সেকথা কনটেনুয়াসলী ঠাট্টা করে; লঘু চিত্ততার সাথে বলেছিলেন শশাংক আর জ্যোতিন একটা টেলিগ্রাম করেছে। মানুষ আসছে, লাঞ্ছিত আহত—লজ্জা করে না মুখ্যমন্ত্রীর। আমরা বিধান পরিষদের দুজন সদস্য টেলিগ্রাম করেছি, তাঁদের কাছে আবেদন জানিয়েছি যে ব্যবস্থা করা হোক, তাদের আসতে দেয়া হোক, দেয়া হল না। ৮ই তারিখে ক্যালকাটা রিপোর্টস—কোলকাতায় এই ঘটনার কথা নন্দজীকে জানান হল, সাংবাদিকরা জানালেন—নন্দজী বল্লেন

"I have no information for Delhi, let me see what has happened there".

what has happened there."

কত বড় অপরাধ। সেই নন্দজীর কথা নিয়ে আবার আজকে এখানে কথা বলতে আসছেন অথচ স্যার, অবাক হয়ে যাবেন যে ওয়াই, বি, চ্যবন তিনি কিন্তু হঠাৎ দিল্লী চলে গেলেন, কারণ খবর ছিল যে বাগদা থানা এলাকায় এক হাজার পাকিস্তানী নাকি ঢুকে পড়েছে। স্যার, ৮ই তারিখে যুগান্তরের সম্পাদক যে আবেদন করেছিলেন ওঁদের কাছে, সে আবেদন যুগান্তরে বেরিয়েছিল —সম্পাদকের সেই আবেদন একটা সিল্ড কভারে করে প্রফুল্ল সেন মহাশয়ের কাছে, অতুল্যবাবুর কাছে গেল—পূর্ববঙ্গের ঘটনা সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের আবেদন ছিল এবং কোলকাতায় যাতে শান্তি থাকে তারও আবেদন ছিল। ৯ই তারিখে সকালে রিপোর্টারদের প্রফুল্ল সেন মহাশয় বলেছেন ২০টা স্ট্রে ইনসিডেন্ট হয়েছে, খুব বড় কথা কিছু নয়। এখানে গুরুত্বকে লাঘব করার লঘুচিত্ততা দেখুন স্যার—মুখ্যমন্ত্রী সাবজেকটস কমিটিতে চলে গেলেন একদিকে তরুণ-কান্তি ঘোষ মহাশয়কে নিয়ে, আর একদিকে খগেন দাশগুপ্ত মহাশয়কে নিয়ে। স্যার, আনন্দ-বাজার, হিন্দুস্থান ষ্ট্যান্ডার্ড এখান থেকে টেলিপ্রিন্টার মেসেজ পাঠালো তাদের রিপোর্টারদের কাছে ভুবনেশ্বরে যাঁরা ছিলেন যে পাক সাপোর্টেড, পাকিস্তান রাইফেলসের সাপোর্ট নিয়ে এক হাজার পাকিস্তানী ঢুকেছে কিনা নন্দজীর কাছে সেটা ফোকাস করার জন্য। তিনি বল্লেন ইউ বেটার ডিসকাস্ ইট্ উইথ মুখ্যমন্ত্রী—ইওর পি, সি, সেন।

[4-50—5 p.m.]

স্যার, আনন্দবাজার, হিন্দুস্থান স্ট্যান্ডার্ড এখান থেকে টেলিপ্রিন্টারে মেসেজ পাঠালো তাদের রিপোর্টারের কাছে ভুবনেশ্বরে যাঁরা ছিলেন, ফর কনফারমেশন-এর জন্য যে পাক সাপোরটেড পাকিস্তানী রাইফেলস-এর—সাপোর্ট নিয়ে এক হাজার পাকিস্তানী মুসলমান ঢুকেছে কিনা? নন্দজীর কাছে সেটা কনফার্ম করার জন্য যাওয়া হল। তিনি কি বললেন জানেন? ইউ বেটার ডিসকাস ইট উইথ ইওর মুখ্যমন্ত্রী শ্রী পি সি সেন। স্যার, ছিঃ মুখ্যমন্ত্রী —লজ্জা হয় বলতে, এতটুকু যাঁর সিরিয়াসনেস নেই। আজ আপশোস হয়, দুঃখ হয়, যে স্যার, এঁর পূর্বের যিনি পরলোকগত মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়, পুরুষ সিংহ ছিলেন, সেই সিংহের আসনে আজ শশক বসেছেন। শশক ত শুধু নয় স্যার, ধূর্ত শৃগাল, তার ধূর্তামি আছে। স্যার, কোথায় ধূর্তামি আছে, আমি দেখাবো। স্যার, ১০ই তারিখে দিল্লী থেকে পি, সি, সেন ফিরে এলেন কলকাতায়, রায়ট এর সময়। এসেই সোজা চলে গেলেন লালবাজারের কণ্ট্রোল রুমে এবং সেখানে ব্যক্তিগত তদবিরের কাজ সুরু হল পুলিশের সাথে। আমার লোক ঐ যে এখানে আটকে আছে তাদের রক্ষা করতে হবে। যেমন করে পারমিট-এর তদবির করা হয়, তেমনি করে ব্যক্তিগত প্রয়োজনে পুলিশের সাথে ব্যবস্থা করা হয়। সামগ্রিক ভাবে কলকাতার দাঙ্গা থামাবার যে প্রচেষ্টা, সে প্রচেষ্টা নেই। পারমিট বিতরণ করার মত, আমার লোক ওখানে আটকে আছে বলে তাদের জন্য ব্যবস্থা করা হল।

স্যার, অবাক হয়ে যাবেন শুনলে, কলকাতা সহরে যখন দাঙ্গা থামাবার জন্য সামগ্রিক প্রচেষ্টা দরকার, তখন আমরা দেখছি—পুলিশকে পাঠান হচ্ছে তার ফার্নিচার নিয়ে আসবার জন্য। স্যার, লজ্জা করে না? ১০ই তারিখে বিকালে আমরা তাঁর সাথে দেখা করলাম, তাঁকে বললাম আমাদের ডেপুটেশন-এর পক্ষ থেকে যে শক্ত হাতে, কঠোর হাতে দাঙ্গা বন্ধ করা হোক। ১১ই তারিখে ১ টার সময় হেণ্ডারসন ব্রুকস্-কে ডাকা হল এবং রাত্রে নন্দজী এলেন। ১২ই তারিখে ১ টার সময় ৭০ জন মিলিটারী রাস্তায় বেরলো, এবং পাকাপাকী ভাবে বেরুতে, বেরুতে রাত্রি ৪টা হল। ১২ জন ব্রিগেডিয়ার কণ্ট্রোল রুমের পাশের একটা ঘরে বসে রইলেন। মেজর যাঁরা—১২টা ব্রিগেডিয়ার মনে রাখবেন, তাঁরা কণ্ট্রোল রুমের পাশে বসে দাঙ্গা থামাবেন। আমি জিজ্ঞাসা করতে পারি কি সেই কণ্ট্রোল রুমের পাশের ঘরে, সেখানে মুখ্যমন্ত্রী বসে, সেখানে চানাচুর আনছেন আমাদের পরিষদের সদস্য গজানন্দ খৈতান মশাই। স্যার, বদরীদাস তাপ্পার মশাই—মিষ্টি নিয়ে এলেন, বড় পরিশ্রান্ত মুখ্যমন্ত্রী মহাশয়, তাঁকে খাওয়ালেন। কণ্ট্রোল রুমের পাশের ঘরে বসে এইসব চলছে তখন। স্যার, রামকুমার ভুয়ালকা এলেন, তিনি কই সম্প্রদায়ের এঁদের লোক। এঁদের উদ্দেশ্য কি তা আমার জানা নেই। কারণ আমরা দেখেছি—এ প্রচেষ্টা হয়েছে, যে কলকাতা সহরকে কেন্দ্রের অধীনে টেনে নিয়ে যাবার জন্য

মেজর জেনারেল চৌধুরীকে এখানে আনানো হয়,—লোকের কাছে দেখাবার জ যে কলকাতায় কি সাংঘাতিক ব্যাপার চলছে। ১২ জন ব্রিগেডিয়ার, ধারণা ক বেন, তাঁরা কন্ট্রোল রুমে বসে—মেজর যাঁরা, তাঁদের কাজ হল ফিল্ড অপারেশ এ, সেখানে তাঁদের পাঠান হল। কি ফিল্ড অপারেশন? থানায় বসে থাকে রায়ট থামাবে কে স্যার, তারা যদি থানায় বসে থাকে? স্যার, মুখ্যমন্ত্রীর রাজভবনের আর একটি চিত্র। স্যার, আপনি দেখে যান। স্যার, অদ্ভুত ব্যাপার। এর আগে যিনি এখানে উপমন্ত্র ছিলেন, জিয়াউল হক সাহেব, তিনি সপরিবারে ৭ নং লোয়ার সার্কুলার রোডে থাকেন, তিনি সপরিবারে মুখ্যমন্ত্রীর বাড়ীতে এসে ভর করলেন। যাঁর ৩০ খানা বাড়ী আছে কলকাত সহরে। সেই হুমায়ুন কবীর, কেন্দ্রীয় সরকারের মন্ত্রী, তিনিও রাজভবনে এসে থাকেন মুখ মন্ত্রী মহাশয়ের বাড়ীতে। কারণ তাঁর নিরাপত্তা নেই। কেন্দ্রীয় সরকারের মন্ত্রীর নিরপত্ত নেই, এইতো প্রচার করা হচ্ছে। কই সাত্তার সাহেবত আসেননি, তাঁর ওখানে দাঙ্গা থাক সত্ত্বেও? কই রেজাউল করীম সাহেবত রাজভবনে মুখ্যমন্ত্রীর আশ্রয় নেননি? স্যার, হুমায়ুন কবীর সাহেব সম্পর্কে—যদি আমি তাঁকে শ্রদ্ধা করি, কিন্তু, আজ একটি কথা না বলে পারি না খুলনার দাঙ্গার পরে কেন তিনি এলেন না? তিনি খবর কি পাননি? যদি তাঁর সত্যই আন্তরিকতা থাকতো তাহলে তিনি সেই সময় এখানে নিশ্চয় আসতেন। এখন এখানকার দাঙ্গার সময় তিনি এসেছেন। এগুলো কি ভাবে প্রকাশ হয় দেখুন তিনি খুলনার দাঙ্গার পর যদি এখানে এসে, যারা ভারতীয় মুসলমান এখানে আছেন, তাঁদের সঙ্গে করে নিয়ে গিয়ে পাকিস্তানের ডেপুটি হাই কমিশনারের সামনে ডেমনস্ট্রেশন করতেন, প্রতিবাদ জানাতেন যে খুলনায় যে হিন্দু হত্যা হচ্ছে, নরহত্যা হচ্ছে—তাকে বন্ধ করো, তাহলে বুঝতাম তাঁর আন্তরিকতা আছে। কিন্তু তিনি করলেন কি? জিজ্ঞাসা করতে চাই কলকাতায় তিনি এসে প্রথমেই টেলিফোন ঐ মোল্লাজানকে করেছেন কিনা? আজকে আনন্দবাজার পত্রিকায় তাঁর নাম না করে, কি বেরিয়েছে? তিনি গুড কণ্ডাক্ট সার্টিফিকেট-এর জন্য ঘুরে বেড়াচ্ছেন। ১২ জনকে দিয়ে তাগাদা করে সার্টিফিকেট দেওয়া হচ্ছে। অথচ এখানে এসে প্রফুল্ল বাবুর ঘরে তিনি ভর করলেন। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই যে আজ যাঁরা দায়িত্বপূর্ণ মন্ত্রী, ঐ জিয়াউল হক সাহেব, কবীর সাহেব, তাঁরা কেন ওখানে গিয়ে ভর করলেন?

স্যার, এস, বি আছে, আই, বি আছে, তাঁদের ডি, আই, বি আছে, তাদের রায়ট সেক্শন আছে—কি রিপোর্ট তাঁরা দিয়েছেন? স্যার, রায়ট কি করে থামবে তার কোন খবর তারা পাঠাতে পারেন নি। মহিলা নায়ক এই জন্য বলছি—আমাদের এখানে আজকে পূরবী মুখার্জী মহোদয়া নাই অথচ সব সময় তিনি আঁত বাড়িয়ে থাকেন। এই ভদ্রমহিলা যখন সভা হয় এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারদের নিয়ে তখন বলেছিলেন অফিসিয়ালদের সামনে এই সব কথা আলোচনা করা ঠিক হবে না কংগ্রেসে ওয়ার্কিং কমিটিতে হবে। এবং তার ফলে এই কথা কি সত্যি নয় যে চীফ সেক্রেটারী রিজেণ্টমেণ্ট এক্সপ্রেস করেছিলেন। এবং মন্ত্রীরা যে যার কনসিষ্টটুয়েন্সি সামলাচ্ছেন—বহু নায়ক—যে যার কনষ্টিটুয়েন্সি-তে দাঙ্গা সামলানোর জন্য ব্যস্ত কিন্তু সামগ্রিক ভাবে কলকাতায় যে ইনটিগ্রেটেড প্ল্যান করা—এবং এই জন্য বলছি দৃঢ়তার অভাব। পাকিস্তানী চক্র বন্ধ করার কোন চেষ্টা নাই। আর্মস ডাম্প করা হয়েছে। আজকে মুখ্যমন্ত্র জবাবে বলেছেন ধরার কোন বন্দোবস্ত নাই, আর এদিকে স্যার পার্টী বাজী ঠিক চলেছে স্যার আপনি জানেন যে লোকসভার সদস্য সৈয়দ বদরুদ্দজা সাহেবকে ধরা হয়েছে—কেন ধ হয়েছে আমরা জানি না। কিন্তু তার সাথে আরেকজনকে ধরা হয়েছে হিন্দুমহাসভার নে শ্রীকুমার মিত্রকে কারণ সামঞ্জস্য রাখতে হবে তো। কারণ তিনি এন, সি, চাটার্জীর ইলেকশা খেটেছিলেন—অথচ এই কথা কি সত্য নয় যে মুখ্যমন্ত্রীর টেবিলে দুটো ফাইল এক সা এসেছিল বদরুদ্দজা সাহেবের আর সালাউদ্দীনের—একই সংগে দুটো ফাইল পি, সি, সেনে সামনে। তিনি হুকুম দিলেন ভারবালি যে ধর—কিন্তু এর মধ্যে কোথায় কি হয়ে গেল সে সালাউদ্দীনকে ধরা হলনা তিনি সহি করলেন না— আমি জিজ্ঞাসা করি কেন? এই সালাউদ্দী ex-secretary of the Calcutta Muslim League, right hand man of Suhrwardi

তার বাড়ী ১৪।১।৬৪ তারিখে বেনেপুকুর পুলিশ সার্চ করেছে—এ কথা কি সত্য নয় যে পুলিশ রিপোর্টে নেই যে ৯ তারিখে এবং ৫ তারিখে জানুয়ারী মাসে সন্ধ্যাবেলায় এবং ১২ তারিখে সকালে পাকিস্তানের ডেপুটি হাই কমিশনারের গাড়ী সি, ডি, ২১২৩ ও ২১২৪ যায়নি ওর বাড়ীতে বাস্ক নিয়ে? আমি বলি পুলিশ রিপোর্টে কি নেই? এখন সে ইস্টার্ন পাকিস্তানের গভর্নরের কাছে সে টেলিফোন করে—এ রিপোর্ট কি পুলিশের কাছে নাই? কোথায় গিয়ে আমরা দাঁড়াচ্ছি—আমি জিজ্ঞাসা করছি কেন তাকে ধরা হচ্ছে না? স্যার আজকে তো বোমার টুকরো দেখেছেন তার বাড়ীর কাছে পাওয়া গেছে। সেজন্য বলছি দৃঢ়তার অভাব, যারা দাঙ্গা বাজ তাদের কোন ধর্ম নেই জাতি নেই—যারা দাঙ্গা লাগাতে চায় পাকিস্তানী গুপ্তচর হিসাবে—স্যার ডিস্ক্রিমিনেশান কেমন করে করা হয় দেখুন—বদরুদ্দজা সাহেবকে ধরা হল কেন না তিনি এন, সি, চাটার্জীর হয়ে তিনি নির্বাচন পরিচালনা করেছিলেন এবং আমাদের এখানে মুখ্যমন্ত্রীর সাথে যখন নন্দজী আসেন তখন তার তর্ক হয়েছিল। স্যার নিউজ পেপার এডিটরদের ডাকা হয়েছিল ১৬ই তারিখে—১৬ই জানুয়ারী এ্যাগ্রিমেণ্ট হল—আমাদের সংবাদপত্রের ঐতিহ্য আছে তারা নিজেরা সেলফ্ ইম্পোজড রেসট্রিকশান করেছিলেন কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই উর্দ্দু কাগজের সম্পাদকদের কেন ডাকা হলনা—পয়গমকে কেন ডাকা হল না আজকে কেউ দেখেছেন কি রকম বিষ ছড়াচ্ছে—এই কাগজ পাকিস্তানে যায়। তারা সমস্ত ঘটনা অতিরঞ্জিত করে দিনের পর দিন ছাপাচ্ছে। স্যার সেজন্য বলছি দৃঢ়তার অভাব। এই যে পারভারটেড সিকিউলারিজম—সেজন্য ভয় ঐ সংবাদপত্রকে যদি ডাকি—এই যে পারভারটেড সিকিউলারিজম—স্যার আপনি অবাক হয়ে যাবেন যে রয়টারের যখন প্রথম খবর এল এক হাজার দাঙ্গায় লোক মৃত—সেই খবর ছাপাবার জন্য তিনি সম্পাদকদের ডাকলেন সবকে বললেন এই ঘটনা ৭ পাতায় দাও এ্যাডভাটাইজমেণ্ট এর পাতায় দাও না হয় ছোট করে দাও—প্রায় সব ঠিক হয়ে গেল।

[5—5-10 p.m.]

স্যার, আনন্দবাজার খুব খারাপ কাগজ, সাম্প্রদায়িক, ঠিক। কিন্তু তার সম্পাদক এসে বললেন যে এতবড় খবর—সাংবাদিকদের অধিকারের উপর হস্তক্ষেপ, আমি প্রথম পাতায় ছাপাব। আমি তাঁকে ধন্যবাদ দিই। নিজেরা কোন খবর দিতে পারছেন না, হাই কমিশন অফিস বন্ধ, তিনি বললেন আমি প্রথম পাতায় কালো বর্ডার দিয়ে ছাপাব। তাঁর জোরের সংগে বলাতে রফা হল কালো বর্ডার যাবে না, প্রথম পাতায় যাবে। তবুও ভারতবর্ষের মানুষ জানতে পারল রয়টারের খবর। যেটা সত্য খবর সেটা সংবাদপত্রে চাপা দেওয়ার চেষ্টা হয়েছিল। তাই আমরা দাবি করছি, আমাদের দাবি আর কিছু নয়, ওপারের যারা ছিন্নমূল মানুষ তাদের এখানে আনতে হবে, তাদের প্রতিষ্ঠিত করতে হবে, নাগরিক অধিকার দিতে হবে। এটা তাদের প্রতি অনুকম্পা নয়, দয়া নয়, কৃপা দেখান নয়, দয়ার মুষ্টি ভিক্ষা নয়। স্যার, আমি এই ভদ্রলোককে এই কংগ্রেস নেতাকে বহুবার সমালোচনা করেছি। ওঁদের নেতার কয়েকটি লাইন আমি ওঁদেরই শোনাতে চাই। অতুল্য বাবুর স্টেটমেণ্ট—

"we do not want anybody to look after the refugees with just sympathy or in a merciful attitude. We should keep in mind that many of the refugees are as good as political sufferers as we are"

যেখানে যারা গর্ব করেন পলিটিক্যাল সাফারার বলে—স্বাধীনোত্তর যুগে পোস্ট-ইনডিপেনডেণ্ট প্যাট্রিয়ট অনেকে হয়েছেন তাঁরা নন—স্যার, তাঁরা বলেন

"so the refugees are to be treated with respect and honour and regarded as our own kith and kin. They are our own responsibility

আজ তাঁদের মুখ থেকে সেই কথাই শুনতে চাই। স্যার, দেশ বিভাগের যে মহাপাপ সেই মহাপাপের প্রায়শ্চিত্তস্বরূপ যারা বলি, প্রায়শ্চিত্ত চলছে, সেই মহাপাপের প্রায়শ্চিত্তস্বরূপ বলিদের কাছে তারা প্রতিশ্রুতি ভঙ্গ করেছে। স্যার, কি করে হবে। সেই প্রাণ কই, সেই দরদ কই, সেই মমতা কই! আবার সেই পুরোনো খাম্না শম্ভু ব্যানার্জী এ্যাকসিস সুরু হয়েছে। বাংলার উদবাস্তুদের চির শত্রু খাম্না এবং শম্ভু ব্যানার্জী তারাই উদ্বাস্তু পুনর্বাসনে।

আজো তারা এদের অভিশাপ দেয়। আর উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রী—২ দিন ধরে তো তার নমুনা দেখছেন, পরোক্ষভাবে ঐ পাকিস্তানের যে ভুট্টো সেই ভুট্টোকে কালকে সমর্থন করেছেন এমন খবর বলেছি। স্যার, বাপ কা বেটি। পূজনীয় পিতৃদেব নিকুঞ্জ মাইতি মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন কোন বাঙ্গালকে মেদিনীপুরে ঢুকতে দেওয়া হবে না। তিনি হাফ প্যান্ট মন্ত্রীর আখ্যা নিয়ে মন্ত্রীত্ব থেকে সরে যাবার পর আমি জিজ্ঞাস করতে চাই এবারে নির্বাচনের আগে এই আভা মাইতি মহোদয়া একথা বলেন নি তাঁর বক্তৃতায় যে আমি যদি মন্ত্রী হই তাহলে পশ্চিমবাংলায় উদ্বাস্তুদের থাকতে দেওয়া হবে না? সেদিনও কুচবিহারে গিয়ে একথা বলেন নি? নির্বাচনের আগে যিনি পশ্চিমবাংলায় উদ্বাস্তুদের থাকতে দেওয়া হবে না এই বক্তৃতা দিয়ে নির্বাচিত হয়েছেন আমাদের দুর্ভাগ্য যে তিনি মন্ত্রী হয়েছেন দুর্ভাগ্য উদ্বাস্তুদের যে তিনি পুনর্বাসন মন্ত্রী হয়েছেন। সংবাদপত্রের রিপোর্টারদের সংগে তিনি কি কথা বলেন জানেন—তিনি বলেন ওদের জন্য কি হেলিকপ্টার পাঠিয়ে দিতে হবে? যখন ট্রানজিটের অভাব দেখা দিয়েছে তখন এই রকম ব্যঙ্গ। প্রয়োজন হলে নিশ্চয়ই ওদের জন্য হেলিকপ্টার পাঠাতে হবে। কারণ, দেশ বিভাগ করে কংগ্রেস সরকার বিশ্বাসঘাতকতা করেছেন। তার উপর আমাদের মুখ্যমন্ত্রী আবার আর এক কাঠি। তিনি দিল্লীতে যা বলেছেন সেটা আমার কাছে আছে—শ্রী সেন খুলনা ও যশোহরের দাঙ্গার বিস্তৃত বিবরণ দিয়ে বলেন যে উদ্বাস্তু পুনর্বাসনের অভাবে হঠাৎ উদ্বাস্তু অধ্যুষিত কয়েকটি অঞ্চলের মধ্যে কলকাতার হাঙ্গামা সীমাবদ্ধ ছিল। অর্থাৎ রায়ট করেছে কেবলমাত্র উদ্বাস্তুরা, তাদের ঘাড়ে দোষ চাপানর কথা বলা হয়েছে। তাই তো স্যার দুঃখ হয় যে বংগাল খেদার কথা শুনেছি, আজ দেখছি এই বংগাল খেদার মনোভাব আমাদের এখানকার মন্ত্রীদের মধ্যে রয়েছে।

স্যার, উঠে পড়ে ওঁরা লেগেছেন যাতে সব দণ্ডকারণ্যে চলে যায়। স্যার এ যেন পাটের গাঁট, পূর্ববাংলা থেকে এলো, তারপর মালগাড়ীতে ভরে দণ্ডকারণ্যে পাঠিয়ে দেয়া হল। স্যার, হিউম্যান প্রফেসন উপেক্ষা করা হচ্ছে। স্যার, কোথায় থাকতেন এই আভা মাইতি? আমি জিজ্ঞাসা করতে পারি কি যদি পূর্ববাংলার মানুষগুলি দেশ বিভাগের মহাপাপের বলি না হত তাহলে তিনি কি মন্ত্রী হতে পারতেন? তাই আমার দাবী যাঁর প্রাণ নেই, দরদ নেই, সহানুভূতি নেই তাঁকে যেন মন্ত্রীপদে না রাখা হয়, তাঁকে অপসারণ করা হোক এবং ওঁদেরই মধ্যে যাঁর প্রাণ আছে, দরদ আছে, সহানুভূতি আছে, যাঁরা দুর্গত মানুষদের নিয়ে ব্যংগ করেন না এরকম লোককে ওখানে বসানো হোক। তা যদি না করতে পারেন তাহলে তাঁকে সরিয়ে অন্ততঃ একটা কসাইকে এনে ওখানে বসিয়ে দিন, একটা কসাইকে উদ্বাস্তু মন্ত্রী করুন, অনেক বেশী কাজ করতে পারবেন, কারণ তাদেরও দয়া মায়া আছে। ওঁর সেই নারীসুলভ মমতা আমরা আশা করেছিলাম কিন্তু তা নেই। তাই আমার শেষ বক্তব্য হচ্ছে যে পূর্ববাংলা থেকে যে মানুষগুলি আসবে তাদের দায়িত্ব নিতে হবে। কংগ্রেস নেতৃবৃন্দের প্রতিশ্রুতি ভংগের বহু ইতিহাস আমাদের জানা আছে। নন্দজী আবার সেই প্রতিশ্রুতি ভংগ করেছেন। আমাদের এখানে রাজভবনে ১২ই তারিখের পর যখন আবার আসেন তখন আমাদের সমস্ত দলের নেতৃবৃন্দ তাঁর সাথে দেখা করেছিলেন এবং তিনি অনেক কথা বলে গেলেন কিন্তু যদি সেকথা তিনি না রাখেন তাহলে কি হবে? এখন দেখছি ক্যাটিগরী ভাগ করা হচ্ছে যেকথা নরেনবাবু বলেছেন, আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না কিন্তু স্যার, আমাদের আশংকা অন্যখানে। যদি আজ আমাদের কথায় তাঁদের প্রাণ না কাঁদে, ঐ মানুষগুলোর কথা যদি তাঁরা না শোনেন, পাকিস্তানের গণতান্ত্রিক শক্তিকে আমরা যদি শক্তিশালী না করতে পারি, এখানে যদি আমাদের প্রগতিশীল শক্তি, গণতান্ত্রিক শক্তি ধুঁকে ধুঁকে মরে এবং ঐ পূর্ববাংলার উদ্বাস্তুদের যদি প্রতিটি মা ভাই বোনকে যাঁরা অত্যাচারিতা, লাঞ্ছিতা, ধর্ষিতা হয়েছেন এবং যদি গণতান্ত্রিক পথে আন্দোলনের মধ্য দিয়া ওঁদের প্রাণ গলাতে না পারি তাহলে স্যার, আমাদের আশংকা এই যে ভবিষ্যতে খুবই খারাপ হবে। আপনি স্যার, জানেন ১৯৩০ সালের ইংরাজের সময়ে আন্দোলনের কথা যে কোন রূপ নিয়েছিল। যখন প্রকাশ্য আন্দোলনের পথে বিক্ষোভ পরিচালিত না হয় তখন সুড়ংগ পথে সন্ত্রাসবাদের জন্ম হয়—এই বাংলাদেশের সেই ঐতিহ্য আছে এবং আমাদের আশংকাও হয়ত হয়ে যেতে পারে। এটা আমরা চাই না, তাই আজ সতর্ক করে

ই, হুঁসিয়ার করে দিই যে সেই বিবাদ সৃষ্টি করবেন না, সেই জমি তৈরী করবেন না। াজকে নন্দজীর কাছে আপনাদের সকলের কাছে যাঁরা কর্ণধার হয়ে বসে আছেন, আমার াবেদন যে ঐ মহাপাপের ফলে আপনাদের হয়ত একদিন পক্ষাঘাতগ্রস্ত পংগু হয়ে যেতে হবে। ঃ মহাপাপ করেছেন দেশ বিভাগ করে আজ যদি তার প্রায়শ্চিত্ত না করেন, কেবল পক্ষাঘাতগ্রস্ত ংগু মন নিয়ে যদি সব কিছু বিচার করেন তাহলে তার মূল্য আপনাদের সকলকে দিতে হবে, ামাদেরও দিতে হবে—আমরা তা চাই না। এই সমস্ত কথা আমরা দেখেছি যে আমাদের াজ্যপালের ভাষণের মধ্যে নেই। তাই স্যার, আজ পশ্চিমবাংলার প্রতিটি বাঙ্গালীর, পূর্ব াকিস্তানের প্রতিটি শুভবুদ্ধি সম্পন্ন বাঙ্গালীর মনে যে উদ্বিগ্নতা আশংকা দেখা দিয়েছে সই কথাগুলি আমি আজ আপনার মাধ্যমে সভার কাছে রাখলাম।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, আবেগময়ী ভাষাতে আমার বন্ধু যতীন চক্রবর্তী মহাশয় এবং রেন দাস মহাশয় যে ভাষণ দান করলেন তার পরে আমার বিশেষ কিছু বলার মন নেই এবং আমার বক্তৃতা অত্যন্ত মৃদু হবে এবং তার বিশেষ কিছু এফেক্টও হবে না। আমি রাজ্যপালিকার ভাষণের উপর কিছু মন্তব্য করতে চাই—সেই মন্তব্য কিছু কিছু আনপ্লেজান্ট অপ্রীতিকর অনেকের পক্ষেই হবে। প্রীতিকর কথা বলার অভ্যাস আমার বেশী নেই, আমি তাতে বিশ্বাসও করি না, তবুও কর্তব্যের খাতিরে যে কথা সত্য বলে মনে করি সেই কথা কিছু বলতে আমি উপস্থিত হয়েছি। অনেকেই বলেছেন রাজ্যপালিকার ভাষণের ভেতর পূর্ববংগের বিশেষতঃ ঢাকা এবং নারায়ণগঞ্জে যে ঘটনা ঘটেছে সে সম্বন্ধে কোন উল্লেখ নেই, আমি এটা অত্যন্ত দুঃখের বিষয় বলে মনে করি।

[5-10—5-20 p.m.]

কিন্তু আমি একথা মনে করিনা যে এর ভিতর তাঁর কোন হৃদয়হীনতার পরিচয় আছে। বোধহয় পূর্ববংগের ঘটনার কথা তখনও পর্যন্ত সমস্ত কিছু তিনি জানেন নি, এবং এখনও পর্যন্ত বোধহয় সমস্ত, সম্পূর্ণ ঘটনা কি হয়েছে আমরা জানি না। এদিকে আমার বন্ধু অরুণ গুহ মহাশয়, যাঁর স্বাধীনতা আন্দোলনে ভূমিকার কথা সকলে না হলেও, অনেকে অবগত আছেন,—তিনি বলেছেন ২০ হাজার থেকে ৩০ হাজার লোক পাকিস্তানে মারা গিয়েছে, আবার আর এক দিকে পশ্চিমবঙ্গ সরকার কোন, কোন জায়গা থেকে খবর পেয়ে বলছেন চার, পাঁচ হাজার লোক মারা গিয়েছে। প্রফুল্লবাবুর কাছে শুনেছি চার, পাঁচ হাজার সংখ্যালঘু সম্প্রদায়ের লোক মারা গিয়েছে সেখানে। আজকে এখানে আমার এক বন্ধু ইতিপূর্বে যে লোমহর্ষণ ঘটনার কথা উল্লেখ করলেন, তাতে আমাদের আশঙ্কা ও দুঃখ আরও বৃদ্ধি হল। বোধহয় মাননীয়া রাজ্যপাল এই সমস্ত ঘটনার কথা কিছু জানতেন না বলেই, তাঁর ভাষণে এর উল্লেখ নেই। যাই হোক, উল্লেখ না থাকাতে আমরা অত্যন্ত দুঃখিত ও ক্ষুব্ধ হয়েছি, এবং সংবাদপত্রের মাধ্যমে সাধারণের যে মনোভাব, তা বিশেষ ভাবে ব্যক্ত হয়েছে। তবে, আমি মনে করি না যে রাজ্যপালের ভাষণের ভিতর সরকারের যে পলিসি বা নীতি অর্থাৎ সরকারের যে কর্মপন্থা সাধারণতঃ প্রকাশিত হয়, তা নেই। রাজ্যপালের ভাষণের ভিতর সেখানকার প্রতিটি ঘটনার কথা উল্লেখ না থাকলেও, এই ঘটনা ঘটার ফলে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে, সেই পরিস্থিতিতে সরকারের যা কর্তব্য, সেই কর্তব্য পালনে তাঁরা যে বিশেষ কিছু অবহেলা করছেন বলে, আমি মনে করি না। এই দাঙ্গার ব্যাপারে রাজ্যসরকারের প্রধানমন্ত্রী যে ভূমিকা গ্রহণ করে ছিলেন ও দাঙ্গা থামাবার জন্য যে সমস্ত মেজার তিনি নিয়ে ছিলেন, তা সম্পূর্ণ উপযোগী নয়, এই কথা বলে, বিশেষভাবে সমালোচনা করেছেন আমাদের এখানে অনেক বন্ধু। আমি বরং মনে করি ঘটনা, যা ঘটেছে তার তুলনাতে অনেক বেশী স্ট্রং ও স্টার্ন মেজার নেওয়া হয়েছে। কারণ ঘটনা যখন ঘটে, সেই সময় পাঁচ, সাত দিন পর্যন্ত আমি কলকাতায় ছিলাম, এবং আমার মুসলমান ড্রাইভারের সঙ্গে গাড়িতে চড়ে আমি বহু জায়গা ঘুরে দেখে ছিলাম, অন্ততঃ কলকাতার ভিতর এমন কোন ঘটনা আমার চোখে পড়েনি, যা ইতিপূর্বে কখনও এখানে ঘটেনি, বরং মনে হয়েছে গ্রেট ক্যালকাটা কিলিং-এর সময় যে সমস্ত ঘটনা ঘটেছিল, তার তুলনায় অনেক কম। সুতরাং সেই অবস্থাতে আমাদের সরকার পাছে এই রকম ঘটনা আরও বেশী ঘটে, সেইজন্য তা প্রিভেনশন করার জন্য

আগে থেকেই, অনেক বেশী স্টার্ন মেজার নিয়ে ছিলেন, যার বোধহয় প্রয়োজন ছিল না। তবে, এ সম্বন্ধে আমরা বিশেষ কিছু ডগম্যাটিক্যালি বলতে পারি না। কারণ এমন অনেক খবর হয়ত তাঁদের জানা ছিল যা আমাদের জানা নেই। হয়ত সেই জন্যই পাছে আরও বেশী ঘটনা ঘটে, এই ভয়ে হয়ত তাঁরা এই সমস্ত স্টেপ নিয়ে ছিলেন। সুতরাং দুর্বলতাবশতঃ তারা কোন স্টার্ন মেজার বা বিশেষ এডিকোয়েট মেজার নেন নি, এই চার্জ তাঁদের বিরুদ্ধে করা যায় না বলে, আমি মনে করি। বরং অমৃতবাজার পত্রিকায় দিনের পর দিন যে তথ্য প্রকাশিত হচ্ছে, যে কথা তাঁরা বলছেন যে পরিস্থিতির তুলনাতে যে সমস্ত মেজার আমাদের সরকারের তরফ থেকে নেওয়া হয়েছে তা অত্যন্ত উগ্র, অত্যন্ত স্ট্রিক্ট। যাইহোক পূর্ববঙ্গে কি ঘটনা ঘটেছে, তা আমরা এখনও পর্যন্ত সঠিক জানি না। কিন্তু, আমাদের জানা দরকার সেখানে প্রকৃত কি ঘটনা ঘটেছে। কারণ, তা যদি আমরা সম্পূর্ণভাবে জানতে না পারি তাহলে শুধু যে এখানে জনমত বিভ্রান্ত হবে, তা নয়, শুধু যে আমাদের লোক বিপথগামী হয়ে পড়বে তা নয়, আমাদের রাষ্ট্রের ভবিষ্যৎ কর্ম-পন্থা কি অবলম্বন করা যাবে সে সম্বন্ধে আমরা ঠিক বুঝবো না। আমার মনে হয় এ বিষয় স্টেটসম্যান পত্রিকা কিছু দিন আগে যে মন্তব্য করেন, তার প্রতি সরকারের নিশ্চয় দৃষ্টি আকর্ষিত হয়েছে। পত্রিকা বলছেন এই কথা যে সেখানকার প্রকৃত খবর সংগ্রহ করে আনবার জন্য আমাদের সরকারের বিশেষভাবে চেষ্টা করা উচিত। রেড ক্রসের মারফতে অথবা যে সমস্ত ফরেন এমব্যাসিস পাকিস্তানে এখনও আছে, তাদের মারফৎ প্রকৃত ঘটনা কি ঘটেছে সে সমস্ত জানা দরকার। আমার বাড়ী যশহর জেলাতে, আমার বহু আত্মীয়স্বজন, বহু সম্পত্তি এখনও সেখানে আছে, আমি সেখান থেকে যে সমস্ত খবর পাচ্ছি, তাতে অবশ্য মনে হয় না যে ঢাকাতে এবং নারায়ণগঞ্জে যে সমস্ত ঘটনা ঘটেছে তা সম্পূর্ণ অসম্ভব। যাই হউক, এ সম্বন্ধে সরকার বিশেষ ভাবে অবহিত হউন এবং প্রকৃত খবর কি তা নিয়ে আসা উচিত। তবে ১০ হাজারই মারা যাক আর ২০ হাজার মারা যাক, ৬ হাজার গ্রামই পুড়ুক আর ৬০০ গ্রামই পুড়ুক—একথা নয়, একথা সম্পূর্ণ সত্য, এ কথা অস্বীকার করার উপায় নেই যে পূর্ববঙ্গে যে মাইনরিটি হিন্দু তাদের অবস্থা অত্যন্ত শোচনীয়। এখন উপায় কি আমাদের! তাদের আমরা কি করতে পারি—এর প্রতিবিধান আমরা কি করব। এটাই আমাদের কথা। নন্দা সাহেব আমাদের বলেছেন, তিনি আমাদের পরম শ্রদ্ধেয়, আমাদের হোম মিনিষ্টার তিনি বলেছেন যে এমন সমস্ত স্টেপ্ নেওয়া হবে যাতে করে পাকিস্তান উইল সি রিজন্। কিন্তু পাকিস্তানকে রিজোনেবল এ্যাটিচ্যুড-এ নিয়ে আসার কি উপায় আমাদের সরকারের আছে আমি তো তা ভেবে পাই না। যারা বলেন ইউনাইটেড নেশনস-এর কাছে আমরা এ্যাপিল করি ইউনাটেড নেশনস-এর কাছে এ্যাপিল করার মারফতে হয়ত কিছুটা প্রতিকারের ব্যবস্থা হতে পারে। পাকিস্তান গভর্নমেন্ট আয়ুবশাহী সরকার তাহলে হয়ত মাইনরিটি রক্ষার ব্যবস্থা করতে পারেন। কিন্তু আমি মনে করি না ইউনাইটেড নেশনস-এর দ্বারা আমাদের কিছু সুবিধা হবে। কারণ ইতিমধ্যেই আমরা বুঝেছি ইউনাইটেড নেশনস-এর কি মূর্তি—তা আমরা দেখেছি। ব্রিটিশ গভর্নমেন্টের যে প্রতিনিধি যার উপরে আমরা এত নির্ভর করেছিলাম স্বাধীনতা লাভের পরে সমস্ত দেশে ইংরেজদের উপরে যে বিরুদ্ধ মনোভাব তা অনেকটা দূর হয়েছিল, ইংরেজরা ভুল করে আবার সেই পূর্বের মত বিরূপ মনোভাব যাতে আবার হয় তাই করছেন। আজ আমাদের দেশে একটা লোক নেই যার ইংরেজ জাতীর প্রতি কিছু মাত্র বিশ্বাস আছে। এবং সেখানে একমাত্র রাশিয়া ছাড়া আমাদের আর কেউ বন্ধু আছে বলে আমার মনে হয় না। সুতরাং ইংরেজদের সাহায্যে আমাদের এই ব্যাপারে যে বিশেষ কিছু সাহায্য হবে, এই দুর্দশার প্রতিকার হবে তা আমি মনে করি না। তাহলে আমাদের আর উপায় কি? আমাদের উপায় যা তা বলতে গেলে অত্যন্ত আনপ্যালাটেবল শুনাবে কিন্তু তা সত্ত্বেও সত্য যা তা অপ্রীতিকর হলেও আমাদের তা করতে হবে। সেটা হচ্ছে যে পাকিস্তানকে আমরা রিজনেবল এ্যাটিচ্যুড-এ নিয়ে আসতে চাই, যদি তাদের মানবীয় যে কর্তব্য, সে কর্তব্য পালনে আমরা তাদের বাধ্য করাতে চাই তা হ'লে আমাদের যে পলিসি পাকিস্তান সম্বন্ধে এতদিন আমাদের কেন্দ্রীয় সরকার ফলো করছেন সেই পলিসি আমাদে সম্পূর্ণ বদলে ফেলতে হবে। আমি মনে করি না, আমাদের পাকিস্তান

policy is a policy of appeasement. তা আমি মনে করি না। কিন্তু

Pakistan policy is a policy if persuasion by appealing to their good sen

কিন্তু এতে কোন আশা নেই, ভবী ভুলবে না, পাকিস্তানের বর্তমান যে সরকার সে সরকারের কিছুমাত্র মানবতা বোধ বা কিছুমাত্র সেন্স অফ জাস্টিস বা সেন্স অফ হিউম্যানিটি আছে বলে আমি মনে করি না। সুতরাং তাদের শুধু মাইল্ড প্রোটেস্ট করে কিছুমাত্র লাভ হবে না। আমার মনে হয় আমাদের কেন্দ্রীয় সরকারের উচিত ইকনমিক স্যাংকশন যাকে বলে তাই এ্যাপ্লাই করতে প্রস্তুত হউক। শুধু কথা বলে তাদের কিছু ভুলানো যাবে না।

A leopard can not change its spots.

[5-20—5-30 p.m.]

সুতরাং আমাদের স্টারনার মেজার যা আছে তাই আমাদের অবলম্বন করার জন্য প্রস্তুত থাকতে হবে। আগেই বলেছি একটা স্টারনার মেজার হচ্ছে ইকনমিক স্যাংকসন প্রয়োগ করা। সাউথ আফ্রিকা যখন আমাদের কথা শুনে নি, যখন তারা অত্যাচার আরম্ভ করল এবং কিছুতেই যখন আমরা তাদের ন্যায়সঙ্গত আচরণ দেখাতে পারলাম না তখন আমাদের প্রবাসী ভারতীয়েরা সেখানকার সরকারের বিরুদ্ধে আন্দোলন আরম্ভ করল এবং আমাদের সরকার তাদের বিরুদ্ধে এই অস্ত্র প্রয়োগ করলেন। আমাদের নন্দ সাহেব ভাল লোক, আমি তাঁকে যতটুকু দেখেছি তাতে তাঁর প্রতি বিশেষ শ্রদ্ধা পরায়ণ হয়েছি। তিনি মনে করছেন যে মানুষ হয়ত ভুল করে করুক, কিন্তু তারপর এমন একটা সময় আসে যখন তার ভেতর মানবতা বোধ জাগ্রত হয়। তিনি তাই বলছেন যে পাকিস্তান সরকারের মধ্যে মানবতা বোধ জাগ্রত করে তিনি সুফল লাভ করবেন। কিন্তু তা সম্ভবপর নয়। সুতরাং আমাদের ইকনমিক স্যাংকসান পাকিস্তানের বিরুদ্ধে এ্যাপ্লাই করতে হবে।

Shri Mohit Kumar Moitra :

এটা কি কংগ্রেস পার্টি থেকে বলছেন, না, নিজের কথা বলছেন?

Shri Mohitosh Roy Choudhury :

পার্টি থেকে বলব কেন, এটা আমার ইনডিভিজুয়াল ওপিনিয়ান।

There is no whip on anybody. There is no injunction from anybody in the Congress

তৃতীয় কথা হচ্ছে ইকনমিক স্যাংকসনের পরে আর একটা কথা আমার মনে হয়। পাকিস্তানে আমাদের যে সমস্ত মাইনরিটি আছে তাদের সকলকে এখানে নিয়ে আসা ছাড়া আর কোন উপায় নেই। তাদের প্রতি আমাদের যে অবলিগেসান সেই অবলিগেসান শুধু মরাল অবলিগেসান নয়। আমার ও পক্ষের বন্ধুরা শুধু মনে করবেন না যে বিরোধীপক্ষই একমাত্র পাকিস্তানের হিন্দুদের প্রতি সহানুভূতিশীল। আমাদের এপক্ষের কিছুমাত্র সহানুভূতি নেই এ কথা মনে করবেন না আমরা সকলেই মনে করি যে পাকিস্তানে হিন্দু মাইনরিটি রক্ষা করা ভারত সরকারের দায়িত্ব এবং সেই দায়িত্ব এতদিন তাঁরা সম্পূর্ণভাবে স্বীকার না করলেও বর্তমানে যে স্বীকার করেছেন এই বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই। সুতরাং সেই পাকিস্তানের হিন্দুদের এখানে নিয়ে আসার ব্যবস্থা করতে হবে। নতুবা আর কোন উপায় নেই। তাদের ভেতর অনেকেই আসবে না। তাদের আসার জন্য আমরা কিছু প্রলোভন বা উৎসাহ দেব না। কারণ, আপনারা যতই সহানুভূতি সম্পন্ন হন না কেন, আমরা যতই চেষ্টা করি না কেন, এখানে তাদের ভবিষ্যৎ খুব ব্রাইট বলে আমি মনে করি না। আমরা তাদের কাউকে ইনডিউস করব না। কিন্তু যারা আসতে চাইবে তারা যাতে আসতে পারে তার জন্য আমরা সম্পূর্ণ সুযোগ দেব। ট্রাভেল ডকুমেন্টস নিয়েই হোক বা ট্রাভেল ডকুমেন্টস না নিয়েই হোক যারা আসবে তাদের নিয়ে আসব, তাদের আসতে যাতে কোন রকম বাধা না হয় তার জন্য আমরা চেষ্টা করব। বাস্তবে কেন্দ্রীয় সরকার এ বিষয়ে বর্তমানে আর কিছু বাধা রাখেনও নি। কাগজের মারফত দেখা যাচ্ছে যে তাদের সকলকেই আসতে দিতে রাজী তাঁরা হয়েছেন এমন কি উইদাউট ট্রাভেল ডকুমেন্ট এ ছাড়া এ কথাও বলেছেন যে এখানে আসার পর তাদের রিলিফ এবং রিহ্যাবিলিটেশান যতখানি দেওয়া দরকার তা তাঁরা দেবেন। এখন কথা হচ্ছে তারা এলে কোথায় আমরা তাদের রাখব। দণ্ডকারণ্যে

নিয়ে যাওয়া ছাড়া বর্তমানে কিছু উপায় নেই। কিন্তু দণ্ডকারণ্যে নিয়ে গেলেই সমস্ত সমস্যার সমাধান হবে না। দণ্ডকারণ্যে যারা যাবে তারা সব রিফিউজি নয়। তাদের ভেতর only a fraction of the refugees will be fit for rehabilitation in Dandakaranaya.

তাহলে অন্য লোকের কি করা যাবে? তার জন্য আমাদের প্যাটেল সাহেব একবার বলেছিলেন যে এদের বসবাসের জন্য যে পরিমান জমির দরকার আমরা সেই পরিমান ল্যান্ড পাকিস্তানের কাছে দাবি করব। অবশ্য দাবি করে কিছু ফল হবে বলে আমার মনে হয় না। দাবি আমরা করতে পারি, কিন্তু তা তারা শুনবে না, কোন ন্যায্য দাবিই তারা শুনছে না। তবুও আমাদের জোর করে বলতে হবে যে তোমাদের এ দাবী স্বীকার করতেই হবে। আর একটা জিনিসও আমরা করতে পারি। সেটা হচ্ছে যে সমস্ত পাকিস্তানী নাগরিক ভ্যালিড ডকুমেন্টস না নিয়ে জোর করে এখানে অনুপ্রবেশ করেছে সেই সমস্ত পাকিস্তানী নন্ হিন্দুদের আমাদের এখান থেকে বিতাড়িত করতে হবে। এই বিষয়ে আমাদের নির্মমভাবে কাজ করতে হবে। এতে হয়ত পাকিস্তানে হিন্দুদের উপর এর প্রতিক্রিয়া হবে, অত্যাচার হবে, কিন্তু তার তো কোন উপায় নেই। যে সমস্ত পাকিস্তানী মুসলমান এখানে অবৈধভাবে প্রবেশ করেছে নির্মম ভাবে তাদের আমাদের পাকিস্তানে সরিয়ে দিতে হবে। তা ছাড়া বর্ডারে যে সমস্ত মুসলমান আছে সেই সমস্ত মুসলমানদের বর্ডার থেকে ভেতরে নিয়ে আসতে হবে। যাঁরা বর্ডারে গেছেন তাঁরা সকলেই জানেন বর্ডারের অবস্থা ক্রমেই এমন হয়ে যাচ্ছে যে সে অঞ্চল খুব শীঘ্রই পাকিস্তান হয়ে যাবে।

আমার একটু আগে জনৈক বিরোধীপক্ষীয় বন্ধু বললেন বর্ডার অঞ্চল মুসলমানে ভরে গেছে, হিন্দুরা কোনঠাসা হয়ে পড়েছে। আর একজন বন্ধু বললেন এই বর্ডারের একটি অঞ্চলে পাকিস্তানী মুসলমান —তারা বাঙ্গালী মুসলমান নয়—বাঙ্গালী মুসলমানরা আমাদের উপর বিশেষ সহানুভূতিশীল একথা আমি আমার পাকিস্তানী বাড়ী থেকে খবর পাচ্ছি, কিন্তু বিহারী মুসলমানরা এবং কিছু কিছু নোয়াখালি এবং চাঁটগার বিশেষতঃ নোয়াখালি থেকে যে সব মুসলমান এখানে এসেছে তারা এখানকার মুসলমানদেরই মুসলমান বলেই গণ্য করে না তারা এসে জোর করে বাড়ী ঘর তৈরী করছে। সুতরাং যতই একাজ আনপ্লেজেন্ট হোক না কেন বর্ডারে যে সমস্ত মুসলমান আছে তাদের সকলকে ভিতরের দিকে সরিয়ে নিয়ে আসতে হবে এবং হিন্দুদের সেখানে নিয়ে যেতে হবে। এটাকে যদি বলেন এক্সচেঞ্জ অফ পপুলেশন তাহলে সেই এক্সচেঞ্জ অফ পপুলেশন আমাদের করতে হবে, তারজন্য গভর্নমেন্টকে সর্বপ্রকার সাহায্য করতে হবে। পাকিস্তানের সঙ্গে সংখ্যালঘু হিন্দুদের সম্বন্ধে আমাদের ভারত সরকারের যে সব আলোচনা হচ্ছে তা যদি ফলপ্রসূ না হয় তাহলে আমাদের লিমিটেড এক্সচেঞ্জ অফ পপুলেসান ছাড়া আর কোন উপায় নেই। যদি ভবিষ্যতে বর্ডারের দুই দিকের দুই রাষ্ট্রের লোকেরা সুখে শান্তিতে থাকতে চায় তাহলে এছাড়া কোন উপায় নেই। আমি স্বীকার করি এ ব্যবস্থা অত্যন্ত পেনফুল, এটা লাস্ট রিসর্ট। নন্দ সাহেব বলেছেন ইট ইজ আনথিংকেবল। সত্যই ইট ইজ আনথিংকেবল কিন্তু পার্টিশন অব ইণ্ডিয়াও একদিন আনথিংকেবল ছিল, যখন আর কোন সলিউশন না থাকে তখন আনথিংকেবল জিনিষ করতে হয়। আমি সরকারকে বলছি যে এ বিষয়ে সিরিয়াসলী তাঁরা ভাবুন। আবারও বলি বলা হয়েছিল পার্টিসান কিন্তু আণ্ডার কমপালসন অফ সারকামস্টানসেস যেটা আনথিংকেবল সেটাই করতে

হয়েছিল। হয়ত আমাদের এই পথই শেষ পর্যন্ত গ্রহণ করতে হবে। নতুবা আর কোন উপায় থাকবে না। পাকিস্তান উইল নেভার সি রিজন সুতরাং এ বিষয় সম্বন্ধে এখন থেকেই আমাদের ভাবতে হবে। যা হোক সেটা পরের কথা, আজকের কথা নয়। তবু আমি এ কথাটির যে একটু উল্লেখ করলাম অনেকে একথা মনে মনে ফিল করেন বলেই। আমি বহু লোকের সংগে কংগ্রেসী এবং নন্-কংগ্রেসী বন্ধুদের সংগে আলাপ করেছি। তাঁরা সকলেই একথা বলেন এক্স-চেঞ্জ অব পপুলেশন ছাড়া আলটিমেটলি আর কোন উপায় নেই। নিঃসন্দেহ যে এটি অত্যন্ত কড়া দাওয়াই। আয়ুর্বেদে ব্যবস্থা আছে রোগীর যখন মুমূর্ষ অবস্থা, যখন বাঁচার আর কোন উপায় থাকে না তখন বিষ বড়ি প্রয়োগ করতে হয়। সেই বিষ বড়ি প্রয়োগের সময় অবশ্য এখনও আসে নি, আমরা তা প্রয়োগও এখন করব না। যতদূর সম্ভব অন্য ব্যবস্থা অবলম্বনে আমরা এখানে শান্তি স্থাপন করবো। আমাদের মধ্যে মুসলমান যাঁরা আছেন তাঁরা যাতে সুখে স্বাচ্ছন্দে থাকতে পারেন আমরা সে বিষয়ে প্রাণপণ চেষ্টা নিশ্চয়ই করবো। কিন্তু যদি এ ব্যাপারে অবস্থা আয়ত্বের বাইরে চলে যায় তাহলে শেষ পর্যন্ত আমাদের একথা ভাবতে হবে। এটি আমাদের সকলেরই মনে রাখা উচিত। একেবারে আনথিংকেবল বলে, একেবারে অপ্রীতিকর ও বেদনাদায়ক বলে মন থেকে এই চরম ব্যবস্থার কথা মুছে ফেলে দেয়া ঠিক নয়। এই প্রসঙ্গে আর একটা কথা বলে আমি শেষ করবো। সরকারকে সাম্প্রতিক দাঙ্গা নিয়ে যে সমালোচনা করা হয়েছে বাস্তবিকই তা আনফেয়ার ক্রিটিসিজম্। আমার মনে হয় কলকাতার ঘটনাকে একটু ওভার ড্রামাটাইজ করা হয়েছে। কিন্তু তাহলেও সরকারের এ বিষয়ে যে 'ভাইস' হয়েছে যেটা সেটা "লিনস অন ভারচু" সাইডস। সুতরাং এই দাঙ্গা থামাবার ব্যাপারে যদি তাঁরা একটু ওভার স্ট্রিক্ট মেজার নিয়ে থাকেন, তাহলে আমি তাদের দোষ দেব না, বরং আমি এই অশান্তি দূর করার জন্য তাদের চেষ্টাকে সমর্থন জানাবো। আমাদের রাজ্যপালিকা যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ সম্বন্ধে আরও অনেক কথা বলার থাকলেও বাজেট আলোচনার সময় ছাড়া তা বলার এখন সময় নেই। মোটামুটি তাই তিনি যেকথা বলেছেন আমি তার সমর্থন জানাই। দুর্ভাগ্যের বিষয় আমার সংগে তাঁর ব্যক্তিগত পরিচয় নেই। সুতরাং তাঁর এই ভাষণের ভেতর তাঁর হৃদয়হীনতার পরিচয় যা আমার বন্ধুরা অনেকেই বলেছেন তা কিছু আছে কিনা আমি জানি না। তবে তাঁর হাবভাব কাজকর্ম দেখে যা মনে হয় তিনি হৃদয়হীন নন এবং তাঁর সরকার পাকিস্তানে নির্যাতিত হিন্দুদের সম্বন্ধে যথাসাধ্য চেষ্টা করছেন। সুতরাং তাঁর বক্তৃতার ভেতর এ বিষয়ে কিছু উল্লেখ নেই ব'লে তাঁর অমার্জনীয় অপরাধ হয়েছে—এই যুক্তিতে তাঁকে কণ্ডেম করার কোন কারণ দেখি না।

[5-30—5-40 p.m.]

Shri Pashu Pati Jha:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবাংলার সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে উদ্বাস্তু সমস্যা। আজকে আমরা কি অবস্থায় এসে দাঁড়িয়েছি সে সম্বন্ধে প্রত্যেক জায়গায় আলোচিত হচ্ছে। পাকিস্তানে সংখ্যালঘু সম্প্রদায় হিন্দুদের উপর বর্বরোচিত আক্রমণ হল, তা নিয়ে সর্বত্র আলোচনা চলেছে। কাশ্মীরের কোথায় হজরতবাল মসজিদ থেকে সামান্য কেশ চুরির ব্যাপারকে কেন্দ্র করে খুলনায় হিন্দু নরনারীর উপর জঘণ্য অত্যাচার আরম্ভ হল, এবং এটাকে অনেকেই সাম্প্রদায়িক দাঙ্গা বলেছেন। কিন্তু আমার মনে হয় এটা সাম্প্রদায়িক নয়, এটা পলিটিক্যাল, এবং এটা পূর্বপরিকল্পিত। তার রিএ্যাকসন হিসাবে আমাদের এখানে, কলকাতায় যে দাঙ্গা

হয়েছে, সেজন্য নিশ্চয় আমরা লজ্জিত, দুঃখিত ও ব্যথিত; এবং তাতে ভারতবর্ষের সুনাম নষ্ট হয়েছে। আমরা সকলে মিলে প্রতিজ্ঞা করবো পশ্চিম বাংলায় বা ভারতবর্ষের কোন স্থানে যেন এই রকম আক্রমণ আর না হয়, এবং সকলের নিরাপত্তা যেন সমান হয়, তারজন্য আমরা সকলে আপ্রাণ চেষ্টা করবো। সুখের বিষয় যে আমি কলকাতায় এসে দেখতে পাচ্ছি, যে এখানে সত্যি, সত্যিই সংখ্যালঘু সম্প্রদায়ের ভিতর নিরাপত্তার অভাব কারও চোখে পড়েনি। অথচ শিয়ালদহ ষ্টেশন-এ পূর্ববঙ্গ হতে আগত শত, শত উদ্বাস্তুদের দুরবস্থা পরিলক্ষিত হয়। কালও দেখেছি কতকগুলি মেয়েছেলে এসেছেন, তাদের পরণে বস্ত্র নেই, শুধু সায়া, ব্লাউজ পরে কোন রকমে লজ্জা নিবারণ করছেন এবং তারা যেন বলির পাঁঠার মত কাঁপছেন। সেই অবস্থা আমাদের এখানে হয়নি এবং ভবিষ্যতেও হবে না, এ আমি বিশ্বাস করি।

স্যার, এ সম্বন্ধে আমি কতকগুলি সাজেসান আপনার সামনে রাখতে চাই। কারণ, এ ব্যাপারটা হচ্ছে একটা পলিটিক্যাল ব্যাপার,—তাকে সাম্প্রদায়িক রূপ দেওয়া হচ্ছে। আমাদের বর্ডারে ওপার থেকে যারা আসছেন, তাদের দণ্ডকারণ্যে পাঠাবার পূর্বে, তাদের ঐ ভারত-পাক সীমান্তে তিন মাইলের মধ্যে প্রতিষ্ঠা করা দরকার। ভারতের ও বাংলার নিরাপত্তার জন্য তাদের ঐ সীমান্ত এলাকায় রাখা দরকার। এর পূর্বেও কিছু গোলমাল হয়ে গিয়েছে, এবং নেহরু-লিয়াকত আলি প্যাক্ট আমরা করেছি। আমাদের ভারতবর্ষের সরকার সেই প্যাক্ট যথাযথ ভাবে পালন করে চলেছেন, কিন্তু, পাকিস্তান সরকার বৃদ্ধাঙ্গুষ্ঠি দেখিয়ে, যে সর্ত তাঁদের পক্ষে গ্রহণযোগ্য বলে তাঁরা মনে করেন, সেইটা তাঁরা গ্রহণ করে থাকেন, আর বাকী সর্তগুলি তাঁরা বর্জন করেন। আমরা তাদের দুয়ারে ধর্ণা দিই, আমরা তাদের কাছে কাতর আবেদন জানাই, এবং বড় জোর প্রতিবাদ করি। কিন্তু, এর মূল্য কি? আপনারা সকলে জানেন যে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী যুক্ত সফরের জন্য পাকিস্তান সরকারের কাছে আবেদন করেন। কিন্তু পাকিস্তান সরকার কিছু-দিন নীরব থেকে, সরাসরি সে প্রস্তাব প্রত্যাখ্যান করেন। সেখানে সাম্প্রদায়িক সম্প্রীতি স্থাপন করা, —পাকিস্তানের সঙ্গে সম্প্রীতি রাখা আমাদের পক্ষে সম্ভব বলে আমি মনে করতে পারছি না।

আজকে সবচেয়ে প্রয়োজন হয়েছে, যারা সেখানে লাঞ্ছিত, নির্যাতিত নিপীড়িত ও নিগৃহিত, তাদের উদ্ধার করে এনে এখানে স্থান দিতে হবে। যে ভাবেই হোক, তাদের উদ্ধার করে এখানে আশ্রয় না দিলে, সংখ্যালঘু সম্প্রদায় সেখানে একেবারে নিশ্চিহ্ন হয়ে যাবে। আমাদের এখানে আবদুল্লা রসুল সাহেব বলেছেন যে পাকিস্তানে সাম্প্রদায়িক দাঙ্গার ফলে এক কোটী সংখ্যালঘু সম্প্রদায় এখানে চলে আসবেন। কিন্তু, তিনি নিশ্চয় জানেন, সেখানে এক কোটী নয়, তার চেয়ে অনেক বেশী, প্রায় আড়াই কোটী সংখ্যালঘু সম্প্রদায় রয়েছেন, এবং তারমধ্যে প্রায় ৫০ লক্ষ ইতিমধ্যেই চলে এসেছেন। সেখানে এই রকম ভাবে বারবার তাদের উপর চাপ পড়বে, কতকজনকে তারা কেটে সাবাড় করে দেবেন, আর কতকজন, তারা প্রাণ ভয়ে এপারে চলে আসতে বাধ্য হবেন এবং তাদের ধন সম্পত্তি যা সেখানে থাকবে, তা তারা লুঠ করে নেবেন। এই ভাবে প্রতি বছর বারবার এই রিএ্যাকশন দেখা দেবে। কারণ ওপারের লোকের আত্মীয় স্বজন এপারে আছেন, তাদের প্রত্যেকের মন, ওপারের লাঞ্ছিত, নির্যাতিত সর্বহারাদের জন্য দুঃখিত, ব্যথিত এবং সমবেদনাশীল, তারা যখন তাদের আত্মীয় স্বজনদের উদ্ধারের কোন পথ দেখতে পাবেন না, তখন তাদের মধ্যে একটা আউটবার্স্ট হওয়া স্বাভাবিক এবং এর ফলে এখানে লুঠতরাজ চলতে থাকবে, এবং আমাদের সরকারের যে বুলেট, তা রোধ করতে পারবে

না, এটা আমি স্বীকার করি। কিন্তু, আমাদের এখানে এমন একটা আবহাওয়া সৃষ্টি করতে হবে যে পূর্ববঙ্গের দুর্গত নর-নারীদের দুঃখ আমরা যদি ভুলিয়ে দিতে না পারি, তাদের দুঃখে যদি প্রলেপ দিতে না পারি তাহলে চির অশান্তি আমাদের পেছনে লেগেই থাকবে। আমরা চাই ভারতের সুনাম যাতে কোন রকমে কলঙ্কিত না হয়। সেইজন্য আমরা বরাবর চেষ্টা করে আসছি, ভারতের ঐতিহ্যকে আমরা পদদলিত করতে দেবো না সামান্য দাংগায়। হিন্দু, মুসলমান, আমরা পরস্পর ভাই, ভাই হয়ে বাস করে আসছি এবং করবোও। এবং তারজন্য আমাদের ক্ষেত্র প্রস্তুত করতে হবে। শুধু আবেদন আর নিবেদনের মাধ্যমে নয়, বলিষ্ঠ নীতির মাধ্যমে না হলে এ সমস্যার সমাধান হবে না। আমি আর দুই একটী কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। প্রথমে আমি স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে দুই একটা কথা আপনার মাধ্যমে মন্ত্রী-মহাশয়ের কাছে রাখতে চাই। মালদহে যে সব স্টেট ট্রান্সপোর্ট চলছে প্রত্যেকটির অবস্থা এত খারাপ যে তার উপরে চড়লে মনে হয় না যে ঠিক যেখানে যাওয়া দরকার সে জায়গায় যেতে পারব। কারণ মাঝ রাস্তায় এমন জায়গায় দাড়িয়ে যাবে যে আর বেশী দূর যাওয়া যাবে না। সেখানে প্রতিটি বাস খারাপ হয়ে গেছে, যাত্রী সাধারণের এই বাসের উপর আস্থা নাই। তার ফলে যা হয়েছে কতকগুলি ট্যাক্সি আছে যার উপরে গাধা বোঝাই হয় এমনকি ছোট ট্যাক্সিতে ১৬ জন পর্যন্ত যাত্রী নেওয়া হয়। এটা একটা অদ্ভুত অবস্থা হয়েছে। স্টেট ট্রান্সপোর্ট ছাড়া অন্য কোন প্রাইভেট বাস না থাকার ফলে জনসাধারণকে নানা রকম কাজে যেতে হয়, তাদের যে কি দুর্ভোগ তা মালদহবাসী মাত্রই জানেন। সুতরাং আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে মালদহে যে সব স্টেট ট্রান্সপোর্ট চলে সেগুলি যেন যথারীতি এবং যথাসময়ে চলে তার ব্যবস্থা করেন। আর তা যদি করতে অপারগ হন তাহলে প্রাইভেট এন্টারপ্রাইজ-এ যাতে বাস চলে তার ব্যবস্থা করুন। দ্বিতীয় কথা আমার হচ্ছে এগ্রিকালচার সম্বন্ধে। কৃষির উন্নতির জন্য সর্বাপেক্ষা গুরুত্ব দেওয়া হয়েছে এটা খুবই আনন্দের কথা। আমি এমন একটা এলাকা থেকে এসেছি যেখানে শতকরা ৯৫ জন লোক কৃষির উপরে প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে নির্ভরশীল। কৃষির উন্নতি না হলে আমাদের দেশে খাদ্য সমস্যার সমাধান হবে না। এবং এখন পাকিস্তান থেকে অনেক ভাইবোন আমাদের এখানে চলে আসছেন তাদেরও খাওয়াবার ব্যবস্থা করতে হবে। সেজন্য আরও বেশী কৃষির উপর গুরুত্ব দেওয়া উচিত। শুধু টাকা পয়সা খরচ করলেই কিম্বা বড় বড় প্ল্যান করলেই যে সমস্যার সমাধান হবে সেটা আমি এগ্রিকাল-চারিস্ট হিসাবে মনে করি না। খানিকটা যে হবে সেটা আমি স্বীকার করি কিন্তু তার সঙ্গে সঙ্গে কৃষকের সঙ্গে যোগাযোগ রাখা দরকার। যারা ভাল কৃষক তাদের সঙ্গে কথাবার্তা বলা দরকার। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আমার এলাকায় কোনরকম ফারটিলাইজার পাওয়া যায় না। এর আগেও আমি বলেছি যে আমার এলাকায় ফারটিলাইজার-এর কোন ব্যবস্থা আছে বলে আমি জানি না। আমি শুনেছি তারা নাকি ডিলার এ্যাপয়েন্ট করতে পারছেন না। এবং আমার এলাকায় জল দেবারও কোন ব্যবস্থা নাই। সামান্য কয়েকটা ছোট ছোট টিউবওয়েল আছে তাছাড়া আর কোন জলসেচের বাবস্থা নাই। আমি অত্যন্ত জোরের সঙ্গে বলছি যে যদি জলসেচের ব্যবস্থা করা যায় তাহলে আমার এলাকা উদ্বৃত্ত অঞ্চল হবে এবং আমরা অন্য জেলাকেও খাদ্যশস্য সাপ্লাই করতে পারব। আমি এদিকে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Chairman: The House stands adjourned till 1-30 p.m. on Monday, the 17th February, 1964.

Adjournment

The Council was accordingly adjourned at 5-40 p.m. till 1-30 p.m. on Monday, the 17th February 1964, in the Legislative Building, Calcutta.

Members absent

Acharyya, Shri Snehangshu Kanta.
Bisi, Shri Promotho Nath.
Bose, Shri Aurobindo.
Chatterjea, Shri Devaprasad.
Choudhuri, Shri Ananda Prosad.
Ghose, Shri Kali Charan.
Ghosh, Shri Ashutosh.
Goswami, Shri Kanailal.
Haldar, Shri Gopal.
Majumdar, Shri Rajendra Nath.
Mohammad Jan, Shri Shaikh.
Mookerjee, Shri Kamala Charan.
Mukherjee, Shri Sudhindra Nath
Prodhan, Shri Lakshman.
Roy Chowdhury, Shri Sarat Chandra.
Singha, Shri Biman Behari Lall
Singha, Shri Jatindra
Sinha, Shri Rabindralall.

Monday the 17th February, 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 17th February 1964, at 1-30 p.m. being the Fifth Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the chair.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Enquiry against the Secretary, Irrigation Department

*33. **Shri Jatin Chakravorty :** With reference to the reply given in the Council on 2nd January 1964 to the starred question No. 19 will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) whether the enquiry conducted by the Chief Secretary to the Government of West Bengal has since been completed ; and

(b) if so, what are the findings ?

[1-30—1-40 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen : (a) The Chief Secretary could not reach any definite conclusion as a result of the enquiry held by him.

(b) In view of what is stated above no findings could be reached.

Shri Jatin Chakravorty :

চীফ মিনিস্টার এনকোয়ারীটা কবে শেষ করেছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

চীফ মিনিস্টার নয়, চীফ সেক্রেটারী। কবে শেষ করেছেন আমি বলতে পারব না, তবে তিনি আমাকে জানিয়েছেন যে দি পজিসান ইজ্ দিজ্

Certain allegations, as alleged, had been made against the Secretary, Irrigation and Waterways Department, by some newspaper reporters who had assembled in his room. While making his enquiry the Chief Secretary found that the reporters in question were extremely reluctant to disclose anything, as they felt that it was against the ethics of the profession to disclose the information received by them from any source.

In the circumstances, no definite conclusion could be reached.

Shri Jatin Chakravarty :

মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন সেই অফিসারটাকে রাইটার্স বিল্ডিংস থেকে সরান হয়েছে কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁকে উন্নত করা হয়েছে।

Shri Jatin Chakravarty :

কারোর বিরুদ্ধে যদি কোন এনকোয়ারী হয় তাহলে কি এটাই আপনাদের প্রোসিডিওর যে তাকে ট্রান্সফার করাতে গেলে ঐ উন্নত করে ট্রান্সফার করান হয় ?

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি কোন গর্হিত কাজ করেন নি যার জন্য এনকোয়ারী হয়েছে। যে এনকোয়ার হয়েছে তার কোন ফলও হয়নি। কারণ, যারা কমপ্লেন করেছিল তারা কোন সাক্ষী দেয়নি।

Shri Jatin Chakravorty :

মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই যে অন্ততঃ রাইটার্স বিল্ডিংস থেকে এইরকম একজন দায়িত্বহীন অফিসারকে তিনি সরিয়ে দিয়েছেন।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি মনে করি না যে তিনি দায়িত্বজ্ঞানহীন অফিসার, তিনি খুব দায়িত্বজ্ঞান সম্পন্ন অফিসার।

Electrification in Murshidabad and Jangipur Municipalities

***34. Shri Nagendra Kumar Bhattacharyya :** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the areas covered by the Murhidabad and Jangipur Municipalities have been fully electrified ; and

(b) if not, when it is likely to be done ?

The Hon'ble Tarun Kanti Ghosh : (a) Electricity is being supplied to the areas covered by these two Municipalities.

(b) Does not arise.

Shri Nagendra Kumar Bhattacharyya : Will the Hon'ble Minister be pleased to state whether the electricity is supplied to the entire Municipalities of Murshidabad and Jangipur ?

The Hon'ble Tarun Kanti Ghosh : These two areas are under the municipalities and, naturally, the State Electricity Board supplies electricity to these areas where it is asked for by the municipalities or by individual owners of the house.

Shri Nirmal Chandra Bhattacharyya : Do I understand that electricity in those areas is being supplied by the State Government ?

The Hon'ble Tarun Kanti Ghosh : By the State Electricity Board and not by any private company.

Shri Nirmal Chandra Bhattacharyya : Was there any private company in existence operating in Murshidabad and Jangipur ?

The Hon'ble Tarun Kanti Ghosh : I do not know.

Calcutta Telephone Directory

***35. Dr. Janaki Ballabha Bhattacharyya :** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the paper consumed for the biennial publication of Calcutta Telephone Directory is debited to the quota of paper of West Bengal;

(b) if so, the annual debit of paper for the said purpose ; and

(c) whether State Government pressed the Central Government to stop the publication biennially and to publish the the directory at an interval of five years with six monthly supyplements showing changes in directory for purpose of paper economy ?

The Hon'ble Tarun Kanti Ghosh : (a) No.

(b) Does not arise.

(c) No.

Alleged molestation of a girl and a woman

***36. Shri Jatin Chakravorty :** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that (i) Kumari Mamata Pal, aged 14 years and a student of class VI of Thakurnagar Girls' School, and

(ii) the wife of Shri Sripati Biswas, both of Koyagram, police-station Gaighata, subdivision Bongaon, were molested by constables of the West Bengal Police Force on Thursday, the 16th January, 1964, at about 10 p.m. during the rounding up of the alleged offenders involved in the disturbances in that area ; and

(b) if so, what action, if any, the Government has taken or contemplates to take against those constables ?

The Hon'ble Prafulla Chandra Sen : (a) (1) and (2) No.

(b) Does not arise.

Bus Services at Chinsurah

***37. Dr. Janaki Ballabha Bhattacharyya :** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(i) that in 1958-59, small buses of route No. 1 used to ply on the Station Road, Chinsurah;

(ii) that at present big buses of ruotes Nos. 1, 2, 17 and 18 are allowed to ply on the said road in addition to the lorry traffic on Dhaniakhali Road without the road being widened for the increased traffic ; and

(iii) that there are three motor repairing garages which carry on repair work of vehicles keeping them on the road ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what safety measures have been taken for the cyclists about two thousand in number and passengers of about four hundred cycle rickshaws passing along the said road daily ;

(ii) what steps have been taken against the owners of those three garages for repairing the vehicles on the road ; and

(iii) whether any mobile police vigilance has been placed on the road to keep the vehicles within the safety speed limits ?

The Hon'ble Saila Kumar Mukherjee : (a) (i) Yes.

(ii) At present buses of routes Nos. 1 and 2 pass through Netaji Subhas Road and Mahatma Gandhi Road. Buses of routes Nos. 17 and 18 pass through Prosad Das Sen Road, Vivekananda Road, G. T. Road and Chinsurah-Dhaniakhali Road.

(iii) No.

(b) (i) No special arrangement can be made for easy moving of the cycle rickshaws and pedestrians until Netaji Subhas Road is widened. The other roads are sufficiently wide.

(ii) Does not arise.

(iii) Yes.

Terms of appointment of the Secretary, Education Department

***38. Dr. Janaki Ballabha Bhattacharyya :** Will the Hon'ble Minister-in-charge of the Home (General Administration) Department, be pleased to state—

(a) whether the appointment of Dr. D. M. Sen, Secretary of the Education Department, Government of West Bengal, has been made on a contract basis ;

(b) if so, what are the terms and conditions of the contract ; and

(c) when the contract period will expire ?

The Hon'ble Prafulla Chandra Sen : (a) Yes.

(b) The terms and conditions of the contract are in brief as follows :—

(i) The period of employment is from 25th November 1961 to the 31st March 1966.

(ii) Either party may terminate the agreement at any time within the said period by six months' notice to the other party.

(iii) The Governor may at anyt ime dispense with the serivces of the employee without notice in the event of misconduct on his part or of a breach by him of any of the conditions of the contract.

(iv) Government will pay to the employee a pay of Rs. 2,750 p.m. plus house rent allowance as admissible under the rules.

(v) He will be entitled to leave in accordance with Model Leave Rules contained in Appendix 10-A of the Fundamental and Supplementary Rules.

(vi) He will not be entitled to any pension, but to the benefits of the Contributory Provident Fund.

(c) 31st March 1966.

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন যে এই যে কণ্ট্রাক্ট বেসিসে তাঁর পুনর্নিয়োগ হয়েছে এটা কবে হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

ঐ যে বলেছি ২৫শে নভেম্বর ১৯৬১ সাল।

Shri Jatin Chakravorty :

তখন আমাদের যিনি এডুকেসন মিনিস্টার ছিলেন তাঁর এ ব্যাপারে আপত্তি ছিল কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁর কোন আপত্তি ছিল বলে আমি জানি না।

Shri Jatin Chakrovorty :

উনি তো নিজে আছেন এডুকেসন মিনিস্টার অনুগ্রহ করে বলুন না তাঁর মত ছিল কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

পার্লিমেণ্টারির সঙ্গে মিনিস্টারের আপত্তি ছিল কিনা মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ প্রশ্ন উঠে না।

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সেটা বিচার করবার মালিক আপনার মাধ্যমে আমি প্রশ্ন করছি, আপনি বিচার করে বলুন যে এই এক্সটেন্সন দিতে আমাদের এডুকেসান মিনিস্টারের আপত্তি ছিল কিনা এবং তাঁকে ডিঙ্গিয়ে তাঁর মতামত না নিয়ে কেউ করেছেন কিনা ?

Mr. Chairman : Technically, it is not relevant but the Hon'ble Minister is present here, if he likes, he may make a statement.

[1-40—1-50 p.m.]

Shri Jatin Chakravorty:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমার সাপ্লেমেণ্টারী হচ্ছে উনি তো করছেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি হ্যাঁও করছি না, নাও করছি না।

Shri Narendra Nath Das:

মাননীয় সভাপতি মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের জবাব থেকে মনে হল, ১৯৬১ সালে যিনি এডুকেশন মিনিস্টার ছিলেন, তাঁর কাছে থেকে তিনি এ সম্বন্ধে অবহিত হননি। তাহলে হরেনবাবু এখানে উপস্থিত আছেন, তাঁর কাছে থেকে শুনতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা হয়েছে—হোম (এডমিনিস্ট্রেশান)-এর তরফ থেকে। কাজে কাজেই শিক্ষা মন্ত্রিমহাশয়ের সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

Shri Jatin Chakravorty:

এই অফিসারটিকে কয় বার আজ পর্যন্ত এক্সটেনসান দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এটা পড়ে দিচ্ছি

Dr. D. M. Sen was appointed by the Government of India in 1940 as Technical Assistant to the Educational Commissioner on contract terms. He continued under the Govvernment of India till 1948 when he was holding the post of Deputy Secretary-cum-Educational Adviser in the Ministry of Education. In 1948 this Government requested the Government of India to lend Dr. Sen's services to the State Government for the post of Secretary, Education Department and he joined the post of Secretary, Educat on Department, on 16th April, 1948. The appointment was made on contract terms for a period of five years. He was given a pay of Rs. 2,750. The contract was being renewed and extended from time to time as follows:

From 16th April, 1948 to 15th April, 1953;

From 16th April, 1953 to 25th November, 1956.

From 26th November, 1956 to 24th November, 1961; and lastly from 25th November, 1961 to 31st March, 1966.

Shri Jatin Chakravorty:

সাপ্লেমেণ্টারী কোয়শ্চেন স্যার। মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় আমাকে জানাবেন কি যে ১৯৬১ সালে এই যে তাঁকে আরও একবার এক্সটেনসন দেওয়া হল, এরপর আমাদের পরলোকগত মুখ্যমন্ত্রী, ডাঃ বিধানচন্দ্র রায়ের পর উনি মুখ্যমন্ত্রী হলেন, এই অফিসারটির দুটি পোস্ট ছিল তার একটা হল সেক্রেটারী অবদি এডুকেশান ডিপার্টমেণ্ট এবং আর একটা হল ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, আমাদের মুখ্যমন্ত্রী এখন তাঁকে ঐ দুটা পোস্টএ এক্সটেনসন দিলেন না, একটা পোস্ট থেকে তাঁকে সরালেন, আপনার অনেকগুলি যা গুরুত্বপূর্ণ কাজ আছে, তার মধ্যে এটা একটা ভাল কাজ করেছিলেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

যে সঙ্গে যে কণ্ট্রাক্ট হয়েছিল তাতে উনি সেক্রেটারী অব এডুকেসন ডিপার্টমেণ্ট হিসাবে যুক্ত হয়েছিলেন, তাঁকে ডিরেক্টর-এর পদে নিযুক্ত রাখা সম্বন্ধে কনট্রাক্টএ কিছু ছিল না।

Shri Jatin Chakravorty :

আপনি মুখ্যমন্ত্রী হবার পর যে কয়েকটি ভাল কাজে করেছেন, তার মধ্যে এই একটি ডাইরে অব পাবলিক ইন্সট্রাকসন এবং সেক্রেটারী, এডুকেসন ডিপার্টমেণ্ট, এই পোস্ট টাকে ভ করে, ওঁকে একটা থেকে সরালেন।

(No reply.)

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে অফিসারটি ১৯৪৮ সাল থেকে ১৯৬২ সাল পর্ক্রমানুয়ে ঐ একটি সেক্রেটারীর পোস্টে ছিলেন, এই রকম ইলাস্ট্রেশান আর কে পোস্টের সেক্রেটারিয়েটএ আছে কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই।

Shri Satya Priya Roy :

এই সেক্রেটারীটিকে ১৯৬১ সালে যখন পুনর্নিয়োগ করা হয়েছিল, তখন তাঁর বয়স কছিল ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই।

Shri Saatya Priya Roy :

সাপ্লেমেণ্টারী কোয়েশ্চেন স্যার। এই সেক্রেটারীর নিয়োগ সম্পর্কে দেখলাম উনি বাড়ী ভাড় ভাতা পান। কিন্তু উনি যে বাড়ীতে থাকেন, সেই বাড়ীতে আরও তিনটি অফিসে সাইনবোর্ড ঝুলছে, এই খবরটা কি মাননীয় মন্ত্রী মহাশয় জানেন ?

The Hon'ble Prfulla Chandra Sen :

না, আমার তা জানা নেই। নোটিশ দিলে বলতে পারবো।

Shri Satya Priya Roy :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, উনি যে বাড়ীতে থাকেন, সেটা কি গভর্নমেণ্টের রিকুইজিসন করা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

জানি না। নোটিশ দিলে বলতে পারবো।

Shri Narendra Nath Das :

উনি ঐ যে বাড়ীটিতে থাকেন সেটা কি তাঁর নিজের বাড়ী, না পরের বাড়ী ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তা জানি না। নোটিশ দিলে বলবো।

Dr. Srikumar Banerjee : Will the Hon'ble Chief Minister be pleased to state whether in view of the extremely unhealthy and undesireable influence on working of the new Universities that the association of this officer is causing, will he consider the desirability of granting him leave as may be due to him and terminate his services ?

The Hon'ble Prafulla Chandra Sen : We do not consider it desirable.

Dr. Srikumar Banerjee : Is the Hon'ble Chief Minister aware that he is primarily responsible for the violation of the Act and Statuties that are governing the newly started Universities ?

The Hon'ble Prafulla Chandra Sen : Sir, I think this does not arise out of this question.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে নিউ আলীপুরে তাঁর বাড়ীতে আরও কয়েকটি সরকারী অফিস রয়েছে তার জন্য তিনি ভাড়া পান কি না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তাঁর বাড়ী নিউ আলীপুরে না ওল্ড আলীপুরে তা আমি কিছুই জানি না। কাজেই নোটিশ দিলে সব জানিয়ে দেব।

Shri Satya Priya Roy :

রবীন্দ্র রচনাবলী প্রকাশ করা হয়েছে রবীন্দ্র শত বার্ষিকী জন্ম উৎসবে। তার অফিস কি তাঁর বাড়ীতে কি না এটা কি মুখ্য মন্ত্রী জানেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

রবীন্দ্রনাথ সম্বন্ধে এখানে কিছুই নেই, এখানে ধীরেন্দ্র মোহন সেন সম্বন্ধে আছে।

Shri Narendra Nath Das:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি বলবেন যে আইনে কি রয়েছে যে নিজের বাড়ী যদি থাকে তাহলে বাড়ী ভাড়া পায় কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

সবই উঠছে যে তিনি সত্যি নিজের বাড়ীতে আছেন কিম্বা কার বাড়ীতে আছেন, তা আমি জানি না। কাজেই এ সম্বন্ধে কিছু বলতে গেলে নোটিশ চাই।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে প্রশ্নগুলি করলাম তিনি নোটিশ চাইছেন, এটাকেই তিনি নোটিশ বলে মনে করে, আমরা যা জানতে চাইছি, তিনি এনকোয়ারী করবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

বিধিপূর্বক নোটিশ চাই।

Shri Jatin Chakravorty:

সে নোটিশ ছাড়াই আমি জানতে চাই আমরা যে কথাগুলি এখানে বললাম তার জ্ঞাতার্থে তিনি অনুগ্রহ করে এই সম্পর্কে কোন অনুসন্ধান করবেন কি ?

Mr. Chairman : This is a request for action.

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যদি একটা সর্ট নোটিশ দিই তাহলে মুখ্যমন্ত্রী এটা গ্রহণ করবেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আপনি যদি সর্ট নোটিশ কোয়েশ্চেন দেন তাহলে নিশ্চয়ই আমি তার উত্তর দেব। আজকেই দিতে পারব না।

Calling attention to matters of urgent public importance

Mr. Chairman : The attention of the Minister concerned was drawn on the 13th February, 1964, by Shri Santosh Kumar Bhattacharyya on the subject of non-payment of final grants to the non-Government Aided Secondary Schools in West Bengal for the year 1962-63. The Minister concerned will please make a statement if he has come prepared.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, 1,527 High Schools received grants-in-aid from the Board of Secondary Education, West Bengal, during 1961-62.

These Schools received, during 1962-63, cent. per cent. advance grant on the bas of the accounts for 1961-62. Final payment has been made to some of them f 1962-63 after adjustment of accounts. Final payment will be made to the re after adjustment of accounts. The Board has paid *ad interim* grants, first an second instalments for 1963-64 to all aided High Schools representing about 75 p cent. of the grants made to the schools during 1962-63, while 278 High Schoo received grants-in-aid from the Education Directorate. These Schools receive final grants for 1962-63 and *ad iterim* grants for 1963-64 representing 75 per cen of the grants made during 1962-63.

1,840 Junior High Shhools received lump grants from the Board up to 1962-6 In addition to the lump grants, additional grants were made to these Schools durin 1962-63 and 1963-64 in order to enable the Managing Committees to pay the qual fied teachers according to the revised pay scales. Steps are being taken by th Education Directorate forpayment of grants to all aided Secondary Schools by Marc 1963-64, on *ad hocl* basis, on the basis of grants made in 1962-63 subject to adjus ment later on.

[1-50—2-p.m.]

Mr. Chairman : I have before me 5 notices of calling attention on the followin subjects :

(1) Alleged assaul on Captain (Dr.) S. C. Dutta from Shri Dwijendralal Sen Gupta.

(2) Non-availablity of Government Publications "Kishalaya", "Itihas" and "Prakriti Parichaya" frim Shri Nirmalya Bagchi ;

(3) Suspension of issue of migration forms to the Hindus in East Pakistan from Shri Jatin Chakravorty;

(4) Visit of the Pakistan Deputy High Commissioner in the Lalbazar Police Headquarters from Shri Jatin Chakravorty; and

(5) Inadequate relief to the migrants from East Pakistan from Shri Narendra Nath Das.

I have selected Nos. 1, 3 and 5 in the above order. Honourable members may kindly read their motions.

Shri Dwijendralal Sen Gupta : Sir, my calling attention runs thus :

Captain S. C. Dutt, M.B., D.T.M., aged about 46 years Medical Officer Students Health Bureau, Calcutta University, and Pathologistt, Calcutta Corporation, Mayor's Chest Clinic, Bengal Chamber Unit, renowned pathologist of Calcutta was mercilesslly beaten in front of his residential house at P-67 C.I.T. Road, Entally, Calcutta by six or seven armed police on February 13,1964, at 9.50 p.m resulting in serious injury for which he had to be sent to the Emergency Department of the Calcutta National Medical Hospital immediately for treatment and a complaint was lodged in the Entally P.S. the next day. The said Armed Pickets are reported to be from Bihar and while assaulting Capt. Dutta with the butts also shouted, using filthy language, and did not stop beating abusing inspite of the disclosure of his identity as a local doctor. The assault on Capt. Dutta was about 20 minutes after the sound of cracker being burst in that locality. This

incident has shaken the morale of the people of the Entally area and as such the following points require to be clarified.

(a) whether the Government is aware of the fact of assault on Capt. S. C. Dutta by the Armed Constables on 13th February 1964 in the night,

(b) whether the Armed Constables were authorised to assault and/or abuse any citizen;

(c) whether any action has been taken against the Armed Constables responsible for assaulting and abusing a respectable citizen like Capt. Dutta and in what manner;

(d) whether any arrest was made in connection with the bursting of cracker on 13th February, 1964 in the night in C. I. T. Road, Dev Lane, area of Entally, Calcutta, and

(e) whether the Government contemplates any enquiry into the whole incident.

The Hon'ble Prafulla Chandra Sen : I will reply on the 25th February next.

Shri Jatin Chakravorty : Sir, my calling attention runs thus :

An alarming news item has been published in today's "Jugantar" and "Amrita Bazar Patrika" that the Indian High Commissioner at Dacca has temporarily suspended the issue of migration forms to the Hindus in East Pakistan. This report has caused deepest concern amongst the people of West Bengal who have been very rightly agitated. The Chief Minister is requested to immediately make a statement on:

(i) whether the report is true;

(ii) whether the West Bengal Government has contacted the Union Government to order the Indian High Commission at Dacca to immediately make arrangements for more officers and counters for distribution of migration forms and also to withdraw the suspension of issue suit of the forms.

The Hon'ble Prafulla Chandra Sen : I will reply on the 21st February.

Shri Jatin Chakravorty :

ননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই ২১শে ফেব্রুয়ার ন? আমাদের এখানে বহু আলোচনা হয়েছে এবং মাইগ্রেসান করবার সুযোগ ওয়া হোক এই কথা আমরা বলেছি। অথচ আমরা দেখছি যে যারা সেখানে ইগ্রেসান ফর্ম আনতে গেছে তাদের উপর লাঠি চালনা করছে। আমার মুখ্যমন্ত্রীর ছে জিজ্ঞাস্য হচ্ছে এই যে এই খবর পাবার পর তিনি দিল্লীর সঙ্গে যোগাযোগ রেন নি কেন বা এখন পর্যন্ত করেছেন কিনা? স্যার ঢাকাতে আমাদের যে হাই মিশনারের অফিস আছে তার সঙ্গে তিনি যোগাযোগ করতে পারতেন যে এই ঘটনা সত্য না। দুটো দায়িত্বপূর্ণ সংবাদপত্র এই খবরটা প্রকাশ করেছে এবং আমরা এই খবরটা য়েছি। মুখ্যমন্ত্রী সরাসরি এখান থেকে ঢাকায় অতি সহজে অনেককে আমি নিজে ক্তিগতভাবে জানি চিনি, ট্রাংককলের বন্দোবস্ত করে দিয়েছেন। তারা তাঁর কথায় ত সহজে ট্রাংক কল পেয়েছেন সেই দাংগার সময়। কিন্তু আজকে এতবড় ঘটনা ার পর সংবাদপত্রে বেরুবার পর তিনি এখান থেকে ঢাকাতে আমাদের যে ইণ্ডিয়ান ই কমিশনারের অফিস আছে সেখানে এই সম্পর্কে যোগাযোগ করেছেন কিনা, তাদের ষ্ট আকর্ষণ করেছেন কিনা সেটা আমরা জানতে চাই?

The Hon'ble Prafulla Chandra Sen:

মি দিল্লীর সঙ্গে যোগাযোগ করেছি কিনা সেটা বড় প্রশ্ন নয়। আমি সমস্ত বিষয় ষে ভাল করে জেনে ২১শে ফেব্রুয়ারী একটা বিবৃতি দেব।

Shri Satya Priya Roy :

বিবৃতি উনি দেবেন তার জন্য ধন্যবাদ। কিন্তু ইতিমধ্যে তিনি কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করে সেখানে দুর্ভাগ্য যে সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের লোক আছে যারা এই দেশে আসবার জন্য ব্যস্ত হয়ে রয়েছে তারা যাতে ফর্ম পেতে পারে তার জন্য তিনি চেষ্টা করবেন কিনা ? মুখ্যমন্ত্রী মহাশয় জানেন যে এই নিয়ে এই দেশের কি ভীষণ অধীর আগ্রহ রয়েছে। ইতিমধ্যে শরণার্থীরা যাতে মাইগ্রেসান ফর্ম পেতে পারে সেই ব্যবস্থা করবার চেষ্টা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে করবেন কিনা সেটা আমরা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি যোগাযোগ করব, কিন্তু বিবৃতি ২১এ ফেব্রুয়ারী দেব।

Shri Jatin Chakravorty :

স্যার, চীফ মাইগ্রেসান অফিসার অরুণাংশু দে তাঁর রিমুভ্যাল আমরা চাই কারণ সেই ভদ্রলোকই যা কিছু করছেন। ৫।৭।১০ টাকা করে ব্ল্যাক মার্কেট মাইগ্রেসান ফর্ম বিক্রী হচ্ছে, কিউ দিয়েছে, সেখানে লাঠি চার্জ করেছেন। আমি মুখ্যমন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি।

Mr. Chairman : The Hon'ble Minister says that he will make an enquiry.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, do we understand that the Chief Minister will contact Delhi immediately ?

The Hon'ble Prafulla Chandra Sen : I am contacting Delhi and if necessary Dacca and I shall make a statement on the 21st February.

Shri Narendra Nath Das : Sir, under rule 170A of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council, I hereby give notice of my intention to call the attention of the Minister-in-charge of the Relief Department to the following matter of urgent public importance and to request that the Minister may make astatement thereon.

Complaints about the failure of the Relief Department to render necessary help to migrants from Eastern Pakistan with or without valid travel documents in the borders especially at Bongaon-Petrapole border. News to this effect has been published in the press on 16th February, 1964. Persistent complaints in spite of repeated assurance given by the Govvernment on floor of this House are disquiting and demands immediate reappraisal and effective intervention for relief of the distressed migrants.

The Hon'ble Ava Maiti : I shall make a statement day after tomorrow.

Shri Narendra nath Das :

স্যার, আমি আপনাকে একটা...

Mr. Chairman : I am looking at it and I shall speak to the Government and decide a date which will be most suitable to be fixed.

Shri Narendra Nath Das :

স্যার, আমি একটা মোসান ফর পেপার্স দিয়েছিলাম, ব্যাপারটা হচ্ছে গত পরশু আমি যখন বক্তৃতা দিয়েছিলাম: তখন একথা আমি খুব বিশদভাবে বলেছি যে পাকিস্থানের একটা একটা গুপ্তচর রিং এখানে রয়েছে এবং তারা কোলকাতায় সমাজজীবনকে, নাগরিক জীবনকে পর্যুদস্ত করতে পারে সেই ক্ষমতা রাখে এবং তার প্রমাণও আমরা পেয়েছি যে ব্যক্তির কথা বলেছিলাম সেই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা যতটা শুনেছি যে ভারত সরকারের ইণ্টারভেনসানএ এই গ্রেপ্তার হয়েছে, আমাদের পশ্চিমবাংলা সরকার কিছুই জানতেন না। এটা সত্য হোক বা না হোক কিন্তু এ বিষয়টা গুরুত্বপূর্ণ এবং জরুরী যে আমাদের সিকিউরিটিরপ্রশ্নএতে আছে। কাজেই আমার মনে হয় কোন বিষয়

বে না। আপনি ইচ্ছা করলেই এটা দিতে পারেন। আমি ধরে নেব যে আপনি এটা ্যাংসান করলেন।

ঃ—2-10 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen :

। সম্বন্ধে আমি কোন রকম চিঠিপত্র বা কাগজপত্র এখানে দিতে পারবো না।

Shri Narendra Nath Das :

ামার মনে হয় মাননীয় মন্ত্রী মহাশয় একটু ভুল বুঝেছেন—এখানে কাগজপত্র চাওয়ার প্রশ্ন য়, এটা আমাদের একটা প্রিভিলেজের প্রশ্ন হিসাবে কোন অ্যাডজোর্নমেণ্ট মোশন আমরা ্ভ করতে পারি না। কারণ অ্যাডজোর্নমেণ্ট মোশন মুভ করতে গেলে টেকনিক্যালভাবে কনস্টিটিউ-ানাল ফর্মএ মোশন ফর পেপারস সেই নামে আমাদের দিতে হয়। তাতে যে কোন পেপার সাবমিট করতে হয়, তা নয়। সরকারের তরফ থেকে যা বক্তব্য থাকে, সেই বক্তব্য তাঁরা বলে থাকেন। এখানে যে তাঁকে গোপন ডকুমেণ্ট দেখাতে হবে, তা নয়। কোন কাগজপত্র দেখাতে হবে তা নয়।

Mr. Chairman : So you are not insisting on the papers being brought up here but you are asking for a discussion only ?

Shri Jatin Chakravorty :

্যার, আজকে এ কথা অস্বীকার করা যায় না যে যাঁর কথা এই বিধান পরিষদে আমি এবং রেনবাবু বারবার নাম করে বলেছি, ঘটনা দিয়েছি, তারপর তাঁকে গ্রেপ্তার করবার পর দেখা যাচ্ছে সেখানে এক হাজার সংখ্যালঘু সম্প্রদায়ের লোক, আমাদের পুলিস, যারা তাঁকে অ্যারেস্ট করতে গিয়েছিল, তাদের ইনজিওর করেছে। এই রকম একটা গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে চলেছে। এবং আমরা চেয়েছিলাম এবং মুখ্য মন্ত্রী মহাশয়ও বলেছিলেন যে ঈদের দিন যাতে শান্তিপূর্ণভাবে, নির্বিঘ্নে, মঙ্গলের সাথে, সাড়ম্বরের সঙ্গে ঈদ উদযাপিত হয়, তারজন্য আমরা সকলে মিলে চেষ্টা করবো। অথচ আমরা দেখেছি ঐ সব এলাকায় কালো পতাকা উত্তোলন করা হয়েছে। কারা করেছে? সেই সম্পর্কে তদন্ত করবার জন্য আলোচনার সূত্রপাত করতে চাই—এবং এই জন্য উনি যে নোটিশ দিয়েছেন, সেটা আমরা সকলে সমথন করছি।

Shri Narendra Bath Das :

মাশন ফর পেপার্স কল করা সম্বন্ধে যে সমস্ত রুলস আছে সেই বই-এর পেজ থার্টিফোরটা একবার দেখবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি। এখানে তাঁর কোন গোপনীয় ডকুমেণ্ট দেখতে হবে না। এটা শুধু ডিসকাসনএর জন্য আমরা চাচ্ছি।

The Hon'ble Prafulla Chandra Sen :

ই ধরণের ডিসকাসন এখন হতে পারে না।

Shri Narendra Nath Das :

ই ধরণের ডিসকাসন রাজ্য সভাতে য়্যালাউ করেছে, এবং তা নিয়ে আলোচনা হয়েছে। াজ ধরুন ঈদ হল, কিন্তু এই ঈদের পূর্বে এখানে একটা হুইসপারিং ক্যামপেন চলেছে—যাতে য়দানে নামাজের কনগ্রিগেশন বন্ধ করা যায়, এবং তারপরে চতুর্দিকে তারা কালো পতাকা ুলেছে, ও কালো ব্যাজে পরে ঘুরে বেড়িয়েছে। সত্যিই যখন এই সময়ে সিমটমস দেখছি এবং সালাউদ্দিনের গ্রেপ্তারের সময় একটা ভাওলেণ্ট মব পুলিষকে অ্যাটাক করেছে, বাধা দিচ্ছে—সেখানে নিরাপত্তা সম্পর্কে আমরা এই আলোচনা করতে পারবো না? আমি আরও বিশদভাবে বলছি শ্রীনরেশ নাথ মুখার্জি তাঁকে নানাভাবে সেল্টার দিয়েছেন। সুতরাং গ্রেপ্তার করতে হলে, নরেশ নাথ মুখার্জিকেও গ্রেপ্তার করতে হবে।

Mr. Chairman : He is desirous of just raising a discussion. He is not calling for any papers—no secret papers are demanded. I think this might be discussed

for a couple of hours perhaps. I will fix up some date with the Government—probably after placing the budget day after tomorrow it can be done.

The Hon'ble Jagannath Kolay :

এখন বাজেট ডিসকাসন-এর সময় হতে পারে না। বাজেট ডিসকাসন শেষ হয়ে গেলে পরে হতে পারে।

Mr. Chairman : All right. Then could we have the discussion before that ?

The Hon'ble Jagannath Kolay :

আমি আপনাকে রিকোয়েস্ট করছি আপনি একটু আগে ভেবে দেখুন যে পাবলিক ইণ্টারেস্ট এর জন্য এটা এখন ডিসকাসন করা যেতে পারে কিনা ? তারপরে আপনি সময় ঠিক করবেন।

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় সভাপতি মহাশয়, আপনি একটু ভেবে দেখুন এখন লোকের ফিলিংস যে রকম, তাতে এই সময় এটা নিয়ে আলোচনা করা কি সঙ্গত হবে ? অবশ্য এ সম্পর্কে সরকারের যা করণীয় তা সরকার করবেন। সুতরাং এখন এটা নিয়ে যদি আমরা ডিসকাসন করি তাহলে ফিলিংস উইল বি রাউসড ।

Shri Jatin Chakravorty :

ফিলিংস আবার কি রাউসড করবে ? পাকিস্তানের ডেপুটি হাই কমিশনার লালবাজারে এসে পুলিস কমিশনারের সঙ্গে দেখা করছেন । এই হচ্ছে আমাদের গভর্নমেণ্ট।

(Noise of interruptions)

স্যার, এই সম্পর্কে আমি সর্ট নোটিশ কোয়েশ্চেন দিয়েছি।

Mr. Chairman : If there is a discussion it will be out in the papers and they will comment on it. I ask to think about it.

Shri Narendra Nath Das

সরকার যদি মনে করেন যে এটা এতই সিকিউরিটির ব্যাপার তাহলে প্রেসকে বাদ দিয়ে এখানে আলোচনা করুন।

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, certain statements have been made by members on this side of the House. I think if a discussion takes place, then the Government will be in a position to reply to it. Therefore, the discussion is called for. Sir, no secret papers are demanded. If on the contrary they are adamant not to have a discussion in public interest, that is another matter. But, Sir, you have already given your ruliug on the matter.

Mr. Chairman : I have not given any ruling. I was just suggesting it.

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিচার করে দেখুন ঢাকাতে আমাদের ইণ্ডিয়ান ডেপুটি হাই কমিশনার যিনি আছেন, তাকে আজও সেখানকার রায়ট য়্যাফেক্টেড এরিয়াতে যেতে অনুমতি দেওয়া হচ্ছে না ; আর আমাদের এখানে পাকিস্তানের ডেপুটি হাই কমিশনার তিনি লালবাজারে গিয়ে পুলিস কমিশনারের সঙ্গে দেখা করছেন। ঈদের আগের [দিনও তিনি পুলিস কমিশনারের সঙ্গে কথাবার্তা বলেছেন। কোথায় আমরা দাঁড়িয়ে আছি ? কে তাঁকে অনুমতি দিয়েছেন ? আমরা তা ডিসকাস করতে পারবো না ?

মধ্যে ঐ সালাউদ্দিনকে ধরবার পর, যে কাণ্ড হয়েছে কলকাতায় আমরা জিজ্ঞাসা করতে চাই কলকাতায় আজ গভর্নমেণ্ট আছে, কি নেই?

Mr. Chairman : I will have to think over this matter and then give my opinion on it.

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী বা চীফ হুইপ যে কথা বলেছেন তা আমরা শুনেছি। আমরাও খুব দায়িত্বশীল মেম্বার আমরা এটা চাই না যে এখানে কোন শান্তি বিঘ্নিত হউক, কিন্তু কোন একটা জিনিষকে আলোচনা বন্ধ করে তো শান্তি রক্ষা করা যাবে না। আমরা বহু জিনিষের আলোচনা করি না, আমরা পাকিস্তানে কি হয়েছে, কি ঘটনা হয়েছে সে সম্বন্ধে আলোচনা করিনি। কিন্তু সংবাদপত্রে তা বেড়িয়েছে সাধারণ মানুষ তা জানে—এ জিনিষ কখনও চাপা রাখা যাবে না। অতএব সুক্ষ কনভেনসন হচ্ছে হাউসএ ডিমোক্র্যাটিক্যালি আলোচনা করা।

Mr. Chairman : I shall have to think over the matter. The objection raised by the Government with regard to this—the inadvisability of this being made public by a discussion in the House—that has also got to be considered. I shall let you know day after tomorrow.

Shri Nirmal Chandra Bhattacharyya : If it is not discussed here, it will have a bad impression on the people not only here but also outside India.

Shri Dwijendrall Sen Gupta : Nothing should be kept secret from the press.

কিন্তু যদি প্রেসের থেকে আমরা সিক্রেট রাখি তাহলে গভর্নমেণ্টএর উপর কোন এফেক্ট হবে না উই ওয়াণ্ট টু টেক দি পিপল ইনটু কনফিডেন্স।

Mr. Chairman : That is a different matter.

Shri Jatin Chakravorty :

স্যার, আমাদের সংবাদপত্রগুলির উপরে রেসট্রিকসন দেবার চেষ্টা হচ্ছে। কিন্তু মুখ্যমন্ত্রী ঐ সব সংবাদপত্রের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করছেন না যারা ইনসাল্ট করছে। আমরা কি ডিসকাস করব না?

Mr. Chairman : I can pass it on to the Chief Minister, I saw it this morning.

Shri Narendra Nath Das :

স্যার, আপনার মাধ্যমে আমি আরেকটা খবর জানাচ্ছি যে এখানে একটা "হুলিয়াৎ" বলে কাগজ বিক্রী হয়। সেটা স্যার এখানে ব্ল্যাক মার্কেটিংএ বিক্রী হয়—৪ আনার কাগজ ১ টাকায় বিক্রী হয়, ইট সেলস লাইক হট কেকস্।

Mr. Chairman : About that particular journal, you can give me a copy and I will pass it on to the Chief Minister.

Shri Jatin Chakravorty :

স্যার, চীফ মিনিস্টারের কাছে সেগুলি গেছে, সেই জন্য বলছি আজকে আমাদের সংবাদপত্রগুলি যারা রেসট্রিকসন ভোলাণ্ট্যারিলী ইমপোজ করেছেন তাদের উপরে আজকে তিনি চাপ দিচ্ছেন অথচ দিনের পর দিন কলকাতা সহরের বুকের উপর বসে আজকে সাম্প্রদায়িক দাঙ্গা লাগাবার ইনসাইটমেণ্ট করছেন।

Shri Dwijendralal Sen Gupta :

স্যার, মাননীয় চীফ হুইপ আমাদের বলেছেন যে এটা পাবলিক জানলে পরে একটা কমোশন সৃষ্টি হতে পারে। আমি বলি যে তিনি কি মনে করেন না বা গভর্নমেণ্ট কি মনে করেন না

যে আজকে যে সংবাদ সংবাদপত্রে বেরিয়েছে যে সালাউদ্দীনকে গ্রেপ্তার করবার সময় হাজার লোক বাধা সৃষ্টি করেছিল পুলিসকে মেরেছে তাতে কমোশন সৃষ্টি হয়েছে হিন্দুদের মধ্যে। স্যার, কলকাতায় আবার পাকিস্তান সৃষ্টি হতে চলেছে এবং সরকার তাদের প্রশ্রয় দিচ্ছে একথাই বিরোধী দল মনে করছে।

Mr. Chairman: I shall think seriously over this matter.

The Hon'ble Jagannath Kolay :

স্যার, আমি বলছিলাম যে অনেকগুলি আছে যেগুলি মোশন ফর পেপার যেগুলি অত্যন্ত সিক্রেট সেগুলি দেওয়া সম্ভব নয়।

Mr. Chairman : Papers are not called for.

The Hon'ble Jagannath Kolay :

স্যার, আমি অ্যাপীল করছি আপনার কাছে, আপনি সব বিবেচনা করে যা আদেশ দেবেন তাই হবে।

Shri Nirmal Chandra Bhattacharyya : I hope that the members opposite will not misunderstand us. We are as much anxious as they are to maintain communal harmony. But at the same time, we feel that if a discussion of this nature does not take place it will disturb communal harmony. The legislature has no meaning if it is not discussed.

Shri Narendra Nath Das :

স্যার, আজকের কলকাতায় এই খবর রটেছে যে পশ্চিমবাংলা সরকার তাকে গ্রেপ্তার করতে চায়নি ভারত সরকার তাকে গ্রেপ্তার করেছে এবং ইণ্টেলিজেন্স ব্র্যাঞ্চ-এর লোকেরা প্লেন ড্রেস-এ গিয়ে তাকে গ্রেপ্তার করেছে, পশ্চিমবাংলা সরকারের লেফট হ্যাণ্ডেড সাপোর্ট রয়েছে-এ সম্বন্ধে—এই সব ধারণা দূর করা উচিত যে না তারা সালাউদ্দীনকে সমর্থন করেন না।

Mr. Chairman : I have heard both sides. I will give my opinion day after tomorrow.

[2-10—2-20 p.m.]

GOVERNMENT BILL

The West Bengal Criminal Law (Amendment) Bill, 1964

The Hon'ble Abha Maiti : Sir, I beg to move that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন যে গত জানুয়ারী মাসে দাঙ্গাতে কলকাতা শহরে বহু ব্যক্তি গৃহহীন হয়েছেন, বহু ব্যক্তি ভয়ে নিজের নিজের জায়গা ছেড়ে অন্যত্র আশ্রয় নিয়েছিলেন। সেই সমস্ত ব্যক্তিকে তাদের নিজের নিজের স্থানে যাতে সহজে পুনর্বাসন দেওয়া যায় তার জন্য সরকার চেষ্টা করছেন। অতীতে দেখা গেছে অনেক সময় কোন জায়গা খালি হয়ে গেলে পর সেটা অবাঞ্ছিত ব্যক্তিরা জবর দখল করে বসে এবং আমাদের দেশে বর্তমানে যে আইন রয়েছে সেই আইন অনুসারে তাদের চ্যুত করা কঠিন হয়ে পড়ে এবং তার ফলে যে সমস্ত লোক সেই সব জায়গা থেকে চলে গেছেন তাদের পুনর্বাসনের কার্যে অন্তরায় হয়। সেজন্য এই বিলেতে ছোট একটা এ্যামেনডমেন্ট দেওয়া হয়েছে যাতে করে আমরা সহজে এই সমস্ত বাস্তু চ্যুত ব্যক্তিকে পুনর্বাসন দিতে পারি।

Shri Satya Priya Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে আমরা সেই উদ্দেশ্যের সঙ্গে একমত। কেউ যদি এখানে কোন রকম ডিসটারব্যানস বা ভাওলেন্স বা আর্সনের জন্য বাড়ী ত্যাগ করতে বাধ্য হয়ে থাকে এবং তা যদি কেউ অন্যায়ভাবে দখল করে থাকে তাহলে তাকে যাতে সেখান থেকে উতখাৎ করে আইন অনুযায়ী যিনি অধিকারী তাকে সেখানে বসান যায় সে সম্পর্কে বিলের যে উদ্দেশ্য বলা হয়েছে তার সংঙ্গে একমত এই কথা আমি পরিষ্কার বলে দিতে চাই। কিন্তু বলছি যে এখানে ভাষা যেভাবে রচিত হয়েছে তাতে এই যে সাম্পদায়িক বিরাট হাঙ্গামার সঙ্গে যুক্ত যেসমসত ঘটনা সেই ঘটনার উপর যে সংশোধন প্রযুক্ত হবে তা নয়, তার ফলে এতে সাধারণভাবে বলা আছে যে কোন লোক যদি তার বাড়ী ছেড়ে গিয়ে থাকে

for disturbance, violence, arson, commotion

তাহলে সেই জায়গা যে নিয়েছে তাকে উৎখাত করা চলবে। আজকে অবশ্য শ্রীশশাঙ্ক শেখর সান্যাল মহাশয় নেই, কিন্তু তিনি যে প্রশ্ন তুলেছিলেন সেই প্রশ্ন আমার মনেও সাড়া দিয়েছিল। ধরুণ, ১৯৪৮ সাল থেকে বিভিন্ন সময়ে এই সমস্ত ডিসটারব্যানস বা কমোসান বা ভাওলেনস বা আর্সন হয়েছে কোন লোক হয়ত তার এ্যাপ্রিহেনসানে পাকিস্থানে চলে গেছেন এবং পাকিস্তান থেকে কোন লোক হয়ত সম্পত্তি বিনিময় করে এখানে চলে এসেছেন। তাহলে এই যে ২ ধারা এই ধারার আওতায় ১৯৫০ সালে বা ১৯৫১ সালে বা ১৯৫২ সালে বিনিময় করে পাকিস্তান থেকে যে সমস্ত হিন্দুরা এখানে চলে এসেছে তারা পড়বে কিনা আমরা জানতে চাই? কারণ, এখানে কোন সময় রেখা দেওয়া হয়নি যে কখনকার ডিসটারব্যানস বা আর্সন। আর এ্যাপ্রিহেনসান কথাটা হচ্ছে খুব সাধারণ। ডিসটারব্যানস, কমোসান, ভাওলেনস বা আর্সন এর জন্য গিয়েছে তা নয়, এর মধ্যে আছে এ্যাপ্রিহেনসান কাজেই যে কোন বিনিময় হয়েছে সবই এ্যাপ্রিহেনসানের ভিত্তিতে হয়েছে। সেখানে পাকিস্তানের সম্পত্তি যারা এখান থেকে গিয়েছেন তাদের হাতে তুলে দেওয়া হয়েছে, তারা ভোগ দখল করছেন। এখানে বিনিময় করে যারা ভোগ দখল করবে তারা এর আওতায় পড়বে কিনা, আজকের দিনে এই আইনের সাহায্যে তাদের উৎখাত করা হবে কিনা এটা আমরা মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই।

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, my observation will be on the lines indicated by my friend Shri Satya Priya Roy. It appears to have been given a retrospective effect and any case of disturbance, commotion, violence or arson which led to the eviction of persons is covered. So, I believe, this might lead hardship on the part of some people who are well settled. That appears to me to be an objectional feature of the Bill. I hope the Hon'ble Minister will kindly clarify the position.

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা ইমার্জেন্সী পিরিয়ডে এসেছে—ইমার্জেন্সী পিরিয়ড তাহলে এখানে আছে কি করতে? যদি সেখানে জবর দখল করে মানুষের বাড়ী কেড়ে নিতে পারে এবং ইমার্জেন্সী দিয়ে তাকে যদি প্রোটেকসান দেয়া না যায় তাহলে এই য়্যামেণ্ডমেন্ট আনার কি দরকার হয়েছে তা আমি বুঝতে পারছিনা। তাহলে ইমার্জেন্সী—তুলে নিন, তারপরে এই বিলটা নিয়ে আসুন। ইমার্জেন্সী পিরিয়ডের মধ্যে এই বিলটা আসতে পারে না। দ্বিতীয় কথা হচ্ছে যে এই বিলের আওতা কতদূর পর্য্যন্ত যাবে সেই সময়টা পরিষ্কার করে বলা উচিৎ, পূর্বে যারা উৎখাত হয়েছে ১৬ বছর ধরে গভর্ণমেন্ট যাদের কিছু করতে পারেন নি আজকে এই বিলের আওতায় এনে সেগুলি রিড্রেস করবার জন্য চেষ্টা করবেন কিনা সেই জিনিসটা পরিষ্কার করে এই বিলেতে কোথাও বলা নেই। সেই জিনিসটা তাঁরা এখন পরিষ্কার করে বলুন এবং যদি সেটা বলতে না রাজী হন তাহলে পরে আমি বলবো যে এই বিলটা এখন প্রত্যাহার করে নিন।

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহোদয়া যা বল্লেন তাতে মনে হচ্ছে উদ্দেশ্য মহৎ কিন্তু এই বিলটা কার্য্যে পরিণত করতে গেলে পর আমার মনে হয় এটা একটা অত্যাচারের যন্ত্র হয়ে পড়বে। ম্যাজিষ্ট্রেটের হাতে এবং পুলিশের হাতে অবাধ ক্ষমতা দেওয়া হচ্ছে এবং এতে কোন সময় নির্দ্দিষ্ট করা

হয়নি। ১৯৪৭র পরে আমি জানি যে অনেক উদ্বাস্তু বাড়ী গৃহ বিনিময় করেছে। সুতরাং তাদের অবস্থা কি হবে সে সম্বন্ধে কিছু বলা নেই। অতএব আমার মনে হয় এই জিনিসটা কার্য্যকরী করতে গেলে পর এই যে অবাধ ক্ষমতা দেওয়া হয়েছে ম্যাজিষ্ট্রেটের উপর পুলিশের উপর এতে এটা একটা ভীষণ অত্যাচারের যন্ত্র হবে, নানারকম গ্রিভান্স্ আসবে এবং তার ফলে যে উদ্দেশ্যে উনি করছেন সেই উদ্দেশ্য ব্যাহত হবে, সুতরাং এটা খুব ডিসক্রিমিনেটিং এ্যাকট বলে আমার মনে হচ্ছে এবং গর্ভণমেন্ট কেন যে এটা নিয়ে এসেছেন তা বলতে পারি না। তাদের সামনে এমন কোন অভিযোগ আছে কি না যে যে সমস্ত লোক গৃহচ্যুত হয়েছে তারা আজকে অভিযোগ করেছে যে তাদের বসানো হোক। আমার মনে হয় এরকম কোন অভিযোগ তাদের কাছে নেই। সম্প্রতি যেসব ঘটনা হয়ে গেছে তাতে টাইম দিয়ে যদি চলতে পারা যায় যে ১৯৬৪ বা ১৯৬৩ সালে যদি এই রকম হয়ে যাবে তাহলে পরে এইভাবে ব্যবস্থা হতে পারে তাহলে বুঝা যেত কিন্তু কোন টাইম বা কোন কিছু নেই এখানে। তার ফলে যে গণ্ডগোলের সৃষ্টি হবে বা বিশৃংখলার সৃষ্টি হবে সেটা ভাবতে পারি না। সুতরাং একজন দায়িত্বশীল মন্ত্রীমহোদয়া এ রকম বিল কি করে আনতে পারেন সে সম্বন্ধে আমি চিন্তা করছি। আমার মনে হয় ইট ইজ ভেরী আনফেয়ার এবং ইট ইজ এ ললেস ল।

Shri Mohitosh Rai Choudhuri : Sir, the matter is of vital importance. The unfortunate people have their houses in Pakistan and their properties in Pakistan have been practically taken away by the Government of Pakistan. Many of my friends have exchanged their properties with the people of India and there are persons who have renounced their citizenship here and went to Pakistan. What will happen to these properties of these people ? Some of my properties have been exchanged with those of fthe Muhammadans there. They are now enjoying my property. Here is a piece of legislation in which there is no time-limit and so a complicated question will arise. So Sir, it must be made very clear what will happen to the properties already exchanged . It should have been mentioned that it must be of recent occurrance –it must be within a month of the last riot. Only to those cases this Act will apply.

Sir, some such provision must be put in this Bill, otherwise it will prove to be an engine of oppression to many of us. So I respectfully request the Minister-in-charge of the Bill to accept these suggestions of ours and add a certain clause in this Bill restricting its applicability to occurrances which may have happened within one month of the recent riots. Sir, with these remarks I would ask the Minister-in-charge as well as the Government and other members of the Cabinet to see that these changes are inserted in the Bill.

[2-20—2-30 p.m.]

The Hon'ble Abha Maiti :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বিলের যে উদ্দেশ্য সে কথা আমি আগেই বলেছি। আমাদের মাননীয় সদস্যরা যে কথা বলেছেন, যে আশঙ্কা প্রকাশ করেছেন, সেই ধরণের আশঙ্কা করবার কোন কারণ নেই,—এবং সেটা এই বিলের ইনটেনসন ও নয়। (এ ভয়েস—কেন ?) আমি ত আপনাদের বক্তব্যের সময় ইনটারাপসন করিনি, আপনারা কেন করছেন। আমি এইটাই বলতে চাচ্ছি—যে কলকাতা ২৪ পরগনায় এবং অন্যান্য যায়গাতে বহু ব্যক্তি যারা দাঙ্গাতে হিন্দু শুধু নয়, মুসলমান শুধু নয়, সর্ব শ্রেণীর মানুষরা ভয় পেয়ে এবং তাদের ঘর, বাড়ী পুড়ে যাওয়ার ফলে এবং অত্যাচার হওয়ার জন্য, তাদের ঘর ফেলে বেরিয়ে চলে গিয়েছিলেন, সেই ঘর গুলিতে যাতে তারা ফিরে এসে বসবাস করতে পারেন, সেই কাজের সুবিধার জন্যই এই বিলটি নিয়ে আসা হয়েছে।

পাকিস্থান থেকে যে সমস্ত ব্যক্তি এখানে এসেছেন, তাদের সম্পত্তির সঙ্গে এখানকার কারও সম্পত্তি বিনিময় করেছেন বা ভবিষ্যতে করবেন, এই রকম লোকের সঙ্গে এই বিলের কোন সম্পর্ক নেই। এই বিলের দ্বারা তাদের কোন স্বার্থই খুন্ন হবে না। আমি এইটুকু বলেই এই হাউসকে এই বিলটি গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

The motion of the Hon'ble Abha Maiti that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 2 to 6

The question that clauses 2 to 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and the Title

The question that clause, 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Abha Maiti : Sir, I beg to move that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Satyapriya Roy :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, উনি বললেন যে এই বিলটির বিরুদ্ধতা করবার কোন কারণ নেই। কিন্তু আমরা বুঝতে পারলাম না, এই বিলের ভাষার মধ্যে এই নির্দ্দিষ্ট সময়ের উল্লেখ করা হল না কেন? এই দাঙ্গা সম্পর্কীয় ঘটনাকে উপলক্ষ্য করে যারা ভয় পেয়ে চলে গিয়েছে বা যারা গৃহদাহের জন্য চলে গিয়েছে, তাদের পরিত্যক্ত ঘর থেকে অন্য ব্যক্তিকে পুলিশ উৎখাত করতে পারবে, এই রকম উল্লেখ কেন করা হল না, সেই কথা আমরা মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে স্পষ্ট ভাবে জানতে চাই। এটা কি একেবারে

general disturbance, violence or arson or any apprehension, thereof

যখনই হোক না কেন, কেউ যদি তার ঘর-বাড়ী ছেড়ে গিয়ে থাকে, তাহলে এখন সে ফিরে আসতে পারবে, এবং তার জন্যই ওখানে যারা বসবাস করছে, তাদের পুলিশ উৎখাত করে দিতে পারবে এবং তারপর যিনি উৎখাত হলেন, তিনি বিচারপ্রার্থী হতে পারবেন,—এই রকম ব্যবস্থা কেন করা হল না। এই বিলত আর পাঁচ, দশ মিনিটের মধ্যেই পাশ হয়ে যাবে,—এ সম্বন্ধে একটা সুস্পষ্ট অভিমত মাননীয় মন্ত্রী মহোদয়া আমাদের সামনে রাখবেন, এইটা আমি তাঁর কাছে আশা করছি।

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, we have very carefully listened to the assurance of the Hon'ble Minister, but unfortunately when this Bill will come into force and when cases will come up before the courts of law, only this Bill will be before the judiciary and the judiciary will deal with cases according to the provisions of this particular Bill. And this Bill is of a very comprehensive nature. It refers to any disturbance, commotion, violence and arson. There is no reference to recent disturbances. So this disturbance might be interpreted to mean the disturbance that took place right back in 1950. Where is the clause which will prevent the judiciary from giving such an interpretation to the Bill ? That is our difficulty.

Shri Nagendra Kumar Bhattacharyya : Mr. Chairman, Sir, I beg to submit that there is no cause of apprehension of the honourable members on the other side of the House. When a Bill is given, or when an Act is given retrospective affect it is specifically mentioned in the Act and the Law of Interpretation is that when no such clause is included in the Bill or in the Act the Bill or Act will not have retrospective effect. So that, Sir, I would submit, this Bill cannot refer to communal riots or any other thing which happened before the present occurance. Therefore, there is no cause of apprenhension. Further I would submit, on a perusal of this amending Bill it appears that it has not given any retrospective effect. (Shri Nirmal Chandra Bhattacharyya : What is the date line ?). There is no date mentioned but it cannot have any retrospective effect. (Shri Nirmal Chandra Bhattacharyya : Do you mean it will come into effect when it receives the assent of Her Excellency the Governor ?) That is the interpretation. (Shri Nirmal Chandra Bhattacharyya : Is that interpretation stands, then it is absolutely meaningless.). That is a matter which will be decided in a court of law because the Bill provides that when an action

is taken under the provisions of the Bill the matter will be an appealable one. reference be made to clause 3, it appears that the matter is an appealable one. S the matter will be decided in a court of law. Therefore, there cannot be any appr hension in the minds of my honourable friends on the other side. (Shri Nirm Chandra Bhattacharyya : It will have a retrospective effect in the court of law accor ing to the terms of this Act. That is our difficulty.). Where these words whic gives retrospective effect to this Bill ? (Shri Nirmal Chandra Bhattacharyya The reference is to any disturbance, commotion, violence or arson, without dat line.). As I have been submitting before the House, it is not stated that any comm tion or disturbance or violence or arson, before the Bill is put into motion on th date when it receives the assent of the Governor. (Shri Mohitosh Rai Choudhuri If the law comes into effect only from the date when the Bill receives the assent the Governor, then the occurrences in connection with the present riot will n be covered by this Bill. What will be the value of this Bill then ?).

Mr. Chairman : It is a matter for lawyers to decide what is the exact connot tion of the word "any" there. Can it mean—I am just asking you for the clar fication of the House—any disturbance before 5 or 10 years from now ?

Shri Nagendra Kumar Bhattacharyya : In my humble submission it canno This Bill was not in existence. This Bill will come into force on the date when i receives the assent of the Governor. There is nothing in the Bill to show when th Bill will come into force. (Shri Mohitosh Rai Choudhuri : Then what is the utilit of having this Bill ?).

[2-30—2-40 p.m.]

Shri Nirmal Chandra Bhattacharyya : I am surprised to see Shri Nagendr Bhattacharyya's—a lawyer of 50 years' standing—temerity to stand upon th floor of the Legislative Council and interpret in that way. His interpretatio is that when it receives the assent of the Governor it will come into force. No disturbance had taken place before the Governor will have signed it. Therefor the Bill will be absolutely useless.

Shri Nagendra Kumar Bhattacharyya : I have not put in any incorrect construc tion of the Bill. It will appear that the Bill does not provide for any date on whic it will come into force. The original rule of interpretation is that an Act come into force when it receives the assent of the Governor. That will happen. It is th fundamental principle. I beg to submit that I have not misinterpreted the law The original rule of interpretation is that when the Bill does not make for any pro vision as to the time when it will come into force, it will come into force on the day it receives the assent of the Governor.

Shri Nirmal Chandra Bhattacharyya : On a point of clarification. Supposing it comes into force on the day it receives Her Excellency's assent. But disturbance took place before that and, therefore, people who have suffered due to disturbance co mmotion, arson, etc. will not get any remedy. What's then the use of this Bill.

Shri Dwijendralal Sen Gupta :

পসিবিলি আই মে বী অফ সামু এ্যাসিস্ট্যান্স ইন দি ম্যাটার অর্থাৎ শ্রদ্ধেয় নগেন বাবুর ইনটারপ্রিটেসানের সাথে যদি আর একটা পার্ট দেখা হয় তাহলে আমার মনে হয় হাউসের সঙ্গে যে এ্যানোম্যালি দেখা দিয়েছে সেটা দূর হবে। কারণ বর্তমানে একটা আইন আছে সেটা হচ্ছে অর্ডিন্যান্স। অর্ডিন্যান্স ষঠত যে আইন সেই আইনের দ্বারা বর্তমানে প্রোটেক্টেড এবং সেই প্রোটেক্সানটাকে কোডিফাই করা হচ্ছে ফর ফিউচার এ্যাক্সান। এখন প্রশ্ন হচ্ছে অতীতে যারা এই দুর্ঘটনায় পতিত হয়ে বাড়ী ঘর ছেড়ে চলে গেছে তাদের প্রোটেক্সান কি করে এই এ্যাক্টে আসছে। তাদের প্রোটেক্সান অর্ডিন্যান্স এবং তার পরবর্তী কালে এই এ্যাক্ট আসছে। সুতরাং দেয়ার ইজ নো ভ্যাকুয়াম সিন্স দি ডিসটারব্যান্স

য়্যাণ্ড টুডে। সুতরাং আইনের যে ইনটারপ্রিটেসান দিতে যাচ্ছিলেন সেই ইনটারপ্রিটেসানের সাথে যদি স্টেটমেন্ট অব অবজেকটস এণ্ড রিজিনস মিলিয়ে পড়া যায় তা হলে দিস ইজ অল্ রাইট। তবে আমি এই কথা বলব, তিনি একটা জায়গায় আমার সাথে এগ্রি করবেন যে ইনটারপ্রিটেসান অব স্ট্যাটিউট হচ্ছে এ ওয়ার্ড ক্যারিজ ইটস অরিজিন্যাল মিনিং। সেই অরিজিন্যাল মিনিং—আর্সন মানে আর্সন, লুঠ মানে লুঠ, ঘর ছাড়া মানে ঘর ছেড়ে আসা। সুতরাং কোয়েশ্চেন হচ্ছে এই যে এই এ্যাক্টটাকে আরো একটু বোধ হয় ক্লিয়ার করে বললে ভাল হত যে গত ডিসটারব্যানস উইথ এফেক্ট ফ্রম দিস ডে করা হয়েছে সেটা—অর্ডিন্যান্সটা এটার মধ্যে পাট এলে ক্লিয়ার করা যেত।

Shri Nagendra Kumar Bhattacharyya : I may be allowed some time to clarify the matter.

Shri Jatin Chakravorty : You are a bad lawyer on behalf of the Government,

Shri Nagendra Kumar Bhattacharyya : You may tell me a bad lawyer. Now. I beg to refer to clause 6(2) which says that anything done or any action taken under the West Bengal Criminal Law (Amendment) Ordinance, 1964, shall be deemed to have been validly done or taken under this Act as if this Act had commenced on the 16th day of January, 1964.

Shri Jatin Chakravorty :

যারা বাড়ী ঘর ছেড়ে চলে গেছে তাদের বাড়ী ঘর হোক এটা আমরা চাই, আপনারা চান না।

Shri Nagendra Kumar Bhattacharyya : There is nothing wrong in this Bill and there is time limit. It will come into force or rather acts done on the 16th January will be covered by this Bill.

Shri Dwijendralal Sen Gupta : We are pleading—two lawyers—with you as intermeidary.

স্যার, উনি বলছেন যে এ্যাক্টে রেট্রসপেকটিভ এফেক্ট দেওয়া যায়, তাহলে স্যার উনি কেন অথর অব দি বিলকে বলছেন না যে এ্যাক্ট অব রেট্রসপেকটিভ এফেক্ট ফ্রম থার্ড জানুয়ারী, ১৯৬৪। এটা করলেই পরিষ্কার হয়ে যায়।

Shri Nagendra Kumar Bhattacharyya : That is a different matter—whether the present Bill is operative or inoperative and it has been pointed out that the Bill is vague as there is no time-limit. Sir, clause 6(2) clears this point raised by both sides of the House. So, I submit there is nothing wrong in it.

The Hon'ble Abha Maiti :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আগেই বলেছি যে বিলটা খুব সহজ এবং এর একমাত্র উদ্দেশ্য যে সমস্ত লোক গৃহচ্যুত হয়েছিল তাদের বাড়ী ঘর দোর নূতন করে বসিয়ে দেওয়া এবং সেই উদ্দেশ্য নিয়ে এই বিলটার মাত্র ৬টি ক্লজ দেয়া হয়েছে। এর ভেতর আমি মনে করি কোন কাজের অসুবিধা হবে না। এখানে একটা কথা তোলা হয়েছে যে পূর্ববংগ থেকে যাঁরা বিনিময় করবেন তাদের সম্পর্কে কোন অসুবিধা হবে কেন। আমি আগেই বলেছি তাঁদের সম্পর্কে কোন অসুবিধা হবে না। ষ্টেটমেণ্ট অব্ অবজেকটা অ্যান্ড রিজনসে যা আছে, সেকথা আর একজন মাননীয় সদস্য বলেছেন, এর সংগে যদি আমরা সবটা মিলিয়ে পড়ি তাহলে দেখতে পাবো যে আমাদের পশ্চিমবাংলায় যে বিরাট ডিস্টার্ব্যান্স হয়েছে তাকে উপলক্ষ্য করে এই বিলটা আনা হয়েছে এবং যেকথা নরেনবাবু বলেছেন এই হাউসের সামনে আমি তাঁর সংগে সম্পূর্ণ একমত এবং এর পরে আমি বলতে চাই যদি কাজ করতে গিয়ে মনে হয় যে কোন অসুবিধা হচ্ছে তাহলে পরে আমরা আবার আপনাদের কাছে আসবো পুনরায় এ্যামেন্ডমেণ্ট করবার জন্য।

The motion of the Hon'ble Ava Maiti that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, as settled in the Council be passed was then put and agreed to.

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1964

The Hon'ble Bijoy Singh Nahar : Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into consideration.

স্যার, এই বিলটা এজন্যই আনা হয়েছে—আমরা বহু জায়গায় দেখতে পেয়েছি কারখানার মালিকরা অনেক কর্মীদের দিয়ে কাজ করান-কনট্রাক্টরের মাধ্যমে এবং যেখানে তাদের সব সময় কাজ করানো দরকার হয়, সেখানে অস্থায়ীভাবে টেম্পোয়ারী কনট্রাক্টর দিয়া কাজ করিয়ে সেই সব শ্রমিকদের ন্যায্য পাওনা এবং ন্যায্য ব্যবস্থা তা দেয়া হয় না। এইসব কায়েমের জন্য এই বিলটা আনা হয়েছে এই বিলে এটা অত্যন্ত পরিস্কার যে সমস্ত কনট্রাক্ট লেবার তুলে দেবার ব্যবস্থা এতে নেই এবং তার সংগে সংগে সেখানে অস্থায়ী কাজের ব্যবস্থা আছে সেই সব কর্মীদের সম্বন্ধে এখানে কি নেই। যারা কারখানায় বরাবরের জন্য কাজে আছে এবং যে কারখানায় এই রকম কনট্রাক্ট লেবার দিয়ে কাজ করানো হয় সেই কারখানায় কনট্রাক্ট লেবারে যারা কাজ করছে অন্যান্য কর্মীদের সংগে তারা এক পর্য্যায়ে যাতে আসতে পারেন সেই উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে এবং আমি আশা করবো এই বিলটা সকলের সমর্থন পাবে।

Shri Jatin Chakravorty :

স্যার, আমি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাবো—ধন্যবাদ এইজন্যই জানাবো যে ঐ দলে থেকেও তিনি যে ভাল কাজ করতে পারেন সেটা দেখিয়েছেন। ভাল কাজটা এইজন্য যে আমরা বহুবার ট্রেড ইউনিয়নগুলির পক্ষ থেকে মন্ত্রীমহাশয়ের কাছে শুধু নয়, সরকারের কাছে, কেন্দ্রীয় সরকারের কাছে এবিষয়ে বলেছি, দৃষ্টি আকর্ষণ করেছি যে মালিকরা ঐ মন্ত্রী মহোদয়ের পেছনে যে মালিক বসে আছেন এই রকম মালিকরা স্যার, অনেক সময় কনট্রাক্ট লেবার রেখে শ্রমিকদের যে সুযোগ সুবিধা আছে সেই অধিকার থেকে তাদের বঞ্চিত করেন, ঐ কমলাচরণবাবুর মত মালিক চিরকাল আইনকে ফাঁকি দিয়ে এসেছেন।

[2-40—2-50 p.m.]

আজকে আমরা সেইজন্য মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি যে তিনি এই বিলটি এনে যারা কণ্ট্রাক্ট লেবারার্স তাদের হাত পা বেঁধে শ্রমিকদের যেটা ন্যায্য পাওনা সেটা পাইয়ে দেবার অন্ততঃ একটা প্রচেষ্টা এর মধ্যে আছে। কিন্তু স্যার, আমার মনে হয় ঐ এক্সপ্ল্যানেশন এর মধ্যে যেটা রয়েছে, সেখানে একটা ফাঁক থেকে যাচ্ছে। অর্থাৎ ঐ কমলাচরণবাবুর মত মালিক এই ফাঁক দিয়ে অনেক সময় বেরিয়ে যাবে। কারণ, আপনি দেখুন স্যার, এখানে বলা হচ্ছে—

for the work of such industry and which is sufficient to employ whole-time workmen and is not of an intermittent and temporary nature.

কিন্তু এটা বিচার করবে কে? মালিক বলবেন এটাত ইণ্টারমিটেণ্ট নেচার এর মত নয়, এটা টেম্পোরারী সুতরাং এখানে যে সব শ্রমিকরা কণ্ট্র্যাক্টর-এর অধীনে কাজ করছেন, তাদের সম্পর্কে ঐ কমলাচরণ বাবু বলবেন, এখন মন্ত্রী মহোদয় তাঁকে ডেকে পাঠাবেন, যে আমি তাদের জন্য দায়ী হবো কেন? এরাত কনট্রাক্টএর লোক। সুতরাং এই ফাঁকটা বন্ধ করা সম্পর্কে যদি একটা বিধি ব্যবস্থা অবলম্বন করা হত, তাহলে মালিক এর সুযোগ নিয়ে এই ফাঁক দিয়ে বেরোতে পারতো না। অবশ্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, ও অভিনন্দন করছি যে তিনি অন্ততঃ একটা ভাল কাজ করেছেন, সকল শ্রমিকদের কথা চিন্তা করে। যাদের কথা আমরা বারবার বলেছি—তাদের কথা মনে করে আপনি এই আইন সংশোধন করেছেন, অত্যন্ত ভাল কাজ করেছেন। কিন্তু এদিকে আরও একটু সতর্ক দৃষ্টি রাখবেন যে ঐ সব মালিকরা যাতে ঐ রকম ফাঁক দিয়ে বেরিয়ে গিয়ে, তাঁদের উপর যে দায়িত্ব এই আইনের দ্বারা অর্পিত হচ্ছে, সেই দায়িত্ব পালন করবার পথে তাঁরা যেন আর ফাঁক সৃষ্টি করতে না পারেন।

Shri Dwijendralal Sen Gupta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি আনার জন্য মাননীয় শ্রম মন্ত্রী মহাশয়কে আমাদের বন্ধু যতীনবাবু ধন্যবাদ জানিয়েছেন। কিন্তু আমি অতটা সহজভাবে ধন্যবাদ জানাতে চাই না।

আমি ধন্যবাদ দেওয়ার সাথে সাথে ত্রুটির দিকটাও খোলাখুলি ভাবে বলতে চাই। যাতে ভবিষ্যতে তিনি এ বিষয় দৃষ্টি দিতে পারেন। আমাদের দেশে—যতগুলি কমিশন বসেছে, প্রত্যেকটি কমিশনে এই কনট্রাক্ট লেবার সিস্টেমএর বিরুদ্ধে মত প্রকাশ করেছেন। তাঁরা বলেছেন যে কণ্ট্রাক্ট লেবার সিস্টেম হচ্ছে এমন একটা সিস্টেম যাকে হাতিয়ার করে মালিকরা মজুরকে শোষণ করে। আমাদের দেশে ফ্যাক্টরীস অ্যাক্ট, প্ল্যাণ্টেসন অ্যাক্ট এবং কোল মাইনস অ্যাক্ট আছে। এই অ্যাক্টগুলি সরাসরী মালিকদের উপর প্রযোজ্য হবে। কিন্তু ফ্যাক্টরীর যিনি মালিক, তিনি বলবেন যে তাদের নাম আমার খাতায় নেই। কিন্তু আমরা জানি ফ্যাক্টরীতে কে কাজ করছে বা না করছে, তা খাতায় লেখা হয় এবং দুরকম, তিন রকম খাতা রাখার নানা কারণ থাকে অনেক সময়। অনেক সময় ফ্যাক্টরী ইনস্পেক্টররা কড়াকড়ি করলে এবং যারা রেসপেক্ট্যাবল মালিক, যাদের রেসপনসিবিলিটি বোধ আছে, সেই সব ফ্যাক্টরী ওনার্সরা এঁদেরও নাম রাখেন। বিশেষ করে আজকে এমপ্লয়ীজ স্টেট ইনসিওর‍্যান্স ও এমপ্লয়ীজ প্রভিডেণ্ট ফাণ্ড য়্যাক্ট হবার পরে এইগুলো রাখতে হচ্ছে। কিন্তু নাম লেখা থাকলেও ফাঁকীও প্রচুর আছে। সুতরাং এই অবস্থা-গুলো আমাদের জানা আছে। এই অবস্থাগুলো যেখানে আমরা জানি, সেখানে আমরা আশা করেছিলাম আজকে ১৯৬৪ সালে এমন একটা বিল আসবে যে

contract labour itself will be abolished. Contract labour abolish.

হয়ে গিয়ে সরাসরী সমস্ত লেবারই আজকে কোম্পানীর ডাইরেক্ট কণ্ট্রাক্ট এমপ্লয়ীজ হবে। আজকে এই যে বিল এসেছে এই বিলের মধ্যে নিশ্চয় একটা রীডিমিং ফিচার আছে। নিশ্চয়ই এ স্টেপ ফরওয়ার্ড এবং এ স্টেপ টুওয়ার্ডস য়্যাডভান্সমেণ্ট,এর দ্বারা হয়েছে। কিন্তু এটাই সব, একথা বলা যাচ্ছে না। আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে বাংলা দেশ—ওটা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী ইণ্ডাস্ট্রিয়ালিস্ট স্টেট, এবং তার পরেই হচ্ছে বোম্বে। বোম্বেতে ১৯৩৭ সালে যে বম্বে ইণ্ডাস্ট্রিয়াল রিলেসন য়্যাক্ট হয়, তাতে এই সব কণ্ট্রাক্ট লেবারদের সম্পর্কে প্রোটেকসন এর ব্যবস্থা আছে। এমন কি ইউ. পি'র যেখানে সামান্য ইণ্ডাস্ট্রিয়াল লেবার তাদেরও উত্তর প্রদেশ ইণ্ডাস্ট্রিয়াল ডিস্পিউট য়্যাক্ট অফ ১৯৪৭—তাতে ব্যবস্থা আছে যে, যেসব কণ্ট্রাক্টররা যে কোন ইণ্ডাস্ট্রিতে কাজ করে, সেই কণ্ট্রাক্টরএর লেবাররা সকলেই সরাসরি ইণ্ডাস্ট্রির মালিকের এমপ্লয়ী যেখানে এই জাতীয় কুজগুলি নেই যে

which is sufficient to employ wholetime workmen and is not of an intermittent or temporary nature.

এই, জাতীয় লেজ্‌টেজ নেই, এই জাতীয় কণ্ডিসন কিছু নেই। সেখানে সরাসরি হচ্ছে—যে এমপ্লয়ার দুজন তুমি মালিক, তোমার রাইট অফ বিজিনেস আছে, তুমি বিজিনেস করতে কণ্ট্রাক্ট কাকে দিলে বা না দিলে, আই য়্যাম নট কনসার্নড্। তুমি যদি কণ্ট্রাক্ট দাওত তাহলে কণ্ট্রাক্ট এর সাথে, সাথে তুমি মালিক, তুমিও এমপ্লয়ার। এই পজিসন ইউ, পি ইণ্ডাস্ট্রিয়াল ডিস্পিউট য়্যাক্ট, ১৯৪৭এ স্বীকৃত হয়েছে। আমি এবার এলাহাবাদ হাই-কোর্টের একটি কেসের প্যাসেজ আপনার জন্য পড়ে শোনাচ্ছি।

"The Legislature has not prohibited the giving of contract to others for the execution by or under such person of the whole or any part of any work which is ordinarily part of industry. The owner of the industry shall thus not be acting illegally if he gives contract to others for execution of the whole of the work of the industry; and in such a case he shall have no person under his direct employment. Consequently, if clause (iv) was not incorporated in the definition of "employer"

কুজ ফোরটা আমি পরে শোনাচ্ছি, সেখানে হচ্ছে কণ্ট্রাক্ট লেবার সরাসরি ইররেসপেক্টিভ অফ অল দি ক্লেসস সেখানে ওয়ার্কম্যান করা হয়েছে। কণ্ট্রাক্টরদের এম্‌প্লয় করা হয়েছে

'Consequently, if clause (iv) was not incorporated in the definition of employer there could be an instance of an industry the owner of which had no workman in his

employment; all the workers of the industry would be in the employment of the co tractors. Such an owner can utilise for himself all the profits of the industry witho sharing them with the workers. The Legislature apparently realised such a pos bility and made a provision by incorporating clause (iv) in section 2(*1*) of the A that even though the owner has no one in his employment, he shall for purposes the Act be deemed to be 'employer' of the workers employed by the contracto To put it differently, even though the workers are employed by contractors and n by the owner of the industry the owner becomes, in the eye of law, their employer

সমস্ত কারখানাটাই দিয়ে দিল কণ্ট্র্যাক্টএ, সে বলল আমার কোন এমপ্লয়ি নাই।

All the workers of the industry would be in the employment of the contractors.

এবং স্যার, কুজ ফোরএ যে কথা বলা হচ্ছে

"Where the owner of any industry in the case of or for the purpose of conducting t industry contracts with any person for the execution by or under such person the whole or any part of any work which is ordinarily part of the industry the own of such industry shall be the employer".

সুতরাং আমাদের ১৯৬৪ যে বিল আসছে এটা মোটেই ১৯৪৭এর ইউ পি ইণ্ডাস্ট্রিয়াল ডিস্পিউটস য়্যাক্টএর চেয়ে প্রোগ্রেসিভ নয়। আমি আজকে এই কথা নিঃসন্দেহে বলতে পারি যে আমাদের এই গঙ্গার ধারে যে পোর্ট কমিশনার তার যে কণ্ট্র্যাক্ট ছিল বার্ড কোম্পানী বার্ড কোম্পানী ওয়াজ দি কনণ্ট্র্যাক্টর। পোর্ট এর যে সমস্ত লোডিং য়্যাণ্ড আনলোডিং কাজগুলি যে সমস্ত ইণ্টারমিট্যাণ্ট নেচারএর সুতরাং বার্ড কোম্পানী তার কণ্ট্র্যাক্টর, বার্ড কোম্পানী কণ্ট্র্যাক্টর না হলে তার চলতে পারে না। সেখানে শ্রমিকদের থেকে আন্দোলন হয় সেখানে আইন ছিল না। সেখানে আন্দোলনের ফলে বার্ড কোম্পানীর কণ্ট্র্যাক্ট খতম হল, ক্যাজুয়ালাইজেসান হল এবং সমস্ত বার্ড কোম্পানীর এমপ্লয়ী পোর্ট কমিশনারের এমপ্লয়ী হল। এতদিন পর্যন্ত শ্রমিক আন্দোলনের চাপে বিভিন্ন জায়গাতে এই কণ্ট্র্যাক্ট সিসটেমএর এ্যাবলিসান হচ্ছিল। আজকে আইন দ্বারা যারা দুর্বল তারা সুবিধা পাবে। কিন্তু যতীন বাবু যে আশঙ্কা প্রকাশ করেছেন তা আজকে আমি রেখে যাচ্ছি যে লিটিগেসানের দরজা খুলে গেল। মজুর দাবি করবে যে আমার মালিক হচ্ছে এমপ্লয়ার, ইণ্ডাস্ট্রির মালিক। কোম্পানী বলবে যে এই কাজটা ইণ্টারমিটেণ্ট নেচারের কাজ, এটা আমার রেগুলার জব নয়, সুতরাং এতে হোল টাইম এ্যাবজর্ব করতে পারি না। সুতরাং তুমি এই ধারার মধ্যে আস না। অতএব এর ফয়সলা কে করবে, এই মীমাংসা কে করবে? তারপর লিটিগেসান। লিটিগেসানের নাম যদি হয় শান্তি প্রতিষ্ঠা যা ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের উদ্দেশ্য ছিল তাহলে স্যার তিনি সার্থক হয়েছেন, তা না হলে বহু ত্রুটি-বিচ্যুতি এর মধ্যে রয়ে গেছে।

[2-50—3 p.m.]

Shri Abdul Halim :

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় বন্ধু দ্বিজেন সেন গুপ্ত এই বিল সম্বন্ধে যা বলেছেন আমারও তাই বক্তব্য। আমি এ সম্বন্ধে আমার সন্দেহ প্রকাশ করছি। আজ পর্যন্ত যে সমস্ত টেকসম্যাকো প্রভৃতি বড় বড় ফ্যাক্টরি আছে সেখানে যে সমস্ত ওয়ারকার কাজ করে তারই মাঝখানে আবার কণ্ট্রাক্টস ওয়ারকার থাকে। কণ্ট্রাক্টররা সেখানে কাজ ভুগিয়ে দেয়। কণ্ট্রাক্টররা সেখানে শ্রমিকদের শোষণ করত। কারখানার যারা পার্মানেণ্ট শ্রমিক তারা যে বেতন পেত, প্রভিডেণ্ট ফাণ্ড পেত তারা তা পেত না। তারা তা থেকে বঞ্চিত হত। সেদিক থেকে তাঁরা চেষ্টা করছেন যে, না, যারা কণ্ট্রাক্টরের অধীনে কাজ করবে তারা এখন থেকে সেখানকার ওয়ারকার হিসাবে গণ্য হবে। কিন্তু সেখানে তাদের সন্দেহ রয়ে যাচ্ছে। ইণ্টারমিটেণ্ট ওয়ারকার বিশেষতঃ চা-বাগানের সম্বন্ধে আমরা জানি যে সেখানে কণ্ট্রাক্ট লেবার এনগেজড হয়। চা-বাগানের দুর্দশার কথা আপনি স্যার জানেন। সেখানে মজুররা তার বেতন পায় না। ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট সেখানে কার্য্যকরী হয় না। সেখানে ট্রাইবুনালে যে এ্যাওয়ার্ড হয় সেই এ্যাওয়ার্ড অনুযায়ী তারা মূল্য পায় না। এই সব দিক থেকে সেখানে

াজকে চেষ্টা হচ্ছে কণ্ট্রাক্টররা যেখানে কাজ করাবে সেখানে তারা এমপ্লয়িজ বলে গণ্য বে। কিন্তু সেখানে ফাঁক রয়ে যাচ্ছে। ডক ওয়ার্কার যারা আছে, টালি ক্লার্ক যারা াচ্ছে তারা ডক লেবার বোর্ডের অধীনে আসছে। তারপর যেসমস্ত ওয়ার্কার সেখানে কাজ রছে সেই সমস্ত ওয়ার্কারদের স্টিভেডর এনগেজড করে। স্টিভেডর তাদের কিভাবে কাজ রাব, না, দিনে আধ ঘণ্টা বা ১ ঘণ্টা কাজ করায়। সেখানে তারা বলবে যে এরা পার্মা-ণ্ট ওয়ার্কার নয়, টেম্পোরারী ওয়ার্কার। সেগুলি ডিটারমিন করবে কে? সেজন্য আমার মনে য় এ দিক থেকে বিলে যখন বলছেন যে হ্যাঁ

n an industry if such person is employed by a contractor for the execution of the hole or any part of any work, which is part of, or incidental to and necessary.

াদের এখানকার ওয়ার্কার হিসাবে গণ্য করা হবে তখন এখানে ফল্ট রয়ে যাচ্ছে। ডকে াবা কাজ করবে, টি গার্ডেনে যারা কাজ করবে, ফিল্ডে যারা কাজ করবে বা অন্যান্য ায়গায় কাজ করবে তাদের সেখানে কণ্ট্রাক্টররা কিভাবে কাজ করাবে সেটা ডিটারমিন রবে কে? কাজেই এখানে ফল্ট রয়ে যাচ্ছে। সেজন্য বিলটা আরো পরিষ্কারভাবে রা উচিত ছিল। তারা এইভাবে কাজ করবে সেজন্য তাদের রুলস এ্যাণ্ড রেগুলেসান রা দরকার। যারা কণ্ট্রাক্ট বেসিসে কাজ করবে তারা সেখানকার ওয়ার্কার যে ফেসিলিটি ায়, যে প্রভিডেণ্ট ফাণ্ড পায়, যে ওয়েজেস পায়, যে স্কেল পায় সেই অনুযায়ী পাবে। কিন্তু বিলে সেই সব উল্লেখ কিছু নেই। সেজন্য আমি বলছি বিলটা যাতে ভাল হয়, পরিষ্কার য়, মজুররা যাতে বিপদে না পড়ে সে দিকে লক্ষ্য রেখে বিলটা করলে ভাল হর্ত। আমি জানি কিছুকাল আগে পর্যন্ত টেক্সম্যাকোতে ডিসপিউট চলছিল, সেখানে কণ্ট্রাক্ট লেবর কাজ করত, তারা শ্রমিকদের ঠিকমত বেতন দিত না, তাদের ডিসচার্জ করে দিত, তাদের বলত যে তোমরা টেম্পোরারী ওয়ার্কার। সেজন্য তাদের কয়েকদিন কাজ করিয় ঁটাই করে দিত। কাজেই এই সব প্রশ্ন আছে। এই সম্পর্কে কি হবে বিলে সেইস নির্দেশ রিষ্কার নেই। সেজন্য আমি বলছি আরো পরিষ্কারভাবে সেই সমস্ত জিনিস বিলে রাখা উচিত ছিল।

Dr. Janaki Ballabha Bhattacharya :

াননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইন সম্বন্ধে আমি কিছু বুঝি না কিন্তু সাধারণ ভাষা পড়ে মনে হচ্ছে এক্সপ্লানেসনের লাস্ট পোর্সানএ ইজ নট অফ য়্যান ইণ্টারমিট্যাণ্ট অর টেম্পোরারী নেচার এটা লে বিলে যতখানি ভাল কাজ করতে চেয়েছিলেন সেই সমস্ত জিনিসটা নষ্ট করে দিচ্ছেন, কারণ এই যে টেম্পোরারী নেচারের ওয়ার্ক এটা সব কাজেই আছে। ইণ্ডাস্ট্রি যত বড়ই হোক তা কণ্ট্রাক্ট বেসিসে কাজ করেন, কণ্ট্রাক্ট যেটা পান সেটা চিরকালের জন্য নয়। সুতরাং টেম্পোরারী কথাটা অত্যন্ত ইলাস্টিক কথা। এর মানে কতদর পর্যন্ত দাঁড়াবে, এ নিয়ে ফের লিটিগেসান আরম্ভ হবে এবং পার্মানেণ্ট যে স্টাফ রাখা হয় সেটা এক্সপেক্টেসনে রাখা হয় যে আমি বরাবর কণ্ট্রাক্ট পেয়ে যাব—এই এক্সপেক্টেসন থেকে পার্মানেণ্ট লোক রাখা হয়। আপনি দেখুন গোটা কতক মিল, যেমন সুগারমিল বরাবর কিছুকাল করে লোক রাখে, তারপরে কাজ বন্ধ হয়ে যায় মাস কয়েকের জন্য। সেখানকার ওয়ার্কারদের জন্য কি ব্যবস্থা হবে? তারপরে যারা ইট তৈরী করছে, তারা বরাবর কাজ করে না কিন্তু তারা যখন কণ্ট্রাক্ট বেশীদিন নানালোকের কাছ থেকে পায় তখন তাদের কাজটা অনেকদিন ধরে চলে। সুতরাং প্রত্যেকটা কণ্ট্রাক্ট হচ্ছে টেম্পোরারী নেচারের। অতএব এক একটা কণ্ট্রাক্ট বেসিসে তারা যদি দেখায় তাহলে প্রত্যেক কাজটার জন্য দেখবেন যে এটা হচ্ছে টেম্পোরারী ওয়ার্ক। সুতরাং এই টেম্পোরারী কথাটা এবং ইণ্টারমিটেণ্ট কথাটা যদি বাদ দিয়ে দেন তাহলে ভাল হয়, কারণ ইচ্ছা করে তারা কাজে ফাঁক দিতে পারেন, দিয়ে আবার চালু করলেন। অতএব এমপ্লয়ীদের ফাঁক দেবার যাথষ্ট সুযোগ সুবিধা পাবেন এই বিল হওয়া সত্ত্বেও। সুতরাং এ বিষয়ে আমি াননীয় শ্রমমন্ত্রীকে বিবেচনা করতে বলবো।

Shri Subodh Sen :

াননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যা বলেছেন তাকে ামি স্বাগত জানাই। কিন্তু সঙ্গে সঙ্গে আমি আশঙ্কা করছি যে এই "ইণ্টারমিটেণ্ট" কথাটার ব কোন ইণ্টারপ্রিটেসন মালিকরা করে দিতে পারেন যার ফলে এই বিলের আসল উদ্দেশ্য ার্থ হয়ে যাবে। যেমন ধরুণ কিছু শিল্প আছে যেখানে রেকারিং ইণ্টারমিটেণ্ট ফর এভরি য়ার সেই একটা ব্যাপার হয়—সেই রেকারিং ইণ্টারমিটেণ্ট ফর এভরি ইয়ার, তার অর্থ

পার্মানেণ্ট কিনা এটা বড় প্রশ্ন আসবে। যেমন চা বাগানের কথা বলছি—চা-বাগানে সিজন্যাল ওয়ার্ক আছে, কোন সময়ে কালটিভেসন ওয়ার্ক আছে, আবার কোন সময় সেই চা-বাগানে প্লাকিংএর কাজ আছে। জুন মাস পর্যন্ত হবে কালটিভেসানের কাজ, জুন মাসের পর থেকে সেখানে সুরু হবে প্ল্যাকিং আবার প্রতি বছর সেখানে কালটিভেসনের কাজও বেকার করছে। এখন যাদের এমপ্লয় করা হবে কালটিভেসনের কাজে, তাকে কণ্ট্রাক্ট লেবারের ক্ষেত্রে যদি ইণ্টারমিটেণ্ট হিসাবে গণ্য করা হয় তাহলে এই বিলের সমস্ত উদ্দেশ্য ব্যর্থ হবে। আমি বিশেষ করে শ্রমমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি, কারণ চা বাগানে বেকার সমস্যা সমাধানের জন্য একটা কমিটি করছেন এবং সেই কমিটি ইনভেস্টিগেসান করে আমি যতদূর জানি একটা রিপোর্ট দিয়েছে যে "সারপ্লাস আন-এমপ্লয়েড লেবার" সেখানে রয়েছে এবং আগে যা এমপ্লয়েড ছিল পার একরে শ্রমিক সেখানে সেটা কমানো হয়েছে। আমি একথা বলছি ১০ বছর আগেও প্রতি বাগানে এই কালটিভেসানের কাজ বাগানের শ্রমিকদের দিয়ে করানো হোত বর্তমানে বস্তী থেকে শ্রমিক এনে, ম্যানেজার এবং শ্রমিকের মাঝখানে একজন সর্দারকে আরকাঠি হিসাবে সাজিয়ে কণ্ট্রাক্টর হিসাবে সাজিয়ে, সাধারণভাবে বাগানের শ্রমিক, যারা ঠিকে কাজ করে, পিস্ ওয়ার্ক করে, তার ডবল এবং দেড়গুণ বেশী কাজ বাইরের শ্রমিকদের দিয়া করানো হয়। ইণ্ডাস্ট্রীয়াল ডিসপুটসের ক্ষেত্রে কোন প্রশ্ন তুল্লে বলা হয় যে সেই লোকগুলি টেম্পোরারী কাজ করে। বলা হয় যে সেই লোকগুলি মালিকের অধীনে কাজ করে না, সর্দারের অধীনে কাজ করে। কাজেই তাদের পারিশ্রমিক বা অন্য যে কোন সুযোগ সুবিধা, সেগুলি আদায় করতে হয় তো সর্দারের কাছে যায়—এই যে বিরাট গ্যাঁরাকল খাড়া করে রাখা হয়েছে, এই গ্যাঁরাকলকে খতম করা যাবে না এই বিলের দ্বারা যদি ইণ্টারমিটেণ্ট শব্দের মধ্যে ইণ্টারপ্রিটেসনের ব্যতিক্রম করার সুযোগ থাকে। ইণ্টারমিটেণ্টের ডিক্সনারী অর্থ কি আমি জানি না, কিন্তু এমন যদি ব্যাপার হয় যেটা সিজনাল প্রতি বৎসর বেকার করে, সেটা ইণ্টারমিটেণ্ট কিনা? এই ডিসিসান কি লেবার অফিসার দেবেন, বেঙ্গল চেম্বার অব কমার্সের লেবার অফিসার দেবেন, না শ্রমমন্ত্রী দেবেন? এই প্রাকটিক্যাল ডিফিকালিটিগুলি আসবে এবং সেজন্য আমি বলছি যে এই ইণ্টারমিটেণ্ট কথাটা তুলে দেয়া হোক এবং দ্বিতীয়তঃ কণ্ট্রাক্ট লেবার যদি কেউ থাকে, তার চার্জ হবে প্রিন্সিপ্যাল এমপ্লয়ারের উপর। কণ্ট্রাক্টরের উপর নয়। যাতে করে ঐ ৬০ টাকা মাইনের একজন কণ্ট্রাক্টরের মাঝখানে শিখণ্ডী সাজিয়া মালিকরা লেবারকে এক্সপ্লয়েট করতে না পারেন, তার জন্য প্রিন্সিপ্যাল এমপ্লয়ারের উপর চার্জ থাকবে ইণ্ডাস্ট্রীয়াল ডিসপুটস অ্যাক্ট অনুযায়ী। এটা এখন না হলেও এর পরে যাতে বিধিবদ্ধ করা হয় এই অনুরোধ করে আমি আবার মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে বসছি।

[3—3-40 p.m. including adjournment]

The Hon'ble Bijoy Singh Nahar :

এই বিলটিতে দেখছি মাননীয় সদস্য যাঁরা বক্তৃতা করলেন তারা সকলেই ধন্যবাদ দিয়েছেন, কেউ দু আনা দিয়েছেন, কেউ চার আনা দিয়েছেন, কেউ বারো আনা দিয়েছেন। ধনবাদ সকলেই দিয়েছেন, এবং কতকগুলি কথা তুলেছেন যেটা এই বিলের সঙ্গে প্রযোজ্য নয়। যেমন টেম্পরারী লেবার এর কথা একজন মাননীয় সদস্য বললেন চা বাগান সম্বন্ধে চা বাগানের জন্য আলাদা আইন আছে, এবং সেই আইন চা বাগানে কার্যকরী হয়। চা বাগান সম্পর্কে আমার যতদূর জানা আছে, চা-বাগানের কোন কাজ—যেমন সেখানে চায়ের পাতা কালেক্ট করা, তাতে কোন কণ্ট্রাক্টর লেবার থাকে না, সেখানে সব টেম্পোরারী লেবার আছে।

(এ ভয়েস :—সেখানে কণ্ট্রাক্ট লেবারও থাকে)

আমার যতটুকু জানা আছে চা বাগানে কণ্ট্রাক্ট লেবার থাকে না। এখানে দু একজন চা-বাগানের মালিক এসেছিলেন, আমি তাঁদের জিজ্ঞাসা করলাম, তারা বললেন যে তাঁদের ওখানে কোন কণ্ট্রাক্ট লেবারের ব্যবস্থা নেই। কিন্তু কণ্ট্রাক্ট লেবার যেখানেই আছে, তারা দুরকমে আছে। এক হচ্ছে তাদের পারমানেণ্ট কাজ। সব সময়ই তাদের পার্মানেণ্ট কাজ হয় কিন্তু, কণ্ট্রাক্টরদের কাজ হয়। এগুলো খুব বেশী কাজ হয় লোয়ার রেঞ্জের দিকে। সেইজন্য

যে সব কর্মীরা সেখানে কাজ করছেন, অন্য কর্মীদের সঙ্গে যারা পার্মানেণ্ট অথচ তারা এই ভাবে কাজ করে আসছেন, তাদের যাতে দু রকম কাজ না হয় এবং পার্মানেণ্ট লেবারারস্এর যে সব সুযোগ সুবিধা আছে, সেটা সব সময় যাতে তারাও পেতে পারেন সেই উদ্দেশ্যেই এই বিলটি আনা হয়েছে।

এখানে আমি আর একটি কথা জানাতে চাই—মাননীয় সদস্যদের সামনে যে আইনগুলো আনা হয়, আপনারা জানেন যে শ্রম আইন যতগুলো হয়েছে ভারতবর্ষের মধ্যে, কেবল বাংলাদেশে নয়, সমস্তগুলো ত্রিপক্ষীয় আলোচনার মাধ্যমে আইন নিয়ে আসার প্রথা রয়েছে। আপনারা জানেন যে ইণ্ডিয়ান লেবার কনফারেন্সএ কণ্ট্রাক্ট লেবার সম্বন্ধে আলোচনা হয়েছিল, এবং তাতে বহু মাননীয় সদস্য, তাঁরা যে দলের সঙ্গে আছেন, তাদের প্রতিনিধি হিসাবে সেখানে উপস্থিত থেকে তাঁদের মতামত প্রকাশ করেন। এমন কি দ্বিজেনবাবুও তাঁর দলের রিপ্রেজেণ্টেটিভ হয়ে ঐ সব আলোচনায় অংশ গ্রহণ করেন। ইণ্ডিয়ান লেবার কনফারেন্স ১৯৬১এ যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়, ঠিক সেই মতই এই বিলটি আনা হয়েছে, তার কোন ব্যতিক্রম হয়নি। আপনাদের প্রতিনিধি যাঁরা সেখানে উপস্থিত ছিলেন, তাঁরা এর চেয়ে বেশী কিছু করতে বলেন নি, এবং আমরাও সব দিক বিবেচনা করে দেখেছি যে যারা অল্প কাজের জন্য, অল্প দিনের জন্য নিযুক্ত হন, তাদেরকে সব সময় সব সুযোগ, সুবিধা দেওয়া সম্ভব নয়, এবং তা দেওয়া উচিতও হবে না। সেইজন্য টেম্পোরারী লেবার সম্বন্ধে ওঁরা যেটা বললেন, আমরা সেদিকে লক্ষ্য রেখেছি, বিচার বিবেচনা করছি এবং আমরা আশা করছি যে শীঘ্রই এই রকম টেম্পোরারী ওয়ার্কারস্, যারা কাজ করছেন, অর্থাৎ তার মানে সব সময়ই যাদের কাজ রয়েছে, অথচ দুমাসে কাজের পর দুদিনের জন্য ছাঁটাই করে দিলেন, বা ছয় মাস কাজ করাবার পর, কয়েক দিন ছাঁটাই করে দিলেন, এই ভাবে তাদের কাজ বছরের পর বছর চলে যাচ্ছে, সেই সমস্ত টেম্পোরারী লেবার যাতে পারমানেণ্ট লেবার এর মত সমস্ত রকম এর সুযোগ সুবিধা পান, তারজন্য আমি আর একটা আলাদা বিল আনবার প্রস্তাব করেছি এবং বলেছি যে যতশীঘ্র সম্ভব এটা আনার জন্য চেষ্টা করা হবে। তার সঙ্গে এই কণ্ট্রাক্ট লেবার এর কোন সম্পর্ক নেই। টেম্পোরারী লেবার হচ্ছে আলাদা ব্যাপার। আমি সেইজন্য আবার বলছি এই যে বিলটি আনা হয়েছে, এর মধ্যে সমস্ত যা কিছু আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয় গত লেবার কনফারেন্সে, তার সব গুলোই দেওয়া হয়েছে। এখানে আর একটি কথা তোলা হয়েছে ইণ্টারপ্রিটেসান সম্বন্ধে। আইন হলেই তার ইণ্টারপ্রিটেসন নানারকম হয়। এখানে দ্বিজেনবাবু রয়েছেন, তিনি যখন কোর্টে দাঁড়ান, তাঁর সুবিধামত বলেন, আবার বিপক্ষে যিনি ল-ইয়ার থাকেন, তিনি তার সুবিধা মত কথা বলেন। সুতরাং এখানে এই সব আইনের কথা যখন উঠবে, লেবার ডিরেক্টরেট তার মতামত দিতে পারবেন, এটা আমি লেবার মিনিস্টার হিসাবে দেখেছি।

(এ ভয়েস : আপনি এড়িয়ে যাচ্ছেন)

এড়িয়ে যাচ্ছি না। দু-একটা কেস ট্রাইবুন্যালে বিচার হয়ে ঠিক হবে। কোন আইনেই ইণ্টারপ্রিটেসন সম্পূর্ণ ভাবে দেওয়া সম্ভব নয়। তবে যতটুকু দরকার, কর্মীদের সুযোগ সুবিধা হতে পারে, সেই দিকে লক্ষ্য রেখেই এই আইনগুলো করা হয়েছে।

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the Industrial Disputes West Bengal Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into onsideration, was then put and agreed to.

Clauses 2, 3 and 1, Preamble and the Title

The question that clauses 2 and 3 and 1, Preamble and the Title do stand part f the Bill was then put and agreed to.

The Hon'ble Bijoy Singh Nahar : Sir, I beg to move that the Industrial Disputes West Bengal Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 30 minutes)

(*After adjournment*)

Motion calling for papers

Mr. Chairman : Honourable members, I have discussed the matter of the motion calling for papers which was sought to be raised by Shri Narendra Nath Das. We have agreed that there will be a discussion probably on the 24th. But no papers will be made available. Shri Jagannath Kolay will make an announcement.

The Hon'ble Jagannath Kolay : There will be a discussion on the 24th, but there will be no question hour. After the discussion we shall have discussion on the budget.

Shri Jatin Chakravorty : Sir, on the second day there will be questions.

GOVERNMENT BILL

The Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1964

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিলটা খুবই ছোট। ১৯৪৯ সালে কলিকাতা ঠিকা প্রজা আইন পাশ হয়েছিল তাতে মাননীয় সদস্যগণ জানেন যে কোন কন্ট্রোলার বা নিয়ামকের কাছ থেকে মামলা অন্য কোন কন্ট্রোলার বা নিয়ামকের কাছে স্থানান্তর করার কোন বিধান ছিল না, কিন্তু নানা কারণে এখন নিয়ামকদের কাছ থেকে অন্য নিয়ামকের কাছে মামলা মোকদ্দমা স্থানান্তর করার প্রয়োজন হয়—যেমন কোন সময় এমন হতে পারে যে একজন নিয়ামকের কাছে অনেকগুলি মামলা জমে গেল অথবা এমনও হতে পারে যে কোন নিয়ামকের সঙ্গে সংশ্লিষ্ট কোন পক্ষের আগে থেকে জানা শুনা আছে—এই রকম অনেক কারণে একজন নিয়ামকের কাছ থেকে অন্য নিয়ামকের কাছে মামলা স্থানান্তর করবার প্রয়োজন হয় তার কোন বিধান ছিলনা বলে আমাদের অনেক অসুবিধা দেখা দিচ্ছিল। সেইজন্য এই সংশোধনী বিলটি এখানে আনা হয়েছে।

The motion was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill; was then put and agreed to.

Title

The question that the Title do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the Calcutta Thika Tenency (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, যে নিয়ামকের কথা বললেন যে অনেক সময় জানাশোনা থাকে বলে নিয়ামকের কাছ থেকে ট্রান্সফার করা হচ্ছে তার সম্বন্ধে কি ব্যবস্থা তাঁরা নিয়েছেন। সেটাই আমি জানতে চাইছি যে নিয়ামকের উপর তাদের সন্দেহ হয়েছে যে তার কার্য্যধারা ঠিক হবে না, এইরকম কনক্রীট কেস তাদের জানা আছে কিনা, না একটা ভেগ চার্জ তারা দিচ্ছেন। সেই

কনক্রীট কেসটা জানতে চাই। এবং যদি তিনি কোন অব্যবস্থা করে থাকেন তাহলে তাঁর বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন কিনা, সেটাও জানতে চাই। এই দুটী কথার উত্তর আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই।

[3-40—3-50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বলেছি যে এই রকম হতে পারে। এই রকম হওয়ার সম্ভাবনা আছে এবং কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করার কোন প্রশ্ন উঠে না। আইনে যে বিধান আছে সেগুলি দেখলেই মাননীয় সদস্য বুঝতে পারবেন।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

ফর ক্ল্যারিফিকেসান আমি একটা কথা জিজ্ঞাসা করছি। স্যার, আমরা যখন কোন আশঙ্কা করি তখন বলেন যে আমাদের দূরদৃষ্টি আছে, এই আশঙ্কা অমূলক। আর আজকে মিনিষ্টাররা যে আশঙ্কা করছেন সেটা কনক্রিট ফ্যাক্টসের উপর বেসিস করে আশঙ্কা করছেন না, অমূলক আশঙ্কা করছেন এবং সেই ফ্যাক্টসগুলি কি সেটা জানতে চাই?

The Hon'ble Syamadas Bhattacharyya :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বলেছি যে এইরকম হওয়া সম্ভব হতে পারে। অন্যান্য ক্ষেত্রে আদালতের সম্পর্কে মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে সংশ্লিষ্ট পক্ষ আদালতে বা উচ্চতর আদালতে আবেদন করতে পারে যে তার মামলা অন্য জায়গায় স্থানান্তর করা হোক। কিন্তু এ ক্ষেত্রে সেরকম কোন বিধান নেই। সেজন্য বিধানটি আনা হয়েছে।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Calcutta *Thika* Tenancy (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed, was then put and agreed to.

The Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1964

The Hon'ble Purabi Mukhopadhyay : Sir, I beg to move that the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিলটা আনা হয়েছে এটার অবজেক্টস এণ্ড রিজিনসে লেখা হয়েছে যে পুরান যে ম্যানেজিং বডি আছে ওয়েস্ট বেঙ্গল রেড ক্রসের এবং তার যে কার্য্যাবলী সেটা নতুন ম্যানেজিং বডি তৈরি না হওয়া পর্য্যন্ত থাকবে এবং তার যে কার্য্যাবলী সেটাকে নতুন ম্যানেজিং বডির সঙ্গে পারমপর্য্য রক্ষা হিসাবে ধরে নেওয়া হবে এই উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে। অর্থাৎ ওল্ড ম্যানেজিং বডিকে বহাল রাখা হচ্ছে। স্যার, এই যে ওল্ড ম্যানেজিং বাডর জায়গায় নতুন ম্যানেজিং বডি হবে সেটা নতুন যে এ্যামেণ্ডমেন্ট হয়েছে, যে ১৯৬৩ এ্যাক্ট ৩১ সেই এ্যাক্ট অনুসারে তৈরি হবে। স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে পশ্চিমবাংলায় রেড ক্রসের যে কাজ কারবার চলছে এবং এই যে আইনটা সংশোধন করা হয়েছে, সেই এ্যাক্ট XLVII of 1950 তাকে যে এ্যামেণ্ড করা হল ১৯৬৩ সালে বাই এ্যাক্ট ৩১ এটা অত্যন্ত অগণতান্ত্রিকভাবে এই কাজ চালাবার জন্য এই বন্দোবস্তটা হচ্ছে। স্যার, মহত উদ্দেশ্য নিয়ে রেড ক্রস পরিচালিত হয়। সেই রেড ক্রসের উদ্দেশ্যগুলি কি কি, তার প্রিন্সিপল কি সে সম্পর্কে অন্যান্য প্রিন্সিপলের মধ্যে কয়েকটা প্রিন্সিপল অত্যন্ত গুরুত্বপূর্ণ। রেড ক্রসেস প্রিন্সিপল বলে একটা বই আছে, ইন্টারন্যাশানাল কমিটি অব দি রেড ক্রস এটা পাবলিস করেছে। তার মধ্যে একটা প্রিন্সিপাল হচ্ছে এই যে রেড ক্রসের ইণ্ডিপেণ্ডান্স থাকা দরকার—

Red Cross must be independent of all authorities free from other influence.

তারপর, স্যার, আর একটা হচ্ছে অটোনমি

Red Cross must have a sufficient Degree of Autonomy of 1950.

স্যার, অথচ মজা হচ্ছে এই যে এর আগে, পশ্চিমবঙ্গ রেড ক্রসের যে আইন ছিল রেডক্রসসে সাইটি

(বেঙ্গল ব্রাঞ্চ) (এ্যামেণ্ডমেন্ট) এ্যাক্ট অব ১৯৫০ যেটা বলে ওয়েস্ট বেঙ্গল এ্যাক্ট XLVII of 1950 তাতে প্রভিসান ছিল যে জেনারেল বডি অব মেম্বারস ম্যানেজিং বডিতে ৩ জনকে নির্বাচিত করবেন। টোটাল ম্যানেজিং বডির সংখ্যা ছিল ১৩, সেই ১৩ জনের মধ্যে কিছু কিছু এক্স আফিসিও মেমবারস আছেন এবং ৩ জন মাত্র নির্বাচিত হতেন। স্যার, এই যে এ্যাক্ট ৩১ অফ ১৯৬৩ এ্যামেণ্ডমেন্ট করা হল এবং সে এ্যামেণ্ডমেন্ট অনুসারে নূতন কমিটি নির্বাচিত হতে চলেছে—এই যে ওল্ড কমিটির ম্যানেজিং বডি এই ম্যানেজিং বডির যে কাজ সেটাকে করে নেয়া হবে যতক্ষণ পর্য্যন্ত নূতন বডি তৈরী না হচ্ছে সেই নূতন বডির কাজ হলে সেটা কি রকম হচ্ছে—না ঐ ১৯৬৩র এ্যামেণ্ডমেন্ট এই যে ৩ জনকে নির্বাচিত করবে জেনারেল বডি ম্যানেজিং বডিতে সেটা উঠিয়ে দেয়া হয়েছে, উঠিয়ে দিয়া প্র্যাকটিকালী সরকারকে পশ্চিম বাংলার রেড ক্রসের মালিক প্রোপ্রাইটর করে দেয়া হচ্ছে, রেড ক্রসের যে ইনডিপেনডেন্স যে অটনমি, ভিস-আ-ভিস পাব্লিক পাওয়ার্স এই সমস্ত কিছুই থাকছেনা। কোথায় গিয়া দাঁড়িয়েছে পশ্চিম বাংলার রেড ক্রসের কাজ এবং ১৯৬৩ তে ওরা বলেছিলেন

the Government shall apoint 4 members to the Managing Body

তাঁরা এ্যাপয়েন্ট করবেন, ইলেকসনের প্রশ্ন রইলো না। অথচ স্যার, এ্যাপয়েন্টমেন্ট সেটা হচ্ছে সেই এ্যাপয়েন্টমেণ্ট কাদের কাদের করছেন সেটা আমি পরে আসছি কিন্তু তার আগে দেখুন আমাদের যে ইণ্ডিয়ান রেড ক্রস দিল্লীতে যায় কেন্দ্রীয় অফিস সেখানে তাদের যে নিয়মাবলী বা তাদের যে কন্‌ষ্টিটিউসন তার মধ্যে আছে

the President shall nominate

তাঁরা নমিনেট করবেন ৬ জন মেম্বারকে ম্যানেজিং বডিতে এবং তার মধ্যে আউটগোয়িং যে ম্যানেজিং বডি তাঁরা ৫ জন নমিনেট করে যাবেন

from amongst the general members, some sort of democracy

সেখানে আছে, সেই কনষ্টিটিউসনে আছে। আর আমাদের এখানে এ্যামেণ্ডমেন্ট করে তাঁরা কি করছেন, না

the Government shall appoint 4 members to the Managing Body.

কাদের কাদের করেছেন? দল, মত সকলের উর্দ্ধে রেড ক্রশ থাকবে, রেড ক্রশ পরিচালিত হবে, তার অটনমি থাকবে, ইনডিপেণ্ডেন্স থাকবে কিন্তু আজকে পশ্চিম বাংলার রেড ক্রশকে গভর্ণমেন্টের গোলামে পরিণত করছে। আপনি দেখুন কাদের ওরা এ্যাপয়েন্ট করছেন—৪ জন এ্যাপয়েন্টেড মেম্বার নট ইলেক্‌টেড শ্রীশঙ্কর দাস ব্যানার্জি, কংগ্রেসের এম, এল, এ, অথমন্ত্রী ছিলেন এবং কিছুনা আমার দোষ ছিল বা গুণ ছিল তাকে সেখানে থেকে সরানো, জানেন কি ঘটনা ঘটেছে শ্রীযুক্তা চারুশীলা ধর, কংগ্রেসের এম, এল, এ, শ্রদ্ধাভাজন কিন্তু তিনি কংগ্রেস দলভুক্ত, শ্রীবোমকেশ মজুমদার, অবশ্য উনি রেড ক্রশের নামে জড়িত আছেন কিন্তু তিনিও কংগ্রেসের একজন প্রতিনিধি, এম, এল, এ ছিলেন এবং গত নির্বাচনে কংগ্রেস প্রার্থী ছিলেন এবং রাণাঘাট থেকে যিনি নির্বাচিত প্রতিনিধি দাঁড়িয়ে ছিলেন নির্বাচনে শ্রীকিরণ চ্যাটার্জি এই ৪ জনকে ওরা এ্যাপয়েন্ট করলেন সরকারের পক্ষ থেকে। স্যার, আমার বক্তব্য হচ্ছে এটা অগণতান্ত্রিক এবং এটাকে সরকারের কুক্ষিগত করার প্রচেষ্টা রয়েছে—এই যে পুরানো ম্যানেজিং বডি এর জায়গায় যে নূতন ম্যানেজিং বডি হবে তার মধ্যে কিন্তু এঁরা কেউ থাকছেন না। এঁরা এসে কেউ ম্যানেজিং বডি করবেন এবং আরো মজা হচ্ছে এইযে আগে জেনারেল এ্যসেম্বলীর কতক ভাল অধিকার ছিল পশ্চিম বাংলার যে জেনারেল এ্যাসেম্বলী অব দি রেড ক্রশ তাদের অধিকার ছিল যখন বাজেট উত্থাপিত হত তখন সে সম্পর্কে তারা প্রশ্ন করতে পারতো, আলোচনা করতে পারতো।

[3-50—4 p.m.]

পশ্চিম বাংলার যে জেনারেল য়্যাসেমব্লি অফ দি রেড ক্রস, তাদের অধিকার ছিল বাজেট সম্পর্কে আলোচনা করবার। যখন বাজেট উত্থাপিত হত, সেই সময় তাঁরা বাজেট এষ্টিমেট য়্যানয়েল রিপোর্ট য়্যাকাউন্ট সব কিছু সম্পর্কে প্রশ্ন উত্থাপন করতে পারতেন। কিন্তু এখন তাদের সেই অধিকার নেই। এখন হচ্ছে বাজেটটা শুধু প্লেস করা হবে। তাদের যে

right to raise questions about the budget estimates, about the annual report and the accounts.

সেই অধিকার তাদের খর্ব করে দেওয়া হয়েছে এই সংশোধনীর দ্বারা। সুতরাং আজকে এই যে ওয়েষ্ট বেঙ্গল রেড ক্রস সেটা সরকারের একেবারে সম্পূর্ণ গোলাম হিসাবে চলছে, আমি বলি এই ধরণের রেড ক্রশ এখানে রাখার কোন প্রয়োজন নেই। কারণ রেড ক্রস এর যে প্রিন্সিপলস্, যে নীতিগত প্রশ্নের উপর পরিচালিত হওয়া উচিত এবং পৃথিবীর সমস্ত জায়গায় রেড ক্রশ যে ভাবে পরিচালিত হয়, আজকে তার প্রতি সম্পূর্ণ উপেক্ষা করে পশ্চিম বাংলার রেড ক্রশ চলছে। এবং আপনি স্যার, শুনে অবাক হয়ে যাবেন যে এই যে সম্প্রতি দাঙ্গা হয়ে গেল, এই দাঙ্গা বিধ্বস্ত এলাকায় দিল্লী থেকে ইণ্ডিয়ান রেড ক্রশ কিছু জিনিষপত্র পাঠালো যে যারা ক্ষতিগ্রস্থ হয়েছেন, তাদের যাতে বিতরণ করা হয়। এখানে যখন ঐ রেড ক্রশের জিনিষগুল এসে পৌঁছাল, তখন আমাদের এখানকার রেড ক্রশ এর যিনি কর্ণধার গভর্ণর মহোদয়া, তিনি বললেন ঐ সমস্ত মালপত্র যা কিছু এসেছে, সমস্ত আমার কাছে পাঠিয়ে দাও। ওঁর কাছে পাঠান হলে পর, সেটা বিতরণ করা হয় কেবল মাত্র কংগ্রেসের মাধ্যমে। কারণ আমরা জানি গত দাঙ্গার পর, যারা ক্ষতিগ্রস্থ হয়েছে, তাদের মধ্যে রিলিফ দেওয়া নিয়ে, সাহায্য বিতরণ করা নিয়ে কংগ্রেসের পক্ষ থেকে কুৎসিত দলাদলি করা হচ্ছে, রাজনীতি করা হচ্ছে। বহু জায়গায় আমরা জানি যে বিরোধী দলের বন্ধুরা সরকারের সঙ্গে সহযোগিতা করে দাঙ্গায় ক্ষতিগ্রস্থ যারা তাদের মধ্যে সাহায্য বিতরণ করতে চেয়েছেন। কিন্তু, স্যার, সেখানেও সেই কুৎসিত রাজনীতি, এবং যিনি ত্রাণমন্ত্রী যার কথা আমি বারেবারে বলেছি, উনি নিজের দলের লোক ছাড়া আর কারও দ্বারা কোন ক্রমেই সাহায্য বিতরণ করবেন না। এবং আমাদের গভর্ণর মহোদয়া, রাজ্যপালিকা, সেই সমস্ত জিনিষ পত্তর চেয়ে নেন এবং জাষ্টিস পি, বি, মুখার্জী, যিনি এখানকার রেড ক্রসের সভাপতি তিনি স্যার ঐ জিনিষগুলি পাঠাতে চেয়ে ছিলেন। তারপর দেখা গেল যে চিঠিটা পাঠিয়ে ছিলেন ইণ্ডিয়ান রেড ক্রস দিল্লী থেকে, তাতে লেখা আছে পরিস্কার করে যে ঐ সমস্ত জিনিষগুল বিতরণ করতে হবে রেড ক্রসের যে এজেনসী আছে, সেই এজেনসীর মাধ্যমে। সেই চিঠিটা তখন পাঠিয়ে দেওয়া হল রাজ্যপালের কাছে এই বলে যে, আপনার কাছে এই জিনিষপত্তর গুলি পাঠাচ্ছি, কিন্তু, এই নির্দ্দেশ দেওয়া আছে যে এজেনসীর মাধ্যমে এই জিনিষগুল বিতরণ করা হবে। তখন তিনি তাড়াতাড়ি জিনিষগুল ফেরৎ পাঠিয়ে দিলেন, বললেন দরকার নেই রেড ক্রসের এজেনসীর মধ্যে দিয়েই হোক আমার কাছে রাখবার দরকার নেই। আমি এই জন্য এই নজিরটা আপনার মাধ্যমে সভার সামনে রাখছি যে রাজ্যপালের মাধ্যমে বা কংগ্রেসের পক্ষ থেকে বা সরকারের পক্ষ থেকে সাহায্য বিতরণ করার যে প্রচেষ্টা তার মধ্যেও কুৎসিত রাজনীতি প্রবেশ করান হয়। যারা দুগত, আর্ত, যারা ক্ষতিগ্রস্থ হয়েছে দাঙ্গায়, তাদের সাহায্য দেওয়ার কাজেও দলাদলি ও কুৎসিত রাজনীতির খেলা কংগ্রেসের পক্ষ থেকে চলেছে এবং পশ্চিম বঙ্গ সরকার রেড ক্রসকে আজকে সরকারের গোলামে পরিণত করেছেন। একস-অফিসিও লোকদের নির্বাচনে যেটুকু পূর্বে অধিকার ছিল, অর্থাৎ সেখানে তিন জনকে নির্বাচন করবার অধিকার

General Assembly of the West Bengal Red Cross

এর ছিল, তাদের সেই অধিকারকে আজ খর্ব করা হয়েছে। রেড ক্রসের বাজেট সম্পর্কে বা এ্যানুয়াল রিপোর্ট সম্পর্কে কোন রকম আলাপ আলোচনা বা কথা বলার অধিকারকে খর্ব করা হয়েছে। এই হচ্ছে পশ্চিম বাংলা রেড ক্রসের অবস্থা। এই বিল আনার দরুন ওখানে যে নূতন কমিটি গঠন করা হবে, সেই কমিটির টেকনিক্যাল গ্রাউণ্ড এ এই বিলের প্রয়োজনীয়তা আছে নিশ্চয়। কারণ, এই বিল পাশ না করলে, নানা রকম অসুবিধা দেখা দেবে। ঐ যে কমিটি ও ম্যানেজিং বডি রয়েছে তাদের যদি এই আইনের মাধ্যমে রেগুল্যারাইজ করে দেওয়া না হয়, তাহলে তারাই চালু থাকবেন। তাদের কার্যাবলীর জন্য যে নূতন বডি হবে, সেই বডির অবস্থাটা কি হবে, সেইটা খালি আমি আমার এই বক্তব্যের মধ্যে দিয়ে সভার সামনে তুলে ধরলাম।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ওল্ড ম্যানেজিং বডি এর কার্যকাল অবস্থায় রাণাঘাট কৃষ্ণনগর প্রভৃতি স্থানে রেড ক্রস-এর জিনিস নিয়ে যে খেলা হয়েছে এবং তা নিয়ে যে সমস্ত কাণ্ড হয়েছে এবং এখন কোর্টে উঠেছে এমন কি কংগ্রেসের কাকে কাকে নাকি অ্যারেস্ট পর্যন্ত করা হয়েছে এবং তার বিচার চলেছে, সেই ওল্ড ম্যানেজিং কমিটিকে এখনও বহাল রাখা হয়েছে কেন সেটাই আমি জানতে চাই। এবং তার ভ্যালিডেস্যান এ কথা রেখে এই সমস্ত লোকদের খালাস করবার পথ খোলা রাখা হচ্ছে কিনা এবং এটাই উদ্দেশ্য কি না সেটাই আমি জানতে চাই। এই রকম ওল্ড ম্যানেজিং কমিটির আমলে যদি এ রকম কাণ্ড

হয়েছে সেখানে তারা ঠিকমত নজর রাখতে পারেনি তাকে এখন রাখা হয়েছে কেন সেই জবাবটা মাননীয় মন্ত্রিমহাশয়ার কাছ থেকে চাইছি। সুতরাং আজকে এই যে নতুন ম্যানেজিং কমিটির কথা বলা হচ্ছে সেটা তো সরাসরি সরকারী কমিটি এবং যে কথা আমার পূর্ববর্তী বক্তা যতীন চক্রবর্ত্তী মহাশয় বললেন সে কথাটা সম্পূর্ণ প্রনিধানযোগ্য। কিন্তু আজকে সে বিচারের এখানে অবকাশ নাই। কারণ য়্যামেণ্ডমেণ্ট-এর সুযোগ নাই—য়্যামেণ্ডমেণ্ট আসা উচিত ছিল এই ম্যানেজিং কমিটি সম্বন্ধে আজকে সেটা না এনে ভ্যালিডেসন কেন করতে যাচ্ছেন সেটা আমার কাছে বিচিত্র বলে মনে হচ্ছে।

The Hon'ble Purabi Mukhopadhyay :

মাননীয় সভাপতি মহাশয়, যে য়্যামেণ্ডমেণ্ট আমি এখানে উপস্থাপিত করেছি এই য়্যামেণ্ডমেণ্ট-এর উদ্দেশ্য হচ্ছে আমরা কিছুদিন আগে যে ইণ্ডিয়ান রেড ক্রস পশ্চিমবঙ্গের জন্য প্রযোজ্য সেই রেড ক্রস শাখা তার কয়েকটি অ্যামেণ্ডমেণ্ট আমরা করেছিলাম সেই অ্যামেণ্ডমেণ্ট করতে গিয়ে ঐ অ্যামেণ্ডিং অ্যাক্টএ নতুন ভাবেতে যে কমিটি হবে তারই সম্পর্কে বলা হয়েছে, কিন্তু যতক্ষণ নতুন কমিটি না হবে ততক্ষণ কাজ কে চালাবে? এই সম্পর্কে কিছু বলা হয়নি। এই অ্যামেণ্ডমেণ্ট যেটা আমি আজকে উপস্থাপিত করেছি এই সংশোধনীর মধ্যে দিয়ে শুধু এইটুকু বলা হয়েছে যে নতুন কমিটি গঠন করা পর্যন্ত রেড ক্রস যে সমস্ত কাজ করেছে জনহিত কর প্রতিষ্ঠান হিসাবে সেই কাজগুলি বন্ধ হয়ে যাক এটা নিশ্চয়ই মাননীয় বিরোধী দলের সদস্য যে দুইজন বললেন তাদেরও এই বক্তব্য নয়, এই কাজ যাতে তারা চালিয়ে যেতে পারেন, কাজ বন্ধ না হয় তারই জন্যে ম্যানেজিং কমিটি নতুন করে কনস্টিটিউটেড না হওয়া পর্যন্ত পুরাণ বডি যা থাকছেন এবং তারা আজ পর্যন্ত যে কাজ করেছেন তাকে ভ্যালিডেট করা। এইটুকুই হচ্ছে স্কোপ অফ দি বিল। এর মধ্যে ম্যানেজিং কমিটি সম্পর্কে যে সমস্ত কথা মাননীয় সদস্য যতীন চক্রবর্ত্তী মহাশয় বলেছেন সেগুলি আজকে অন্তত পোস্ট-মর্টেম হয়ে যাচ্ছে। এই কথাগুলি সেদিন যখন এই অ্যামেণ্ডমেণ্ট হয় তখন বলা প্রয়োজন ছিল। রাজ্যপালের সম্পর্কে দেখা যাচ্ছে যে নতুন যে অ্যামেণ্ডমেণ্ট আমি এনেছি এর মধ্যে আজ যারা বললেন সেগুলি কোনটাই প্রযোজ্য হচ্ছে না। এর একমাত্র হচ্ছে নতুন কমিটি অ্যাপয়েণ্টেড না হওয়া পর্যন্ত পুরান কমিটি এক্সিস্ট করবে এবং তার কাজকর্মকে ভ্যালিডেট করা হবে। এই হচ্ছে স্কোপ। রাণাঘাট সম্পর্কে কিম্বা কৃষ্ণনগর সম্বন্ধে রেড ক্রস-এর যে কথা উনি বলেছেন আমি ওর অবগতির জন্য জানাচ্ছি সেটা রেড ক্রস-এর দুধ নিয়ে হয় নি। আজকে যাকে আমরা রাণাঘাট থেকে নমিনেট করছি তিনি সেই কেলেঙ্কারীর মধ্যে ছিলেন না। এবং ওটা রেড ক্রস সংক্রান্ত নয়। যতীনবাবু গভর্ণর সম্পর্কে যে কথা বলেছেন—রেড ক্রস-এর গভর্নর হচ্ছেন প্রেসিডেণ্ট, অতএব রেড ক্রস যদি তার কোন জিনিসপত্র গভর্নর-এর হাতে দেন সেটা তারা পাঠিয়ে দেন য়্যাজ প্রেসিডেণ্ট অফ রেড ক্রস।

[4—4-10 p.m.]

এবং ফেরত পাঠানর কথা যেটা উনি বলেছেন সে সম্বন্ধে আমি আমার পার্সোনাল ইনফরমেসান থেকে জানাতে চাই যে, আমি ঠিক এই দপ্তরের মন্ত্রী হিসাবে বলছি না, রাজভবনে স্টেট সিটিজেন্স কমিটির একটা উইমেনস সেকসান আছে। ওরা রেড ক্রসের গভর্নরের কাছে এ্যাপ্রোচ করে বলেছিল যে আমরা অনেক গরমের জিনিসপত্র পেয়েছি, এইগুলিকে আমরা তৈরি গার্মেণ্টে পরিণত করতে চাই। গভর্ননর রেড ক্রসের পক্ষ থেকে সেই সমস্ত জিনিস এ্যাজ প্রেসিডেণ্ট রিসিভ করে উইমেনস সেক্সান অব স্টেট সিটিজেন্স কমিটির কাছে দিয়েছিলেন গার্মেণ্ট তৈরি করে দেওয়ার জন্য। রেড ক্রসকে কোন জিনিসই তিনি অবিকৃত অবস্থায় ফেরত দেননি। প্রত্যেকটি জিনিস দিয়ে যা তারা দিয়েছিলেন জামা কাপড় তৈরি করে রেড ক্রসের হাতে আবার তিনি ফেরত পাঠিয়েছেন। দুটোই তিনি নিয়েছেন এ্যাজ প্রেসিডেণ্ট এবং তিনি তাদের সাহায্য করেছেন। বাইরে ঐ সমস্ত জামা কাপড় তৈরি করানর যে কি অসুবিধা ছিল তা আপনারা জানেন। উইমেন্স সাব-কমিটি স্টেট সিটিজেন্স কমিটির পক্ষ থেকে জামা কাপড়গুলি তৈরি করে দিয়েছেন এবং পুরো না জেনে কাউন্সিলে এইভাবে ভুল তথ্য পরিবেশন করা বোধ হয় ঠিক হয় নি। ইণ্ডিয়ান রেড ক্রসের গভর্নর হচ্ছেন প্রেসিডেণ্ট। তারা গভর্নরের কাছে প্রেসিডেণ্ট হিসাবে.....

Shri Jatin Chakravorty :

প্রেসিডেণ্টের মারফত সেগুলি বিতরণ করবার নির্দেশ দিয়েছেন গভর্নর।

The Hon'ble Purabi Mukhopadhyay :

ঠিকই তো, রেড ক্রসের মারফত বিলি হবে। আসলে একটা জামার ছিট বিলি হবে, না, একটা তৈরি জামা বিলি হবে। সেই জামাটা তৈরি করে দেওয়ার জন্য ছিট কাপড়, গরমের কাপড়, কিছু গরমের চাদর, এগুলি চিলড্রেন গার্মেণ্ট, উলেন গার্মেণ্ট তৈরি করবার জন্য রাজভবনে পাঠান হয়েছিল এবং উইমেন্স সাব কমিটি অব দি স্টেট সিটিজেন্স কমিটি সেই কাজ তাদের করে দিয়েছেন এবং রেড ক্রসের এজেন্সি মারফত সেগুলি বিলি করা হয়েছে এবং গভর্নর সেটা রিসিভ করে ছিলেন এ্যাজ প্রেসিডেণ্ট অব রেড ক্রস। এই বিল সম্পর্কে অন্য কথা আমার আর কিছু বলবার নেই। আমরা যে অ্যামেণ্ডমেণ্ট এখানে দিয়েছি সেই এ্যামেণ্ডমেণ্টের উদ্দেশ্য হচ্ছে পুরাণ যে গভর্নিং বডি রয়েছে তার কার্যকাল চলাকালীন তাঁরা যে সমস্ত কাজ করেছেন সেগুলি ভ্যালিডেট করা।

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1964, be taken into consideration was then put and agreed to.

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and Title

The question that clause 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Purabi Mukhopadhyay : Sir, I beg to move that the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1964, as settled in the Council be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1964

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সদস্যগণ জানেন যে ইসলামপুর এবং পুরুলিয়াতে এখনও বিহার ভূদান যজ্ঞ আইন প্রচলিত আছে। মাননীয় সদস্যগণ একথাও জানেন যে ১৯৬২ সালে আমাদের বিধান মণ্ডলী কর্তৃক পশ্চিমবঙ্গ ভূদান যজ্ঞ আইন গৃহীত হয়েছে। পশ্চিমবঙ্গ ভূদান যজ্ঞ আইনের ধারাগুলি পুরুলিয়া এবং ইসলামপুর ছাড়া অন্যান্য জায়গাতে চালু আছে। এই দুই আইনের ভেতর কিছু কিছু পার্থক্য আছে। আমরা একইভাবে সমস্ত জায়গায় ভূদান সম্পর্কিত আইন প্রয়োগ করতে চাই। এই উদ্দেশ্যে এই সংশোধন বিধেয়কটি এখানে উপস্থাপিত করা হয়েছে। আমি আশা করি এই বিধেয়কটি বিনা দ্বিধায় এখানে গৃহীত হবে।

The motion was then put and agreed to.

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to

Clause 1, Preamble and the Title

The question that clause 1, Preamble and the Title do stand part of the Bil was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the West Benga Bhudan Yagna (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the West Benga (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into consideration.

স্যার, মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে আমাদের কোলকাতার বস্তিগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়, সে সম্বন্ধে কোন কথা বলবার কিছু প্রয়োজন নেই। এই বস্তিগুলি উন্নয়নের জন্য ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স আইন বিধানমণ্ডলী কর্তৃক গৃহীত হয়েছিল। সাম্প্রতিক দাঙ্গা-হাঙ্গামাতে কোলকাতায় অনেকগুলি বস্তির খুবই ক্ষতি হয়েছে এবং এই বস্তিগুলি বাসের সম্পূর্ণ অযোগ্য হয়ে পড়েছে। এই কারণে সরকার স্থির করেছেন যে এই বিধ্বস্ত বস্তি-গুলি গ্রহণ করা হবে। অ্যাকুইজিসান করা হবে এবং ওখানে নূতন বাসোপযোগী বাড়ী তৈরী করা হবে। আপাততঃ ১২টা বস্তি নিয়ে কাজ আরম্ভ করা হবে এবং প্রায় ২ হাজারের বেশী নূতন ঘর তৈরী করা হবে। স্লাম ক্লিয়ারেন্স আইনে জমি গ্রহণ করার যে সমস্ত বিধান আছে তাতে দেখা যাচ্ছে যে খুব তাড়াতাড়ি কাজ করা যাচ্ছে না। সেজন্য আমরা ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড (রিকুইজিসান অ্যাণ্ড অ্যাকুইজিসান) আইনটা প্রয়োগ করে এই সমস্ত বস্তিগুলি তাড়াতাড়ি গ্রহণ করে শীঘ্র কাজ আরম্ভ করতে চাই। আর একটা কথা এই আইনটা কোলকাতাতে প্রযুক্ত হবার কোন বিধান নেই। সেজন্য একটা সংশোধন করে এই আইনটা কোলকাতায় প্রয়োগ করবার জন্য ব্যবস্থা করা হয়েছে। সেই সঙ্গে সঙ্গে আমরা একথা মনে করি যে এই বস্তিগুলি গ্রহণ করতে গেলে যদি কারেণ্ট মার্কেট প্রাইস দিতে হয় তাহলে অত্যন্ত বেশী টাকা দিতে হবে এবং যে টাকা পাওয়ার এই সমস্ত জমির মালিকদের ঠিক যথার্থ যুক্তি সঙ্গত কারণ আছে বলে আমরা মনে করি না। সেজন্য স্লাম ক্লিয়ারেন্স আইনে যেভাবে ক্ষতিপূরণ দেয়ার বিধান আছে ঠিক সেইভাবে ক্ষতিপূরণ দেয়ার বিধানও এই নূতন বিধেয়কে লিপিবদ্ধ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে এই বিধেয়ক গ্রহণ করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Shri Syed Shahedulla :

অধ্যক্ষ মহাশয়, আমরা ক্রিমিনাল না অ্যামেণ্ডমেণ্ট বিল যেটা পাশ করলাম তাতে যারা দাঙ্গা বিধ্বস্ত হয়েছে তাদের সেখানে রেষ্টোর করার জন্য বলা হয়েছে। সেখানে ম্যাজিস্ট্রেটের হাতে সে পাওয়ার দেয়া হয়েছে দে মে ডু ইট একথা উল্লেখ আছে। এখানে যেভাবে আইন আনা হয়েছে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিকুইজিসান অ্যাণ্ড য়্যাকুইজিসান অ্যামেণ্ড-মেণ্ট বিল, ১৯৬৪, স্লাম ক্লিয়ারেন্স বিলে যা দুর্বলতা ছিল এতেও সেই দুর্বলতা রয়ে গেছে। স্লাম ক্লিয়ারেন্স বিল হাউজিং য়্যাক্ট নয়, জনসাধারণের গৃহ সমস্যা সমাধানের আইন নয়, স্লাম কিয়ারেন্স বিল ঝেঁটিয়ে স্লাম দুর করার বিল এবং সেখানে যে বাড়ী হবে, বিল্ডিং হবে তা কাকে দেয়া হবে সেটা গভর্নমেণ্টের স্বতন্ত্র ব্যবস্থা। যাদের গৃহ গেল স্লাম কিয়ারেন্সের পরে তাদের যে দেয়া হবে এরকম কোন বাধ্যবাধকতার স্লাম ক্লিয়ারেন্স আইনে নেই। যদিও এটাই হচ্ছে বৈশিষ্ট্য সমস্ত সভ্য জগতে স্লাম ক্লিয়ারেন্স আইনের বা হাউসিং অ্যাক্টের। ইংলণ্ড বলুন, ফ্রান্স বলুন, আমেরিকা বলুন সমস্ত জায়গায় স্লাম ক্লিয়ারেন্সের বৈশিষ্ট্য হচ্ছে সেখানে যাদের ঘর তুলে দেয়া হবে সেখানে তাদের জন্য ঘর তোলার ব্যবস্থা হবে। ইংলণ্ডের আইনের নিয়ম যে সেখানকার লোকাল গভর্নমেণ্টের হাতে ব্যবস্থা থাকে, গভর্নমেণ্টের তরফ থেকে স্লাম বিধ্বস্ত করার পার্মিসান দেয়া হয় না যতক্ষণ

পর্যন্ত না সেখানে বিকল্প আবাস গৃহ, বাসস্থান য়্যাসিওর করা হচ্ছে—গভর্নমেণ্টকে যতক্ষণ পর্যন্ত সে বিষয়ে লোকাল গভর্নমেণ্ট সাটিফাই করতে না পারছে ততক্ষণ পর্যন্ত কোনরকম বস্তি ধ্বংস করার কোন হুকুম সরকার থেকে দেয়া হয় না। অবশ্য সেখানে অন্য ব্যবস্থাও আছে—সরকার থেকে, মিউনিসিপ্যালিটি থেকে টাকা পয়সার ব্যবস্থা, কিভাবে হাউসিং হবে সেই সমস্ত জিনিস সে সমস্ত আলদা কথা কিন্তু তাদের একটা বিকল্প আবাস গৃহের ব্যবস্থা না হলে বস্তি কোন রকম ধ্বংস বা বিধ্বস্ত করা হয় না। যা হোক ফর্চুনেটলী অর আনফর্চুনেটলী সেখানে বিধ্বস্ত হয়েছে—এখন সেখানে যে ঘর বানানো হবে সেখানে যারা ছিল তাদেরই যে থাকতে দেয়া হবে তার কোন নিশ্চয়তা এই বিলের মধ্যে দেখা যাচ্ছে না। আমার এটা বক্তব্য যে অন্ততঃ পক্ষে এই বিলের মধ্যে এটুকু থাকা উচিত ছিল যে যাদের ঘর যাবে, যাদের ঘর নেয়া হবে, বস্তিতে যারা থাকে তাদের সেখানে থাকার ব্যবস্থা করা হবে।

[4.10—4.22 p.m.]

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে স্লাম ক্লিয়ারান্স বিল বা বস্তি উচ্ছেদ আইন আনা হয়েছে, এটা প্রকৃত কার্যকরী হবে কিনা, তাতে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। কলকাতায় বস্তির অভাব নেই এবং সমস্ত বস্তিগুলিকে সঙ্গে সঙ্গে উচ্ছেদ করবার যে প্রয়াস, তা মন্ত্রিমহাশয় যে করবেন, তারও কোন গ্যারাণ্টী নেই, এবং সেটা করাও সম্ভবপর নয়। সুতরাং কি ভাবে এটা ওঁরা করছেন, কোন অঞ্চল থেকে কাজ সুরু করছেন সেই সম্পর্কে যদি একটু খানি জানতে পারতাম তাহলে পর বুঝতে পারতাম যে কোন উদ্দেশ্যে নিয়ে তাঁরা এই বিলটা এনেছেন এবং তার কার্য ধারাটা কিরকম হবে। দ্বিতীয় কথা হচ্ছে যখন বস্তি উচ্ছেদ করা হবে, তখন তাদের দূরে পাঠানর একটা মতলব রয়েছে। আমরা এই কক্ষতেই অন্য বিলের মাধ্যমে দেখতে পেয়েছি যে যখন গ্রেটার ক্যালকাটা স্কিম করা হচ্ছে, তখন তাদের অনেক দূরে পাঠানার ব্যবস্থা হয়েছে।

(এ ভয়েস :—কোন বিলে ?)

বিলে নয়। স্লাম ক্লিয়ারান্স এর ব্যাপারে, আগে যখন গ্রেটার ক্যালকাটা স্কিম সম্বন্ধে আলোচনা উঠেছিল, সেই সময়তে মেট্রোপলিটন সিটি, এক্সটেনসান অফ ক্যালকাটা করার কথা ওঠে, সেই সময় এটা নিয়ে আলোচনা হয়েছিল। সুতরাং আজকে যাদের উৎখাত করা হচ্ছে, তাদের পুনর্বাসনের কোন রকম গ্যারাণ্টী এই বিলের মধ্যে নেই। এই বিলের এটাই হচ্ছে সবচেয়ে বড় দোষণীয় অংশ। কারণ যাদের আমরা উচ্ছেদ করছি তাদের গৃহচ্যুত করলাম। বেশ বুঝলাম, যে তাদের গৃহকে নিতে গেলে তার জন্য আইনের প্রয়োজন আছে। কিন্তু তাদের সেখানে পুনর্বাসনের দায়িত্বও সরকারের রয়েছে। সরকার সে কথাটা ভুলে যান কেন? সে সম্বন্ধে একটি কথাও যদি তাঁরা বলতেন এই বিলের মধ্যে তাহলে এই বিলটি গ্রহণ করতে আমাদের মোটেই দ্বিধা আসত না। কিন্তু এখন তাদের যে বাস করান হবে, সেটা কোন জায়গায় হবে? ফ্যাক্টারীর কাছে হবে? কলকাতায় ফ্যাক্টরীগুলি থাকাতে, ধোঁয়ার যে উৎপাত হচ্ছে, তার সম্বন্ধেই বা সরকার কি বিবেচনা ও ব্যবস্থা করছেন। যেমন বর্তমানে কলকাতায় ট্রাম একটা নুইস্যান্স হয়ে দাঁড়িয়েছে, তেমনি সহরের মাঝখানে ফ্যাক্টারীগুলিও হচ্ছে একটা নুইসেন্স এর সামিল। সুতরাং এই ফ্যাক্টরীগুলিকে দূরে সরাবার জন্য সরকারের কোন প্রচেষ্টা আছে কিনা, আমরা জানতে চাই। তারপর আজকে আমরা দেখছি যে গোয়ালাদের কলকাতা থেকে উচ্ছেদ করার জন্য দুধের অবস্থা যা করেছেন। সুতরাং আজকে এই স্লাম ক্লিয়ারেন্স করে সাধারণ মানুষকে কতখানি দুর্গতির মধ্যে টেনে নিয়ে যাবার যে অভিপ্রায় সরকারের হয়েছে সেটা তারা আমাদের পরিস্কার করে বলুন, এইটুকুই জানতে চাই।

Shri Abdul Halim :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় এই যে স্লাম ক্লিয়ারান্স বিল এনেছেন, এর অর্থ হচ্ছে যে ওয়েস্ট বেঙ্গল রিকুইজিসন অ্যাণ্ড অ্যাকুইজিসন অ্যাক্ট অনুসারে বস্তিগুলিকে দখল করে নিয়ে তারা স্লাম ক্লিয়ারান্স করবেন। পূর্বে যখন স্লাম ক্লিয়ারান্স সম্বন্ধে আলোচনা

হয়েছিল, সেই সময় আমরা বিস্তৃতভাবে আলোচনা করেছিলাম। কয়েক বছর আগে বিল পাশ হয়েছিল এবং দীর্ঘদিন ধরে সেই বিলের আলোচনা চলে। এই কথাটা আপনারা সবাই জানেন যে বর্তমানে চার লক্ষ লোক বস্তিতে বাস করে। সাধারণ মানুষের গৃহ সমস্যা যে কতবড়, বিশেষ করে কলকাতায়, সেখানে নূতন করে বস্তি সম্পর্কে বলার প্রয়োজন হয় না। পূর্বে সেই সময় আলোচনা হয়েছিল যে কলকাতাতে বস্তিগুলি অপসারণ করে, স্লাম ক্লিয়ার্যান্স করে, সেখানে নূতন করে সুন্দর সহর গড়ে তুলতে হবে, মানুষের ভাল ভাবে, আরামে থাকবার ব্যবস্থা করা হবে। এই সমস্ত ধরণের অনেক কিছু কথা সেদিন আলোচনা হয়েছিল। মাননীয় চেয়ারম্যান মহাশয় আপনি জানেন যে মাননীয় মন্ত্রী জালান সাহেব সেই বিল এনেছিলেন এবং সেটা নিয়ে দীর্ঘদিন ধরে আলোচনা চলেছিল। কলকাতার অনেকগুলি বিষয়ের অসুবিধার কথা সেই প্ল্যানে উল্লেখ ছিল, সে সম্বন্ধে কি ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন তা আমরা জানি না। কতগুলি বস্তি অপসারণ করে নূতন বাড়ী নির্মাণ করা হয়েছে এবং সেখানকার বস্তির বাসিন্দারা বর্তমানে যে কোথায় বাস করছে, তা আমরা জানি না। যে সব বস্তি ভাঙ্গা হয়েছিল, সেখানকার লোকদের বিষয় আমরা কিছুই জানি না। আবার এখন উনি নূতন করে ফিরিস্ত দিলেন যে নূতন করে বস্তি ভেঙ্গে আবার নূতন করে কোটা ঘর তৈরী করা হবে, বৃহৎ বৃহৎ অট্টালিকা ও রাস্তাঘাট তৈরী করা হবে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে বহু মানুষ যেসব বস্তিতে বাস করে, সেই সব বস্তিগুলি য়্যাকোয়ার করে নেওয়া হচ্ছে। কিন্তু সেখানকার বাসিন্দা যারা, তারা সেখানে থেকে বিকল্প কাজ করে, নানা রকম ছোট খাট কুটির শিল্পের ব্যবস্থা সেখানে আছে, নানা রকম অ্যাভোকেসনেএর ব্যবস্থা আছে, এবং সেই কারণেই তারা সেখানে বাস করে থাকেন। সুতরাং সেই সব বস্তি ভেঙ্গে তাদের যদি সেখান থেকে অপসারণ করা হয়, তাহলে তারা বেকার হয়ে পড়বে। কারণ তাদের সেই রোজগারের স্থান থেকে বহু দূরে চলে যেতে হবে। ঐ সব বস্তিগুলি ভাঙ্গার পর, সেখানে গৃহ নির্মাণ হলে, সেখানে তারা আবার ফিরে এসে থাকতে পারবে কিনা, তাদের কুটীর শিল্পের ঐ জন্য কোন ব্যবস্থা হবে কিনা, তার কোন উল্লেখ এই বিলের মধ্যে নেই। তিনি শুধু বলছেন যে টাকা কম দিয়ে জমি দখল করা হবে এবং এই ব্যবস্থাই তিনি বিলে করেছেন। বড়, বড় মালিকরা যাতে কম টাকা পান, সেইটুকু ব্যবস্থাই তিনি এই বিলে করেছেন। তিনি বলতে চান যে মালিককে টাকা বেশী দেওয়ার প্রয়োজন নেই। কিন্তু বস্তিগুলি ভেঙ্গে দেবার পর, সেখানকার বস্তি বাসিন্দাদের জন্য কি অলটারনেটিভ ব্যবস্থা করা হবে, তার কোন উল্লেখ এই বিলে নেই। যারা বহু দূরে চলে যেতে বাধ্য হবে, তাদের সেখানে ফিরিয়ে এনে পুনর্বাসন দেওয়া হবে কিনা, সে সম্পর্কে কোন ব্যবস্থা এখানে নেই। সেইজন্য আমি মনে করি এই বিল যখন আনছেন, তখন তাদের সম্পর্কে সকল বিষয় একটা সুষ্ঠু পরিকল্পনা করে এটা আনা উচিত ছিল। এইভাবে সিদ্ধান্ত নেওয়া উচিত ছিল যে, বস্তিগুলি ভেঙ্গে ফেলে, সেই জমিতে তাদের থাকবার বিকল্প ব্যবস্থা রাখবো, সেই সমস্ত লোকদের সেখানে য়্যাভোকেসন এর ব্যবস্থা করে দেবো। তা নাহলে ঐ সমস্ত লোক, যারা কলকাতার বস্তি থেকে বাস্তুচ্যুত হবে, তারা কোথায়, কোন অন্ধকারে, হারিয়ে যাবে, তা কেউ জানবে না। এই হচ্ছে আমার আশঙ্কা। সেইজন্য আমি মনে করি এই বিল, খুব ভাল বিল নয়। গভর্নমেণ্ট হয়ত স্লাম ক্লিয়ার্যান্স করার জন্য
West Bengal Requisition and Acquisition Act

এর মাধ্যমে জমি দখল করবেন। জমি দখল করুন, কিন্তু, তার সঙ্গে এইসব পরিকল্পনাগুলি রাখুন, সেখানকার বস্তিবাসিন্দাদের সম্বন্ধে চিন্তা করুন—তারা যেন সর্বস্বান্ত হয়ে সেখান থেকে চিরতরে উচ্ছেদ হয়ে না যায় তার ব্যবস্থা করুন।

The Hon'ble Syamadas Bhattacharyya :

মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় সদস্যরা বললেন যে যাকে উৎখাত করা হচ্ছে তাকে যে ঐখানে বসবাসের সুযোগ দেওয়া হবে তার গ্যারাণ্টি কোথায়? মাননীয় সভাপতি মহাশয়, আমার বিলটির মধ্যেই আছে যে যেখানে বস্তী সাম্প্রতিক হাঙ্গামার

ফলে সম্পূর্ণভাবে বাসের অযোগ্য হয়ে গিয়েছে যেখানে বসবাস করা সম্ভব নয় সেই রকম কতকগুলি জায়গাতে নতুন করে বাড়ীঘর তৈরী করা হবে। এখন যেখানে যে এলাকাতে হয়ত পাঁচ হাজার লোক বাস করতে পারেন সেখানে নতুন ভাবে নতুন রকম বাড়ীঘর তৈরী করলে আমাদের আশা আছে অনেক বেশি লোক আরও স্বচ্ছন্দে খানিকটা আরামের সঙ্গে বাস করতে পারবেন। এই উদ্দেশ্য নিয়েই বিলটি পাশ হয়েছে। কাউকে বাড়ী থেকে উৎখাত করার প্রশ্ন এখানে নেই। সম্পূর্ণভাবে ভুল দৃষ্টিভঙ্গী দিয়ে জিনিষটা মাননীয় সদস্যরা দেখেছেন। মাননীয় সদস্যগণ একথা কেন বললেন। সেজন্য আমার দুঃখ লাগল যে মাননীয় সদস্যগণ যেন জিনিসটা খুব এলোমেলো করে পড়েছেন। এই কথা আমি বারবার বলেছি, এবং বিলটার মধ্যেও রয়েছে—এবং এত সুস্পষ্টভাবে বলা আছে এবং এত সুস্পষ্টভাবে এর অবজেক্টএ বলা হয়েছে তা সত্ত্বেও কোন মাননীয় সদস্য যদি বলেন যে বাড়ী থেকে উৎখাত করে দিয়ে সেইখানে তৈরী করা হচ্ছে নতুন বাড়ী তাহলে কি আমি এই কথাই বুঝবোনা যে তাঁরা দয়া করে বিলটা ভাল করে পড়লেন না। মধ্যে থেকে আমাকে সমালোচনার সম্মুখীন হতে হল। আমি মাননীয় সদস্য-গণকে এই জন্য বলছি যে এইরকম কোন উদ্দেশ্য আমাদের মধ্যে নেই, কাউকে বাড়ী থেকে উৎখাত করে দেওয়া। যেখানে বাড়ী থেকে চলে যেতে বাধ্য হয়েছেন কোন জায়গার কোন বস্তীবাসীর অধিবাসীরা সেইখানে নতুন বাড়ী করে তাদের কিছু স্বচ্ছন্দতর জীবন যাপন করবার সুযোগ দেবারই আমাদের উদ্দেশ্য। স্লাম ক্লিয়ারান্স অ্যাক্টএর দুর্বলতা রয়ে গেছে আমাদের এই বিলের মধ্যে—একজন মাননীয় সদস্য বললেন, স্লাম ক্লিয়ারান্স অ্যাক্টএ যখন গ্রহণ করবার নিয়ম আছে তখন একথা স্পষ্ট করে বলা আছে অলটারনেটিভ য়্যাকোমোডেসন দিতে হবে নির্দিষ্ট জায়গার মধ্যে দিতে হবে। মাননীয় সদস্য যদি স্লাম ক্লিয়ারান্স য়্যাক্ট এর ধারা দেখেন ৫ নম্বর ধারা (৩) উপধারা তাহলে এইটুকু বুঝবেন যে স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট ও ঐ ভাবে তৈরী করা হয়নি যে কারো জমি জায়গা বাড়ীঘর নিয়ে নেওয়া হবে, তাকে চলে যেতে বলা হবে অথচ তাকে অলটারনেটিভ অ্যাকোমোডেসন দেওয়া হবে না এ কথা বলা হয় নি। এই রকম কোন বিধান নাই আইনে, হতে পারে আইন সম্পূর্ণভাবে প্রয়োগ করা যায়নি কিন্তু তাই বলে আইনের বিধানগুলি.....

Shri Syed Shahedullah :

স্লাম ক্লিয়ারান্স আইনের কোনখানে আছে যে অলটারনেটিভ সেই জায়গায় বা তার নিকটে অলটারনেটিভ ব্যবস্থা দেওয়া হবে সেটা আমাদের একটু দেখিয়ে দিন।

The Hon'ble Syamadas Bhattacharyya :

মাননীয় সদস্যগণ, আশা করা যায় যে তারা এই সমস্ত আইনগুলি পড়েছেন, তা সত্তেও যদি তারা এই হাউসের মূল্যবান সময় আমাকে পুরাতন আইনগুলি পড়ে শোনাতে বাধ্য করেন তাহলে আমি বাধ্য হয়েই তা পড়ছি। আপনি অনুগ্রহ করে ৫ নম্বর ধারা (৩) নম্বর উপধারা পড়বেন এবং তার যে প্রোভাইসো রয়েছে সেটা পড়বেন।

"Provided that the provisions shall not apply unless the State Government has offered alternative accommodation as near as may be within a radius of one mile from the slum area to the occupier of such huts or other structure at a rent which the State Government is satisfied is comparable to what is being paid by the occupier."

দয়া করে এটা পড়ে নেবেন। অন্য দেশের সঙ্গে তুলনা করবার আগে আমাদের দেশের আইনগুলি ভাল করে দেখে নেবেন। মাননীয় সভাপতি মহাশয় আমাদের উদ্দেশ্য শুধু এই যে যেখানে বস্তি সম্পূর্ণভাবে বাসের অযোগ্য হয়ে গিয়েছে সেই খানে অল্পমূল্যে ১৯৪৬ সালে যে মূল্য ছিল সেই মূল্যের ভিত্তিতে দাম দিয়ে সে জমি গ্রহণ করবার ব্যবস্থা করা। এর মধ্যে অন্যায় কিছু আছে বলে মনে করি না।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Benga (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into consideration, was then put and agreed to.

Clauses 2, 3 and 4

The question that clauses 2, 3 and 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Title

The question that the Title do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the West Bengal (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, as settled in the Council be passed.

Shri Syed Shahedullah :

আমার শুধু এইটুকু মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাস্য যে যারা এখানে এখন যে কোন কারণে বাস্তুচ্যুত হয়েছে তারা ওখানে বাসস্থানের জায়গা পাবে কিনা, এই রকম কোন গ্যারাণ্টি এই বিলের মধ্যে আছে কিনা ?

The Hon'ble Syamadas Bhattacharyya :

এইরকমই আমাদের উদ্দেশ্য।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, as settled in the Council be passed, was then put and agreed to.

Mr. Chairman : The House is adjourned till 4-15 p.m. on the 19th instant when the budget will be presented.

Adjournment

The Council was accordingly adjourned at 4-22 p.m. till 4-15 p.m. on Wednesday the 19th February, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members Absent

Abdullah, Rasul, Shri

Acharya, Shri Snehangshu Kanta

Bagchi, Shri Nirmalya

Banerjee, Shri Sudhir Kumar

Bhattacharyya, Shri Santosh Kumar

Bhattacharyya, Shri Sreepada

Bisi, Shri Promotha Nath

Chakrabarty, Shri Amar Prasad

Choudhuri, Shri Annanda Prasad

Ghose, Shri Kali Charan

Ghosh, Shri Ashutosh

Haldar, Shri Gopal

Hazra, Shri Gajendra Nath

Musharraf Hossain, Shri

Pal, Dr. Ras Behari

Prodhan, Shri Lakshman

Roy, Dr. Biswaranjan

Roy, Shri Surendra Kumar

Roy Chowdhury, Shri Sarat Chandra

Sanyal, Shri Sasanka Sekhar

Singha, Shri Biman Behari Lall

Singha, Shri Jatindra

Sinha, Shri Rabindralal

COUNCIL DEBATES

Wednesday, the 19th February, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 19th February, 1964, at 4-15 p.m. being the sixth day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the chair.

[4-15—4-45 p.m.]

Mr. Chairman: There will be no questions.

The Hon'ble Jagannath Kolay: Sir, the Finance Minister has not.....

Mr. Chairman: I have heard about it and I will do the needful. Now, there are some calling attention notices.

The Hon'ble Jagannath Kolay: They cannot be answered today.

Mr. Chaiman: Then when the Finance Minister is expected to finish his budget speech?

The Hon'ble Jagannath Kolay: By 4-30 p.m.

Mr. Chairman: Leave a little margin.

Shri Satya Priya Roy:

স্যার, আমার কথা হচ্ছে যে এই রকম অনবরত হচ্ছে। আমাদের একটা টাইম এ্যাডজাস্ট করার জন্য জগন্নাথবাবুকে বলছি একটু যেন একটা ব্যবস্থা করুন। আমাদের আগে যা ব্যবস্থা ছিল সেটা বা পরে একটা ব্যবস্থা করে দিয়ে যাতে বাস্তবিক আমরা সময় নষ্ট না করে কাজ করতে পারি তার জন্য একটা ব্যবস্থা করুন।

Mr. Chairman: I suggest you change your meeting time.

The Hon'ble Jagannath Kolay:

আজকে তা হয়নি স্যার। আজকে বাজেট প্লেস করার কথা ছিল ওখানে ৩টায় এবং ৩টায় প্লেসড হয়েছে কিন্তু বাজেট দিকটা একটু বেশী হয়ে গেছে বলে আর ৫ মিনিট দেরী হবে।

Mr. Chairman: You need not be apologetic. The point is that we are feeling some difficulties about our working hours. Therefore, something must be done finally in this matter.

The Hon'ble Jagannath Kolay:

কি ডিফিকাল্টি হচ্ছে সেটা বল্লে বুঝতে পারবো।

Mr. Chairman: We shall discuss the sitting hour of the Council and other relevant matters.

The Hon'ble Jagannath Kolay: That is my fault.

Mr. Chairman: Do not be the scape goat of others. Now, when the calling attention matters will be answered?

The Hon'ble Jagannath Kolay: Tomorrow.

Calling Attention to matters of urgent public importance

Mr. Chairman: There is one Calling Attention notice regarding the alleged police excesses committed in Habra, 24-Parganas.

Shri Narendra Nath Das: Sir, this is about serious allegations about police excesses committed during search and arrest of persons in the wake of disturbances in the State in the second week of January. These searches and arrests have been made long after the disturbances have subsided. The "Ananda Bazar Patrika" of 16th February last reports of unprecedented police excesses committed in police-station Habra, district 24-Parganas. In this connection the name of a Minister has come in—a fact that warrants a judicial enquiry and redress.

Shri Jatin Chakravorty:

এটা কবে হবে স্যার।

The Hon'ble Jagannath Kolay: On Monday.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি য়্যাডজোর্ন করার আগে চীফ্ হুইপ আছেন—সেদিন আমার চীফ মিনিষ্টারের কাছে একটা প্রশ্ন ছিল এবং তাতে প্লেস কথাটা ছিল। উনি কোন্ কোন্ প্লেসে আনঅথোরাইজড্ আর্মস পাওয়া গেছে তার জবাব সেদিন দেননি এবং আপনি এই রুলিং দিয়েছিলেন যে আমাকে আর কোন নোটীশ দিতে হবে না। আমি বলছি যে ২৪এ তারিখে আমাদের যে আলোচনা আছে তার আগে যাতে উনি প্লেসেস-এর নামগুলি আমাদের দেন।

The Hon'ble Jagannath Kolay:

এটা আমি কি করে বলবো? চীফ্ মিনিষ্টার যখন আসবেন তখন আপনি চীফ মিনিষ্টারকে জিজ্ঞাসা করে নিতে পারেন।

Mr. Chairman: The House stands adjourned till 4-45 p.m.

(At this stage the House was adjourned till 4-45 p.m.)

[4-45—4-55 p.m.]

(After adjournment)

Calling attention to matter of urgent public importance

Mr. Chairman: Before the Hon'ble Finance Minister commences his speech, I would, at the request of the Hon'ble Abha Maiti, have one little matter finished. It will take about two minutes. The reply to one calling attention notice of Shri Narendra Nath Das is ready. Shrimati Maiti.

The Hon'ble Abha Maiti: Sir, with regard to the calling attention notice of Shri Narendra Nath Das, I beg to state that the report published in the "Ananda Bazar Patrika" on the 15th February, 1964, is absolutely incorrect. The Subdivisional Officer, Bongaon, personally visited that place. He informed me that after interrogation with these people it was found that the persons assembled in Ambagan, Petrapole, were in fact partially rehabilitated refugees in the border area and all nearabout colonies. As Government of India's instructions were to send new migrants who have come over from Pakistan after 1st January, 1964, we could not accept these families for despatch to Dandakaranya. He also stated that there were a couple of touts who had been found to be working up these families. These families who came

over to Petrapole offered themselves for rehabilitation in Dandakaranya, posing themselves as new migrants. Some of these families are alleged to have claimed that they had come across the Gade border and naturally this aroused suspicion in the mind of the Subdivisional Officer in view of the fact that could easily have sought shelter at Banpur which was situated at a distance of only three miles from the border where we have also opened an interception centre. I have mentioned here that the touts have been arrested and the ineligible people have been asked to go back to their respective places. It was noteworthy that the number of such families who were refused admission into the Petrapole centre on the ground that they were not genuine new migrants were about 30 to 40 families. In fact, most of these families have left Ambagan for their respective areas. There are only 7 families still staying at Ambagan but it is expected that they will go back within a day or two. Up to date we have sent 798 families comprising 3,353 heads out of which a larger percentage are without any travel documents. In fact, from Petrapole we have despatched nearabout 400 families to Dandakaranya out of which only 1 family is with valid documents. So if the *bona fide* of these families had not been suspected by the Subdivisional Officer, Bongaon, there could not have been any difficulty in sending them over to Dandakaranya for relief and rehabilitation. This is the whole story.

Sir, in regard to relief and rehabilitation, I further beg to state the following :—

The rush of new immigration with or without travel documents consequent upon the communal disturbances in East Pakistan soon assumed a sizable dimension and the attention of the State Government and the Government of India was immediately focussed on this problem. On the 28th and 29th January, 1964, discussions were held between the Central Ministers and the Chief Minister concerning various problems of West Bengal. One of which was the situation precipitated by the new influx. The Central Ministers were unanimous that the old policy of stopping relief and rehabilitation for those migrants coming from East Pakistan into West Bengal on and after the 1st April, 1958, had to be withdrawn in view of the present situation. The Central Ministers also agreed that the problem posed by the rush of immigrants was a national one and that relief and rehabilitation benefits would have to be given to the new migrants only if they agreed to resettle in Dandakaranya. On the 1st February, 1964, Government decided that the interim relief benefits that should be made available to the deserving new migrants should be on the same scale as in the case of the riot affected people in Calcutta during the disturbances and the District Magistrates were instructed by radiogram that the new migrants should be entitled to relief at the enhanced rate of Rs. 18 per adult and half the same for minors.

The trend of the migration can be studied from the following figures :

Arrivals up to 15th February, 1964, persons with valid travel documents—1,699 and without travel documents—2,073 : total—18,172. Dispersal to Dandakaranya of new migrants from 4th February, 1964 to 18th February, 1964 : Nnmber of families—871, number of heads—3,670.

The new migrants are being given gratuitous relief at the following scale before the process of dispersal to Dandakaranya starts : Rs. 18 per adult per month and Rs. 9 per minor per month though distribution is made only of foodstuff as per following scale :—

Rice or wheat—286 grams per adult per day ; dal 80 grams per adult per day ; salt 20 grams per adult per day ; chira 60 grams per adult per day ; gur 20 grams per adult per day ; sugar only for the sick and ailing persons 60 grams per adult per day ; cash .06 nP. per adult per day.

The State Government has started two interception centres, one at Banpur and another at Petrapole which had been constructed during the earlier influx of 1956 are functioning to provide temporary shelters to these people. Cooked food is also being provided to these new migrants families during their stay at the above centres under the supervision of departmental officials. As Gede border is about 3 miles from the Banpur Interception Centre arrangements have been made for supply of dry ration and milk for children by the Relief Department through the agency of the Indian Red Cross Society. Besides these are some other collection points, viz., one at Basirhat and another at Sealdah. From interception centres families are dispersed as quickly as possible, in almost all cases within 48 hours of their arrival in the interception centres. Instructions have also been issued to the District Magistrates of West Dinajpur, Malda, Murshidabad and Deputy Commissioners of Jalpaiguri and Cooch Behar to arrange for relief of the new migrants coming accross the border within their districts and to despatch them almost immediately to Sealdah or Howrah, as the case may be, for eventual dispersal to Dandakaranya. They have also been told that if the influx turns out to be of sizeble proportion which would not admit of immediate dispersal to Calcutta, they should open reception centres and arrangements for despatch of the families direct to Dandakaranya, if necessary, by special train from focal points in the above districts would have to be made. At the request of the Relief Minister the following non-official organisations are rendering various items of relief to the new migrants at places mentioned against each in co-operation with the officials of the Government, stationed at different places :

[4-55—5-04 p.m.]

Bharat Sevak Samaj : item of relief—reception of new migrants and distribution of dry food where absolutely necessary at Sealdah Main Station ;

Bharat Sevasram Sangha: breakfast and cooked food for launch, Sealdah South Station ;

Marwari Relief Society : afternoon tiffin and evening meal, Sealdah South Station ;

Women's Co-ordinating Council : supply of cooked evening meal to the new migrants going to Dandakaranya, Howrah Station ;

Mother Teresa : supply of mattress and pillows and other sundry items for domestic use, Howrah Station ;

Women's Voluntary Service : packed food for use in the next morning in the train and milk, Howrah Station.

These non-official organisations are being supplied with atta, rice, dal, chira, sugar, clothing, blankets, dori, etc., on their request to the Department of Relief. Before the new migrant families entrain for Dandakaranya articles for personal use are being distributed at the scale indicated below :

Blankets for a family with not more than 3 members—2 blankets ; for a family with 3 to 6 members—3 blankets ; for a family with more than 6 members—4 blankets.

Clothing—Ceiling rate is up to Rs. 20 per family according to the size of the family. The particular items supplied are as follows : Dhutees, sarees, blouses, shirts, shorts, frocks, pajama, kurta and gamcha.

Contingency expenditure—Contingency expenditure is incurred for transport of the families up to the nearest rail head.

Railway warrants—Railway warrants are issued from rail head to Raipur in Madhya Pradesh en route to Dandakaranya.

Journey Allowance—Journey allowance is paid at the rate of Rs. 2 per head per adult for the first 24 hours and thereafter Re. 1 for every 24 hours.

Budget Estimate of the Government of West Bengal for the year 1964-65

Mr. Chairman: I now request the Hon'ble Minister to present the Budget Estimate of the Government of West Bengal for the year 1964-65.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয়, আমি পশ্চিমবঙ্গ রাজ্যের ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের জন্য আনুমানিক বাজেট উপস্থাপিত করিতেছি। আমি এই সভায় স্মারক ব্যাখ্যা, আনুমানিক হিসাব এবং বিধান সভায় প্রদত্ত আমার বিবৃতিসহ বাজেট সম্পর্কিত সকল কাগজ বিতরণ করিয়াছি। এইগুলিসহ নিম্নলিখিত পুস্তিকাগুলিও আমি দিয়াছি ঃ

(১) উন্নয়ন পরিকল্পগুলির অগ্রগতি ও উন্নয়ন-কার্যসূচীর বহির্ভূত নূতন পরিকল্পনাগুলি সম্পর্কিত বিবৃতি।

(২) বাণিজ্যিক ধরনের লেনদেন সম্পর্কিত গুরুত্বপূর্ণ সরকারী পরিকল্পনাগুলির আর্থিক ফলাফল প্রদর্শনমূলক বিবৃতি।

এই সর্বপ্রথম মাননীয় সদস্যগণকে "ইকনমিক রিভিয়ু" শীর্ষক একটি নূতন পুস্তিকা দেওয়া হইয়াছে এবং স্বতন্ত্রভাবে "দি ওয়েস্ট বেঙ্গল রুপি" প্রচার করা হইবে। এই-সমস্ত কাগজপত্র হইতে আমাদের উন্নয়ন-কার্যসূচি ও বাজেটের অবস্থা বুঝা যাইবে। সুতরাং এ-ক্ষেত্রে আমি আমার বিবৃতিকে আনুমানিক হিসাবের কয়েকটি বিশেষ বিষয়ের মধ্যে সীমাবদ্ধ রাখিব।

১৯৬৩-৬৪

বর্তমান বৎসরের বাজেটের প্রারম্ভিক তহবিল ছিল ১·৫০ কোটি টাকা; ইহা ছিল ১৯৬২-৬৩ সালে সংশোধিত আনুমানিক হিসাব অনুসারে উক্ত বৎসরের আনুমানিক বর্ষান্তিক তহবিল। প্রকৃতপক্ষে বৎসরের শেষে তহবিলে ছিল ৩·০৫ কোটি টাকা।

বর্তমান বৎসরে আনুমানিক বাজেটের ১১৭ কোটি ৫ লক্ষ টাকার স্থলে সমগ্র রাজস্ব আদায়ের সংশোধিত আনুমানিক হিসাব দাঁড়াইয়াছে ১২৮ কোটি ৬৪ লক্ষ টাকা। এইভাবে বৃদ্ধির পরিমাণ ১১ কোটি ৫৯ লক্ষ টাকা।

আনুমানিক বাজেটের ১০৯ কোটি ৭৯ লক্ষ টাকার স্থলে সংশোধিত আনুমানিক হিসাবে মোট রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১২০ কোটি ৮৩ লক্ষ টাকা। এইরূপে মোট ১১ কোটি ৪ লক্ষ টাকার বৃদ্ধি ঘটিয়াছে।

মূল আনুমানিক বাজেটের ৩৩ কোটি ৪৩ লক্ষ টাকার স্থলে সংশোধিত আনুমানিক বাজেটে মূলধনী ব্যয় বরাদ্দ দাঁড়াইয়াছে ৩৪ কোটি ৩১ লক্ষ টাকা।

নীট ফল এই যে, ১৯৬৩-৬৪ সালের শেষে রাজস্ব উদ্বৃত্তের পরিমাণ হইয়াছে ৭ কোটি ৮০ লক্ষ টাকা এবং রাজস্ব হিসাবের বাহিরে ঘাটতির পরিমাণ ১০ কোটি ৭৪ লক্ষ টাকা। প্রারম্ভিক তহবিলের ৩ কোটি ৫ লক্ষ টাকার সহিত রাজস্ব হিসাবের উদ্বৃত্ত ৭ কোটি ৮০ লক্ষ টাকা যোগ করিলে রাজস্ব হিসাবের বাহিরে ১০ কোটি ৭৪ লক্ষ টাকার ঘাটতি মুছিয়া গিয়া নীট উদ্বৃত্তের পরিমাণ থাকে ১১ লক্ষ টাকা।

১৯৬৪-৬৫

১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ১২৮ কোটি ৬৪ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালে আনুমানিক বাজেটে সমগ্র রাজস্ব আদায়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১৩৫ কোটি ৫২ লক্ষ টাকা। সামগ্রিক বৃদ্ধির পরিমাণ ৬ কোটি ৮৮ লক্ষ টাকা।

সংশোধিত আনুমানিক হিসাবের ১২০ কোটি ৮৩ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালে আনুমানিক বাজেটে রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১২৯ কোটি ৯১ লক্ষ টাকা। এইভাবে বৃদ্ধির পরিমাণ ৯ কোটি ৮ লক্ষ টাকা।

১৯৬৩-৬৪ সালে সংশোধিত আনুমানিক হিসাবের ৩৪ কোটি ৩১ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালের আনুমানিক বাজেটে মূলধনী ব্যয়ের সামগ্রিক বরাদ্দের পরিমাণ ৪০ কোটি ৯৪ লক্ষ টাকা। এইভাবে বৃদ্ধির পরিমাণ ৬ কোটি ৬৩ লক্ষ টাকা।

নীট ফল হইল ১৯৬৪-৬৫ সালে ৫ কোটি ৬১ লক্ষ টাকার রাজস্ব উদ্বৃত্ত। রাজস্ব হিসাবের বাহিরে ঘাটতির পরিমাণ ৮ কোটি ১৯ লক্ষ টাকা। এইভাবে সামগ্রিক ঘাটতির পরিমাণ ২ কোটি ৫৮ লক্ষ টাকা। ইহার সহিত প্রারম্ভিক তহবিলের ১১ লক্ষ টাকা যোগ করিলে মোট ২ কোটি ৪৭ লক্ষ টাকার নঞর্থক তহবিলের সৃষ্টি হয়।

১৯৬৩-৬৪ সালের জন্য পরিকল্পনার অর্থ-বিনিয়োগ

১৯৬৩-৬৪ সালে পরিকল্পনার অন্তর্গত পরিকল্পগুলির জন্য বাজেটভুক্ত বিনিয়োগের পরিমাণ ছিল ৬৪·৫ কোটি টাকা। ১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাবে পরিকল্পনার জন্য অর্থ-বিনিয়োগের পরিমাণ দাঁড়াইয়াছে ৭০·৬ কোটি টাকা। ভারত-সরকার বর্তমান বৎসরের জন্য বর্ধিত-হারে ৫ কোটি টাকার সাহায্য দিতে সম্মত হওয়ায় কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ দাঁড়াইয়াছে ৩১·৯০ কোটি টাকা। ১৯৬১-৬২ সালের পরিকল্পনার ব্যয় বাবত ২·২০ কোটি টাকার বকেয়া কেন্দ্রীয় সাহায্যের হিসাবও আমরা ধরিয়াছি। এইভাবে ১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাবে মোট ৩৪·১০ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্য অন্তর্ভুক্ত হইয়াছে। রাজ্য সম্পদ হইতে পাওয়া যাইবে ৩৬·৫ কোটি টাকা। আমাদের সংরক্ষিত ভাণ্ডার হইতে গৃহীত ৩ কোটি টাকাও ইহার অন্তর্গত।

১৯৪৬-৬৫ সালের পরিকল্পনার জন্য অর্থ-বিনিয়োগ

১৯৬৪-৬৫ সালে পরিকল্পনার জন্য অর্থ-বিনিয়োগের পরিমাণ ৭৭·০৫ কোটি টাকা। রাজ্য-পরিকল্পনার অন্তর্গত শক্তি পরিকল্পগুলি রূপায়ণের জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৬৪-৬৫ সালে ৩ কোটি টাকার বাজার ঋণ গ্রহণ করিবেন। রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক গৃহীত ঋণগুলি পরিকল্পনার জন্য প্রয়োজনীয় সামগ্রিক রাজ্য-সম্পদের মধ্যে ধরা হইয়াছে বলিয়া পরিকল্পনার অন্তর্গত পরিকল্পগুলি রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে পর্ষদ কর্তৃক প্রহীত ঋণের ক্ষেত্রেও অনুরূপ সামঞ্জস্য বিধানের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। রাজ্য-সরকারের বাজেটে ১৯৬৪-৬৫ সালের জন্য পরিকল্পনার অর্থ-বিনিয়োগের পরিমাণ ৭৭·০৫ কোটি টাকা হইলেও রাজ্য বিদ্যুৎ পর্ষদ বাজার ঋণ হইতে গৃহীত যে ৩ কোটি টাকা ব্যয় করিবেন তৎসহ রাজ্য-পরিকল্পনার অন্তর্গত সমগ্র পরিকল্পের মোট ব্যয়ের পরিমাণ হইবে ৮০·০৫ কোটি টাকা।

১৯৬৪-৬৫ সালের জন্য রাজ্য-সম্পদের পরিমাণ দাঁড়াইবে ৩৫·৭৮ কোটি টাকা এবং কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ দাঁড়াইবে ৩৮·৮০ কোটি টাকা। এইভাবে ১৯৬৪-৬৫ সালে মোট সম্পদের পরিমাণ দাঁড়াইবে ৭৪·৫৮ কোটি টাকা। পরিকল্পনার জন্য ৭৭·০৫ কোটি টাকার অর্থ-বিনিয়োগ এবং মোট আনুমানিক ৭৪·৫৮ কোটি টাকার সম্পদের মধ্যবর্তী ২·৪৭ কোটি টাকার ব্যবধানকে বাজেটে সামগ্রিক ঘাটতি হিসাবে দেখান হইয়াছে।

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অর্থ-বিনিয়োগ

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য আমাদের মূল লক্ষ্য ছিল ৩৪১ কোটি টাকা। কিন্তু পরিকল্পনা কমিশন ২৫০ কোটি টাকার পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন এবং রাজ্য-সরকার যদি অধিকতর অর্থসংস্থান করিতে পারেন তাহা হইলে কার্যকরী পরিকল্পনার আয়তন ২৯৩ কোটি টাকার মতন হইতে পারে ইহা অনুমোদন করিয়াছিলেন। রাজ্যের প্রাপ্তব্য সম্পদের হিসাব করিয়া বার্ষিক পরিকল্পনার আয়তন নির্দিষ্ট করা হইবে তাঁহারা এ-বিষয়ে একমত হইয়াছিলেন। বৎসরের পর বৎসরের হিসাবে পরিকল্পনার সাফল্যের পরিচয় নিচে দেওয়া হইলঃ—

(কোটি টাকার হিসাবে)

	১৯৬১-৬২ (প্রকৃত)	১৯৬২-৬৩ (প্রকৃত)	১৯৬৩-৬৪ (সংশোধিত)	১৯৬৪-৬৫ (বাজেট)	মোট
রাজ্য-সম্পদ ..	২২·১ (ক)	২৮·৩ (ক)	৩৬·৩	৪১·৩ (ক)(খ)	১২৮·২
কেন্দ্রীয় সাহায্য ...	১৯·১	২৩·৭	৩৪·৩	৩৮·৮	১১৫·৭
	৪১·২	৫২·০	৭০·৬	৮০·১	২৪৩·৯

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের বাজার ঋণসহ।

(খ) ২·৫ কোটি টাকার ঘাটতিসহ।

ব্যয়ের প্রবণতা দেখিয়া মনে হয় যে, আমাদের প্রকৃত পরিকল্পনার ব্যয় মোট ৩২০ কোটি টাকা পর্যন্ত উঠিতে পারে; ইহা কার্যকরী পরিকল্পনা হইতে অনেক বেশী হইবে।

উপসংহার

পরিষদীয় শাসন-ব্যবস্থার কাঠামোর মধ্যে গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠা আমাদের লক্ষ্য। প্রায় ৪৫ কোটি নরনারীর জীবনধারণের মান উন্নত করার কাজ বিরাট শ্রমসাধ্য ব্যাপার। ইহার উপরে আবার আমাদের সীমান্ত এলাকার চৈনিক আক্রমণজনিত জরুরী পরিস্থিতির দরুন আমাদের দেশের অর্থনীতি-প্রভৃত অসুবিধার সম্মুখীন হইয়াছে। বর্তমানে অর্থনৈতিক অগ্রগতি এবং প্রতিরক্ষা—এই উভয়বিধ প্রয়োজন বিবেচনা করিয়া আমাদের উন্নয়নের কার্যসূচি নির্ধারিত করিতে হইবে। আমি এই সভার সকল দলের মাননীয় সদস্যগণের কাছে এই আবেদন জানাই যে, তাঁহারা যেন এই দায়িত্বপূর্ণ এবং শ্রমসাধ্য কাজে সহায়তা এবং সহযোগিতা করিতে আগাইয়া আসেন।

Mr. Chairman: The House stands adjourned till 1-30 p.m. on Thursday, the 20th February, 1964.

Adjournment

The Council was then adjourned at 5.4 p.m. till 1-30 p.m. on Thursday, the 20th February, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Acharyya, Shri Snehangshu Kanta.

Bhattacharyya, Shri Sreepada.

Chakrabarty, Shri Amar Prasad.
Ghosh, Shri Ashutosh.
Haldar, Shri Gopal.
Khaitan, Shri G. N.
Majumdar, Shri Rajendranath.
Prodhan, Shri Lakshman.
Singha, Shri Biman Behari Lall.
Singha, Shri Jatindra.
Sinha, Shri Rabindralal.
Syed Shahedullah, Shri.

COUNCIL DEBATES

Thursday, the 20th February 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 20th February, 1964, at 1-30 p.m. being the Seventh day of Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Adult franchise in Municipal Elections

***39 Dr. Janaki Ballabha Bhattacharyya :** (a) Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state if it is a fact—

(i) that on the introduction of adult franchise in the municipal elections the number of the wards of each municipality has been so increased that the number of voters under adult franchise in each new ward may not much differ from the number of voters in each old ward before ; and

(ii) that the prices of voters' lists of individual wards have been much enhanced ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the reasons for such enhancement of the prices; and

(ii) whether the Government consider the desirability of decreasing their prices ?

[1-30—1-40 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman: (a) (i) No. (ii) Yes.

(b) (i) Increase in the cost of printing the voters' lists due to the inclusion of more names therein as a result of introduction of adult franchise.

(ii) No.

New structures on destroyed bustees

***40 Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(i) whether many bustees have been destroyed due to arson during the recent disturbances in Calcutta and suburbs; and

(ii) whether the Government proposes to construct new structures on the sites of the old ones ?

(b) If the answer to (a) (ii) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether the Government will allow the construction of new huts more or less like the huts destroyed; and

(ii) if not, whether the Government consider the desirability of construction of new pucca structures following the specifications of the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers Act?

The Hon'ble Abha Maiti: (a) (i) Yes. (a) (ii), (b) (i) and (b) (ii) It has been decided to construct on twelve sites in the affected bustees multi-storeyed tenements under the Slum Clearance Scheme. In other cases, the hut owners will be given house-building grant up to the ceiling of Rs. 400 per tenement to reconstruct or repair their damaged houses.

Shri Narendra Nath Das:

মাননীয়া মন্ত্রিমহোদয়া দুটা স্কিমের কথা বললেন যে ১২টা বস্তি এলাকাতে নূতন বাড়ী তুলবেন, আর কতকগুলি এলাকাতে বস্তির রিপেয়ারিং খরচ দেবেন। এই রিপেয়ারিং খরচের তাৎপর্য হচ্ছে যে সেই সকল বস্তিগুলি ঠিক আগের মতই সেখানেই থেকে যাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে যে মাননীয়া মন্ত্রিমহোদয়া কি মনে করেন যে যদি কোথাও আংশিক ক্ষতি হয়ে থাকে, সেখানেও নূতন বাড়ী তৈরী করবেন?

The Hon'ble Abha Maiti:

যে ১২টি জায়গা ঠিক করা হয়েছে মাল্টি স্টরিড টেনেমেণ্ট তৈরী করার জন্য সেই সব এলাকাতে বস্তি গুলির বেশীরকম ক্ষতি হয়েছে বলেই। ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট এবং আমাদের হাউসিং ডিপার্টমেণ্টের এরা সব দেখে যে সব জায়গাগুলি বিবেচনা করবেন উপযুক্ত হবে, সেইগুলিতে প্রথমে মাল্টি স্টরিড টেনামেণ্ট নির্মাণ করা হবে, আর বাকীগুলিতে রিলিফ ডিপার্টমেণ্ট থেকে হাউস বিল্ডিং গ্র্যাণ্ট দিয়ে সাহায্য করা হচ্ছে যাতে তারা সেখানে তাদের বিধ্বস্ত ঘরগুলি পুনর্গঠিত করে নিতে পারে। সেগুলি সব বিচ্ছিন্ন ভাবে বড় বড় বস্তির ভিতর হয়ত ২০টা, ৩০টা ছোট ছোট ঘর পুড়ে গিয়েছে, কিম্বা পাঁচটা, সাতটা পুড়ে গিয়েছে, সেখানে সমস্ত বস্তি তুলে দিয়ে টেনেমেণ্ট করা সম্ভব নয় বলেই, সেখানে ৪০০ টাকা পর্যন্ত সাহায্য করে সেই ঘরগুলিকে পুনর্গঠিত করে দেবার ব্যবস্থা হয়েছে; আর বাকী ১২টা জায়গায়, যেগুলি বেশী ক্ষতিগ্রস্থ হয়েছে, সেগুলিতে মাল্টি স্টরিড টেনামেণ্ট হবে।

Shri Narendra Nath Das:

মাননীয়া মন্ত্রীমহোদয়া কি জানেন যে স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্টএ পশ্চিমবঙ্গ সরকার এই নীতি গ্রহণ করেছেন যে ধীরে ধীরে সমস্ত বস্তি তুলে দেবেন? সুতরাং সেখানে যখন আংশিকভাবে কতকগুলি বস্তি ভেঙ্গেছে, সেখানে যখন একটা অপরচুনিটি এসেছে, তখন পশ্চিমবঙ্গ সরকার কেন এই সুযোগ গ্রহণ করছেন না, যে সেখানে যাতে আর বস্তি না হয়?

The Hon'ble Abha Maiti:

আমিত আগেই বলেছি যে যতটা সুযোগ গ্রহণ করা সম্ভব হয়েছে, ততটা গ্রহণ করা হয়েছে। কিন্তু সবটা গ্রহণ করা সম্ভব হয়নি বলেই, তা করা যায় নি। তার প্রথম কারণ হচ্ছে এই যে সমস্ত জায়গার বস্তিগুলি তুলে দিয়ে সেখানে মাল্টি স্টরিড টেনামেণ্ট করা সময়সাপেক্ষ এবং ব্যয়সাপেক্ষ, এবং সেটা করাও সরকারের পক্ষে এখন সম্ভব নয়। সেইজন্য এখন যতটাতে করা সম্ভব, ততটা সরকার হাতে নিয়েছেন।

Shri Narendra Nath Das:

মাননীয়া মন্ত্রীমহোদয়া নিশ্চয় জানেন যে ভারত সরকারের এই ধরণের একটা আইন রয়েছে এবং ভারত সরকারও চান স্লামগুলি পরিষ্কার হোক। সেখানে আজ এখানে একটা

বিশেষ পরিস্থিতিতে পশ্চিমবঙ্গ সরকারের সামনে যখন একটা অপরচুনিটি এসেছে, তখন তাঁরা ভারত সরকারের কাছ থেকে আরও সাহায্য চেয়ে পাঠিয়েছেন কি ?

The Hon'ble Abha Maiti:

আমি ত আগে বলেছি সাহায্য চাওয়া হয়েছে এবং তাঁরা দেবেনও বলেছেন। তাঁরা যতটা দেবেন, তারই উপর ভিত্তি করে এই জায়গাগুলি ঠিক করা হয়েছে। এছাড়া, আরও একটা প্রশ্ন এখানে আছে যাদের ঘরবাড়ী পুড়ে গিয়েছে, তাদের সংখ্যা কম নয়। তাদের সকলেই কলকাতার বাসিন্দা। এই সমস্ত ব্যক্তিদের মধ্যে কলকাতায় যারা যেখানে কাজ করেন, সেইখানে তাদের জায়গায় রেখে, বা তার কাছাকাছি অল্টারনেটিভ জায়গায় তাদের বাড়ী করে দেওয়াতেও আমাদের মুস্কিল আছে। তাই এখন এই যে ১২টা জায়গা ঠিক করা হয়েছে, সেখানকার যে সমস্ত লোক, তাদের সরিয়ে নিয়ে অন্যত্র রাখতে হচ্ছে তা আপনারা ভাল করেই জানেন। কলকাতার বাইরে নিয়ে গেলে তাদের রুজি-রোজগার করা সম্ভব নয়। সেইজন্য যতটা এখানে একোমোডেসান করা যাবে, তার উপর এটা নির্ভর করে, এবং এক বছরই হোক বা ১০ বছরই হোক, এই সমস্ত লোক-গুলিকে অন্যত্র রাখতে হবে, এবং তাহলে পরে আমরা এই সব জায়গায় রিকন-স্ট্রাকসান করতে পরবো। এটাও হচ্ছে তার মধ্যে একটা পয়েণ্ট।

Shri Sasanka Sekhar Sanyal:

পার্লিমেন্টারী কোশ্চেন স্যার, মুসলমানদের যে সমস্ত বাড়ী ঘর ভেঙ্গে গিয়েছে তাদের পুনর্বাসন করবার জন্য সরকারের এমন কোন পরিকল্পনা আছে যে তাদেরকে পুনরায় সেই একই জায়গায় সংখ্যাগরিষ্ট কোরে না রেখে তাদেরকে ভিন্ন ভিন্ন জায়গায় রাখা।

The Hon'ble Abha Maiti:

ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে শুধু মসলমান বলছি না, হিন্দু কিম্বা মুসলমান এবং কোন কোন জায়গায় এ্যাংলো ইণ্ডিয়ানরাও ক্ষতিগ্রস্ত হয়েছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি শুধু মুসলমানদের কথা বলছি—তারা যেসব জায়গায় ক্ষতিগ্রস্ত হয়েছে সেই এলাকায় তাদের পুনর্বাসন না করে তাদেরকে ছিটিয়ে ভিন্ন ভিন্ন জায়গায় রাখার কোন পরিকল্পনা আপনি নিয়েছেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

সে রকম কোন পরিকল্পনা আমাদের নেই।

Shri Jatin Chakravorty:

মাননীয়া মন্ত্রীমহাশয়া জানাবেন কি এই যে ১২টা পাকা বাড়ী হবে তা কোন কোন জায়গায় হবে ?

The Hon'ble Abha Maiti:

একটা হবে এন্টালি থানা এরিয়াতে, ২ নম্বর ছাতু বাবু লেন—এটা একটা জায়গা। তারপর এন্টালি পি, এস এর অধীনে বস্তী এক নম্বর ছাতুবাবু লেন। ইন্টালি থানার অধীনে বিবি বাগান বস্তী। ইন্টালি থানার অধীনে চিংড়ীঘাটা রোড এরিয়াতে। বেনিয়াপুকুর পি, এস তে ৬।১।বি ডিহি শ্রীরামপুর রোড। ৭বি ডিহি শ্রীরামপুর রোড। তারপর ১নং রামমোহন বেরা লেন। তারপর ২।১ রাম-মোহন বেরা লেন এবং ২।২ তিলজলা রোড। তারপর আমহার্ষ্ট ষ্ট্রীট এলাকায় পাটোয়ার বাগান লেন এবং কেশব সেন ষ্ট্রীট। বেলেঘাটা এরিয়াতে কাজরীতলা বস্তী। এটা নারকেল ডাঙ্গা মেন রোডের ওখানে। এবং বেলেঘাটা থানায় ওড়িয়াগলি বস্তী। তারপর বেলেঘাটা থানায় চুড়াওতলা বস্তী বা সাহেব বাগান বস্তী।

Shri Jatin Chakravorty:

মাননীয়া মন্ত্রীমহাশয়া বলেছেন যে যেখানে এই পাকা বাড়ী হবে না সেখানে ৪০০ টাকা করে সব থেকে বেশী টাকা দেওয়া হবে—এই টাকাটা কি বস্তীতে যারা থাকতো সেই টেনেমেন্টএ যারা থাকতো তাদের দেওয়া হবে বা বস্তীর যে মালিক তাদের দেওয়া হবে ?

The Hon'ble Abha Maiti:

বস্তীর মালিককে দেওয়া হবে এই কণ্ডিসানেতে যে সে তার পুর্বতন যে ভাড়াটিয়া তাকে সেই জায়গা দেবে এবং পুর্বতন ভাড়াতে দেবে।

Shri Jatin Chakravorty:

সরকারের পক্ষ থেকে এমন কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে কি যে যদি সে তার পুর্বতন ভাড়াটিয়াকে না দেয় তাহলে যাতে তারা সেই বাড়ীতে এসে উঠতে পারে সেই রকম কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে কি?

The Hon'ble Abha Maiti:

আমরা একটা বণ্ড তৈরী করেছি তাতে বাড়ীওয়ালা এবং ভাড়াটে উভয়কে সই করাতে বাধ্য করিয়ে এই টাকা দেওয়া হবে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয়া কি বলবেন যে ৪০০ টাকা যে তিনি ঢালাও রিপেয়ার হিসাবে দিচ্ছেন বাড়ীর যে আংশিক ক্ষতি হয়েছে তাও কি ঠিক সমান ভাবে হয় কি? আমি বলি কোন জায়গায় ৪০০ টাকা দরকার হতে পারে, কোন জায়গায় ১৫০ টাকা আবার কোন জায়গায় ৭০০ টাকা দরকার হতে পারে সেখানে একেবারে ঢালাও ৪০০ টাকা দিচ্ছেন এটা সম্বন্ধে কি তিনি পুনর্বিবেচনা করবেন?

The Hon'ble Abha Maiti:

আমি বলেছি ৪০০ টাকা পর্য্যন্ত। এমন হয় কারো ঘর বড় ছিল, কারো ঘর ছোট ছিল, কারো বা সবটা পুড়ে গিয়েছে কারো হয়ত পুড়েনি এই সব ঠিক করে দিতে হবে।

Shri Nirmal Chandra Bhattacharyya:

এই যে ১২টা বস্তী এগুলি কি সব মুসলমান অধ্যুষিত বস্তী?

The Hon'ble Abha Maiti:

মোটামুটি এগুলি মুসলমান অধ্যুষিত বস্তী কিন্তু তার ভিতরে হিন্দুদের বাড়ী ছিল না কিম্বা এ্যাংলো ইণ্ডিয়ান এর বাড়ী ছিল না তা আমি বলতে পারিনা।

(1-40—1-50 p.m.)

Shri Subodh Sen:

জমির মালিক যদি আপাততঃ বাড়ী না করে জমিটা ফেলে রাখতে চান তাহলে গভর্নমেন্ট থেকে কি করা হবে সেটা জানতে পারি কি?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বল্লাম আমরা যে বণ্ড করেছি তাতে বলে দিয়েছি যে ৩ মাসের মধ্যে বাড়ী করতে হবে।

Shri Subodh Sen:

যদি বাড়ী না করে ফেলে রেখে দেন তাহলে কি হবে?

The Hon'ble Abha Maiti:

সে তো জমি একজনের হয়। আপনারা অনেকেই জানেন, আবার বাড়ীগুলি আর একজনের হয়, আবার ভাড়াটে অন্য লোকেরা থাকে। সাধারণতঃ বাড়ীওয়ালা যাঁরা জমির উপর বাড়ী তৈরী করেন তাঁদের আমরা টাকা দিচ্ছি এবং তাঁদের এই বণ্ড করে দিচ্ছি যে ৩ মাসের মধ্যে বাড়ী করতে হবে এবং তাতে যুক্ত স্বাক্ষর থাকছে। সেই জায়গায় বাড়ী করতে দেবেনা ল্যাণ্ড ওনার্স এমন তো হতে পারে না, কারণ আমরা যে আইন করেছি, এখান থেকে বিভিন্ন সময়ে সে আইন এবং অর্ডিনান্স আগে করা হয়েছিল তার বলে তাঁরা বাধা দিতে পারেন না—বাড়ী করতে দিতে হবে।

Shri Subodh Sen:

বাড়ীওয়ালা যদি বাড়ী না বানায় তাহলে কি করবেন?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে আমরা একটা বণ্ড তৈরী করেছি যাতে ৩ মাসের মধ্যে বাড়ী তৈরী করতে হবে এই স্বীকৃতি দিতে হবে এবং তাতে ভাড়াটে এবং বাড়ীওয়ালার যুক্ত স্বাক্ষর থাকবে।

Shri Subodh Sen:

যদি বাড়ী না করেন এবং টাকা যদি না নেন তাহলে কি হবে?

The Hon'ble Abha Maiti:

টাকা যদি না নেন তাহলে আলাদা করে আমরা তো আর জোর করে টাকা দিতে পারবো না?

Shri Subodh Sen:

তাহলে জমির কি অবস্থা হবে?

The Hon'ble Abha Maiti:

মালিক জমি ফেরৎ নেবেন কিনা জানিনা—সে যদি হয় তাহলে তাকে অন্যত্র থাকতে হবে কিংবা অন্য কোন জায়গা আমাদের যোগার করে দিতে হবে। এ ছাড়া আর কিছু করতে পারি না। কেউ যদি টাকা না নেয় তাহলে জোর করে আমরা দিতে পারি না।

Shri Nirmal Chandra Bhattacharyya:

এই বণ্ডটা কাদের সংগে হচ্ছে—যে জমির মালিক তার সংগে না হাট ওনারের সংগে?

The Hon'ble Abha Maiti:

হাট ওনারের সংগে।

Shri Jatin Chakravorty:

মন্ত্রীমহোদয়া কি জানাবেন যে টাকা নিল, বাড়ীও করলো কিন্তু ভাড়াটে আগে যে ভাড়াতে থাকতো সেই ভাড়াতেই তাকে কি থাকতে দেয়া হবে?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই তো বলেছি যে সেই ভাড়াতে সেই ভাড়াটেকেই থাকতে দেয়া হবে এবং ৩ মাসের মধ্যে বাড়ী করতে হবে এই কণ্ডিসনে আমরা টাকা দেব।

Shri Jatin Chakravorty:

পাকা বাড়ী তৈরী হবার পরও কি এই সর্ত্ত প্রযোজ্য অর্থাৎ এখন কুঁড়ে ঘরে যদি ১০ টাকা ভাড়া হয় পাকা বাড়ী করবার পরও কি ১০ টাকায় তাকে থাকতে দেয়া হবে?

The Hon'ble Abha Maiti:

আপনি বলছেন ভাড়া কি হবে—সেটা হাউজিং ডিপার্টমেন্ট এবং সি, আই, টি ঠিক করবেন আমি বলতে পারি না।

Shri Sasanka Sekhar Sanyal:

আমার বন্ধু ওখান থেকে যে প্রশ্ন করলেন তার উত্তরটা হল না। উনি জানতে চাচ্ছেন যদি কোন মালিক এই বণ্ডের আওতায় আসতে না চান তাহলে তাকে বাধ্য করার জন্য কোন আইনানুগ ব্যবস্থা করবার পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি সে যদি বাড়ী না করতে চায় কিম্বা ল্যাণ্ড ওনার যদি তাকে পাকা বাড়ী না দেয়, যদি জায়গা আর না দেয় সে তো হতে পারে না। আমরা আইন যা করেছি জায়গা দিতেই হবে হাট ওনারকে বাড়ী করার জন্য এবং বাড়ী তিনি করবেন না। আমরা তাঁকে বাধ্য করাবো না এটা ঠিকই।

Shri Sasanka Sekhar Sanyal:

কেন পারবেন না?

The Hon'ble Abha Maiti:

যদি টাকা আমাদের কাছ থেকে নেন তাহলে বণ্ড আমরা বাধ্য করাতে পারি বাড়ী করার জন্য।

Shri Sasanka Sekhar Sanyal:

আইনানুসারে বণ্ড নিতে বাধ্য করাবার ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Abha Maiti:

না, এরকম কোন ব্যবস্থা নেই।

Shri Mohitosh Rai Choudhuri:

যে ১২ টা বাড়ী হবে বলছেন, যে জমির উপর হবে কিভাবে হবে জমিকে গভর্ণমেন্ট কিনে নিয়ে সেখানে বাড়ী করবেন, না কি করবেন?

The Hon'ble Abha Maiti:

জমি গভর্নমেন্ট য়্যাকুইজিসান করে নেবেন।

Shri Tripurari Chakravarti:

মাননীয়া মন্ত্রীমহোদয়া একটা প্রশ্নের উত্তরে বল্লেন যে কোলকাতায় কতকগুলো বস্তী মুখ্যতঃ মুসলমান অধ্যুষিত বস্তী, অনেকগুলি এরকম বস্তি আছে—একথা তিনি স্বীকার করলেন এবং এই বস্তীবাসীর মধ্যে অনেক ভাল বস্তী নষ্ট হয়ে গেছে। পুনর্গঠনের সময় এবং পুনর্বসতির সময় সরকারের কি এই নীতি বিবেচনা করা উচিৎ নয় যে এবার সমস্ত সম্প্রদায়ের লোককে এক সঙ্গে বাস করতে দেয়া উচিৎ, যেমন ভাল ফল হয় অনেক সময় কমিউনিটি ডিনার, কমিউনিটি প্রেয়ার, কমিউনিটি হাউসিং, কমিউনিটি য়্যাকমডেসন, অনেক উপকার হয় কিন্তু যে রাজ্যে যখন সাম্প্রদায়িক কলহ ঘটে সেখানে সমস্ত সম্প্রদায়ের লোককে যথাসম্ভব একস্থানে বাস করবার সুযোগ দেয়া উচিৎ এই নীতি সরকার বিবেচনা করছেন কি?

The Hon'ble Abha Maiti:

আপনার সংগে এ বিষয়ে আমাদের তো কোন দ্বিমতই নেই, কারণ আমরা চাই সবাই এক সংগে বসবাস করুন, আমাদের তো অসুবিধা নেই। আমাদের যে সব বাড়ী তৈরী হবে, হিন্দুও যদি চান তাঁকেও আমরা সুযোগ দেব সেখানে থাকার, মুসলমানও যদি চান তাঁকেও আমরা সুযোগ দেব। তবে একটা কথা বলতে চাই একসংগে বাস করতে গেলে যে মনোভাবের দরকার হয় সেই মনোভাব সৃষ্টি করাবার জন্য আপনারা সকলে যদি চেষ্টা করেন তাহলে এটা সম্ভব হতে পারে।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে যারা কুঁড়ে ঘরে থাকে, তারা শখ করে থাকে না, তাদের আর্থিক ক্ষমতা হয়ত ১০ টাকা দেবার মত। কিন্তু, যেখানে পাকা বাড়ী হচ্ছে, সেখানে উঁনি বলছেন যে হাউজিং ডিপার্টমেন্ট তার ভাড়া ঠিক করবেন। আমার প্রশ্ন হচ্ছে এই যে বস্তিতে যারা যে ভাড়ায় ছিল, তাদের আর্থিক সংগতি অনুসারে যে ভাড়া তারা দিতে পারতো, আজকে যদি হাউজিং ডিপার্টমেন্ট সেখানে পাকা বাড়ীর ভাড়া বেশী করে তাহলে যাদের উদ্দেশ্যে ওখানে বাড়ী তৈরী করা হচ্ছে, অর্থাৎ সেই বস্তির ভাড়াটিয়াদের থাকতে দেবার যে নীতি, সেই নীতি সেখানে প্রযোজ্য হবে না; সেই সম্পর্কে সরকার কি বিবেচনা করছেন?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে শ্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুযায়ী এই বাড়ীগুলি হচ্ছে। শ্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট এর কোথাও একথা বলা নেই যে খুব বেশী বাড়তি ভাড়ায় সেই সমস্ত ঘরগুলি বস্তিবাসীদের দিতে হবে। নিশ্চয়ই তাদের সকলের অবস্থা বিবেচনা করে ভাড়া নির্দ্ধারিত হবে।

Shri Narendra Nath Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুবোধ বাবুর একটা প্রশ্নের জবাব উনি দেননি। বস্তির নিয়ম হচ্ছে আপনি বোধ হয় জানেন যে জমির মালিক যদি বস্তিতে খালি জমি পায়, তাহলে যেই জমি তার অধিকারে আসবে। এবারকার দাঙ্গায় এই ধরণের খবর পাওয়া গিয়েছে যে কোন কোন

বস্তিতে সেখানকার লোক বা জমিদার লোক দিয়ে কোন কোন বস্তি তারা জালিয়ে দিয়েছে,—এইরকম খবর পশ্চিম বাংলা সরকারের কাছে রয়েছে। সুতরাং সেখানে যদি জমির মালিক বা ঠিকা টেনেন্ট কোন অর্থ সাহায্য না চায়,—সে চাইবেও না, কারণ তার স্বার্থ হচ্ছে ঐ জায়গাটা খালি থাকুক,—তাহলে সেখানে সেই খালি জায়গাটা অধিকার করবার জন্য সরকারের তরফ থেকে কি কোন পরিকল্পনা করা হয়েছে?

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্য নরেনবাবুর অবগতির জন্য বলতে চাই আমরা যে সমস্ত জায়গায় শ্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুযায়ী বাড়ী নির্মাণ করছি না, সেই সমস্ত জায়গায় ল্যাণ্ড ওনাররা বহুজন আমার কাছে এসেছেন এবং জানিয়েছেন যে যাতে তাদের জমি নিয়ে নিই এবং সেখানে শ্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুসারে টেনেমেন্ট করে দিতে পারি। কিন্তু নানান কারণে, সেটা এখন করা আমাদের পক্ষে সম্ভব নয়। নানান কারণে আমরা পারছি না, সেটা অন্য কথা। সুতরাং আমার মনে হয় না যে যার ওখানে জমি রয়েছে, তিনি হাট নির্মাণ করতে দেবেন না। তিনি দিতে বাধ্য। আমরা আইন করে বর্ত্তমান অবস্থায় কি করা যায় তারজন্য চেষ্টা করছি। সুতরাং যে কথাটা উনি বললেন যে হাট ওনাররা যদি বাড়ী না করেন, তাহলে সে ক্ষেত্রে কি করে আমি তাঁকে বাধ্য করাতে পারি?

আমি ত অগেই বলেছি, এবং আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি আজ পর্য্যন্ত যে সমস্ত হাট ওনারদের সেই সমস্ত জায়গায় বাড়ী পুড়ে গিয়েছে, তাঁরা সকলেই উদগ্রীব হয়ে আছেন বাড়ী করার জন্য। মফঃস্বলে আমরা যত তাড়াতাড়ি হাউস বিল্ডিং লোন দিতে পেরেছি, কলকাতায় নানা রকম খুঁটিনাটি অসুবিধার জন্য আমরা দিতে পারিনি। সকলেই আমাদের কাছে বাড়ী করবার জন্য আগ্রহ প্রকাশ করে আসছেন আমরা যাতে তাদের গ্র্যান্ট দিই। সুতরাং আপনাদের মনে যে আশঙ্কা জাগছে, সেই আশঙ্কাটা ঠিক নয়।

Shri Nirmal Chandra Bhattacharyya:

মাননীয়া মন্ত্রীমহোদয়া কি জানাবেন বহুতলা বিশিষ্ট যে সব বাড়ী উঠছে, তার এক একটি ঘরের ভাড়া কত হতে পারে? একাধিক ঘর হয়েছে, তার আনুমানিক ভাড়া কত হতে পারে সেটার হিসাব করা হয়েছে?

The Hon'ble Abha Maiti:

আমি এখন বলতে পারবো না।

Shri Abdulla Rasul:

সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন স্যার। উনি যেভাবে ধরে নিচ্ছেন যে ঐ সব জায়গায় বর্ত্তমান মালিকরা বা প্রাক্তন মালিকরা, তাঁরা ঘর তৈরী করবেনই। এই জায়গায় আইনের ফাঁক থাকছে, সেই ফাঁক বোজাবার ব্যবস্থা তিনি করবেন কিনা? কারণ, এমন হতে পারে যে তাঁরা আজকে প্রতিশ্রুতি দিলেন, কিন্তু, সেটা মৌখিক। সেটা আইনের দ্বারা বাধ্য নয়, সেটা ভঙ্গ করবার সম্ভাবনা থাকে। সেই প্রতিশ্রুতি ভঙ্গ করা, বন্ধ করা সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

The Hon'ble Abha Maiti:

আমি ত আগেই বলেছি যে কোন ল্যাণ্ড ওনার হাট তৈরী করতে দেবেন না, এ হতে পারে না। আমাদের যে একুজিষ্টিং আইন আছে তাতে প্রতি ল্যাণ্ড ওনারকে যদি হাট ওনার হাট নির্মাণ করতে চান তাহলে ঠিকা টেনেন্সী অ্যাক্ট অনুসারে করতে দিতেই হবে। আমরা সেইভাবে আইন এ্যামেণ্ড করেছি। সুতরাং সেদিক থেকে কোন আশঙ্কার কারণ নেই। আর হাট ওনাররা হাট করবে, কি করবে না, সে জমি ফেলে রাখলো, যে সব কথা বলেছেন, আমি তার উত্তরে বলেছি যে এখনও পর্যন্ত আমি কোন জায়গা থেকে দেখিনি যে এই রকমভাবে জমি ফেলে রাখবার টেনডেনসি হয়েছে। আমি যে কথা আগে বলেছি আমাদের কাছ থেকে টাকা নেবার জন্য তারা আসছেন, আমাদের খুঁটিনাটি কতকগুলি অনুসন্ধানের জন্য, যতটা তাড়াতাড়ি দেওয়া উচিত, তত তাড়াতাড়ি দিতে পারছি না।

[1-50—2 p.m.]

Shri Narendra Nath Das:

যদি ল্যাণ্ড ওনার হাট ওনার হয় তাহলে কি হবে?

The Hon'ble Abha Maiti:

সে তো হাট ওনার হিসাবে গণ্য হবে ল্যাণ্ড ওনার-এর প্রশ্ন আসছে না।

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে এই ৪০০ টাকা করে দেবার কথা হয়েছে আমি জিজ্ঞাসা করছি আজ পর্য্যন্ত কত টাকা দেওয়া হয়েছে?

The Hon'ble Abha Maiti:

আমরা আমাদের এখানে যে ডেপুটি ডাইরেক্টর আছে তার কাছে প্রায় ৩।।০ লক্ষ টাকা দিয়েছি—আর কতজনকে দেওয়া হয়েছে তা জানতে হলে নোটিশ দিতে হবে।

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, শশাঙ্কবাবুর প্রশ্নের উত্তরে উনি বল্লেন বাধ্য করার মত কোন ব্যবস্থা ওরা করেননি, আমার প্রশ্ন হচ্ছে যাতে বাধ্য করা যায় তার কোন ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Abha Maiti:

যদি প্রয়োজন হয় নিশ্চয়ই করব।

Recruitment to the post of Secretary to the Board of Secondary Education, West Bengal

*41. **Dr. Janaki Ballabha Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what is the mode of recruitment to the post of the Secretary to the Board of Secondary Education, West Bengal;

(b) whether P.S.C. is consulted in this matter;

(c) if so, whether the present incumbent of the post of the Secretary to the Board of Secondary Education has been selected on the recommendation of the P.S.C.; and

(d) what is the reason for changing the incumbent of the post with the promulgation of the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1963?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) Appointments was to be made by the previous Board. (b) No. (c) Does not arise. (d) The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance 1963, has nothing to do in this matter.

Shri Satya Priya Roy:

স্যার, আমার প্রশ্ন হল এই যে এখানে তিনি বললেন যে এটা গভর্নমেণ্ট এপয়েণ্টমেণ্ট হয়নি কিন্তু অ্যাক্ট অফ ১৯৬৩, লেখা আছে যে বোর্ডের সেক্রেটারী এপয়েণ্ট করবেন গভর্নমেণ্ট তাহলে

How can the Secretary continue as Secretary of the Board.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The Secretary is continuing for the time being. The Secretary will be appointed under the Act by the State Government and the rules for recruitment of the Secretary have been published by notification, dated 24th December 1963. In accordance with those rules the recruitment will be either by promotion or by recruitment in consulation with a Selection Committee.

Shri Sasanka Sekhar Sanyal: With reference to answer (b), may I know whether the Public Service Commission normally has no jurisdiction over the matter or whether its jurisdiction has been ousted?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Under the old Act the Public Service Commission had no jurisdiction. So far as the new Act is concerned, I have already said that the recruitment rules have been published and in accordance with the recruitment rules the Secretary will be recruited either by promotion or by appointment with the help of a Selection Committee.

Shri Satya Priya Roy:

কিন্তু স্যার, নিউ অ্যাক্ট ১।১।৬৪ থেকে অলরেডি এফেক্টএ এসেছে তাহলে ১।১।৬৪ থেকে ফেব্রুয়ারী এসে গেছে তাদে সেক্রেটারী যে অ্যাক্ট করছে অ্যাক্ট এজ সেক্রেটারী অব দি বোর্ড এটা কি ইজণ্ট দ্যাট ইল্লিগ্যাল?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: No, the present Secretary is only carrying on the work. The Secretary who is going to be appointed under the new Act will be the Secretary of the Board and the recruitment rules have been published, as I have said before, on the 24th December 1963.

Shri Santosh Kumar Bhattacharyya:

সত্যপ্রিয়বাবু যেটা জিজ্ঞাসা করলেন তার জবাব পেলাম না নূতন অ্যাক্ট অনুযায়ী সেক্রেটারীকে গভর্নমেণ্ট অ্যাপয়েণ্ট করবে, ওল্ড অ্যাক্টের কথা হচ্ছে না, নূতন অ্যাক্ট এবং ১লা জানুয়ারী থেকে আপনার নূতন আইন কার্যকরী হয়েছে। এখনও ঐ ওল্ড সেক্রেটারী সেক্রেটারী হিসাবে কাজ করছেন এবং তিনি সার্কুলার ইত্যাদি সব কিছু পাঠাচ্ছেন আণ্ডার হোয়াট অথোরিটি?

In accordance with the provisions of section 46(2)(c) of the West Bengal Board of Secondary Education Act, 1963.

Shri Satya Priya Roy:

এই প্রভিসানটা আমাদের সামনে নেই, আপনি যদি একটু বলেন তো ভাল হয়।

The Hon'ble Harendra Nath Chaudhuri: I have referred to the section. You may look it up. I have not got a copy of the Act with me now.

Shri Sasankar Sekhar Sanyal: May I know what are the contents of that particular section?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The particular section is that the present officer may continue.

Potato in Darjeeling district

*42. **Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state if it is a fact that potato is produced in the district of Darjeeling extensively?

(b) If the answer to (a) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the approximate amount of production of potatoes in 1961-62; and

(ii) the amount sent outside the district for sale?

(c) Will the Hon'ble Minister be further pleased to state whether surplus potatoes are exported to places outside the district?

(d) If the answer to (c) is in the negative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the reasons therefor; and

(ii) steps taken to stop such a course?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) No.

(b) (i) and (ii) Does not arise.

(c) Yes. Approximately 500 tons of tables potatoes, i.e., 1/33 of the total production of the crop was sent outside the district to the neighbouring areas in West Bengal during 1961-62.

(d) (i) and (ii) Does not arise.

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে দার্জিলিং-এর আলুতে একটা রোগ ধরেছে বলে ভারত সরকার থেকে সেই আলু যাতে এক্সপোর্টেড না হয় সেই রকম নির্দেশ দিয়েছেন কিনা ?

The Hon'ble Smarajit Bandyapadhyay:

ভারত সরকার থেকে এই রকম নির্দেশ ছিল, সেই নির্দেশটা উঠিয়ে দেবার জন্য আমরা তাদের সঙ্গে আলোচনা করছি।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি দেখেছেন যে আলুটা ভারত সরকার বলছেন পোকাধরা আলু সেই আলুটা যে সত্যই পোকাধরা নয় সেটা সম্বন্ধে কি আপনি নিশ্চিত হয়েছেন ?

The Hon'ble Smarajit Bandyapadhyay:

এ সম্বন্ধে বিশেষজ্ঞরা পরীক্ষা করে বল্লে তবে বুঝা যায় কোনটা রোগধরা এবং কোনটা রোগধরা নয়। এ সম্পর্কে কিছু ইনফর্মেসন আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি

The Darjeeling red round variety which was of great demand throughout India was detected to be affected with wart disease. Steps were taken to replace this susceptible variety by wart immune varieties importing them from Holland and multiplying them in Government farms and also in cultivator's field.

To put a step to recurrence of wart disease in other parts of India Government of India imposed a ban upon the export of potato from West Bengal to other territories of India under destruction of Insect and Pest Act in 1959.

The Darjeeling red round has been mostly replaced by other wart immune varieties.

The cultivation of potato has, therefore, been limited to a certain extent. It is expected that with complete replacement by the immune varieties the production will be intensified enusirng enhanced export. On a general survey taken in 1962, ut of 16 principal potato growing areas of the district of Darjeeling 6 areas were only still found to contain wart disease.

As ban on the export of West Bengal potato was imposed by the Government of India, the State Government took up the matter with them. On their advice an order under the D. I. Rules, viz., West Bengal Agricultural Diseases and Pests Order, 1963, has been issued wth effect from 2nd January 1964 with purpose of cordoning the areas affected with the diseases and pests and restricting the export of so diseased varieties outside the particular cordoned area.

[2—2-10 p.m.]

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে নিষেধটা তুলে নেওয়া হল, এটা কি দার্জিলিংএ চাষীদের জানিয়ে দেওয়া হয়েছে ?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

হ্যাঁ, ওটা জানিয়ে দেওয়া হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার জিজ্ঞাস্য মন্ত্রিমহাশয়ের কাছে, চাল যখন পাওয়া যায় না, তখন মুখ্যমন্ত্রিমহাশয় বলেন গম খাও আর আলু খাও। কাজেই এই যে এক্সটেনসিভলি দার্জিলিং-এ এটা হচ্ছে, দার্জিলিং ছাড়া পশ্চিম বাংলার আর কোন কোন জেলায় আলুর চাষ করা হচ্ছে বেশ বৃহৎ আকারে, সেটা বলবেন কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আলুর চাষ বেশীর ভাগ হুগলী জেলায় হয় এবং তা পার্শ্ববর্তী এলাকাতেও হয়। আজকাল নদীয়া, মুর্শিদাবাদ এবং উত্তর ২৪-পরগণাতেও হচ্ছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

সাপ্লিমেণ্টারী কোয়েশ্চেন স্যার। বর্তমানে বাজারে আলুর দর কত, মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারেন কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

এ থেকে এই প্রশ্ন আসে না।

Shri Sudhindra Nath Mukherjee:

আমরা দেখতে পাই বহু টাকা খরচ করে আলু আমাদের দেশে উৎপন্ন হয়। রেঙ্গুণ থেকে করেন এক্সচেঞ্জ খরচ করে আমাদের আলুর বীজ আনতে হয়। আমার প্রশ্ন হচ্ছে এটা কি সম্ভব নয়, যে হুগলী জেলাতে এবং পশ্চিম বাংলার অন্যান্য জেলাতে বেশী করে এই আলুর বীজ তৈরী করে, ভারতবর্ষের বাইরে থেকে আলুর বীজ আনা বন্ধ করা যেতে পারে?

Shri Hon'ble Smarajit Bandyopadhyay:

আমরা সিড মালটিপ্লিকেসান ফার্ম দার্জিলিংএ করেছি, এবং দার্জিলিংএ ওয়ার্ট ইমিউন ভেরাইটি বেশী করে করতে পারলে এবং বেন টা উঠে গেলে, দার্জিলিং থেকেই ক্রমশঃ আমরা সিড মালটিপ্লাই করে সর্বত্র প্রয়োজন অনুসারে সরবরাহ করতে পারবো বলে আমরা আশা করছি।

Commissioner of Police, Calcutta

*43. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the present Commissioner of Police, Calcutta, has been appointed on a permanent basis; and

(b) whether any claims of other senior officers have been superseded by the said appointment?

The Hon'ble Ardhendu Sekhar Naskar: (a) No.

(b) No.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহোদয় কি জানাবেন যে বর্তমানে যিনি পুলিশ কমিশনার হয়েছেন তাঁর থেকে আরও দুজন সিনিয়ার আছেন, একজনের নাম হচ্ছে শ্রীদুর্গাপদ ভট্টাচার্জি ও আর একজন হচ্ছেন মিঃ মাসুদ? আমার প্রশ্ন হচ্ছে উনি ওটার উত্তর 'নো' বললেন কেন? সুপারসিড করা হয়নি?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

এটা একটা টেমপোরেরি এরেঞ্জমেণ্ট সেইজন্য মিঃ পি. কে. সেন কে আনা হয়েছে।

Shri Narendra Nath Das:

সাপ্লিমেণ্টারী কোয়েশ্চন স্যার। যে দুজন অফিসারকে সুপারসিড করা হয়েছে, তাদের কাউকে কেন আনা হয়নি?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

একটা ইমারজেন্সীর সময়, তখন তাড়াতাড়ি আনার জন্য মিঃ সেনকে আনা হয়েছিল।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন বর্তমানে যিনি পুলিস কমিশনার হয়েছেন তিনি অ্যাকটিং কিনা?, কারণ এর আগের দিন মুখ্যমন্ত্রিমহাশয়তো বলেছিলেন যে মিঃ ঘোষ, যিনি ঐ পারমানেণ্ট পোস্ট এ ছিলেন, তার ছুটি ফুরলে তাঁকে আবার ওখানে আনা হবে। আমার প্রশ্ন হচ্ছে যে বর্তমানে যিনি অ্যাকটিং পুলিস কমিশনার মিঃ পি. কে. সেন, তাঁকে জ্যোতিষীরা বলেন যে তিনি কমিশনার হবেন। সেই জ্যোতিষীর ভবিষ্যৎবাণী সফল করবার জন্যই কি দুজন সিনিয়ার অফিসারকে সুপারসিড করিয়ে তাঁকে কমিশনার করা হয়েছে?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

আমি তা জানি না। সেটা জ্যোতিষী জানেন, এবং যতীনবাবু জানেন।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সত্য কথাই বলছি, মিঃ পি. কে. সেন কমিশনার তিনি নিজে রিপোর্টারের কাছে ঐ কথা বলেছেন।

Mr. Chairman: We are not interested in astrology.

Shri Sasanka Sekhar Sanyal: Why not?

উই আর ইণ্টারেসটেড ইন এনিথিং অন দি আর্থ। সাপ্লিমেণ্টারী কোয়েশ্চেন স্যার। এই যে দু-জন অফিসার মিঃ ভট্টাচার্য এবং মসুদ সাহেব, এঁদের দুজনকে কি জানিয়ে দেওয়া হয়েছে যে আপনাদের যেটা ডিউ সেটা সুপারসিড হয়নি বাই দিস টেমপোরারী এরেঞ্জমেণ্ট? কোন রকম যে তাদের কেরিয়ার ইমপেয়ার্ড হয়নি, এটা কি তাদের জানিয়ে দেওয়া হয়েছে?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

জানানোর প্রয়োজন হয়নি।

Shri Sasanka Sekhar Sanyal:

প্রয়োজনের কথা নয়। দুটি লোক, তাদের ঘাড়ের উপর একজনকে দাঁড় করিয়ে দেওয়া হল, তাদের জানানর কি ডিউটি নয় গভর্নমেণ্টের যে তোমরা ডণ্ট ওয়ারী তোমাদের কেরিয়ার সুপারসিডেড অর ইমপেয়ার্ড করা হয়নি?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি তো আগেই বলেছি এটা একটা টেম্পোরারী অ্যারেঞ্জমেণ্ট।

Shri Dwijendralal Sen Gupta:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে সিনিয়র দুইজন লোককে না এনে, মিঃ সেনকে আনা হল তাড়াতাড়ির জন্য, সেই সিনিয়ার দুজন অফিসার বর্তমানে কোথায় পোস্টেড আছেন?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

মিঃ মাসুদ আছেন ডি. আই. জি., বর্দ্ধমান রেঞ্জএ আর মিঃ ভট্টাচার্জী আছেন জলপাইগুড়িতে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Arrest of Hindus fleeing from East Pakistan

Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) how many persons—Hindus from East Pakistan—have been arrested on this side of the border while running away from East Pakistan in January last, giving the dates of such arrests; and

(b) what the Government intend to do with regard to them.

Minister for Home (Passport) (The Hon'ble Jagannath Kolay): (a) and (b) Seventy-nine such persons were taken into custody on different dates in January ast as they were without any valid travel documents. Cases against them have, nowever, been dropped.

Number of employees in Refugee Relief and Rehabilitation Department

Dr. Janaki Ballabha Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of he Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) what is the number of employees in the Department of Refugee Relief and Rehabilitation including its Directorate and sub-offices as on the 1st of January, 1964;

(b) how many of them are—

(i) temporary having no lien elsewhere.
(ii) temporary having lien in other permanent departments, and
(iii) superannuated persons re-employed;

(c) how many of them have been serving on temporary basis for 10 years or more;

(d) whether the revision of pay-scales of 1961 has been fully implemented in the Dir ctorate including its sub-offices;

(e) if not, the reasons therefor; and

(f) what is the scheme of action of State Government in respect of the services of the temporary employees?

Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble Abha Maiti):

(a) (i) Gazetted—66 and (ii) Non-Gazetted—2,897; Total 2,963;

(b) (i) 2,932, (ii) 10 and (iii) 43,

(c) 2,458.

(d) Revision of pay-scales of 1961 has been fully implemented in the Secretariat, Headquarters Office of the Directorate and the District and Subdivisional Relief Offices. The cases in other offices, viz., the Homes under the Directorate have also been taken up for implementation and the work is in progress.

In the case of gazetted officers and staff under this Department drawing pay at fixed rates, revised pay-scales have been promulgated with effect from 1st April, 1961. But the officers and staff having represented to Government regarding inadequacy of pay-scales sanctioned for them the matter has been taken up be Government and is under consideration for re-adjustment of pay-scales. In these cases, the pay-scales have not been implemented.

(e) The work of pay fixation involves some unavoidable procedural delay in the shape of up-to-date verification of services, settlement of arrear, claims, if any, and obtaining of Government orders in individual cases whenever necesary, etc.

(f) Temporary employees of this Department on their becoming surplus and being given alternative employment under other Department of this Government

Calling Attention to matters of urgent public importance

Mr. Chairman: There was a calling attention matter on 12th February, 1964, on the subject of issue of migration certificates to the intending migrants from East Pakistan and arrangements for their security *en route*.

The Hon'ble Minister concerned may make the statement if he is ready.

The Hon'ble Ardhendu Sekhar Naskar : Mr. Chairman, Sir, with reference to the calling attention notice tabled by Shri Janaki Ballabha Bhattacharyya, M. L. C. n the West Bengal Legislative Council, regarding the non-issue of migration certificates to the riot-affected persons of East Pakistan intending to migrate to India and failure on the part of this Government to move the Government of India for making arrangements for safe railway journey of such persons through Pakistan territory, I rise to make the following statement : Migration certificates are issued to intending migrant from East Pakistan by the Deputy High Commissioner for India at Dacca using his discretion and also according to the instructions of the Government of India. The State Government promptly forwards to the Indian Deputy High Commissioner at Dacca cases relating to issue of migration certificates to the affected persons in East Pakistan as and when such requests are received from their relations in India. The Union Home Minister in a statement made on the floor of of the Parliament on 11th February 1964 as reported in the press has stated that the Government of India have already issued instructions to ease the conditions for the grant of migration certificate to the intending Hindu migrants of East Pakistan to this country. In addition to the already existing normal categories qualifying for the issue of migration certificates the following categories will be included for the grant of migration certificates to make the realities of the present situation.

(1) Girls of marriagable age, unattached women and orphans who may have no sponsors in India as well as girls approaching marriagable age.

(2) Families seriously affected due to arson, looting and killing, petty traders who have lost their wherewithal as well as industrial labour, skilled or unskilled who have been badly affected. Besides the Deputy High Commissioner at Dacca has full liberty to exercise descretion in border line cases. The Prime Ministers' agreement of 1950 provides that *inter alia* for sale transit of migrants from one country to the other. This Government has already lodged a telegraphic protest with Government of Pakistan over the reported harassment of the migrants during their journeys by railway, steamer, etc., in Pakistan. The Government of India has already been kept informed. The Indian Deputy High Commisioner at Dacca has also taken up the matter with the Government of East Pakistan separately.

Mr. Chairman : Calling attention notice regarding the promulgation of East Pakistan Distressed Persons Rehabilitation Ordinance, 1964, by Shri Sasanka Sekhar Sanyal.

[2-10—2-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal : Mr. Chairman, Sir, I intend to call the attention of the Minister-in-charge of the Home Department to the following matter of urgent public importance and to request that the Minister may make a statemtnt thereon, namely, East Pakistan Distressed Persons Rehabilitation Ordinance, 1964. promulgated on 17th February 1964 and published herein the Dailies of 19th February Which under the camouuage of rehabilitating minorities of East Pakistan purports to unsettle remunerative disposal of properties made by those intending to cross over to this country and which by enjoying previous permission of Divisional Commissioners as condition precedent for such voluntary transfer, virtually blocks all transfers and exchange of properties and also exchange of population on voluntary and individual basis thereby putting a formidable road block to migration from East Pakistan and to emigration from West Bengal. This matter of undoubted urgent public importance requires being taken up with proper authorities at once with a view to putting adequate pressure upon East Pakistan for withdrawing the said Ordinance forthwith.

The Hon'ble Jagannath Kolay: The statement will be made on Tuesday next, the 25th instant.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের যে রুলস অব প্রসিডিওর অ্যাণ্ড কণ্ডাক্ট অব বিজনেস আছে, তার রুল ১৬৩ অনুসারে আমি এই স্পেশাল মোশানটা মুভ করতে চাই

Whereas there has arisen in the mind of the general public a sense of dismay and disappointment as a result of the role of the British representative in the United Nations Security Council on the Kashmir issue, this Council resolves that the West Bengal Government should forthwith urge upon the Government of India to sever all connections with the Commonwealth of Nations.

মাননীয় অধ্যক্ষমহাশয় আমি এ সম্পর্কে শুধু একটুকু বলতে চাই আমি কোন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এটা আনিনি। এটা আমাদের জাতীয় মর্য্যাদার প্রশ্ন এবং জাতীয় সম্মানের প্রশ্ন এবং এ বিষয়ে প্রতেকটা ভারতবাসীর মন উদ্বেল হয়েছে এবং তাদের সেই উদ্বেলতা আমি আমার মোশানের মধ্য দিয়ে প্রকাশ করতে চেষ্টা করেছি। আমি আশা করবো স্যার, যে অন্যান্য রাজ্য বিধানসভায় এইরকম প্রস্তাব গৃহীত হবে, লোকসভায়ও এই রকম প্রস্তাব গৃহীত হবে। আমি শুধু এই মোশানের মধ্য দিয়ে আমাদের এই হাউসকে এ বিষয়ে অবহিত হবার সুযোগ করে দিচ্ছি এবং আমি ও পক্ষের বন্ধুদের কাছ থেকে চাইবো, সরকারের কাছ থেকে চাইবো যে অন্ততঃ এটা যাতে আমরা সর্বসম্মতিক্রমে গ্রহণ করতে পারি, এ বিষয়ে আলোচনা করবার জন্য একটা দিন আমি নির্দ্দিষ্ট করতে বলছি।

The Hon'ble Jagannath Kolay:

আপনি কি অ্যাডমিট করেছেন এই মোশানটা।

Mr. Chairman: After consulting the Leader of the House and the Minister for Parliamentary Affairs I shall give my formal consent to it.

Shri Sasanka Sekhar Sanyal: Are we to understand that the Leader of the House and the Minister for Parliamentary Affairs have got objection to this reasonable matter being discussed?

The Hon'ble Jagannath Kolay: It is for the Chairman to say that.

Mr. Chairman: The subject, of course, is very important from the point of view of Indian sentiment and prestige.

Shri Sasanka Sekhar Sanyal: Not only prestige but national pride.

Mr. Chairman: So if the Governm··t is agreeable and fixes up soi date, then we can take up this.

The Hon'ble Jagannath Kolay:

এই জিনিষটা স্যার, এক রকমে হতে পারে—গভর্নমেণ্ট এ সম্বন্ধে ডিসকাসনের জন্য বে অফিসিয়াল ডে দিতে পারে না। যতীনবাবু তো এ ব্যাপারে একটা নন-অফিসিয় রেজলিউসন আনতে পারেন।

Shri Jatin Chakravorty:

আমি মন্ত্রিমহাশয়কে বলবো তিনি যেন এখন একথা না বলেন রাজী হচ্ছেন কিনা আমি ২২এ তারিখের পরে বলতে বলছি তাঁর অভিমত জানান, কারণ স্যার প্রদে কংগ্রেসের কার্যনির্বাহক সমিতি এবং ওয়েস্ট বেঙ্গল প্রদেশ কংগ্রেসের একটা গুরুত্বপূর্ণ স আছে। মন্ত্রিমহাশয়ের এই সময় বর্তমানে অবস্থায় যা যা করেছেন এ নিয়ে স্য আমার খবর ও'দের মধ্যে অনেক বিক্ষোভ আছে —সে সম্পর্কে আলোচনা সেখানে হবে এ স্যার, কিছু ওলট পালটও সেখানে হতে পারে। আমি সেজন্য বলছি কত কি হয়ে যেতে প ২২এ তারিখের পর আমি জানি না। আমি বলছি ২২এ তারিখে কংগ্রেসের সভা হয়ে যা তাঁরাও স্যার, এ বিষয়ে বিবেচনা করতে পারবেন যে এই রকম প্রস্তাব এখান থেকে গ্রহণ ব উচিত হবে কিনা—সে সম্পর্কে তাঁরা ভাববেন। আমি সেজন্য বলছি আজকে যেন ও'রা নিে দের দায়িত্বে না বলে না দেন। পরে বরং আপনাকে জানান, তারপরে আপনি একটা দিন নির্দি করুন।

Mr. Chairman: So the matter is not decided here and now. The rig thing would be that we shall wait now and I shall tell the House lat whether this discussion will be feasible and accordingly the date will l fixed for the purpose.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, we have got to decide anoth question—whether it will be admissible under the rules.

Mr. Chairman : I have consulted the rules. It is admissible.

The Honb'le Jagannath Kolay : I will consult the Chief Minister and let yo know.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, do we understand that you have ad mitted it ?

Mr. Chairman : Yes, it is admitted.

Shri Sudhindra Nath Mukherjee : Sir, I do not say I have sympathy or I hav no sympathy with the purpose, but as you have said it has been admitted, hasi been moved ? He has simply mentioned it.

Mr. Chairman : He has written to me as the rules require. The formalitie have been complied with and it has been admitted.

Shri Manoranjan Sen Gupta : Sir, I have not yet received any reply to m question which was admitted on 4th February, 1964. My question was "Hov many gun licenses have been issued to the citizens living in the jurisdiction of Calcutt Corporation ?"

Mr. Chairman : A complaint has been made by a member that he has not receive the reply to his question. The Minister concerned should take note of it.

The Hon'ble Jagannath Kolay : Sir, I will enquire into the matter.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকেও এই প্রশ্নটা উত্থাপন করেছিলাম এবং আমাদের চিফ হুইপ বলেছিলেন যে তিনি মুখ্যমন্ত্রী মহাশয়কে 'জিজ্ঞাসা করে আমাদের জানাবেন। অর্থাৎ আন-লাইসেন্সড আর্মস কোথায় কোথায় পাওয়া গিয়েছে, সেই এড্রেসগুলো দেবার জন্য আমি কালকেও প্রশ্ন উত্থাপন করেছিলাম। আমি জানতে চাই কবে তার উত্তরটা পাবো ?

(নয়েজ এণ্ড ইণ্টারাপসনস)

আমার কোয়েশ্চেন ছিল

Places where unlicensed arms were found during the disturbances after search.

তার জবাবে মুখ্যমন্ত্রি মহাশয় বলেছিলেন প্লেসগুলো আমি দিতে পারছি না, নোটিশ চাই। আমাদের অধ্যক্ষ মহাশয় বলেছিলেন নোটিশ লাগবে না। তখন উনি বলেছিলেন যে আমি জবাব দিয়ে দেবো।

আমি জানতে চাই এটা কবে দেওয়া হবে ?

The Hon'ble Ardhendu Sekhar Naskar :

এই কোয়েশ্চেনটা হেলড ওভার হয়ে আছে। এর উত্তর নেক্সট উইক দেওয়া যাবে।

Shri Jatin Chakravorty:

নেক্সট উইক বলতে কবে হবে ?

The Hon'ble Ardhendu Sekhar Naskar :

খুঁজে দেখে বলবো। যদি কালকে পাই তো, কালকেই বলবো।

Shri Narendra Nath Das : It is admitted question No. 12.

এই ১২নং কোয়েশ্চেনটা হেল্ড ওভার হয়ে রয়েছে, তার উত্তরটা পাওয়া গেল না, অথচ ৫১নং, ৫২ নং প্রশ্নের উত্তর হয়ে গেলো। মনোরঞ্জন বাবুর ১২ নং-টা হলনা কেন ? মনোরঞ্জনবাবু জানতে চেয়েছিলেন যে এ পর্যন্ত কতগুলি গান লাইসেন্স কলকাতায় দেওয়া হয়েছে এবং তারমধ্যে কতজন হিন্দু এবং কতজন মুসলমান পেয়েছে ?

The Hon'ble Jagannath Koley :

সেটা খোঁজ নিয়ে দেখে বলা হবে নেক্সট উইক।

[2-20—2-30 p.m.]

Shri Nirmal Chandra Bhattacharyya : We want to know about the number of legally issued licences.

The Hon'ble Ardhendu Sekhar Naskar : The answer will be given in the next week.

Leave of absence

Mr. Chairman : I have received an application from Shri Gopal Haldar, a Member of this House, for permission of the Council to grant his absence from its meeting till the first week of March, 1964.

I place this before the House and ask for its permission to grant the leave.

(Leave was accordingly granted)

Discussion on Governor's Address

Mr. Chairman : I must inform the members that I have received a long list of Members, who wish to speak, from either side of the House. The subject is very important and, as we understand, it is exercising the minds of the poeple. If necessary, I propose to continue with your support and goodwill up to 6 o'clock because there are so many members who came to me and verbally requested me to extend the time limit.

Now, Shri Nagendra Kumar Bhattacharyya may like to speak.

Shri Nagendra Kumar Bhattacharyya : Sir, I beg to support the resolution, offering thanks to Her Excellency the Governor of West Bengal for her excellent speech.

Sir, from the trend of discussion on the floor of the House I find that there is a consensus of opinion with regard to certain matters, namely, that the Government of West Bengal and the Government of India should do all their powers to protect the lives and properties of the minority community in Pakistan, that migration should be made easier and that when the migrants from East Pakistan come over to India they should be rehabilitated properly. It was also agreed that the minority communities in West Bengal should also get similar treatment of lives and properties. The question is what steps should be taken to achieve our object.

Sir, suggestions have been made on the floor of the House by various speakers. Shri Sasanka Sekhar Sanyal stated before the House that the matter should be taken to the U.N.O. and a complaint lodged against Pakistan with a view to recovering lands and compensation money for the rehabilitation of refugees from East Pakistan Sir, in view of the bitter experience we have for taking Kashmir dispute to the U.N.O. I do not think any useful purpose would be served by taking up the matter there (Shri Sasanka Sekhar Sanyal : Hear, hear). Moreover, if the matter is taken to the U.N.O. and the decision of the U.N.O. be in favour of India, who is there to enforce the decision ? This reminds me of the legal maxim enunciated by no less a person than Mr. Holland that international law is the vanishing point of jurisprudence (Shri Sasanka Sekhar Sanyal : Then, what's the utility of the U.N.O. ?). I am not here to answer it. I think my friend has gone through the U. N.O. Charter and knows it full well. Be that as it may, Shri Sanyal also said that the minority communities in East Pakistan are citizens of India not only morally but also legally. With regard to the first part of the statement, we have no objection and there cannot possibly be any objection. With regard to the second part of the statement, the question is full of doubts and difficulties. He has relied upon articles 5, 8 and 9 of the Constitution of which, in my humble submission, do not support his contention. I would not for shortness of time place all the articles of the Constitution but shall place only article 8.

Article 8 runs to this effect :

> "Notwithstanding anything in article 5, any person who or either of whose parents or any of whose grant-parents was born in India as defined in the Government of India Act, 1935 (as originally enacted), and who is ordinarily residing in any country outside India as so defined shall be deemed to be a citizen of India if he has been registered as a citizen of India by the diplomatic or consular representative of India in the country where he is for the time being residing on an application made by him therefor to such diplomatic or consular representative, whether before or after the commencement of this Constitution, in the form and manner prescribed by the Government of the Dominion of India or the Government of India."

Sir, the provision of this Article of the Constitution of India clearly indicates that in order to make person resident in a country other than India to be a resident of India he must adopt the procedure laid down in article 8. So far as the minorities in East Pakistan are concerned they cannot be said to have been complied with the provision of article 8 by any stretch of imagination to be held as citizens of India. But be that as it may, Sir, it is an academic matter and it does not in any way alter the duties of the Government of India or the Government of West Bengal.

Sir, the next point is that if I have understood and followed the debate correctly it attacked the speech of the Governor of West Bengal because it did not mention the incidents in Dacca and Narayangunj but there may be various reasons for that. It might have been that the news of the incidents did not reach her (Shri Sasanka Sekhar Sanyal : Everybody all over the world came to know about it).

Shri Nirmal Chandra Bhattacharyya : On a point of order. Sir. What Mr. Bhattacharyya has said amounts to a slur on the Governor. Is any honourable member entitled to pass a slur on the Governor of the State.

Shri Nagendra Kumar Bhattacharyya : Otherwise there cannot be any reason for non-inclusion of the incidents.

Shri Santosh Kumar Bhattacharyya : নমিনেশন পাবেন না।

Shri Nagendra Kumar Bhattacharyya : The Governor mentioned the riots in Jessore and Khulna but she has not mentioned anything about Dacca or Narayangunj and why ? Certainly she did not know. There cannot be any other motive for non-inclusion of the riots in Dacca and Narayangunj.

[2-30—2-40 p.m.]

Be that as it may, Sir, Mr. Sasanka Sekhar Sanyal seems to be very enthusastic about this matter. But, Sir, it was he who went to the length of saying this before this House. "Therefore, in all humility I suggest that the Governorshould have resigned or ask to be re-called as the Head of the State". This, I beg to submit, is a reflection on the conduct of the Governor of West Bengal, and this is most unjustified and I would further say that this is not premissible under the Rules of Procedure. Sir, I would place before you rule 213 (2) which runs to this effect.....

Mr Chairman : But Mr. Bhattacharyya, you should have raised it as a point of order then and there when Mr. Sanyal spoke.

Shri Nagendra Kumar Bhattacharyya : Sir, it was not possible for me to have the correct report of his speech. But what I should submit before you, Sir, is this rule 213(2) runs to this effect : "A member while speaking shall not reflect upon the conduct of the President or any Governor". Sir, the statement reported to have been made by Mr. Sasanka Sekhar Sanyal, I beg to submit, reflects on the character of the Governor. That was not permissible.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, I did not say anything about the character of the Governor.

Shri Nagendra Kumar Bhattachary : Sir, he said this, "Therefore in all humility I suggest that the Governor should have resigned or ask to be re-called as the Head of the State". I beg to submit, Sir, this is a reflection on the conduct of the Governor as the Head of the West Bengal Government. I beg to submit, therefore, that either the statement should be withdrawn or.....

Shri Sasnaka Sekhar Sanyal: On a point of order, Sir. I never cast any reflection upon the Governor's conduct or the Governor as such. My point was that the entire climate was so bad—her Goverrment and the environemnt—that a good lady like herself should either resign or ask to be released on account of the misfit character of the Government.

Shri Nagendra Kumar Bhattacharyya : Sir, I beg to submit that this is not....

Mr. Chairman : I have got with me the record of his speech. It runs like this : "Therefore, in all humility I suggest that the Governor should have resigned or ask to be re-called as the Head of the State. She has failed to inoculate the wisdom and justice into her Government. She should withdraw her pleasure from the Government because the Government has failed miserably and the Government has forfeited the confidence of all excepting those who are traitors to the country".

Shri Nagendra Kumar Bhattacharyya : Sir, this is a clear reflection on the conduct of the Governor.

Mr. Chairman : No, I don't think so. It is quite parliamentary.

Shri Tripurary Chakravarti : Thank you, Sir. We are acquainted with a code of chivalry. It seems to me that Mr. Nagendra Kumar Bhattacharyya has become a knight-errant of new code of chivalry.

Shri Sasanka Sekhar Sanyal : On a point of order, Sir. Is it parliamentary on the part of a member to have a cap, which is really his own cap, fit on another's head ?

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, I can also retort to the remarks but it would be wasting the time placed at my disposal. What I would submit before this House is that the remark might not have been unparliamentary as has been decided by you, Sir, but it was most unjustified. Then again, it has been said that the Chief Minister should also resign. From what we have heard, as soon as the Chief Minister received information of riots in Calcutta, he reached Calcutta and, as a matter of fact, pulled all resources, requisitioned the services of police from outside and, I beg to submit he also requisitioned the services of military men and brought the situation under control within 48 hours. I beg to submit, he deserves thanks for that and not any condemnation. The time at my disposal Sir, seems to be over. I must bow down to the signal.....

Mr. Chairman : You can continue for a couple of minutes.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, we join issue when he says "time at my disposal is over". We all wish, may he live long and may he live longer for making such speeches.

Mr. Chairman: I have allowed him a couple of minutes' more time.

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, before I resume my seat, I would humbly say that the solution of this communalism remains with us. If we can show to the world that we are living in peace and communal harmony and that the communal riots are things of the past, we can win the good opinion of all the nations of the world and that is the weapon which we can use against Pakistan, namely, goodwill of the world. That will ease the situation and that will bring about a position which will be for the good of both Pakistan and India.

With these words, I again support the motion of thanks to the Governor of West Bengal for the excellent speech she had made.

Shri Manoranjan Sen Gupta: Sir, I move that the following be added at the end of the address in reply, viz. :

But regret that—

(1) there is no mention, for consideration of the Government of India of any well defined and realistic plan and policy to be adopted for migration of all the willing population of the minority community leaving the East Pakistan when it is impossible for them to stay any longer with their body and soul together and with self-respect and honour of women intact in view of the insecurity and helplessness as revealed especially in recent unrestrained occurrences of brutal massacre of people, abduction and rape of women belonging to the minority community and also in view of the political constitution of the country which is professionally Islamic and also in view of the solemn pledges of protection given to them by the topmost leaders of the country at the time of partition;

(2) there is no mention of any plan and programme for reconstruction of education based on Indian culture and civilisation so as to make the people worthy Indian citizens strong in physique, intellect and character and devoted to the welfare of the country."

অধ্যক্ষ মহাশয়, আমি সর্বাগ্রে মিস্টার চাগলাকে ধন্যবাদ দিই যে তিনি যেভাবে ভারত এবং কাশ্মীরের প্রশ্ন নিয়ে নিরাপত্তা কমিটিতে উপস্থিত করেছেন এবং সেখানেতে তিনি ভারতের মর্য্যাদা রক্ষা করেছেন স্যার পেট্রিক ডিনের ভোজ সভা বর্জন করে তিনি নৈতিক দেখিয়েছেন, সেজন্য আমাদের শিক্ষামন্ত্রীমহোদয়কে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। আজকে সমস্যা উঠেছে সাম্প্রদায়িক সমস্যা, হত্যাকাণ্ড, সকলেরই যাদের সুস্থ মস্তিস্ক আছে বিবেকবুদ্ধি আছে তারাই এটাকে নিন্দা করবেন সেটা পূর্ব পাকিস্তানেই হউক বা পশ্চিমবঙ্গেই হউক না কেন। পশ্চিমবঙ্গেতে যে সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে তারজন্য আমরা আন্তরিক দুঃখিত। এটা সিকিউলার স্টেট এখানে কোন হাঙ্গামা হওয়া অত্যন্ত দুঃখের বিষয় সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে এই হাঙ্গামা কিভাবে এসেছে তা আমাদের জানা বিশেষ দরকার।

2-40—2-50 p.m.]

অন্যান্য হাউসে যে বক্তৃতা হয়েছে —লোকসভায় আমাদের পরিষদে তাতে আমরা দেখতে পেয়েছি যে এই যে হাঙ্গামা উদ্ভূত হয়েছে এটা যশোর এবং খুলনায় প্রতিক্রিয়া হিসাবে নয়। পাক গুপ্তচর এখানে একদল আছেন যারা এই হাঙ্গামাকে ষড়যন্ত্র করে এর উৎপত্তি করেছে এবং আমারও মনে হয় যে যশোর এবং খুলনায় প্রতিক্রিয়া হিসাবে এই হাঙ্গামার উদ্ভব হয়নি। আমি জানি অনেক স্থানে প্রথম আক্রমণকারী হয়েছে সংখ্যালঘু সম্প্রদায় এবং সেইসব পূর্ব পরিকল্পিত মতলব ছিল এবং আমি কতকগুলি জায়গার দৃষ্টান্ত দিতে পারি। যেমন মতিঝিল, বিবিবাগান, ট্যাংড়া স্যুটার হাউস, ফুলবাগান এই সব জায়গাতে সংখ্যালঘু সম্প্রদায় প্রথমে সংখ্যাগুরু সম্প্রদায়কে আক্রমণ করেছে এবং আত্মরক্ষা হিসাবে হিন্দু যুবকগণ এগিয়ে গেছে এই সংগ্রামকে প্রতিহত করবার জন্য। সুতরাং হিন্দু যুবকগণকে গুণ্ডা নামে যে আখ্যাত করা হয়েছে এটা খুবই দুঃখের বিষয়। আমার মনে হয় এই হিন্দু যুবকগণ যদি অগ্রসর না হত তাহলে পর ১৯৪৬-এর মত হাঙ্গামার উদ্ভব এখানে হত। কেননা যারা এ বিষয়ে অগ্রসর হয়েছিল তারা উৎসাহিত হয়ে আরো বেশী ব্যাপকভাবে হত্যাকাণ্ড সংঘটিত করার সুবিধা পেত। মতিঝিলের ঘটনা আমি জানি, সেখানে ১০০ জন সংখ্যালঘু সম্প্রদায়ের লোককে সশস্ত্র অবস্থায় গ্রেপ্তার করা হয়েছিল, তার ফলে ঐ অঞ্চল রক্ষা হয়ে গেছে, নতুবা বিরাট হত্যাকাণ্ড অনুষ্ঠিত হত। যেমন ১৯৪৬ সালে হয়েছিল এবং খুবই দুঃখের বিষয় যে এণ্টালী থানায় সেই অফিসার ইন চার্জকে ট্রান্সফার করে দেয়া হয়েছে অন্য থানাতে। যেমন পুলিস কমিশনার শ্রী এস. এম. ঘোষকে ছুটি নিতে বাধ্য করা হয়েছে এবং তাঁর সঙ্গে সঙ্গে আরো ৫।৬ জন ভারপ্রাপ্ত কর্মচারীকে এইরকমভাবে অ্যারেস্ট করবার জন্য বদলী করে

দেয়া হয়েছে অন্য থানায় এটা খুবই দুঃখের বিষয় সন্দেহ নেই। পাকিস্তানে যে ঘটনা হয়ে গেছে তাতে আমরা স্তম্ভিত হয়েছি—ভারতবর্ষে যা হয়েছে তার তুলনায় অনেক গুণ বেশী হয়েছে। এখানে ৩।৪ শোর বেশী উভয় সম্প্রদায়ের লোক হত হয়নি কিন্তু ওখানকার যা সংবাদ পাচ্ছি তাতে আমরা স্তম্ভিত হয়ে গেছি—যে নৃশংস হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে তার সংখ্যা ২০ থেকে ৩০ হাজার এই রকম বলা হয়েছে এবং বহু নারী সেখানে ধর্ষিত হয়েছে, অপহৃত হয়েছে, বহু লোকের গৃহ, সম্পত্তি লুণ্ঠিত হয়েছে এগুলি খুবই মর্মন্তুদ ঘটনা এবং সকলেই এ বিষয়ে দুঃখিত হবেন। এর একটা প্রতিকারের উপায় চিন্তা করা একান্ত আবশ্যক এবিষয়ে কোন সন্দেহ নেই। এটাকে সকলেই কনডেম করবেন। সঙ্গে সঙ্গে আমাদের ভাবতে হবে—যাঁরা আসছেন তাঁদের জন্য খানিকটা দ্বার উন্মুক্ত করা হয়েছে, তাঁদের জন্য দণ্ডকারণ্যে বাসস্থানের ব্যবস্থা করা হয়েছে, কিন্তু যাঁরা থাকবেন তাদের সংখ্যা খুব বেশী হবে, অন্ততঃ আমার মনে হয় ৮০ লক্ষ এই রকম হবে—তাদের অবস্থা কি হবে সে বিষয়ে আমাদের চিন্তা করা বিশেষ আবশ্যক হয়ে পড়ছে। আজকে এজন্য শুধু পশ্চিমবাংলা নয়, সমস্ত ভারতবর্ষ আজ এই নৃশংস হত্যাকাণ্ডের নিন্দা করছে এবং কি উপায় গ্রহণ করতে পারা যায় সে বিষয়ে চিন্তা করছেন। আমাদের এটা সেকুলার স্টেট হলেও যাঁরা আসবেন তাঁদের রক্ষার ব্যবস্থা করা যাবে না এটার অর্থ হয় না। এর জন্য আমাদের যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এজন্য আমাদের খুব উৎসাহ উদ্দীপনা রয়েছে। সংবাদপত্রে নানারকমভাবে সমস্ত চিঠিপত্র আসছে। সম্পাদকীয় মন্তব্য লেখা হচ্ছে কিন্তু আমার মনে হয় এই যে উৎসাহ উদ্দীপনা রয়েছে কিছুকাল পরে এটা হয়ত নির্বাপিত হয়ে যাবে। আমরা জানি বাঙ্গালী খুব সেণ্টিমেণ্টাল জাত। ইমোশনাল জাত—আমরা খানিকটা নিয়ে খুব গোলমাল সৃষ্টি করি, তারপর আবার ভুলে যাই কিন্তু আমার সাজেসানস হচ্ছে এজন্য হওয়া উচিত আমাদের দেশে একটা বেসরকারী কমিটি সমস্ত দল নিয়ে যারা এই আন্দোলনকে জাগিয়ে রাখবেন।

আমাদের এখানেতে পরলোকগত শ্রদ্ধেয় নেতা ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর কথা মনে পড়ে। তিনি যখন কাশ্মীরে যাচ্ছিলেন, সেই সময়, আমাদিগকে বলে গিয়েছিলেন যে আমি কাশ্মীর থেকে ঘুরে এসে আমাদের উদ্বাস্তু সমস্যাকে গ্রহণ করবো এবং সেটা সর্বভারতীয় সমস্যা হিসাবে গ্রহণ করা হবে, যার ফলেতে তার একটা আশু মীমাংসা হতে পারে। তাঁর কাশ্মীর যাবার কারণ ছিল এই যে আমি সেখানে গিয়ে তাদের যদি সমর্থন করি, তাহলে পরে আবার বাংলা দেশে ফিরে এসে সমস্ত ভারতবর্ষতে আমার বলবার বেশী অধিকার হবে। এবং সকলেই আমার কথা মনোযোগ দিয়ে শুনবেন পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের সম্পর্কে। তিনি সেইভাবেই গিয়েছিলেন, কিন্তু দুঃখের বিষয়, তিনি আর ফিরে এলেন না, তাঁর কার্যসূচী অসমাপ্ত রয়ে গিয়েছে, যার ফলেতে আজকে এই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। আমার মনে হয় এই হত্যাকাণ্ড যে হয়েছে, এটা আমাদের সরকারের দুর্বল নীতির ফলে। সেকুলার বলে যে নীতি তাঁরা গ্রহণ করেছেন, যার কথা আমার ইয়াং ফ্রেণ্ড যতীন চক্রবর্তী মহাশয় খুব উৎসাহী বন্ধু, তিনি বলেছিলেন যে এটা পারভার্টেড সেকুলারিজম, অমৃতবাজার পত্রিকা যেটা বলেছেন যে এটা একটা ফেটিসাস সেকুলারিজম করা হয়েছে। সেকুলারিজম মানে এই নয় যে যারা হিন্দু থাকবে, তাদের সম্পর্কে কোন কথা বলা যাবে না। হিন্দু কালচার, হিন্দু ধর্ম ও সংস্কৃতি সম্বন্ধে কিছু বললে বা তাকে সমর্থন দিতে গেলে পরেতে যে সেকুলারিজম ব্যাহত হবে, তা নয়। কিন্তু আমাদের ভারত সরকারের এই সেকুলারিজম পলিসি গ্রহণ করবার ফলেতে, তারা আজ এমন দুর্বল নীতি অনুসরণ করে চলেছেন যে পাকিস্থান থেকে ইনফিলট্রেসান করে আসামে প্রায় ১০ লক্ষ লোক প্রবেশ করেছেন এবং পশ্চিমবঙ্গেও প্রায় লাখখানেক লোক অনুপ্রবেশ করেছেন এবং ত্রিপুরাতেও প্রায় ৫০।৬০ হাজার লোক অনুপ্রবেশ করেছেন। তাদের এই দুর্বল নীতির জন্য এর বিরুদ্ধে কোন ব্যবস্থা তাঁরা গ্রহণ করতে পারেন না। আমাদের যে বর্ডার বা সীমান্ত এলাকা আছে, সেখানে পাকিস্থান গভর্নমেণ্ট ক্রমাগত আক্রমণ করে আসছে নরনারী অপহরণ করে নিয়ে যাচ্ছে, পশু হরণ করে নিয়ে যাচ্ছে, অথচ তার কোন প্রতিকারের কথা আমাদের সরকার চিন্তা করতে পারেন না, এর চেয়ে দুঃখের বিষয় আর

কিছু হতে পারে না। নারী যদি ধর্ষিত হয়—তাহলেও আমাদের সরকার তার বিরুদ্ধে কিছু করবেন না, এই জন্যই যে তাতে সেকুলারিজম নষ্ট হয়ে যেতে পারে। এই রকম যে মনোবৃত্তি রয়েছে, যার ফলেতেই তাঁরা আজকে দুর্বল নীতি অনুসরণ করে এই ভয়াবহ পরিস্থিতির উদ্ভব করেছেন। যে সরকার শক্তিশালী হয়, তাকে সকলেই সম্মান ও শ্রদ্ধার চোখে দেখে থাকেন। প্রীতির চোখে দেখে থাকেন। আজ রাশিয়া ও অ্যামেরিকা পৃথিবীর মধ্যে শক্তিশালী জাতি বলেই, তাদের শান্তির বাণী বলুন, আর যাই বলুন, তা গ্রহণ করতে অন্য জাতি বাধ্য হয়। কিন্তু ভারত সরকারের এই ভ্রান্ত নীতির ফলেতে তার শান্তির বাণী প্রচার করা সত্বেও তাকে কেউ গ্রাহ্য করে না। আজকে এমন অবস্থা দাঁড়িয়েছে যে আমাদের সেই পুরাণে যা কথিত আছে—যে নারদ মুনী তার শিষ্য সাপকে ফোঁস করতে বারণ করেন নি। কিন্তু তাকে এই ফোঁস করতে না বললেও, সে ফোঁস-করতে পারে না। তেমনি পূর্ববঙ্গের সরকার যতই সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের উপর অত্যাচার, অনাচার করে যাক না কেন, আমাদের সেকুলার ভারত সরকার সেটা অবনত মস্তকে সহ্য করে যাচ্ছেন। সেইজন্য আজকে দেখা যাচ্ছে যে ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত, পূর্ব পাকিস্তানে বহু হত্যাকাণ্ড সংঘটিত হয়ে গিয়েছে, কিন্তু আমাদের সরকার তার কোন প্রতিকার করতে পারে নাই, এবং পাকিস্তান সরকার বেশ ভাল করেই জানে যে নেহরু সরকার হচ্ছে সেকুলার গভর্নমেণ্ট, কোন প্রতিকার সে করবে না। নেহেরু সরকারের এই দুর্বলতার দরুণই তারা সেখানে অবাধে অত্যাচারের ব্যবস্থা চালিয়ে যাচ্ছে। আমাদের সরকার তার বিরুদ্ধে কোনরকম প্রতিবাদ করতে সক্ষম নন। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে এই যে যতদিন পর্যন্ত আমাদের এই ধরণের কংগ্রেস সরকার থাকবে, ততদিন পর্যন্ত কোন প্রতিকার হওয়ার সম্ভাবনা নেই। বর্তমানে পশ্চিমবঙ্গে যে রকম অবস্থা দাঁড়িয়েছে, কংগ্রেসের যে রকম মনোভাব, তাতে যদি এখন নির্বাচন হয়, তাহলে আমরা নিশ্চিত জানি যে কংগ্রেস সরকার একটি ভোটও পাবেন না। কিন্তু অলটারনেটিভ গভর্নমেণ্ট এর জন্য কি ব্যবস্থা হতে পারে, সেটাও আমাদের ভাবা দরকার। কোন অলটারনেটিভ ব্যবস্থা নেই বলেই, আজকে এখানকার যারা ভোটার আছেন, তাঁরা বাধ্য হয়ে কংগ্রেসকে ভোট দেন। আজকে আমরা সেইজন্য এই ব্যাপারে একটি নির্দলীয় কমিটি গঠন করেছি, কারণ এই উদ্বাস্তু সমস্যা এক দিনে বা দু দিনে মিটবে না, এর সমাধানের প্রচেষ্টা অনেক দিন ধরে চলবে, কারণ পূর্ব পাকিস্তানে ঐ যে ৯০ লক্ষ হিন্দু রয়েছে তাদের সকলকে এখানে নিয়ে আসতে হবে। এই সম্পর্কে অনেক রকম প্রস্তাব হয়েছে, সে সমস্ত বিষয় আলোচনা করবার আমার সময় নেই। আমি চাই সেইসব প্রস্তাবের মধ্যে যেগুলো গ্রাহ্য বা করণীয় হতে পারে, সেগুলি নিয়ে, এবং একদল লোক, যারা বাস্তবিকই ব্যাটা অনুভব করেন, তাঁরা অগ্রসর হন সেই কমিটি নিয়ে এই আন্দোলনকে জাগিয়ে রাখার জন্য। এরজন্য ২০।২৫ বৎসর সময় লাগতে পারে, যত সময়ই লাগুক না কেন, এই ৯০ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায়ের লোক, যারা পূর্ব পাকিস্তানে রয়েছে, তাদের সকলকে এখানে আনবার একটা ব্যবস্থা আমাদের করতেই হবে। সেটা যে কোন ব্যবস্থার দ্বারা হোক না কেন, —এক্সচেঞ্জ অব পপুলেসান হোক বা বর্ডার পর্যন্ত দখল করে হোক, কিম্বা অন্য কোন পথে হোক, তাদের এখানে নিয়ে আসবার ব্যবস্থা আমাদের করতেই হবে। এ বিষয় আপনার কাছে এইটুকু আবেদন জানাচ্ছি।

2-50—3 p.m.]

Shri Nanda Kishore Ghose : Sir, we in this House should be grateful to the Governor for her most excellent address and I join with the mover of the resolution in his proposal to offer our humble thanks to the Governor.

Sir, in accordance with the provisions of article 176 of the Constitution the Governor has been pleased to inform the Legislature of the causes of its summons. These are, as has been stated in the address, firstly, law and order situation, secondly the rehabilitation of the new influx of the refugees from East Pakistan, thirdly the Five-Year Plan and various other important matters, and lastly, about the budget estimates and the heavy programme of legislative activities.

S—

Sir, while the Governor's address delivered last year on 18th February 19 mentioned about the summoning of the Legislature under the shadow of a gra national emergency due to the Chinese invasion of India. this year it has been p faced with a very serious situation, namely, law and order situation.

Sir, on the Governor's address one newspaper wrote, "the coming debat on t Governor's address may well be more significant than Monday's address whi remains a leasant ritual at least in West Bengal". Sir, while the debate will doubt be gnificant in that the speeches will bring forward and focuss attenti on all ent matters, I venture to remind that the Governor's address is more th a pleasant ritual, for, apart from satisfying the needs of the Constitution it ser a very useful purpose. The address has set forth, may be very briefly, all th pro lems of this probl State and mentioned the steps already taken and propos to be taken for the purpose.

Sir, it is baseless to suggest, as has been done by members of the Opposit that the Governor has failed to enthuse her Government in the proper dischar of its duties. That, Sir, as we have seen, is far from correct.

Sir, I will briefly refer to the law and order situation in the State. The Gover has rightly drawn our attention to the law and order situation. She has referr to the incidents in East Pakistan and their repercussions in parts of West Beng and how quickly the situation was brought under control in West Bengal and commun al harmony was fully restored. Our Government can take credit for this. S in such times of stress and strain when passions run high and reason slides to t background, we are apt to forget the glorious tradition of India where people of diff ent communities and religions have always lived together peacefully.

Sir, the Governor has rightly reminded the citizens that ours is a secular Sta and that we should remain true to the ideals of secularism inspite of the grave provocation. Sir, the Union Home Minister, Shri Nanda, stated in the Lok Sabh on 13th February 1964 that India would bring to the notice of the world Pakistan treatment to the minorities so that world opinion can be created. The same vie was also earlier expressed by Shri Atulya Ghosh, the Pradesh Congress Leader.

Sir, let us hope that under the weight of world opinion Pakistan will be force to give up its policy of opression of the minorities.

I will now refer to the food position. This is expected to be better this year This is a good news. Only a couple of days ago Mr. Thomas, Union Minister o State for Food, stated in the Rajya Sabha that if West Bengal needed more food from the Centre it would be favourably considered.

About the progress made in the Third Plan period, the Finance Minister's budget speech yesterday is an ample testimony of the achievements of the West Bengal Government during this period. I will now refer to relief and rehabilitation of the refugees from East Pakistan. This has now been accepted as an all India responsi bility. As you know, Chief Minister, from some of the States have offered to provide lands and settle large number of refugees in their respective States. There is news already in the newspapers that other States will be forthcoming to help in this matter. The Union Home Minister in a detailed statement in the Lok Sabha on 11th Februar 1964 mentioned this conclusions reached at the Ministers conference for the reha bi litation of the refugees. Mr. Khanna stated on 13th February 1964 in the Rajy Sabha that Dandakaranya would be developed on an emergency basis to ensure that least inconvenience was caused to the refugees. These are hopeful news While there is universal agreement that steps should be taken to allay the suffering of t refugees on arrival at Petrapole or Gede in West Bengal, after hearing the

statement made by the Relief Minister in this House yesterday, I am convinced that there was no justification for the remarks made by the members of the Opposition about the Relief Minister that nothing was done.

The Governor's Address, although brief, contains a fair catalogue of the Government's programme for the betterment of West Bengal. It can become a programme of useful action if only it is raised to the dignified plan of constructive criticism and all round co-operation is offered to the Government for the furtherance of the programme. The Address gives the picture of our welfare State inspite of many difficulties and setbacks marching steadily along its path of progress to reach our goal of democracy and socialist order.

Shri G. A. Dossani : Mr. Chairman, Sir, I rise to support the motion moved for giving thanks to the Governor for her excellent speech. I am surprised that Opposition speakers have asked for the removal of the Governor. Our Governor is full of humanly feeling, she is full of kindness. I will give you one instance. During the riots she visited several hospitals and saw the patients here in Calcutta—persons of both communities—and expressed her sympathy for them. I am the President of Islamia Hospital which admits patients without distinction of caste, creed and religion, and some patients who were there, appreciated very much the Governor's going in and meeting them and their illness was greatly relieved.

Our Governor is the daughter of Shrimati Sarojini Naidu who fought for the liberation of this country, who tried—and with success—bringing about international goodwill amongst different communities. Our Governor is proud of being the head of a State which gave birth to illustrious stalwarts and broad-minded peopole like Rabindranath Tagore, Surendranath Banerjee, Jagadish Chandra Bose and Nilratan Sarkar. They were the pride, not only of India, but of the whole world. I was born in Bombay but I have come to this State 48 years ago and I am proud to settle down in this State which has produced such stalwarts and broad-minded people.

There is a tendency amongst certain elements of both the countries to exaggerate anything that happened in the other country and to minimize happenings in their country. But the truth will surely come out.

[3—3-35 p.m. including adjournment]

There are international observers and also some fair-minded people in both the countries. I congratulate the Chief Minister and the Governor who toured the areas of minority communities and had taken immediate steps to bring army and to rehabilitate the displaced persons. I also congratulate the Hindus of West Bengal who gave shelter and protection to the minority community. I also congratulate the Muslims of East Pakistan who at the risk of their own lives rescued some of the minority people there. I feel that the Opposition should be broad-minded like the leaders I have mentioned and hope that they will join with us in passing a Vote of Thanks to the Governor for her excellent Address.

With these words, I support the motion.

Mr. Chairman : The House stands adjourned for tea for half-an-hour

(At this stage the House was adjourned for 30 minutes)

(After adjournment)

[3-35—3-45 pm.]

Shri Dwijendralal Sen Gupta : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz :

"But regret that—

(a) the same does not assure anything to the minorities of East Pakistan, victims of communal frenzy;

(b) the same does not suggest any means to stop massacre of the innocent in future;

(c) the same does not throw any light as to how the inflationary tendencies will be checked;

(d) the same makes no mention of the miseries and exploitation of the working class of this State ·

(e) the same promises nothing to the unemployed youngmen of the State;

(f) the same does not make any reference to the sad and untimely death of Shri Bhudeb Sen, an innocent student, as a result of police firing."

মিঃ চেয়ারম্যান স্যার, আমার একটা সংশোধনী আছে। সেই সংশোধনীটা উত্থাপন করে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর আমি কয়েকটি কথা বলবো। প্রথমেই প্রথম পাতায় তিনি একটি অপত্তিজনক ভাষা ব্যবহার করেছেন, ন্যায়ের খাতিরে কি, সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন

While both Hindus and Muslims throughout the country deplored the sacrilege the incident was deliberately deserted in Pakistan and the Press there carried on a virulent anti-Indian campaign continuously inflaming communal passions.

তাঁর বলা উচিত ছিল এ সেকশান অব দি প্রেস পাকিস্থানে বহু প্রেস এই দাঙ্গার বিরুদ্ধে জনসাধারণকে রক্ষা করবার জন্য অনেক ভাল ভাল কথা বলেছেন। সুতরাং এই জাতীয় পরিস্কার স্যুইপিং একটা এলিগেসান—পাকিস্থান এণ্ড দি প্রেস পাকিস্থান বলার আগে পাকিস্থান গভর্ণমেন্ট যদি বলতেন তাহলে আমার কিছু বলবার ছিল না। পাকিস্থান বলতে মাটি নয়। পাকিস্থানের জনসাধারণকেও এমনি করে বলা উচিত হয়নি। আজ ৯০ লক্ষ হিন্দু, মায়নরিটি শব্দ ব্যবহার না করে, হিন্দুই বলবো, যারা পূর্ব পাকিস্থানে আছেন, তাদের রক্ষা কর্ত্তা আমরা নই। পুরাপুরি ভাবে মাইগ্রেসন রুলস রিলাক্স হলেও সেখানকার ৯০ লক্ষ হিন্দু কোনদিন এখানে আসবে না বা আসতে পারবে না। কারণ তারা জানে, অতীতে যারা এখানে এসেছে—তারা চেস্টিটি রক্ষার জন্য এসেছিল, তারা অভাবের তাড়নায় এসেছিল, তারা ভিখারীর মত জীবন যাপন করেছে—চেস্টিটি বিক্রয় করে, তবুও তারা নিজেদের রক্ষা করতে পারেনি। সুতরাং আমাদের সরকারকে পুরাপুরি যারা জানে যদি আমরাও জেনে থাকি তাহলে তাদের আসবার জন্য বলতে পারি না। সুতরাং এই ৯০ লক্ষ লোকের মধ্যে ২০ লক্ষ বা ৩০ লক্ষ যারা আসবে এমন কি ৯০ লক্ষ যদি তারা আসে তাদের জন্য পথ পরিস্কার করে দিতে হবে—একথা যেমন সত্যি তেমনি যারা আসবে না পাকিস্তানে যারা আছে, সেই জনসাধারণ যারা উদার চিন্তা করে, অসাম্প্রদায়িক মনোভাব নিয়ে বাঙ্গালী বাঙ্গালীকে বাঁচাবে মানুষ মানুষকে বাঁচাবে—এই মনোভাব নিয়ে যারা আজকেও পাকিস্তানে আছেন তাদের উপরে নির্ভর করতে হবে। পাকিস্তানের সদ্‌বুদ্ধিসম্পন্ন যে প্রেস তার উপরে নির্ভর করতে হবে। এবং এ যদি আমরা না করি—এ না করে পাকিস্তান প্রেস পাকিস্তান এবং পাকিস্তান প্রেস স্যুইপিং যদি আমরা মন্তব্য করি যে তাদের উস্কানির ফলে হয়েছে তাহলে অন্যায় করা হবে। এবং ভবিষ্যতে সেখানে যারা হিন্দুরা রয়েছেন তাদের ক্ষতি করা হবে। এবং মাননীয় রাজ্যপালিকা তাই করেছেন। দ্বিতীয় আমার বক্তব্য হচ্ছে যারা আজকে বলছে—আমার পূর্ব পাকিস্তানে জন্মভূমি—আমার বাড়ী ছিল ফরিদপুর জেলার মাদারীপুর থানার একটা গ্রাম বল্লভপুর—সেখানে শতকরা ৯৯ জন মুসলমান, শতকরা ১ জন ছিল হিন্দু। আমি সেই পরিবেশে বড় হয়েছি। আমরা হিন্দু আর মুসলমানকে দুটি সম্প্রদায় বলে জানতাম, আমরা পরস্পরের ধর্ম উৎসবে একসাথে আনন্দ উপভোগ করেছি কিন্তু ইংরাজ ভারতবর্ষ ছেড়ে দেবার আগে সেই ইংরাজদের চক্রান্ত অনুযায়ী

যে সাম্প্রদায়িক বিষ ছড়িয়ে গেছে মুসলিম লীগের নেতা এবং মুসলিম লীগের তখন যারা পাণ্ডা ছিলেন, আজকে যারা কংগ্রেসের দিকে তারা সেই ইংরেজের চক্রান্তকে ধরতে না পেরে এই বিষের ব্যবস্থা আরম্ভ করেছিলেন তারা আজকে নিজেরা সেখানে পুড়ে মরছেন এবং জনসাধারণকে পুড়িয়ে মারছে। আমি আজকেও যে অঞ্চলে আছি সে অঞ্চলটী হল এন্টালী অঞ্চল—সেটা দাঙ্গা বিধ্বস্ত সেখানে আমি দেখেছি যে গুণ্ডারা দাঙ্গা করেনি, যারা ধারণা করে থাকেন যে কলকাতার দাঙ্গা গুণ্ডারা করেছে তারা খুব ভুল করেছে। দাঙ্গার সুযোগ নিয়েছে গুণ্ডারা। আমি এই কথা বলতে বাধ্য যে কলকাতায় যে দাঙ্গা হয়েছে সেটা কাশ্মীর থেকে আরম্ভ করে খুলনায় গিয়ে পরে কলকাতায় প্রকাশ পেয়েছে। কাশ্মীরের হজরতবাল মসজিদে মহম্মদের পবিত্র কেশ অপহরণের ব্যাপারে আজকে লালবাহাদুর শাস্ত্রী বলছেন যে ওটা পাকিস্থানী চরেদের কাজ—তিনজন মুসলমান অভিযুক্ত হয়েছে —এ কথা যদি তারা আগে ঘোষণা করতেন তাহলে খুলনায় দাঙ্গা হত না। সুতরাং ভারত সরকার তাদের দায়িত্ব তারা অস্বীকার করতে পারবেন না। এবং সেই ভারত সরকারের এই নপংসুক যে মানসিকতা, যে দুর্বল মানসিকতা—যার জন্য তারা মনে করেন যে এই বুঝি মুসলমান চটে গেল—আর বুঝি ভবিষ্যতে মুসলমানদের ভোট পাওয়া গেল না। আর বুঝি রাজত্ব রাখা গেল না। এই যে মনোভাব থেকে ঢাক ঢাক গুজো গুজো ভাব আজ তারই সুযোগ নিয়ে যে খুলনায় কেন্দ্রীয় মন্ত্রী সাবুদ তার গ্রামে প্রথমে হিন্দু নিধন যজ্ঞ আরম্ভ করেন। স্যার, আপনি জানেন খুলনার অপর পারে ২৪-পরগণা অপর পারে তার প্রতিক্রিয়া দেখা দেবে সেজন্য তারা বর্ডার ডিসট্রকটকে খুঁজে নিয়েছে। এবং তারই প্রতিক্রিয়া হিসাবে পশ্চিম বাংলার রাজধানী কলকাতাতে মুসলমান সেই গুপ্তচর চক্র যারা দাঙ্গা করতে চায় সিকিউরিটি কাউন্সিল-এ কাশ্মীর প্রস্তাব উঠবার মুখে তারা প্রথমে এখানে আক্রমণ সুরু করে। এবং আমি বলতে পারি হিন্দু যুবকরা যারা শিক্ষিত লোক ভদ্রলোক তারা আত্মরক্ষার জন্য এগিয়ে গিয়ে সেই দাঙ্গাকে প্রতিহত করেছে। অন্ততঃ আমার এলাকার এই হচ্ছে চিত্র। ৪৬ সালে ৪৭ সালে যারা দাঙ্গা করেছে এই সালাউদ্দীনের নেতৃত্বে সুরাবর্দ্দীর আমলে তারা দাঙ্গা সুরু করেছিল আমার এন্টালীতে, আজকে তারাই দাঙ্গা সুরু করেছে। এবং আমারই প্রতিবেশী যে সব হিন্দুরা তারা ভদ্রলোক, দাঙ্গা বাজ তারা নয়, তারা গুণ্ডা নয়, তারা আত্মরক্ষার জন্য তারা এগিয়ে গিয়েছিল। একথা আজকে জানি যে গভর্ণর মহোদয়া তিনি তাঁর ভাষণে বলেছেন

this led to widespread attacks on the Hindus in Khulna and Jessore in East Pakistan resulting in heavy loss to life and property. When the shocking news of the atrocities began to reach here and the refugees fleeing from the affected areas started arriving in our State.....

[3-45—3-55 p.m.]

তিনি বলছেন সকিং নিউজ আমার পর দাঙ্গা হয়েছে। সুতরাং সেখানেও তিনি ভুল করেছেন, সকিং নিউজ আমার জন্য মানুষ ব্যথিত হয়েছে, দাঙ্গা সেখানে সুরু হয়নি। অতএব তাঁকে যাঁরা য়্যাডভাইস করেছেন এই বিবরণী লেখাবার জন্য তাঁরা তাকে ভুল পথে পরিচালিত করেছেন এবং তিনি প্রচ্ছন্নভাবে স্বীকার করছেন যে হিন্দুরা এখানে দাঙ্গা করতে চেষ্টা করছে সেটা মুশ্লীম প্রেস, পাকিস্তানী সরকারী প্রেস, বলবার চেষ্টা করছি আমি পাকিস্থানের সরকারী প্রেস দাঙ্গাবাজ প্রেসকে মিন করছি। যদি আমার সমস্ত অবস্থাকে পরিস্কার করবার বুঝবার চেষ্টা করি তাহলে দেখা যাবে যে যাদেব আজকে গ্রেপ্তার করে রাখা হয়েছে, যে ১৫ হাজার লোককে পশ্চিমবাংলায় গ্রেপ্তার করা হয়েছে, তাদের মধ্যে গুণ্ডা নেই, তাদের মধ্যে দেখা যাবে যে মায়ের একমাত্র ছেলে, সে জীবিকানির্বাহ করে মাকে খাওয়াতো, সে বন্দী হয়ে রয়েছে। অপরাধ কি সে ফ্রণ্ট লাইনে গিয়ে হয়ত আত্মত্যাগ করে এই জাতীয় দাঙ্গাকে রোধ করতে গিয়েছেন। হয়ত ডিফেন্সিভ রোল ছিল কিন্তু অ্যাগ্রেসিভ পলিসি ছিল না। সুতরাং এই পলিসি বুঝতে গেলে একটু চিন্তা করতে হয় কিসের থেকে আমি একথা বলছি, কেন একথা বলছি। আমি কিছু তথ্য উথাপন করতে পারি একের পর এক তারিখ অনুযায়ী কোন তারিখে কি ঘটনা ঘটেছে। আমাদের শ্রদ্ধেয় মনোরঞ্জনবাবু কিছুক্ষণ আগে বলেছেন এবং তা থেকে আপনি দেখেছেন কোলকাতায় দাঙ্গা ১০।১১।১২ই তারিখ হয়েছে ৯ই তারিখে মতিঝিল একটা মুসলমান বস্তী থেকে পার্শ্বস্থ হিন্দু বস্তীতে বোমা ফেলা হয়েছে এবং এণ্টালী থানায় দারোগা সার্চ করে সেখানে বোমা উদ্ধার করেছে এবং আপনি শুনেছেন এণ্টালীর পুলিস অফিসারকে সেখান থেকে ট্রান্সফার করে দেয়া হয়েছে। আপনি

কালকের কাগজে দেখে থাকবেন আপনার কাছে একটা ছোট জিনিস আমি পড়ে শোনাচ্ছি জ্যোতিলাল বন্দ্যোপাধ্যায়, কোলকাতায় গার্ডেনরিচ বিধানগড়ের লিখছেন যে ১০ই জানুয়ারী ১৯৬৩ তারিখে ৪।। ঘটিকায় ঐ দিন ৪।৫ শো মুসলমান জনতা বিধানগড় এলাকায় ৩টি হিন্দু বাড়ী শুধু লুট করে নাই, শুধু সব কিছু অগ্নিদগ্ধ করে নাই, জঘন্যভাবে সকলকে মারধোর করিয়াছে। দুবৃত্তরা আমার দ্বারোয়ানের গর্ভবতী স্ত্রীকে লাথি মারিয়া ফেলিয়া দেয় এবং গত ৮ই ফেব্রুয়ারী বহু কষ্টভোগের ফলে সে মারা যায়। ঘরে আগুন লাগাইবার ফলে আমার দুটি পোষা কুকুরও মারা গিয়াছে। দুর্বৃত্তদলে আমার পরিচিত কয়েকজন মুসলমান প্রতিবেশীও ছিল। এ ছাড়া দুর্বৃত্তদের কণ্ঠে ঐ দিন পাকিস্তান জিন্দাবাদ এই শ্লোগান মুহুর্মুহুঃ ধ্বনিত হইতে শোনা যায়। এণ্টালীতে আমার বাড়ীর ৩টা গলি বাদ দিলে পর একধারে মুসলমান পল্লী আরম্ভ হয়ে, পার্ক সার্কাস পর্য্যন্ত চলে গেছে, মাঝখানে কয়েকঘর বেনিয়াপুকুরে হিন্দু আছে। আমি নিজের অভিজ্ঞতা থেকে একথা বলতে পারি যে ওয়ার ক্রাই ছিল পাকিস্তান জিন্দাবাদ, আল্লা হো আকবর আর একদিকে ছিল বন্দেমাতরম, জয়হিন্দ-যেন দুটো পরস্পর রাষ্ট্র মুখোমুখি লড়াই করছে, একদল বলছে পাকিস্তান জিন্দাবাদ, আর একদল বলছে জয়হিন্দ। এই যদি ভারতবর্ষে চিত্র হয়ে থাকে, বাংলাদেশের চিত্র হয়ে থাকে তাহলে কোথায় আমরা যাচ্ছি একথা আমাদের খুঁজে বের করতে হবে এবং এর ফলে কি দাঁড়াচ্ছে? সাধারণ মানুষ সমস্ত মুসলমানকে অপরাধী করছে, যেমন মুসলমান মানেই পাকিস্তানী, মুসলমান মানেই যেন বিজাতীয়। এ ব্যাপারে আমরা যদি সতর্ক হতে চাই আসুন, হিন্দু মুসলমান যাঁরা নেতা আছেন তাঁরা সকলে মিলে যে যে পাকিস্তানী গুপ্তচর আছে তাদের গ্রেপ্তার করিয়ে দিন এবং সরকারকে যদি মাইনেরিটিদের রক্ষা করতে হয় তাহলে তাকে সক্রিয় হতে হবে পাকিস্তানী গুপ্তচরদের ধরবার জন্য। যদি তা না করেন তাহলে তারাই সবচেয়ে বেশী মাইনরিটির ক্ষতি করবেন, কারণ সাধারণ মানুষের কাছে মুসলমান আর পাকিস্তানী গুপ্তচর এটা সম অর্থ হয়ে দাঁড়িয়েছে। আমি জানি হিন্দুদের মধ্যেও বহু গুপ্তচর আছে যারা দেশের স্বাধীনতাকে যে কোন মূল্যে বিক্রী করে দিতে পারে। সুতরাং যদি হিন্দু বিক্রী করতে পারে, মুসলমানও বিক্রী করতে পারে আমাদের চোখে দুজনেই সমানভাবে দোষী। আমি এ সম্পর্কে একটা কথা বলবো এই অপরাধে যে অপরাধী সেইই কনডেমড হিন্দু হোক বা মুসলমান হোক। মুসলমান বলে একভাবে প্রশ্রয় দেয়া হবে, আর হিন্দু হলে আর একভাবে প্রশ্রয় দেয়া হবে, পলিটিক্যাল কন্সিডারেসনে প্রশ্রয় দেয়া হবে এটা কোন কাজের কথা নয়। আপনি যদি একটু তলিয়ে দেখেন তাহলে দেখবেন যে এণ্টালী মহল্লায় ইসমাইল ষ্ট্রীট নামে একটা জায়গা আছে, সেখানে একটা মসজিদ আছে ২১ নং ইসমাইল ষ্ট্রীট, সেই মাতোয়ারার নাম হচ্ছে করিম, সেই করিম দাঙ্গা লাগায় ৪ দিন আগে উধাও হয়। নিশ্চয়ই সে জানতো যে দাঙ্গা বাধছে এবং ইসমাইল ষ্ট্রীটটা যদিও মুসলমানের নামে তবুও সেখানে ঐ মসজিদ আর দুটো বাড়ীতে মুসলমান ছাড়া সবই হিন্দু, তারপর ফুলবাগান আরম্ভ হয়ে গেছে, মাঝখানে তাঁতীবাগান, ষ্ট্রীট, তাঁতী বাগানে ১৮টি হিন্দু পরিবার ছিল, সেখানকার সমস্ত লোক ১০ই তারিখে সেখান থেকে বাড়ীঘরদোড় ছেড়ে যে অবস্থায় ছিল এক বস্ত্রে পালিয়ে যায়, তাদের আজও পর্যন্ত কোন রিহ্যাবিলিটেসনের ব্যবস্থা হয়নি। এগুলি হয়েছে, তার ফল কি দাঁড়াচ্ছে, ফল দাঁড়াচ্ছে সাধারণ মানুষ সমস্ত মুসলমানকে মনে করছে এরা বিজাতীয়, এরা আমাদের শত্রু।

এই জায়গা থেকে উদ্ধার করতে গেলে পরে সাধারণ মুসলমান ও হিন্দু, পরস্পরকে আরও নিকটে আনতে হবে। এই নিকটে আনবার জন্য মুসলমানদের জন্য ভিন্ন বাড়ী, পাকা বাড়ী, বস্তি বাড়ী, আর হিন্দুদের জন্য অন্য জায়গায় বাড়ী করলে হবে না। ত্রিপুরারিবাবু যা বলেছেন তার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। যেখানে যেখানে মুসলমান বস্তি আছে, সেখানে মুসলমান বস্তি ভেঙ্গে দিয়া পাকা বাড়ী করে দিন এবং সেখানে হিন্দু এবং মুসলমান একই ঘরে, কিম্বা পাশাপাশি ঘরে থাকার ব্যবস্থা করুন। তাতে উভয় সম্প্রদায়ের মধ্যে রিলেসানসিপ ডেভেলপ করবে। আজকে দেখা যাচ্ছে—বহু

মুসলমান বস্তির মধ্যে অস্ত্রশস্ত্র, বোমা পাওয়া যাচ্ছে। তারা মনে করে এগুল এখানে রাখা নিরাপদ, এখানে কেউ আমাদের নামে রিপোর্ট করবে না। এই কারণেই তারা এইসব রাখতে পারে। কিন্তু যদি তারা মনে করতো যে পাশেই একটি হিন্দু আছে, সে বলে দিতে পারে, তাহলে এইগুল রাখার জায়গাগুলি বন্ধ হত। তারা আর সেখানে রাখতে পারতো না। আর দ্বিতীয়তঃ—হচ্ছে আপনারা দেখুন, যে ধারণার বশবর্ত্তী হয়ে সমস্ত লোক বক্তৃতা করছেন যে সমস্ত মুসলমানকে এখান থেকে সরিয়ে দিয়ে তাদের স্থানে হিন্দুদের আনা হোক। আমি কোন কোন প্রেস ও কোন কোন সেকসন-এর কথা বলছি। সকলে বলছেন তা নয়। এই হাউসে কেউ বলেন নি এবং ও হাউসেরও কেউ বলেন নি। যাঁরা বলেন লোক বিনিময়ের কথা অর্থাৎ পাঁচ কোটি মুসলমানকে এখান থেকে সরিয়ে দিয়ে, সেখানে পূর্ব পাকিস্তান থেকে এক কোটি হিন্দুকে নিয়ে এসে রাখা। এ যদি করা হয়, তাহলে তার পরের দিনই এর পরিনাম হবে, বাংলা এবং আসাম সম্পর্কে ঐ জমির দাবীতে, পাকিস্তানের দাবী এসে দাঁড়াবে। সুতরাং প্রথমতঃ, আইনের দিক দিয়ে সে অধিকার আমাদের নেই। দ্বিতীয়তঃ হচ্ছে এ কথা কাজের হবে না। কাজের কথা এও হবে না যে একটা মিলিটারী অপারেশন করে পাকিস্তানকে কাবু করে দেওয়া হোক। কারণ, তখন চীনের আক্রমণ হল, একদিনে ভারতবর্ষের দুর্বলতা ধরা পড়ে গেলো যে তার কোন মিলিটারী প্রিপারেশান নেই। ইংরাজ, আমেরিকার সাহায্য নিয়ে চীনকে রুখতে হল। আজ সেই ইংরাজ ও আমেরিকা কোথায় আছে? তারা আছে পাকিস্তানের সাথে। সম্প্রতি পাকিস্তান ও চীনের যে প্যাক্ট হয়েছে, এটাও ইংরাজ ও আমেরিকার সাহয্যে হয়েছে। সুতরাং একথা বলছেন—এ সম্বন্ধে কেউ কেউ বক্তৃতা করেছেন, আমি সেই প্রসঙ্গে বলছি যদি মিলিটারী অপারেশন একদিনও হয় তা রিপালস করবার জন্য পাকিস্তানের দরকার হবে না। ঐ এ্যাংলো-আমেরিকান ওরাই করবে। সুতরাং আমাদের পথ কি? প্রথমতঃ হচ্ছে—পাকিস্তান এর সমস্ত হিন্দুকে ফিরিয়ে আনবার জন্য আমাদের চেষ্টা করতে হবে, এবং তার সাথে সাথে জায়গা দেবার জন্য পাকিস্তানের কাছে আমাদের দাবী করতে হবে। কিন্তু জায়গা দেবার জন্য আমরা পাকিস্তানের কাছে দাবী তখনই করতে পারি যদি আমাদের এখানে সেকুলারিজম রক্ষা করে বলতে পারি যে প্রত্যেকটি মুসলমান এখানে থাকবে, এটা তাদেরও দেশ, এবং তারা

behave as Indians, a so long as they behave andso Indians,

এটা আমার মাতৃভূমি, দরও মাতৃভূমি। এখানে হিন্দু, মুসলমান উভয়ের এক মাতৃভূমি। কিন্তু এখানে যে পাক-চক্র আছে, দর জন্য এ দেশ নয়। এখানে যে সকল নিরীহ মুসলমান আছে, তাদের রক্ষা করতে হবে। পাকিস্তানে একটা নিরীহ হিন্দু মরেছে বলে, তার বদলে এখানে আর একটি নিরীহ মুসলমানকে মারা, —এ কোন রাজনীতি নয়। একটি নিরীহ লোক যখন মরে, তখন সকল মানুষের ক্রন্দন সেখানে স্পর্শ করে যে একটি নিরীহ লোককে আমরা মারছি। তেমনি যদি এখানে একটি নিরীহ লোক মরে, তাহলে, তাদের যাদের হৃদয় বলে বস্তু আছে, সেখানে এটা স্পর্শ করা উচিত। এখানে একটিও নিরীহ লোককে মারতে দেওয়া হবে না। এবং এই রকম জাতীয় অনেক কাজ আমাদের এখানে হয়েছে। বহু লোককে আমরা এমনি করে রক্ষা করেছি এবং ভবিষ্যতেও করবো। সুতরাং যে প্রশ্ন আজকে আপনার সামনে বড় করে ধরেছি সেটা হচ্ছে পাকিস্তানের চক্র এখানে আছে। সেই পাকিস্তানের চক্র প্রত্যেক দিন সক্রিয়ভাবে থেকে আমাদের এখানে শান্তিপূর্ণ জীবনযাত্রাকে ব্যাহত করছে। সেই চক্রকে যদি ভাঙ্গতে না পারি তাহলে আমাদের বাঁচবার কোন উপায় নেই। গার্ডেনরিচের মত জায়গা, যেখানে পূর্বে কিছু অল্প সংখ্যক মুসলমান ও হিন্দু ছিল, আজকে সেটা মুসলমান অধিষ্ঠিত জায়গা বলে পরিগণিত হয়েছে। সেখানকার দু-একটা ঘটনার কথা উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করবো।

তার একটি হচ্ছে, আপনাকে জানাচ্ছি সেটি ১৩ই তারিখের ঘটনা। খিদিরপুরে ১৭ নম্বর সার্কুলার গার্ডেনরচ রোডে, ওয়াটাগঞ্জ থানার অধীনে বলাই সাহা আর কানাই সাহার বাড়ীতেসেখানকার মুসলমানরা সঙ্ঘবদ্ধভাবে এবাউট এ থাউজেণ্ড আক্রমণ করে, এবং তারা লুঠ করে ঐ দোতল

বিল্ডিংএ আগুন ধরিয়ে দেয়। এবং তারই উল্টা দিকের বাড়ী ১২১ নম্বর সারকুলার গার্ডেনরি রোডে সন্তু হাজরার বাড়ী তারা লুঠ করে, আগুন দিয়ে যখন আরও ধ্বংসলীলা করতে যাচ্ছিল, সেই সময় আর্মড পুলিসের এ্যাসিস্টেণ্ট কমিশনার মিঃ রিগাল সেখানে এসে পড়েন, এবং সেখানে পৌঁছে তাদের নিবৃত্ত করেন।

[3-55--4-5 p.m.]

আরেকটি ঘটনা দেখুন তিলজলায় সাতগাছী সেকেণ্ড লেন, সেখানে মুসলমানের বস্তী, তার পাশে একটা হিন্দুর বস্তী, সেই হিন্দুর বস্তীতে মুসলমানরা যখন আগুন লাগায়, আগুন লাগাবার পরে নগেন সাহা, হরিদাসী সাহা তাদের ঘর লুঠ হয় এই ফটো বহু কাগজে বেরিয়েছে। বিশেষ করে আনন্দবাজার যুগান্তরে বেরিয়েছে। এবং আপনারা সকলেই দেখেছেন—কিন্তু আমি বলতে চাই সেখানে দিলীপ মুখার্জী নামে একটা অফিসার আডেবর কোম্পানীর সেই আগুন থামাতে যায়—তাকে টেনে নিয়ে গিয়ে হত্যা করা হয়েছে—দুই দিন পরে তার ডেড বডি পাওয়া যায়। উইথ স্ট্যাব ইনজুরী তাকে সেখানে পুকুরের মধ্যে রেখে দেওয়া হয়েছিল। স্যার, আমি দেখছি যে যারা মনে করছেন এখানে দাঙ্গা কি করে হল—তার সূত্রগুলি দেখানোর জন্য আমি বলছি ১০ই জানুয়ারী নিউ মার্কেট থেকে প্রায় ১ হাজার লোক জানবাজারকে আক্রমণ করবার জন্য এগিয়ে আসে। পুরাণো যে হিন্দুস্থান ইনসিওরেন্স বিল্ডিং সেই বিল্ডিং আজ কাল কুইনাইনের ডিপো হয়েছে সেখানে আর্মস গার্ড থাকে সেই আর্মস গার্ডদের রিপিউটস করে—তারা বন্দুক ছোঁড়ে। স্যার আমারই অঞ্চলে আরও কয়েকটি ঘটনা আপনাকে বলছি, কার্তিক দাস এক নম্বর গোপ লেনে তার বাড়ীর মধ্যে ঢুকে এ, এস, আই, সেই কার্তিক দাসকে মুসলমানরা গুলি করে তাকে ইনজিউর করে। স্যার, এই জিনিষগুলি যাদের আমরা মাইনরিটি বলতে বুঝি, অসহায় ——এটা কি অসহায়ের লক্ষণ? আমি বলছি যদি এটা সত্যি সত্যি মাইনরিটিরা করত তাহলে এটা হত না। স্যার, এটা করছে ইঞ্জিনিয়ার্ড ফার্ম আউট সাইড—বাইরে থেকে ইঞ্জিনিয়ার্ড করে তারা দাঙ্গা করেছে। এবং এই দাঙ্গার পিছনে যাঁরা আছেন সে হচ্ছে পাকিস্তান সরকার। যারা কাশ্মীরের হজরতবালের সেই পবিত্র কেশ চুরি করেছিল বা করিয়েছিল তারাই দাঙ্গা বাধিয়েছিল। এই যে চক্র তা বুঝতে হবে—এবং তা বুঝে নিয়ে যদি পলিটিক্যালি পুসিড করেন তাহলে হিন্দুরা বাঁচবে তাছাড়া আর কিছুতেই বাঁচবে না।

Shri Bijoy Behari Basu : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that—

(1) there is no mention of the Government's plan and policy already adopted and to be adopted for easy arrival in West Bengal of the unfortunate Hindus in East Pakistan who want to come to India;

(2) there is no picture of what the Government have already done and propose to do in many vital matters such as female education, admission of pupils in all seats of learning from the Secondary to the University stages, unemployment and housing problems."

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে মাননীয়া রাজ্যপালিকার ভাষণের উপর বক্তৃতা দিতে গিয়ে প্রথমে আমার মনে হয় যে পশ্চিমবঙ্গের সমস্ত জনসাধারণের বিশেষতঃ হিন্দুদের মনে যে বেদনা যে ব্যথা যে আন্দোলন উপস্থিত হয়েছে তার উপশম ভাষণ থেকে কিছুই পাওয়া যায় না। অথচ সকলেই আশা করেছিল যে রাজ্যশাষণের এই যে চিত্র এই চিত্র থেকে দুর্দ্দশাগ্রস্ত আমাদের ভাইবোন যারা পূর্ববঙ্গে বাস করছে তাদের একটা উপায় করা যাবে। কিন্তু আমরা দেখছি প্রথমেই যে রাজ্যপালিকা এই ল' এবং শৃঙ্খলার ব্যাপারে যে ঘটনা বিবৃতি তা সম্পূর্ণ ওয়ান সাইডেড এটা দোষ দেওয়া হয়েছে সম্পূর্ণ এক দিকে হিন্দুদের। কিন্তু আমার পূর্ববর্তী বক্তা মাননীয় দ্বিজেনবাবু যা বললেন বা আরও যা আমরা খবর জানি সেগুলির বিস্তারিত বিবরণের কোন প্রয়োজন নেই তা থেকে এটাই আমাদের একমাত্র মনে হয় যে এটা খুলনার রিপারকাসান নয়, এটা একটা ব্যাপক ষড়যন্ত্র হয়েছিল—সেই ষড়যন্ত্র খুলনাতে যদি নাও হত তাহলেও আমাদের কলকাতার বা পশ্চিমবঙ্গের যে সমস্ত স্থানে দাঙ্গা হয়েছে

সেই দাঙ্গা হতই। এর প্রমাণ আমাদের সংবাদপত্রে বেড়িয়েছে—যে এই দাঙ্গার কয়েকদিন পূর্বে কয়েকটি মুসলমান ব্যবসায়ী তারা তাদের দোকান এবং দোকানের জিনিষপত্র ফায়ার ইনসিওরেন্স করে নিয়েছেন। কেন করেন—এ বিষয়ে সরকার তদন্ত করবেন বলেছিলেন তদন্ত করে কি রিপোর্ট পেয়েছেন আশাকরি তা এখানে জানাবেন। তারপর যে মুসলমানদের বাড়ী থেকে এবং কয়েকটা স্থান থেকে যে আনলাইসেণ্ড অস্ত্র বেরিয়েছে তার বিস্তারিত বিবরণ আমরা চাই। যে সমস্ত বাড়ী পুড়েছে, যে সমস্ত লোক নিহত হয়েছে তাদের প্রতি যদি আমরা সুবিচারমূলক দৃষ্টি দিই তাহলে এটা আমরা বুঝবো এটা সম্পূর্ণ হিন্দুদের দোষ নয়। হিন্দুরা খুলনায় নিহত হয়েছে—এখানেও তারা অত্যাচারিত নির্য্যাতিত হবে। এটাই কি পশ্চিমবঙ্গ সরকার আমাদের কাছ থেকে আশা করেন? মানুষের আত্মরক্ষার একটা অধিকার আছে সে আত্মরক্ষার জন্য যেটুকু করা দরকার তা হয়েছে। এই দাঙ্গা পূর্বপাকিস্তানের বিভিন্ন জেলায় এবং আমাদের পশ্চিমবঙ্গের কোলকাতা এবং সহরতলী এবং অন্যান্য স্থানে যা যা হয়েছে আমরা সংবাদপত্রে বা সেখান থেকে যারা আসছেন তাদের মুখ থেকে সে সম্বন্ধে অনেক কিছু আমরা পাই। এখানে আমরা স্বচক্ষে দেখেছি। এই দাঙ্গা বিস্তারিত বিবরণ বলে আমি তিক্ততা সৃষ্টি করতে চাইনা। আমাদের যে সংহতি সেই সংহতি রক্ষা করবার জন্য আমাদের ভারতের যে রাষ্ট্র সেই রাষ্ট্রের যে নীতি সেই নীতির জন্য সংহতি রক্ষা করবার জন্য আমরা সব ভুলে যেতে রাজী আছি কিন্তু তার পূর্বে আমরা চাই যে আমাদের পূর্ববঙ্গের অধিবাসী ভাইবোন যারা আছে তারা সসম্মানে যেন সেখানে থাকতে পারে এবং যারা আসতে চায় তাদের আসতে হবে এবং সেই আসবার জন্য কতকগুলি পথ আমাদের করতে হবে—মাইগ্রেসন একবারে উঠিয়ে দিতে হবে, এলেই দণ্ডকারণ্যে পাঠিয়ে দেয়া এ আবার কি নীতি? যারা যেতে চায় কিছু কিছু দণ্ডকারণ্যে যাক। আবার এখানে আত্মীয়স্বজন এবং পশ্চিমবঙ্গের কোন কোন স্থানে নিজেদের চেষ্টায় যারা বাস করে তাদের বাস করতে হবে। আর একটা কথা বলতে চাই পশ্চিমবঙ্গের সীমান্ত রক্ষার জন্য আমাদের পশ্চিমবঙ্গে যত সীমান্ত স্থান আছে সেই সীমান্ত স্থানে আমরা দেখতে পাই অধিকাংশ জায়গায় পাকিস্তানী ষড়যন্ত্র চক্রের একটা আড্ডাখানা। আজকে এখানে গরু চুরি, কাল ওখানে মানুষ চুরি এই সমস্ত জিনিস হচ্ছে। আমাদের পূর্ববঙ্গের বাস্তুহারাদের নিয়ে সীমান্তের মাঝে মাঝে বসিয়ে দিতে হবে—পুলিশ দিয়ে সীমান্ত রক্ষা তো হবেই, এছাড়া জাগ্রত প্রহরীরূপে আমাদের নিজেদের বাঙ্গালী ভাইবোনদের সেখানে বসাতে হবে এবং কতকগুলি জায়গা আছে যেখানে এই সব পাকিস্তানী ষড়যন্ত্রের একটা কেন্দ্র হয়েছে, যেমন ২৪পরগণা, বসিরহাট বা বারাসাত সেখানে সেগুলি ভাঙ্গতে হবে। আমরা আশা করেছিলাম রাজ্যপালের ভাষণে যে তাদের পুণবাসনের ব্যবস্থা হবে—সব দণ্ডকারণ্যে যাক এটা আমরা চাইনা। আর ভারত সরকার বলিষ্ঠ নীতি যাতে গ্রহণ করেন তার ব্যবস্থা আমাদের করতে হবে ভারত সরকারের উপর চাপ দিয়ে। আমাদের সে সমস্ত অধিবাসী আসছে তারা জায়গা জমি বাড়ী ঘর দোর সব ছেড়ে চলে আসছে, আমাদের পশ্চিমবঙ্গে জমির অভাব, সেই পরিমাণ জমি আমাদের চাইতে হবে এবং আমাদের দিতে হবে। আমরা জানি যে পশ্চিমবঙ্গের প্রতি চিরকালই বিমাতৃ সুলভ ব্যবহার করে এসেছেন কেন্দ্র—কেন্দ্রের যাতে সেই নিদ্রা ভাঙ্গে, কেন্দ্র যাতে তার পূর্ব সংকল্প রক্ষা করেন তার ব্যবস্থা আমাদের করতে হবে। আমাদের পূর্ববংগের ভাই-বোনদের এই যে অসহায় অবস্থা, নারী নির্যাতন, শিশু হত্যা এর জন্য তারা কি দায়ী, দোষী? না, তা মোটেই নয়। তারা নিরপরাধ। আমাদের যাঁরা ভারতের তথাকথিত নেতা তাঁরা ধর্মের ভিত্তিতে যেদিন দেশ ভাগ করেছেন সেদিনই আমাদের বুঝা উচিত ছিল যে সমস্ত জিনিষগুলি হবে নেতাদের দুর্বুদ্ধিতার জন্য। আজ যদি আমাদের লক্ষ লক্ষ লোক এই ভাবে নির্যাতিত হয়ে নিহত হয় তাহলে আমরা সেটা অত্যন্ত ব্যথায় সহিত নেব এবং এটা শুভ নিদর্শন নয়। এরপর আমাকে বলতে হয় সে পূর্ববঙ্গের এবং পশ্চিমবঙ্গের সে সমস্ত হিন্দু এবং মুসলমান ভায়েরা নিজেদের প্রাণ বিপদাপন্ন করে অপর ধর্মাবিলম্বীদের রক্ষা করেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি এবং আমি আশা করবো যে প্রত্যেকটা শিক্ষিত হিন্দু এবং মুসলমান এই আদর্শ নিয়ে চলবে। আমরা মানুষ—মানুষের প্রতি মানুষের মতই ব্যবহার করবো। আমরা পশ্চিমবঙ্গের অধিবাসী, আমরা কেউ চাই না যে দাঙ্গার দ্বারা আমাদের শান্তি বিঘ্নিত হোক, আমরা চিরকাল যেমন পাশাপাশী ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হয়ে বাস করেছি আজও আমরা সেইভাবে বাস করতে চাই কিন্তু চাইতে গেলে রাজনৈতিক যাঁরা কর্ত্তা তাঁদের কাজের উপর সেটা নির্ভর করে। আজ যদি মুসলমান প্রীতির জন্য আমাদের ভারত গভর্ণমেন্ট এই রকম দুর্বল নীতি গ্রহণ করেন তাহলে কোনদিনই আমাদের সংহতি রক্ষা হবে না বা আমাদের মনের ঐক্য আসবে না।

[4-5—4-15 p.m.]

স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর আমার আর সামান্য দু-একটা কথা বলেই বক্তব্য শেষ করছি।

এই প্রসঙ্গে এখানে বলতে চাই যে সরকার যে ভাবে কঠোর হস্তে দাঙ্গা দমন করেছেন, আমি এই সরকারকে ধন্যবাদ দিই। কিন্তু সেই সঙ্গে বলবো দেশের জনসাধারণ, প্রত্যেকটি বিজ্ঞ ও শিক্ষিত ব্যক্তি, যাঁরা গভর্ণমেন্টের সঙ্গে সহযোগিতা করেছেন এই দাঙ্গা দমনে, তাদের কার্য্য ও কম হয়নি। এর একবার উল্লেখ পর্যন্ত তিনি করলেন না। এটা করলে পশ্চিমবঙ্গের পক্ষে একটা আন্তর্জাতিক গৌরব হত এবং পশ্চিম বঙ্গের জনসাধারণ যে দাঙ্গা চায় না, এটাও বোঝান যেতো। এটা বলা খুবই উচিত ছিল।

এরপর স্যার, আমি শিক্ষার ব্যাপার নিয়ে কয়েকটা কথা বলবো। আমরা দেখলাম স্ত্রী-শিক্ষার বিষয় একেবারে কোন উল্লেখ নেই। আমাদের মাতৃজাতি শিক্ষিত না হলে, আমাদের জাতি কখনও উন্নত হবে না। কিন্তু স্ত্রী শিক্ষার বিষয় একেবারে কোন উল্লেখ করেননি। এটা উল্লেখ করা দরকার বলে তিনি মনে করেননি, এটা খুবই দুঃখের কথা।

তারপর, আমরা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাশ করছি। কিন্তু সে বিষয় কত পার-সেণ্ট স্কুলে ছাত্ররা এসেছে, কেবল তার নম্বরটা বলা হয়েছে। তাছাড়া কত পার সেন্ট ছেলেরা বিদ্যালয়ের অভাবে আসতে পারছে না, বা অর্থনৈতিক দুরবস্থার জন্য তাদের বিদ্যালয়ে যাবার ক্ষমতা নেই,—এ কথা তিনি বলেননি। আমরা, যারা প্রাইমারী স্কুল দু-পাঁচটা চালাই, সেখানে আমরা দেখি ছেলে-মেয়েরা রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, স্কুলে যায় না। বাড়ী, বাড়ী ঘুরেছি,—তাদের বাপ-মা বলে কি করে এরা স্কুলে যাবে, তারা কি খেয়ে স্কুলে যাবে? ছেলেদের বই কিনে দেবো, তার পয়সা কোথা থেকে পাবো? তাই আমি বলি সরকারকে এটা বিশেষ ভাবে চিন্তা করে দেখতে। আজকে যে কমপালসারি ফ্রি প্রাইমারী এডুকেসান চালু করবার কথা বলছেন। এই ফ্রি এডুকেসান এর অর্থ কি—স্কুলে মাইনে দিতে হবে না, এইটুকু খালি? তাহলে সেটা পরিষ্কার করে বলে দিলেই হতো? আমার মতে ফ্রি এডুকেসান মানে খাতা, বই প্রভৃতি শিক্ষার যে সমস্ত জিনিস সেগুল দিতে হবে, এ ছাড়া এখানে ফ্রি, এই কথা অর্থহীন। তাছাড়া আমাদের দেশের এ বারো বছর পর্যন্ত প্রতিটি ছেলে মেয়ে যাতে স্কুলে আসতে পারে তার জন্য স্কুলের সংখ্যা বৃদ্ধি করতে হবে। বর্ত্তমানে যে সব স্কুল আছে তাতে বসবার জায়গার অভাবে শিক্ষকরা ঠিকমত ছেলেদের পড়াতে পারছে না। সরকার এ বিষয় অবহিত হন, এই আমার অনুরোধ।

Shri Ram Lagan Singh:

अध्यक्ष महोदय, राज्यपाल महोदया के भाषण के संबंध में श्री बिश्वनाथ मुखर्जी ने जो धन्यवाद प्रस्ताव इस सदन के समक्ष उपस्थित किया है, मैं उसका समर्थन करने के लिए खड़ा हुआ हूं। राज्यपाल महोदया ने अपने भाषण के सिलसिले में हमारे राज्य-सरकार द्वारा परिचालित बहुत-सी परिकल्पनाओं, योजनाओं की प्रगति की ओर हमारा ध्यान आकर्षित किया है। उन्होंने यह बताने की चेष्टा की है कि कितनी परि-कल्पनायें हुई, कितनी योजनायें परिचालित की गई और उनके द्वारा हमारा देश, हमारा राज्य, कितना आगे बढ़ सका है और भविष्य में उनसे लाभ की कितनी आशा की जा सकती है, उसका भी उन्होंने संकेत किया है।

राज्यपाल महोदया का संक्षिप्त भाषण प्राय: एक तृतीयांश यहां के वर्तमान दंगा से संबंधित है। खुलना और जेसोर की घटनाओं को लेकर यहाँ कटुता की सृष्टि हुई. जिससे कलकत्ता और कलकत्ते के आस-पास घटनायें घटीं। ढाका, नारायनगंज में हुए दंगे पर टीका करते हुए. राज्यपाल महोदया ने हमारे सामने आदर्श की बातें उठाई हैं हमारी शान्ति-प्रियता की बात उठायी है और सेक्यूलरीज्म दृष्टि से समस्या का समाधान करने की तरफ हमारा ध्यान खींचा है। इसमें सन्देह नहीं है कि जिस परिस्थिति का अवलोकन राज्यपाल महोदया ने हमारे सामने किया है, संक्षेप में जिस समस्या की ओर संकेत किया है, वह बड़ा ही मर्मान्तिक और भीषण है।

अध्यक्ष महोदय, आज से १७ वर्ष पहले चाहे जिस परिस्थिति के कारण या चाहे जिस मजबूरी के कारण हिन्दुस्तान-पाकिस्तान का विभाजन किया गया हो, लेकिन हमारी यह आशा थी कि पाकिस्तानी

गई हमारे देश से बाहर जाकर, अपने देश में अपनी संस्कृति, अपनी सभ्यता, अपनी विश्वास और अपने इतिहास के मुताबिक पाकिस्तान में सुखी और संम्वृद्धिशाली बनेंगे। और हिन्दू-मुसलमान हिन्दुस्तान में रहकर अपनी दृष्टिकोण से देश गठन करेंगे। लेकिन दुर्भाग्य की बात है कि १५, १७ वर्ष के बाद भी जिस रोग से हम मुक्ति पाना चाहते थे, वह रोग नासूर बनकर खड़ा हो गया है। सर, आप जानते हैं कि नासूर एक ऐसी बिमारी है कि अगर शीघ्र उसका उपचार न किया जाय, उसका आपरेशन न किया जाय, ठीकसे उसकी दवा न की जाय, तो सारा शरीर रोगग्रस्त हो जायगा।

इस तरह से पाकिस्तान की सृष्टि हो जाने पर भी पाकिस्तानी भाइयों ने बड़ी विकराल परिस्थिति खड़ा कर दिया है। पाकिस्तान बनने पर भी उन्हें सन्तोष नहीं हुआ। आये दिन हिन्दुस्तान और पाकिस्तान में दंगा होते रहते है। पाकिस्तान से संख्या लघु हिन्दू भाई पूर्वी पाकिस्तान से निकल कर चले आ रहे हैं। उनकी दशा बड़ी भयावह है। आखिर इस समस्या का अन्त क्या है? कोई न कोई हल तो निकालना ही होगा। मैं तो चाहता हूं कि जो मुसलमान यहाँ नहीं रहना चाहते वे यहाँ न रहें। वे पाकिस्तान चले जांय।

जब हिन्दुस्तान की बात करता है, सदभावना की बात करता है, समस्या का समाधान शान्ति पूर्ण ढंग से करने की बात करता है, हिन्दुस्तान आदर्श की बात करता है, सेक्यूलरिज्म की बात करता है, तो यह पाकिस्तान की समझ में नहीं आता। वह इसे हमारी कमजोरी मानता है, दुर्बलता समझता है। इस दुर्बलता का वह नाजायज फायदा उठाने की कोशिश करता है। इस दंगें में आपने देखा होगा, अध्यक्ष महोदय, जेसोर और खुलना की घटनाओं को लेकर कलकत्ता और उसके आस-पास में मार-पीठ हुई और दंगा हुआ। लेकिन इसके फल-स्वरूप ढाका और नारायनगंज में जो अमानुषिक व्यवहार किया गया, जो कत्ले-आम हुआ. वे सब खबरें पेपर में छपी है। शरणार्थियों के मुख से भी सुना गया है कि पाकिस्तान में २५, ३० हजार आदमियों की निर्मम हत्या की गई है। ऐसा भयावह हत्यायें हुई हैं किन्तु ऐसी हालत कब तक घटती रहेगी?

प्रसन्नता की बात है कि छागला ने सुरक्षा परिषद में कहा है कि केन्द्रीय गृह-मंत्री श्री नन्दा और हमारे राज्य सरकार के मुख्य मंत्री श्री प्रफुल्ल चन्द्र सेन ने दंगा दवाने का कार्य बडे साहस के साथ उठकर किया जहां कहीं भी ऐसा हुआ, बडी शान्ति से काम किया गया। हिन्दुस्तान में जहां कहीं भी दंगा हुआ, वहाँ बहुत जल्द शान्ति करा दी गई। लेकिन यह शान्ति सुव्यवस्था कब तक रहेगी? मगर पाकिस्तान बराबर भारत विरोधी चर्चा करता रहता है, वह उत्तेजना पैदा करता रहता है। वह चाहता है कि हिन्दुस्तान उसके जाल में फंसे। पाकिस्तान हमेशा कटुता की बात सोचता रहता है। वह हमेशा हिन्दुस्तान पर इल्जाम लगाता रहता है। अगर पाकिस्तान के रवैये और उसके वर्ताव को साधारण स्वभाव से कोई आदमी सोचे तो पाकिस्तान को ही दोष मिलेगा। पाकिस्तान अपने को इस्लामी कण्ट्री घोषित कर चुका है। वह किसी समस्या को शान्ति ढंग से मिटाना नहीं चाहता। वह हिन्दुस्तान-मुसलमान झगडे की बात बोलता है। ऐसी हालत में हम क्या करें? एक तरफ हम तो समस्या को मिटाने चाहते हैं, दूसरी तरफ वह समस्या पैदा करता रहता है। और आखिर में उसी के कारण कलकत्ता में दंगा हुआ और उसे शान्त भी करा दिया गया। हम जितना ही उससे प्रेम करना चाहते हैं, उतना ही पाकिस्तान हमसे घृणा करता है। "दर्द बढता ही गया, ज्यों-ज्यों दवा की।"

अभी ईद के दिन मुसलमान काला बैज लगा कर घूम रहे थे। उन्होंने पाकिस्तान की झण्डा फहराया, पाकिस्तान जिन्दाबाद का नारा लगाया यह किस बात का सूचक है? हम देखते हैं कि यहां कुछ मुसलमानों की संकुचित मनोभावना है और वे पाकिस्तान के हिमायती हैं। हिन्दुस्तान के अन्दर मुसलमानों की संख्या कम नहीं है। हिन्दुस्तान के मुसलमानों की आवादी संसार में तीसरा स्थान रखती है। पाकिस्तान और इण्डोनेसिया के बाद हिन्दुस्तान का स्थान है। हिन्दुस्तान में मुसलमान ५ करोड से अधिक संख्या में रहते हैं। हिन्दुस्तानी मुसलमान हिन्दुस्तान में बोझ नहीं हैं। हमारे हिन्दुस्तान या दूसरी जगह के रहने वाले मुसलमान कलकत्ते में रहें, भारत में कहीं भी रहें लेकिन वे हिन्दुस्तानी बनकर रहें। हिन्दुस्तान को सुखी और सम्वृद्धिशाली बनावें। उसके प्रति वफादार रहें। और उस सुख-सुविधा को उठाते रहें। अगर यहां के रहनेवाले मुसलमान पाकिस्तान के वफादार रहें तो इससे बड़ा अकल्याण होगा। मैं मुसलमान भाइयों से विनम्र प्रार्थना करेंगे कि कम से कम पाकिस्तान की हिमायती बनना है और पाकिस्तान जिन्दाबाद बोलना है तो कृपाकर हिन्दुस्तान छोड कर वे पाकिस्तान चले जांय। पाकिस्तान में जाकर

गुण्डागिरी करें या चाहे जो कहु. वह भी पाकिस्तानी बनकर। पाकिस्तान की सुख-सुविधा उन्हें भोगन चाहिए। यदि उन्हें भारत में रहना है तो शान्ति और सदभावना से रहें।

यों तो हिन्दुस्तान में मुसलमानों की ज्यादा शिकायत रहती। और मुसलमान भाइयों की मांग व हमारी सरकार भी पूरा करती है। हमारी सरकार से क्युलर सरकार है। यदि हम मुसलमानों व इसी तरह प्रोत्साहन देते रहे, उनकी रोक-थाम न की जाय तो पाकिस्तान की मांग की सुविधा स्वाभाविक हो जायगी। यहां के ५ करोड मुसलमान और एक दूसरे पाकिस्तान की मांग कर बैठेंगे। तो क्या एक दूसरे पाकिस्तान की मांग से यहां शान्ति हो जायगी। हमारे लिए यह नया खतरा होगा। इसलि मुसलमान भाई इस समस्या को सोचें शान्ति के साथ, कि इस समस्या का हल क्या होगा? सभी चाह हैं कि सदव्योहार और शान्ति से समस्या सुलझे। अगर ऐसा नहीं होता है तो दर्द बढ़ता ही जायगा आप लोग दवा करते ही जांयगे और दर्द बढ़ता ही जायगा। सर, उर्दू का एक शेर (पोयट्री) याद आती अगर आप आज्ञा दें तो मैं उसे यहाँ सुना दूं।

"हम आह भी करते हैं, तो हो जाते है बदनाम।

वो कत्ल भी करते हैं, तो चर्चा नहीं होती॥"

आज भारत और पाकिस्तान की यही हालत है। हम देखते हैं कि भारत में यदि दो चार खून ह तो सारी दुनियां में हो-हल्ला मचा दिया गया। रेडियो से प्रचार किया गया। मामूली-सी बात हु तो तूफान खड़ा हो गया। साधारण घटना को इतना बड़ा इतना अतिरंजित बनाकर प्रचार किया गय कि सब दंग रह गए। यहां तक कि सिक्योरिटी कौन्सिल में भी हिन्दुस्तान के दंगे की चर्चा हुई। पर पाकिस्तान में हजारों की जाने गयी, खुलकर कत्ले आम हुआ। तो उसकी चर्चा भी नहीं की गयी। अंग्रेजी में इसे कहेंगे कि

Even if I groan under the pressure of tyranny, we hear complaints agai People raise voices against us. But if we are murdered no voice is raise no protest is made.

हिन्दुस्तान-पाकिस्तान के दंगे को एक समान समझा गया। पाकिस्तान में हुए दंगे की चर्चा तक नह हुई। मामूली घटना घटी- कलकत्ता में तो इस घटना की चर्चा सारे संसार में हो गई। सभी इस संबंध बोल गए। तूफान-सा हो गया। पर उसका कितना परसेन्ट, कितना गुना पाकिस्तान में घटा, उसक चर्चा तक भी कहीं नहीं हुई। मुझे पाकिस्तान में रहने वाले हिन्दुओं के साथ हमदर्दी है। मुझसे कह जाता है कि शान्ति से काम लें। मुझसे कहा जाता है कि ईमानदारी से काम लें। लेकिन हमारी शान्ति हमारी ईमान्दारी, हमारी सद्भावना का गलत अर्थ लगाया जाता हैं। हम यह स्थिति कब तक सह करेंगे?

हम अपनी राज्य सरकार, केन्द्रीय सरकार से विनम्र प्रार्थना करेंगे कि इस समस्या का कोई मुकम्मल हल निकाले। नहीं तो ऐसा रोग-नासूर की तरह सारे शरीर को नष्ट कर देगा। सारा शरीर विषाक्त हो जायगा। कहां तक यह रोग फैलेगा, इसको निश्चित नहीं किया जा सकता। इसलिए इसे दृढ़त के साथ रोकना चाहिए। यहां के दंगे को जिस मुस्तैदी के साथ यहां के मुख्य मंत्री ने दवाया, शान्त किय में उसके लिए उन्हें धन्यवाद देता हूं।

हमें सारी परिस्थिति को बड़ी सावधानी और सतर्कता से समझना चाहिए। इस रोग की ठीक दवा करनी चाहिए। हमें देश में शान्ति बनाये रखने के लिए दृढ़ता-साहस के साथ कदम उठाना चाहिए हमारी एक भी गलत कदम से देश का बड़ा अनिष्ट हो सकती है। हमें कोई ऐसा ठोस कदम उठाना चाहिए जिससे इस प्रकार के दंगे-फसाद हमेशा के लिए बन्द हो जांय। देश की प्रतिष्ठा और सम्मान को नीचा दिखाकर हम कोई भी ऐसा कार्य न करें, जिससे भविष्य मे हमें पश्चाताप करना पड़ें। रोग की ठीक दवा होनी चाहिए। हमारी देश की नेताओं, सभी पोलिटिकल पार्टियों और अपनी सरकार से यही प्रार्थना करनी है।

इन चन्द शब्दों के साथ राज्यपाल महोदया के संबंध में जो धन्यवाद प्रस्ताव रखा गया है, मैं उसका समर्थन करता हूं।

[4-15—4 25p.m.]

Dr. Srikumar Banerjee: Mr. Chairman, Sir, I rise to support the motion for the adoption of the Governor's Address delivered to the Houses of Legislature.

As the Address is more or less a factual survey of plans and schemes, of achievements and shortcomings, it is natural that it should evoke some attention among the members of the House for having failed to meet the emotional needs of the grave crisis under the shadow of which the address seems to have been delivered.

Well, the Governor's Address has not referred in detail to the gruesome tragedy that was enacted on the other side of the border. It has given too much stress on the very minor repercussions that took place on this side of the border.

Sir, we are trying to create a favourable climate of international opinion in favour of India as against Pakistan. Governor's Address is not meant only for home consumption; it is meant for wider international circulation. So at a time when we are trying to enlist the sympathy of international opinion in our favour we should have thought of the possible reactions before arming Pakistan with a document which can be used against us before the bar of international public opinion. If facts are stated, the facts are to be stated in a very even-handed manner so that a perfect picture is given of the happenings both on this side and the other side of the border. To that extent, Sir, I cannot help voicing the feeling of regret and sympathising with my friends on the Opposition who have voiced their feeling of discontent in no uncertain terms.

Sir, it is natural and inevitable that the brutal atrocities in East Pakistan and the consequent communal riots in West Bengal overshadowed all other issues included in the Address and engrossed anxious attention of the members on both sides of the House.

Sir, this nightmare is being re-enacted again and again and offers a perpetual challenge to our sense of humanity and justice. It is painful, and a agonising reminder of our utter helplessness to ensure the safety of those of our kith and kin who chose slavery in order that we might enjoy the blessings of freedom. So the Hindus in East Pakistan occupy a very anomalous position. On the one hand they are the subjects of a foreign state and on the other hand we have a grave constitutional responsibility with respect to their safety because it was upon our acknowledgment of such a responsibility that the partition of the country was made and independence was handed over to us, but we have not been able to resolve the two sides of the anomaly. I have listened very carefully to the speeches made both in this House, in the Assembly and also in the Parliament for constructive and helpful suggestion that might enable us to stem the rot—stop the rot and give some relief to our kith and kin on the other side of the border. I am sorry that we have had emotionally choked utterances. We have had effusive sympathies but I have not been able to find out a solution that can touch even the fringe of the problem.

My friend Shri Sasanka Sekhar Sanyal, who has an acute legal brain but who has a mind obsessed with legal idea suggested that he would carry the matter to U. N. O. and perhaps ensure the safety of the helpnless millions in East Pakistan before the bar of U. N. O. Sir, that point is perfectly valid in law and in constitution but whether that admits of enforcement in practice is a matter of grave doubt. We should certainly fully explore every avenue that can be explored for ensuring the safety of our unfortunate brethren in East Pakistan and perhaps laying our case before the U. N. O. might be one of the measures that should be adopted but we should not be too optimistic about the result of such an appeal. Sir, we know that to arouse the conscience of the world is a difficult job. Conscience is easily roused

but very difficult to translate into practical action. Sir, when there was a rape Hungary, when there was a rape on Tibet the world stood as helpless and bev ilde spectator, although full facts were brought before the world. So, you cam expect that the United Nation Organisation will take active interest in the mat and would intervene successfully to put a stop to our sufferings. Sir, the whe of providence grind very slowly and if I might say the wheels of action of the U.N. grind still slower, if they grind at all, and before the wheels of the internatio action begin to revolve our minorities would be completely reduced to pulp by t engine of oppression that has been left loose upon them. Sir, it is a race for ti and by the time we enlist the support of the U. N. O. and rouse their conscience effective practical action by that time our minorities would be completely ext pated and there would be no minorities left to protect.

[4-25—4-35 p.m.]

Then, Sir, there has been another hope expressed that the strengthening democratic forces in East Pakistan might perhaps stop this engine of oppressi Sir, democracy works with proverbial slowness. Again, there is a race for time a the Pakistan Government is to take good care to see that all our efforts to strength and nurture the seeds of democracy are throttled in order to give full scope to the engine of oppression. Sir, while the recent occurrences have brought to lig examples of shining heroism, examples of great communal heroism, examples members of one community trying to save members of another community, the to result has been almost unaffected by the unavailing self-sacrifice of the few peop of both Hindu and Mussalman communities who have tried to give shelter and save the lives of the people of the opposite community. They are an exceptio and a very small exception, and while our long-range hope depends upon the fu growth of this element in our national life; it would be too rash, it would be to optimistic to depend upon the growth of this force in time to save the minority East Bengal. Therefore, Sir, about the democratic forces if we entertain the hop it is not a very rational hope, not a very practical hope that democratic forces woul be nurtured to full strength in East Pakistan and stop the hands of remorsele engine of oppression there. Sir, you are living in a wise man's paradise. I shoul not attach much importance to that hope though I pay my tribute of admirati to the handful of people who have sown the seeds of a better ideal of life for th future to sprout forth and to blossom.

Then, Sir, the only practical remedy that we have been able to think about so lon is complete evacuation of the Hindu minority. Sir, that is certainly the only remed left to us but that is a counsel of despair. We are seeking for a solution of th problem, not by converting the Muslim opinion in East Pakistan, not by bringin democratic forces to bear upon the mentality of the people there, not by any wa measures or any other coercive measures which might go home, but in the hop that the minority would be completely evacuated and there would be no one left t oppression, murder, pillage and killing. That is the counsel of despair, that is th peace of the grave, not the peace of a living organisation but that is the peace of th grave. If all people die or are removed from the scene of oppression, then ther would be peace—certainly there would be peace—but that would be the peace o the grave and I do not attach any political importance to it—I attach a great deal o humanitarian importance to it but I do not attach any political importance to th peace of the grave that will come to prevail in East Pakistan after the entire minorit community consisting of 90 lakhs of people have been completely evacuated. Sir already our energies have been diverted along different channels by elaborate dis cussion about the adequacy of the measures for relief and rehabilitation. I do no depreciate the point that the Government must try its very best to offer the bes possible terms to our unfortunate brothers and sisters who are coming to seek pro tection with us. But at this juncture when the forces of disruption are still a

work, when panicky multitudes are crossing the border at countless points, when there is an exodus which is growing in acceleration and speed, you cannot expect th Government to devise a perfect machinery by which all the needs of the population, the fleeing population, would be completely fulfilled. And that is diverting attention from the more sericus work, from the more serious topic as to how they can be reinstated in their original places and how this havoc and devastation, this pillage and rape and murder, this sorry game can be stopped.

Sir, exchange of population has been very cautiously advocated. I do not think we have any moral ground to insist upon exchange of population unless we are perperfectly satisfied that everyone of our Muslim brethren is at heart a Pakistani spy and that can never be demonstrated. So, unless we can prove demonstratively that every Muslim living in our midst has his allegiance and sympathy rivetted to Pakistan, we cannot in moral conscience call upon them to evacuate their homelands and to take shelter elsewhere. So, that is again a ccunsel of dispair that does not appeal to me.

Then, Sir, what is the remedy? We have talked so long and so diversely; our various views have been presented with much eloquence, with much emotion, with much poignant sympathy and yet are we anywhere nearer the solution? Have we touched the core of the problem? We are spending our breath on the fringe of the problem. Sir, this is a gulf that lies too deep for tears. This is an abyssmal death that lies too deep for words only. Sir, why don't we think of economic sanction as applied to Pakistan? We have to take some concrete steps. We cannot allow things to drift, we cannot content ourselves with the position that let them come, we shall provide for their accommodation; Let them make a desert of East Pakistan (Shri Jatin Chakravorty: We have an adverse balance of trade.) and we shall try to find for them some sort of accommodation here, either at Dandakaranya or at some other place. Why not think of bringing to bear upon Pakistan such influences as can stop their murderer's hand, their blood-soaked hand? Let them feel that they have got to pay a price for their misdeeds. Let them not run away with the idea that they can murder, rape and pillage and kill with perfect impunity. Let us do something to drill sense into their brain. Let us employ some coercive measure whatever may be the value of that coercive measure. Let us show our displeasure in no uncertain terms by applying economic sanction as against East Pakistan. We have already applied economic sanction in the case of South Africa although there the provocation must have been much less than in East Pakistan. Sir, what is sauce for the gander ought to be sauce for the goose. If we have thought of economic sanction as an effective remedy against the expatriation of Indians from South Africa, can't we think of economic sanction against Pakistan? Of course, I am not an economist. I cannot calculate the possible effects of such economic sanctions. (Shri Jatin Chakravorty: We have an adverse balance of trade.). May be. but still there are certain vital articles of consumption which, if stopped would bring sense to their heads. Don't look at the matter from the statistical point of view. There are certain vital articles of consumption which no nation can live without. If we can muster our force, can muster strength of purpose, can muster definiteness of will to stop these vital supplies, I think that may have some effect upon the dense brain of Pakistan. At any rate, let us not merely shed tears. Let us not merely hear each other groan. Let us not only content ourselves with passivity .

Sir, one of the reasons why complete evacuation of the minority in East Pakistan appeals to us is that it is perfectly consistent with our passivity of action.

[4-35—4-45 p.m.]

We have nothing to do. Let them come. We shall provide shelter to them. It does not call for any heroic energy; it does not call for any exhibition of national

strength. We want them to come because we cannot save them from worse oppression: we cannot save them from wrose fate. So we want them to come, and one of the reasons why we jump upon the idea that they should evacuate is that it is perfectly in consistence with our passivity of action. We have no active part to play there. Therefore, I would appeal to the Government, particularly to the Central Government and to the West Bengal Government to think of some positive steps which should be taken to arrest this cruel, this human and this heartless game. Merely shedding the tears of sympathy, merely making arrangements for their accommodation, merely providing them with doles of charity will not meet th ends of the situation. That leaves the perpetrators of the whole game absolutely unaffected.

Sir, what is the effect upon Pakistan if we invite people to cross the border, if we provide them with good accommodation there, if we provide them sustenance? There the perpetrators of this guilt are soley influenced by whatever you may do on this side of the border. So, Sir, something has got to be done. Some positive acti on has got to be taken, some concrete steps have got to be implemented so that sense can be brought into the head of Pakistan that this minority baiting game is not one that is always pleasant and profitable, that can always be indulged with perfect safety. I congratulate the Government on the very strong and stern measures that they took in rooting out the communal disturbance in West Bengal. But, Sir, that is not really the solution of the problem. If we make the communities yield to superior forces, if we yield to coercion, that does not bring about any change of heart. What is wanted is not peace of exhaustion, not peace of coercion by superior forces but a peace of real action of a vital change of heart. So Government should supplement its effort by creating a climatic condition in which the vital change of heart becomes possible as between the two communities. I should also suggest, although I am not in favour of exchange of population yet, that the Government must be aware from the facts disclosed in this House, from the accounts of newspapers that there is a deep conspiracy of a Pakistani clique working in West Bengal and in Calcutta, let it not be mistaken that it was a mere communal riot. It was politically engineered by interested parties. If it is preparing a way for the incoming invader, if the object is to let loose dogs of war and forces of disintegration and if these are engineered by interested parties then it is not to be merely judged from the standpoint of communal trouble. It is not a communal trouble. It is something much more serious than communal trouble and the sooner the Government gets itself disillusioned of the idea that it is a petty communal trouble which can be snuffed out by a breath the better it would be for the future of the country. I should, therefore, call for collection of facts and data relating to the communal troubles that broke out in West Bengal. I should also call for a fair and free interpretation of the data so collected, because sometimes we spoil the collection of data by a wrong interpretation. So in order to be effective there should be both fair collection of data and fair attempt at interpretation. I should ask the Government to combine both these aspects so that they can take correct action on the basis of the results of the fair collection of data and a proper interpretation of these data.

Thank you.

Shri Jatindra Singha: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.,—

"But regret that—

(1) there is no mention of any water-supply scheme for scarcity areas in North Bengal;

(2) there is no mention of any scheme for improvement of the horrible state of unemployment among the educated in our State;

(3) there is no mention of anything about Secondary Education of the State.',

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যখন বাংলাদেশ একটা নিদারুণ সঙ্কটের সম্মুখীন হয়েছে তখন আমরা আশা করেছিলাম যে আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বিভিন্ন দিক সম্বন্ধে আমাদের একটা নির্দ্দেশ দেবেন। তাঁর যে সরকারী নীতি সেটা স্পষ্টভাবে বলবেন। কিন্তু আজ কি দেখতে পাচ্ছি তিনি অতি সংক্ষিপ্ত ভাষণ দিয়েছেন, ১৫ মিনিটের মধ্যেই তাঁর ভাষণ শেষ হয়ে গিয়েছে—তাতে কোন কথাই তিনি স্পষ্টভাবে বলেন নি। বরঞ্চ না বলার কথাই বেশী। আজকে যে কথাটা এখানে বহুবার আলোচিত হয়েছে যে সমস্যা নিয়ে দীর্ঘক্ষণ এখানে বিতর্ক চলেছে সেটা হল আমাদের সাম্প্রদায়িক অবস্থা এবং এটাই স্বাভাবিক। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে আমাকে ঐ কথাটা বলতে হচ্ছে যে আমাদের মাননীয় রাজ্যপাল এখানকার যে সংখ্যালঘু সম্প্রদায় তাদের জন্য নিদারুণ ব্যথা অনুভব করেছেন, ভাল কথা। কিন্তু সঙ্গে সঙ্গে যে সব হিন্দু পাকিস্তানে নির্যাতিত হয়েছে, যে সব নারী ধর্ষিতা হয়েছে যে সব শিশু নিহত হয়েছে তাদের জন্য কোন শোক জ্ঞাপক কোন কিছু আমরা দেখতে পাইনি তাঁর ভাষণের মধ্যে—এখানে যারা রিফিউজি হয়ে আসছেন যে হাজার হাজার উদ্বাস্তু আজকে পাকিস্তানী অত্যাচারে নির্যাতিত হয়ে নিরুপায় হয়ে আসছেন তাদের শুষ্ঠু পুনর্বাসনের কোন নীতি সরকারের পক্ষ থেকে তিনি ঘোষণা করেন নি। এক দণ্ডকারণ্যের কথা তিনি উল্লেখ করেছেন—তাছাড়া অন্য কিছু আমরা দেখতে পাচ্ছি না। ত্রাণ মন্ত্রী এখানে বলেছেন, তিনি যে নীতি এখানে ঘোষণা করেছেন তাতেও আমরা নিশ্চিন্ত হতে পারছি না। আজকে সীমান্তে কোন ব্যবস্থা নাই যারা উদ্বাস্তু হয়ে আসছে, তাদের জন্য—তাদের ত্রাণের জন্য, তাদের পুনর্বাসনের জন্য। এমন কি যারা অনাহারে মৃতপ্রায় হয়ে আসছেন তাদের যে সামান্য আহার সেটুকু পর্যন্ত এই উদ্বাস্তু ক্যাম্পগুলিতে তারা দিতে পারছেন না। একাধিক বক্তা এ সম্বন্ধে বলে গেছেন। তারপর মাইগ্রেসান সার্টিফিকেট এর কড়াকড়ি হ্রাসের সম্বন্ধে বহু আলোচনা হয়েছে। সেখানে অনেক এমন আছেন যে তারা মাইগ্রেসন সংগ্রহ করে আনতে পারেন নি—তাদের অবস্থা আরও শোচনীয় তাদের সম্বন্ধে সরকার কি নীতি অনুসরণ করেছেন আশা করি বলবেন। কিছুক্ষণ আগে খবর পেলাম যে কিছু কিছু উদ্বাস্তু আলিপুরদুয়ারের দিকে জলপাইগুড়ির দিকে আসছে তারা অনেকে মাইগ্রেসন নিয়ে আসতে পারেন নি—তাদের পিছনে আই. বি. লেগেছে এবং তাদের ব্যতিব্যস্ত করে তুলেছে। একেই তো স্বর্বস্ব হারিয়ে আসছে তার উপর তাদের ঘুষ দিতে দিতে অবস্থা আরও কাহিল করে দিয়েছে আজকে এই যে দুরবস্থা উদ্বাস্তুদের সামনে দেখা দিয়েছে তারজন্য আমি সম্পূর্ণরূপে সরকারকে দায়ী করছি। এবং যেহেতু আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে সে সম্বন্ধে কোন নীতির উল্লেখ করতে পারেন নি তারজন্য আমি তাঁকে ধন্যবাদ দিতে পারি না। আজকে পাকচক্র কলকাতার বুকে রয়েছে সে সম্বন্ধে একাধিক বক্তা বলেছেন। কখন কখন মনে হয় যে আমরা কোন রাজ্যে বাস করি। কাগজে বড় বড় হরফে দেখছি সালাউদ্দীনকে গ্রেপ্তার করবার সময় সেখানে পুলিসের উপরে ১ হাজার লোক ইট পাটকেল নিয়ে হামলা করেছে। কিন্তু আমি ভাবছিলাম যে পাকিস্তানে যদি এই ঘটনা হত তাহলে কি যে হত তা আমি কল্পনাও করতে পারি না। আজকের কাগজে দেখছি যে সরস্বতী প্রতিমা বিসর্জনের উপরে বোমা ফুটেছে পটকা ফুটেছে ঢিল পড়েছে——এটা কি ব্যবস্থা কোন অবস্থায় এটা হতে পারে এটা সত্যিই চিন্তার বিষয় হয়ে পড়েছে।

[4-45—4-55 p.m.]

এবং আমার মনে হয় যা নাকি শ্রদ্ধেয় শ্রীকুমার ব্যানার্জী মহাশয় বল্লেন সে এটা শুধু সামান্য সাম্প্রদায়িক দাঙ্গা নয়, এর পেছনে পলিটিক্যাল উস্কানী রয়েছে, এর পেছনে রয়েছে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির একটা ব্যবস্থা এবং আমাদের সরকার যেকথা শ্রদ্ধেয় শ্রীকুমার-বাবু বলেছেন প্যাসিভিটি সত্যিকারের নিষ্ক্রিয়তার যে ভাব সেই ভাব এনে দিয়েছেন এবং সেটা অন্য কেউ আনেননি, সেটা এনেছেন আমাদের সরকার। আমাদের কিছু করণীয় আছে—উদ্বাস্তু যদি আসে আমরা তাদের আশ্রয় দেব, যদি না আসে ভাল কথা, এই যে প্যাসিভিটির মনোভাব এই মনোভাব আমাদের মনোভাবকে প্যাসিভ করে দিয়েছে এবং এই যে পঙ্গু নীতি এই পঙ্গু নীতির আমি প্রতিবাদ জানাচ্ছি। সরকার যদি এই দ্বিধা-গ্রস্থ নীতি পরিত্যাগ না করেন তাহলে আমার দৃঢ় বিশ্বাস যে এতে ভাল তো হবেই না মন্দের অবধি থাকবে না। ইউ, এন ওতে যাবার কথা উঠেছে আমাদের শ্রদ্ধেয়

শ্রীকুমার বাবু বলেছেন যে যদি আমাদের রাজ্যপাল এই রকম ভাষণ দিতেন, যদি দুঃখ প্রকাশ করতেন নারায়ণগঞ্জ, খুলনা, যশোরের উৎপীড়িত জনসাধারণের জন্য তাহলে আন্তর্জাতিক অবস্থায় পাকিস্তান সেই সুযোগটা গ্রহণ করতো। অনেকেই বলেছেন যে দাঙ্গা দমনের জন্য তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিন্তু আমি তো পুলিসের অপদার্থতার নিন্দা করছি এবং আমরা দেখতে পাই এই দাঙ্গা দমনের জন্য নন্দসাহেব থেকে আরম্ভ করে জেনারেল জয়ন্ত চৌধুরীকে ছুটে আসতে হচ্ছে, যেন মনে হচ্ছে বিরাট কাণ্ড ঘটে গেছে কোলকাতায় সে আর কহতব্য নয়। এক বিদেশীর সঙ্গে আমার আলাপ হচ্ছিল, তিনি বলেছিলেন যে ব্যাপার দেখে আমার চক্ষু স্থির হয়ে গেছে, কি ব্যাপার যে এই ধরণের জেনারেল যাঁর নাকি সীমান্তে থাকা উচিত ছিল তিনি ছুটে এসেছিলেন কোলকাতায়, যেন কি একটা কাণ্ড কারখানা ঘটে গেছে। আমাদের মুখ্যমন্ত্রী দিনের পর দিন তার রেডিও বক্তৃতার মাধ্যমে প্রচার করে বলেছেন এবং পাকিস্তান সেটাকে অস্ত্র হিসাবে ব্যবহার করেছিলেন আমি একথা বলবো। সুতরাং যে কথা তিনি বল্লেন সে আমাদের রাজ্য-পালিকা যশোর, খুলনা বা নারায়ণগঞ্জের কথা উল্লেখ করেন নি এজন্য যে তাতে হয়ত জনমত অন্যরকম হয়ে যেতো জনমত তো অন্যরকম হয়েই গেছে এবং তারজন্য দায়ী আমাদের সরকারী নীতি, তার জন্য দায়ী আমাদের দুর্বল দ্বিধাগ্রস্ত পঙ্গু নীতি যার ফলে ইউ এন ওতে প্যাট্রিক ডিন আজকে আমাদের সমান অবস্থায় নিয়ে ফেলেছেন। পাকিস্তান যা করেছে আমাদের বলেছেন, আমরা একই জিনিস করেছি এত সংযমের পরেও, আমাদের সেই যে দাঙ্গা সেই দাঙ্গা নেভানোর পরেও। আজকে সাম্প্রদায়িক অবস্থা সম্বন্ধে মোটামুটি আলোচনা হয়েছে, অন্যান্য বিষয় সম্বন্ধে বলার সুযোগও নেই এবং বলার খুব বেশী কিছু নেই, তার কারণ হল মাননীয়া রাজ্যপালিকা বিশেষ কিছুই বলেন নি। একটা জিনিস খাদ্য সম্বন্ধে বলেছেন, আমি সেটা সম্বন্ধে বলতে চাই, খাদ্যদ্রব্যের মূল্য নির্ধারণ করে দেয়া হয়েছে, তবে আমাদের সরকারের হাতে এমন কোন মেসিনারী নেই যার দ্বারা আমরা পুরোপুরীভাবে সেটা প্রয়োগ করতে পারি। তিনি জনসাধারণের সহ-যোগিতা কামনা করেছেন। অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা উক্তি যার ফলে আমার মনে হয় দেশের যারা চোরাকারবারী তারা এতে বিশেষ সন্তুষ্ট হয়ে উঠতে এবং তারা মনে করবে যে সরকারের ক্ষমতা হয়ত তেমন নেই। মাননীয়া রাজ্যপালিকা বলছেন যে আমাদের হাতে এমন কোন ক্ষমতা নেই যার দ্বারা নাকি পুরোপুরিভাবে খাদ্যমূল্য নিয়ন্ত্রণ করে সস্তা দামে মানুষকে খাদ্য সরবরাহ করতে পারি। শিক্ষা সম্বন্ধে শিক্ষক হিসাবে আমি ২।৪টা কথা বলতে চাই। তিনি বলেছেন শিক্ষায় উন্নয়ন অব্যাহত রয়েছে কিন্তু শিক্ষায় যে অবস্থা সেই অবস্থা সম্বন্ধে পুরোপুরিভাবে বাস্তব চিত্রটা তাঁর কাছে উদ্‌ঘাটিত হয়নি। প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, কলেজীয় শিক্ষা, সর্বস্তরে শিক্ষায় উন্নয়ন চলছে এতটুকু খবরই মাত্র তাঁর কাছে রয়েছে। তার পার্সেণ্টেজ দিয়ে দিয়েছেন কিন্তু পার্সেণ্টেজ দিয়ে শিক্ষার যে বাস্তবরূপ তা চিত্রিত হতে পারে না। যে অবস্থা দাড়িয়েছে, যে গলদ শিক্ষার রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়েছে তা আজ জাতিকে পঙ্গু করে ফেলেছে। যে শিক্ষা জাতির মেরুদণ্ড গড়ে তুলবে সেই শিক্ষা আজ নুইয়ে পড়েছে। কাজেই শিক্ষা ব্যবস্থার বাস্তব চিত্র আমরা এর মধ্যে খুঁজে পাচ্ছি না। সুতরাং শিক্ষার দিক থেকে বিশেষ কিছু আর নেই। বেকার সমস্যা সম্বন্ধে তিনি আরো অদ্ভুত একটা কথা বলেছেন সেই কথাটা হল, ক্ষুদ্র ক্ষুদ্র কুটীর শিল্পের মাধ্যমে বেকার সমস্যা সমাধানের ব্যবস্থা করছি—এ ছাড়া বেকার সমস্যা সম্বন্ধে কোন কথা নেই। স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে বলেছেন অনেকগুলি বাসের ব্যবস্থা করেছি। স্যার, ২।১টা কথা বাস সম্বন্ধে আমি বলতে চাই সেটা হল আমি উত্তর বঙ্গে থাকি, মাঝে মাঝে বাস খেজুরী ঘাট থেকে আরম্ভ করে জলপাইগুড়ি পর্যন্ত ধাওয়া করে।

সেই সব বাসের দুরবস্থা দেখলে কান্না আসে। বেশ লং জার্নি, মাঝখানে গিয়ে বিকল হয়ে বসে রাইলো। এগুলি সব আগেকার যুগের বাস, কতদিন ধরে চলেছে—তার কোন স্থিরতা নেই। সেখানকার কর্মচারীদের যে অনুপোযুক্ত বেতন, তাও ঠিক সময় মত দেওয়া হয় না, ফলে কর্মচারীর দল অসন্তুষ্ট হয়ে রয়েছে।

বাসের যে বিকট ঝাঁকনি এবং তার বিরাট গর্জন শুনলে কান ঝালাপালা হবার যোগাড়। সকাল ৭টার সময় বাস ছাড়লো আর সন্ধ্যে ৭টার সময় জলপাইগুড়ি গিয়ে পৌছালো। আবার কোন কোন বাস এই দীর্ঘ পথে সময় সময় বিকল হয়ে পড়ে থাকে। যদি বা শেষ পর্যন্ত পৌছাল, তাহলে বাসের ধুলাতে খুব কাহিল অবস্থায় পৌছাতে হয়। বাসের এই দুরবস্থা আজ মিটলো না। বাসের এই যে কণ্ডিসান সেটা ঠিক করার দিকে, ভাল করার দিকে সরকারের নজর নেই, ভেঙ্গে পড়ে রইলো তার চাকা, ভেঙ্গে পড়ে রইলো তার বডি সরকারের ভ্রুক্ষেপ নেই।

তারপর কর্পোরেশনের বাস বাড়িয়ে দিচ্ছি, একথা বলা আর সাজে না। এই তো গল মফঃস্বলের বাসের অবস্থা।

এঁরা যে কলকাতা কর্পোরেশনের ওয়াটার ওয়ার্কস সম্বন্ধে বলেছেন, তার আমি পুনঃ উল্লেখ করতে চাই না। আমি মফঃস্বলের কথা, বিশেষ করে আলিপুরদুয়ার সম্বন্ধে বলবো, যেখান থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি। সেখানে আজকে ৪০ হাজার লোক বাস করে। সেখানে মিউনিসিপ্যালিটি হয়েছে বটে, কিন্তু, সেখানে কোন রকম জল নিষ্কাশনের ব্যবস্থা নেই, কোন রকম পানীয় জল সরবরাহের ব্যবস্থা নেই। এখানকার ওয়াটার ওয়ার্কস সম্বন্ধে বহুবার বলা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার কোন সুব্যবস্থা করা হল না। আমি পুনরায় আমাদের তরফ থেকে সরকারকে অনুরোধ করবো যাতে সেখানে পানীয় জল সরবরাহের এবং জল নিষ্কাশনের ব্যবস্থাগুলি প্রয়োজন অনুসারে সুষ্ঠুভাবে তরান্বিত করা যায়। নীলবাতি জ্বলে উঠেছে, আমার আর বেশী সময় নেই, আমি শুধু একটি কথা বলে যাচ্ছি সেটা হ'ল যে ভাষণ মাননীয়া রাজ্যপাল দিয়েছেন তার মধ্যে আমাদের এখানকার বিশেষ বিশেষ সমস্যা সাধনের কোন ইঙ্গিত নেই। অথচ কি করে শ্রদ্ধেয় শ্রীকুমার ব্যানার্জী মহাশয় এই প্রস্তাবকে সমর্থন করলেন, তা আমি বুঝতে পারলাম না। এই প্রস্তাবের মধ্যে কিছুই নেই, যা রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে। সুতরাং আমি এটা কিছুতেই সমর্থন করতে পারছি না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Janaki Ballabha Bhattacharyya: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:

> "But regret that the true picture of the sufferings of the people of West Bengal has not been drawn in the Address and the correct means of removing them has not been suggested in it."

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই বিতর্কে অংশ গ্রহণ করবার আগে, প্রথমে দু-একটি খুব প্রয়োজনীয় বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়দের যে পৌরসভাগুলি নির্বাচন হতে চলেছে, তার ইলেকসান রুলস-এর বইটা এখনও পর্যন্ত ছাপান হয়নি। সুতরাং এ সম্পর্কে অনুরোধ জানাবো যে যাতে অতি শীঘ্র বইগুলো ছাপান হয়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে।

দ্বিতীয় হচ্ছে কল্যাণী বি, টি, কলেজের অনেকগুলি বে-সরকারী স্কুল, অর্থাৎ যারা সরকারী সাহায্য পান না, যেখানে স্কুলের শিক্ষক ও শিক্ষিকা পড়ছেন আজকে, এবং তাঁরা প্রায় অর্দ্ধেক সময় পড়ে এসেছে এই আশায় যে তারা গভর্ণমেণ্টের ডেপুটেশন পাবে। কিন্তু মাঝপথে তাঁরা শুনেছেন যে ডেপুটেসান এর টাকাকড়ি তাঁরা কিছুই পাবেন না। সেজন্য তাদের জীবনটা দুর্বিসহ হয়ে পড়েছে। তাদের নিজেদের তেমন সঙ্গতি নেই যে যার দ্বারা তাদের নিজের, নিজের খরচ চালাতে পারে। অথচ দেখা যায় যে পূর্বে সরকার সাহায্য দিয়েছেন। এই বছর তাদের আর সাহায্য করবেন না। এটা যদি সরকার পূর্বাহ্নে জানিয়ে দিতেন বা কল্যাণীর বি, টি, কলেজের মাধ্যমে যদি সে রকম একটা নির্দেশ দেওয়া থাকতো, তাহলে পরে আজকে এই সঙ্কটময় অবস্থা সৃষ্টি হত না। সুতরাং আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে বিশেষভাবে আকর্ষণ করছি।

তৃতীয় কথা হচ্ছে আমাদের এডাল্ট ফ্রানচাইজ, অর্থাৎ প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার দেওয়া হয়েছে পৌর নির্বাচনে, এবং বাংলায় পৌরসভার যে আইন, সেটা প্রচলিত আছে। এই দুটার মধ্যে ভোটারদের সংখ্যা খানিকটা হ্রাসপ্রাপ্ত হচ্ছে। সুতরাং এই সম্পর্কে মিউনিসিপ্যাল এ্যাক্টের যথাযথ পরিবর্তন করাটা সঙ্গত বলে আমি মনে করি, এবং সে দিকেও আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তা না হলে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের যে নীতি, সেটা ব্যাহত হয়ে পড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবার এই বিতর্কের যে বিষয় সেটা আরম্ভ করছি। সাম্প্রদায়িক সমস্যার কথা, যেটা মাননীয় রাজ্যপাল তার ভাষণের প্রথমে বলেছেন, সেটা এমনভাবে ব্যক্ত করা হয়েছে যে তাতে মনে হচ্ছে আমার একটি নারীর অভিযোগের কথা। তার এক গালে তিনটি আঙ্গুলের চড়ের দাগ, আর অপর গালে ক্ষতচিহ্ন। সে তার ঐ ক্ষত চিহ্নটি চেকে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্টের কাছে গিয়ে নালিশ করছে এই বলে, যে দেখুন আমার স্বামী আমার গালে চড় মেরেছে, এই তার আঙ্গুলের দাগ, এবং আমাকে দা দিয়ে হত্যা করতে গিয়েছিল, আপনি এর একটা বিধান করুন।

[4-55—5-5 p.m.]

প্রেসিডেন্ট অনেকক্ষণ ভাল করে দেখে বললেন যে মা তোমার গালে এই দিকটায় কি—সে তখন বললে যে না ওটা হচ্ছে সোহাগের চিহ্ন। সুতরাং আজকে আমাদের যা অবস্থা দাঁড়িয়েছে আজকে তাঁর ভাষণ পড়ে আমার মনে হয়েছে যে কেশ অপহৃত হয়েছে ভারতবর্ষে—তার জন্য ভারতবর্ষ অপরাধী—তা তিনি স্বীকার করেছেন—এটাতে কতখানি আন্তর্জাতিক খ্যাতি কি অখ্যাতি হবে সেটা আপনারা বুঝে দেখুন। সুতরাং আজকে সমস্ত দোষটা তিনি নিজের ঘাড়ে স্বীকার করে নিয়েছেন—রাজ্যপালিকার ভাষণের মধ্যে এই প্রথম অংশটা আমার কাছে অত্যন্ত বিশদশে বলে মনে হয়েছে। কিন্তু সাম্প্রতিক যে ঘটনা এবং তার প্রতিকারের যে সমস্ত উপায় এবং সেখানে কোথায় দোষত্রুটি বিচ্যুতি হচ্ছে এই নিয়ে আমি বিশেষ আলোচনা করতে চাই না। কিন্তু আমি প্রথমে আলোচনা করতে চাই যে এই যে সাম্প্রদায়িক সমস্যা এটার উদ্দেশ্য কি? পাকিস্তান কেন এই সাম্প্রদায়িক সমস্যাটা এনেছে। যখনই সে দেখে তার রাজ্যে বিশৃঙ্খলা এসেছে তার খাদ্য সমস্যার সমাধান হচ্ছে না, তার দেশের লোক দলে দলে বেকার হয়ে পড়ছে, সেখানে কর্মসংস্থান করে দিতে পারছে না তার যা উন্নতি করবার কথা রাষ্ট্রের অধিকারে নিযুক্ত হয়ে তা সে করতে পারছে না তখন একমাত্র উপায় হচ্ছে ঐ কাশ্মীরের দিকে দেখিয়ে দেওয়া। তারা জানে ভাল করে যে সিকিউরিটি কাউন্সিল-এ গেলে পরে কিছু হবে না কারণ বারবার ভেটো দিয়ে রাশিয়া জানিয়ে দিয়েছে যে কিছুই হবে না। কিন্তু সেটাকে তারা জিইয়ে রেখেছে কেন? জিইয়ে রেখেছে কারণ তাদের যখনই কিছু অসুবিধা হবে নিজেদের রাষ্ট্রশাসন ব্যাপারেতে তখনই তারা দেশের মধ্যে এই সাম্প্রদায়িক সুরটা তুলতে পারবেন এবং তা দিয়ে দুর্গত মানুষের দৃষ্টিকে অন্যত্র সরিয়ে নিয়ে যেতে পারবেন। এবং আজকে তারা জানে যে আরেকটা রাষ্ট্র আক্রমণ করা যায় না। আগে তারা যেমন ইংরেজের সাহায্য নিয়ে এবং আমেরিকার সাহায্য নিয়ে কাশ্মীর আক্রমণ করেছিল এখন জানে তারা যে আর বারবার সে রকম আক্রমণ করা চলবে না। সুতরাং দরকার হচ্ছে এখানে কাশ্মরের মধ্যে এমন আবহাওয়া সৃষ্ট করব যাতে সেখানকার লোকেরা স্থানীয় সরকারের প্রতি বিরূপ হয়ে সেখানে গোলযোগ সৃষ্ট করে। এবং গোলযোগ সৃষ্ট করলে সেই দেশেতে এসে পড়বে নানা রকম সমস্যা। সেই সমস্যা সৃষ্ট করে তাদের উন্নতির কাজে বিঘ্ন সৃষ্টি করব—যাতে মানুষ চাইবে না যে তারা ভারতের কাছ থেকে আলোক পাই এবং আমাদের দেশে অন্য যে সমস্ত আন্দোলন হচ্ছে সে আন্দোলনগুলি যাতে আর না হতে পারে। এই হচ্ছে তার সোজা উদ্দেশ্য। এই উদ্দেশ্য নিয়ে তারা গুপ্তচর চক্র কাশ্মীরেতে অনেকদিন রেখেছে এবং ভারত সরকার ও সেটা জানেন। কিন্তু ভারত সরকারও দেখছেন যে তারা এই সমস্যা সমাধান করতে পারতেন—একদিনেতেই আর ভারতবর্ষে সাম্প্রদায়িকতার ঢেউ লাগতো না। কিন্তু তারাও চান তারাও নানা রকম সমস্যায় জর্জরিত। সুতরাং খানিকটা সাম্প্রদায়িকতার ঢেউ আমাদের

দেশে লাগুক তারপরে আমরা থামাবো। এই উদ্দেশ্য নিয়ে আজকে তারা যে কেশ চুরির ব্যাপার সেটা তদন্ত করলে সরাসরি দুই দিনের ভিতর পাকিস্তান জব্দ হয়ে যেত সেটা তারা না করে আজকে কোথায় কেশ চুরি আর সঙ্গে সঙ্গে খুলনা যশোরে হানাহানি আরম্ভ হল—এটা সাধারণ লোকের একটু সামান্য বুদ্ধি থাকলেই বুঝতে পারে যে সুপরিকল্পিত পরিকল্পনা ছাড়া এই জিনিসটা হতে পারে না। এবং কলকাতার বুকের উপর তারা উস্কানি দিয়েছে। আমি ইউনিভার্সিটির অনেক অধ্যাপকের কাছ থেকে রিপোর্ট পেয়েছি যে এখানে অনেক গুপ্তচর আছে, পাকিস্তানী এজেণ্টস আছে যারা বন্দুক, বোমা, প্রভৃতি নিয়ে সাধারণ নাগরিককে ভয় দেখিয়েছে এবং তার ফলে মানুষ যে খাতে পড়ে সেই খাতে পড়ছে এবং তারই ফলে আরম্ভ হয়েছে সাম্প্রদায়িকতা এই জিনিসটা আগেই বন্ধ করতে পারতেন। কোলকাতায় তাঁরা জানেন না যে ডেপুটি হাই কমিশনার অব পাকিস্তান কি করছেন, তাঁদের ক্রিয়া কলাপের দিকে একটু কড়া নজর রাখলে আজকে কোলকাতায় এই ঘটনা ঘটাতো না। আজকে সেখানে তাঁদের এই সমস্ত লীলাভূমি আছে সেগুলিকে যারা বন্ধ করতে গিয়েছিলেন সেই পুলিস কমিশনারকে একদিনে কর্ম থেকে অবসান দেয়া হয়েছে যে তুমি ক্লান্ত। সে বুদ্ধিতে ক্লান্ত. সে নষ্টামিই সরকারের বুঝতে পারে নি। সরকার চান এই সাম্প্রদায়িকতার খেলা খেললে আমাদের ভোটের সুবিধা হবে। এই ভোটের দিকে চেয়ে আজকে এখানে সাম্প্রদায়িকতা চালানো হয়েছে। আজকে দেখুন কেন আমি একথা বলছি কোন মন্ত্রী একবার গিয়ে চোখের জল ফেললেন না, দুর্গত হয়ে যারা আসছে তারা যেতে পাচ্ছে কি পাচ্ছে না সে সব দেখে তাদের যত্ন শুশ্রূষা করা হচ্ছে কিনা, সর্বস্বহারা হয়ে যারা আসছে তারা কিভাবে আছে সে সব কিছুই দেখলেন না। রিলিফ ক্যাম্প করে সেখানে বেশ ভালভাবে খাদ্যের ব্যবস্থা করা হচ্ছে এবং বলা হচ্ছে আমি যতক্ষণ এসে না বলি ততক্ষন তোমরা এই ক্যাম্প ছেড়ে যেও না, ম্যাজিষ্ট্রেট তোমাদের যতই বলুক তোমরা এই ক্যাম্প ছেড়ে যাবে না। আমি হরিণঘাটার নিকট ক্যাম্পের খবর সঠিকভাবে জানি। সুতরাং এই জিনিসগুলি আমরা দেখতে পাচ্ছি যে সাম্প্রদায়িকতার ঢেউটাকে আমরা সদ্ব্যবহার করবার চেষ্টা করেছি এই দুরদৃষ্টি রেখে গদীটা যাতে আমাদের পাকা থাকে, কারণ এই সাম্প্রদায়িকতা কংগ্রেস সরকার যে করেন নি তা নয়। অসামে কি হয়েছে, কেরালায় কি হয়েছিল—সমস্ত জায়গায় তাঁরা যখন অসুবিধায় পড়েন তখন তাঁরা সেই সাম্প্রদায়িকতা প্রচার করেন। আজকে আমরা দেখছি পাকিস্তানও ঠিক সেই পলিসি গ্রহণ করে চলেছে—আমরা দেখতে পাচ্ছি পাকিস্তান যখনই সমস্যা জর্জরিত হয়ে পড়ে, যখনই একটা গণশক্তি সেখানে জাগ্রত হয়েছে, যখন তারা একটা আন্দোলন করতে চাচ্ছে তখনই সাম্প্রদায়িকতার বিশেষ বহ্নি সেখানে জ্বালিয়ে দিয়ে মানুষের দৃষ্টি তারা অন্যত্র চালিয়ে দিয়েছে। এই জিনিসটাকে বন্ধ করতে গেলে মুল যেটা এখানে দেখুন এখনও সাম্প্রদায়িকভাবে এডুকেসান দেয়া হচ্ছে, এগুলি বন্ধ করতে হবে এবং আমি একথা বলতে পারি জোর করে যদি সমাজতন্ত্র সুপ্রতিষ্ঠিত হয় তাহলে পাকিস্তানে ঐ সাম্প্রদায়িকতা দুদিনে বন্ধ হয়ে যাবে, কারণ এই হাওয়া যখন সেখানে যাবে তখন ঐ সাম্প্রদায়িকতার খেলা খেলিয়ে আর মানুষকে বিভ্রান্ত করা চলবেনা। সুতরাং আজকে আমাদের ঘর সামলাতে হবে এবং একটা জিনিস আমরা দেখছি আমাদের বাংলা সরকার বৈষয়িক বুদ্ধিও খাটাতে পারেন না। তাঁরা দেখাচ্ছেন যে দণ্ডকারণ্যে শুধু পাঠিয়ে চলেছি কিন্তু কত লোক আসবে আমাদের অতীতে বহুবার এই রকম হয়েছে, এদেশ ছেড়ে আমরা অন্য দেশে গিয়েছি। কারণ আপনি যদি দেখেন তাহলে দেখবেন নেপালে গৌর ব্রাহ্মণে ভর্তি, গুজরাটে গৌর ব্রাহ্মণ, কাশ্মীর গৌর ব্রাহ্মণ স্যার, গৌর দেশ থেকে তাঁরা সব চলে গিয়েছিলেন। এই জিনিসটা ঐতিহাসিক দৃষ্টিতে দেখলে পরে দেখতে পাবেন যে আমাদের দেশে সাম্প্রদায়িকতা অনেকদিন ধরে চলেছে। সুতরাং এটাকে বন্ধ করতে গেলে অতীতের পুনরাবৃত্তি করলে চলবে না, নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে করতে হবে।

[5-5—5-15 p.m.]

সুতরাং আজকে আমাদের এই সাম্প্রদায়িকতা নিয়ে জর্জরিত না হয়ে, আমাদের বৈষয়িক বুদ্ধির কথা যেটা বলছিলাম সেটা হচ্ছে আমরা আন্দামানটা দাবী করছি না,

কেন? বাংলার মধ্যে আরও স্থান দরকার, বাংলার রাজ্যকে আরও বিস্তৃত করে দিতে হবে। ত্রিপুরায় জায়গা আছে, আন্দামানেও জায়গা আছে, এইগুলকে আমরা চাই। এইটা করা হচ্ছে যদি আমি দেখতাম তাহলে আমি বুঝতাম যে ব্যবহারিক বুদ্ধি তাঁরা খাটিয়েছেন। এই যে একটা অবস্থা সৃষ্টি হয়েছে, যে বর্তমান অবস্থার মধ্যে তারা খানিকটা দুর্গত মানুষদের সাহায্য দেবার জন্য সত্যিই একটি সুস্থ পরিকল্পনা করেছেন। কারণ আমরা জানি দণ্ডকারণ্যে কত লোক থাকতে পারে, এবং সেখানে সব রকম লোক যেতে পারেন না। পশ্চিম বঙ্গে যত উদ্বাস্তু আসবে, তারা যে সবাই দণ্ডকারণ্যে যাবার মত লোক হবে তা নয়। সেখানে স্কুলের মাস্টাররা গিয়ে কি করবেন? বড় বড় ইঞ্জিনিয়ার যারা এখানে আসবেন তাঁরা সেখানে গিয়ে কি করবেন? সুতরাং আমাদের পশ্চিম বঙ্গে বেশ কিছু লোককে রাখতেই হবে, এবং তার জন্য সেণ্টারের কাছ থেকে টাকা দাবী করতে হবে এই বলে যে, আমাদের এখানে আরও বেশী করে শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে। আমাদের এখানে আরও বিদ্যালয় ও কলেজ প্রতিষ্ঠা করতে হবে। এই সকল বিষয় কোন পরিকল্পনা বা ইঙ্গিত মাননীয়া রাজ্যপালের ভাষণের মধ্যে আমি দেখতে পেলাম না।

Shrimati Reba Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ মুখার্জী মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন, আমি তা সমর্থন করে আপনার মাধ্যমে এই হাউসের সামনে আমার দু-চারটে যুক্তি রাখছি।

বিরোধী পক্ষের সদস্যেরা—মাননীয়া রাজ্যপালের ভাষণে পাকিস্থানের সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাতনের উল্লেখ করা হয়নি বলে তাঁকে দোষারোপ করেছেন। কিন্তু আমি মনে করি মাননীয়া রাজ্যপালের ভাষণ সংক্ষিপ্ত হলেও তিনি উভয় দেশের সংখ্যালঘুদের নিরাপত্তা ও স্বাধীনতা রক্ষার কথা উল্লেখ করেছেন। আমরা দেখছি কি আকুল আগ্রহ নিয়ে তিনি বিধ্বস্ত এলাকাগুলি পরিদর্শন করেছেন এবং আমাদের মত কর্মীদের হিন্দু-মুসলমান নির্বিশেষে সকলকে সেবা করতে অনুরোধ জানিয়েছেন। মাননীয় সদস্য শ্রীশশাঙ্ক শেখর সান্যাল মহাশয় বলেছেন যে রাজভবনের দ্বার সকলের জন্য খুলে দিয়ে, তিনি সংবিধানকে অবমাননা করেছেন। কারণ, ঐটা সরকারের সম্পত্তি। আইনে কি বলে জানিনা, তবে স্বাধীন রাষ্ট্রে, জনগণই হচ্ছে সরকারের নিয়ন্তা এবং তাদের মঙ্গলের জন্যই সব কিছু নিয়োজিত। তিনি এই বিপর্যয়ের সময় রাজভবনের দ্বার খুলে রেখে যে মানবিকতার আদর্শ স্থাপন করেছেন, তা চিরস্মরণীয়। কেবল আজই নয়, চীন আক্রমণ থেকে আজ পর্যন্ত যুদ্ধের প্রস্তুতি কাজে রাজভবনের নীচের তলা ব্যবহৃত হচ্ছে বলে আপনারা সবাই জানেন। প্রজাতন্ত্র দিবসে কোন আলো জ্বালান হবে না, যদি একজনও ভিকটিম রাস্তায় থাকেন, তিনি একথা ঘোষণা করেছেন। দেশ বিভাগের সময় উভয় দেশের মাইনরিটিস দের স্বার্থ ও স্বাধীনতা রক্ষা করার প্রতিশ্রুতি মহম্মদ আলি জিন্নাও দিয়েছিলেন, এবং তারপরে নেহেরু, লিয়াকৎ আলি চুক্তিতে তা পুনরায় ঘোষণা করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় পাকিস্থান সরকার কোন না কোন, অজুহাতে, যেমন বর্তমানে কাশ্মীরের হজরৎবলের ঘটনাকে উপলক্ষ করে সুপরিকল্পিত উপায়ে পাকিস্থানে সংখ্যালঘু সম্প্রদায় উচ্ছেদ সাধনে বদ্ধপরিকর হয়েছেন। পশ্চিমবঙ্গের হাঙ্গামায় শুধু সংখ্যালঘুরাই ক্ষতিগ্রস্ত হন নাই, এতে অনেক হিন্দু পরিবার ও ক্ষতিগ্রস্ত হয়েছেন। সংখ্যালঘুর উপর আক্রমণই পাকিস্তানী বর্বরতার বলিষ্ঠ প্রত্যুত্তর নয়, কারণ হিংসার দ্বারা হিংসাকে জয় করা যায় না, তা বিভিন্ন দেশে ও বিভিন্ন কালে প্রমাণিত হয়েছে। সেজন্যই স্বাধীন ভারত অহিংসার ও শান্তির নীতি গ্রহণ করেছেন। পাকিস্তান সরকার আমাদের মা ভাইবোনদের নিরাপত্তা দিতে পারছেন না বলেই তাদের বিরুদ্ধে অন্য পন্থা গ্রহণ করতে হবে। মারামারি কাটাকাটি লুঠতরাজ ইহার পন্থা নয়। সংবিধানে দেশকে সিকুলার ষ্টেট বলে আমরা গ্রহণ করেছি। অর্থাৎ ধর্ম্ম নিরপেক্ষ রাষ্ট্র যেখানে সব ধর্ম্মাবলম্বী লোকেরা সমান সুযোগ সুবিধা নিয়ে পাশাপাশি সুখে ও শান্তিতে বসবাস করতে পারবেন। অনেকের ভারতের সিকুলারিজময়ের বিরুদ্ধে বলেছেন। কিন্তু সিকুলার ষ্টেট না রাখতে পারলে ভারতের কৃষ্টি ও সভ্যতা বিঘ্নীত হবে বলে আমার বিশ্বাস। এবং আজ পৃথিবীতে যে প্রগতিশীল নেতৃত্বের সামনে ভারত প্রতিষ্ঠিত হয়েছে সিকুলারিজমকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করতে না পারলে প্রগতির পথ ও আন্তর্জাতিক নেতৃত্বের আসন থেকে আমরা চ্যুত হব। রাষ্ট্রসংঘে পাকিস্তানের সংখ্যালঘুদের

নিরাপত্তাবিধানের ব্যর্থতা ও সংখ্যালঘুদের প্রতি এই অমানুষিক অত্যাচারের কথা নিয়ে সক্রিয় ভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে যাতে বিশ্ব জনমত তাদের বিরুদ্ধে গঠিত হয়। এই বিষয়ে আমাদের কংগ্রেস নেতা শ্রীঅতুল্য ঘোষ তার বিবৃতিতে আমাদের নির্দেশ দান করেছেন। তিনি বলেছেন পাকিস্তান থেকে আগত হিন্দুদের সব চরম সাহায্য দিতে হবে এবং সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। সর্ব ভারতীয় ভিত্তিতে এটিকে ব্যবস্থা করতে হবে। এবং আশার কথা এই যে কেন্দ্রীয় সরকার তাতে অগ্রণী হয়েছেন। পশ্চিম বঙ্গের অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে বলতে হয় রাজ্যসরকার যে খাদ্য নীতি গ্রহণ করেছেন তা সময়োপযোগী হয়েছে। উৎপাদন বৃদ্ধি করতে হবে। আশার কথা যে রাজ্য সরকার কৃষি উৎপাদনকে অগ্রাধিকার দিয়েছেন। এবং নানা প্রকার পরিকল্পনা যেমন প্যাকেজ প্রোগ্রাম পরিকল্পনা, জাপানিজ মেথড ফার্মস ক্রেডিট সোসাইটি ইমপ্রুভড ইমপ্লিমেন্ট সময়ে সার বন্টন ভাল বীজ ও জল সেচের ব্যবস্থা গ্রহণ করেছেন। এসব কার্য্যকরী করতে হলে সরকারী প্রচেষ্টার সঙ্গে জনসাধারণের সক্রিয় সহযোগিতা প্রয়োজনীয়।

Shri Syed Shahedullah: Sir, I move that the following be added at the end of the Address in reply, namely:

"But regret that there is no mention about the condition of detenus and political prisoners in jail in particular and condition of the jails in general."

[5-25—5-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপালের অভিভাষণ সম্বন্ধে বলতে উঠে আমি যে বিষয়টার এখানে অবতারণা করতে চাই সে বিষয়টা এখানকার য়্যাটমসফেয়ারের সঙ্গে যদিও খাপ খাচ্ছে না তবুও আমাকে সেকথা বলতে হবে। এখানে যে দাঙ্গা হাঙ্গামা হয়ে গেল স্বভাবতই তার সম্বন্ধে আমাদের বিক্ষোভ বেশী, ব্যথা বেশী এবং স্বভাবতঃ সে সম্বন্ধে অনেককে বলতে হয়েছে, আমাকেও হয়ত ২।৪ কথা বলতে হবে কিন্তু ইতিমধ্যে আরো অনেক কিছু সমস্যা গত এক বছরে দেখা দিয়েছে, যার সম্বন্ধে একেবারে সম্পূর্ণ নীরব থাকা সম্ভব নয়। দীর্ঘকাল ধরে আমরা এই ঘরে অনেকে আসতে পারিনি ইনভালানটারিলী, আমরা আটক বন্দী ছিলাম এবং সেই আবার আমাদের মনে অনেক কিছু কথা থেকেছে সে ভাল বলার অভিপ্রায় বা ইচ্ছা আমাদের থেকেছে। সুতরাং আজকে যদি সেটাকে এখানে নিবেদন করি তাহলে আশা করি আপনি এবং অন্যান্য যাঁরা এখানে উপস্থিত আছেন তারা এটাকে হয়ত সহ্য করবেন বা বলবেন। আমাদের যে আটকবন্দী করা হয় সে সম্বন্ধে আমাদের যা কিছু বক্তব্য আছে তা আপনি জানেন কিনা বিচারে এই রকম ভাবে আটক করার বিরুদ্ধে সেভাবে এই জরুরী আইন প্রয়োগ করা হয়েছে— এটা বর্ত্তমানে আলোচ্য বিষয় নয়। আমি যেটা এখানে বলতে চাই, ভারতবর্ষের রাষ্ট্র ভারতবর্ষের সমাজ এবং বাংলাদেশের সমাজ তাদের যে ভাবে লাঞ্ছনা করা হয়েছে এই সরকারের দ্বারা সেটুকু আমি নিবেদন করতে চাই। প্রত্যেক সভ্য জাতীর, সভ্য সমাজের, সভ্য সরকারের একটা ষ্ট্যাণ্ডার্ড থাকে। বিনা বিচারে বন্দী করা এটা গণতন্ত্র বিরোধী জিনিস যদিও বা কোনদিন কোন জায়গায় হয়েছে তার একটা ষ্ট্যাণ্ডার্ড আছে কিন্তু এখানে আমরা কি দেখেছি? রাত্রি ৩।৪ টায় সময় লোককে ধরে নিয়ে যাওয়া হয়েছে এবং নিয়ে যেয়ে খোলা সানের উপর ফেলে দেয়া হয়েছে—তাদের বাড়ী থেকে যে বিছানা দিয়ে যাওয়া হয়েছে যদিও আইনে এ সম্বন্ধে লেখা আছে। তা সত্বেও তাদের সেই বিছানা ব্যবহার করতে দেয়া হয়নি এবং সেখানে তাঁদের আত্মীয় স্বজন গিয়ে যে বিছানা জমা দিয়া এসেছে সেই বিছানা সেখান থেকে ফিরিয়ে দেয়া হয়েছে, বলা হয়েছে আণ্ডার ট্রায়ালের ষ্ট্যাণ্ডার্ড তারা পাবে কিন্তু আণ্ডার ট্রায়াল ষ্ট্যাণ্ডার্ড তারপর তারা পায় নি। এখানে একটা কথা প্রসংগত বলে নিই যে গতবারে যখন এই হাউসে আলোচনা হয়েছিল তখন শ্রীশংকর দাস ব্যানার্জি উঠে বলেছিলেন সরকারের পক্ষ থেকে যে খাবার টাবার তাদের দেয়া হচ্ছে সেটা লজ য়্যাণ্ড ডিলাইট হবে না বটে কিন্তু সাধারণতঃ স্বাস্থ্যকর পুষ্টিকর ইত্যাদি সবচেয়ে মজার জিনিস যাঁরা খাবার জিনিসটা খুব বড় বলে জীবনে দেখেছেন তাঁরাই খাবার কথাটা প্রথমে মনে করেন কিন্তু যাঁরা ডিটেনসনে থেকেছেন খাবার কথাটা তাঁদের কাছে প্রমাণ হয়নি। নিশ্চয়ই এটা ঠিক যে খেয়ে মানুষকে বেঁচে থাকতে হয়ে এবং যখন মন্ত্রী মহাশয়দের ষ্ট্যাণ্ডার্ড অনুযায়ী বেতন ঠিক হয় তখন খাবার কথাটাও তার মধ্যে আসে এবং সেজন্য অংকের হারটাও বাড়ে কিন্তু তা বলে খাবার কথাটা সব সময় আলোচ্য বিষয় নয়—সেটা সবচেয়ে বড় ছিল তাদের প্রতিদিনের লাঞ্ছনা এবং তাঁদের যাঁরা আত্মীয় স্বজন হবার দুর্ভাগ্য বা সৌভাগ্য হয়েছে তাঁদেরও সেই রকম। ইন্টারভিউ

করতে বলেছে সাধারণ কয়েদীদের যেমন ভাবে দাড়িয়ে থাকতে হয় জালের মধ্যে তাঁদের মা, ভগিনী তাঁদের বেলায় ও সেই পার্থক্য রাখা হয়েছে যা কিনা রাজনৈতিক বন্দীদের ক্ষেত্রে হওয়া উচিৎ নয়। স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী থাকাকালীন অনেক আন্দোলনের পর কথাবার্ত্তা হয়ে একটা ষ্ট্যাণ্ডার্ড ঠিক হয়েছিল এবং যাহোক একটা ডিটেনসনে রাখলে। বিনা বিচারে মানুষকে বন্দী করে করে আসছি, বিচার করিনি, দণ্ড দিইনি, কোনরকম অভিযোগ প্রমাণিত হয়নি—তাঁকে যখন আটক রাখছি তখন তার জন্য একটা ষ্ট্যাণ্ডার্ড ঠিক করা উচিৎ। তিনি কতকগুলি ঠিক করে গিয়েছিলেন, সেই রকম ভাবে আবার চলে আসছিল—সে জিনিষ ভেঙ্গে দিয়ে এখন এই জিনিস করা হয়েছে। ব্যক্তিগতভাবে শুধু একজন নাগরিককে কোথায় ধরা হল সেটা প্রশ্ন নয়, সেখানে প্রশ্ন হল দেশের বা রাষ্ট্রের প্রত্যেকটা নাগরিকের সম্মান থাকলো কি থাকলো না—জগতের কাছে তার পরিচয় দেবার যে তারা কিভাবে বন্দীদের সঙ্গে ব্যবহার করে সেই পরিচয় এই গভর্ণমেন্টের এই রাষ্ট্রের কি থাকলো, বিদেশে কি থাকলো সেই জবাব এই গভর্ণমেন্টকে দিতে হবে, রাজ্যপালের গভর্ণমেন্টকে সেই জবাব দিতে হবে এবং সেখানে দেখা যাবে যে এই গভর্ণমেন্ট হোপলেসলী ফেল করেছে, এই গভর্ণমেন্ট যা করেছেন তাতে একটা কলঙ্কের চিত্র দেশের ইতিহাসে তারা রেখে দিয়েছেন যে এই রকম ব্যবহার করা হয় রাজনৈতিক বন্দীদের উপর। তাঁদের ঘর থেকে পয়সা এনে সামান্য খবরের কাগজ পড়তে হয়েছে, বইটই আনতে হয়েছে। আমার কাছে বই নিয়ে যেতে হয়েছে পুরুলিয়ায় এবং সেখানে বই পার্সেল করে পাঠাতে হয়েছে এবং তার খরচ যা পড়েছে আমাকে বিয়ার করতে হয়েছে—এক এক মাসে ১৩।১৪ টাকা খরচ পড়ছে। এই ভাবে মেডিকেল য্যাটেনডেন্সেরও ভাল করে ব্যবস্থা করা হয়নি। আমি অবশ্য ব্যক্তিগতভাবে নিজের কথা বলছিনা, আমি সকলের কথাই বলছি। আমার নিজের প্রশ্ন কেবল আসে না। একটা কথা পড়াশুনা ইত্যাদির কোন ব্যবস্থা হয়নি। সুতরাং আমি নিবেদন করবো ডাঃ রায়ের সময় সেখানে ঠিক হয়েছিল সেটা কেন হয় যাতে দেবালয় বা রাষ্ট্রের একটা মর্যাদা থাকে যে বিনা বিচারে বন্দী করলে সেই বন্দীর প্রতি তারা আচরণ করতে জানেন অন্ততঃ সেইটুকু প্রতিষ্ঠা হোক এটাই আমি এখানে নিবেদন করবো।

এছাড়া আমার আরও দু-চারটে কথা আছে। যখন আমরা আজকে এখানে বিক্ষুব্ধ অবস্থায় রয়েছি তখন অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু এক এক সময় নিরীহ লোকের উপরেই অনেক কিছু অত্যাচার হয়ে যায়। যদি আমরা শুধু গুজবের উপর দিয়ে চলতে থাকি। আমি জানি এখানে যে ভাবে আমাদের সমাজ চেতনার সুযোগ নিয়ে অনেকে অন্যায় কাজ করে যাচ্ছে। আমি জানি হাওড়াতে শান্তি কর্মী নিতাই বিশ্বাস, কম্যুনিষ্ট পার্টির কর্মী, তাকে ধরে নিয়ে যাওয়া হয়েছিল। খবরের কাগজে বেরিয়েছে যে তরুন কান্তি ঘোষ মহাশয়, তিনি নিজে এস, পি-কে বলে, তাকে ছাড়াতে হয়েছে। কারণ স্থানীয় জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে হিন্দু মুসলমান একত্র মিলে তার মুক্তির জন্য দাবী জানায়। তাকে এ্যারেষ্ট করে থানায় নিয়ে গিয়ে লাঞ্ছনা করা হয়েছে। অবশেষে সেখানে এক পাবলিক মিটিং এর সামনে পুলিশ অফিসারকে এর জন্য অনুতাপ প্রকাশ করতে হয়েছে। এ সম্বন্ধে আমি আর বেশী কিছু বলতে চাই না, কিন্তু এই রকম ভুল বা অন্যায় কাজ প্রায়ই হয়ে থাকে। আপনার কাছে এখানে একটা কথা বলবো, সেটা আমার ব্যক্তিগত জ্ঞানে এসেছে। আমার ব্যক্তিগত শ্রদ্ধাভাজন গান্ধীবাদী নেতারা যাঁরা বাংলা দেশের একাংশ, যাঁদের সঙ্গে ১৯২১ সাল থেকে, অর্থাৎ আমার যখন ছোটবেলা, তখন থেকে সম্পর্ক আছে, এবং যাঁরা তখনও আমাকে স্নেহ প্রীতি করেন, আমি জানি তাঁদের অভিজ্ঞতা,—তাঁরা কোন এক জায়গায় এক সময়, ৬০০ জন মুসলমান, সংখ্যালঘু সম্প্রদায়ের লোককে সেলটার দিয়ে রেখেছিলেন, এবং তাদের সেবা করছিলেন, সেই সময় লোকাল পুলিশ অফিসারস্‌রা তাদের কাছে গিয়ে বলেন, আমরা খবর পেয়ে এসেছি যে এখানে ১৫জন হিন্দু, মুসলমানের দ্বারা এরেষ্ট হয়ে আছে, আমরা তাদের উদ্ধার করতে এসেছি। তখন তারা বলেন মোটেই তা নয় সুতরাং নাম্বার এ বেশী বটে, কিন্তু আমরা তাদের নিয়ে এসে রেখেছি। আবার এও হয়, যে সেখানে কোন ঘর ফোর্সফুলি অকুপাই করেছে,—সেখানে তারা বললে না, এটা আমাদের সোসাইটির ঘর, তারা ফোর্সফুলি অকুপাই করেনি, আমরা তাদের নিয়ে এসে রেখেছি। এই রকম সব খবর ও বিভ্রান্তকর অভিযোগ পুলিশের কাছে গিয়ে পৌঁছায় এবং বিভ্রান্তকর সংবাদে পুলিশ হৈচৈ এর সময় আসে। সুতরাং এমন যেন না হয়, যে এই ধরণের নানা রকম সংবাদে আমরা বিচলিত হয়ে এমন কাণ্ড না করে বসি যাতে সামগ্রিক ভাবে নিরীহ লোকদের উপর অত্যাচার ঘটে যায়। এখানে যে ভাবে অনেকে তাঁদের বক্তৃতার ভাষণ রেখেছেন তাতে মনে হয় প্রত্যেকটি মুসলমানই সাসপেক্ট হয়ে যাচ্ছেন। মুসলমান সাসপেক্ট হওয়ার ইতিহাসও আজকের নয়। ১৯৪০ সালের আগে যখন ১৯২১

পালে আন্দোলন চলছিল, সেই সময় মৌলানা আজাদ হাবিবুল্লা দুঃখ করে লিখেছিলেন যে আমাকে কেউ প্রশ্ন করেনি যে তোমার লয়েলটি ইণ্ডিয়াতে, না, তোমার লয়েলটি অন্য কোথাও? কিন্তু, আন্দোলন যখন ভাটায় পড়ে, যখন ইংরাজদের প্রবল শক্তির উপর আমরা আচ্ছন্ন হয়ে পড়ি তখন আবার নিজেদের মধ্যে—নো চেঞ্জার থেকে যখন চেঞ্জার হই, তখন আমাদের মধ্যে এই সব জিনিষ দেখা এই রকম সব জিনিষের প্রশ্ন ওঠে এবং একটা সাসপিসান জাগে। সুতরাং সেই ইতিহাসও আছে। কিন্তু, তবু আজকের দিনে এইটুকু নিবেদন করবো—অনেক কিছু ঘটে গিয়েছে, অনেক কিছু জিনিষ হয়ে গিয়েছে,—একথা সত্যি যে এখানে অনেক কিছু অবাঞ্ছিত ঘটে গিয়েছে, তবু সেখানে একটু শুভবুদ্ধির চেষ্টা করা উচিত। যেমন আমার পূর্ববর্তী বক্তা বলে গেলেন। সেই রকম একটু চেষ্টা করা আমাদের সকলের পক্ষে উচিত। আমাদের ব্যক্তিগত ভাবে সকলের চেষ্টা করা উচিত। এখানে একটা কথা উঠেছে যে মুসলমান পল্লীগুলিকে বিচ্ছিন্ন করে ছড়িয়ে দিলে ভাল হয়। এখন গঠনতন্ত্র অনুযায়ী সেগুলি বিচ্ছিন্ন করার ক্ষমতা যে কতটা আছে, সেটা বিচার্য্য বিষয়। এই সব জিনিস এত সহজে হয় না। কিন্তু একটা জিনিস আমি এখানে নিবেদন করবো যে প্রথম এই জিনিসটা ভাবা উচিত যে আমাদের দেশে অনেক কিছু নষ্ট হয়ে যাচ্ছে যা অতীত থেকে আছে। এটা হঠাৎ যে নষ্ট হয়ে যাচ্ছে, তা নয়। অতীতের অনেক নজীর আছে। অবশ্য এ দেশের হিন্দু পাড়া বা মুসলমান পাড়া বলে কিছু ছিল না। পূর্বে হিন্দু, মুসলমান পাড়া বলে সার্প এণ্ড ক্লিয়ার কনসেপসান ছিল না। যেটা সেপারেট ইলেকটোরেট-এর পর এসেছে, এবং তা হতে হতে, আজকে দেশ বিভাগ পর্যন্ত দাঁড়িয়ে গেল। সেরকম কাষ্ট ছিল না বটে। তবে ব্রাহ্মণ কায়স্থ পাড়া বলে কথিত ছিল। আপনি কবি কঙ্কণের কালকেতুর নগর পত্তনে দেখতে পাবেন। আমার ঐ সমস্ত বলবার দরকার নেই, আমরা ত সাধারণ পাঠক মাত্র, আমরা ত স্কলার নই। কিন্তু অতীতের ইতিহাসে আমরা দেখেছি সেখানে পাড়া এই রকম ভাবেই গড়ে উঠেছে। এবং সে সব পাড়া থাকারও কারণ আছে। কারণ প্রত্যেকটি জাতির জীবনের আচার বিচারের কিছু কিছু পার্থক্য আছে, যার ফলেতে হয়ত এই রকম পাড়া সৃষ্টি হয়েছে। সময় পরিবর্ত্তনের সাথে সাথে আচার বিচার, ব্যবহার এই রকম সমস্ত কিছু ভেঙ্গে যাচ্ছে, এটা খুব ভাল কথা। আরও ভাল হওয়া উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় এই সব আবার মাঝখানে এসে দাঁড়িয়ে গিয়েছে।

আপনিই সেগুলি হয়ে যাবে যদি অবস্থা সে রকম হয়ে যায়, সে অবস্থা হবে। কিন্তু প্রধান এখন জিনিষটা দাড়িয়েছে তা হচ্ছে সে হিন্দু হউক আর মুসলমান হউক যার ঘর নষ্ট হয়েছে এই এই দাঙ্গার মধ্য দিয়ে সে সেখানে গিয়ে আবার থাকতে পারবে কিনা—দুঃখের বিষয় এই গভর্ণমেন্টের যে নীতি ঘোষণা করলেন তাতে বোঝা গেল তার কোন নিশ্চয়তা নেই। সেখানে যে সমস্ত দালান বাড়ী তৈরী হবে যে বাড়ী ভাড়া দেওয়া হবে—যেমন সি, আই টি ঘর হচ্ছে, আবার যে সব জায়গায় মালিক যদি বণ্ড দিতে রাজী না হয় তাহলে দ্যাট উইল বি লেফট টু হিজ কাইণ্ডনেশ—সে হয় হবে না হয় না হবে। সুতরাং কোন নিশ্চয়তা নাই। যে মানুষগুলির আবাসস্থল যে ঘরগুলি গেল তারা আবার সেখানে ফিরে আসতে পারবে এর কোন নিশ্চয়তা নাই। এটা অত্যন্ত দুঃখজনক কথা। এটার বিরুদ্ধে প্রতিবাদ করে যাতে সরকার এই নীতি পরিবর্ত্তন করেন সেটাই আমি বলতে চাই।

Shri Devaprosad Chatterjea:

আইনটা ভাল করে পড়ে দেখুন।

Shri Syed Shahedullah:

আইনটা দেখেছি এবং মন্ত্রীমহাশয় নিজেও বলে গেছেন এবং এর যে ফাঁক আছে আজকে কোশ্চেন এণ্ড এনসার এ রিভিয়েলড হয়েছে এবং ঐ ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড ডেভেলপমেন্ট বিলে ও দেখেছি তাতে সরকারের ইচ্ছা প্রকাশ আছে কিন্তু আইনের মধ্যে তার কোন বাধ্যবাধকতা নেই এবং কোন ব্যবস্থাও নাই, নির্দ্দেশও নাই। যাই হউক আমি নিবেদন করছি সরকার যাতে এটার উপর জোর দেন এবং গৃহীত নীতি বলে গ্রহণ করেন সেটাই আমি আবেদন করব।

Shri Sudhir Kumar Banerjee:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় রাজ্যপালিকা যুক্ত অধিবেশনে ভাষণ দেবার জন্য আমাদের শ্রদ্ধেয় সদস্য শ্রীযুক্ত বিশ্বনাথ মুখার্জী মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তার সমর্থন জানাই। আমাদের পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক অপ্রত্যাশিত যে দাঙ্গা

হল তাতে যে সামান্য ক্ষতি হয়েছে যে হিন্দু বা মুসলমান নিহত হয়েছে এবং পুলিসের গুলিতে নিহত হয়েছে তার জন্য বাস্তবিকই আমরা দুঃখিত। কিন্তু সেই তুলনায় আমাদের পূর্ববঙ্গে যে বীভৎস হত্যাকাণ্ড হয়ে গেল সে সম্বন্ধে, আজকে আলোচনা করতে গেলে বাস্তবিকই গায়ে কাঁটা দিয়ে উঠে। আজকে পূর্ববাংলায় নারী ধর্ষণ, অত্যাচার, ধর্মান্তিকরণ ইত্যাদি সব অবাধে হচ্ছে। অথচ সেখানকার সরকার নীরব। তাই এই সাম্প্রদায়িক দাঙ্গা ঠিক সাম্প্রদায়িক দাঙ্গা হিসাবে ধরলে চলবে না। এটা সেখানকার জঙ্গী শাসক আয়ুবশাহীর রাজনৈতিক সুপরিকল্পিত চক্রান্ত এ বিষয়ে কোন সন্দেহ নাই। আমাদের কাশ্মীরে হজরতবাল মসজিদে যে কেশ চুরী হয়েছে তাতে তিনজন মুসলমান ধরা পড়েছে। এই কেশ চুরীর মাধ্যমে খুলনায়, যশোরে দাঙ্গা ঘটানো এবং ঢাকা নারায়ণগঞ্জ দাঙ্গা ঘটানোর পিছনে একটা বিপ্লব সৃষ্টি করবার চেষ্টা হয়েছিল। এবং ভারতের বিরুদ্ধে অভিযান করবার ষড়যন্ত্র করা হয়েছিল। আজকে বুঝতে পারা যাচ্ছে যে তারা শুধু কাশ্মীর অভিযান করেই থামবে না তারপরে বাংলাদেশ ও আসামের উপরে তাদের নজর পরেছে। তাই আমাদের সরকারকে সজাগ থাকতে হবে পাকিস্তানী আক্রমণের বিরুদ্ধে। তারা ইতিমধ্যে পাক অধিকৃত কাশ্মীরে ১০ হাজার রাইফেল সরবরাহ করেছে। এবং আজকে পশ্চিমবাংলায় তাদের গুপ্তচর বাহিনী বিশেষ ভাবে কাজ করেছে। এই গুপ্তচরদের কাছ থেকে রিভলবার রাইফেল স্টেনগান ইত্যাদি পাওয়া গেছে।

এবং এখনও পর্যন্ত ঐ খাকসার বাহিনী রুট মার্চ করছে এবং এখনও পর্যন্ত সেখানে হিন্দুর উপর অত্যাচার আরম্ভ করেছে। এই সেদিন সালাউদ্দিনকে গ্রেপ্তারের সময় এক হাজার মুসলমান পুলিসকে ঘেরাও করে তাদের উপর ইট পাটকেল ছোঁড়ে। এই সমস্ত দেখে মনে হচ্ছে পাকিস্তানী গুপ্তচরেরা সক্রিয় হয়ে আছে। সরকার যদি তাদের সম্বন্ধে সচেতন না হন, তাদের সম্বন্ধে প্রতিকার না করেন তাহলে ভবিষ্যতে আমাদের বিপদ খুব ঘনায়মান হয়ে উঠবে। তাই জন্য আমাদের সরকারকে পাকিস্তানের সম্বন্ধে সজাগ দৃষ্টি রাখতে হবে। আর আমাদের পূর্ববাংলার যে সমস্ত ভাইবোন অত্যাচারিত, যারা সেখানে আজকে বসবাস করতে পারেন না তাদের আজকে ভারতে নিয়ে এসে ভারতের সর্বত্র, ভারতের প্রত্যেক প্রভিন্সে আমাদের সুখ দুঃখের অংশ গ্রহণ করতে হবে। পূর্ব পাকিস্তানের হিন্দু ভায়েদের আত্মত্যাগের ফলে আমরা স্বাধীনতা পেয়েছি এবং সেই স্বাধীনতা আমরা আজ উপভোগ করছি। কাজেই আজকে যারা অত্যাচারিত হচ্ছে সেই সমস্ত হিন্দু ভায়েদের বাঁচাবার জন্য ৪৪ কোটি ভারতবাসীকে তার সমান অংশ গ্রহণ করতে হবে। তাই আমাদের সরকারকে যারা আসতে চায় তাদের মাইগ্রেসান সার্টিফিকেট দিয়ে বা বিনা মাইগ্রেসানে তারা যাতে এখানে আসতে পারে এবং যাতে সুষ্ঠুভাবে তাদের পুনর্বাসন হয় তার জন্য নির্দিষ্ট কর্মপন্থা গ্রহণ করতে হবে। দণ্ডকারণ্যে সকলের সমাধান সম্ভবপর না হলেও অন্যান্য প্রভিনসে বা আমাদের দেশে যাতে সুষ্ঠু পুনর্বাসন তাদের হয় তার জন্য আমাদের সরকারকে বিশেষভাবে চেষ্টা করতে হবে। যে সমস্ত যুবক পাকিস্তান থেকে আসবে তাদের প্রত্যেককে পুলিস এবং মিলিটারীতে ভর্তি করে আত্মরক্ষার কাজে নিয়োগ করতে হবে এবং যে সমস্ত কৃষিজীবী এখানে আসবে তাদের যদি আমরা চাষের কাজে লাগাই তাহলে এই জরুরী পরিস্থিতিতে আমাদের দেশে কৃষির উন্নতি হবে এবং উৎপাদনও বাড়বে। আজকে চীনের আক্রমণ থেকে আমরা অব্যাহতি পেলেও চীনের বন্ধু পাকিস্তানের আক্রমণ যে খুব নিকটবর্ত্তী সে সম্পর্কে চিন্তা করার সময় এসেছে এবং পাকিস্তানের আক্রমণ প্রতিরোধের জন্য আজকে আমাদের সরকারকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে এবং যে সমস্ত গুপ্তচর এখানে আছে তাদের এখান থেকে বহিস্কার করতে হবে। আসামে যে সমস্ত অনুপ্রবেশকারী দিনের পর দিন প্রবেশ করছে তাদের প্রতিও আমাদের তীব্র নজর রাখতে হবে, তা না হলে আমাদের স্বাধীনতা পাকিস্তান কতৃক শীঘ্র আক্রান্ত হবার আশঙ্কা আছে। তাই আমি বিশেষ উদ্বেগ প্রকাশ করছি এবং যাতে আমাদের সরকার সুদৃঢ় নীতি গ্রহণ করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি। দরকার হলে পর আমাদের পূর্ববাংলায় অন্ততঃ যাতে গণতান্ত্রিক সরকার গঠিত হয় সেজন্য নিরাপত্তা পরিষদে আমাদের দশ থেকে ৪৪ কোটি জনসাধারণের পক্ষ থেকে আবেদন জানাতে হবে। পাকিস্তান সরকার যেভাবে সেখানে নির্বাচন করছেন তাতে করে নিরাপত্তা পরিষদে আমাদের এই দাবী উত্থাপন করার

শেষ প্রয়োজনীয়তা আছে। অন্যান্য বিষয় সম্বন্ধে রাজ্যপালিকা যে ভাষণ দিয়াছেন তাতে ঘ, শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত, রাস্তাঘাট, বেকার সমস্যা প্রভৃতি বিষয়ে প্রত্যেক জিনিসের অগ্রগতি মনা বা আশা প্রকাশ করে তিনি ভাষণ দিয়েছেন। সেজন্য আমি চাইবো পশ্চিমবাংলায় দুদিনে যাতে আমাদের দেশের অগ্রগতি অব্যাহত থাকে, যাতে আমাদের উন্নয়নের ত্যেকটা কাজ সাফল্যমণ্ডিত হয় সেজন্য আমি বিরোধিপক্ষের প্রত্যেক সদস্যের আন্তরিক যোগিতা ও সাহায্য কামনা করি এবং আমাদের মাননীয়া রাজ্যপালিকাকে আমার আন্তরিক াবাদ ও শ্রদ্ধা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

35—5-47 p.m.]

Shri Devaprasad Chatterjea:

ননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিষদের দীর্ঘ অধিবেশনের শেষ পর্যায় এসে আমি স্বভাবতই ছু বলতে ইতস্তত করছিলাম।

মহামান্য রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে গত বছরের জরুরী পরিস্থিতির মধ্যে দেশ াবনের বিভিন্ন দিকে যে অগ্রগতি সাধন করেছে, তার উজ্জল চিত্র এঁকে, ভবিষ্যতে াশাবাদী মন নিয়ে আমাদের কর্ত্তব্যসাধন করে এই প্রগতির পথকে প্রশস্ত করবার জন্য াহ্বান জানিয়েছেন। এবং সেই সঙ্গে তাঁর ভাষণে প্রারম্ভে তিনি বর্ত্তমানে কলিকাতার এবং শ্চিমবঙ্গের কয়েকটি অঞ্চলে যে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা হয়ে গিয়েছে তার জন্য ভীর মনোবেদনা প্রকাশ করেছেন, এবং সরকার ও দেশের জনগণ স্বতঃস্ফূর্ত ভাবে ই সাম্প্রদায়িক অশান্তি বন্ধ করার পথে যে দ্রুত ব্যবস্থা অবলম্বন করে যে দেশে শান্তি রিয়ে এনেছেন, তার জন্য আনন্দ প্রকাশ করেছেন।

কিন্তু এই প্রসঙ্গে আমি তাঁর ভাষণকে এই জন্য অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এই াসঙ্গে আমাদের স্বভাবতই সকলের কাছে চিন্তার কারণ হয়ে উঠেছে যে দেশে সাম্প্র-ায়িক দাঙ্গা যেটা ঘটে গেল, এই দাঙ্গা হাঙ্গামা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। পাকিস্তান ওয়ার পর গত ১৬ বছর যাবৎ ধরে ধর্ম ভিত্তিক দ্বিজাতি সত্বের উপরে এবং সাম্প্রদায়িক ঙ্কীর্ণতার উপরে যে নূতন রাজ্য গঠিত হয়েছিল, সেই গঠনের সূচনা থেকেই ধর্মনিরপেক্ষ ভারতবর্ষের গণতান্ত্রিক পদ্ধতিতে অগ্রগতি আমাদের পার্শ্ববর্তী রাজ্য ঠিক কোন দিনই তাকে ভালভাবে মেনে নিতে পারে নি। তাই যখনই সেখানে কোন গণতান্ত্রিক বিপর্যয় ঘটবার সম্ভাবনা ঘটেছে—কি বেকার সমস্যা, কি খাদ্য সমস্যা উপলক্ষ্যে তখনই াম্প্রদায়িকতার জিগির তুলে বা কখনও কাশ্মীর আক্রমণের দ্বারা, কখনও পূর্ববঙ্গের সংখ্যা-ঘুদের উপরে নির্যাতনের দ্বারা, তার যারা একনায়কত্ববাদী, তার রাষ্ট্রনায়করা তাদের ক্ষমতাকে বজায় রাখবার চেষ্টা করেছেন। অতীতে তাদের যে চেষ্টা ঘটেছিল, গতবছর ভারতবর্ষে অন্যতম পার্শ্ববর্তী মিত্র রাষ্ট্র চৈনিক আক্রমণের পর, পাকিস্তানের কার্যকলাপ অন্য পথে দ্রুত গতিতে বেড়ে যেতে লাগলো, এবং তখন থেকেই দেখা গেল যে এক দিকে যদি আর একটি ধর্মনিরপেক্ষ বা ধর্মবর্জিত রাষ্ট্র শুধু রাজনৈতিক আদর্শে ভারতবর্ষের াফল্যে হিংসাত্মক হয়ে তাকে আক্রমণ করেছে, বিশ্বাসঘাতী সেই আক্রমণকে যদিও আমরা রুখতে পেরে ছিলাম, দেশপ্রেমের যে বন্যা সারা দেশে প্লাবিত করে বয়ে গিয়েছিল এবং সেই আক্রমণকে সংহত করে আমাদের গঠনমূলক কার্যপদ্ধতি এতদিন পর্যন্ত চালিয়ে আসতে পেরেছি যা আমাদের মাননীয়া রাজ্যপাল প্রশংসা করেছেন। কিন্তু পাকিস্তান, তারা যদিও তাদের রাজনৈতিক আদর্শ দ্বারা আক্রমণ আমাদের করেছে, কিন্তু, মূলতঃ যে রাজনৈতিক আদর্শ সাম্প্রদায়িক সঙ্কীর্ণতার দ্বারা গঠিত, সেই আদর্শে সে উদ্বুদ্ধ, এবং াদের মধ্যে একটা অদ্ভুত আঁতাত বা যোগ হয়ে গেল চৈনিক আক্রমণের পরে, এবং খন থেকে নূতন ভাবে পাকিস্তান তাদের গোপন পথে যে আক্রমণ ১৬ বছর পরে ারম্ভ করেছিল, সেই আক্রমণের পথকে আরও দী ত করে তাদের যে অভিষ্ট কর্মপন্থা থাৎ কাশ্মীর থেকে ভারতবর্ষকে বিচ্ছিন্ন করা বা পশ্চিমবঙ্গের অংশ বিশেষকে পাকি-ানের কবলে আনা, তার চেষ্টায় নূতন করে উদ্বুদ্ধ হয়ে উঠলো। এরই ফলে যখন াশ্মীরে [illegible] আক্রমণ প্রতিহত হল, তখন আমরা দেখলাম হজরতবাল মস্‌জিদের

পবিত্র মহম্মদের কেশ অপহরণ, এবং সেখানে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামার প্রচেষ্টা। কিন্তু যখন হিন্দু-মুসলমানের মিলিত সম্প্রীতির মধ্যে সেখানে সেই দাঙ্গা হাঙ্গামার প্রচেষ্টা ব্যর্থ হল, তখন তার প্রতিক্রিয়া দেখা পেল খুলনা এবং যশোহরের সুপরিকল্পিত দাঙ্গা হাঙ্গামা এবং তার প্রতিক্রিয়াস্বরূপ কলকাতায় দাঙ্গা হাঙ্গামার প্রচেষ্টা। হয়ত কলকাতার শুভ বুদ্ধি সম্পন্ন মানুষরা দাঙ্গার পথে যেত না, যদি না, এখানে পাকিস্তানী চর এবং পাক ডেপুটি হাই কমিশনারের কার্যকলাপ তাদের এ পথে আরও বেশী প্ররোচিত করত। যাই হউক আজকে অবশ্যম্ভাবী যা ঘটে গেছে এখানকার সরকার এবং জনগণ তার বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা অবলম্বন করেছেন। কিন্তু এখানে মূল প্রশ্ন থেকে যাচ্ছে যে পাকিস্তান গত ১৬ বছর ধরে যে গোপন পথে আক্রমণের পরিকল্পনা ভারতবর্ষের উপর চালিয়ে যাবার চেষ্টা করে যাচ্ছে সে সমাধানের পথ কোথায়? সেখানে যতদিন ৯০ লক্ষ সংখ্যালঘু বাস করবে তাদের যদি আমরা নিরাপত্তার ব্যবস্থা না করতে পারি তাহলে আমাদের এখানে সরকার যতই চেষ্টা করুন দেশের জনগণ শুভবুদ্ধিসম্পন্ন মানুষ শান্তিরক্ষার জন্য যতই এগিয়ে আসুক বারে বারে আমাদের কার্য্য বিপর্যস্ত হয়ে পড়বে। তাই আমাদের প্রয়োজন হয়ে পড়েছে একটা সুনির্দ্দিষ্ট পন্থা যে পন্থা, অবলম্বন করে আজকে পাকিস্তানের সংখ্যালঘু সমস্যা আমরা চিরকালের মত দূর করতে পারি। আমাদের আজকে সব থেকে বাধা হয়ে দাঁড়িয়েছে তা হচ্ছে পাকিস্তানের লৌহযবনিকা। অত্যন্ত দুঃখের কথা যে আমরা এখনও পর্যন্ত পাকিস্তানে যে নারকীয় হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে তার সঠিক হিসাব পাইনি। সংসদে শ্রীঅরুণ চন্দ্র গুহ কংগ্রেস নেতা বলেছেন যে সেখানে যে নিহত হয়েছে তার সংখ্যা হল ২০ হাজার—আমি যতদূর অমৃতবাজার পত্রিকায় দেখেছি শুধু নারায়ণগঞ্জ সাবডিভিশনেই হতাহতের তালিকা প্রায় ২৫ থেকে ৩০ হাজার। এবং বিভিন্ন কাগজে বিভিন্ন রকমের সংবাদ পরিবেশিত হয়েছে। তেমনি যারা অপহৃত নারী তাদের সম্বন্ধে বিভিন্ন সংবাদপত্রে এবং বিভিন্ন স্থানে বিভিন্ন তথ্য পরিবেশিত হয়েছে। এর পরে যে সমস্ত দেশ জুড়ে যে উত্তেজনা রয়েছে সেই উত্তেজনা প্রশমিত হচ্ছে না। দৈনিক নতুন নতুন কাহিনী এখানকার শান্তিপ্রিয় নাগরিকদের মনে নতুন বিভীষিকা সৃষ্টি করছে। এবং তাদের মধ্যে নতুন করে প্রতিবাদও ধ্বনিত হয়ে উঠছে এবং উত্তেজনার সৃষ্টি হচ্ছে। তাই আজকে সর্বাগ্রে প্রয়োজন যে সঠিক সংবাদ যাতে পাওয়া যায় সেই ব্যবস্থা অবলম্বনের এবং সেই সঠিক সংবাদ আজকে সমস্ত বিশ্বের দরবারে পরিবেশন করা। সুখের বিষয় অমৃতবাজার পত্রিকার পক্ষ থেকে এই রকম একটা ব্যবস্থা করা হয়েছে। অনেক পূর্বেই এখানে যখন থেকে এই দাঙ্গা হাঙ্গামা সুরু হয়েছিল তখন থেকে সঠিক সংবাদ পাওয়া এবং বিশ্বের দরবারে সেই সংবাদকে পরিবেশন করা একান্ত প্রয়োজন ছিল। কিন্তু আমাদের সেই চেষ্টা ইতিপূর্বে সুরু হয়নি। এর ফলে আমি বলতে বাধ্য হচ্ছি পাকিস্তান এর সুযোগ গ্রহণ করেছে এবং ইউ. এন. ও তে প্রথম অভিযোগ করে ভারতবর্ষের বিরুদ্ধে তারা ভারতবর্ষকে এবং পাকিস্তানকে সাম্প্রদায়িকতার মানে এক পর্যায়ে বসাবার চেষ্টা করেছে। সুখের বিষয় ভারতবর্ষের প্রতিনিধি শ্রীযুক্ত চাগলার কৃতিত্বের ফলে আজকে বিশ্বের দরবারে আমরা আমাদের সম্মান কিছুটা ফিরে পেতে পেরেছি। এবং পাকিস্তানের যে অপচেষ্টা তা সাময়িক ভাবে ব্যর্থ হয়েছে। কিন্তু এখনও প্রয়োজন রয়েছে ভারতবর্ষের পক্ষে বিশ্বের জনমত সৃষ্টি করা যে কথা কংগ্রেস নেতা অতুল্য ঘোষ মহাশয় বলেছেন এবং বিশেষ ভাবে জোর দিয়েছেন। আমরা আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছে সেই আবেদন জানাব যাতে ভারতবর্ষের যে প্রকৃত শান্তিকামী ধর্মনিরপেক্ষতা যে চিত্র ধর্মনিরপেক্ষতাকে বজায় রাখবার যে সতর্ক চেষ্টা এবং সুদৃঢ় কর্ম প্রচেষ্টা তার পরিপ্রেক্ষিতে পাকিস্তানের যে বর্তমান ভয়াবহ নারকীয় চিত্র সেটা পৃথিবীর সামনে উদঘাটন করা হউক। আজকে সমাধানের পথ তাহলে আরও অনেক এগিয়ে যাবে। আজকে আমরা যতটা অসহায় বোধ করছি এবং সাময়িক ভাবে যে অসহায়ত্ব কিছুটা শ্রীচাগলার সফল প্রতিনিধিত্ব দ্বারা কিছুটা দুর হয়েছে সেখানে আমরা আরও সহায়তা পৃথিবীর অন্যান্য রাষ্ট্রের কাছ থেকে লাভ করতে পারবো। আজকে এই সমাধানের আর একটি পথ হচ্ছে, যে পাকিস্তানে যে সমস্ত মানুষ প্রাণ হারিয়েছে। যে সমস্ত নারী বা শিশু অপহৃত বা নিখোঁজ হয়েছে তাদের উদ্ধার সাধন করা এবং যে ধন সম্পত্তি নাশ হয়েছে তার ক্ষতিপূরণের ব্যবস্থা করা। দুস্কৃতকারী যারা আজ পর্যন্ত লৌহ যবনিকার

অন্তরালে তাদের যে কি ঘটেছে কোন সংবাদ লাভ করতে পারিনি। এখানে পুলিসের গ্রেপ্তার এবং জুলুম সম্পর্কে কিছু কিছু অভিযোগ পাওয়া যাচ্ছে, বহু লোক এখানে গ্রেপ্তার হয়েছে তা আমরা জানি, জুলুমের কথা আমি অবশ্য ঠিক জানি না কিন্তু পাকিস্তানে যেখানে এরকম নরমেধ যজ্ঞ ঘটেছে সেখানে আজ পর্যন্ত কতজন দুস্কৃতকারীকে গ্রেপ্তার করা হয়েছে, সে সম্বন্ধে আমরা কোন সংবাদপত্রের মাধ্যমে বা সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানের মাধ্যমে পেতে পারিনি। সেখানে যদি ৯২ লক্ষ লোককে আমরা রাখতে চাই তাহলে প্রাথমিক নিরাপত্তাবোধের যে ব্যবস্থা সেটা কিভাবে সম্ভব হবে যদি দুস্কৃতকারী যারা তারা সসম্মানে সমাজের মধ্যে ঘোরাফেরা করে এবং তারজন্য যদি কোন ব্যবস্থা না করা যায়। কাশ্মীরে যদি জাতি সঙ্ঘের পক্ষ থেকে পর্যবেক্ষক থাকতে পারে তাহলে পূর্ব পাকিস্তানে কেন এরকম পর্যাবেক্ষকের ব্যবস্থা করা যাবে না বা সেজন্য কোন আমাদের সরকারের পক্ষ থেকে আমরা দাবী করতে পারি না তা আমি বুঝতে পারছি না। আমার মনে হয় প্রয়োজন হলে সেই দাবী আমাদের করতে হবে। আর একটা কথা হচ্ছে এ সমস্ত ব্যাপারে বিশ্বজনমত গঠন ছাড়া সে দাবী আদায় করতে হয়ত সময় লাগবে কিন্তু ইতিমধ্যে ৯২ লক্ষ লোক বা ৯০ লক্ষ লোক সেখানে যারা বেঁচে রয়েছেন, তাদের বেঁচে থাকা আমি মনে করি মৃত্যুর চেয়েও অধিক, কারণ যে মারা গেল সে হয়ত সসম্মানে একবার কষ্ট পেয়ে গেল কিন্তু যে বেঁচে রইলো সে তিলে তিলে মারা যাচ্ছে, সম্মানহানির আশঙ্কায়। নূতন বিপর্যয়ের আশঙ্কায় সেই সমস্ত জীবনমৃত মানুষগুলিকে আমরা কিভাবে রক্ষা করতে পারবো আজকে সেই প্রশ্ন আমাদের বিচার করবার সময় এসেছে। তাই আজকে আমাদের যাঁরা চলে আসতে চান এখানে, সেই সমস্ত আশ্রয়প্রার্থীদের এখানে আনবার এবং এখানে পুনর্বাসন দেয়া সম্বন্ধে ইতিমধ্যে সরকার আশ্বাস দিয়েছেন কিন্তু সেই পথে যে বাধা সেখানে সম্প্রতি পাকিস্তান দিচ্ছে বা অন্যান্য ভিসা বা ফর্ম সম্বন্ধে যে সকল অসুবিধা রয়েছে—যদিও নন্দজী বলেছেন যে সেই সমস্ত বাধা অপসারিত হয়েছে কিন্তু সংবাদপত্রে আমরা অন্য রিপোর্ট পাচ্ছি, সেখানে কার্যকরী ব্যবস্থা অবলম্বন করার প্রয়োজন রয়েছে এবং একটা স্থায়ী সমাধানের জন্য। আমরা মনে করি যে অবিলম্বে আমাদের সরকারের পক্ষ থেকে হয় মাননীয় রাজ্যপাল মহোদয়ার নেতৃত্বে অথবা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে দেশের বিশিষ্ট রাজনীতিবিদ, বিশিষ্ট সমাজসেবী কর্ম্মী, বিশিষ্ট অর্থনীতিবিদ, বিশিষ্ট আইনবিদ, এবং সাংবাদিকদের নিয়ে আশু সমস্যা সমাধানের পথে এবং দীর্ঘকালীন সমাধানের পথে কি কি ব্যবস্থা করণীয় তা নিরূপণ করার সময় উপস্থিত হয়েছে। আমি মাননীয় রাজ্যপাল মহোদয়ার কাছে এই আবেদন জানাবো এবং যদি এরকম কোন সম্মেলন হয়, তার সিদ্ধান্তগুলি কার্যকরী করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবার জন্য আমি সানুনয় অনুরোধ জানাচ্ছি। আমরা যদি তা না করতে পারি তাহলে আমাদের যতই আন্তরিকতা থাক না কেন কিছুই হবে না। কারণ আমরা জানি দীর্ঘ ১৬ বছর ধরে পাকিস্তান আমাদের প্রগতির পথে বাধা দিয়েছে এবং আরো বেশ কিছুদিন ধরে তারা বাধা দেবে এবং আমাদের আশাবাদী মাননীয় রাজ্যপাল মহোদয়া যতই প্রগতির কথা চিন্তা করুন সেই প্রগতি পদে পদে ব্যাহত হবে, যেমন গত একমাস ধরে কোলকাতার স্বাভাবিক জীবনযাত্রা একরূপ অচল হয়ে গিয়েছিল। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২।১টা কথা বলে আমার ভাষণ শেষ করবো। আমি অত্যন্ত দুঃখিত হয়েছি যে আমাদের এই পরিষদের অন্যতম মাননীয় সদস্য শ্রীআবদুল্লা রসুল মহাশয় তিনি আজ এখানে উপস্থিত নেই কিন্তু সেদিন তিনি কোলকাতায় সাম্প্রদায়িকতার কথা বলতে গিয়ে তিনি বলেছিলেন যে, মুস্লীম কয়েকটা পল্লীর উপর যে অমানুষিক অত্যাচার হয়েছে কয়েকটা গ্রাম যেভাবে নষ্ট বা ধ্বংস করা হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে পাকিস্তানের ৫২ জন নাগরিক যে শান্তির বাণী দিয়ে আবেদন জানিয়েছেন এবং চট্টগ্রামের একটি পত্রিকা যেভাবে আবেদন করেছেন সেটা প্রশংসনীয়। আমি মনে করি এই রকম সংবাদ পরিবেশন করা যেন একদেশ দুষ্ট, কারণ পাকিস্তানে শান্তিকামী কয়েকজন লোক এগিয়ে এসে শান্তি রক্ষায় আবেদন করেছেন কিন্তু এখানে এই রাজ্যে কি এরকম কোন আবেদন জানানো হয়নি এবং এখানে তিনি শুধু কয়েকটা মুস্লিম পল্লী ধ্বংসের কথা বলেছেন কিন্তু আমি নিজে জানি যে কোলকাতায় সাম্প্রদায়িক দাঙ্গা আরম্ভ হওয়ার মাত্র পরের দিন অর্থাৎ ১০ই জানুয়ারী তারিখে তিলজলায় একটি হিন্দু পল্লীর প্রায় ৫৬ ঘর পরিবার, যে সংবাদ আনন্দবাজার পত্রিকা এবং অন্যান্য পত্রিকায় প্রকাশিত হয়েছিল, সেখানে সংখ্যালঘুদের আক্রমণে সেই বস্তী ছেড়ে অন্যত্র আশ্রয় শিবিরে আশ্রয় নিতে বাধ্য হয়েছিল এবং সেখানে একটা গৃহকে

রক্ষা করতে গিয়ে একটি তরুণ উজ্জল সম্ভাবনাময় কর্মী শ্রীদিলীপ মুখার্জী আততায়ীর হস্তে নিজের জীবন দান করেছে।

সুতরাং এখানে যারা চিন্তানায়ক, যারা বিশিষ্ট রাজনীতিজ্ঞ, তাঁরা যদি এইভাবে এখানকার সংবাদ এক তরফা প্রচার করেন, আমি মনে করি এতে পাকিস্তানের হাতকে সুদৃঢ় করা হবে। কলিকাতা সহরে ইদের দিন আমরা দেখেছি যে কোন কোন স্থলে কালো পতাকা উড়িয়ে এবং কালো ব্যাজ পরে কিছু কিছু লোক ঘুরে বেড়িয়েছে। এতে আমি মনে করি তারও পিছনে কিছু কিছু লোকের প্ররোচনা আছে, —যাঁরা এই অভিব্যক্তির দ্বারা যে সমস্ত মুসলমান প্রাণ হারিয়েছেন তাদের জন্য শোক প্রকাশের চিহ্ন ঐ ভাবে দেখাতে চেয়েছিলেন। কিন্তু আমি মনে করি যে এই রকম ধরণের প্রচেষ্টা যা কলকাতার সংবাদ-পত্রে খাকসারদের সম্বন্ধে উল্লেখ করা হয়েছে,—হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড ও আনন্দবাজার পত্রিকায় বোধ হয় গতকাল প্রকাশিত হয়েছে যে হায়দ্রাবাদ পাকিস্থান ভুক্ত হবে, এবং পাকিস্তানী জিন্দাবাদ, এই সমস্ত কথা বলে যারা কলকাতাকে পাকিস্তান ভুক্ত করা হবে, এই সব কথা বলে যারা এখনও কলকাতার রাস্তায় চলাফেরা করছে, এবং এঁদের যারা প্ররোচনা দিচ্ছেন, আমার মনে হয় আমাদের সরকারের পক্ষ থেকে দৃঢ় হস্তে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। আমি সরকারকে অনুরোধ করবো এইভাবে কতকগুলি স্বল্পকালীন এবং দীর্ঘমেয়াদী সমস্যাগুলির সমাধানকল্পে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করুন। মাননীয়া রাজ্যপাল মহোদয়ার নিকট আমার এই সনিবন্ধ অনুরোধ এবং আমি পুনর্বার তাঁকে আমার ধন্যবাদ জানাচ্ছি।

Mr. Chairman: The House stands adjourned till 1-30 p.m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 5-47 p.m. till 1-30 p.m. on Friday, the 21st February, 1964.

Members absent

Bagchi, Shri Nirmalya.

Bhattacharyya, Shri Sreepada.

Bisi, Shri Promotho Nath.

Chakrabarti, Shri Amar Prosad.

Choudhuri, Shri Annada Prosad.

Ghosh Shri Ashutosh

Haldar, Shri Gopal.

Pal, Dr. Ras Behari.

Prodhan, Shri Lakshman.

Roy, Shri Chittaranjan.

Roy, Shri Surendra Kumar.

Roy Chowdhury, Shri Sarat Chandra.

Singha, Shri Biman Behari Lall.

Sinha, Shri Rabindra Lal.

COUNCIL DEBATES

Friday, the 21st February, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 21st February, 1964, at 1-30 p.m. being the Eighth Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[1-30—1-40 p.m.]

Mr. Chairman: I would like to request the members to speak in front of the mike. Unfortunately, today we do not have the full complement of the Bengali Reporters as two of them are sick, I understand.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Migration of Hindus from East Pakistan

*44. **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Passport) Department be pleased to state—

(a) whether after the policy statement of the Union Home Minister at Calcutta press conference on the 29th January, 1964, and published in all the papers on the 30th January, 1964, regarding the migration of the Hindus from East Pakistan the West Bengal Government has taken necessary steps to instruct the border outposts to allow the Hindus who are without valid travel documents to enter into West Bengal; and

(b) if so, whether 17 Hindus having no valid travel documents with them have been arrested at Gede Check Post on the 30th January, 1964, for crossing the border from East Pakistan?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Following the recent communal disturbances in East Pakistan members of the minority community who are found to have crossed over without any travel documents to West Bengal for shelter and security have not been denied such entry.

(b) Yes, they were taken into custody on 31st January, 1964, for verification of their bona fide and were immediately released.

Shri Jatin Chakravorty:

ঐ যে (বি)-র জবাবে উনি বলেছেন যে ১৭ জন হিন্দু যারা ভ্যালিড্ ট্রাভেল্ ডকুমেন্ট ছাড়া এসেছে তাদের এ্যারেষ্ট করা হয়েছিল, আপনিও স্বীকার করছেন যে তাদের নিয়ে যাওয়া হয়েছিল এবং নিয়ে গিয়ে তাদের যে ট্রাভেল ডকুমেন্ট আছে কি না এ সম্পর্কে তারা খোঁজাখুঁজি করছিলেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের এখানে যারাই আসেন যারা পাকিস্তানী ন্যাশন্যাল তাদের আমরা এখন টেকনিক্যাল অ্যারেস্ট হচ্ছে বলে লিখে রাখি—এবং এর পর থেকে আমরা বলে দিয়েছি অ্যারেস্ট করা হবে না শুধু খাতায় লিখে রাখব টেকনিক্যালি অ্যারেস্টেড অ্যান্ড রিলিজড, এবারে ম্যাজিস্ট্রেটের কাছে প্রডিউস করা হবে না।

Shri Jatin Chakravorty :

আমার পরের প্রশ্ন হচ্ছে এই যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে কথা বলে গিয়েছিলেন যে কোন ভ্যালিড ডকুমেণ্ট থাকুক আর নাই থাকুক তাদের প্রবেশ করতে দেওয়া হবে। তারপর এই টেকনিক্যাল যে ব্যাপারটা এই অ্যারেস্ট এটাও বন্ধ করবার কোন নির্দ্দেশ কি আপনারা দিয়েছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

হ্যাঁ নির্দ্দেশ দিয়েছি কোন অ্যারেস্ট-ই আর করা হচ্ছে না।

Toll charge on Tilpara bridge

*45. **Shri Narendra Nath Das :** (a) Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state if it is a fact that toll charges are levied on vehicles and animals passing along the Tilpara bridge near Suri, in Birbhum district ?

(b) If the answer to (a) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the rates of such charge on the vehicles and animals of each and every description ;

(ii) the total income on this account in 1961-62 and 1962-63 ;

(iii) whether the Government have received any complaints against the above levy during recent months ;

(iv) if so, the nature of the complaints ;

(v) whether the Government is considering the desirability of abolishing the above levy on the light of the complaints received ; and

(vi) if so, when it is likely to be absolished ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : (a) Yes.

(b) (i) A statement is enclosed.

(ii) In 1961-62—Rs. 30,180
in 1962-63—Rs. 31,748

(iii) No.

(iv) Does not arise.

(v) The Government is considering a proposal as to whether levy of toll on the bridge should be abolished.

(vi) If and when a final decision of the proposal is arrived at.

Statement in reply to b(i) of starred question No. 45.

Schedule of tolls on the Tilpara Bridge over Maurakshi river in Birbhum district

(1) On every cycle	0.06 np.
(2) On every bullock cart loaded	0.31 np.
(3) On every motor cycle	0.25 np.
(4) On every motor cycle with sidecar	0.31 np
(5) On every bus—unloaded with driver only ..	1.00 np.
(6) On every bus—loaded	2.00 np.
(7) On every lorry—unloaded..	1.00 np.
(8) On every lorry—loaded	2.00 np.
(9) On every car fitted with trailor	1.25 np.
(10) On every Heavy Tractor Scraper Power Roller ..	3.00 np.
(11) On every Concrete Mixer, Compressor-Grader, Asphalt Mixer, Light Tractor	2.00 np.
(12) On every other motor car	1.00 np.
(13) On every animal	0.02 np.
(14) On every rickshaw	0.09 np.
(15) On every hackney	0.37 np.

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহাশয় কি বলবেন যে খালি গরুর গাড়ীর উপর কোন টোল ধার্য করা হয় কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

না।

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহাশয় কি বলবেন যে শুধু একটা গরুর উপর টোল ধার্য করা হয় কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

হ্যাঁ।

Shri Narendra Nath Das :

একটা য়্যানিমালের উপর টোল ধার্য করেন, আর দুটো য়্যানিমাল যখন গাড়ী নিয়ে যাচ্ছে তখন টোল ধার্য করছেন না?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

আনলোডেড কারের উপর টোল ছিল। ইণ্ডাষ্ট্রিয়ালের উপর ছিল—দুটোর উপর টোল তুলে দেয়া হয়েছে।

Shri Abdulla Rasul :

আপনি যে বলেছেন ২৫ পয়সা এটা কি সিকি নয়া পয়সা?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

আমি ভুল বলেছিলাম ওটা ২৫ নঃ পঃ হবে।

Shri Narendra Nath Das :

আর কোন প্রাণীর উপর এই ধরণের টোল নেয়া হয় কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

হ্যাঁ।

Shri Narendra Nath Das :

কোথায় নেয়া হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

বিবেকানন্দ ব্রীজ, ট্যাণ্ডন ব্রীজ, পূর্ণভাবা ব্রীজ, আত্রেয়ী ব্রীজ, বালিরঘাট ব্রীজ এসবের উপর টোল আছে।

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহোদয় কি বলবেন যে হালে কৃষ্ণনগর নদীয়াতে যে ব্রীজ হয়েছে তার উপর কোন ধার্য করা হবে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

না, নদীয়া কৃষ্ণনগরে যে পুল হয়েছে সেটা ন্যাশনাল হাইওয়ের উপর। ন্যাশনাল হাইওয়ে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার টাকায় হয়—গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার টাকায় যে সব ব্রীজ করা হয়েছে কিম্বা সেণ্ট্রাল রোড ফাণ্ড থেকে যে সব ব্রীজ আমাদের করা হয়েছে তার উপর কোন টোল নেই।

Shri Narendra Nath Das :

অজয় নদীর উপর টোল ধার্য করা হবে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

ওটা সেন্ট্রাল রোড ফাণ্ডের ব্রীজ, সেজন্য টোল নেই।

Shri Narendra Nath Das :

দ্বারকেশ্বর ব্রীজের উপর টোল ধার্য করা হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

ওটাও খুব সম্ভব সেন্ট্রাল রোড ফাণ্ডের টাকায়।

Shri Narendra Nath Das :

বাঁকুড়ার গায়ে যে দ্বারকেশ্বর নদী সেটা ভারত সরকারের ফাণ্ডের কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

আমাদের যা পলিসি সেটা হচ্ছে স্টেট ফাণ্ড থেকে বড় বড় যে সব ব্রীজ করা হয় তার উপর আমরা সাধারণতঃ টোল ধার্য করি, আর যেভাবে সেন্ট্রাল রোড ফাণ্ড, গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার টাকা থেকে যে টাকা পায়, তার থেকে টাকা নিয়ে যে ব্রীজ করি কিম্বা সেন্ট্রাল গভর্নমেণ্টের টাকায় ন্যাশনাল হাইওয়ের উপর যে সব ব্রীজ করি তার উপর আমরা টোল ধার্য করি না।

Shri Narendra Nath Das :

যে রকম দামোদরের উপর কোন টোল ধার্য করেছেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
ওটা ন্যাশন্যাল হাইওয়ের উপর ব্রীজ কাজেই ওর উপর টোল নেই।

Shri Jatindra Singha :
আত্রেয়ী যেটা বল্লেন ওটা কি ন্যাশনাল হাইওয়ের উপর?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
না।

Shri Nirmal Chandra Bhattacharyya :
মন্ত্রিমহাশয় বলেছেন যে কর তুলে দেয়া হবে ওটা বিবেচিত হচ্ছে এটা কি হচ্ছে গরুরগাড়ী ইত্যাদির উপর না সমস্ত জিনিসের উপর?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
দুটো প্রশ্ন আছে, সব তুলে দেয়া কিম্বা কোন কোন আইটেমের উপর থেকে টোল তুলে দেয়া দুটো সম্পর্কেই বিবেচনা করা হচ্ছে।

Shri Nirmal Chandra Bhattacharyya :
ফলটা কবে জানা যাবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
ডেটটা কি করে বলবো? ফাইন্যান্স থেকে আমরা ফাইন্যাল য়্যাপ্রুভ্যাল পেলে তা জানাতে পারবো।

Shri Nirmal Chandra Bhattacharyya :
ফাইন্যান্সে পাঠিয়েছেন আপনাদের সুপারিশ?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
ফাইন্যান্সের সঙ্গে আমাদের কথাবার্ত্তা চলছে।

[1-40—1-50 p.m.]

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন শিউড়ী ও বীরভূম জেলাতে এই নিয়ে যথেষ্ট অসন্তোস রয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
অসন্তোষ সর্বত্র কিছু কিছু থাকেই, বিশেষ করে যেখানে পয়সা দিতে হয়। কিন্তু এইটি আমাদের একটা সোরস অব রেভিনিউ।

Shri Nirmal Chandra Bhattacharyya :
এই পুল থেকে কত বার্ষিক আয় হয়, এবং এর জন্য মোট খরচ হয়েছে, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
আমিত পূর্বেই বলেছি। মাসিক আয় অনুযায়ী বৎসরে কতটা আয় পাই, এবং পুলের জন্য কতটা খরচ হয় জানাচ্ছি। আমরা বছরে পেয়েছি ১৯৬১-৬২ সালেতে ৩১,৮০০ টাকা, ১৯৬১-৬২ সালে মেণ্টেন্যান্স কস্ট পড়েছে ১,০১১ টাকা, আর কস্ট অব কালেকসান হচ্ছে ১২,২১৫ টাকা। ১৯৬২-৬৩ তে আমরা পেয়েছি ৩১,৭৪৮ টাকা এবং ১৯৬২-৬৩ তে কস্ট অব মেণ্টেন্যান্স হচ্ছে ১,৩১১ টাকা, আর ঐ বছর কস্ট অব কালেকসান হচ্ছে ১২,২৭০ টাকা।

Shri Narendra Nath Das :
তিন থেকে, দেখা যাচ্ছে যে আপনারা বছরে প্রায় ১৬ হাজার, ১৭ হাজার টাকা আয় করছেন। এই ১৬।১৭ হাজার টাকাটা আপনারা জনস্বার্থের জন্য ফোরগো করতে পারেন না?

The Hon'ble Khagendra Nath Das Gupta :
এই যে ১৬।১৭ হাজার টাকা ইনকাম একটা ব্রিজ থেকে হয়, এটা যদি একবার এই ব্রিজের উপর থেকে তুলে নেওয়া হয়, তাহলে অন্যান্য ব্রিজের বেলাতেও সেই প্রশ্ন উঠবে। সুতরাং এটা ঠিক হবে না। এটা একটা পলিসি ম্যাটার।

Mr. Chairman : Reply to question *46 should be postponed as Shri Sanyal is not present today.

Shri Govinda Narain at Writers' Buildings

***47. Shri Narendra Nath Das :** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state if it is a fact that Shri Govinda Narayan was accommodated in the Writers' Buildings, Calcutta, in January last ?

(b) If the answer to (a) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what he was ;

(ii) why an accommodation was provided for him in the Writers' Buildings ; and

(iii) what were the terms of his assignment ?

The Hon'ble Prafulla Chandra Sen : (a) Yes.

(b) (i) He acted as a Liaison Officer between the State Government and the Government of India.

(ii) For convenience of work.

(iii) There was no formal assignment as such. He came here with the Central Home Minister and at our suggestion stayed on so that he could assist us in obtaining various requirements from the Government of India.

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি ভেরিয়াস্ রিকয়ারমেণ্টস্ বলতে তিনি কি বুঝেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
ভেরিয়াস রিকয়ারমেণ্টস্ মানে যেমন আমাদের সেই সময় বিভিন্ন প্রদেশ থেকে আর্মড ব্যাটালিয়ান, পুলিশ ব্যাটালিয়ান-এর দরকার যা হচ্ছিল, এর মাধ্যমে আমরা খুব তাড়াতাড়ি করতে পারছিলাম এবং তারপরে রিলিফের জন্য আমরা কতকগুলি জিনিষ-এর মাধ্যমে তাড়াতাড়ি আনতে পেরেছিলাম।

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন—এটা কি সত্য যে ঐ কর্মচারীটিকে এনে চিফ্ সেকেটারীর উপরে বসিয়ে দেওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :
আদৌ সত্য নয়।

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, এই কর্মচারীটিকে যদি না আনা হতো, তাহলে আপনাদের যে মেসিনারী রয়েছে, সেই মেসিনারীর মাধ্যমে বাহিনীকে নিয়ে আসা এবং রিলিফের বন্দোবস্ত করা কি যেতে পারতো?

The Hon'ble Prafulla Chandra Sen :
সৈন্য বাহিনী তিনি মোটেই আনেননি। তিনি থাকাতে আমাদের কাজের সুবিধা হয়েছিল। আমরা একজন অতিরিক্ত কর্মচারী হিসাবে এ'কে কয়েক দিনের জন্য পেয়েছিলাম বলে, আমরা কেন্দ্রীয় সরকারের কাছে কৃতজ্ঞ।

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি—এই কর্মচারীটি আসবার আগে আপনারা কি কোন প্রস্তাব দিয়েছিলেন যে একজন লোককে সেট এ্যাপার্ট করবেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমাদের মন্ত্রী বাদেও তখন সমস্ত কর্মচারীদের ১২।১৬।২০ ঘণ্টা, এমন কি ২২ ঘণ্টা ধরে কাজ করতে হয়েছিল। অনেক সরকারী কর্মচারী রাত্রে ঘুমতে পারেননি। কাজে, কাজেই তখন যদি একজন বাড়তি কর্মচারী আমরা পেয়ে থাকি, তাতে আমাদের ক্ষতি হয়নি, বরং লাভই হয়েছে।

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রীমহাশয় কি জানতেন যে উনি ষ্টেট ট্রেডিং করপোরেশন-এর চেয়ারম্যান ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার তা জানবার দরকার হয়নি।

Shri Jatin Chakravorty :
মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, এই কর্মচারীটিকে আনার জন্য উনিই কি চেয়েছিলেন ওঁদের কাছ থেকে, না, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে চাপান হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :
এর দুটোই সত্য নয়। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে মোটেই চাপান হয়নি। আর এখানে যখন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এসেছিলেন, বা হোম মিনিষ্টার এসেছিলেন, তখন আমরা বলেছিলাম যে আমাদের এখানে যদি গোবিন্দ নায়ার মহাশয় থাকেন, তাহলে কাজের সুবিধা হতে পারে। সেই হিসাবেই তিনি এখানে ছিলেন।

Shri Jatin Chakravorty :
মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এই ভদ্রলোক এই কর্মচারীটা আমাদের যে পশ্চিমবঙ্গ সরকারের যে কর্মচারী আছে তাদের বাইপাস করে এবং অনেক সময় মুখ্যমন্ত্রীকেও বাইবাস করে কতকগুলি কাজ করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
অসম্ভব।

Shri Jatin Chakravorty :
মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন যে আমাদের সংবাদপত্রের প্রতিনিধিরা যখন তার কাছে দাঙ্গা সম্পর্কিত বিষয়ে তার কাছ থেকে তথ্য আনতে যেত এবং তাতে যদি দেরী হত তখন এই ভদ্রলোক বেরিয়ে গিয়ে হেণ্ডারসান ব্রুকসের কাছে চলে যেত এবং সেখান থেকে সংবাদপত্রের প্রতিনিধিদের খবর দেওয়া হত?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার এই রকম সংবাদ জানা নেই।

Shri Jatin Chakravorty :
মুখ্যমন্ত্রীমহাশয় কি এই সম্পর্কে তদন্ত করে দেখবেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
হাঁ তদন্ত করে দেখব।

Shri Amar Prasad Chakrabarty :
মুখ্যমন্ত্রী কি জানেন যে এই গোবিন্দ নায়ারের সঙ্গে ক্যাবিনেট সেক্রেটারী আর কেউ ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমি আর কাউকে দেখিনি।

Shri Amar Prasad Chakrabarty :
তিনি লিয়াইসন অফিসার, সেন্ট্রাল গভর্ণমেন্ট-এর তার কি পজিসন?

The Hon'ble Prafulla Chandra Sen :
সে তো আমি জানি না।

Shri Jatin Chakravorty :
মুখ্যমন্ত্রীমহাশয় কি এটা অবগত আছেন যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই কর্মচারীকে এখানে বসানতে একটা ধারণা হয়েছে যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অযথা হস্তক্ষেপ করা হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen :
প্রথমতঃ কেন্দ্রীয় সরকারের তরফ থেকে তাকে বসান হয়নি। এবং কোন রকম অযথা হস্তক্ষেপ হয়েছে বলে আমি মনে করিনা।

Shri Amar Prasad Chakrabarty :
আমি জানতে চাইছি যে এই অফিসার ছাড়া তিনি কি নিজে উপযুক্ত নন্ এই সিচুয়েসনকে কন্ট্রোল করার জন্য?

The Hon'ble Prafulla Chandra Sen :
তা, নয় আমাদের সব অফিসারের সাহায্য নিতে হয়, এবং আমি পূর্বেই বলেছি যে ঐ সময় আমাদের উপর এত কাজের চাপ পড়েছিল যে একজন অতিরিক্ত অফিসার পাওয়াতে আমাদের সুবিধা হয়েছে।

Visit of Pakistan Deputy High Commissioner to Lalbazar Police Headquarters

***48(S.N.) Shri Jatin Chakravorty :** Will the Hon'ble Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

(a) whether he is aware that the Pakistan Deputy High Commissioner visited the Lalbazar Police Headquarters on the 14th instant :

(b) if so, what was the reason for such a visit ;

(c) whether the visit was sought by the Pakistan Deputy High Commissioner himself or arranged by the Commissioner of Police, Calcutta, at his own initiative ; and

(d) whether there has been any precedent of a similar visit ?

The Hon'ble Prafulla Chandra Sen : (a) Yes.

(b) It was a courtesy call.

(c) The visit was sought by the Pakistan Deputy High Commissioner.

(d) Yes.

Shri Jatin Chakravorty :
(ডি) ইয়েসটা কি, আগে কি কেউ এই রকম এসেছে কোন দিন?

The Hon'ble Prafulla Chandra Sen : The question is "whether there has been any precedent of any similar visit ?". I may say that the Pakistan Deputy High Commissioner called on the Commissioner of Police, Lalbazar, Calcutta, on the 14th February, 1964. It was a courtesy call. The visit was sought by the Pakistan Deputy High Commissioner. There are precedents of foreign diplomats calling on the Commissioner of Police on assumption of their office in Calcutta. The present Deputy High Commissioner for Pakistan is Mr. A. F. Ziauddin, P.F.S.

Shri Jatin Chakravorty :

স্যার, উনি যে বললেন যে এই রকম প্রিসিডেণ্ট আছে, কবে কবে এই রকম প্রিসিডেণ্ট আছে কোন্ কোন্ ফরেন ডিপ্লোম্যাট দেখা করেছিলেন আপনি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটীশ চাই।

Shri Jatin Chakravorty :

অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে বর্তমান পরিপ্রেক্ষিতে যখন পাকিস্তানী চক্র সম্পর্কে এবং বিশেষ করে এই পাক ডেপুটি হাইকমিশনার সম্পর্কে নানা রকম রটেছে এবং এই দাঙ্গায় এই ভদ্রলোকের নানাভাবে হাত আছে বলে বহু অভিযোগ আসছে সেই সময় আমাদের এই অস্থায়ী পুলিশ কমিশনার তিনি রাজী হলেন কেন এই ভদ্রলোকের সাথে সাক্ষাত করতে?

The Hon'ble Prafulla Chandra Sen :

এই ভদ্রলোক পাকিস্তানী ডেপুটি হাই কমিশনার, তিনি দাঙ্গার সময় এখানে ছিলেন না ২১শে জানুয়ারী ইউ এস এস আর থেকে এসে কর্মে যোগ দেন।

Shri Jatin Chakravorty :

কিন্তু পাকিস্তানী ডেপুটী হাই কমিশনারের যে অফিস সেই অফিসের পক্ষ থেকে এখানে যে সমস্ত কর্মচারীরা আছে তারা কলকাতার দাঙ্গার পিছনে নানাভাবে সাহায্য করেছে এই অভিযোগ রয়েছে সেই অবস্থাতে পাকিস্তানী ডেপুটী হাই কমিশনারের সাথে দেখা করবার জন্য পুলিশ কমিশনার রাজী হয়েছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা কার্টসি কল—যতদিন পর্যন্ত পাকিস্তানী ডেপুটি হাইকমিশনার আমাদের এখানে থাকবেন পুলিশ কমিশনারের সঙ্গে চীফ্ সেক্রেটারীর সঙ্গে, হোম সেক্রেটারীর সঙ্গে এবং চীফ্ মিনিষ্টার-এর সঙ্গে এবং চীফ্ মিনিষ্টার, হোম মিনিষ্টার না হন তাহলে হোম মিনিষ্টার-এর সঙ্গে বরাবরই তাঁরা কার্টসী কল দিতে আসেন। আমার সঙ্গেও দেখা করে গিয়েছেন।

Shri Jatin Chakravorty :

অতিরিক্ত প্রশ্ন স্যার, ঠিক এই সময়ে পাকিস্তানী ডেপুটি হাইকমিশনারের কি কার্টসী কল-এর প্রয়োজন হল, এই অবস্থার মধ্যে সেটা জানাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

যেহেতু তিনি এখানে এসে কার্যে যোগ দেন।

Shri Jatin Chakravorty :

মুখ্যমন্ত্রীর সাথে হয়ত কার্টসী কল-এ দেখা করতে পারেন, কিন্তু পুলিশ কমিশনারের সাথে কার্টসী কল-এ—যে একজন প্রায় য়্যামব্যাসাডর-এর পর্যায়ে কন্সুলেট জেনারেল-এর পর্যায়ের কর্মচারী ভিন্ন রাষ্ট্রের তার ঠিক এই সময়ে লালবাজারে পুলিশ কমিশনারের সাথে দেখা করার কি উদ্দেশ্য থাকতে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen :

না ডেপুটি হাইকমিশনার মোটেই য়্যামব্যাসাডার পর্যায়ভুক্ত নয় এটা ভুল কথা। আর কোন ষ্টেট-এ য়্যামবাসাডর থাকেন না কনসুলেট জেনারেল থাকে বা ডেপুটি হাই কমিশনার থাকে। তিনি যদি কার্টসী কল দিতে আসেন কোন কারণে আমরা আপত্তি জানাতে পারিনা।

[1-50—2-00 p.m.]

ডেপুটি হাই কমিশনার মোটেই য়্যামবাসাডার পর্যায়ভুক্ত নন এটা ভুল কথা। আর কোন স্টেটে য়্যামবাস্যাডার থাকেন না, কনসাল থাকেন, কনসাল জেনারেল থাকেন বা ডেপুটী হাই কমিশনার

থাকেন। কাজে কাজেই উনি য়্যামব্যাসাডার পর্যায়ভুক্ত মোটেই নন। আর তা বাদে যদি এখানে আমাদের পাক চানসারী থাকে এবং তার ডেপুটী হাই কমিশনার যদি কার্টসী কল দিতে আসেন কোন কারণে, তাতে আমরা আপত্তি জানাতে পারি না।

Shri Jatin Chakravorty :
তিনি কি একলা এসেছিলেন না তার সাথে আরো দুইজন কর্মচারী এসেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
সেটা আমি বলতে পারবো না—নোটীশ চাই।

Shri Jatin Chakravorty :
এই যে আর দুইজন কর্মচারী এসেছিলেন তাঁর সাথে সেটা খবর নিয়ে জানুন এবং এই দুইজন কর্মচারী সেই সময় অন্যান্য জায়গায় কন্ট্রোল রুম ইত্যাদি দেখে বেড়াচ্ছিলেন এটা সত্য কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার যখন জানা নেই তখন ঐ প্রশ্নের উত্তর দিতে পারবো না।

Shri Jatin Chakravorty :
মুখ্যমন্ত্রী এ সম্পর্কে তদন্ত করে দেখবেন কিনা যে পাকিস্তান ডেপুটি হাই কমিশনারের সাথে আরো যে দুইজন কর্মচারী এসেছিলেন তাঁরা কেন লালবাজারের অন্য জায়গায় ঘুরে বেড়াচ্ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
খোঁজ নিয়ে দেখা যাবে।

Shri Amar Prasad Chakravorty :
নরম্যাল রুলসটা কি, কার্টসী কল অফিসে বা বাড়ীতে দেয়া সম্পর্কে এই র‍্যাংকের লোকেরা অফিসে কার্টসী কল দিতে পারেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
এ সম্পর্কে অফিসে কার্টসী কল দেন।

Shri Amar Prasad Chakravorty :
মুখ্যমন্ত্রী বলবেন কি একমাত্র মুখ্যমন্ত্রীর পারমিসন ছাড়া এটা করা যায় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
এর প্রিসিডেন্ট আছে আমি আগেই বলেছি এর পূর্বে ডেপুটী হাই কমিশনার বা অন্যান্য কমিশনাররা যখন এসেছেন তখন তাঁরা পুলিশ কমিশনার, হোম মিনিষ্টার বা চীফ মিনিষ্টারের সংগে অথবা চীফ সেক্রেটারী বা হোম সেক্রেটারীর সংগে দেখা করেছেন।

Shri Narendra Nath Das :
মুখ্যমন্ত্রীমহাশয় কি বলবেন যে আই জি তার পুলিশের সংগে তিনি দেখা করেছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
তা আমি বলতে পারি না।

Shri Narendra Nath Das :
মন্ত্রীমহাশয় কি বলবেন আপনার সংগে ছাড়া এবং পুলিশ কমিশনারের সংগে ছাড়া আর কার কার সংগে তিনি দেখা করেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমি যতদূর জানি তিনি চীফ সেক্রেটারীর সংগেও দেখা করেছিলেন।

Shri Amar Prasad Chakravorty :
এই প্রশ্ন পাবার পর তিনি কি অনুসন্ধান করেছিলেন যে ডেপুটি হাই কমিশনার কেন কন্ট্রোল রুমে গিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
কোন্ রুমে দেখা করেছিলেন আমি জানি না, আমি শুধু এটুকু জানি যে লালবাজারের পুলিস কমিশনারের সংগে পাকিস্তানের কলিকাতাস্থ ডেপুটি হাই কমিশনার মিঃ জিয়াউদ্দিন দেখা করেছিলেন।

Shri Monoranjan Sengupta :
যখন পাক ডেপুটী হাই কমিশনার অনুপস্থিত ছিলেন তখন তাঁর বদলে কেউ কাজ করেছিলেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
নিশ্চয়ই কেউ কাজ করেছিলেন, তবে কে করেছিলেন আমি বলতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ প্রশ্ন থেকে এটা ওঠে না। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Jagannath Kolay :
এটা স্যার আজকে দিতে পারবো না, সোমবারে দেবো।

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীযতীন চক্রবর্তী মহাশয় ঠিকানা চেয়েছিলেন কোন কোন জায়গা থেকে অস্ত্রশস্ত্র পাওয়া গেছে সেটা আমি পড়ে দিচ্ছি। ৩নং শম্ভু চরণ চ্যাটার্জী ষ্ট্রীট, জোড়াসাঁকো—১টা পিস্তল, ৫নং গোকুল বড়াল ষ্ট্রীট, মুচিপাড়া—৩টা ড্যাগার, ১।১ ফুল বাগান রোড এন্টালি—১টা সোর্ড, আর ফুলবাগান রোড—৫টা সোর্ড, ২টা স্পিয়ার্স, ৫১নং রাণী হরমুখী রোড, চীৎপুর থানা—২টা ড্যাগার, পাম য়্যাভিনিউ, করেয়া—১টা ড্যাগার, ১।২ জে, কে ঘোষ রোড, মানিকতলা—১টা পিস্তল, ৩টা পাইপ গান, ১টা রিভলবার, ১টা চপার সোর্ড, ১৬ নং হাতী বাগান রোড, বেনিয়া পুকুর—১টা গান কিন্তু কভারড বাই লাইসেন্স, ১০২নং রিপন ষ্ট্রীট, পার্ক ষ্ট্রীট থানা—১টা গান, পার্ক ষ্ট্রীট খ্যাত জানবাজার রোড ক্রসিং, বেনিয়াপুকুর, রাস্তায় ১টা ড্যাগার, ১৩।১ হায়াৎ খান লেন, আমহার্ষ্ট ষ্ট্রীট—১টা চপার সোর্ড, অন দি সি আই টি রোড, নিয়ার শ্যামাপ্রসাদ ইনষ্টিটিউসন, বেলিয়াঘাটা—১টা গান, ইন এ ট্রামকার এ্যাট শ্যামবাজার ট্রাম ডিপো—১টা স্টেন গান, ১৬।১।১ এইচ মুরারীপুকুর রোড ইন এ ন্যারো প্যাসেজ, মানিকতলা—১টা গান।

1, Ramesh Dutt Street, Jorasanko—2 swords. In an abandoned hut on the northern bank of a tank at 69, D. C. Dey Road, Entally—one Rifle and one gun, 76, Mofidul Islam Lane, Beniapukur—one dagger. 21, Linton Street—one dagger. In Chitpur Thana—one dagger.

Shri Jatin Chakravorty :
১৯ই তারিখে কর্পোরেশন অফিসের পাশে যে নিজাম হোটেল আছে, আমরা তখন শান্তি কমিটির মিটিং করছি কর্পোরেশনের বিল্ডিংএ, সেই সময় এক মিলিটারী দল এসে নিজাম হোটেল ঘিরে রাখে সকাল থেকে, এবং সেখানে সার্চ করে পাকিস্তানী মার্কা দুটো ষ্টেনগান পেয়েছিল, এ খবর কি আপনাকে জানান হয়নি?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার এটার মধ্যে সে খবর নেই, এবং এ কথা সত্য কিনা, তাও জানি না।

Shri Jatin Chakravorty :
একথা খুবই সত্য। কারণ তখন আমি নিজে কর্পোরেশন বিল্ডিংএর অফিসে উপস্থিত ছিলাম এবং এই ঘটনা দেখেছি।

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার এখানে ১৪ই তারিখের যা খবর লেখা আছে সেটা হচ্ছে রাণীহর্ষমনী রোডে দুটা ড্যাগার ও এক পাম এভিনিউ-তে একটা ড্যাগার পাওয়া গিয়েছে। আমার এখানে ১৯ই তারিখের আর কোন খবর নেই।

Shri Jatin Chakravorty :

আমি আপনাকে বলছি এই সম্পর্কে আপনার পুলিশ ডিপার্টমেন্ট থেকে সম্পূর্ণ তথ্য সর বরাহ করে নি। কারণ, সেই সময় আমরা শান্তি কমিটির সভা উপলক্ষে, কর্পোরেশন বিল্ডিং-এ মেয়রের ঘরে ছিলাম, এবং আমি নিজে দেখেছি সেই সময় সকালবেলা এটা ঘটতে। আপনি এই সম্পর্কে আপনার পুলিশ ডিপার্টমেণ্ট থেকে খবর নিয়ে জানবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ দিলে দেখবো।

Shri Jatin Chakravorty :

নোটিশ আমি দিচ্ছি না। আপনার কর্তব্যপরায়ণ যে পুলিশ, তাদের কাছ থেকে অনুগ্রহ করে একটু জানুন।

The Hon'ble Prafulla Chandra Sen :

আচ্ছা, ঠিক আছে, জানা যাবে।

Calling Attention to matters of urgent public importance.

Mr. Chairman : The attention of the Hon'ble Minister concerned was drawn on the 17th February by Shri Jatin Chakravorty on the subject of suspension of issuance of migration forms to the Hindus in East Pakistan. The Hon'ble Minister may make a statement today if he has come prepared.

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি পূর্বেই বলেছি যে মাইগ্রেসন সার্টিফিকেট এবং মাইগ্রেসন ফর্মস দেওয়া কোন সময় বন্ধ হয় নি, কোন দিনও নয়। মাইগ্রেসন ফর্মস ফুরিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে সেখানে ঢাকাতে তারা ছাপিয়ে নিয়েছেন এবং এটা আমি দিল্লী থেকে সংবাদ পেয়েছি এবং পাকিস্তানে, ঢাকায় আমাদের যিনি ডেপুটি হাই কমিশনার আছেন, তাঁর কাছ থেকে খবর পেয়েছি।

Shri Jatin Chakravorty :

আমার কলিং এ্যাটেনসন্-টা ছিল যে মাইগ্রেসন ফর্মস দেওয়া টেম্পোরারিলি সেখানে বন্ধ করা হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা সত্য নয়।

Shri Jatin Chakravorty :

দাঁড়ান না! সত্য নয়, আপনিত বলে দিলেন। সপ্তাহে দু-দিন করে ওখানে মাইগ্রেসন ফর্ম দেবার কথা। এবং এখনও সেখানে সেই নিয়ম চালু আছে যে সপ্তাহে দু-দিন করে দেওয়া হবে। কিন্তু উনি খুব দক্ষ পার্লামেন্টারিয়ানের মত আমার প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন। আমি যখন নোটিশ দিয়ে ছিলাম তার আগের সপ্তাহে ১১ই এবং ১৫ই ফেব্রুয়ারী তারিখে কোন মাইগ্রেসন ফর্ম দেওয়া হয়নি। উনি সেই সম্পর্কে কোন তদন্ত করেছিলেন কিনা? ১১ই ও ১৫ই ফেব্রুয়ারী তারিখে একটিও মাইগ্রেসন ফর্ম বিলি করা হয়নি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি ত বলেছি মাইগ্রেসন ফর্ম সেখানে ফুরায় নি এবং যখনই লোক সেখানে আনতে গিয়েছে তারা পেয়েছে। ফর্ম বিলি করা কোন দিনই বন্ধ হয় নি দিল্লী থেকে এবং ঢাকা থেকে আমি এ সংবাদ পেয়েছি।

Shri Jatin Chakravorty :

আপনি তাহলে কালকে বিধানসভায় এই কথা বলেছেন কেন যে মাইগ্রেসন ফর্ম সেখানে ফুরিয়ে যাবার পর, সেখানে লোকালি ছাপিয়ে পর্যন্ত নাকি, মাইগ্রেসন ফর্মস নিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি ত সে কথা এখানেও বলছি যে মাইগ্রেসন ফর্ম ফুরিয়ে যাবার পর এই ফুরিয়ে যাওয়ার পর, মানে কি? – যখন হয়ত মাত্র ৫০০ কি ১০০০ ফর্ম বাকি আছে, তখন তারা ছাপিয়ে দিয়েছেন। তাদেরও একটা কর্তব্য বোধ আছে। মাইগ্রেসন ফর্মস একদিনও বিলি করা বন্ধ হয় নি। ফুরিয়ে যাবার সঙ্গে সঙ্গে নয়, ফুরিয়ে যাবে বলে মনে করে, তারা সেখানে লোকালি ছাপিয়ে ছিল।

Shri Jatin Chakravorty :

১১ই ও ১৫ই ফেব্রুয়ারী তারিখে কোন মাইগ্রেসন ফর্ম সেখানে বিলি করা হয় নি, ঢাকার হাই কমিশনারের কোন কোন অফিসার এখানে এসেছেন, তাঁরাই এই খবর দিয়েছেন, এবং সেই খবরই 'যুগান্তরে' প্রকাশিত হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার কাছে এ রকম কোন খবর নেই।

[2-00—2-10 p.m.]

Discussion on Governor's Address

Mr. Chairman : We now resume the discussion on Governor's address. I ask Professor Tripurari Chakravarti to initiate the discussion.

There is one thing that I would like to say. The Chief Minister, I am told by the Minister for Parliamentary Affairs, will make his statement at about quarter to five today. So I would request members to manage their speeches in such a way that they can finish before that.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, some more time may be allotted to this debate because we are debating a very vital question affecting the interest of the nation. Therefore, we request the Chief Minister to extend the time. He might postpone his reply till, say, half past five today.

The Hon'ble Jagannath Kolay : That is impossible.

Shri Nirmal Chandra Bhattacharyya : I do not see how it is impossible, Sir, it all depends upon you. If you think that all have not been given adequate time to speak, then you can certainly extend the time.

Mr. Chairman : It depends upon me all right but then I request that members should try to finish by quarter to five. Professor Chakravarti.

Shri Tripurari Chakravarti :

মাননীয় সভাপতি মহাশয়, খুবই বেদনার্ত ও ভারাক্রান্ত হৃদয় নিয়ে আজ রাজ্যপালের ভাষণ আলোচনা করছি। রাজ্যপালের ভাষণে অবশ্য সমস্যা সংকুল পশ্চিমবঙ্গের বিভিন্ন সমস্যার উল্লেখ আছে, কিন্তু আজ দেশের সর্বাপেক্ষা মহতী সমস্যা পূর্ববঙ্গের ছিন্নমূল মানুষের সমস্যার কাছে আর সব সমস্যা ম্লান এবং নিরর্থক হয়ে গেছে। আমি সেজন্য এই একটা সমস্যাই আজ আলোচনা করছি। সব সময় ভাবি, ব্যথিত হৃদয়ে ভাবি, এই সমস্যা কার সৃষ্টি, কার দোষে বা কার অপরাধে আজ আমরা পূর্ববঙ্গের সহস্র সহস্র দুর্বল অসহায় নরনারী এবং শিশুকে দেশ বিভাগের যূপকাষ্ঠে বলিদান দিচ্ছি। শিশুঘাতী এবং নারীঘাতী এই কুৎসিত অবস্থাকে ধিক্কৃত করবার ভাষা খুঁজে পাই না। দ্বিতীয় বিশ্বমহাযুদ্ধের নরমেধযজ্ঞের বিভীষিকা দেখে রবীন্দ্রনাথ একদিন শিউড়ে উঠে বলেছিলেন যে "জানি না এমন নাম বহন যা করে ঘৃণা আতঙ্কে মেশা প্রবল ধিক্কার। হায়রে নির্লজ্জ ভাষা, হায়রে মানুষ—ইতিহাস বিধাতারে ডেকে ডেকে বলি প্রচ্ছন্ন পশুর শাস্তি আর কতদূরে?" কবির একথায় আজ আশ্বাস পাই না, আজ তাই গভীর ভাবে চিন্তা করছি কারা এই দেশ বিভাগের জন্য দায়ী, কারা মাতৃভূমির বা মাতৃ অঙ্গের এই

রক্তক্ষয়ী ব্যবচ্ছেদের ব্যবস্থা করল? মহাত্মা গান্ধী ভারতমাতার জীবন্ত দেহে এই নির্মম অস্ত্র প্রয়োগের ব্যবস্থার নাম করেছিলেন ভিভিসেক্‌সন অব ইণ্ডিয়া। সেদিন মহম্মদ আলী জিন্না অবশ্য এই উক্তিতে ক্রুদ্ধ হয়ে বলেছিলেন যে ভিভিসেক্‌সন নয় ভারতের দুই জাতী হিন্দু এবং মুসলমান, মুসলমান রাজ্য বিভাগ করবার জন্য প্রস্তুত, বা তারাই এই পার্টিসন করেছে। মহাত্মা গান্ধী এই পার্টিসন বা ভিভিসেক্‌সন ব্যবস্থায় একেবারেই সমর্থন করতে পারেন নি।

মুসলমান রাজ্য বিভাগ করবার জন্য প্রস্তুত বা তারাই পার্টিসান করেছে। মহাত্মাগান্ধী এই পার্টিসান বা ভিভিসেকসন ব্যবস্থা একেবারে সমর্থন করতে পারেন নি যদিও তিনি আর নূতন আন্দোলন আরম্ভ সম্বন্ধে তাঁর অক্ষমতা স্পষ্টভাবে জ্ঞাপন করেছিলেন অল ইণ্ডিয়া কংগ্রেস কমিটির মিটিং-এ যে মিটিং-এ মাউন্টব্যাটেন প্ল্যান নিয়ে আলোচনা হয়েছিল। দেশ বিভাগকে গ্রহণ করেছিলেন কংগ্রেসের নেতৃবৃন্দ ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট মধ্যরাত্রে, মহাত্মা নিরুৎসাহ মনে সেদিন দিল্লীর এই উল্লাসে যোগদান করতে পারেন নি- তিনি ছিলেন এই কোলকাতায় বেলিয়াঘাটা অঞ্চলের এক পল্লীতে। দিল্লীতে সেদিন যে উল্লাস চলছিল স্বাধীনতা উৎসবের সেই উৎসবে মহাত্মা গান্ধী যোগদান করতে পারেন নি, যোগদান করবার কোন ইচ্ছা তাঁর ছিল না। একজন বড় কর্মচারী ভারত গভর্নমেন্টের প্রচার বিভাগের তিনি মহাত্মা-গান্ধীর কাছে গিয়ে উপস্থিত হয়েছিলেন, বলেছিলেন গান্ধীজী আপনার ম্যাসেজ দিন, গান্ধীজী উত্তর দিয়েছিলেন আমায় কোন মেসেজ নেই, আমি শুষ্ক হয়ে গেছি আই হ্যাভ রান্ ড্রাই, বলেছিলেন গান্ধীজী সেদিন তাঁর প্রাণের রস শুকিয়ে গিয়েছিল --তাই তিনি বলেছিলেন কোন মেসেজ নেই আমার, আই হ্যাভ রান্ ড্রাই। কয়েকদিন পড়ে দিল্লীর এক প্রার্থনা সভায় গান্ধীজী বলেছিলেন--এই প্রার্থনা সভার উক্তি আমি মহাত্মাগান্ধীর দিল্লী ডায়েরী থেকে উদ্ধৃত করে বলছি সেই দিল্লী ডায়েরী প্রকাশিত হয়েছে বাংলাদেশে এবং আমাদের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন সেই দিল্লী ডায়েরীর একটা মুখবন্ধ রচনা করেছেন, মহাত্মা গান্ধী কয়েকদিন পরে বলেছিলেন স্বাধীনতার যে পরিবেশ দেখছি তাতে দম বন্ধ হয়ে যাচ্ছে দি এ্যাট্‌মোসফিয়ার ইজ সাফোকেটিং। তার কয়েকদিন পরে দিল্লীর প্রার্থনাসভায় ১৯৪৮ সালে ৭ই জানুয়ারী গান্ধীজী বলেছেন--একসময় ছিল যখন আমার কথা কংগ্রেসের মানুষ, কংগ্রেসের নেতৃবৃন্দ শুনতো কিন্তু আজ আমি অরণ্যে রোদন করছি

I am crying in the wilderness

তার কয়েকদিন পরে মহাত্মা গান্ধীর হত্যার ৪ দিন পূর্বে ২৬এ জানুয়ারী দিল্লীতে স্বাধীনতা উৎসবে গান্ধীজী তাঁর প্রার্থনাসভায় বলেছেন, এমন এক সময় ছিল যখন এই স্বাধীনতা উৎসবের অর্থ ছিল, মানে ছিল, আজ এই স্বাধীনতা উৎসব প্রহসন। মহাত্মা গান্ধী বলেছেন এই স্বাধীনতা উৎসবে আমি কোন আনন্দ পাইনা, আমার ঘুম ভেঙ্গে গেছে

I have been completely disillusioned.

একথা যখন জাতির জনক মহাত্মা গান্ধী বলেছেন পার্টিসানের কুফল দেখে উদ্ভাস্তু সমস্যার বিভীষিকা দেখে তখন আমাদের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু দিল্লীর লাল কেল্লার অলিন্দ থেকে ঘোষণা করেছেন ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট মধ্য রাত্র, স্বাধীনতার দূপ্ত ঘোষণা জওহরলাল নেহরুর কণ্ঠে, লাল কেল্লার অলিন্দে দাঁড়িয়ে জওহরলাল সেদিন ঘোষণা করেছিলেন ভারতবর্ষের, বিশেষকরে পাকিস্তানের নরনারীদের সম্বন্ধে, তখনকার রচিত মহাত্মা গান্ধীর জীবনী অষ্টম গ্রন্থে জওহরলালের এই ভাষণটা সম্পূর্ণরূপে দেয়া হয়েছে--আমি সেই ভাষণ থেকে উদ্ধৃত করে একথা বলছি,

[2-10—2-20 p.m.]

সেদিন জহরলাল নেহরু বলেছিলেন

we think also of our brothers and sisters who have been cut off from us by political boundaries.

অর্থাৎ পাকিস্তানের নরনারী সম্বন্ধে—জহরলাল নেহরুর এই উক্তি

we have also been thinking of our brother and sisters who have been cut off from us by political boundaries and who unhappily cannot share at present in the freedom that has come but they are of us and will remain of us whatever may happen and we shall be sharers in their good and ill fortune alike.

এই আশ্বাস দিয়েছিলেন সেদিন ভারতের প্রধানমন্ত্রী জহরলাল নেহরু পাকিস্তানের সমস্ত হিন্দু নর-নারীকে। কি ভাবে এই আশ্বাস বা প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তা আজ আমরাও তাঁকে জিজ্ঞাসা করতে পারি। আর একটা কথা বলি পণ্ডিত জহরলাল নেহরু সেদিন জাতির জনক মহাত্মা গান্ধীর একটি উক্তি উদ্ধৃত করে বলেছিলেন

the ambition of the greatest man of our generation has been to wipe out tears from every eye.

আমরা কোন নারীর চক্ষে এক বিন্দু অশ্রু রাখবো না, আমরা তাই চেষ্টা করছি। আজ বোধহয় বলতে পারি এক বিন্দু ত দূরের কথা, অশ্রুর বন্যায় সমস্ত বাংলা দেশ পরিপ্লাবিত হয়ে গেলো, অথচ ঠিক সেই সময় দিল্লী থেকে একজন নন্দ বা একজন কৃষ্ণমাচারী এসে যেন অনুগ্রহ করে বললেন, আমরা অনুগ্রহ করতে এসেছি। আজ বাংলা দেশে এসে নন্দ এবং কৃষ্ণমাচারী বলেন আমাদের কোন দায়িত্ব নেই পূর্ববঙ্গের হিন্দু নরনারীর প্রতি।

We have no legal or constitutional obligations.

আমরা কৃপা করে, অন কম্পাসনেট গ্রাউণ্ডস-এ কিছু দেবার চেষ্টা করছি।

Shri Jogindralal Saha:

I would like to draw the attention of the honourable member to this morning's newspapers. The Prime Minister Mr. Jawharlal Nehru has stated that the doors for the migrants are open.

Shri Tripurari Chakravarti: That's a different matter altogether.

Shri Jogindralal Saha: We should also allude to that statement. He has also not quoted Mr. Nanda's statement in full.

Mr. Chairman: Objection has been raised that you have not quoted Mr. Nanda's statement in full.

Shri Nirmal Chandra Bhattacharyya: He has quoted the relevant portion.

Shri Tripurari Chakravarti: I am not bound to quote the whole thing.

Mr. Chairman: If you have said: "We have no legal or constitutional obligation" then you are perfectly right.

Now, go on please.

Shri Tripurari Chakravarti:

কম্‌প্যাসনেট গ্রাউণ্ডস-এ কৃপা করছেন, এই কথা তিনি বলেছিলেন। কিন্তু ১৯৪৭ সালে, ১৫ই আগষ্ট-এর মধ্য রাত্রিতে পণ্ডিত জহরলাল নেহরু সে কথা বলেননি। তিনি অব্‌লিগেসন-এর কথা বলেছিলেন। অবশ্য নন্দ ও কৃষ্ণমাচারী-কে আমরা নাবালোক মনে করি, তারা স্বাধীনতা সংগ্রামের ইতিহাস জানেন না, ইতিহাস তাঁরা ভাল করে পড়েন নি। প্রয়োজন হলে আমি তাঁদের সঙ্গে আলোচনা করতে প্রস্তুত আছি। সেইজন্য নন্দ এবং কৃষ্ণমাচারীর উক্তি ধিক্কারের যোগ্য। আমি ধিক্‌কৃত করছি তাঁদের এই সমস্ত উক্তিগুলিকে। আমার এক শ্রদ্ধেয় কংগ্রেস বন্ধু, যিনি এখন দাঁড়িয়ে ছিলেন, শ্রীযোগীন্দ্রলাল সাহা, তিনি গতকাল আমাকে জিজ্ঞাসা করেছিলেন তাদের দুরবস্থা ও দুর্দশা ত দেখছি, কিন্তু বলুন তার প্রতিকার কি? ভালকথা আমি তার উত্তর দিচ্ছি।

(Interruptions and noise)

যোগীন্দ্রলাল সাহা মহাশয় গতকাল লবিতে আমাকে জিজ্ঞাসা করেছিলেন যে এর প্রতিকার কি, এর প্রতিকার কোথায়? আমি সেই প্রতিকারের কথা বলছি। আমার প্রথম কথা হচ্ছে ভারতবর্ষের মধ্যে তাদের প্রবেশের জন্য সীমান্তের দরজা চতুর্দিকে খুলে দিতে হবে। ৯২ লক্ষ মানুষের অবাধ প্রবেশের ব্যবস্থা করা হোক। ৪৪ কোটী ভারতবাসী নিশ্চয়ই আরও ৯২ লক্ষ লোকের ভার গ্রহণ করতে পারবে। যুদ্ধের পটভূমিকায় সমস্যায় রেখে তার সমাধানের চেষ্টা আমরা নিশ্চয় করবো। এই সংকল্প আজ আমাদের গ্রহণ করা উচিত। এই হল প্রথম প্রতিকারের উপায়।

এই সংকল্প আজ গ্রহণ করা উচিত। এই প্রথম প্রতিকারের উপায়। দ্বিতীয় কথা বলছি আমি ভারতের ৫ কোটী মুসলমানের কাছে আমার আবেদন জানাতে চাই। মহম্মদ আলী জিন্না বার বার সগর্বে উল্লেখ করেছিলেন যে অখণ্ড ভারতের প্রায় সমস্ত মুসলমানই লীগ পন্থী এবং দুঃখের সঙ্গে স্বীকার করতে হবে যে তাদের সমর্থনেই পাকিস্তান ভারতবর্ষের সৃষ্ট হল। আমি একটা উক্তি মহম্মদ আলী জিন্নার পড়ে শুনাতে চাই। আলিগড় ইউনিভারসিটি মুসলীম লীগ ইউনিয়নের এক সভায় জিন্না বলছেন গত ভোটে প্রমাণিত হয়েছে যে ভারতবর্ষের সমস্ত মুসলমান লীগ পন্থী তারা লীগের দাবী সমর্থন করে তারা পাকিস্তান সমর্থন করে কিন্তু তথাপি জহরলাল নেহেরু কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে বলবার আস্পর্ধা রাখে—এবং এই কথা সর্বৈব মিথ্যা

Nehru had the tamerity to say that the Muslims were playing into the hands of the British Government and that Muslim masses were with the congress—this is absolutely false.

জিন্না বলেছিলেন আমার কোন সন্দেহ নেই আজ ভারতবর্ষের ৫ কোটী মুসলমান তারা যদি জিন্নার দাবীর পিছনে না দাঁড়াতেন তাহলে ভারতবর্ষে পাকিস্তানের রচনা সম্ভবপর হত না। আমি সেই কথা বলতে চাই। আমি আজ আবেদন করতে চাই ভারতবর্ষের ৫ কোটী মুসলমানের কাছে যে তারা এগিয়ে আসুন—তারা এখানে মুসলিম গণ-আন্দোলন সৃষ্টি করে এবং পাকিস্তানে প্রতিনিধিদল, ডেপুটেশান-এ পাঠিয়ে এই যে নরহত্যা এই যে বিভীষিকা পাকিস্তানে সৃষ্টি করা হয়েছে তা বন্ধ করবার চেষ্টা করুন। অনেক বন্ধু বলে থাকেন পাকিস্তানের স্বতঃস্ফূর্ত গণ-আন্দোলন এই সমস্যার একমাত্র সমাধান। কিন্তু কবে আমরা পাকিস্তানের সেই স্বতঃস্ফূর্ত গই-আন্দোলন দেখব? যুগ যুগ ধরে নিষ্ক্রিয় থেকে হিন্দু হত্যার দায়িত্ব গ্রহণ করতে কিছুতেই পারি না। আমি সেজন্য যে কথাটা বারবার বলতে চাই, অনেকে পাকিস্তানে স্বতঃস্ফূর্ত গণ-আন্দোলন হচ্ছে এবং হবে, কিন্তু কতদিন আমরা আন্দোলন করব, ইতিমধ্যে এই নরহত্যা অবাধে চলবে। আমরা নিষ্ক্রিয় হয়ে বসে থাকতে পারি না। আমার তৃতীয় প্রস্তাব ছিল টাকা যদি না থাকে কর বসান আমরা সেই করকে বলতে পারি রিফিউজী ট্যাক্স বা উদ্বাস্তু পুনর্বাসন কর সমগ্র ভারতবর্ষে পোল ট্যাক্স-এর মত। সমগ্র ভারতবর্ষে মাথাপিছু কর বসান। ইংল্যাণ্ডে জাতীয় বিপদের সময় এইরকম কর বসান হত তাকে বলা হত ডেন গেল্ড। ডেন জাতীয় আক্রমণ প্রতিরোধ করবার জন্য সেই করের ব্যবস্থা হয়েছিল। সমস্ত নরনারীকে দিতে হত এই কর। আজ তেমনি আমরা বলতে পারি এই যে সমস্যা জাতীয় সমস্যা।

We learn from history, we learn from experiences history is not a closed book.

আর সর্বশেষে আমি বলতে চাই পশ্চিমবঙ্গের উশৃঙ্খলতার প্রশ্রয় আমরা কিছুতেই দিতে পারি না। আমাদের সংবিধানে মুখবন্ধে আছে জাস্টিস অথবা ন্যায়ের আদর্শ—এই ন্যায়ের আদর্শকে আমরা ক্ষুন্ন হতে দিতে পারি না।

[2-20—2-30 p.m.]

ক্ষুন্ন হতে আমরা দেব না, আমরা কখনও বলবো না যে পশ্চিমবঙ্গ থেকে একজন মুসলমানও চলে যাক পূর্ববঙ্গে—এ চাই না। আমরা আমাদের রাষ্ট্রের যে সেকুলার স্যানিটি ধর্মনিরপেক্ষভাব তা রক্ষা করতে চাই, অন্ততঃ আমি বলি, আমি মনে প্রাণে এই ধারণা পোষণ করি। আমি শেষ করেছি সভাপতি মহাশয়, আমি আমার শেষ কথা বলছি যদি নিষ্ক্রিয় নিশ্চেষ্ট হয়ে বসে থাকি তাহলে রবীন্দ্রনাথের ভাষায় বলবো নাহিরে পরিত্রাণ, দুর্বল এবং পীড়িতের দীর্ঘশ্বাসে, উৎপীড়িতের ক্রন্দন রোলে বাংলার আকাশ বাতাস অশুচি হয়ে গেল, রুদ্রের আবির্ভাব অবশ্যম্ভাবী হয়ে ওঠে, এরূপ অবস্থায় মহাভারতে একদিন পিতামহ ভীষ্ম যুধিষ্ঠিরকে বলেছিলেন দুর্বলকে রক্ষা কর যুধিষ্ঠির, এই সর্বশ্রেষ্ঠ রাজধর্ম। দুর্বল পীড়ন যেন কিছুতেই না ঘটে তোমার রাষ্ট্রে। আরো বলেছিলেন রাষ্ট্রের দায়িত্ব কঠিন দায়িত্ব সাধারণ মানুষ, বাজে মানুষ, দুর্বল মানুষ আর রাজদণ্ড ধারণ করতে পারে না, এর জন্য প্রয়োজন হচ্ছে সাহসের এবং বলের,

তারই সাবধান বাণী উচ্চারণ করতে চাই। সেদিন যতীন চক্রবর্তী মহাশয় শাস্ত্রীসরকারকে ইঙ্গিত করেছিলেন, আমি শাস্ত্রীসরকারের দিকে যাচ্ছি না, আমি আরো উচ্চতর থেকে এই জিনিসটা বিচার করবার চেষ্টা করছি। আমি রুদ্রের আবির্ভাবে আতঙ্কিত হচ্ছি, আশংকিত হচ্ছি এবং রুদ্র যখন আবির্ভূত হন তখনি তিনি কাউকে ক্ষমা করেন না। সাধু, অসাধু বিচার করেন না, রুদ্র অসাধুকে বিনাশ করেন তাদের অসাধু কার্যের জন্য কিন্তু সাধুরাও পরিত্রাণ পান না, কেন তাঁরা চুপ করে বসেছিলেন, কেন তাঁরা নিষ্ক্রিয় নিশ্চেষ্ট ছিলেন। এজন্য রুদ্র সাধুদের বিনাস সাধন করেন। আজ তাই বলতে চাই সকলের সামনে যে একটা নৈতিক নিয়ম, নীতি, শৃংখলা আছে বিশ্বাস করতে চাই না আমরা কিন্তু খুব বড় কথা, মহাভারতের কথা, শাস্ত্রের কথা, ধর্মকে আঘাত করলে ধর্ম সে আঘাতে আহত হয়না বরং ধর্মই আবার আঘাত হেনে সকলকে নষ্ট করে। আজ তাই বলছিলাম রাষ্ট্রের এই দায়িত্ব আছে ধর্ম রক্ষার দায়িত্ব, দুর্বলকে রক্ষা করবার দায়িত্ব- প্রধানমন্ত্রী জওহরলাল বা আমাদের নেতৃবর্গ যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি পালনের দায়িত্ব নিশ্চয়ই রক্ষা করতে হবে। যদি এই দায়িত্ব রক্ষা করতে না পরি তাহলে ইতিহাস আমাদের ক্ষমা করবে না। আমি খুবই আতঙ্কিত ভীষণ বিপ্লব সংঘটিত হতে পারে এদেশে, মানুষের আত্মার চিরদিনের জন্য সহ্য করে না। একটা গান আমার মনে পড়ছে, আমি তাই বলে শেষ করছি, বাংলার সেই বিপ্লবী যুগের, আমরাও এই গান করেছিলাম না হইতে মাগো বোধন তোমার, ভাঙিগল রাক্ষস মংগল ঘট, জাগো রণচণ্ডী জাগো মা আমার, আবার পূজিব চরণতট। বাংলার বিপ্লবী যুবকগণ এই গান করেছিল, সেই বিপ্লবী যুবক বাংলায় এখনও আছে, তাদের রক্ত শুকিয়ে যায়নি, নিঃশেষ হয়ে যায়নি। তাই বলছি গভর্ণমেণ্টের দায়িত্ব যাঁরা গ্রহণ করে বসে আছেন সাবধান।

Shri Abdullah Rasul :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলতে চাই—মাননীয় সদস্য শ্রীপুরারী চক্রবর্তী মহাশয় গালিগড়ে জিন্না সাহেবের বক্তৃতা উল্লেখ করে যা মন্তব্য করেছেন সেটা ঠিক নয়। তিনি বলেছেন ভারতবর্ষের পাঁচ কোটী মুসলমানই জিন্না সাহেবকে সমর্থন করেছিলেন পাকিস্তানের দাবী সম্পর্কে। আমি শুধু এইটুকু বলতে চাই যে এই কথাটা ঠিক নয়।

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely :—

But regret that there is no mention of the failure on the part of the Government—

(1) to secure the establishment of a fertiliser factory in West Bengal ;

(2) to arrange for working, under the auspices of the State, the coal mines which have come within the sector of State ownership ;

(3) to develop sufficient electric power in the State to cope with the increasing demand of industries and of rural areas ;

(4) to develop under the auspices of the State a buffer stock of foodgrains as an insurance against shortage of food and profiteering and also an expert pricing committee to arrest high prices ; and

(5) to establish in the State a State University Grants Committee.".

Sir, I am proceeding to take part in the debate in the hope that you will favour me by giving at least 20 minutes' time within which to finish my speech.

Sir, all problems of West Bengal except one have receded to the background. We are concerned today with the question of communal harmony and the question of oppression of the minorities across the border. I shall confine myself to that problem alone. I agree with Dr. Banerjee that the crucial events in Pakistan and the communal flare up in West Bengal have, in fact, thrown us off our balance. The atmosphere is surcharged with emotion and

it is difficult for us to develop a scientific detachment and to make concret proposals for the problems that face us today. The climate is so very ur favourable that even newspapers which are legitimately proud of a gloriou past have indulged in communalism. One instance of this communalism is th attack that has been launched by some of the newspapers—I am not thinkin of all the newspapers—against all India leaders, Central Ministers an Ministers of the State. It is also extremely unfortunate that this atmospher should have led some leaders and newspapers to question the loyalty an integrity of highly placed Muslim officials. I am strongly of the opinior Sir, that such unfair criticism and unjustified attack would strengthen the hanc of the communalists and the secret agents who are masquerading as citizen of India. I hope that such newspapers and such politicians will refrain fror this activity. If they have done so, I believe, it is because they are carrie off their feet by the emotion which has overwhelmed them for the time being

Sir, the first question to which I shall address myself is this. Did w handle. did Government of West Bengal handle the disturbances at the initia stage with vigour? I was not here at the time when the outbreak took place I came here on the 12th. Therefore, instead of coming to any judgment right away I thought of carrying out what is called a survey of political opinior I questioned about 50 persons, all of them successful men in society, lawyers doctors, some are accountants, and all of them are graduates, who belonge o my constituency.

2-30—2-40 p.m.]

I put to them a number of questions. I shall place them before you and also their answers for your consideration.

The first question that I put to them was, did the Government anticipate trouble in West Bengal and was it almost impossible to anticipate the trouble which was brewing in West Bengal? The unanimous answer that they gave was that it was not difficult to anticipate the trouble which might overcome West Bengal also, because gruesome events have taken place across the border.

The second question that I put to them was, were steps taken at the right moment, at the first moment of occurrence? The answer again was in the negative. It was stated that just when steps ought to have been taken they were not taken and, as a matter of fact, matters were allowed to drift.

The third question that I put to them was, were the steps that were taken later on adequate? The answer was again unanimous that adequate steps, vigorous steps were not adopted at the initial stage and if the adequate steps, vigorous steps were taken at the initial stage the holocaust would not have taken place.

The fourth question that I put to them was, whether Police were more or less inactive. Unfortunately the answer here is that the Police were more or less inactive at the initial stage. I will cite one instance of this inactivity. The Joint Secretary of the Vivekananda Birth Centenary Celebration Committee wrote to the Police at least 20 hours before the pandal at Park Circus was gutted by fire that the pandal might be attacked by hooligans and it might be burnt down. I may add here that some treasures which were actually daily burnt down. I may add here that some treasures which were actually daily used by Swami Vivekananda were housed in one of the pavilions. Luckily that was saved. But in spite of the fact that Police were informed 20 hours before the occurrence actually took place no protection whatsoever was given

by the Police and they were not deputed to guard the pandal. It is an unfortunate thing. When the communal flare up took place the Police were not prepared with a blue print as regards the methods of dealings with such occurrence. It was not actually till Mr. P. K. Sen took charge of the situation that a blue print for dealing with such occurrence came to be prepared.

The fifth question that occurs to me is, what are the principal tasks before us. The first and the foremost task before us is to institute an enquiry into the genesis of the riots. Sir, Dr. Banerjee has stated that some constructive suggestions are needed and some constructive suggestions have been put forward from both sids of the House. But I think constructive suggestions cannot be developed scientifically unless we know how the flare up actually took place.

Two theories have been enunciated. It has been said that the trouble in West Bengal was due to the fact that trouble took place in East Pakistan. When information of the gruesome events trickled across the border, there was a flare up. Another theory is that the flare up was principally due to Pakistani agents who must be here as Indian citizens.

Sir, my friend Shri Dwijendralal Sen Gupta and other friends from the Congress Bench also said that this flare up was not communal alone. There was political element in it and political agents, who acted at the instance of Pakistan, are very largely responsible for the disturbance here. One of the speakers, Shri Monoranjan Sen Gupta has said that the flare up took place first in Moti Jheel on the 9th and the aggressors were Muslims who were really Pakistani agents acting at the instance of the enemies of India.

Sir, our duty is to afford adequate protection to the minorities. I need not enter into details. What can this House do about it? I suggest that we pass in this House a resolution unanimously declaring that we must do our best to protect the rights of the minorities. A similar resolution might be passed by the Assembly and I believe this resolution might go some way towards creating confidence in the minds of the minorities. I also think that a committee of the two Houses ought to be appointed for the purpose of promoting communal harmony and to watch the communal situation. It is for the Leader of the House and his leader, the Chief Minister and others to consider the matter suggesting these things. Sir, exchange of population has been pressed for. It is a fantastic and unrealistic and immoral proposal which ought to be rejected forthwith. It is impossible for 90 lakhs Hindus in Pakistan and 5 crores of Muslims in India to cross the borders for uncertain future. I know many of my friends are flourishing as lawyers and medical practitioners in East Pakistan and they will not leave East Pakistan for anything and they are living in peace in areas where communal disturbances have not taken place.

I will not enter into details as regards other things but I believe that those who are eager to come to West Bengal from East Pakistan must be given every opportunity to come here. For this purpose I suggest that the Deputy High Commissioner's office in Dacca should start branches in every district headquarters in East Pakistan so that repatriation of these people may be facilitated. I also think that we ought to approach the Union Government in order to see that the repatriation of people from East Pakistan to West Bengal—those of them eager to come—might be given facilities without any hinger to the persons who are anxious to cross the border. It is also our duty to ask the Government of India to approach the International Red Cross Society to secure the rescue of the kidnapped women in East Pakistan. The

Government of India do not appear to have moved in the matter. It is very desirable that the Government of West Bengal should make urgent representation to the Government of India for the purpose of securing rescue of the kidnapped women through International Red Cross.

Sir, another and a very important task of our part is to deal with the disloyal elements in India who are instigated by Pakistani agents who are in treasonable contact with the Pakistani Deputy High Commissioner in Calcutta and these people flew black flags and black badges were worn and made attempts to boycott the great Idd Prayer in Maidan and this has partially succeeded. Sir, it is necessary to comb out these people from the community which in fact constitutes the festering sores and it is desirable that energetic measures ought to be adopted by the Government to comb them out.

Sir, it is also necessary that the infiltration of Pakistanis across the border to West Bengal should be stopped.

[2-40—2-50 p.m.]

From this side of the House Mr. Jatin Chakravorty, Mr. Sasanka Sekhar Sanyal and others and my humble self also have pointed out the danger of illegal infiltration of Muslims into West Bengal. It is absolutely necessary that the borders should be well guarded.

Sir, I also feel that the door to honourable negotiation with Pakistan should always be kept open because it is our policy to settle all international disputes by peaceful means. We accepted it as a part of our Constitution—I believe it is article 50 of the Constitution.

Sir, there is another aspect of the problem to which very little attention has been given by the Government of India. At the bar of nations at the United Nations we are in the dock for what the Pakistanis have called genocide perpetrated by the people of India. It is very unfortunate that this has taken place because we have not been sufficiently active, because of the imbecility of the Foreign Office and because of the neglect of duty on the part of the agents of India at the foreign embassies. Sir, we are certainly sorry for the communal trouble that took place in our country but it is nothing coming anywhere near genocide. If there is genocide, it is in Pakistan but it is India that is in the dock today and not Pakistan. That is due to the acts of commission and omission on the part of the Government of India including the Prime Minister of India.

Sir, I will refer just for a moment to Bhudeb Sen's case. From this side of the House and from the Senate suggestions have been made for holding judicial enquiry. An administrative enquiry or an executive enquiry has been ordered. Sir, the demand of my friend Mr. Chakravorty and of others and of the members of the Senate who asked for a judical enquiry was of a very modest nature. They might have demanded an enquiry under the Commissions of Enquiries Act of 1952. They did not go so far as that. They merely wanted a judicial enquiry. The Vice-Chancellor of the University—a retired Judge of the High Court, a very distinguished lawyer—also accepted the suggestion of the Senate, but nothing has been done in the matter, and an executive enquiry has been ordered. I will very much hope that the Leader of the House and the Chief Minister will consider the case further and order a judicial enquiry instead of an executive enquiry because the enquiry has not yet started and it is time even now to take action.

Sir, it is very sad to contemplate that even in the 17th year of our independence we have not been able to realise fully the ideal of secular democracy. If we have not been able to do so it is because history and geography have linked us up with Pakistan—a State which is mediaeval in character, which is really a Fascist State and which regards theocracy as the basis of its existence. It is also a State which was born of the hatred of India and it is because of this that we have not been able to realise the ideal of secular democracy. Sir, inspite of extraneous provocations, all kinds of provocations from Pakistan, we should not abandon this ideal, and every Indian citizen should work for the realisation of this great ideal embodied in our Constitution.

Shri Anila Debi: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.,—

"But regret that there is no mention of—

(1) the grievances of teachers of all categories and the failure of the Education Ministry to tackle them;

(2) how the Government intend to tackle the problem of rising prices of all commodities including foodstuff;

(3) the failure on the part of the Government to maintain law and order in the State."

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণকে কেন্দ্র করে গত কয়েকদিন ধরে উভয়-পক্ষীয় সদস্যদের সমালোচনা ও সমর্থন আমি মন দিয়ে শুনেছি। বিরাট সমস্যাসঙ্কুল এই রাজ্যের সামনে পরিবেশিত এই ভাষণ অতি সংক্ষিপ্ত হলেও আমার কোন ক্ষোভ ছিল না যদি দেখতাম এই ভাষণের মধ্যে আবেগ যতটা রয়েছে সমস্যা সমাধানের স্বচ্ছ পথনির্দেশ তার চাইতে বিন্দুমাত্র কম নাই। বর্তমান পশ্চিমবাংলার স্বভাবতঃই মানুষ বিক্ষুব্ধ পাকিস্তানের সংখ্যা-লঘুর উপর অমানবিক অত্যাচারের জন্য। সেই বিক্ষোভকে কেন্দ্র করে পশ্চিমবাংলায়ও সংখ্যা-লঘু নিপীড়িত ইত্যাদি দুঃখজনক পরিস্থিতি এবং অন্য বহুবিধ কারণে মানুষ চঞ্চল। কিন্তু আমার বক্তব্য সেই চঞ্চলতা উপশমের বাস্তব পথনির্দেশ কোথায়? সমালোচনা আমরা করব উত্তাপ সৃষ্টি করবার জন্য নয়, সমর্থন আমরা করব সমস্যা সমাধানের পথকে এড়িয়ে গিয়ে নয়—এই উভয়বিধ দৃষ্টিভংগীর মাধ্যমে মানবতার কলঙ্ক সভ্য সমাজের লজ্জা এই যে সাম্প্র-দায়িক হানাহানি এবং তার ফলে পীড়িত দুর্গতদের যে সমস্যা সেই সমস্যার সমাধানের আলো-চনাই এখানে প্রধান হওয়া উচিত। এই সমস্যার সমাধানের পথকে আমাদের একযোগে খুঁজে বের করার আশু প্রয়োজন। কে কোথায় কতখানি দোষী, কার কোথায় কতখানি দায়িত্ব ছিল—আজ আর তার আলোচনা নয়। ৫০-৫২ সালে দাংগার পর পাকিস্তান থেকে আগত অসংখ্য উদ্বাস্তুদের সমস্যা সমাধানে আজও সরকার সাফল্যমণ্ডিত হতে পারেন নি। আজও অকৃত-কার্যতার কলংক বহন করছে শিয়ালদহ ষ্টেশন। আবার যখন ঐ রকম একটা বিপর্যস্ত অবস্থা ঘটে গেল। আবার যখন বহু বিপন্ন ছিন্নমূলের আগমণ অবশ্যম্ভাবী হয়ে উঠেছে তখন আমা-দের দুই পক্ষের সদস্যদের ধীর স্থির হয়ে একটা উপায় নিশ্চয়ই চিন্তা করতে হবে, মনে রাখতে হবে যে কলঙ্কজনক সাম্প্রদায়িকতার হানাহানি বর্ধিত করতে পারে যে আবহাওয়া তাকে মানুষের মন থেকে মুছে ফেলতেই হবে। সাম্প্রদায়িক সম্প্রীতিকে ফিরিয়ে আনতে হবে। ছিন্নমূল যারা, যাদের সমস্যা আমরা আবেগ দিয়ে প্রকাশ করছি, কিন্তু মাত্র আবেগ দিয়ে ধুয়ে দিতে পারব না তাদের গ্লানি। তাদের জন্য আজ চোখের জলে ভাসতে পারি, কিন্তু বাস্তব সুব্যবস্থার অভাবে যখন তাদের সমস্ত জীবনের আশা বিলুপ্ত হতে থাকবে, সংসার নির্বাহ করা যখন তাদের পক্ষে অত্যন্ত কঠিন হতে কঠিনতর হতে থাকবে, যখন তারা দুর্ভাগ্যের জন্য কাকে দায়ী করবে বুঝে পাবে না, এক কথায় সর্বনাশের অতল গহ্বরে নিমজ্জিত হতে থাকবে তখন আমাদের এই প্রবাহিত অশ্রুধারা তাদের বিন্দুমাত্র সান্ত্বনা দিতে পারবে না, যদি সরকার এখন থেকেই সবল কর্মপন্থা গ্রহণ না করেন। রাজ্যপালের ভাষণের মধ্যে সমবেদনা আমার মনকেই স্পর্শ করেছে; কিন্তু সমস্যা সমাধানের কোন ইঙ্গিত তার মধ্যে নেই তো বটেই, এমনকি শান্তিকামী

মানুষদের সহযোগিতার কোনো স্বীকৃতি প্রকাশ নেই বলে দুঃখ অনুভব করেছি। তিনি বলেছেন যে তাঁর সরকার অত্যন্ত ক্ষিপ্রতার সংগে অবস্থাকে আয়ত্বে এনেছেন—কিন্তু এই অবস্থাকে তার সরকারের পক্ষে ক্ষিপ্রতার সংগে আয়ত্বে আনা সম্ভবপর হত না যদি পশ্চিমবাংলার বিবেকবান মানুষ তার সরকারের সংগে সহযোগিতা না করতেন। সেই বিবেকবান মানুষগুলি কিন্তু রাজ্যপালের ভাষণে অভিনন্দিত হলেন না। দেবপ্রসাদবাবু কাল ক্ষুব্ধ হয়ে বলেছিলেন মাননীয় আব্দুল রসুলের প্রতি, তাঁর বক্তৃতাতে পাকিস্তানের জনপ্রতিনিধিদের প্রতি যে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে পশ্চিমবাংলায় দাঙ্গাবিরোধী মানুষগুলিকে তেমন জোরে প্রশংসা করা হয় নি বলে। আব্দুল রসুলের বক্তৃতা নাকি দেশদর্শী হয়ে গিয়েছে! মাননীয় রাজ্যপালের ভাষণ কি সেই দোষে দুষ্ট নয়? আমি জানি না তিনি এরই মাধ্যমে রাজ্যপালের ভাষণকেও একদেশদর্শী বলতে চেয়েছিলেন কি না!

[2-50—3-00 p.m.]

সরকার ক্ষীপ্রতার সংগে অবস্থাকে আয়ত্বে এনেছেন আমরা এই গৌরবের অংশ নিতে চাই কিন্তু সংগে সংগে একথাও এখানে বলতে চাই যে রাজ্যপালের কাছে হয়ত খবর পৌঁছায়নি যে সাম্প্রদায়িক শান্তি ফিরিয়ে আনবার জন্য কোলকাতার ৩০ হাজার নরনারী দাঙ্গাবিরোধী শান্তি মিছিল করে সাম্প্রদায়িক সম্প্রীতিকে ফিরিয়ে আনবার জন্য, এবং যে দুষ্কৃতকারীরা দাঙ্গাকে সৃষ্টি করতে চায়—তাদেরকে সতর্ক করবার জন্য পথে নেমেছিলেন, ৩০ হাজার কণ্ঠে সেদিন একযোগে "দাঙ্গা চাই না, শান্তি চাই" এই শ্লোগানে মুখর হয়েছিল—সেদিন এই সরকারের নিষ্ক্রিয়তায়, মন্থরতায়, সেই সমস্ত প্রচেষ্টা বানচাল হতে বসেছিল। যখন সতর্ক সক্রিয়তায় সরকারের ব্যবস্থা গ্রহণ করা দরকার, যে কোনো প্রকারের নিষ্ক্রিয়তা ধিকৃত হওয়া উচিত। সাম্প্রদায়িক হিংস্রতাকে কেন্দ্র করে গত কয়েকদিন ধরে যে উত্তাপের সৃষ্টি হয়েছে, সেই উত্তাপে অংশ গ্রহণ আমি করছি না, আমি অবশ্য বাথিত চিত্তে সরকারের কাছে কয়েকটা সুপারিশকে উপস্থিত করতে চাচ্ছি। প্রথমতঃ আমাদের পুনর্বাসন সমস্যার কথা ভাবতে হবে। আমরা রাজ্য সরকার পক্ষের যে ব্যবস্থার কথা শুনছি, কেন্দ্রীয় সরকারের যে ব্যবস্থার কথা শুনছি; সেই ব্যবস্থা কিন্তু একটি মাত্র দন্ডকারণ্য সর্বস্ব ব্যবস্থা। অথচ স্টেটসম্যান কাগজে দেখেছি যে দন্ডকারণ্যে ডেভেলপমেন্ট অথোরিটি জানিয়ে দিচ্ছেন যে যদি কেন্দ্রীয় সরকার দন্ডকারণ্যে উদ্বাস্তু পাঠানোর এই পলিসিকে সংযত না করেন তাহলে বর্তমান ব্যবস্থাতে দন্ডকারণ্য ব্যবস্থা বানচাল হয়ে যেতে বাধ্য, অর্থাৎ নূতন উদ্বাস্তুদের আর সেখানে স্থান পাবার বিশেষ সম্ভাবনা নেই। আমরা কি তাহলে এই দন্ডকারণ্যের পথ থেকে নেমে এসে অন্য কোন ব্যবস্থার কথা কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থিত করতে পারি না? একথা সত্য—যে কেন্দ্রীয় সরকার যদি এ সমস্যা সমাধানের জন্য সুদৃঢ় পন্থা কিছু গ্রহণ না করেন তাহলে রাজ্য সরকারের পক্ষে এ সমস্যা সমাধান করা সম্ভবপর নয়। ১৯৫২ সালে যে পরিমাণে উদ্বাস্তু এখানে এসেছিলেন ঠিক সেই পরিমাণে উদ্বাস্তু এখনও আসছেন এবং আসবেনও। তার জন্য অবিলম্বে আমি মনে করি যে ১৯৫০-৫২ সালে পুনর্বাসন দপ্তর যে রকম বিস্তৃত ছিল সে রকম বিস্তৃততর পুনর্বাসন দপ্তর প্রতিষ্ঠা করবার জন্য কেন্দ্রকে আবেদন করা হোক। কারণ এই সমস্ত উদ্বাস্তুদের সমস্যা থাকবে জীবিকার, উদ্বাস্তুদের সমস্যা থাকবে বাসস্থানের, শিক্ষার—এই সমস্ত সমস্যা সমাধানের জন্য নিশ্চয়ই এখুনি পশ্চিমবাঙ্গলায় পুনর্বাসন দপ্তরের সম্প্রসারণ করার প্রয়োজন রয়েছে। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে নেহরু-লিয়াকৎ প্যাক্ট অনুসারে পাকিস্তানের কেউ যদি পশ্চিমবাঙলায় বাস্তু বিনিময় করতে চান, অর্থাৎ পাকিস্তান থেকে কেউ এসে যদি পাকিস্তানে গমনেচ্ছু, কোন লোকের সংগে বাস্তু বিনিময় যদি করতে চান, তাহলে সেই বাস্তু বিনিময় ব্যবস্থাকে আবার আইনানুগ করে উৎসাহিত করা হোক। স্বেচ্ছায় যাঁরা আসছেন তারা ঐ রকম বাস্তু বিনিময় করে যদি আসতে পারেন তাহলে তাঁদের অর্থনৈতিক দায়িত্বের চাপ সরকারের উপর কিছুটা কম পড়বে। তৃতীয় হচ্ছে মাইগ্রেসন রেসট্রিকসন এক্ষুণি তুলে নেয়া উচিত। সম্প্রতি সরকারী ঘোষণাতে মাইগ্রেসানের যে সীমারেখা টানা হয়েছে তাতে আমার মনে হয়, যে সমস্যা সমাধান তাঁরা এখানে করবেন বলতে চাচ্ছেন, দুর্গত মানুষদের মনে যে ভরসা তাঁরা

দিতে চাচ্ছেন সে সবই শূন্যে মিলিয়ে যাবে যদি পাকিস্তানের প্রতিদিনকার আতংকগ্রস্ত মানুষেরা দেখে যে তাদের এখানে স্বেচ্ছায় আসবার পথ বন্ধ হয়ে গেছে। সুতরাং সেদিক থেকেও কেন্দ্রের উপর চাপ দেবার জন্য আমি রাজ্য সরকারের কাছে আবেদন করছি। বর্তমানের এই সমস্যা অত্যন্ত বিরাট, যার জন্য আমাদের অন্যান্য সমস্যাগুলি চাপা পড়ে গিয়েছে। কিন্তু, শিক্ষক আমি শিক্ষায়তনের সামান্য অথচ করুণ একটি সমস্যার কথা, অল্প সময়ের মধ্যে এখানে নবেদন করে যেতে চাই। শিক্ষার সংস্কারের গৌরব প্রকাশের চেষ্টা সরকার করতে চেয়েছেন। রাজ্যপাল মহোদয়ার ভাষণে দেখলাম কয়েক কোটী টাকার অংক যেটা নাকি সরকার শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য ব্যয় করেছেন! শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য ব্যয় করেছেন, খুব ভাল কথা। কিন্তু প্রদীপের কোলে যে অন্ধকার রয়ে গেছে, সেই অন্ধকারের কথাটাও আমাদের ভুললে চলবে না। অর্থাৎ বিদ্যালয়ের অন্যান্য কর্মীদের আর্থিক অন্ধকার সম্পর্কে কি বিবেচনা, কি ব্যবস্থা হয়েছে? সেইটুকু শুধু আমি নিবেদন করছি, প্রতিকারের আশায়। স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় বলেছিলেন যে সরকারী কর্মচারীদের বেতন হারের আলোকে বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মিদের বেতন তিনি নির্ধারণ করবেন। সেই আলো বলতে বর্তমান শিক্ষা কর্তৃপক্ষ যে আলোকপাত করছেন তাতে দেখতে পাচ্ছি যে বিদ্যালয়ের একজন চতুর্থ শ্রেণীর কর্মীর কর্মজীবন সুরু ৪৫৲ টাকায়, আর ৬০৲ টাকায় শেষ! কি বিচিত্র আলোক! ঐ শ্রেণীর সরকারী কর্মচারীরা যেখানে আরম্ভ করছেন, বিদ্যালয়ের কর্মচারীবৃন্দ সেখানে শেষ করবেন। ওঁদের সুরু হচ্ছে ৬০৲ টাকায় —শেষ হয়ে যাচ্ছে ৮০ টাকায়। বিদ্যালয়ের এই বিপন্ন লোকগুলি, তাদের সম্বন্ধেও আমাদের বিবেচনার প্রয়োজন রয়েছে। আজ যারা দাঙ্গায় দুর্গত, তাদের কথা আমরা জোরের সঙ্গে বলবো। কিন্তু, যারা দীর্ঘ দিনের দুর্গত, তাদের সমস্যাও আমাদের ভুললে চলবে না। এই সব নিরুপায় কর্মীরা মন্ত্রী মহাশয়ের দরবারে তাদের আবেদন বারেবারে পাঠিয়েছেন। কিন্তু সেই আবেদনে মন্ত্রীমহাশয় যথোপযুক্ত সাড়া দেননি। তাই তারা সম্মিলিত ভাবে সিদ্ধান্ত নিয়েছে যে আগামী ২৬শে ফেব্রুয়ারীতে এই বিধানসভায় এসে মন্ত্রীমহাশয়ের কাছে গণ প্রতিনিধির মাধ্যমে তাদের বেদনার কথা তুলে ধরবে। আমি আশা করি মন্ত্রীমহাশয় এ সম্বন্ধে বিবেচনা করবেন, সমস্ত সমস্যাগুলি আলোচনা করবার সময়। আমি আর একটা কথা বলতে চাই, নিঃসন্দেহে বর্তমানের বিরাট সমস্যা এই দাঙ্গা বিধ্বস্ত দুর্গতদের পুনর্বাসন সমস্যা। কিন্তু, আমি শ্রদ্ধেয় অধ্যাপক ত্রিপুরারী চক্রবর্তী মহাশয়ের মত বলতে পারছি না,—যে এর চাপে পড়ে আর সমস্ত সমস্যা ম্লান হয়ে গিয়েছে, নিরর্থক হয়ে গিয়েছে। সমস্ত সমস্যাকে এক সূত্রে গেঁথে নিয়ে দেখাতে হবে, কোন সমস্যাই কম নয়। পশ্চিমবাংলার বিভিন্ন সমস্যা পীড়িতেরা একই সুরে কথা বলতে চাচ্ছে—আমরা বাঁচতে চাই আমাদের বাঁচতে দাও, আমাদের জন্য ব্যবস্থা করো। রাজ্যপাল মহোদয়ার ভাষণ প্রসঙ্গে আমি সরকারের কাছে সেই বাঁচবার দাবী, সেই বাঁচিয়ে রাখার দাবী, সেই বলিষ্ঠ হবার দাবী বিবেচনা করবার জন্য রেখে গেলাম।

Shri Amar Prasad Chakrabarty: Sir, I move that the following be added at the end of the Address in reply, viz.,—

"But regret that—

(1) no mention of the planned evacuation of minorities in East Pakistan has been made as pledged by the party in power at the time of partition of India;

(2) there is no mention of total rehabilitation of the refugees who came before and/or who are coming to India due to recent brutal murder, loot, arson, large scale abduction of women in East Pakistan;

(3) there is no mention of any policy about payment of compensation to properties left by the Hindus in East Pakistan as it was done in the case of refugee from West Pakistan; and

(4) there is no mention of the most vital and crucial problems affecting the economy and foundation of the State of West Bengal."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ইংরাজীতে ৭ পাতা এবং বাংলায় ৪ পাতা, রিপোর্টের ভাষণের মধ্যে তিনি বিভিন্ন সমস্যার দিকে আলোকপাত করার চেষ্টা করেছেন। কিন্তু প্রফেসর চক্রবর্তী মহাশয় যে সমস্যার কথা উল্লেখ করেছেন, সে সমস্যা আজকে সমাজের প্রতিটি স্তরে উদ্বেলিত হয়ে উঠেছে, যে সমস্যা আজকে মানুষের মনুষ্যত্ব ধূলিস্থিত, যে সমস্যা আজকে নারীর মর্যাদাকে এমন অবস্থায় নিয়ে এসেছে, যেখানে নারীর নারীত্ব রক্ষা হচ্ছে না, নারীর মর্যাদা রক্ষা হচ্ছে না, নারীর সতীত্ব রক্ষা হচ্ছে না, সেই সমস্যাই আজকে সমস্ত সমাজকে কলুষিত করে তুলেছে, সেই সমস্যা সম্বন্ধে কোন ইংগিত তাঁর ভাষণের মধ্যে নেই। এটাই হচ্ছে অত্যন্ত দুঃখের কথা। সেইজন্য ভাবতে হয়, ব্যক্তিগত ভাবে না বললেও—এই কি সরোজিনী নাইডুর দুহিতা, আমাদের গভর্ণর হয়ে বসে আছেন? যিনিই এই রিপোর্ট তৈরী করে দিন না কেন, তিনি নিজে এই রিপোর্ট দেখে, তাঁর মনে কি একবার এই সমস্যার কথা জাগে নি?

স্যার, আপনি বোধহয় জানেন পাকিস্তানের মাইনরিটির তরফ থেকে আমি, শ্রদ্ধেয় হেমন্ত বোস, কাশীকান্ত মৈত্র, সুনীল দাস, বিদ্যুৎ বোস, আমরা সবাই প্রেসিডেন্টের সাথে দিল্লীতে দেখা করেছি।

[3-00—3-10 p.m.]

আমরা এ্যাক্টিং প্রেসিডেন্টকে বললাম আপনার বক্তৃতা আমরা পার্লামেন্টে দেখেছি, আপনি স্বীকৃতি দিয়েছেন পাকিস্তানে আজকে যে নরহত্যা যে জেনোসাইড্ চলেছে যে ব্যাভিচার চলেছে, তার স্বীকৃতি দিয়েছেন। কিন্তু রাজ্যপালের ভাষণে তার কোন স্বীকৃতি নেই তার জন্য কোন বেদনা প্রকাশের প্রচেষ্টাও নেই। তিনি আশ্চর্য হয়ে স্যার, জিজ্ঞাসা করলেন যে তাই নাকি? আমরা বললাম যে আপনাদের কেন্দ্রে এক রকম বক্তৃতা আর প্রদেশে এক রকম বক্তৃতা —আমরা দেখছি প্রদেশের যিনি গভর্নর তার বক্তৃতায় কোন স্থান নাই। স্যার, আমরা মেমোর‍্যান্ডাম দিয়েছি সেটা হিন্দুস্তান ষ্ট্যান্ডার্ড-এ বেরিয়েছে। আপনারা নিশ্চয়ই দেখেছেন এবং এটার মধ্যে গোপনীয়তা বা ব্যক্তিগত কিছু নেই। আমি বলতে চাচ্ছিলাম স্যার, যেদিন আমরা দ্বিজাতি তত্ত্ব গ্রহণ করেছি টু নেশন থিওরি গ্রহণ করেছি-সেই গ্রহণ করার পর থেকে তার এই যে পরিণতি হবে এ শুধু তখন একমাত্র আমরাই বলেছিলাম যে আজকে দ্বিজাতি তত্ত্ব ধর্মের ভিত্তিতে দেশ বিভাগ করতে যাচ্ছে কংগ্রেস--এর ফল হবে সারা ভারতে এবং পাকিস্তান সৃষ্ট হবার পরেও এই মারামারি এই হানাহানি এ বিদ্বেষ চলতে থাকবে। তখন একজন নেতা তিনি বারবার চীৎকার করে বলেছিলেন তিনি হচ্ছেন স্যার, আপনি জানেন নেতাজী সুভাষচন্দ্র বোস —তিনি বলেছিলেন যে দেশ বিভাগের নীতি যারা গ্রহণ করতে যাচ্ছে আমি তার তীব্র প্রতিবাদ করছি। আজকে কাল্‌চার‍্যালি, পলিটিক্যালি, ইকোনমিক্যালি যদি কোন দেশকে ক্রাশ করতে চায় তাহলে একমাত্র দেশ বিভাগ করেই তাকে ক্রাশ করা যায়। এবং ভারতবর্ষ যদি বিভাগ হয় তাহলে আজকে ভারতবর্ষের দুর্দিন ঘনিয়ে আসবে। এবং তাই আজকে স্যার, দেখতে পাচ্ছি এতদিন পরে। এবং তারপরের সেই ইতিহাস আপনার জানা আছে—সেই ক্যাবিনেট মিশন আসার পরে কি পরিণতি হয়েছে। স্যার লিওনার্ড মোসলে-এর লাষ্ট ডেজ অব ব্রিটিশ রাজ আপনি দেখেছেন তার ভিতরে এদের যে কি দুর্বলতা যে গদীতে বসার জন্য সারা বিশ্বের কাছে আজকে সমস্ত জনসাধারণের কাছে বিশ্বাসঘাতকতা করে যে ভাবে কোটী কোটী জনসাধারণকে পাকিস্তানে ঠেলে দেওয়া হয়েছে এই বিশ্বাসঘাতকতার ইতিহাস আজকে দুনিয়ার বুকে একটা অত্যন্ত বেদনাদায়ক হয়ে আমাদের পীড়া দিচ্ছে। সেজন্য স্যার, আজকে তাদের কাছে বলছি তারা যখন করেছে তারা সেদিন যে প্রতিশ্রুতি দিয়েছিল তাদের রক্ষার জন্য তাকে আমি বলব নীতির দিক থেকে তারা তাদের প্রতিশ্রুতি পালন করতে বাধ্য। আজকে বলছি, তারা সেদিন যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে যদি ওরা ওখানে ভীত—যদি ওখানে এমন অবস্থার সৃষ্টি হয় যে মাইনরিটি থাকতে না পারে তাহলে তাদের এখানে আসতে দেবে। সুতরাং আজকে যখন মাইগ্রেসান্-এর কথা বলা হয়, স্যার, অনুকম্পার কথা আসে কেন? নন্দজীকে আমরা বলেছি দিল্লীতে যে আপনি আজকে

সাহায্য করতে পারেন, আপনি মাইগ্রেসন দেবেন বলেছেন কিন্তু বর্ডার থেকে ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স না দেবার অজুহাতে সেলস্ ট্যাক্স না দেবার অজুহাতে হাজার হাজার লোককে তারা ফিরিয়ে দিচ্ছে। আজকে মাইগ্রেশন অফিসার ঢাকায় মাইগ্রেশন ফর্ম দিচ্ছে না—যারা আসছে তাদের ওখানে তিন সপ্তাহ বসে থাকতে হচ্ছে। আমরা নন্দজীকে বললাম যে আপনি আদার ফ্রেন্ডলি যে সমস্ত গভর্নমেন্ট আছে এবং রেড ক্রস আছে তাদের সাহায্যে আজকে এদের মাইগ্রেশন-এর বন্দোবস্ত করছেন না কেন? আজকে আমরা তাঁকে বলেছি যে ডিপ্লোম্যাটিক প্রেসার দিতে পারছেন না কেন? এখানে স্যার পাকিস্তান হাই কমিশনার লালবাজারের কন্ট্রোল রুম-এ ঘুরে বেড়ায়। এখানে ডেপুটি হাই কমিশনার এখানে ওখানে ফটো তুলে বেড়ায় —সেই ফটো নিয়ে সিকিউরিটি কাউন্সিল-এ এবং বিশ্বের সর্বত্র জায়গায় গিয়ে তা প্রদর্শিত হয়। কিন্তু আমাদের ডেপুটি হাই কমিশনার ওখানে দরজা বন্ধ করে বসে থাকে কেন? যদি ডেপুটি হাই কমিশনারকে অনুমতি না দেওয়া হয় তাহলে এদের হাতে ডিপ্লোম্যাটিক প্রেসার দেবার যে যন্ত্র আছে তা দিয়ে তারা চাপ দিচ্ছেন না কেন? স্যার, নন্দজী শুধু বললেন যে আমি চেষ্টা করছি। প্রেসিডেন্ট সাহেবকে আমি বললাম যে এই দুর্দশার খবর আসছে আমাদের ৩০ হাজার নরনারী আজকে ওখানে মারা গেছে। আজকে ২৩শ গ্রাম আজ সেখানে ধূলায় লুন্ঠিত হয়ে গেছে।

আজকে ২৩শ গ্রাম সেখানে ধূলায় লুন্ঠিত হয়েছে। কাজেই আমরা বলছি এই অবস্থাতে এই ৯২ লক্ষ লোক যারা রয়েছে তাদের মাইগ্রেসান করার জন্য যে দায়িত্ব সে দায়িত্ব আপনারা পালন করুন কিন্তু তাদের কাছ থেকে কোন সদুত্তর আমরা পাই নি। এ সম্বন্ধে আমরা দাবী জানিয়ে এসেছি যে মাইগ্রেসান করা প্রথম এবং প্রধান কর্তব্য হিসাবে নেয়া উচিৎ। দ্বিতীয়তঃ স্যার, আজকে পাকিস্তানের সিচুয়েসানকে এবং ভারতের সিচুয়েসানকে ইকুয়েট করার চেষ্টা হচ্ছে এ সম্বন্ধে আমাদের দৃঢ় প্রতিবাদ যে এই সিচুয়েসান এক নয়। স্যার, কোলকাতায় যে দাংগা হয়েছে –এই দাংগার পেছনে বিভিন্ন বক্তা বলেছেন, আমিও বলছি যে পাকিস্তানের হাই কমিশনারের ডাইরেক্ট হাত রয়েছে। তাঁরা কোলকাতায় এই দাংগাকে উস্কানী দিয়ে সেটা পাকিস্তানে নিয়েছে। কাজেই কোলকাতায় এই দাংগার সাম্প্রদায়িক ভাব থেকে রাজনৈতিক ভাব দেখছি, একটা পলিটিক্যাল দাংগা করানো হয়েছে। এই পলিটিক্যাল দাংগা করানোর পেছনে তাদের উদ্দেশ্য যেটা সবচেয়ে ডেনজারাস সেটা হচ্ছে ন্যাশনাল সিকিউরিটির কোয়েশ্চেন। আজকে স্যার, ফ্রনটিয়ারে তারা সৈন্য মজুত করে আছে। আজকে যে কোন সময় যদি তারা ধাক্কা দেয়, যে সমস্ত লোক পাকিস্তান হাই কমিশনারের সাথে যোগসাজসে এই দাংগা করার উস্কানী দিয়েছে এবং অস্ত্রশস্ত্র নিয়ে বিভিন্ন জায়গায় আক্রমণ করেছে, তারা যদি আজকে এই অবস্থায় সৃষ্টি করে তাহলে ভারতের বাঞ্ছিত স্বাধীনতার বিপদ ঘনিয়ে আসবে। কাজেই আজকে আমাদের এই সিকিউরিটির কোয়েশ্চেন নিয়ে চিন্তা করতে হবে। স্যার, আমরা রাজনীতি করি, আমাদের কাছে হিন্দু মুসলমান এক। স্যার, আমরা যে দলে আছি, নেতাজীর আদর্শকে সর্বতোভাবে গ্রহণ করে আছি। কাজেই আমাদের কাছে হিন্দু মুসলমানের কোন পার্থক্য নেই। কিন্তু যদি কোন মুসলমান বা হিন্দু দেশের বিরুদ্ধে, দেশের স্বাধীনতার বিরুদ্ধে বা পরদেশের স্বার্থে এখানে এমন অবস্থার সৃষ্টি করে তাহলে সেই দেশদ্রোহীতাকে আমরা ক্ষমা করতে চাই না। আজকে স্যার, দুঃখ হচ্ছে সরকার সেকিউলারিজমের নাম করে দুর্বলতাকে যে প্রশ্রয় দিচ্ছেন তাতে তাদের সাহস বেড়ে যাচ্ছে, তারা আজকে রায়টকে ধূমায়িত করছে, বর্তমান অবস্থায় ফুঁপিয়ে তুলছে। স্যার, আমি একটা ইনস্ট্যান্স দিই -সেদিন পার্লামেন্ট হাউসে আমি, রবীনবাবু, হেমন্তবাবু ছিলাম, সেখানে বদরুদ্দজা সাহেবের বক্তৃতা শুনলাম এবং আশ্চর্য হলাম যে আমরা কি লীগ আমলের পার্লামেন্টে বসে আছি, না হিন্দুস্তানের পার্লামেন্টে বসে ভারতের সমস্যা সম্বন্ধে আলোচনা করছি। তিনি বল্লেন এত মিনিস্টার য়্যাটিচুড এবং মোটিভ আমি বলবো, যে শিখ সম্প্রদায় আমাদের রক্ষা করেছে খৃষ্টান সম্প্রদায় আমাদের রক্ষা করেছে, আর রক্ষা করেছে আমাদের ভারতের কমিউনিস্ট পার্টী—আর সবাই নাকি রায়ট করে আমাদের ধ্বংস করে দিয়েছে। এই যে বাঙ্গালীদের মধ্যে শিখ, খৃষ্টানের নাম করে আমাদের মধ্যে সিচুয়েসান করে বিদ্বেষ সৃষ্টি করার যে প্রচেষ্টা সৈয়দ বদরুদ্দজা সাহেবের বক্তৃতায় দেখলাম তাতে আমরা অত্যন্ত মর্মাহত হয়েছি এবং রেণু চক্রবর্তী মহাশয়া তাঁকে সমর্থন জানিয়েছেন।

জানি না এই ধরণের পাক-চীন চুক্তি করার পর আজকে পাকিস্তান প্রগ্রেসিভ হয়েছে কিনা। আজকে আমরা সবাইকে রক্ষা করে এবং সবাই-এর স্বার্থ বজায় রেখে দেশকে রক্ষা করবার জন্য, হিন্দু মুসলমান সম্প্রীতি বজায় রাখবার জন্য আমরা সচেষ্ট কিন্তু এই যে অবস্থা দেখছি, আজকে যাঁরা শাসক সম্প্রদায় আছেন তাঁরা আমি বলবো যে প্লেজ ভংগ করছেন এবং তাঁরা আজকে উস্কানী দিতে কিছু কিছু সাহায্য করছেন—সেটাই আমাদের বিক্ষোভ। স্যার, আপনি হজরতবালের য়্যাফেয়ার দেখুন—পণ্ডিত নেহেরু বক্তৃতা দিলেন নেশান ইন মোর্ণিং কিন্তু জম্মুর মন্দির থেকে যে দেবতা পোড়ানো হল তারজন্য তিনি দুঃখ প্রকাশ করেন নি। ঢাকা, নারায়ণগঞ্জ, খুলনায় যে হাজার হাজার কার্নেজ হল, খুন হল তারজন্য তাঁকে অশ্রুপাত করতে দেখলাম না, একটা বিবৃতি দিতেও দেখলাম না। স্যার, আপনি দাংগার সময় কেন্দ্রীয় মন্ত্রীরা কোথায় ছিলেন —শিয়ালদহ ষ্টেশনে যখন বাঙ্গালী ভীড় করেছিলেন তখন কেন্দ্রীয় মন্ত্রীরা কোথায় বসেছিলেন স্যার? স্যার, আমরা দেখছি আজকে ভেতরে সিকিউরিটির কোয়েশ্চেন—ন্যাশানাল কোয়েশ্চেন ইন ডেঞ্জার। স্যার, ডেমোক্রাসীকে যদি সাকসেসফুল করতে হয়, যদি গণতন্ত্রকে বজায় রাখতে হয়—সেকুলার ডেমোক্রাসী, ডেমোক্রাসী ইজ অলওয়েজ সেকিউলার, একে রক্ষা করতে হলে আমাদের ৯২ লক্ষ লোককে আনতে হবে এবং তাদের সিটিজেনসীপ রাইট, নাগরিক অধিকার দিতে হবে।

[3-10—3-40 p.m.]

তারা যদি সম্পত্তি ফেলে আসে, সেই সম্পত্তির জন্য ক্ষতিপূরণ দিতে হবে, যেমন স্যার, ওয়েষ্ট পাকিস্তান দিয়েছে। স্যার, এখানে যারা এ্যান্টি ন্যাসনাল আছে, যারা দেশদ্রোহীতা করছে, যারা পাকিস্তান হাই কমিশনারের সঙ্গে যোগসাজশ করে আজকে দাঙ্গাতে উস্কানী দিচ্ছে, যেখানে প্রকাশ্য দিবালোকে, যারা বিভিন্ন জায়গায় মারমুখী হয়ে আসছে, যেখান থেকে অস্ত্র-শস্ত্র পাওয়া গিয়েছে —সালাউদ্দিনের গ্রেপ্তারের বিবৃতি করছি এইজন্য, যে এইগুলি চিন্তা করে, এর বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে। স্যার আর একটা জিনিস দেখলাম, আমাদের ধারণা এটাকে যদি অল ইণ্ডিয়া ইস্যু হিসাবে দাঁড় করাতে না পারি, তাহলে হয়ত আমরা পিছিয়ে থাকবো। স্যার, আমি অনেক বক্তাকে দেখলাম, ইউ, পি-র বক্তাকে দেখলাম, বিভিন্ন প্রেস রিপোর্টারদের দেখলাম, বিভিন্ন প্রেস রিপোর্টারদের সাথে আলাপ করলাম, এঁরা সকলেই সারা ভারতের সম্বন্ধে উদগ্রীব হয়ে আছেন। কিন্তু আমাদের সেরকম প্রচার নেই। আমাদের সে রকম রিপ্রেজেন্টেসন নেই। আমাদের সরকার থেকে সেই রকম অবস্থা তাদের গোচরীভূত করা হয় নি। সেইজন্য প্রয়োজন হলে সেই রকম সমস্ত দলকে নিয়ে, যদি আমরা আসল অবস্থা, ভিতরের অবস্থাগুলি আমাদের সরকারকে বুঝিয়ে, আজকে এই যে ন্যূনতম দাবীগুলি আমাদের আছে, এই দাবীগুলিকে আমরা কার্যকরী করতে পারি, তাহলে আমরা মনে করবো যে বিশ্বাস-ঘাতকতা আমরা করেছি, সেই বিশ্বাসঘাতকতার ফলে আজকে হাজারে, হাজারে, লাখে লাখে লোক মৃত্যুর পথে অগ্রসর হচ্ছে। সেই বিশ্বাসঘাতকতার কিছুটা প্রায়শ্চিত্ত এঁরা করবেন, যদি আজকে পাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায়ের ৯২ লক্ষ লোককে এখানে আসতে দেন, এই হচ্ছে আমার শেষ কথা।

Mr. Chairman : The House stands adjourned for 20 minutes.

(At this stage the House was accordingly adjourned for 20 minutes)

[After Adjournment]

Shri Santosh Kumar Bhattacharyya : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.,—

"But regret that there is no mention of—

(1) the grievances of teachers of all categories and the failure of the Education Ministry to tackle them;

(2) how the Government intend to tackle the problem of rising prices of all commodities including foodstuff;

(3) the failure on the part of the Government to maintain law and order in the State."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে চার দিন ধরে আমরা এখানে মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক করে চলেছি এবং সকলেই মোটামুটি ভাবে একটা বিশেষ সমস্যার উপরেতে আমাদের দৃষ্টি নিবদ্ধ করে রেখেছি। সেটা হচ্ছে—সাম্প্রদায়িকতার যে ভয়াবহ পরিস্থিতি পূর্ব পাকিস্তানেতে এবং পশ্চিমবঙ্গে দেখা দিয়েছে, এবং যেটা একটা ভয়ানক অবস্থা সৃষ্টি করেছে, সেকথাগুলি নিয়ে আমরা আলোচনা করে চলেছি, এবং এর ফলে আমাদের অন্যান্য যে সমস্ত সমস্যা আছে, সেগুলি চাপা পড়ে গিয়েছে, এবং তার কোন আলোচনা হয় নি। স্যার, এই তিন দিন ধরে এখানে আমি যে সমস্ত আলোচনা শুনেছি, সেই আলোচনার ভিতর থেকে, আমি অন্ততঃপক্ষে এখনও পর্যন্ত, এই সমস্যা সমাধানের যে কি সুষ্ঠু পথ আছে, তা বুঝতে পারি নি। আজকে ২১শে ফেব্রুয়ারী আজকের এই দিনটি বিশেষ করে পূর্ব পাকিস্তানের ইতিহাসে একটা স্মরণীয় দিন। আজ থেকে ১২ বছর আগে ১৯৫২ সালে এই ২১শে এবং ২২শে ফেব্রুয়ারী তারিখে মাতৃভাষার মর্যাদা এবং সম্ভ্রম রক্ষা করবার জন্য পূর্ব পাকিস্তানে বাঙ্গালী মুসলমান ছাত্ররা তাদের বুকের রক্ত ঢেলে দিয়েছিল সেখানকার স্বৈরাচারী মুসলীম লীগ তদানীন্তন শাসকবৃন্দের অত্যাচারের এবং অবিচারের প্রতিবাদে। তারা চেয়েছিল পূর্ব পাকিস্তানে পাকিস্তানের শাসকশ্রেণী যে উর্দুকে সেখানকার একমাত্র রাষ্ট্রভাষার মর্যাদা দিতে হবে তারই প্রতিবাদে সমস্ত পাকিস্তানের ছাত্রসমাজের নেতৃত্বে প্রগতিশীল জনতা গর্জন করে উঠেছিল এবং মুসলীমের সেই খাজা নাজীমুদ্দীনের নেতৃত্বে মুসলীম লীগের ঘাতক বাহিনী বুলেটের আঘাতে ক্ষত বিক্ষত করে তার রাজপথকে রক্তে রঞ্জিত করে দিয়েছিল। স্যার, আজকে যখন এই পূর্ব পাকিস্তান এবং পশ্চিমবঙ্গে এই অস্বাভাবিক পরিস্থিতির আলোচনা করতে আমরা যাচ্ছি সেই সময় সর্বাগ্রে বাংলাভাষার মর্যাদা রক্ষার জন্য যে বীরের দল যারা ২১শে ফেব্রুয়ারী শহীদ হয়েছিল তাদের উদ্দেশ্যে আমি আমার অভিবাদন এখান থেকে জ্ঞাপন করছি। স্যার, এই যে সাম্প্রদায়িক ঘটনা আজকে ঘটে চলেছে এর পিছনেতে যেটা আমাদের সবচেয়ে বোঝা উচিত এবং বোঝা দরকার এর পিছনে রয়েছে পূর্ব পাকিস্তানের সেই যে শাসকশ্রেণী আয়ুবশাহী সেই আয়ুব খাঁর নেতৃত্বে সেখানকার চরম প্রতিক্রিয়াশীল সেই যে শাসকশ্রেণী তারা সেখানে সুপরিকল্পিত ভাবে এই নারকীয় বীভৎসতাকে তারা সৃষ্টি করেছে। এবং আমাদের মাননীয়া রাজ্যপাল বলেছেন যে তারই প্রতিক্রিয়া হিসাবে আমাদের এই পশ্চিমবাংলায় যে ডিস্টারবেন্সেস, যে হাঙ্গামা ঘটেছে এটা শুধু তারই প্রতিক্রিয়া। আমি জিজ্ঞাসা করি শুধু কি তারই প্রতিক্রিয়া —নিশ্চয়ই তারই প্রতিক্রিয়া--পূর্ব পাকিস্তানে যে মধ্যযুগীয় শাসন ব্যবস্থা চলেছে সেখানে যে বীভৎসতা ঘটছে সে বীভৎসতার তুলনামূলক বিচার করলে নিশ্চয়ই পশ্চিমবঙ্গের চেয়ে অনেক বেশী কিন্তু পশ্চিমবঙ্গে এখানে যা ঘটেছে—যেটুকুই ঘটে থাকুক যতখানিই ঘটে থাকুক --একজন নিরপরাধ সংখ্যালঘু- একজন নিরপরাধ মুসলমানের প্রাণ যদি এখানে বিনষ্ট হয়ে থাকে তাকে যদি আমরা রক্ষা করতে না পেরে থাকি তারজন্য আজকে আমাদের নিজেদের নিজেদেরই ধিক্কার করা উচিত। আমি অন্ততঃ ব্যক্তিগতভাবে মনে করি, যে যখন এখানে তুলনামূলক বিচার হয় পূর্ব পাকিস্তানের নারকীয় বীভৎসতা এখানকার সঙ্গে নিশ্চয়ই সেখানে বেশী হয়েছে কেন না সেখানে এমন একটা সরকার সেখানে সমাসীন কিন্তু আমাদের এখানে যাকে আমরা গণতান্ত্রিক সরকার আছে বলে মনে করি--এই ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক পার্লামেন্টারী শাসন ব্যবস্থা সমন্বিত এই ভারত রাষ্ট্রে এবং তারই অঙ্গরাজ্য পশ্চিমবঙ্গে একজন নিরীহ মুসলমানের যদি সেখানকার প্রতিক্রিয়া হিসাবে প্রাণ যায় তারজন্য আমাদের লজ্জায় অধোবদন হতে হয়। আমরা পারি নি- আমরা যতখানি শক্তি নিয়ে আমাদের এখানেও যে প্রতিক্রিয়াশীল শক্তি পূর্ব পাকিস্তানের তার চেয়ে বেশী প্রতিক্রিয়াশীল শক্তি ওখানে এই চক্রান্ত করে চলেছে এবং একথা মনে করবার যথেষ্ট কারণ আছে যে আমাদের এখানেও প্রতিক্রিয়াশীল শক্তি রয়েছে। এবং সে প্রতিক্রিয়াশীল শক্তি কোথায় রয়েছে—আজকে সেটা আমাদের কারো কাছে অজ্ঞাত নেই। ওপাশের কংগ্রেসের ভিতরে যেসব বন্ধুরা বসে

আছেন তারা নিজেদের বুকে হাত দিয়ে বিচার করুন আমি অন্ততঃ এইটুকু বুঝতে পেরেছি যে আজকে ভারতের প্রতিক্রিয়াশীল শক্তি সেই প্রতিক্রিয়াশীল যদি কোথাও সংঘবদ্ধ হয়ে থাকে সে হচ্ছে ঐ শাসক পার্টী কংগ্রেসের ভিতরে।

[3-40—3-50 p.m.]

আমরা দেখেছি যে স্বাধীনতা লাভের পরে অন্ততঃ আমার জেলাতে আমরা দেখেছি মুর্শিদাবাদ জেলায়, যে যারা মুসলীম লীগে পরম প্রতিক্রিয়াশীল নেতৃবৃন্দ ছিল, যারা ১৯৪৭ সালে পার্টিসানের সময় মুসলীম লীগের ঝান্ডা কাঁধে নিয়ে বস্তারা হাঙ্গামায় উস্কানী দিয়েছিল, আজ স্বাধীনতা পাওয়ার সঙ্গে সঙ্গে খদ্দরের নামাবলী গায়ে চাপিয়ে তারা কংগ্রেসের ভেতর পরম সুখ স্বাচ্ছন্দ্যে বিরাজ করছে। কাজেই বুকে হাত দিয়া বিচার করতে হবে সেখানে প্রতিক্রিয়াশীল শক্তি রয়েছে এবং প্রতিক্রিয়াশীল শক্তি যখন গণতান্ত্রিক আন্দোলন মাথাচাড়া দিয়ে ওঠে তখন আমরা দেখেছি ঐ পূর্ব পাকিস্তানে নারকীয় বীভৎসতা সৃষ্টি হয় এবং ভারতবর্ষে দেখি, আমাদের পশ্চিমবাংলায় দেখি সেই বীভৎসতাকে তারা উস্কানী দিয়া দাঙ্গার পথে নিয়ে যেতে চায় এবং নিরীহ নরনারীর প্রাণ শুধু এই দাঙ্গাতে বলি হয় নি, তার সঙ্গে সঙ্গে আর যেটা বলি হয় সেটা হচ্ছে মানুষের সুস্থ, স্বাভাবিক সহজ চিন্তাধারা, সে হচ্ছে গণতান্ত্রিক এবং প্রগতিশীল আন্দোলন যে গণতান্ত্রিক এবং প্রগতিশীল আন্দোলন পারে একমাত্র ঐ প্রতিক্রিয়ার দুর্গকে চুর্ণ করে ঐ কংগ্রেসী মার্কা মেকী সমাজতন্ত্র নয়, প্রকৃত শ্রমিক, কৃষক এবং মেহেনতী মানুষের রাজত্বকে কায়েম করতে। কাজেই স্যার, ঐ পূর্ব-পাকিস্তানে গড়ে উঠেছিল বিরাট আন্দোলন—২১এ ফেব্রুয়ারী থেকে সুরু হবার কথা ছিল আয়ুবশাহীর বিরুদ্ধে পূর্ব-পাকিস্তানে গত আন্দোলন। তাই কাশ্মীরের ঘটনাকে কেন্দ্র করে খুলনা থেকে ঢাকা, নারায়ণগঞ্জ পর্যন্ত সুরু করে দিল আয়ুবশাহীর নারকীয় বীভৎস, সাম্প্রদায়িকতার প্রচন্ড আক্রমণ আর আমাদের এই ভারতবর্ষে এই পশ্চিমবাংলায় গত এক বছর ধরে জরুরী অবস্থার নাম করে গণ আন্দোলনের টুঁটি টিপে রাখা হয়েছে, যেটা ওঁরাও বিশ্বাস করেন না যে আজকে জরুরী অবস্থা আছে। আজকে কোলকাতায় ট্রাম, লিলুয়া, হাওড়ায় হাজার হাজার রেলওয়ে শ্রমিক ঐ জয় ইঞ্জিনিয়ারিং কারখানায় শ্রমিক, আজ মেহেনতী মধ্যবিত্ত মানুষ, শ্রমিক, কৃষক, ছাত্র, শিক্ষক যখন এই জরুরী অবস্থার মোহকে ভেঙ্গে আবার নূতন করে আন্দোলনের পথে অগ্রসর হচ্ছিল তখন এখানেও প্রতিক্রিয়ার শক্তি মাথা চাড়া দিয়ে উঠলো ,ঐ প্রতিক্রিয়াকে সাহায্য করে এখানে লাগিয়ে দিল সেই গুন্ডাসাহী সাম্প্রদায়িকতার তান্ডব নৃত্য। আমি স্যার, ১১।১২ই তারিখে কোলকাতা শহরে ছিলাম, আমি স্যার চোখের সামনে দেখেছি সকাল বেলা ১০টার সময় ঐ প্রেসিডেন্সী কলেজের পাসে কলাবাগান বস্তীতে দাউ দাউ করে আগুন জ্বলছে, রাস্তায় ট্রাম, বাস নেই. দেখলাম তামাসা—তখনও মিলিটারী ডাকা হয়নি। দেখলাম কলুটোলা কলেজ স্ট্রীটের মোড়ে ইউনিভার্সিটির পাসে সেখানে ঐ আর্মড পুলিশ লরী করে করে ওয়ারলেস ভান নিয়ে ঘুরে বেড়াচ্ছে, আর নাকের ডগায়, রাত্রির অন্ধকারে নয়, ১২ই তারিখে সকাল বেলা ৯।৯॥ টায় প্রকাশ দিবালোকে প্রেসিডেন্সী কলেজের পাশে কলাবাগান বস্তী দাউ দাউ করে জ্বলছে। কে বিশ্বাস করবে যে বাংলাদেশে সেদিন গভর্নমেণ্ট ছিল, বিশ্বাস করবার কোন কারণ ঘটেনি পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয় ছিল মন্ত্রিমহাশয়ের তখনও নিদ্রা ভঙ্গ হয়নি। তিনদিন ধরে আগুন জ্বলছে আর সেই আগুনে নিরীহ মুসলমান আর কিছু হিন্দু তাদের যে প্রাণ যাচ্ছে, বাড়ীঘরদোর পুড়ে ছাই শুধু নয়, চোখের সামনে স্তব্ধ হতবাক হয়ে দেখলাম যে বাংলাদেশের সমস্ত ঐতিহ্য, সমাজ গণতান্ত্রিক আন্দোলন সমস্ত প্রগতিশীল শক্তি দাউ দাউ করে পুড়ে ধ্বংস হয়ে যাচ্ছে। তারপরে এলো মিলিটারী কিন্তু সর্বনাশ যা হবার তা হয়ে গেছে। আমি জিজ্ঞাসা করি মন্ত্রিমন্ডলীকে যে তারা কি ৩।৪ দিন ধরে নাকে সরিষার তেল দিয়ে ঘুমোচ্ছিলেন যখন গুন্ডাসাহীর তান্ডবনৃত্য কোলকাতার বুকের উপর চলছিল? স্যার, তাই আজকে সর্টকার্ট কিছু নেই সহজ সরল পথ কিছু নেই একমাত্র পথ হচ্ছে ত্রিপুরারীবাবু যা বল্লেন যে কতদিন আমরা অপেক্ষা করবো গণতান্ত্রিক আন্দোলন শক্তিশালী হবে তার জন্য কি বসে থাকবো। নিশ্চয়ই বসে থাকবো না। পূর্ব পাকিস্তানে গণতান্ত্রিক আন্দোলন শক্তি সঞ্চয় করে চলেছে।

জানিনা আয়ুবশাহী শৃংখলকে ভেংগে কবে সেখানে প্রকৃত প্রগতিশীল সরকার প্রতিষ্ঠিত হবে কিন্তু পশ্চিমবাংলায় আমরা যারা গণতান্ত্রিক আন্দোলনে বিশ্বাস করি এবং ওদিকে যাঁরা কংগ্রেসের ভেতরে আছেন তারা যদি সত্য সত্যই এই গণতান্ত্রিক অশান্তি ও জাতিবিদ্বেষ-এর মূলোচ্ছেদ করতে চান তাহলে দয়া করে কিছু বলবো যে যখন আমরা গণতান্ত্রিক আন্দোলন করি, যখন শ্রমিক তার মজুরীর দাবীতে, কৃষক তার জমির দাবীতে, শিক্ষক তার বেঁচে থাকবার দাবীতে, মধ্যবিত্ত, মেহনতি মানুষ তাদের বাঁচার দাবীতে গণতান্ত্রিক আন্দোলন করে, তখন আপনারা এগিয়ে আসেন, পুলিশ বাহিনীকে লেলিয়ে দেন ; ঐ সেখানে তখন চলে গুলি, সেখানে তখন চলে অত্যাচারের স্টিম রোলার, গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করেন আপনারা। সেই পথ যদি আপনারা পরিত্যাগ না করেন, ঐ গণতান্ত্রিক মেহনতি মানুষের আন্দোলনকে পুলিশের বুলেটের আঘাতে ছিন্ন-বিচ্ছিন্ন করবার পথকে যদি আপনারা পরিত্যাগ না করেন, তাহলে গণতান্ত্রিক এবং প্রগতিশীল শক্তি সেখানে দানা বাঁধতে পারে না। কিন্তু আমরা জানি তা হওয়া সম্ভব নয়। কারণ, আমরা জানি এই কংগ্রেস পার্টি আজকে ধনিকের নেতৃত্বে পরিচালিত হয়, ধনিকের স্বার্থ রক্ষা করার জন্য ওঁরা ওখানে ঐ গদিতে বসে আছেন। কাজেই কংগ্রেস পার্টির ঐ ধনিক, বণিক, দেশীয় ও বিদেশী সাম্রাজ্যবাদের প্রতি তাদের যে দুর্বলতা তাদের স্বার্থ রক্ষার কাজে,—যতদিন পর্যন্ত তারা সে পথ ত্যাগ না করছেন, আর যতদিন শ্রমিক, মধ্যবিত্ত, কৃষক ও মেহনতি মানুষের আন্দোলন দুর্বার গতিতে পরিচালিত করে তারা নিজের শক্তি সঞ্চয় করে, এই বাংলা দেশের মাটিতে প্রতিষ্ঠিত হতে না পারছে, ততদিন পর্যন্ত এই দাঙ্গাকে ঠেকান যাবে না। আজ হিন্দু মুসলমানের দাঙ্গা চলেছে কিন্তু শুধু কি এই হিন্দু, মুসলমানের দাঙ্গা? দেখিনি আমরা দুবছর আগে আমাদের দাঙ্গায়? সেটাত হিন্দু, মুসলমানের দাঙ্গা ছিল না সেটা ছিল বাঙ্গালী, আসামীর দাঙ্গা। এখানে আমরা দেখছি না? চোখের সামনে ঐ দক্ষিণ ভারত আর উত্তর ভারতের মধ্যে কি বিরাট পার্থক্যের ভাব সৃষ্টি হয়েছে। সেটাত হিন্দু, মুসলমানের দাঙ্গা নয়। কাজেই আজকে শুধু সাম্প্রদায়িক দাঙ্গার প্রশ্ন নয়। সাম্প্রদায়িক দাঙ্গা যে মুহূর্তে সাময়িক ভাবে বন্ধ হবে, আবার আর একটা দাঙ্গা জেগে উঠবে। যতদিন পর্যন্ত ঐ প্রতিক্রিয়াশীল, কায়েমী শক্তির পদতলে ঐ কংগ্রেস পার্টি তার সমস্ত কিছু বিসর্জন দিয়ে, মেহনতি মানুষের গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস বা স্তব্ধ করার পথ ত্যাগ না করবে, ততদিন দাঙ্গা রহিত করা সম্ভব হবে না। কাজেই, এর সহজ, সরল কোন পথ নেই। এর একমাত্র পথ গণ-আন্দোলন। যারা দুর্বার শক্তি নিয়ে, আত্মবিশ্বাস নিয়ে—এই চারিদিকে ঘন অন্ধকারের মধ্যেও আজ আশার উজ্জ্বল আলো তুলে ধরেছেন ঐ জয়া-ইঞ্জিনিয়ারিং এর হাজার হাজার মেহনতি মানুষ, আমি তাদের অভিনন্দন জানাই। সেখানে দেখুন গিয়ে! সেখানে ঐ কায়েমী স্বার্থের বিরুদ্ধে সংগ্রামে সেখানে জয়ার হিন্দু মুসলমান শ্রমিক, সকলে কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করছে। গুণ্ডাদের উস্কানী সেখানে ব্যর্থ হয়েছে। একমাত্র পথ তাই। এই হিন্দু, মুসলমান শ্রমিক, কৃষক, মেহনতি মানুষ, তাদের স্বার্থ এক। তাদের ধর্ম আলাদা হতে পারে, ভাষা আলাদা হতে পারে, কিন্তু সেই সম-স্বার্থের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে তারা এক সাথে কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই করছে। এই যে তাদের সংগ্রাম, এই সংগ্রামকে যদি আমরা শক্তিশালী করে গড়ে তুলতে পারি, তাহলে আশা করবো সেই সংগ্রাম শুধু আমাদের এখানেই মূলোচ্ছেদ করবে না, সেটা শক্তি যোগাবে ঐ যে মেঘনা, পদ্মার অপর পাড়ে যে গণতান্ত্রিক শক্তি, সেখানে শক্তি সঞ্চয় করছে আয়ুবসাহীর শৃংখল ভাঙ্গার জন্য, তাদের সেখানেও, তাদের সেই স্বপ্নকে জয়যুক্ত করে সেই আয়ুবসাহীর শৃংখলকে ভেংগে দিয়ে প্রকৃত গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার দিনকে তরান্বিত করবে।

স্যার, পরিশেষে আমি শুধু আর একটা কথা বলবো, আজকে এখানে দেখতে পাচ্ছিনা শশাঙ্ক শেখর সান্যাল মহাশয়কে, তাঁকে আমি ব্যক্তিগত ভাবে শ্রদ্ধা করি, কিন্তু, তিনি যে সব কথা এখানে বলেছেন, তার প্রতিবাদ না করে আমি পারিনা। তিনি বলেছেন

even goondas can become sometimes patriots.

জানিনা এই যদি রাজনীতি হয়, তাহলেও অতল সর্বনাশা গহ্বরের দিকে আমরা চলেছি। যে গুণ্ডাসাহীকে গ্রীন সিগন্যাল দেওয়া—আমি শশাঙ্কবাবুর সেই উক্তির তীব্র প্রতিবাদ করছি।

স্যার, পূর্ববঙ্গ থেকে আগত শরণার্থীদের জন্যে কেউ কেউ অতিরিক্ত জমিদারী করেছেন, শশাঙ্ক বাবুর রাজসাহী ডিভিশানটা। কিন্তু তিনি এ কথা কি ভুলে গিয়েছেন, কিম্বা যারা আজকে এক্সচেঞ্জ অব পপুলেশন-এর কথা বলছেন, তারা কি এ কথা ভুলে গিয়েছেন যে এক্সচেঞ্জ অব পপুলেশান মানে—আমরা রাজসাহী ডিভিসন যেমন চাচ্ছি, ওদের কছে জমি চাচ্ছি, তেমনি এখানকার পাঁচ কোটী মুসলমানদের জন্য তারাওত এখানে ভারতবর্ষের অন্য জমি চাইবে, এবং এর ফল দাঁড়াবে এই যে গহ্বর থেকে আমরা বেরিয়ে আসতে চাচ্ছি, তার চেয়ে আরও সর্বনাশা গহ্বরের দিকে সাম্প্রদায়িকতার অগ্নিকুণ্ডে আমরা ঝাঁপ দিতে চলেছি।

স্যার, এখানকার বীভৎসতার সংগে ওখানকার বীভৎসতার তুলনা করা হয়েছে। এ কথা শশাংকবাবুও বলেছেন। তাঁর সম্বন্ধে আমি একটু আগেই বলেছি। আমার মনে পড়ছে শশাংকবাবুর আর একটি কথা, সেটা আমি কংগ্রেসী বন্ধুদের স্মরণ করতে বলি। এক বছর আগে এই বিধান পরিষদে চীন ভারত সীমান্ত সংঘর্ষ নিয়ে আলোচনা হয়। যখন দেশে প্রবল উত্তেজনা চীন, ভারত সীমান্ত যুদ্ধ নিয়ে তখন শশাঙ্ক বাবু বলেছিলেন

it is better to be subservient to Anglo-American capitalism than to serve international communism.

স্যার, ইণ্টার ন্যাশান্যাল কমিউনিজম্ করার কথা আমি বলি না। কেন সার্ভ করতে যাবো? নিজের বিবেক সাফ রেখে, যার যা রাজনীতি সেটা করবো। কিন্তু আজও কি তিনি সেই কথা বলেন? আমার কংগ্রেসী বন্ধুদের ভেবে দেখতে বলি ভারত মহাসাগরে মার্কিন সপ্তম নৌ-বহর হাওয়া খেতে আসছে না। তারা প্রবেশ করছে ঐ স্যার প্যাট্রিক ডিনের কাশ্মীর বিতর্ক নিয়ে। বৃটিশ সাম্রাজ্যবাদের যে ভূমিকা, এবং তারই দোসররূপে, মূলত তাকে সমর্থন করে আমেরিকান সাম্রাজ্যবাদের প্রতিনিধির যে ভূমিকা, এর পরেও আমি ঐ কংগ্রেসী বন্ধুদের এবং শশাংকবাবু এবং তাঁর অনুরাগী যারা, তাঁদের বুকে হাত দিয়ে একটু চিন্তা করতে বলবো, এ সম্বন্ধে তাঁরা একটু ভেবে দেখুন। অতো চট করে কোন একটা মতামত আপনারা জাহির করতে যাবেন না। এইভাবে দেশের স্বার্থকে জলাঞ্জলি দেবেন না।

[3-50—4-00 p.m.]

স্যার, ঐ প্যাটরিক ডীনের কাশ্মীর বিতর্ক নিয়ে যে বক্তৃতা এবং তারই দোসররূপে মূলতঃ তাকে সমর্থন করে আমেরিকান সাম্রাজ্যবাদের প্রতিনিধির যে ভূমিকা, এর পরেও আমি ঐ কংগ্রেসী বন্ধুদের এবং শশাংকবাবুর এবং তার অনুগত যারা তাদেরকে বুকে হাত দিয়ে চিন্তা করতে বলব যে ভেবে দেখুন—অত চট করে কোন একটা মতামত আপনারা জাহির করতে যাবেন না, দেশের স্বার্থকে জলাঞ্জলি দেবেন না। স্যার, আপনার বাতি জ্বলে উঠেছে, আমার সময় শেষ হয়েছে—কাজেই বিশেষ করে শিক্ষা সম্বন্ধে আমার দীর্ঘ বক্তব্য আছে সেটা আমি আজকে পেশ করতে পারছি না। বাজেটের সময় আমি সেই সম্বন্ধে একমাত্র শিক্ষা সম্বন্ধে আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব।

Shri Snehangshu Kanta Acharyya: Sir, I rise rather late in the day to say a few words in connection with the Governor's Address.

I know that many things have been stated both here and in the other House and, therefore, whatever I may say today may sound like repetition. Even so, Sir, the seriousness of the situation in my country, specially in West Bengal, forces me to make a few submissions to you and through you to the honourable members of this House.

Sir, When I heard the speech of the Governor I was almost dumbfounded, the beginning of the speech should start with such a note. I know perfectly well also that it is not the Governor who was speaking to us but it was the Ministry, the West Bengal Ministry, which was speaking through the Governor

and laying down the policy statement of the coming year or the policy statements of what it has done so far. In the very beginning you will find the Governor states in the speech: "You are aware that in December last the theft of a holy Moslem relic took place in Kashmir" and after a few comments "This led to widespread attacks on the Hindus in Khulna and Jessore in East Pakistan resulting in heavy loss of life and property" and later down ". . . . . such a feeling of indignation that communal disturbances broke out in some parts of Calcutta area, the 24-Parganas and Nadia districts" because of the communal disturbances in Khulna and Jessore. Certain deplorable happenings happened in Calcutta and in West Bengal, and, if I may say so with very great respect to the gracious lady, I think this sort of formulation is one of the most dangerous things that we can ever make. Is it the formulation or the policy that on the good behaviour of one Government depends the lives of the minorities of another State? If there is a misdemeanour on the part of the Government of East Pakistan, is it the formulation that it will lead to the sacrifice of innocent Muslims in India or in West Bengal, or, contrary, for anything done by the Government of India, good, bad or indifferent, which, allegedly to the Pakistan Government, is not according to their wishes, the minorities of Pakistan will be slaughtered? This sort of formulation, if I may say so, is one of the most dangerous formulations that can ever be made by any sane people anywhere in the world.

Today, in the context of present day politics, we are, to a very great extent, agitated against Britain's actions, against the British Government's policy, in the United Nations with regard to Kashmir. If this formulation is carried to the greatest extent would we, more or less, exonerate ourselves if we catch hold of every Britisher who is here in Calcutta or in West Bengal, kill him or molest the women or burn their properties, or, for that matter, are we going to take steps on any foreign national who is either here or in Pakistan because that Government's views may not coincide with the views of the Pakistan Government or the Government of India?

Sir, I am very sorry to say so that the Government has persistently misled the public and misled itself into thinking that the communal rioting comes out of any anger between the Hindus and Muslims. I am sorry to say that, that is the greatest slander that one can ever make against a nation, or against a people or against a religion. As between Hindus and Muslims, I do not think there is any kind of antagonism except what has been fanned, nurtured and executed through reactionary forces. As my friend Shri Bhattacharyya only now said that the minority oppression is not only confined to Hindus, Muslims or religious minorities or oppression of minority of that nature, there have been cases in my own country where other minorities have been oppressed because of reactionary Government policy. Whenever Government feels that it cannot possibly get the people with it, whenever Government feels it cannot possibly fulfil the promises made, whenever it feels that it has made a mess of the whole thing, to get out of difficulty the Government tries to divert the people's anger by persistent propaganda—serious propaganda—both by the press as well as whispering and also by their own executive machinery to divert that anger on the minority. Sir, it started with the religious warfare in the middle ages in France. It was also there immediately before the last war in Hitler's Germany and today we see it in India, in many shades and in many colours and in many hues, all over the country both here and in Pakistan. Sir, let us be very frank—rioting in East Pakistan took place not because of what happened in Kashmere or anywhere in the world for the matter of that, it happened because the Ayub Shahi Government could not carry on its policy of exploitation of the Bengali Muslims who are being ruled by it as colonial people and as the Bengali Muslims are gradually becoming emancipated they

wanted to overthrow the Ayub Shahi regime, this was diverted into a riot between Hindus and Muslims, not by the ordinary Muslims, if I may say so here and now but organised and led by the State and the State machinery of East Pakistan. Sir, we have seen thousand of reports of Bengali Muslims—our brothers in East Pakistan—coming out and rescuing and helping the Hindus. Fortunately and unfortunately I originally come from that part of the world and as irony would be many of our Ministers sitting there also come from that part of the world. We have our families there and we are not getting any news about them. Nobody is minimising the horrors that were perpetrated there but at the same time nobody should minimise the role of our Muslim brothers coming to the aid of the Hindus of East Pakistan. Therefore to say that East Pakistan riot was due to what had happened in Kashmere, I would respectfully submit is a wrong formulation and if I might use a very strong term "a mischievous formulation".—To say that East Pakistan riots happened just because something happened in Kashmere. Sir, it was done deliverately by the Pakistan Government. Similarly, to say that something happened in Calcutta and 24 Parganas because of the repercussion of the happenings in East Pakistan, I for one refuse to believe it. I refuse to believe that democratic people of calcutta will take into their hands the cowardly psychology to kill a few unarmed Muslims, the poor starving Muslims who cannot have jobs, who somehow eke out an existence in West Bengal and in Calcutta—to kill him will bring him any glory or any joy or that they considered it to be at all a proper retaliation of what happened to the minorities in East Pakistan.

[4-00—4-10 p.m.]

Sir, this oppression of minority is sponsored by the reactionary Governments on the psychology of a coward—because I cannot save my Hindu brothers in Pakistan I will, therefore, according to the great Biblical tradition, take an eye for an eye or a tooth for a tooth; just because an innocent Mussalman is killed here, another eye for an eye and a tooth for a tooth will be taken out in East Pakistan. That, Sir, in any other country certainly will be called uncivilized whereas in my country perhaps there are even now people who will say there is great glory in it. This is a most shameful chapter in the histories of the two Bengals—the history of East Bengal and the history of West Bengal. I am sorry to say, Sir, as I stand here, that the democratic people of Calcutta have been slandered to this extent by our own Government, that the people of Calcutta have killed innocent Mussalmans. I refuse to believe it. This was done by certain anti-social elements who have been nurtured, fed and protected by the powers that be, with the help of the Bustee-owners, by the great food merchants, by the great fish merchants, who wanted to take the advantage of the disturbances in East Pakistan so that the normal life in Calcutta could be disrupted. Sir, I have seen here glorious examples of my Hindu brothers—Bengalees and non-Bengalees—coming out and protecting the Mussalmans, and I say glory to them and I give them my hearty congratulations—to those who have come out and saved our helpless brothers in West Bengal and in Calcutta.

Sir, the last thing I want to say—I do not want to take your time at this fag end of the discussion—is that integrity between Hindus and Mussalmans, integrity between Bengalees and non-Bengalees, integrity between South Indians and North Indians will not take place by muttering a few *mantras* by our great Prime Minister and echoed throughout the country, through the All India Radio and through various executive agencies. Sir, integrity can come and shall only come if there is economic fulfilment and well being.—If a man has got his work, his food, his shelter, his education and his health measures. Sir,

than nobody would bother as to who is nextdoor to me or who is working next to him, whether he is a Kashmiri or a man from Timbuckto or a man from the moon. As long as this starved, unemployed and rabbled condition of India will continue under this regime, integrity will be a mere slogan to be printed religiously in the newspaper headlines to be forgotten the moment it is printed. Sir, until and unless real socialism comes to our part of the world, whether Pakistan or India, unless man is a man and the dignity of a man is understood by another man by his own dignity, this sort of a thing will not come. And another aspect I will echo. Today, Sir, we are in great grief. I will ask you, Sir, to remember the saying of the great savant Romain Rolland who once said that in the presence of grief there is neither victor nor vanquished. So let us forget about the vanquishment of a particular minority or the victory of another minority; let us forget that there is a victory of a particular sect or a vanquishment of another sect. We are in the presence of grief and in the presence of grief there is neither victor nor vanquished. Let us put our heads together, let us put our shoulders together, let us jointly try to evolve a system in which exploitation shall cease, where man shall stand up as man and not be these rotten wrings which you see here, which can be employed by reactionary people for their own needs. We have heard so much about the goondas. Who are the goondas, Sir? These are our own people who have been cast out of society. Why?—because they cannot get employment. Why?—because they cannot get education. Why?—because they cannot get shelter. Today having made so many thousands of people outcaste—you are utilising them—the reactionary executives both here and there are utilising them—for their own purpose. It is high time that this sort of exploitation must cease once and for all. If we are thinking in terms of integrity, if we are thinking in terms of building a healthy human society, let us stop this squabble about who did right and who did wrong because this will never end. The only way to end it is to start on a fresh base which will lead man to his real destiny.

Thank you very much.

Shri Subodh Sen: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:—

> "But regret that there is no mention of the fact that the Government's deliberate policy and action led to food crisis resulting in distress of the people on the one hand and accumulation of money in the hands of the hoarders and profiteers on the other."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দাঙ্গা বিতর্ক অধ্যুষিত বিধান পরিষদে একটা নতুন কথা বলতে চাই। যদিও এটা জানি এই সেশনে দাঙ্গা বিতর্কই প্রধান এবং মুখ্য স্থান গ্রহণ করবে, তা সত্ত্বেও বাংলাদেশে যে আরও সমস্যা আছে, সেই সমস্যাগুলো, এখানে আমি তার অন্ততঃ একটা দিক তুলে ধরতে চাই। আমি মাননীয়া রাজ্যপাল মহোদয়ার অভিভাষণ পড়লাম, কিন্তু গত বছরের খাদ্য ব্যাপারে বাংলাদেশে যে ঘটনা ঘটলো সে সম্বন্ধে একটী লাইনও আমি উদ্ধার করতে পারলাম না। এখানে বিবেচনা করা দরকার যে গত ৫।৭ বছর ধরে খাদ্য সমস্যা যে জায়গায় ছিল গত বছরের খাদ্য সমস্যাও কি সেই জায়গায় ছিল? সেই ধারাবাহিকতার কি শুধু একটী মাত্র ধাপ, না তার থেকে একটা অন্য অবস্থা, একটা অন্য বিপর্য্যয়ের মধ্যে পৌঁছেছিল? এটা আমাদের বোঝা দরকার। আমি মনে করি যে গত বছরের খাদ্য ব্যবস্থা একটা বিশেষ বিপর্যয়ের মধ্যে গিয়ে পৌঁছেছিল এবং তার জন্য এটার বিশেষ উল্লেখ থাকার প্রয়োজন ছিল ভাষণের মধ্যে। সব চেয়ে গুরুত্বপূর্ণ হল এই যে আমি বিশ্বাস করি যে বাংলাদেশের সরকার গত বছর ইচ্ছা করে এমন একটী নীতি গ্রহণ করেছিলেন, যে নীতিতে বাংলাদেশের খাদ্য বণ্টন ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ে এবং কোটী কোটী মুনাফাখোরদের ঘরে প্রবেশ করে। স্যার, আপনাকে স্মরণ করতে বলি গত বছর বাজেট অধিবেশনে এখানে আমরা খাদ্য ব্যবস্থা সম্বন্ধে

বলেছিলাম, আমরা এখানে বেসরকারী প্রস্তাব মারফৎ মুখ্যমন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছিলাম যে খাদ্যাবস্থা এবার নিদারুণ সংকটের মুখে যাচ্ছে। তখন মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, কমিউনিস্টদের ৪২-এর ভূতে পেয়েছে কমিউনিস্টদের ৪৩-এর ভূতে পেয়েছে। আর দেখলাম এবার নবমীর দিনের আগে, পুজোর সময় মুখ্যমন্ত্রীর ঘাড়ের উপর ভূত পেতনী চুন্নী সব একসাথে ভর করেছে। এবং সেই ভূত পেতনীর জ্বালায় মুখ্যমন্ত্রী হাত পা ছেড়ে এক একদিন এক একটী বিবৃতি দিতে সুরু করলেন। আমি আপনাকে স্মরণ করতে বলি গত বছর বাজেট অধিবেশনে বলা হয়েছিল যে ৪৩ লক্ষ টন চাল বাংলাদেশে উৎপাদিত হবে। আর বলা হয়েছিল যে ৪ লক্ষ টন ঘাটতি হবে। সেই ৪ লক্ষ টন চালের ঘাটতি পৌঁছুলো ১৮ লক্ষ টনে! তারপর ২২ লক্ষ টনে! মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুই এক হাজার মনের কারচুপি নয়, দুই এক হাজার মনের পার্থক্য নয়—৪ লক্ষ টনের ঘাটতি যদি ২২ লক্ষ টনে পৌঁছায় এবং সেই খবর যদি আশ্বিন, কার্ত্তিক মাসে দেওয়া হয়, যখন সাধারণ কৃষকদের হাতে ধান চাল নাই তার থেকে কি এই সিদ্ধান্ত করব না যে চালের দর যাতে বাড়াতে পারে তারই এক একটী করে যুক্তি চালের মজুতদার এবং চালের যারা চোরাকারবারী তাদের হাতে বাংলাদেশের মুখ্যমন্ত্রী জুগিয়ে দিয়েছিলেন। আমরা দেখেছি অক্টোবর মাসের প্রথম সপ্তাহে যখন চালের দর সকাল বেলায় ৪৮, বিকাল বেলা ৫০, তার পরের দিন সকালবেলা ৫২ আর বিকাল বেলায় ৫৬ হতে চলেছে, সে সময় মুখ্যমন্ত্রী মহাশয় কি বললেন। ৬ই অক্টোবর তারিখের আনন্দবাজার, গত বছরের, আমি পড়ছি—"তিনি সাংবাদিকদের সাথে আলোচনাকালে জানান আমন না উঠা পর্য্যন্ত নবেম্বর মাস পর্য্যন্ত চালাতে হলে ৩০ হাজার টন চাউল দরকার—কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার জন্য ১০ হাজার টন চাউল বরাদ্দ মঞ্জুর করিয়াছেন তার মধ্যে ৭ হাজার টন অবিলম্বে পাওয়া যাইবে।"

[4-10—4-20 p.m.]

এই খবর ৩০ হাজার টনের ঘাটতি এবং সেই চাল এই মুহূর্তে পাওয়া যাবে না, এ সম্বন্ধে কথা দেওয়া হচ্ছে, না যখন কলকাতায় চালের মণ ৪২ টাকা এক বেলায় পরের বেলায় ৪৪ টাকা তার পরের দিন ৪৮ টাকা তার পরের দিন ৫০ টাকা হচ্ছে। এই হাউসে মুখ্যমন্ত্রী গত বাজেট অধিবেশনে খাদ্য ব্যবস্থা সম্পর্কে অসত্য তথ্য পরিবেশন করেছেন। তিনি বলেছিলেন ৪ লক্ষ টন ঘাটতি, সেখানে ২২ লক্ষ টন ঘাটতি তিনি বলেছেন, এইভাবে সমস্ত দেশকে সমস্ত লেজিস্লেচারকে তিনি বিভ্রান্ত করেছেন। একটা চরম সংকটময় মুহূর্তে বাংলাদেশের মানুষকে তিনি চোরাকারবারীদের গহ্বরে নিক্ষেপ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই চালের ব্যাপারে বহুবার বলেছি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের কথা। আমরা বলেছি যে রাষ্ট্রায়ত্ত বাণিজ্য যদি চালের না হয় তাহলে বা কণ্ট্রোল করতে পারবেন না। এবার তাঁরা যে নীতি নিয়েছেন—আমরা বলেছিলাম রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের কথা তাঁরা ১৪।১৫।১৬ টাকা দর ধানের বেঁধে দিলেন কিন্তু নিজেরা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের দায়িত্ব নিলেন না। যার ফলে ১৩।১৪।১৫ টাকা দরের আধিনায় এবং দরিদ্র কৃষক ধান বিক্রী করতে পারেনি। আমরা জানি ১৩ টাকার কমে ধান বিক্রী হয়েছে এবং চাল যে দরে পাওয়া দরকার সেই দরে পাওয়া যাচ্ছে না। এই অবস্থায় আমি আবার আমাদের কথা বলছি, রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের ব্যবস্থা করতে হবে চালের ব্যাপারে কিন্তু আমি এটাও বুঝেছি যে এই ব্যবস্থা এদের দ্বারা করা অসম্ভব। আপনি দেখেছেন ভুবনেশ্বরের অধিবেশনের পর তারা ভুবনেশ্বরে কি দর্শন করে এলেন। আমরা কি দর্শন করলাম। শ্রীযুক্ত বিজু পট্টনায়ক বলেছিলেন যে চালের ব্যবসা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যে আনা দরকার এবং চালকলগুলিকে রাষ্ট্রায়ত্ত করা দরকার। এটা বলেই তিনি চলেন, উড়িষ্যায় কংগ্রেস-অধিবেশনের জন্য চালকলের মালিকরা ৩।৪ লক্ষ টাকা প্রদান করেছে, হরেকৃষ্ণ মহতাব বলেছে এটা বলা ঠিক হয়নি, কারণ এবার চালকল যদি তারা না নেয় তাহলে লোকে সন্দেহ করবে। এই পরিপ্রেক্ষীতে আজকে যে প্রশ্ন জিজ্ঞাসা করতে ইচ্ছা করে, সেটা হচ্ছে, ভুবনেশ্বরে এবং উড়িষ্যায় চালের মালিকরা কি দিয়েছে—সেটা তো ওঁরাই স্বীকার করেছেন, বিজু পট্টনায়ক স্বীকার করেছেন। কিন্তু আমাদের দেশে যাঁরা চালকলের মালিক তাঁরা ওদের নির্বাচনে

টাকা দিয়েছিলেন? তাঁরা গত এক বৎসরে খাদ্যে বিপর্য্যয় ঘটাবার ব্যাপারে কত টাকা দিয়েছিলেন, সেটা আমাদের জানার অধিকার আছে। আমি বলেছি যে ফৌজদারী দণ্ডবিধির ধারা অনুসারে কোন হত্যাকারীর সংগে সংশ্রব রাখলে তাকে যদি দণ্ড দেয়া যায় তাহলে এই বাংলাদেশে চালের ব্যাপারে ভুল তথ্য পরিবেশন করে যাঁরা বাংলাদেশের চোরাকারবারীদের শক্তিশালী করেছেন এবং একটা সংকটের অবস্থায় এনেছেন যাতে মানুষ আত্মহত্যা করেছে, পিতা শিশুকে এবং কন্যাকে পাথর গলায় বেঁধে নদীতে পাঠিয়ে দিয়েছে—সেই সরকার এবং খাদ্য নীতির যাঁরা প্রণেতা তাঁদের কেন শাস্তি দেয়া হবে না? এই প্রশ্ন আমি করছি, এবং এর উল্লেখ অধিবেশনে থাকা উচিৎ ছিল—এটা নেই বলে আমি দুঃখ অনুভব করছি।

Shri Nirmalya Bagchi :

সভাপতি মহাশয়, আমি পশ্চিমবাংলার একটা গুরুত্বপূর্ণ সমস্যা আলোচনা ওখানে সুরু করতে যাচ্ছি। আমি রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের দ্বিতীয় পৃষ্ঠায় যে দাবী করা হয়েছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। "প্রাথমিক, মাধ্যমিক, প্রায়োগিক, স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষা সম্প্রসারণের ব্যাপারে অগ্রগতি অক্ষুণ্ণ আছে। কিছুদিন ধরিয়া আমার সরকার প্রাথমিক শিক্ষার উপর অধিকতর গুরুত্ব আরোপের চেষ্টা করিতেছেন।" এই দাবী কতদূর সত্য সেটাই হচ্ছে আমাদের বিবেচ্য বিষয় এবং এই দাবী যে অসার এবং ভিত্তিহীন সেটা আমি সরকারীতথ্য এবং বক্তব্যের সাহায্যে প্রমাণ করবার চেষ্টা করবো। আমাদের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার একটা লক্ষ্য স্থির করেছেন সেটা হচ্ছে ৬ থেকে ১১ বৎসরের বালক বালিকাদের শতকরা ৭৬ জনকে যাতে বিদ্যালয়মুখী করতে পারি এবং ইতিমধ্যে অন্যান্য রাজ্যে এদিকে এতটা উন্নতি হয়েছে যে ৭৬ থেকে এই লক্ষ্যকে শতকরা ৮০ ভাগে উন্নীত করা হয়েছে। কিন্তু আমাদের এখানে কি অবস্থা? এই পরিকল্পনা সুরু হবার পর,—১৯৬১ সালে মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে বলেছিলেন এই আশা প্রকাশ করেছিলেন যে

all children in age group of 6 to 11 years will be covered under the free and compulsory scheme.

অর্থাৎ শতকরা একশোজন ছেলে, মেয়েকে এই পরিকল্পনাকালের মধ্যে প্রাথমিক শিক্ষার আয়ত্বে আনতে পারবেন। কিন্তু, তারপর থেকে দেখা যাচ্ছে ধাপে, ধাপে নামতে সুরু করেছে আমাদের পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা। ১৯৬২ সালে, এক বছরের মধ্যেই রাজ্যপালের ভাষণের সুর নীচু হল। এবং তিনি বলছেন

it is hoped that by the end of the 3rd plan 80 p.c. of the children of the age group of 6 to 11 years will be brought under the scheme of compulsory education.

শতকরা একশো ভাগের লক্ষ্য থেকে এসে দাঁড়ালো শতকরা ৮০ ভাগ, এবং এটাও যে রক্ষা করা গেল না সেটা আমি তুলে ধরবো। এখানে বলা হচ্ছে শিক্ষা ব্যাপারে অগ্রগতি অক্ষুণ্ণ রয়েছে, স্টেডি রয়েছে। যে সমস্ত সংখ্যাতত্ব শিক্ষা মন্ত্রিমহাশয় পরিবেশন করেছিলেন ২৩এ জুলাই, ১৯৬৩ সালে, যে লিখিত তথ্য দিয়েছিলেন, তারই ভিত্তিতে আমি একটা অঙ্ক কষে ছিলাম। অবশ্য অংকে আমি কাঁচা, শিক্ষা মন্ত্রিমহাশয় যদি ভুল বের করে দিতে পারেন, তাহলে আমি খুশীই হবো।

১৯৫৫-৫৬ সালে ছেলেদের সংখ্যা বৃদ্ধি হয়েছিল ১০·৭, এটা হচ্ছে পিক ১৯৫৬-৫৭ সালে সেটা নেমে আসলো ৯·৭-এ, ১৯৫৭-৫৮ সালে সেটা আরও নীচে নেমে পড়লো ৩·৮-এ তারপর ১৯৫৮-৫৯ সালে সেটা নেমে হল ২·১। ১৯৫৯-৬০ সালে সেটা হল ৩·১, এবং ১৯৬০-৬১ সালে সেটা দাঁড়ায় ২·৩। আর মেয়েদের ব্যাপারে অবস্থা আরও শোচনীয়। ১৯৫৫-৫৬ সালে মেয়েদের সংখ্যা ছিল ২·৬, এবং এটা একটা পিক বলা যেতে পারে। সেটা

ক্রমশঃ কমে এসে ১৯৫৬-৫৭ সালে ১·৬ হয়, এবং সেটা আরও কমে গিয়ে ১৯৫৭-৫৮ সালে মাইনাস ০·২ হয়, এবং ১৯৫৮-৫৯ সনেতে ০·৮, এবং ১৯৫৯-৬০-তে ০·৭, এবং ১৯৬০-৬১ তে ০·৬। এই হচ্ছে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ছেলে মেয়েদের এনরোলমেন্ট এর অগ্রগতি, তারই হিসাব।

এবার আমি মাননীয় মন্ত্রী মহাশয়দের বিভিন্ন বক্তব্য থেকে একটু উদ্ধৃত করে বলতে চাই। আমাদের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রীযুত চাগলা, তিনি কলিকাতা সহরে এসে একটি সাংবাদিক সম্মেলনে ১১ই জানুয়ারী তারিখে তাঁর বক্তব্য পেশ করেন। তাতে তিনি দুঃখ করে বলেন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার তৃতীয় পরিকল্পনার শেষে ও নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাইতে পারিবে না। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে অনেক পিছাইয়া আছে।

এবার একটু ঘরের লেখার কথা শুনুন। আমাদের শিক্ষা মন্ত্রীর ঘরের লোক হচ্ছেন মুখ্য মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় কলিকাতা মহলে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় বড় একটা মুখ খোলেন না, মফঃস্বলে গেলে পর তিনি মুখ খোলেন। সম্প্রতি হাওড়াতে রামকৃষ্ণপুরে আর্য-বালিকা বিদ্যালয়ের নূতন ভবন উদ্বোধন অনুষ্ঠানে তিনি গিয়েছিলেন। যুগান্তরের রিপোর্ট ১৩ই ডিসেম্বর, "পশ্চিমবঙ্গে শিক্ষার মান ক্রমান্বয়ে অবনতি হওয়ায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন আজ এক সভায় লজ্জা ও দুঃখ প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেন যে আজ এই রাজ্যে বিদ্যোৎসাহী প্রতিটি ব্যক্তি ও রাজ্য সরকারকে এই কলঙ্ক মোচনের জন্য সচেষ্ট হইতে হইবে। সম্প্রতি আমাদের যিনি সেন্সাস সুপারিনটেন্ডেণ্ট, মিঃ জে, সি, সেনগুপ্ত. তিনি পশ্চিমবঙ্গে একটি সোসিও-ইকনোমিক সার্ভে করেছিলেন। বর্দ্ধমান জেলাকে আমরা একটি প্রগতিশীল জেলা বলে জানি, এবং সেখানকার কামনাড়া নামক গ্রাম তিনি সমীক্ষা করেছেন, সেখানে ১৫০টি পরিবারের মধ্যে মাত্র ৫৩টি পড়ুয়া ছেলে মেয়ে, তারা স্কুলে যাতায়াত করে। আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয়, তিনি প্রাথমিক শিক্ষার ব্যাপারে কিছুটা পরিমাণে বিচলিত হয়ে উঠেছেন। তার কারণ হচ্ছে এই যে, গত অক্টোবর মাসে, পূজার পূর্বে তিনি স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এবং জেলা পরিদর্শকদের একটি সম্মেলন আহ্বান করেছিলেন এবং শিক্ষা মন্ত্রী মহাশয় সেখানে সভাপতিত্ব করেন। সেখানে স্কুল বোর্ড এলাকাতে দেখা যাচ্ছে যে—হাওড়া, হুগলী, মেদিনীপুর এবং ২৪-পরগণাতে শতকরা ৮০ জন বালক বালিকাকে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা গিয়েছে, বা বিদ্যালয়মুখী করা গিয়েছে। মুর্শিদাবাদ, জলপাই গুড়ি মালদা জেলাতে এখনও ৬০ ভাগের নীচে-ছেলে মেয়েরা মাত্র প্রাথমিক বিদ্যালয়ে যেতে আরম্ভ করেছে এবং বাকী অন্যান্য জেলাগুলিতে ৬০ থেকে ৭০ ভাগের মধ্যে সীমাবদ্ধ রয়েছে পশ্চিমবাংলায় যে সমস্ত বাসোপযোগী গ্রামগুলি রয়েছে, তাদের সংখ্যা হচ্ছে ৩৮,৪৭১টি এবং এই ৩৮,৪৭১টি গ্রামের মধ্যে ফ্রি এ্যান্ড কম্পালসরী প্রাইমারী এডুকেশন মুখ্যমন্ত্রী মহাশয় গত ১৬ বৎসরের মধ্যে প্রবর্ত্তন করতে পেরেছেন ১৪,৪৭৭টি গ্রামে।

[4-20—4-30 p.m.]

সুতরাং বাকী ২৪ হাজার গ্রামে এখনও প্রাথমিক শিক্ষা তারা কম্পালসারি এবং ফ্রি করতে পারেন নি। এবং আমি হিসাবের দ্বারা দেখাতে পারি যে পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ১৯৬১-৬২ সাল পর্যন্ত ৩০ হাজার ৫৩৮ : পশ্চিমবাংলায় গ্রামের সংখ্যা যদি হয় ৩৮ হাজার ৪৭১ এবং এই ৩০ হাজার ৫৩৮ এর মধ্যে সহরগুলি প্রাথমিক বিদ্যালয়গুলি রয়েছে তাহলে এই দাঁড়ায় পশ্চিমবাংলায় কয়েক হাজার গ্রাম আছে যেখানে কোন প্রাথমিক বিদ্যালয় এখনও প্রতিষ্ঠিত হয়নি। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশনের লক্ষ্যই হচ্ছে যে এমনভাবে বিদ্যালয়গুলি প্রতিষ্ঠিত হবে যাতে বালক বালিকারা তাদের বাসস্থান থেকে হেঁটে যেতে পারে এবং আরও একটী প্রশ্ন আমি আমাদের শিক্ষামন্ত্রীর কাছে উপস্থিত করছি যে ৬ থেকে ১১ যদি আমাদের লক্ষ্য হয়ে থাকে তাহলে পরে বর্ত্তমানে প্রাথমিক বিদ্যালয়গুলি হচ্ছে চার শ্রেণীর

৬ থেকে ১০ পর্য্যন্ত প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হয়েছে এই ৫ম শ্রেণী এখনও খোলা হয়নি এবং আমি জিজ্ঞাসা করছি এই ৫ম শ্রেণী কবে প্রাথমিক বিদ্যালয়ের সঙ্গে যুক্ত করা হবে? এবং যদি হিসাব করে দেখেন তাহলে পশ্চিমবাংলায় শুধুমাত্র মাধ্যমিক বিদ্যালয়ের সংযুক্ত যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে কলকাতা করপোরেশনের পরিচালিত যে ২৪৫টী বিদ্যালয় আছে আর জুনিয়র বেসিক যে সমস্ত বিদ্যালয় আছে সেগুলি কোথাও এখন পর্য্যন্ত ৫ম শ্রেণী খোলা হয়নি। এবং জুনিয়র বেসিক ও জি এস এফ পি স্কুল এবং কলকাতা কর্পোরেশন ছাড়া যে সমস্ত ৫ম শ্রেণী রয়েছে সেখানে মাইনে দিয়ে পড়তে হয়। এবং আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই এ সম্পর্কে কিছু বলবেন যে কবে এই ৫ম শ্রেণী খোলা হবে এবং আমাদের ১১ বছরের যে বালক বালিকা তাদের এই অবৈতনিক লেখাপড়া শেখার কবে তিনি ব্যবস্থা করতে পারবেন? ৫ম শ্রেণীর সমস্যা অবশ্য খুব জটীল—এটী প্রাথমিকের মধ্যে পড়ে না মাধ্যমিকের মধ্যে পড়ে এ প্রশ্নের কোন জবাব আজ পর্যন্ত তাঁর কাছ থেকে পাইনি। এবং এই ৫ম শ্রেণীতে তিনি আবার হিন্দী প্রবর্ত্তন করেছেন, এবং সম্প্রতি যে শিক্ষামন্ত্রী সম্মেলন হয়েছিল তাতে যে থ্রি ল্যাংগোয়েজ ফরমুলা গৃহীত হয়েছে একই ফলস্বরূপ তিনি এই ৫ম শ্রেণীর বালক বালিকাদের মাথার উপর চাপিয়ে দিয়েছেন। এটা কতদূর সমীচীন হয়েছে দেশবাসীর মনে যথেষ্ট প্রশ্ন রয়েছে। আমাদের রাজ্যপাল তাঁর ভাষণে আরেকটী গৌরবের কথা বলেছেন, যে আরবান প্রাইমারী এডুকেশন এ্যাক্ট পাশ হয়েছে—এটা নতুন করে পাশ করেছেন—এ বিষয়ে কোন সন্দেহ নাই যে ১৯১৯ সালের আইন আর চলে না, কিন্তু এই আরবান প্রাইমারী এডুকেশন এ্যাক্ট দিয়ে যে লক্ষ্য পরিকল্পনা কমিশন তুলে ধরেছেন সেই লক্ষ্যে কি করে পেঁছুতে পারবে? কলকাতা সহরকে এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে, এই আইন আজ পর্য্যন্ত চালু এবং কার্য্যকরী হয়েছে কি না সে সম্পর্কে কোন বক্তব্য আজ পর্য্যন্ত শিক্ষা দপ্তর থেকে আসেনি। এবং কতটা মিউনিসিপ্যালিটী তারা এই ডাকে সাড়া দিয়েছেন যে তারা এই আইন প্রবর্ত্তন করতে রাজী আছেন তা আমার জানা নাই। একমাত্র আমরা জানি যে খড়দহ মিউনিসিপ্যালিটী তাদের এলাকাতে এই আইনকে প্রয়োগ করতে যাচ্ছেন এবং কম্পালসারি প্রাইমারী এডুকেশন এ্যাক্ট প্রবর্ত্তন করেছেন। মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় যতদিন জীবিত ছিলেন ততদিন তিনি একটা কথাই বলেছিলেন যে মিউনিসিপ্যাল এলাকায় প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকারকে টেক ওভার করতে হবে। কিন্তু মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের মৃত্যুর পর সেই প্রতিশ্রুতিও তার সাথে সাথে মুছে গেছে। আজকে সরকার প্রাথমিক শিক্ষা সহরাঞ্চলে নিজের হাতে না নিয়ে সেখানকার মিউনিসিপ্যালিটীর দুর্বল কাঁধের উপর চাপিয়ে রেখেছেন, এবং তাদের কোন আগ্রহ নেই। কলকাতা সহরের প্রাথমিক শিক্ষার অবস্থা—সি-এম-পি-ও যে সার্ভে করেছেন সেই সার্ভে নিশ্চয়ই আমাদের শিক্ষামন্ত্রীর হস্তগত হয়েছে, সেখানে আমরা দেখতে পাচ্ছি যে শতকরা ৬০ ভাগ ছেলেমেয়েরা কোন রকমে লেখাপড়ার ব্যবস্থা তারা করতে পেরেছে আর ৪০ ভাগ ছেলেমেয়ে কলকাতা সহরে তাদের কোন লেখাপড়ার ব্যবস্থা নেই। কোন ফেসিলিটিজ তাদের নেই। এবং সেই সি-এম-পি-ও'র সার্ভেতে বলা হয়েছে যে ১৯টী ওয়ার্ড আছে কলকাতা সহরে যেখানে

Over 60 per cent. children were not attending any primary class at all.

এবং যে সমস্ত ছেলেমেয়ে এই ৬০ ভাগ লেখাপড়া শেখে তাদের মধ্যে শুধু ২৮ ভাগ ক্যালকাটা কর্পোরেশন-এর ফ্রি প্রাইমারী স্কুল-এ পড়বার সুযোগ পায় বাকী যে ৭২ ভাগ রয়েছে যদি তাদের বাপ মা-এর আর্থিক সঙ্গতি থাকে তবেই বেতন দিয়া স্কুলে পড়াতে পারে। সেখানে তুলনা করুন মাদ্রাজের সাথে সি-এম-পি-ও'র যেখানে কলকাতায় হিসাব করে দেখেছেন যে শতকরা ৬০ ভাগ ছেলেমেয়ে কোন রকমে লেখাপড়া শিখছে, আর ৪০ ভাগের শিখবার কোন সুযোগ নেই।

৪০ ভাগের লেখাপড়া শেখবার কোন সুযোগ নেই, সেখানে মাদ্রাজে শতকরা ৯৬ ভাগ ছেলেমেয়ে লেখাপড়া শেখবার সুযোগ পেয়েছে এবং কোলকাতা সহরের বুকের উপর আমরা দেখতে পাই সরকার দায়িত্ব নেননা, ক্যালকাটা কর্পোরেশন তাদের দায়িত্ব পালন করেননি এবং

তার ফলে গড়ে উঠেছে বিরাট প্রাইভেট সেকটর, একটা ব্যবসা কোলকাতা সহরের প্রাথমিক বিদ্যালয় নিয়া চলছে এবং তারা মাইনা, বেতন আদায় করছে, বিরাট মুনাফা করছে এবং কতকগুলি গোয়াল ঘরের মত মেজের মধ্যে সেই সমস্ত ছেলেমেয়েদের পড়াশুনা করতে হচ্ছে, তাদের উপর সরকারের শিক্ষা বিভাগের কোন নিয়ন্ত্রণ নেই, ইন্সপেক্টারে কোন স্কুল পরিদর্শন করেন না এবং তার ফলে যে শিক্ষা ব্যবস্থা গড়ে উঠেছে সে সম্পর্কে আমি একথা বলতে চাই যে শিক্ষা ব্যবস্থা হচ্ছে মুষ্টিমেয় লোকের জন্য, যার বাবার পকেটে টাকা আছে, সংগতি আছে, তাদের ছেলেরা ভাল ভাল স্কুলে পড়তে পারে এবং একটা শ্রেণী দৃষ্টিভংগী থেকে এই শিক্ষা ব্যবস্থা চলছে। সেখানে বড়লোকের ছেলেরা লেখাপড়া শিখবে, যার বাবার আর্থিক সংগতি আছে সে লেখাপড়া শিখতে পারবে। গণতান্ত্রিক সমাজতান্ত্রিক ধাঁচের কথা ছেড়ে দিন, উন্নত যে সমস্ত ধনতান্ত্রিক দেশ আছে সেখানে এই সমস্ত শিশুদের প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার নিজের হাতে গ্রহণ করেন এবং একটা বৈষম্যমূলক নীতি শিক্ষাক্ষেত্রে চলছে—গ্রামে এবং সহরের মধ্যে বিভেদ এবং সহরের মধ্যে দেখতে পাচ্ছি দায়িত্ব পুরোপুরি না নেওয়ার ফলে ধনিক-শ্রেণীর ছেলেমেয়েরা লেখাপড়া শিখতে পারছে এবং গরীবের ছেলেমেয়েরা লেখাপড়া শিখতে পারছে না এবং গ্রামাঞ্চলে সেখানে শিক্ষাব্যবস্থার মধ্যে সেই পুরানো সাবেকি শিক্ষাব্যবস্থা চলছে, আর তার পাশাপাশি টিমটিম করে জ্বলছে সেই নূতন বেসিক শিক্ষা ব্যবস্থা। কোন্ শিক্ষাব্যবস্থা গ্রহণ করবেন পশ্চিমবংগ সরকারের শিক্ষামন্ত্রী সে বিষয়ে কোন মনস্থির করতে পারেননি। আমি জানি যে গতকাল কিশলয় নিয়ে বিধানসভায় বিরাট আলোড়ন হয়েছে এবং আমাদের মুখ্যমন্ত্রীকে একটা ঝড়ের সম্মুখীন হতে হয়েছিল। আমরা শিক্ষামন্ত্রীর সাথে যখন সাক্ষাৎ করেছিলাম জানুয়ারী মাসের শেষদিকে তখন তিনি আশ্বাস দিয়েছিলেন এবং তাঁর আশ্বাসের উপর আমরা বিশ্বাস রেখেছিলাম যে ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহের মধ্যে সরকার প্রকাশিত এই সমস্ত বইগুলি বাংলাদেশের ছেলেমেয়েরা পাবে। আমি এই প্রচেষ্টাকে অভিনন্দন জানাই যে তারা সস্তা দরে আজকে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বইগুলি বের করেছেন। এই প্রচেষ্টা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য কিন্তু আমাদের এমন দুর্ভাগ্য যে এই মন্ত্রী-মণ্ডলী ভাল কাজেও হাত দিলে পর সমস্ত ভণ্ডুল হয়ে যায়। এই কিশলয় সম্পর্কে আপনার কাছে বলছি যে কিশলয় তৃতীয় খণ্ড ১·২০ নঃ পঃ দাম, ফুটপাথে বিক্রী হচ্ছে, দোকানে পাওয়া যায় না, কিন্তু সাথে মিনিং কিনতে হবে এবং তার দাম হচ্ছে ৩·২০ নঃ পঃ। পিকক রীডার ক্লাশ থ্রি এবং ফোরের জন্য ইংরাজী বই আজও পর্যন্ত প্রকাশিত হল না, প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া বন্ধ হয়ে গেছে, আজকে ফেব্রুয়ারীর ২১এ তারিখ চলছে। মাষ্টারমশাইরা বলছেন —বই নাই কি দিয়ে পড়াবো এবং প্রকৃতি পরিচয় ক্লাশ ফোরের জন্য আজ পর্যন্ত প্রকাশিত হল না। এটা শুধু কোলকাতা সহরের অবস্থা নয়, ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টরের থ্রু দিয়ে এই বইগুলি বিতরণের ব্যবস্থা করেছেন। মফঃস্বলে এই বই পেঁাছাচ্ছে না, তারা কোলকাতা শহরে এসে ছুটতে আরম্ভ করেছে যদি কোলকাতায় এই বই পাওয়া যায়। ২রা ফেব্রুয়ারী সামান্য কিছু বই কোলকাতার বাজারে ছাড়ার সময় সংকল্প করলেন ৫০০ করে প্রতিদিন তাদের নির্বাচিত বই-এর দোকানগুলির হাত দিয়ে বাজারে ছাড়বেন। তা যদি করতেন তাহলে পরে এই অবস্থা হত না কিন্তু সরকারের এমনই অপদার্থতা যে সেই ব্যবস্থাকে তারা কার্যকরী করতে পারেন নি। আজকে এর একমাত্র প্রতিকার হচ্ছে, তারা তাদের সার্কুলারের মধ্যে যে কথা বলেছিলেন সেই কথাগুলি যদি বিশ্বাস করেন এবং সেটাকে যদি কার্যকরী করতে চান তাহলে সেটা সম্ভবপর হবে

"Selling of Kishalaya, parts I, II and III and key books on English text books for all classes from III to IV are strictly forbidden".

আমি জিজ্ঞাসা করছি এই বইগুলির কপি রাইট হচ্ছে পশ্চিমবংগ সরকারের, পশ্চিমবংগ সরকারের যে বই সেই বই-এর কি বুক ছাপাবার কি ক্ষমতা কারো আছে তাদের অনুমতি ছাড়া? আজকে কি পশ্চিমবংগ সরকারের ক্ষমতা নেই, তারা কি একটা অর্ডিনান্স জারী করতে পারেন না এই সব কি বইগুলি বন্ধ করার জন্য? এই গোপন সুড়ংগ পথে যারা কি বইগুলি প্রকাশ করছেন তাদের মার্ফৎ এই বইগুলি বাজারে চলছে এবং তার ফলে কালোবাজারীর সৃষ্টি হয়েছে।

[4-30—4-40 p.m.]

সুতরাং আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে আজকে এই বিপর্যয়ের হাত হতে রক্ষার পথ বের করুন। এই পথ যদি তিনি বের করতে না পারেন, তাহলে আগামী দিনে আমাদের দেশে প্রাথমিক শিক্ষা বহু দূরে পিছিয়ে যাবে।

আমি আর একটি বিষয়ের কথা আপনার কাছে বলবো। বর্তমান দাঙ্গা সম্পর্কে অনেক কথা এখানে আলোচনা হয়েছে, সেই প্রশ্নের মধ্যে আমি যেতে চাচ্ছি না। কিন্তু সম্প্রতি যে পাড়াতে আমি বাস করতে আরম্ভ করেছি, সেই পাড়াতে গত ১০ই জানুয়ারী থেকে একটি অত্যন্ত উপদ্রুত এলাকায় পরিণত হল। সন্তোষবাবুর মতন আমারও মনে হল, ১০ই জানুয়ারী সন্ধ্যাবেলা সেখানকার অবস্থা দেখে মনে হল যে কলকাতা সহরে গভর্নমেন্ট বলে কোন জিনিস নেই, পুলিশ বা ল এ্যান্ড অর্ডার বলে কোন জিনিস নেই। মন্ত্রীর স্তর থেকে আরম্ভ করে থানার ও, সি ও সর্ব স্তরের অফিসারের সঙ্গে যোগাযোগ স্থাপন করবার জন্য আমার যেটুকু অধিকার ও সুযোগ আছে, চেষ্টা করি। সন্ধ্যাবেলা থেকে সেখানে অশান্তি সুরু হয়ে যায় এবং তার মধ্যে শত, শত ভীত, সন্ত্রস্ত নর-নারী আশ্রয়ের সন্ধানে রাস্তায় এসে দাঁড়ান, অথচ রাত ১২টার আগে পর্যন্ত সেখানে কোন পুলিশের সাক্ষাৎ পাওয়া যায়নি। যদি পুলিশের ব্যবস্থা সেখানে বিকাল বেলা থেকে করতে পারতেন, তাহলে আমাদের এলাকা এই গুন্ডামীর হাত থেকে রক্ষা পেতো। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাচ্ছি যে দীলিপ মুখার্জি বলে একটি তরুণ যুবক সেই ১০ই তারিখ থেকে নিখোঁজ হন। তার পিতা হচ্ছেন মেটিয়াবুরুজের একজন স্কুল শিক্ষক, এবং এই তরুণটি হচ্ছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের একজন স্নাতক ও একটি বিলাতি কোম্পানীতে কাজ করে —৪৫০ টাকা মাইনা পেতেন। তিনি সেই ১০ই তারিখ থেকে নিখোঁজ হন। রক্তের দাগ পাওয়া যায়, এবং আমরা নানা ভাবে পুলিশের সঙ্গে যোগাযোগ করেছি, কিন্তু পুলিশ তার সম্বন্ধে কোন ব্যবস্থা করতে পারেন নি। তারপর ৪ঠা ফেব্রুয়ারী তারিখে, এতদিনের ব্যবধানের পর যখন তার মৃত দেহটি পাওয়া গেল, তখন মনে হল তার মৃত্যু বেশী দিন পূর্বে ঘটেনি, কিছুমাত্র অবিকৃত হয় নি। পুলিশ যদি ঠিক সময় মত সেখানে ব্যবস্থা গ্রহণ করতে পারতো তাহলে ঐ এলাকায় শান্তি রক্ষা করতে পারতেন এবং ঐ তরুণ যুবকটিও প্রাণ হারাত না। আমি এখনও বলবো এই দীলিপ মুখার্জির মৃত্যু সম্পর্কে অনুসন্ধান করে যদি কোন রিপোর্ট থাকে, সেটি জন-সমক্ষে রাখুন।

জয়ার ধর্মঘট সম্পর্কে সন্তোষবাবু উল্লেখ করেছেন। জয়ার ধর্মঘট ব্যাপারে সরকারের যে মনোভাব যে গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা আমাদের বর্তমান সরকার বলে আসছেন, বিশেষ করে ভুবনেশ্বরে কংগ্রেস অধিবেশনের পর থেকে, তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এই জয়ার ধর্মঘট সম্পর্কে তাঁরা কি নীতি অবলম্বন করেছেন, তার কোন উল্লেখ কোথাও নেই। জয়ার ধর্মঘটীদের দাবী হচ্ছে তাদের বোনাস নিয়ে। আমাদের যিনি শ্রমমন্ত্রী, তিনি বোনাস দেবার জন্য প্রত্যেকটি কলকারখানার মালিকদের নির্দেশ দিয়েছিলেন। জয়ার মালিক শ্রেণী ১৯৬২ সালে যে বোনাস দিয়েছিলেন, তাঁরা এবারে এক তৃতীয়াংশ কম বোনাস দেবার কথা বলেন। কিন্তু সেখানে উৎপাদন বেড়েছে, সেখানে বিক্রয় বেড়েছে, এবং গতকাল ষ্টেট্‌সম্যান পত্রিকায় প্রকাশিত হয়েছে যে কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন যে জানুয়ারী মাসে প্রথম সপ্তাহে এই কোম্পানী বৈদেশিক মুদ্রা ফাঁকি দিয়েছে বলে তাদের ফার্মে পুলিশ অনুসন্ধান করেছে। সুতরাং এই জয়া সম্পর্কে তাঁরা যে নীতি গ্রহণ করেছেন, তা আজকে পরিত্যাগ করা একান্ত প্রয়োজন হয়েছে। সরকার মালিকদের পক্ষে না গিয়ে, আজকে তারা দেশের স্বার্থে, জনসাধারণের পক্ষে, শ্রমিকদের পক্ষে মিলিত হন।

আমি এখানে আমার বক্তব্য শেষ করলাম।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

মাননীয় সভাপতি মহাশয়, আজ যে সমস্ত গুরুত্বপূর্ণ বিষয় আলোচিত হল, তার সঙ্গে শিক্ষা বিভাগের সম্পর্কে কতকগুলি কথা উত্থাপিত হওয়ায় আমি সর্বাগ্রে তার উত্তর দিচ্ছি।

সত্যপ্রিয়বাবু প্রথমেই শিক্ষা সম্বন্ধে কিছু বলেছেন। তিনি বলেছেন যে বোর্ড এখন গঠিত হয়েছে নমিনেটেড মেম্বারস্ ও এক্স-অফিসিও-দের নিয়ে, এই বোর্ড কি করে কাজ করতে পারবে? এর উত্তর আমি পূর্বে দিয়েছি এবং তারপরে যখন এ্যামেণ্ডিং এ্যাক্ট পাশ করা হয় তখনও ঠিক এই প্রশ্ন সত্যপ্রিয়বাবু তোলেন এবং তার উত্তর আমি দিয়েছিলাম। কিন্তু সত্যপ্রিয়বাবুর একটা অভ্যাস আছে বারবার একই কথা বলা। যাইহোক, আমি বলছি উত্তরটা হচ্ছে এইঃ—আমরা এ্যাডভাইসড হয়েছি ল ডিপার্টমেণ্ট-এর দ্বারা, যে বোর্ডটাকে এইভাবে চালু না করলে

the Act cannot be brought into force.

সেইজন্য এইভাবে বোর্ড চালু করা হয়েছে। এক্স-অফিসিও মেম্বারস ব্যতীত যারা মেম্বারস নমিনেটেড হবেন, তাদের নমিনেশন্ করবার ভার গভর্নমেন্টের অতএব উভয় শ্রেণীর সদস্যদের নিয়ে বোর্ডকে চালু করা হয়েছে, এবং তার ফলে

the Act has been brought into force.

এই হচ্ছে এক্সপার্ট অপিনিয়ন। তারপর ইলেকটেড মেম্বারস-দের সম্পর্কে ইলেকশন রুলস্ও আমরা পাবলিশ করে দিয়েছি। কিন্তু ইলেকশন-এর রুলস্ পাবলিশ করলেই ইলেকশন হয় না—আপনারা প্রায় সকলেই ইলেকশন-এ এসেছেন, আপনারা জানেন যে ইলেকশন করতে গেলে প্রথমে একটা ইলেকটোরাল রোল অর্থাৎ ভোটার লিষ্ট তৈরী হয়, ভোটার লিষ্ট তৈরী ও পাবলিশ করার পর অবজেকশন-এর টাইম দিতে হয়, অবজেকশন-এর টাইম দিয়ে ভোটারস লিষ্ট চূড়ান্ত হ'লে ক্যান্ডিডেট্স্-দের নাম দাখিল করতে হয়, তারপরে ক্যান্ডিডেট্স্-দের নাম পাবলিশ করার পর অবজেকশন-এর টাইম দিতে হয় তারপরে ক্যান্ডিডেট্স্-দিগের লিষ্ট ফাইনাল ও প্রচারিত হলে তারপরে ইলেকশন হয়। কাজেই আমাদের ইলেকশন-এর রুলস প্রমালগেটেড করা হয়েছে, এবং ইলেকশন-এর সাকসেসিভ ষ্টেপস্-গুলি নিয়মানুসারে গ্রহণ করা হবে—এ ছাড়া অন্য কোন পথ নাই। সত্যপ্রিয়বাবু জিজ্ঞাসা করেছেন যে কমিটিগুলি কি করে হবে? তারও আমরা রুলস করেছি আণ্ডার সেকসন ফরটি সেই রুলসও করা হয়ে গেছে। বোর্ড ফুল্লি ইলেকটেড হলে তখন কমিটিগুলিও ফুল্লি কনষ্টিটিউটেড হতে পারবে।

তারপরে আরেকটা কথা তুলেছেন, সমগ্র বোর্ড গঠন সংক্রান্ত কথা ছাড়া, সেটা হচ্ছে এই যে নন-টিচিং ষ্টাফ-দের বেতন বৃদ্ধি সম্বন্ধে যে তাঁরা এখনও কিছু বৃদ্ধি বেতন পেলেন না। ডাঃ রায় বলে গিয়েছিলেন অনেকদিন পূর্বে যে তাঁদের স্যালারি রিভাইজড্ করা হবে কিন্তু এখনও পর্যন্ত তার কিছুই হল না। সে সম্বন্ধে আমাদের কথা হচ্ছে যে ফিফটিন্থ অক্টোবর ১৯৬৩-তে আমরা সেকেণ্ডারী বোর্ডকে অর্ডার দিয়েছি যে এদের স্যালারি রিভিসন করা হল এবং ইফেক্ট দেওয়া হোক টাকা আমরা দিচ্ছি—তারপরে কিছু যে হয়নি তা নয়—কোন কোন স্কুলের ষ্টাফ পেয়ে গেছেন যদিও সব স্কুলের ষ্টাফ পান নি। কেন পান নি তার কারণ বোর্ড যা বলেছেন তা হচ্ছে এই যে ফাষ্ট এপ্রিল ১৯৬১ থেকে এই স্কেলকে রিট্রোস্পেকটিভ ইফেক্ট দেওয়া হয়েছে অতএব প্রত্যেক নন-টিচিং ষ্টাফকে তার মাহিনা ফাষ্ট এপ্রিল ১৯৬১ কি ছিল এখন কি পাবেন সেটা হিসাব করে দিতে হবে। কাজেই যে বোর্ড আগে ছিল সেই বোর্ড সমস্ত স্কুলকে দিতে পারেন নি সামান্য কিছু স্কুলকে দিয়েছেন বেশীর ভাগ স্কুলকে দিতে পারেন নি—কাজেই এটা হিসাবের কথা কিন্তু দেবার হুকুম সরকার পক্ষ থেকে অনেক আগে দেওয়া হয়েছে এবং টাকারও ব্যবস্থা করা হয়েছে, কিন্তু পেমেন্ট হিসাব সাপেক্ষ বলে এখনও সকলকে দেওয়া হয় নি। আর হিসাবের গোলযোগ কেন হচ্ছে তাও আমি বলছি—যদি বলা হত এখন থেকে পাবে তাহলে পেমেন্ট-এর সুবিধা হত। কিন্তু তা তো বলা হয় নি বলা হয়েছে উইথ রিট্রোস্পেকটিভ ইফেক্ট ফ্রম ফাষ্ট এপ্রিল ১৯৬১ থেকে পাবেন—কাজেই প্রত্যেকেরই প্রাপ্য বিশেষভাবে হিসাব করতে হচ্ছে। আমাদের অর্ডার দিতে দেরী হয় নি। আমরা ফিফ্টিন্থ অক্টোবর ১৯৬৩-তে অর্ডার দিয়েছি।

[4-40—4-50 p.m.]

নির্মাল্য বাগচী মহাশয় যে সব কথা বলেছেন সেই সব কথাগুলির উত্তর দেওয়া দরকার। উনি বলেছেন যে আমাদের এখানে প্রাইমারী এডুকেসান প্রসার লাভ করছে না আমরা পিছিয়ে যাচ্ছি। সভাপতি মহাশয়, আপনি লক্ষ্য করে দেখেছেন উনি কেবল পার্সেন্টেজ উল্লেখ করছিলেন কিন্তু প্রাথমিক শিক্ষা প্রসার লাভ করছে না এটা ফ্যাক্ট নয়। প্রাইমারী এডুকেশানে নাম্বার অফ স্টুডেন্টস্ যা ছিল তার চেয়ে ঢের বেশী বেড়ে গেছে। উনি বলেছেন যে আমাদের স্কুলের সংখ্যা ছিল ৩০ হাজার ৯ কিন্তু আমাদের স্কুলের সংখ্যা ৩২ হাজারের উপর দাঁড়িয়েছে, আমাদের ছাত্র সংখ্যাও বেড়ে গেছে। উনি এ ব্যাপারটাকে 'সাপ্রেস' করে গেছেন। পার্সেন্টেজ কমবার কারণ হচ্ছে আমাদের পশ্চিমবংগে গত দশ বছরে ১৯৫১ থেকে ১৯৬১-র মধ্যে যে 'পপুলেশন এক্সপানশান' হয়েছে—এই কথাটা আমি ব্যবহার করেছিলাম দিল্লীতে এবং তারপর থেকে মিঃ চাগলাও এটা ইউজ করেছেন, পপুলেশন এক্সপ্লোশান ইন ওয়েষ্ট বেংগল —অর্থাৎ ১৯৫১ সালে ২ কোটী ৬৩ লক্ষ থেকে ১৯৬১ সালে পপুলেশন হয়েছে প্রায় ৩ কোটী ৪৯ লক্ষ। চাগলা সাহেবও বলেছেন

"It is due to influx of population in West Bengal."

অন্যান্য ষ্টেটে মাত্র নরমাল ইনক্রিজ অব পপুলেশন হয়েছে, যেমন হয় ১০ পার্সেন্ট বা ১২ পার্সেন্ট, এখানে হয়েছে ৩৩ পার্সেন্ট ১০ বছরে

due to large influx of population in West Bengal.

মাইগ্রান্টস আবার আসছে হাজার হাজার। এখন বুঝতে পারবেন যে

large influx of population in West Bengal

মানে কি। মিঃ চাগলা সে কথাই বলে গেছেন

"it is due entirely to the large influx of population in West Bengal."

আমাদের দুর্ভাগ্য যে

large influx of population in West Bengal

হয়েছে তাদের শিক্ষার ক্ষেত্রে পুনর্বাসন ব্যাপারটায় যতটা দায়িত্ব আমাদের কেন্দ্রীয় সরকারের নেয়া উচিত ছিল কন্দ্রীয় সরকার তা নেন নি। হালের দুর্ঘটনার পূর্ব পর্যন্ত যাও নিচ্ছিলেন তাও আবার ত্যাগ করেছেন, অর্থাৎ রিলিফ রিহ্যাবিলিটেসান ডিপার্টমেন্ট থেকে যে সমস্ত স্কুল খোলা হয়েছিল সেগুলিকে পর্যন্ত তাঁরা বলেছেন 'আমরা আর পৃথক গ্রাণ্ট দেব না ; তোমরা দেবে'। ফলে রিলিফ ডিপার্টমেন্ট থেকে যত স্কুল চালানো হচ্ছিল তার সমস্ত ব্যয় ভার এসেছে এখন এডুকেসান ডিপার্টমেন্টের উপর। আমরা সেন্টারকে অনেক বুঝাবার চেষ্টা করেছি। এই যে লার্জ ইনফ্লাক্স অব পপুলেশন-এর জন্য পার্সেন্টেজ আমাদের কমে গেছে, ইনস্পাইট অব দি ফ্যাক্ট নাম্বার বেড়ে যাওয়া সত্বেও অর্থাৎ

Increase in enrolment could not keep pace with the increase in population.

এটার জন্য সেন্টারের আমাদের অতিরিক্ত সাহায্য করা উচিত কিন্তু অতিরিক্ত সাহায্য সেন্টার এযাবৎ করেন নি আমরা সেই সাহায্য পাবার জন্য চেষ্টা করছি। এখন নির্মাল্য বাবু বুঝতে পারবেন যে পার্সেন্টেজের ফিগার দিয়ে এখানে তিনি যে বিভ্রান্তি সৃষ্টি করবার চেষ্টা করেছেন সেটা ঠিক নয়। ৩৩ পার্সেন্ট অফ দি পপুলেশন ইন টেন ইয়ারস আর কোন ষ্টেটে বাড়েনি। আমাদের এখানে লার্জ ইনফ্লাক্স অব পপুলেশন-এর জন্য এনরোলমেন্ট-এর পার্সেন্টেজে ঘাটতি দেখাচ্ছে। উনি বলেছেন এক খড়দহ মিউনিসিপ্যালিটির কথা উনি জানেন যেখানে কমপালসারী ও সার্বজনীন হয়েছে, আর যেন কোথাও হয় নি। উনি এটাই জানেন কেননা খড়দহ মিউনিসিপ্যালিটি ইজ কন্ট্রোল্ড বাই দি কমিউনিস্ট পার্টী তাছাড়া আর কোন খবর উনি রাখেন না। আমি বলে দিচ্ছি খড়দহে হয়েছে, জংগীপুরে হয়েছে, আসানসোলে হয়েছে। আমরা গ্রান্ট দেওয়া সত্বেও আসানসোল মিউনিসিপ্যালিটি সেখানে সামান্য যে ট্যাক্স চালু করেছে তার জন্য প্রসেশন বেরুতে আরম্ভ হয়েছে। উনি তারপর আরও প্রশ্ন করেছেন যে মিউনিসিপ্যালিটির ঘাড়ে সব কিছু চাপিয়ে দেয়া হয়েছে কেন? আমরা বরং কম চাপিয়েছি মিউনিসিপ্যালিটির ঘাড়ে। মাদ্রাজ, বম্বে যার কথা উনি বলেছেন সেই মাদ্রাজ, বম্বের এ্যাক্ট যদি পড়ে

দেখতেন তাহলে দেখতে পেতেন যে মিউনিসিপ্যালিটির ঘাড়ে সেখানে ঢের বেশী দায়িত্বভার চাপিয়ে দেয়া হয়েছে। মিউনিসিপ্যালিটির ঘাড়ে চাপিয়ে আমরা শুধু দিইনি, অন্যান্য ষ্টেটও দিয়েছেন। আমরা মিউনিসিপ্যালিটির ঘাড়ে বরং কম চাপিয়েছি। মাদ্রাজ ও বোম্বে গভর্নমেন্টের কথা উনি উল্লেখ করেছেন, অথচ উনি কিছুই খবর রাখেন না সেখানকার। মাদ্রাজ ও বোম্বে গভর্নমেন্টের এ্যাক্টস যদি উনি পড়তেন তাহলে দেখতে পেতেন আরও ঢের বেশী দায়িত্বভার সেখানকার মিউনিসিপ্যাটির উপর চাপিয়ে দেওয়া হয়েছে। মাদ্রাজ গভর্নমেন্ট লোকাল বডিস্ কর্তৃক শিক্ষা কর যা আদায় হয় তার কম ছাড়া বেশী কখনও কোন জায়গায় দেন না। মাদ্রাজ শহরে পর্যন্ত না। কলকাতা কর্পোরেশনের কথা উল্লেখ করেছেন, তা না করলেই বোধহয় ভাল হ'ত। আমার যে উত্তর দিতে হবে, এই উত্তরের ফলে, আমাদের মুখেই চুন-কালি পড়বে। বোম্বে কর্পোরেশন যে

free and compulsory primary education

চালু করেছেন ন্যূনাধিক ১ কোটী ৮১ লক্ষ খরচে, তার মধ্যে আমার যতদূর মনে হয় তেত্রিশ লাখের বেশী টাকা ষ্টেট গভর্নমেন্ট দেন না, আর বাকী সমস্তটাই বোম্বে কর্পোরেশন বহন করে। ক্যালকাটা কর্পোরেশন কি তা' করতে প্রস্তুত আছেন? আমি সেদিন ক্যালকাটা কর্পোরেশনের এডুকেশন কমিটি মেম্বারদের সঙ্গে দেখা করেছিলাম এবং আমি তাঁদের বলেছিলাম যে হ্যাঁ, কলকাতা কর্পোরেশন প্রাথমিক শিক্ষা সার্বজনীন করণ আমি আপনাদের প্রমিজ দিচ্ছি—যেমন মাদ্রাজ ষ্টেট সমগ্র খরচের ৩০ পার্সেন্ট দেন তেমনি আমরাও ৩০ পার্সেন্ট দেবো। আপনারা বাকী টাকাটার ভার নিন। যদি এতে আপনারা রাজী থাকেন তাহলে আমরা সাহায্য দিতে রাজী আছি। কেউ কিছু করবেন না, খবরও রাখবেন না, আর সমালোচনা করবেন আমরা পিছিয়ে যাচ্ছি। সভাপতি মহাশয়, ও'রা কেবল বক্তৃতা করেন প্রেজুডিস থেকে, কিন্তু, প্রকৃত খবর রাখেন না। ও'রা ইংলণ্ডের প্রাইমারী ও সেকেণ্ডারী এডুকেশনের কথা বলেছেন। কিন্তু ও'রা এটা জানেন কি না জানিনা, সেখানে প্রাইমারী ও সেকেণ্ডারী এডুকেশন

largely financed by the local authorities and not by the State.

ও'রা শিক্ষাবিদ হিসাবে পরিচয় দেন, আবার প্রগতিশীল দেশের কথাও বলেন, অথচ সেখানকার শিক্ষা ব্যবস্থার প্রকৃত কোন খবরই রাখেন না। এটা কোন মনগড়া কথা নয় যে ইংলণ্ডে

largest percentage of the expenditure on primary education and secondary education local authorities.

দিয়ে থাকে। অধিকাংশ স্কুলই লোক্যাল অথরিটিজ দ্বারা স্থাপিত ও পরিচালিত স্কুল। এই সব খবরগুলি যদি রাখতেন, তাহলে বুঝতে পারতেন যে প্রগতিশীল দেশগুলিতে এডুকেশন কি ভাবে চলেছে, এবং এক্ষেত্রে দায়িত্বটা কাদের কতটা বহন করা উচিত। তা না হলে কেবল এখানকার সরকারকে গালাগালি দেবার জন্য বক্তৃতা করবেন, আর দেশ বিদেশের খবর রাখবেন না, এটা সংগত নয়। আমি আর বেশী কিছু বলতে চাই না, আমি এখানেই শেষ করছি।

Shri Santosh Kumar Bhattacharyya :

কিশলয়টা কি হল?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

কিশলয় সম্বন্ধে আপনি যা বলেছেন সেটা ঠিক। কিশলয় আমাদের জানুয়ারী মাসের শেষে দেবার কথা ছিল। কিন্তু, দুর্ভাগ্যবশতঃ কলকাতায় যে রায়ট হয়ে গেল তারজন্য দুটা বিষয় ঘটেছে, প্রেসগুলি ডেলিভারী দিতে দেরী করে ফেলেছেন, আর বুক বাইণ্ডারস্রাও সময়-মত বই বেঁধে দিতে পারে নি। আপনারা শুনেছেন কিনা জানি না পাতোয়ার বাগানে, মির্জাপুর ষ্ট্রীটের উপর কিশলয়ের পাতা পর্যন্ত ছড়িয়ে পড়ে রয়েছে এমনটাও দেখা গিয়েছে। তার প্রধান কারণটা আপনারা বুঝতে পারছেন যে সেখানে বুক বাইণ্ডারস-দের কাছে যে বইগুলি ছিল, সেই বইগুলি রায়ট-এর জন্য নষ্ট হয়েছে, তারা ডেলিভারী দিতে পারে নি। এবং তারা এই ডেলিভারী সময় মত দিতে পারে নি বলেই, আমাদের দিতে হয়েছে। তারপর অর্থ পুস্তক বিক্রয়ের কথা বলেছেন। আমি এ সম্পর্কে পূর্বে বলেছি এবং আজও আবার রিপিট করে বলছি

যদি শোনাবার ধৈর্য্য থাকে শুনুন। অর্থ পুস্তক যা বিক্রয় হচ্ছে সেটার ব্যাপার হচ্ছে এই—কলকাতায় আমাদের যত য়্যাপ্রুভড বুক সেলার্স আছে, আগে যা ছিল তার থেকে প্রায় দেড়গুণ বেশী করা হয়েছে, তা'হলেও কার কাছ থেকে কিশলয় বইগুলি নিয়ে গিয়ে, তার সাথে ঐ অর্থ পুস্তকগুলি সব বিক্রয় হচ্ছে তা আমি বলতে পারি না। আমাদের কোন্ য়্যাপ্রুভড বুক সেলার্স-এর দোকান থেকে, যদি কেউ বলতে পারেন যে একখানাও অর্থ পুস্তক কিনতে হয়েছে, তার নাম দিলে নিশ্চয়ই সে বিষয় আমরা অনুসন্ধান করে দেখবো। যে বইগুলি এখন বিক্রয় হচ্ছে রাস্তায়, ফুটপাতের ওপরে আপনারা বলেছেন, যেগুলি কোন য়্যাপ্রুভড বুক সেলার্স-দের কাছ থেকে নিয়ে অর্থ পুস্তক সহ বিক্রয় করা হচ্ছে তা জানতে না পারলে এটা আমরা বন্ধ করবো কি করে? যখন আমাদের য়্যাপ্রুভড বুক সেলার্স-দের জিজ্ঞাসা করা যায় এই বইগুলি ফুটপাতের বিক্রেতারা পেলো কি করে, এই নম্বরের বই কি করে তারা পেলো বলুন? তাঁরা উত্তরে বলেন মশাই আমাদের এখানে স্টুডেন্টের তরফ থেকে গার্ডিয়ানস্-রা এসে বই কিনে নিয়ে গিয়েছেন, স্কুল শিক্ষকরা এসে নিয়ে গিয়েছেন, আমরা তাঁদের বই দিয়েছি, আমরা রাস্তার কাউকে দিই নি। উনি বললেন এ সম্বন্ধে একটা অর্ডিনান্স্ পাশ করতে, একটা আইন পাশ করতে। এই সম্পর্কে কি ভাবে আইন পাশ করান যায়, উনি যদি য়্যাড্ভাইস দেন, তাহলে

I shall be too glad to introduce such a legislation.

(Noise and interruption.)

[4-50—5-00 p.m.]

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটা কথা বলতে চাই যে উনি নাম চেয়েছেন কিশলয়ের ব্যাপারে যে এই রকম দোকানের নাম যদি আমরা দিতে পারি যে সেইসব দোকান এই সব কাজ করছে তাহলে উনি স্টেপ নেবেন। আমি খালি ওঁকে একটা কথা জিজ্ঞাসা করছি যে S. Banerjee, Secretary, Text Book Committee and Registrar of Publications, West Bengal, Writers' Buildings.

সেই ভদ্রলোক নিজেও রেকমেন্ড করে পাঠাচ্ছেন কিন্তু লোককে বই দেবার জন্য আমি বলি He is responsible for black-marketing of Kishalaya.

Mr. Chairman : That is not the question now.

Shri Santosh Kumar Bhattacharyya : May I draw your attention. উনি কি সত্যিই ধরবেন যারা কালোবাজারে কিশলয় বিক্রি করছে।

Mr. Chairman : Please put in a simple question.

Shri Narendra Nath Das :

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দেবার আগে আমি তাঁকে বলছি যে আজকার সকালে কাগজে আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বক্তৃতা পড়েছি যেখানে এ কথা আছে যে পশ্চিম বাংলার কাগজগুলি খুব ভাল বিহেভিয়ার করেছিল—মুখ্যমন্ত্রী নাকি গুলজারীলাল নন্দকে এখন জানিয়েছেন যে দুই একটি কাগজ আগে যে এগ্রিমেন্ট ছিল সেই মত কাজ করছে না। এ সম্বন্ধে আমরা মুখ্যমন্ত্রী যখন জবাব দেবেন তখন যেন বলেন যে কোন কোন কাগজ সম্পর্কে কি কি রিপোর্ট তিনি দিয়েছেন।

Mr. Chairman : I will now request the Chief Minister to give the reply.

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার মহামান্য রাজ্যপালের অভিভাষণের উপর এখানে যে বিতর্ক হয়েছে সে বিতর্ক আচ্ছন্ন হয়ে গেছে আমাদের পূর্ব বাংলায় যে সমস্ত মর্ম্মন্তুদ ঘটনা ঘটেছে এবং তার প্রতিক্রিয়াস্বরূপ আমাদের পশ্চিম বাংলায় যে সামান্য ঘটনা ঘটেছে। অবশ্য আমাদের

এখানে যত সামান্য ঘটনা ঘটুক না কেন আমি পূর্ব পাকিস্তানের সঙ্গে তার তুলনা করছি না, আমাদের কাছে যে সমস্ত খবর এসেছে এবং পূর্ব পাকিস্তান থেকে যারা এখানে চলে আসছেন তাদের মুখে আমরা যে সমস্ত ভয়াবহ ঘটনার খবর আমরা পাচ্ছি তাতে করে আমাদের পশ্চিম বাংলায় যা ঘটছে তা ম্লান হয়ে যায়, এখানে এমন কিছুই ঘটেনি। তা সত্ত্বেও পশ্চিমবাংলায় যতটুকু ঘটেছে যৎসামান্য ঘটছে তারজন্য আমরা লজ্জিত এবং আমরা তারজন্য দুঃখিত এবং যদি না ঘটতো তাহলে আমরা সুখী হতাম। এ বিষয়ে এখানে বোধহয় কোন দ্বিমত নেই। কিন্তু পশ্চিমবাংলার উপর দিয়ে যে ঝড় বয়ে গেল তা শুধু এখানে কি ঘটছে তার পরিমাপ করে হবে না। পূর্ব পাকিস্তানে যা ঘটছে তারও ওজন করতে হবে পরিমাপ করতে হবে।

মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে প্রত্যহ পূর্ব পাকিস্তান থেকে শত শত আশ্রয় প্রার্থীরা এখানে আসছেন, এবং আপনি বোধহয় শুনেছেন যে যারা আমাদের কাছে পুনর্বাসন বা সাহায্য চাইছেন আমরা তাদেরকে পাঠিয়ে দিচ্ছি দণ্ডকারন্যে —এটা সর্ববিদিত যে বাঙ্গালী বাংলাদেশে পুনর্বাসন চায়। এ বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু বাংলাদেশে যারা কৃষক তাদের জন্য আমরা কোন জমি দিতে পারছি না।

বাংলাদেশে কৃষির অবস্থা যে নানা দিক থেকে মার খেয়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে সে বিষয়ে দ্বিমত কিছু নেই। মাননীয় সদস্যরা সকলেই জানেন যে আমাদের পশ্চিমবাংলা যখন হয় তখন আমাদের বলা হয় পাট চাষ বাড়াও। কেননা সমস্ত কাঁচা পাট আসতো পূর্ববাংলা থেকে। আর আমাদের পশ্চিমবাংলায় ১০০ পাট কল ছিল। আমাদের বলা হল যে পাট-শিল্প ধ্বংস হয়ে যাবে যদি পাট উৎপাদন আমরা না করতে পারি এবং আমরা এখানে পাট যথেষ্ট বাড়িয়েছি, এমন কি আমাদের আউস ধানের জমিতে আমরা পাট চাষ করতে বাধ্য হয়েছি। একথা সকলেই জানেন যে পাটশিল্পজাত দ্রব্য বিদেশে পাঠিয়ে ভারত সরকার বছরে ১৫০ কোটি টাকার উপর বৈদেশিক মুদ্রা অর্জন করেন এবং কয়েক লক্ষ লোকও এই পাটশিল্পে নিযুক্ত আছেন। আমরা অনেক পাটের চাষ বাড়িয়েছি—যেখানে পশ্চিমবাংলায় আগে আড়াই লক্ষ একর জমিতে পাট হোত এখন সেখানে ১৪ লক্ষ একর জমিতে আমরা পাট চাষ করেছি। একজন মাননীয় সদস্য এখানে দুঃখ করে বলেছেন সত্যই দুঃখের কথা যে গত বছর পশ্চিম-বাংলায় ধান চালের দাম খুব বেড়ে ছিল। আমাদের ঘাটতির পরিমাণ কত আমি আমার কোন পরিসংখ্যান এখানে দিতে চাই না। ঘাটতির পরিমাণ যতই হোক ৪ লক্ষ টন হোক, ৮ লক্ষ টন হোক্ কি ২২ লক্ষ টন হোক্ সেই পরিমাণ বা পরিসংখ্যান দিয়ে চাল পাওয়া যাবে না। আমাদের পশ্চিমবাংলায় যে খাদ্য সংকট হয়েছে তা নানা কারণে হয়েছে। এক দিকে আমরা আমাদের বহু জমিতে পাট চাষ করছি, আর একদিকে আমাদের লোকসংখ্যা এইমাত্র আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বলছিলেন পপুলেশান এক্সপ্লসান হয়েছে এবং বলছিলেন যে সেখানে ১৯৫১ সালে ২ কোটি ৬৩ লক্ষ লোক ছিল ১৯৬১ সালে সেটা ৩ কোটি ৪৯ লক্ষ হয়েছে। আমরা এবার হিসাব করেছিলাম আমাদের খাদ্য দপ্তরে যে লোকসংখ্যা কত বাড়লো। খাদ্যের যে বাজেট তার হিসাব হবে কি লোকসংখ্যার উপর ভিত্তি করে, তাতে দেখলাম যে আমাদের লোকসংখ্যা এখন ৩ কোটি ৭৫ লক্ষের উপর হয়ে গেছে এই পশ্চিমবাংলায় এবং লোকসংখ্যা রোজ বাড়ছে। আমাদের এখানে কোলকাতা সহরে আমরা বাঙ্গালী তো আছিই, আমাদের এখানে বিভিন্ন প্রদেশ থেকে লোক আসেন —বিহার, উত্তর প্রদেশ, মাদ্রাজ, উড়িষ্যা থেকে আসেন। বিভিন্ন প্রদেশ থেকে কোলকাতা বা শিল্পাঞ্চলে লোক আসছে। আমাদের পূর্ববাংলা থেকেও অনেক আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এখানে এসেছেন, তাদের সংখ্যা ৩২ লক্ষ, অন্ততঃ আমাদের খাতায় যাদের নাম আছে হিসাব আছে পশ্চিমবাংলায় যাঁরা বসবাস করেছেন স্থায়ীভাবে তাঁদের সংখ্যা ৩২ লক্ষ। কাজে কাজেই পশ্চিমবাংলায় যে খাদ্যে একটা সংকট দেখা দেবে, পশ্চিমবাংলায় যে খাদ্য দ্রব্যের মূল্য যে বাড়বে, বিশেষ করে চালের এটা আমাদের সকলের বুঝা উচিৎ। এবছর আমাদের ফসল একটু ভাল হয়েছে, আমাদের আমন ফসল ৪৭ লক্ষ টনের উপর হয়েছে চালের ভিত্তিতে। আমরা মনে করছি যে এবার আমাদের অবস্থা একটু ভাল হবে কিন্তু আমরা শুনতে পাচ্ছি যে এবছর যে সমস্ত অঞ্চলে ডাল, কলাই, ছোলা প্রভৃতি হয় সেই সমস্ত অঞ্চলে ভীষণ অবস্থা। সেই সমস্ত ফসল কোথাও অর্দ্ধেক হয়েছে,

কোথাও ১০ আনা হয়েছে, কোথাও ১২ আনা হয়েছে, আবার কোথাও তার চেয়েও কম হয়েছে। নানা কারণে প্রাকৃতিক দুর্যোগের জন্য এবং যদি খাদ্য সমস্যা আমাদের দেশে দেখা দেয় তো অন্য দেশে যদি ফসল না হয় তার দরুনও কিছুটা দেখা দেয়। একজন মাননীয় সদস্য গত বছরের আমাদের ঘাটতি সম্বন্ধে বলেছিলেন বলে আমি একথা বলছি যে আমাদের পশ্চিমবাংলা সমস্যাসংকুল, এখানে খাদ্য সমস্যা আছে, ভূমি সমস্যা আছে, আমাদের লোকের সমস্যা আছে, আমাদের শিল্পের সমস্যা আছে, বেকার সমস্যা আছে, সবই ঠিক।

[5-00—5-10 p.m.]

আমাদের পশ্চিমবাংলা সমস্যা সঙ্কুল রাজ্য। এখানে খাদ্য সমস্যা আছে, জমির সমস্যা আছে, আমাদের লোকের সমস্যা আছে, আমাদের শিল্পের সমস্যা আছে, আমাদের বৈকারের সমস্যা আছে, সবই ঠিক; এবং এই সমস্যাগুলি সমাধান করবার জন্য পরিকল্পনার মাধ্যমে আমরা কাজ করছি। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে আমরা সার্থক করেছি। সকলেই স্বীকার করবেন আমাদের যেটা বরাদ্দ ছিল, তার শতকরা ৯৫ ভাগ আমরা কার্যকরী করেছি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমরা সাফল্যমণ্ডিত করেছি। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তিন বছর শেষ হয়ে গেল, এবং তাতে আমাদের যেটা করার ছিল, তার চেয়ে কিছু কম করিনি। অবশ্য কোন কোন ক্ষেত্রে আমরা ঠিক পারিনি, যেমন কৃষির ক্ষেত্রে। কৃষির ক্ষেত্রেতে আমাদের যতটা কাজ করবার কথা ছিল, যতটা সাফল্যতা অর্জন করবার কথা ছিল, তা পারি নি প্রাকৃতিক দুর্যোগের জন্য। আমাদের পশ্চিম বাংলায় যত জমিতে সেচের ব্যবস্থা করতে পারি প্রয়োজন অনুযায়ী তা খুবই কম। আমরা শতকরা ৩০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করতে পারিনি। কাজে কাজেই আমাদের আকাশের উপর নির্ভর করতে হয়, প্রাকৃতিকের উপর নির্ভর করতেই হয়। একটু আগে আমাদের এখানে কয়েকজন মাননীয় সদস্য শিক্ষা সম্বন্ধে বলেছিলেন যে প্রাথমিক শিক্ষার আমাদের এখানে সুব্যবস্থা হয়নি। সত্যই আমরা এখানে প্রাথমিক শিক্ষার বিষয়ে পশ্চাৎপদ। কিন্তু কি কারণে আমরা পশ্চাৎপদ? মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই মাত্র বলেছেন যে কি, কি কারণে আমরা প্রাথমিক শিক্ষায় পিছিয়ে আছি। এখানে এত লোক সংখ্যা বেড়েছে, তার যদি পার্সেন্টেজ কষা যায়, শতকরা হিসাব ধরা যায় তাহলে আমরা খুব যে বেশী পিছিয়ে আছি তা নয়। অবশ্য আমাদের হঠাৎ লোকসংখ্যা বেড়ে গিয়েছে। আবার কতগুলি ক্ষেত্রে আমরা গর্ব করে বলতে পারি যে কিছু কম করি নি। যে সফলতা আমরা অর্জন করেছি, তাতে, যে কোন দেশ গর্ব অনুভব করতে পারে, এবং আমরাও গর্ব অনুভব করছি যে আমরা সে দিকে এগিয়ে গিয়েছি। যেমন স্বাস্থের ব্যাপারে আমরা অনেক এগিয়েছি। আমাদের এখানে মৃত্যুর হার আগে যা ছিল, তার তিন ভাগের এক ভাগ কমে গিয়েছে। অবশ্য জন্মের হার আমরা খুব বেশী কমাতে পারিনি, সেটা যেমন ছিল প্রায় তেমনিই আছে এবং সেদিক দিয়েও আমাদের লোক সংখ্যা বেড়েছে। এই সমস্ত ধরে নিয়ে, আমরা গর্ব করতে পারি যে আজকে এখানে মৃত্যুর হার আমরা কমিয়ে দিয়েছি। এত কষ্ট, এতসব দুরবস্থার মধ্যে থেকেও আমরা মৃত্যুর হার কমাতে সক্ষম হয়েছি। এ ছাড়াও আমরা পশ্চিমবঙ্গের অনেক কিছু উন্নতি করেছি। পশ্চিমবাংলায় রাস্তা-ঘাট, পথ প্রভৃতি অনেককিছু হয়েছে পশ্চিমবাংলার শিক্ষারও যে উন্নতি হয়েছে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। বিশেষ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অন্যান্য প্রদেশ থেকে পিছিয়ে নেই, বরং এগিয়ে আছে এবং আমরা গর্ব করে বলে থাকি যে মাধ্যমিক শিক্ষা ও উচ্চ শিক্ষার ব্যাপারে পশ্চিমবাংলা অন্যান্য প্রদেশ থেকে অনেক ভাল, অনেক উন্নতিসাধন ও প্রগতি করছে। সত্যিই এটা আমাদের পক্ষে গর্বের বিষয়।

মহামান্য রাজ্যপালের অভিভাষণ নিয়ে আমি একটু আগেই আরম্ভ করেছিলাম এই কথা বলে যে পূর্ববাংলায় এবং পশ্চিমবাংলায় যে সমস্ত ঘটনা ঘটে গিয়েছে তাতে আমাদের এখানকার অন্যান্য সমস্ত সমস্যা ঢাকা পড়েছে, আচ্ছন্ন হয়ে গিয়েছে, এবং সত্যি কথা। আমরা অনেকে ভাবছিলাম যে সত্যিই ত পূর্ববাংলায় যে ৯৩ লক্ষ হিন্দু আছে, ওঁদের দেশের ১৯৬১ সালের সেন্সাস অনুসারে, আদমসুমারী হিসাবে ৯৩ লক্ষ হিন্দু পূর্ববাংলায় আছেন, এই ৯৩ লক্ষ হিন্দুর ভাগ্য নির্ণয় কি ভাবে হবে? তারা যদি সবাই চলে আসতে চান, কোথায় তাঁরা যাবেন?

ভারত সরকার বলেছেন যে পূর্ব পাকিস্তানে যদি তাদের নিরাপদে থাকা অসম্ভব হয়,—এবং মনে হচ্ছে বর্তমানে ওখানকার যে অবস্থা, তাতে অসম্ভব। অসম্ভব যদি হয় তাহলে কি করে তারা আসবেন? মাইগ্রেসন সার্টিফিকেট বেশী করে দেওয়া হোক বলা হয়েছে। তাদের মাইগ্রেসন সার্টিফিকেট দেওয়া সম্বন্ধে আর কার্পণ্য নেই। কিন্তু, এইভাবে মাইগ্রেসন সার্টিফিকেট দিলেও কতলোক আসতে পারে? ঠিক বিধি পূর্বক, হিসাব করে, তাড়াহুড়া করে নয়, কত লোক আসতে পারে? আমি আগেই বলেছি আমাদের এখানে প্রতিদিন চারশো, পাঁচশো করে লোক আসছেন। যদি পাঁচশো করে প্রত্যহ লোক আসেন, তাহলে মাসে ১৫ হাজার লোক আসতে পারেন, আর বছরে ১ লক্ষ ৮০ হাজার, ধরে নিলাম দুই লক্ষ লোক আসবেন। তাহলে ৯৩ লক্ষ লোক আসতে ৫০ বছর লাগবে। ইতিমধ্যে কিছু লোক বৃদ্ধিও হবে—যদি হিসাব করে আসা যায়। ওখানে অনেক লোক কমে গিয়েছে সত্যি, তবে আমরা তার হিসাব জানি না। কিন্তু ৯৩ লক্ষ থেকে ২০ লক্ষ লোক কমে নি। এটা আমি বলতে পারি যে কয়েক হাজার নিশ্চয়ই কমেছে। তা আমি যে কথা বলছিলাম যে আমরা হিসাব করে, ঠিক ভাবে একটা পরামর্শ করে তাদের এখানে সবাইকে আনা সম্ভব কিনা, সে কথা চিন্তা করতে হবে। আমাকে অনেকে বলেছিলেন যে তোমরা যদি ভারত সরকারকে দিয়ে একটা ডিপ্লমেটিক প্রেসার বা চাপ দিতে পারো তাহলে বেশ সুষ্ঠু ভাবে, নিয়ম করে ওখান থেকে ইভাকুয়েসন হতে পারে। তা হয়ত হতে পারে। কিন্তু আমি যা বলছিলাম যে পাঁচশো করে যদি প্রত্যহ এখানে আসতে থাকে, তাহলে ৪৫।৪৬ বছর লেগে যাবে। দুই হাজার করে যদি রোজ আসেন তাহলে ১১ বছর ১২ বছর লাগবে। কাজে কাজেই হঠাৎ সব লোককে আনা সম্ভবপর নয়। আর যদি কেউ বলেন যে না মহাশয়, তাদের জবরদস্তি সবাইকে নিয়ে আসতে হবে কিন্তু জবরদস্তি আনতে গেলেও রাতারাতি সকলে চলে আসতে পারবেন না—এটা আমাদের বোঝা উচিত। আরেকটা জিনিস আমাদের বোঝা উচিত—অনেকে বলে থাকেন যদিও আমাদের এই হাউসে এলডার্স-দের এই গৃহে এমন কথা কেউ উচ্চারণও করেননি যে মহাশয়, এক্সচেঞ্জ অব পপুলেশন করুন। কিন্তু কোন কোন জায়গায় আমরা শুনেছি এক্সচেঞ্জ অব পপুলেশন করা উচিত। আবার অধ্যাপক চক্রবর্তী মহাশয়

(Shri Tripurari Chakravorty: There may be evacuation)

বলেছেন ৫ বছরে ওদের এনে ফেলুন—আমি বলি তা হতে পারে। কিন্তু তাড়াতাড়ি ১ মাস ২ মাসে হতে পারে না। কাজে কাজেই আমাদের এখানে যদি প্ল্যানড ইভাকুয়েশন হতে পারে ৫ বছরে ১০ বছরে হতে পারে। কিছু এমন আশ্চর্যজনক জিনিস নয়। কিন্তু তাতে পাকিস্তান সরকারের পূর্ণ সহযোগিতা দরকার। পাকিস্তান সরকার যদি আমাদের সঙ্গে পূর্ণ সহযোগিতা না করেন তাহলে ৫ বছরে কেন আমরা ৩০ বছরেও পারব না। আর যদি পাকিস্তান সরকার বলেন যে আচ্ছা আমরা হিন্দুদের নিরাপত্তার ব্যবস্থা করতে পারছি না—কি হিন্দুদের মন থেকে ভয় শঙ্কা আমরা দূর করতে পারছি না—এই লোকদের তোমরা আস্তে আস্তে নিয়ে যাও তাহলে নিশ্চয়ই আনা যেতে পারে। তারা তখন এখানে আসতে পারে কি আসামের দিকে যেতে পারে—ভারতবর্ষের সর্বত্র যেতে পারে। আগে আমরা মনে করতাম পশ্চিমবঙ্গের সমস্ত লোকের উপরে এই দায়িত্ব রয়েছে—পূর্ববঙ্গ থেকে হিন্দুরা যদি আসেন তাদের পুনর্বাসন করতে হবে। আমি বলেছি একটু আগে যে আমাদের সমস্যাসঙ্কুল পশ্চিমবাংলায় কৃষির জমি আমরা দিতে পারব না—আমাদের এখানে এত বেকার রয়েছে যে আমরা আর বেকারের সংখ্যাও আমরা অন্য দিক দিয়ে বাড়াতে চাই না—শিক্ষিত বেকারও আমাদের এখানে আছে, অর্দ্ধ শিক্ষিত বেকারও আছে, অশিক্ষিত বেকারও আমাদের এখানে আছে—সহরেও আছে গ্রামেও আছে—আমরা তাদের সংখ্যা আর বাড়াতে চাই না। সেজন্য কেন্দ্রে একটা পরামর্শ সভা হয়েছিল তাতে আমাকে বাদ দিয়ে আর চারটি প্রদেশের মুখ্যমন্ত্রীদের ডাকা হয়েছিল—মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী এসেছিলেন, উড়িষ্যার মুখ্যমন্ত্রী এসেছিলেন, মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী এসেছিলেন, অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী আসতে পারেন নি তার পরিবর্তে আরেকজন মন্ত্রী এসেছিলেন। সেখানে এই সিদ্ধান্ত হল যে পূর্ববাংলা থেকে যারা চলে আসবেন তাদের যে সমস্যা তা বাংলার সমস্যা নয় সর্বভারতীয় সমস্যা—আমাদের জাতীয় সমস্যা এবং জাতীয় সমস্যা বলে যদি এটা গণ্য করা হয় নিশ্চয়ই ভারতবর্ষে যেখানে ৪৪ কোটি লোক আছে সেখানে যদি আর এক কোটি লোক বাড়ে তাহলে এমন কিছু বড় জিনিস নয়। তবে হ্যাঁ, আমাদেরও বাঙালী ভাইদের মন ঠিক করতে হবে। যে বাংলাদেশে

থেকে দরকার হলে রাজস্থানে থাকব এবং অন্যান্য জায়গায় থাকব। এবং থাকতেও আমরা পারি। কেননা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আন্দামানে যারা গিয়েছিলেন তারা সুখেই আছেন। আন্দামানে যে সমস্ত আশ্রয়প্রার্থী ভাইবোনেরা বসবাস করেছেন তাদের যারা গিয়ে দেখে এসেছেন—সেদিন আমার কাছে এক ভদ্রলোক এসেছিলেন তিনি বললেন, যে সেখানে জমির উর্বরা শক্তি খুব ভাল, এবং যারা গেছেন তারা সুখেই আছেন, মন্দির হয়েছে সেখানে স্কুল হয়েছে সুখেই তারা আছেন। এমন কি দণ্ডকারণ্যে যাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে তারাও সুখে আছেন। কেননা এক একজন কৃষক পরিবার সেখানে ৭ একর অর্থাৎ ২১ বিঘা জমি পেয়েছেন। আমাদের পশ্চিমবাংলায় যা চাষের জমি আছে, আমাদের মাথাপিছু ১ বিঘাও জমি পায়না। পয়েন্ট ·৩৪ মাথাপিছু। এবং আমাদের এখানে যে সমস্ত হোলডিং আছে তা খুব আনইকোনমি। কাজে কাজেই পশ্চিমবাংলায় ২১ বিঘা জমি কাউকে দেওয়া যেতে পারে এ কল্পনাও করতে পারি না। আর পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ পরিবার আছেন যারা ভূমিহীন কৃষক তারাও জমি চাইছেন। আমাদের এখানে বাগজোলায় একটি খাল কাটানো হয়েছিল। খাল কাটবার ফলে কয়েক হাজার একর জমি রিক্লেম করা হয়।

[5-10—5-20 p.m.]

আমাদের এখানে বাগজোলায় একটা খাল কাটানো হয়েছিল এবং এই খাল কাটবার ফলে কয়েক হাজার একর জমি উত্থিত হল, রিক্লেম করা হল এবং আমরা আগে ভেবেছিলাম যে সেই জমিতে আশ্রয়প্রার্থী কৃষকদের আমরা বসাবো কিন্তু শেষকালে ঝগড়া বাজলো—যে সমস্ত স্থানীয় লোকের জমি ছিল তাঁরা বল্লেন জমি যখন উত্থিত হয়েছে, যখন খাল কেটে জল নিকাশের ব্যবস্থা হয়েছে, ওয়াটার ল্যাণ্ড এরিয়া যখন উঠেছে তখন আমরা কেন তা ভোগ করবো না এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে এ নিয়ে একটা হাংগামার সৃষ্টি হয় এবং সেই হাংগামার ফলে শেষকালে আমাদের একটা রফা করতে হয়েছিল, যারা স্থানীয় লোক তাদের পশ্চিমবংগ সরকার জমি দিতে বাধ্য হয়েছিলেন এবং ঐ খাল কাটার জন্য ঐ ভূমি উত্থানের জন্য যে ব্যয় হয়েছিল কয়েক লক্ষ টাকা, বোধ হয় ৯০ লক্ষ টাকা আমার যতদূর স্মরণ আছে সেই টাকা আমাদের পশ্চিমবংগ সরকারের শিরে পড়েছে কেননা কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর বলেছেন যে ওটাতে কথা ছিল যে তোমরা আশ্রয়প্রার্থী বসাবে, বসাতে পারলে না। কাজে কাজেই এটা তোমাদের ঘাড়ে চাপানো হল যা ব্যয় হয়েছে সমস্ত খরচ। আমাদের পশ্চিমবাংলায় জমি নেই, বাইরে যেতে হবে, আমাদের আজকে সেইভাবে তৈরী করতে হবে এবং আমাদের এখানে বিভিন্ন রাজনৈতিক দলে যাঁরা আছেন, যে রাজনৈতিক দলেই থাকুন না কেন, এটা রাজনীতির কথা নয়, এটা আমাদের একটা বাঁচবার কথা, তাঁদের বলবো যে আমরা নিশ্চয়ই রাজী করাতে পারবো, বুঝাতে পারবো যে পুনর্বাসন যদি করাতে হয় তাহলে ভারতবর্ষের যে কোন প্রদেশে হোক্ পুনর্বাসন হবে। খুব সুখের কথা যে কয়জন মুখ্যমন্ত্রী সেই সম্মেলনে এসেছিলেন তাঁরা সকলেই রাজী হয়েছেন জমি দেবার জন্য এবং এও বলেছেন যে শুধু কৃষক পাঠালে হবেনা, কৃষক পাঠাও, তার সংগে শিল্পী, শিক্ষক, ডাক্তার পাঠাও। একজন মুখ্যমন্ত্রী বল্লেন আমাদের ওখানে ডাক্তারের বড় অভাব আছে, কে কে ডাক্তার এসেছে পূর্ব পাকিস্তান থেকে তাদের নামের তালিকা আছে, পাঠিয়ে দাও, আমরা তাদের অন্যভাবে চাকরীর ব্যবস্থা করে দেব। কাজে কাজেই সেখানে আমরা পাঠাবো সেখানে শুধু যে কৃষক যাবেন তা নয়, কারিগর, শিল্পী, ব্যবসাদার দোকানদার যাবেন শিক্ষক মহাশয়রা যাবেন, ডাক্তারবাবুরা যাবেন এবং বোধহয় উকিলবাবুরাও বাদ পড়বেন না, কেননা আমরা যেখানেই যাব পরস্পরের মধ্যে মামলা মোকর্দমা করবো, বাদ বিসম্বাদ থাকবে। কাজে কাজেই উকিলদের সেখানে স্থান হবে না তা আমি মনে করি না।

Shri Jatin Chakravorty :
কিছু কিছু মন্ত্রীও সেখানে পাঠিয়ে দিন।

The Hon'ble Prafulla Chandra Sen :
সেখানে যদি লোকে যায়—আমাদের ভারতবর্ষে সকলেরই ভোটের অধিকার আছে প্রাপ্ত বয়স্ক এবং প্রাপ্ত বয়স্কা, যে প্রদেশেই বাস করুন না কেন সেখানে তাঁদের ভোটের অধিকার থাকবে এবং তাঁদের প্রতিনিধিরা সেই সেই প্রদেশের আইন সভাতে যাবেন এবং তাঁদের মধ্যে মন্ত্রীও

হতে পারেন কিছু আশ্চর্য নয় এবং আমার বন্ধু শ্রীযতীন চক্রবর্তী মহাশয় এখানে মন্ত্রী হতে পারছেন না তিনি ঐসব জায়গায় গিয়ে যদি একটা সুযোগ পান তাহলে আমরা সুখীই হব, আমরা তাতে কিছু দুঃখীত হব না—তিনি একটা সুযোগ পেতে পারেন মন্ত্রী হবার, এখানে হয়ত সে সুযোগ সুবিধা হবে না ভবিষ্যতে যতদূর আমরা বুঝতে পারছি। আমাদের এখানে যা কিছু ঘটেছে, আমি পূর্বেই বলেছি তারজন্য আমরা লজ্জিত। কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে এখানে কোনরকম আইন এবং শৃংখলা ছিল না—কোন কোন অঞ্চলে সত্যই আইন এবং [illegible] ব্যতিক্রম হয়েছিল আমি স্বীকার করছি, কেন না পূর্ববাংলার সমস্ত খবর যখন আসতে আরম্ভ করলো তখন লোকের মন অন্যরকম হয়ে গেল, যে লোক কোনরকম একটা অন্যায় কাজ করতে চায় না বা পারে না কল্পনাও করতে পারে না তাদেরও মাথায় একটু গোলমাল হয়ে গেল। কাজে কাজেই এরকম অবস্থা যখন হয় তখন সত্যই আইন এবং শৃংখলা ব্যাহত হয় এবং তারজন্য আমরা দুঃখিত, লজ্জিত—দুঃখিত এবং লজ্জিত বলেই আমরা আমাদের পুলিশের উপর নির্ভর করতে পারিনি, আমাদের বাধ্য হয়ে সেনাবাহিনীর সাহায্য নিতে হয়েছিল। এটার যে কোন প্রয়োজন ছিল না তা নয়, নিশ্চয়ই প্রয়োজন ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার স্মরণ আছে কি এখানে যে সমস্ত মাননীয় সদস্যরা আছেন তাঁদের স্মরণ আছে যে ১৯৫০ সালে যখন এখানে সাম্প্রদায়িক হাংগামা হয়েছিল তখন ৩ দিন ৪ দিন ৫ দিনে আমরা ঠেকাতে পারিনি। হাওড়া জেলায় যদি কোন মাননীয় সদস্য এখানে থাকেন তিনি বলতে পারেন যে হাওড়া জেলায় আমাদের এমন অবস্থার মধ্যে পড়তে হয়েছিল যে সেখানে সৈন্যবাহিনীকে আমাদের বহুদিন রাখতে হয়েছিল। কাজে কাজেই এখানে আমরা যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছিলাম তা আমি মনে করি ঠিকই করেছিলাম। আমরা বাইরে থেকেও পুলিশ আনিয়েছি।

আমরা বাইরে থেকেও পুলিশ এনেছি, এবং এই প্রথম যে আমরা পুলিশ এনেছি, তা নয়, এমারজেন্সির সময়ও আমরা বাইরে থেকে আর্মস ব্যাটালিয়ান এনেছি এবং এখনও তারা আছে। আমার যতদূর মনে আছে মাদ্রাজ থেকে একটা আর্মস ব্যাটালিয়ান এনেছিলাম এখনও তারা আছে। আমাদের এখানে পশ্চিমবাংলা আর পূর্ব পাকিস্তানের মধ্যে প্রায় চোদ্দ শো মাইল দীর্ঘ আমাদের সীমান্ত, সেখানে আমাদের পাহারা বাড়াতে হয়েছিল, আমরা সেইজন্য আনতে বাধ্য হয়েছি। যেহেতু আমাদের নিজেদের ছিল না, এমার্জেন্সির সময় আর্মস পুলিশ ব্যাটালিয়ান আমরা মাদ্রাজ থেকে আনিয়েছি এবং এখনও ফেরৎ দিইনি। আমরা ইতিমধ্যে আমাদের নিজেদের আর্মস পুলিশ ব্যাটালিয়ানের সংখ্যা বাড়াবার চেষ্টা করছি, কারণ এই চোদ্দ শো মাইল সীমান্ত আমাদের পাহারা দিতে হবে। এই চোদ্দ শো মাইল পাহারা দিতে আমরা হিসাব করে দেখেছি যে এক কোটীর উপর টাকা ব্যয় হচ্ছে। আমি পাঞ্জাবের মুখ্যমন্ত্রী মহাশয়কে টেলিফোনে জিজ্ঞাসা করেছিলাম কিছুদিন আগে, যে মশাই আপনার ওখানে যে সীমান্ত আছে, পাঞ্জাবের সঙ্গে ওদিককার পাকিস্তানের, তাতে আপনারা কত ব্যয় করেন? তাঁর কাছ থেকে যা শুনলাম তাতে আশ্চর্য্য হয়ে গেলাম। তিনি বললেন তিন কোটী টাকা ব্যয় করেন। তাদের সীমান্ত আমাদের এখানকার সীমান্তের মত ১৩ শো, ১৪ শো মাইল দীর্ঘ নয়, তাদের বরং কম। কিন্তু সেখানে হুজ্জুতটা বা ঝামেলাটা বেশী হয়, আশংকাটা, ভয়টা বেশী, সেই জন্য তাদের সীমান্ত রক্ষার জন্য ছয়ে ৩ কোটী টাকা ব্যয় করতে হয়। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে আপনারা কি কেন্দ্র থেকে এর জন্য কিছু পান। কারণ, আমি মনে করেছিলাম যে যদি ওঁরা পান, তাহলে আমাদের এই যে ব্যয় হচ্ছে সীমান্ত রক্ষার জন্য, তারজন্য কেন্দ্র থেকে আমাদেরও টাকা দেওয়া উচিত। তিনি বললেন না ভাই, তুমি যদি পারো কেন্দ্রের কাছ থেকে এটা আদায় করতে তাহলে আমাদেরও সুবিধা হয়ে যায়, আমিও এই টাকা আদায় করতে পারবো। তাদের সীমান্ত পাহারার জন্য যে ৩ কোটী টাকা ব্যয় করতে হয়, সেখানে কেন্দ্রীয় সরকার কিছুই দেন না। (এ ভয়েস ফ্রম অপজিসন্ বেঞ্চ—পাঞ্জাবের বাইরে থেকে কত লোক তাদের সীমান্ত রক্ষার জন্য আনা হয়?) ওদের পাঞ্জাবের বাইরে থেকে লোক আনতে হয় না। এটা অত্যন্ত দুঃখের বিষয় যে আমাদের বাইরে থেকে লোক আনতে হয়। এই রকম আরও অনেক দুঃখ আমাদের পশ্চিমবাংলায় আছে। ইমার্জেন্সীর সময় বলা হল, আমাদের শিরে পড়লো হিসাবে

যে তোমাদের সেনা বাহিনীতে দুশো জন ডাক্তার দিতে হবে। সেটা আমি দেখলাম অন্যান্য প্রদেশের সঙ্গে হিসাব করে যে আমাদের শিরে সবচেয়ে বেশী। কেন? তার কারণ পশ্চিম বাংলায় সবচেয়ে বেশী ডাক্তার আছেন। মহারাষ্ট্রে, মাদ্রাজ, অন্ধ্র, পাঞ্জাব, বিহার, মধ্যপ্রদেশ প্রভৃতি অন্যান্য প্রদেশের চেয়ে বেশী ডাক্তার এখানে আছেন। সেইজন্য আমাদের শিরে দুশো ফেলে ছিলেন, আর পাঞ্জাবের শিরে দেড়শো ফেলে ছিলেন। কিন্তু দুঃখের বিষয়, অত্যন্ত লজ্জার কথা যে আমরা তার অর্দ্ধেকও দিতে পারলাম না, সিকিও দিতে পারলাম না, আর পাঞ্জাব দেড়শো দিয়েছে। এটা আমাদের পক্ষে দুঃখের ও লজ্জার কথা। এই রকম অনেক কিছু আমাদের রয়েছে, আমরা বাঙ্গালী, করতে পারি না। তা আমাদের করতে হবে। আমরা সেনা বাহিনীতে বেশী যেতে চাই না, আমরা আর্মস পুলিশ বাহিনীতে বেশী যেতে চাই না। এই সব দুর্বলতা যা আমাদের রয়েছে, তা আস্তে আস্তে, ধীরে ধীরে কাটাতে হবে, এবং কাটবেই আমি বিশ্বাস করি। কিন্তু যতদিন পর্যন্ত তা না কাটছে, ততদিন সমস্ত ভারতবর্ষকে এক মনে করে অন্যান্য প্রদেশ থেকে যদি আমরা সাহায্য নিই বা লোক আনি, সেটা অন্যায় হবে না, দোষের হবে না। আমরা আমাদের সীমান্তত বিনা পাহারায় রেখে দিতে পারি না, পাহারা দিতেই হবে। সেই পাহারা দেবার জন্য যদি অন্যান্য প্রদেশ থেকে লোক আনতে হয়, তাহলে পাহারা না দেওয়ার চেয়ে তো ভাল!

আমি যে কথা বলছিলাম যে আমাদের এখানে খুব অল্প কয়েক দিনের মধ্যেই আমরা দাঙ্গাকে দমন করতে পেরেছি। এরজন্য অবশ্য বাংলা দেশের লোকের শুভ বুদ্ধি এবং বাংলা দেশের লোক, এত প্ররোচনা থাকা সত্বেও যে তারা সংযম অবলম্বন করতে পেরেছিলেন, তাতে আমরা সকলেই গর্ব অনুভব করছি, এবং বাঙ্গালীর এটা গর্বের বিষয়। আমি বলে থাকি যে আমাদের বাংলাদেশের একটা মস্ত বড় পরীক্ষা হচ্ছে। আমরা অনেক পরীক্ষার সম্মুখীন হয়েছি, এবং বহু পরীক্ষাতে উত্তীর্ণ হয়েছি, এটাও একটা মস্ত বড় পরীক্ষা। পাঞ্জাবের এদিক থেকে সমস্ত মুসলমানরা চলে গেলেন, আর পাকিস্তানের ওদিক থেকে সমস্ত হিন্দুরা চলে এলেন পাঞ্জাবে। আমাদের পশ্চিমবাংলায় তা সম্ভব হয় নি। আমাদের এখানে আমরা গর্ব করি যে এটা একটা পরীক্ষা হচ্ছে। আমরা যে সিকিউলার ষ্টেট, আমরা যে ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র, তার সবচেয়ে বড় পরীক্ষা হচ্ছে বাংলাদেশে। এবং সে পরীক্ষায় আমরা উত্তীর্ণ হয়েছি। হতে পারে মুসলমান হিন্দুকে মেরেছে, হিন্দু মুসলমানকে মেরেছে, আমাদের এখানে লোক মারা গিয়েছে, কিছু লোকের বাড়ী পুড়ে গিয়েছে, আমাদের এখানে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে, কিন্তু এও সত্য যে আমরা সেটা যত তাড়াতাড়ি সম্ভব, প্ররোচনা থাকা সত্বেও, বন্ধ করতে পেরেছি। যেদিন খবর বেরোল রয়টারে, এবং রেডিওতে আমরা শুনলাম যে এই রকম—এক হাজার মৃতদেহ ঢাকার হাসপাতালে দেখা গিয়েছে, তখন আমি মনে করলাম যে এই খবর যদি আমাদের এখানকার সংবাদপত্রে প্রকাশিত হয় তাহলে হয়ত বাঙ্গালীর মন আবার উত্তেজিত হয়ে উঠবে। আমার ভয় হল এবং আমি সমস্ত সংবাদপত্রের সম্পাদক মহাশয়দের ডেকে পাঠালাম এবং অনুগ্রহ করে তাঁরা সকলে আমার কাছে এলেন। আমি বললাম দেখুন এই খবর যদি বড় করে প্রকাশিত হয় তাহলে আমাদের পশ্চিমবাংলার লোকের মন আবার উত্তেজিত হয়ে উঠবে। তাঁরা আমার সঙ্গে পূর্ণ সমর্থন করলেন, সহযোগিতা করলেন এবং সেই খবর বড় করে বের করলেন না। এখন সেখানে যে অবস্থা হয়েছে সে সম্বন্ধে আমাকে অনেকেই বলছেন যে সংবাদপত্রে সেটা প্রকাশিত করবার জন্য অনুমতি দিতে। আমি তাঁদের বলেছিলাম পূর্ববাংলার এই সমস্ত খবর নিশ্চয়ই দিতে হবে খবর এলে দেওয়া উচিত, আমরা খবরের কাগজ বা সংবাদপত্রের কণ্ঠরোধ করতে চাই না। কিন্তু এমন অবস্থা আমাদের এখানে সৃষ্টি না হয়, যাতে আমাদের লোকের মন উত্তেজিত হতে পারে সেদিকেও আমাদের লক্ষ্য দিতে হবে।

-20—5-28 p.m.]

কিন্তু এমন অবস্থাও যাতে সৃষ্টি না হয় সেদিকে দেখতে হবে যাতে আমাদের মন উত্তেজিত হয়ে যায়। সে দিকটাও লক্ষ্য রাখা উচিৎ। তা আমি সেই জন্য সংবাদপত্রের দুই এক জায়গায় দেখেছি যে এমন সমস্ত খবর বেরোয় যা আর একটু প্রমিনেন্স যদি কম

রাখা হয় তাহলে ততটা উত্তেজনা সৃষ্টি হবে না, এবং কোন সংবাদপত্র—অধিকা সংবাদপত্র তারা তা করছে। কোন কোনটা ঠিক ঠিক ভাবে কাজ করছেন না বং অনুযোগ করেছি।—এটা কোন অন্যায় না। কেননা এখানে যে সমস্ত সুবিবে মাননীয় সদস্যগণ আছেন তারা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে আমা বাংলাদেশে আর কিছু না হওয়াই উচিৎ। এবং যদি আজকে আমাদের বাংলাদেশে কিছু না জগৎ সভায় আমাদের মর্য্যাদা কতটা বাড়তো। আমরা যে নিরপেক্ষ রাষ্ট্র আমরা যে সেকুল আমাদের সংবিধানে একথা আছে আমরা আমাদের সংবিধানের অবমাননা করতে পারি না। আ তো বলছি পাকিস্তান থেকে সব হিন্দু আসুক কিন্তু আমার এখান থেকে একটিও মুসলমান আমি যেতে দেব না। আমরা তাদের নিরাপত্তার ব্যবস্থা করবো, আমরা বলবো যে তোমাদে কোন ভয় নেই, তোমাদের ধর্ম কর্ম তোমরা করবে নির্ভয়ে। একথা বলতে হবে যে পাকিস্ত যে সব হিন্দু আছেন তারা যদি থাকতে না পারেন—দেখছি আমরা থাকতে পারছি না। তাে টেনে নিয়ে আসবো। সমগ্র ভারতবর্ষে তাদের জন্য স্থান করে নেব। কাজে কাজেই আমি কথা বলছিলাম যে আমাদের পশ্চিমবাংলায় মস্ত বড় পরীক্ষার সম্মুখীন। আমাদের দে আমাদের সমাজ আমাদের শহর আমাদের গ্রাম কত সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তার মা এটা কত বড় সমস্যা আমাদের মনের মধ্যে চাপ প্রতিক্রিয়া কত বড় এর মধ্যে যে আমরা মাথা উ করে আছি—আমাদের পুলিশ তারা ব্যর্থকাম হয়নি আমাদের মিলিটারী এবং অন্য দেশের পুলি আমরা সকলে মিলে এটাকে দমন করেছি। যাতে আমাদের বাংলাদেশে পশ্চিম বাংলার এই মহ পরীক্ষা সার্থক হয়। এবং আমরা যাতে উত্তীর্ণ হতে পারি এবং হয়েছিও। এটা গর্ব করব বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর আমি আপনার বেশী সময় নিতে চাইনা। আমি শু এইটুকু বলতে চাই যে আমাদের এখনি পূর্ববাংলা থেকে যারা আসবেন তারা ভারতবর্ষে নাগরিক হিসাবে নিশ্চয়ই গণ্য হবেন। এবং আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত সংখ্যাল সম্প্রদায়ের লোক আছেন তাদের আমরা নিরাপত্তার নিশ্চয়ই ব্যবস্থা করবো। সকল দলের লে সকল মতের লোক সমস্ত মিলে আমরা করবো এবং আমাদের যে মান আমাদের যে মর্য্যাদা তা আমরা অক্ষুন্ন রাখবো। এবং আমাদের সংবিধানের যে মর্য্যাদা তাকেও আমরা অক্ষুন্ন রাখবো এখানে যে সমস্ত সংশোধনী প্রস্তাব উপস্থাপিত হয়েছে আমি তার বিরোধীতা করছি এবং মূল প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে তা আমি সমর্থন করছি।

Mr. Chairman : I put all the amendments to the motion of thanks to vo

The motion of Shri Nirmal Chandra Bhattacharyya that the following l added at the end of the Address in reply, namely :—

"But regret that there is no mention of the failure on the part of t Government—

(1) to secure the establishment of a fertiliser factory in West Benga

(2) to arrange for working, under the auspices of the State, the co mines which have come within the sector of State ownership

(3) to develop sufficient electric power in the State to cope with t increasing demand of industries and of rural areas;

(4) to develop under the auspices of the State a buffer stock of food grains as an insurance against shortage of food and profiteerin and also an expert pricing committee to arrest high prices; an

(5) to establish in the State a State University Grants Committee." was then put and lost.

The motion of Shri Jatin Chakravorty that the following be added at the end of the Address in reply, viz.:—

"But regret that not a word has been mentioned about the grim tragedies which the minorities in East Pakistan are being subjected to and also about the gross failure of the State Government in extending relief to the incoming migrants when they are crossing the border and also the utter failure of the Government in ensuring safe transit for the caged minorities in East Pakistan to cross over to India."

was then put and lost.

The motion of Shri Narendra Nath Das that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that the Government has failed to give a true picture of the pangs and problems of West Bengal."

was then put and lost.

The motion of Shri Abdullah Rasul that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that there is no mention about—

(1) the failure of the Government to deal with the question of prices of commodities in West Bengal;

(2) the failure of the Government to mention the low price of raw jute and potato and the plight of their growers."

was then put and lost.

The motion of Shri Abdul Halim that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that there is no mention—

(1) about the land problem in West Bengal;

(2) about the failure of the Government to deal with the question of unemployment in west Bengal."

was then put and lost.

The motion of Shri Amar Prasad Chakrabarty that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that—

(1) no mention of the planned evacuation of minorities in East Pakistan has been made as pleadged by the party in power at the time of partition of India;

(2) there is no mention of total rehabilitation of the refugees who came before and/or who are coming to India due to recent brutal murder, loot, arson, large scale abduction of women in East Pakistan;

(3) there is no mention of any policy about payment of compensation to properties left by the Hindus in East Pakistan as it was done in the case of refugees from West Pakistan; and

(4) there is no mention of the most vital and crucial problems affecting the economy and foundation of the State of West Bengal."

was then put and lost.

The motion of Dr. Janaki Ballabha Bhattacharyya that the following be added at the end of the Address in reply, viz.;

"But regret that the true picture of the sufferings of the people of West Bengal has not been drawn in the Address and the correct means of removing them has not been suggested in it."

was then put and lost.

The motion of Shri Dwijendralal Sen Gupta that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that—

(a) the same does not assure anything to the minorities of East Pakistan, victims of communal frenzy;

(b) the same does not suggest any means to stop massacre of the innocents in future;

(c) the same does not throw any light as to how the inflationary tendencies will be checked;

(d) the same makes no mention of the miseries and exploitation of the working class of this State;

(e) the same promises nothing to the unemployed youngmen of the State;

(f) the same does not make any reference to the sad and untimely death of Shri Bhudeb Sen, an innocent student, as a result of police firing."

was then put and lost.

The motion of Shri Subodh Sen that the following be added at the end of the Address in reply, viz.:

But regret that there is no mention of the fact the Government's deliberate policy and action led to food crisis resulting in distress of the people on the one hand and accumulation of money in the hands of the hoarders and profiteers on the other."

was then put and lost.

The motion of Shri Bijay Bihary Basu that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that—

(1) there is no mention of the Government's plan and policy already adopted and to be adopted for easy arrival in West Bengal of the unfortunate Hindus in East Pakistan who want to come to India;

(2) there is no picture of what the Government have already done and propose to do in many vital matters such as female education, admission of pupils in all seats of learning from the Secondary to the University stages, unemployment and housing problems."

was then put and lost.

The motion of Shri Manoranjan Sengupta that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that—

(1) there is no mention, for consideration of the Government of India of any well defined and realistic plan and policy to be adopted for migration of all the willing population of the minority community leaving the East Pakistan when it is impossible for them to stay any longer with their body and soul together and with self-respect and honour of women intact in view of the insecurity and helplessness as revealed especially in recent unrestrained occurrences of brutal massacre of people, abduction and rape of women belonging to the minority community and also in view of the political constitution of the country which is professionally Islamic and also in view of the solemn pledges of protection given to them by the topmost leaders of the country at the time of partition;

(2) there is no mention of any plan and programme for reconstruction of education based on Indian Culture and Civilisation so as to make the pupils worthy Indian citizens strong in physique, intellect and character and devoted to the welfare of the country."

was then put and lost.

The motion of Shri Jatindra Singha that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that—

(1) there is no mention of any water-supply scheme for scarcity areas in North Bengal;

(2) there is no mention of any scheme for improvement of the horrible state of unemployment among the educated in our State;

(3) there is no mention of anything about Secondary Education of the State."

was then put and lost.

The motion of Shri Santosh Kumar Bhattacharyya that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that there is no mention of—

(1) the grievances of teachers of all categories and the failure of the Education Ministry to tackle them;

(2) how the Government intend to tackle the problem of rising prices of all commodities including foodstuff;

(3) the failure on the part of the Government to maintain law and order in the State."

was then put and lost.

The motion of Shrimati Anila Debi that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that there is no mention of—

(1) any scheme for comprehensive relief to all, affected by the present riots and of adequate rehabilitation of refugees old and new:

(2) any scheme for improving the lots of clerks, librarians and subordinate staff of Secondary Schools in the State."

was then put and lost.

The motion of Shri Satya Priya Roy that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that there is no mention of—

(1) the serious communal situation in East Pakistan and of its repercussion in West Bengal and how the Government intend to tackle this question in a comprehensive manner;

(2) the complete dislocation in the field of Scondary Education in the State because of the inapt and illegal way in which the West Bengal Board of Secondary Education Act, 1963, has been brought into force."

was then put and lost.

The motion of Shri Sasanka Sekhar Sanyal that the following be added at the end of the Address in reply, namely:

"But regret that no mention has been made of the utter failure of the executive authority of the State to take such drastic measures as are permissible under the Constitution in the context of what has happened to Hindus in West Bengal and their relations in East Pakistan."

was then put and lost.

The motion of Shri Syed Shahedullah that the following be added at the end of the Address in reply, namely:

"But regret that there is no mention about the condition of detenus and political prisoners in jail in particular and condition of the jails in general."

was then put and lost.

Mr. Chairman: I now put the main motion of thanks to vote.

The motion of Shri Biswanath Mukherjee that a respectful Address in reply be presented to the Governor as follows:

"We, the members of the West Bengal Legislative Council, assembled in this session, beg to offer our humble thanks to the Governor for the most excellent speech which she has been pleased to deliver to both the Houses of Legislature assembled together on the 10th February, 1964."

was then put and agreed to.

Mr. Chairman: On Monday there will be no questions. We will have a two-hour sitting for discussion of the particular motion and there will be no other business. One day will be extended for general discussion of the budget.

The House stands adjourned till 3 p.m. on Monday, the 24th February, 1964.

Adjournment

The Council was accordingly adjourned at 5-28 p.m. till 3 p.m. on Monday, the 24th February, 1964, in the Legislative Building, Calcutta.

Members absent

Bhattacharyya, Shri Sreepada,
Choudhuri, Shri Annada Prosad,
Ghose, Shri Kali Charan,
Ghosh, Shri Ashutosh,
Haldar, Shri Gopal,
Moitra, Shri Mohit Kumar,
Prodhan, Shri Lakshman,
Roy, Shri Chittaranjan,
Roy, Shri Surendra Kumar,
Roy Chowdhury, Shri Sarat Chandra,
Sanyal, Shri Sasanka Sekhar,
Singha, Shri Biman Behari Lall, and,
Sinha, Shri Rabindralal.

COUNCIL DEBATES

Monday, the 24th February, 1964

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 24th February 1964, at 3 p.m., being the Nineth Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

UNSTARRED QUESTION

(to which written answer was laid on the Table)

Issue of gun licences

9. Shri Manoranjan Sen Gupta : Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many gun licences have been issued to the citizens living in the jurisdiction of the Calcutta Corporation ;

(b) (i) how many licensees are Hindus ;

(ii) how many are Muslims ;

(iii) how many belong to other communities ;

(c) whether any relaxation of the rules for granting licences has been made since independence ; and

(d) if answer to (c) is in the affirmative, what relaxations have been made ?

Minister for Home (Police) (The Hon'ble Prafulla Chandra Sen) : (a) 10,758

(b) (i) 9,066.

(ii) 498.

(iii) 1,189.

(c) Yes.

(d) Licences for smooth bore guns having a barrel not less than twenty inches in length are now granted liberally. Government are also very keen about the growth of the rifle training movement in the country and as such licences for ·22 rifles are granted liberally to the rifle clubs and their members. It has been provided in the Arms Act, 1959, that the licensing authority shall not refuse to grant any licence to any person merely on the ground that such person does not or possess sufficient property.

[3—3-20 p.m.]

Obituary

Mr. Chairman : Honourable members, it is my painful duty to announce the sad death of Shri Dharanidhar Sarkar, a sitting member of the Assembly. His death took place early this morning.

Shri Sarkar was elected a member from the Maldah constituency. He w suffering from liver cancer and was having treatment in the National Medical Colle Hospital, Calcutta, where he breathed his last. Shri Sarkar was imprisoned f several terms during 1929—1936 for his participation in the revolutionary mov ment and *Tebhaga* movement during the period. He joined the Communist Par of India in 1937. He was a man of amiable disposition. He was also a memb of the Assembly from 1952 to 1957. He was re-elected in the last general electio

I would now request you to rise in your seats for two minutes to pay homage to the memory of the departed soul.

[At this stage the honourable members stood in silence for two minutes]

Thank you, ladies and gentlemen, Secretary will send our message of condolen to the bereaved family.

The House stands adjourned for 10 minutes as a mark of respect to the memo of the deceased.

[At this stage the House was accordingly adjourned for 10 minutes]

(After Adjournment)

Motion for Papers

Mr. Chairman : We begin our discussion on the Motion for Papers. Shri Naren Nath Das will please move.

Shri Narendra Nath Das : Sir, I beg to move that there be laid before the Hou papers in regard to prejudicial performances of a section of people of West Ben during recent times.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, খানিকটা অভিনব প্রস্তাব নি আলোচনা করার জন্য আমি আপনার সামনে দাঁড়িয়েছি। আমার প্রস্তাবের মূল বক্তব্য হ যে ক্রমবর্দ্ধমান রাষ্ট্র বিরোধী তৎপরতা—কেবল রাষ্ট্র বিরোধী তৎপরতা নয়, কতকটা পার্শ্ব স্তানের পক্ষে তৎপরতা। স্যার, একথা সর্ববাদীসম্মত বা অনেকেই জানেন যে আমাদে দেশে বিভিন্ন রাষ্ট্রের গুপ্তচর রয়েছে। থাকা স্বাভাবিক। আমাদের দেশে যদি ইউ, এস, এ গুপ্তচর থাকে বা সোভিয়েট রাশিয়ার গুপ্তচর থাকে এবং সেই গুপ্তচর যদি ওখানকা মানুষ হয় অর্থাৎ যাঁরা ইউ, এস, এ, বা সোভিয়েট রাশিয়া থেকে এখানে এসে গুপ্তচর বৃত্তির কাজ করেন, তাহলে সেই সমস্যা সমাধান করা খুব সহজ হয়ে যায়। কিন্তু যদি আমাদের দেশের মানুষ গুপ্তচর বৃত্তিতে লিপ্ত থাকে এবং সেই মানুষের সংখ্যা যদি বেশী হয়ে যায়, যদি সেই সমস্যা একটা সামাজিক সমস্যায় রূপান্তরিত হয় তাহলে সেটা জাতির দুর্বলতার কথা, ভয়ের কথা। স্যার, আজকের যে পাকিস্তানের গুপ্তচর বৃত্তিই বলুন বা পঞ্চম বাহিনীই বলুন একে আমি পঞ্চমবাহিনী ফিপথ্ কলামিস্ট এ্যাকটিভিটি হিসাবে রূপায়িত করব। কারণ, স্যার, আপনি জানেন গত মহাযুদ্ধের পর থেকে ৩০ বছর যাবৎ ইউরোপে বিশেষ করে হিটলারের অভ্যুত্থানের পর ফিপথ্ কলাম এ্যাকটিভিটি বলে একটা এ্যাকটিভিটির নিদর্শন আমরা ইতিহাসের ছাত্র হিসাবে দেখেছি। হিটলার যে আদর্শবাদ নিয়ে এগোন অপমানিত জার্মাণী ক্লাসট্রেটেড জার্মাণী তার জনবিক্ষোভকে একটি প্রতিক্রিয়াশীল ধারার বাহিরে দিয়ে যে নাৎসী আন্দোলন সুরু করলেন সেখানে তাঁর বক্তব্য ছিল যে লডী ৫ গ্রসকে একত্র করবো একটি ৯ বন্দিকা পতাকার নিচে একটা রাষ্ট্র এবং একজন ফুরায়ের নেতৃত্বে। স্যার, এই ধরণের একটা বাতুল প্রস্তাব সেদিন

সুদেতান ল্যাণ্ড এর জার্ম্মাণদের ভেতর, অ্যালসাস লোরেন-এর জার্ম্মাণদের ভেতর, অস্ট্রিয়ার জার্ম্মাণদের ভেতর আশার আলো সঞ্চার করেছিল। এই ধরণের একটা বাতুল প্রস্তাবের পিছনে সেদিনকার জার্ম্মাণীর বাহিরে যারা মানুষ ছিল তারা তলিয়ে তাকিয়ে থাকত, বিশ্বাস করতো হিটলার তাদের প্রোটেকটরা স্যার, পশ্চিম বাংলা ঠিক এইরকম একটি অবস্থার দিকে যাচ্ছে সেকথা আমি আপনার সামনে উপস্থাপিত করবো। স্যার, একথা আপনি ভালু করে জানেন যে, পশ্চিম বাংলা ১৯০৫ সাল থেকে, মুসলিম লীগের জন্ম থেকে এখানে মুসলমানদের ভেতর বৃটিশ সাম্রাজ্যবাদের কৃপায় একটি ধারণার সৃষ্টি হয়েছে বা একটা আন্দোলন সৃষ্টি হয়েছে যে হিন্দু এবং মুসলমানদের ভেতর ঐক্য সম্ভব নয়। ধীরে ধীরে বৃটিশ সাম্রাজ্যবাদের পক্ষপুটে এই আন্দোলন দানা বেঁধেছে এবং উত্তরকালে টু-নেশান থিয়োরীতে রূপান্তরিত হয়েছে। এই টু-নেশন থিয়োরীর উপর ১৯৪৬ সালে নির্বাচন হয়েছে, সেই নির্বাচনে মুসলিম লীগের তরফ থেকে এই বক্তব্য ছিল তাদের নির্বাচনী ইস্তাহারে প্রধান এবং প্রথম বক্তব্য ছিল যে তারা পাকিস্তান চায় কিনা। আলাদা ভারত বিভাগ এবং আলাদা পাকিস্তান সৃষ্টি করার জন্য নির্বাচনী ইস্তাহার ছিল। সেদিন পশ্চিম বাংলার অধিকাংশ মুসলমান মুসলীম লীগের পক্ষে ভোট দিয়েছে—আমি বলছি না যে সবাই দিয়েছে, বহু ন্যাশনালিস্ট মুসলিম ছিলেন তাঁরা দেন নি, সৈয়দ নৌশের আলীর মত মানুষের টাকা ডিপোজিট ফরফিটেড হয়েছিল, মার খেয়েছিলেন তিনি। ১১৭টি আসনের ভেতর ১১২টি মুসলিম লীগ পেয়ে ছিল। আর ৫টি আসন যে পেয়েছিল তার মধ্যে মৌলবী ফজলুর হক ২টি আসন থেকে নির্বাচিত হয়েছিলেন। ফজলুর হকও পাকিস্তানের বিরোধী ছিলেন না। অতএব সেদিনকার জয়ের তিলক যাদের মাথায় পরিয়ে দেওয়া হয়েছিল তারা ভারত বিভাগ চেয়েছিলেন, পাকিস্তান চেয়েছিলেন এবং তারপরে যে পাকিস্তান এসেছিল সেই পাকিস্তান পোকায় খাওয়া খণ্ডিত পাকিস্তান মথ ইটেন, অ্যাণ্ড ট্রাংকেটেড পাকিস্তান এই কথা জিন্না বলেছিলেন। সেদিন কার মুসলিম নেতৃত্ব যে আশা ভরসা পাকিস্তানের জনসাধারণের সামনে তুলে দিয়েছিলেন সেই আশা তারা পূরণ করতে পারেন নি, না পারার জন্য স্বাভাবিক ভাবে মুসলিম জমায়েতের ভেতর একটি ফ্রাসটেশান দেখা দিয়েছিল—এই নেতৃত্বের বিরুদ্ধে তাদের একটি অভিযোগ উঠেছিল। স্যার, এই ভাবে মুসলিম জমায়েতের ভেতর একটা বিক্ষোভ ছিল এবং এই সময় একটা পার্টিসান হয়ে গেল—র‍্যাটকিফের একটা লাল পেনসিলের দাগে ভারত বিভাগ হয়ে গেল। ফলে যারা মুসলিম লীগের সভ্য ছিলেন তাঁরা অত্যন্ত কুশলী মানুষ। তাঁরা খুব সহজ রাস্তা নিলেন এবং তাঁদের মধ্যে সব না হলেও অধিক সংখ্যকই কংগ্রেসের পক্ষপুটে আশ্রয় নিলেন।

3-20—3 30 p.m.]

তখন তাঁরা যে ভাবে আসতে চেয়ে ছিল, কংগ্রেস তাদের সেই ভাবে নিয়েছিলেন। তখন মুসলিম সাধারণের কাছে কংগ্রেস এই কথা বলেননি যে এই যে নেতৃত্ব তোমাদের ভুল বুঝিয়েছিল, এই নেতৃত্বকে তোমরা গ্রহণ করো না, তোমরা নূতন নেতৃত্ব গ্রহণ করো—যে নেতৃত্বের ভিতর দিয়ে রাফি আমেদ কিদওয়াই এর মত মানুষ জন্মেছে, বা ইউসুফ মেহের আলির মত লোক জন্মাবে এ কথা তারা বলেননি। যেভাবে তাঁরা পেয়েছিলেন বিষবৃক্ষকে, সেই ভাবে তারা সেটা গ্রহণ করেছিলেন। এ ভাবে বিষবৃক্ষকে গ্রহন করার মধ্যে একটা লজিক রয়েছে, তারজন্য কংগ্রেসকে অনেক কিছু ছাড়তে হয়েছে এবং তাঁদেরও খানিকটা গ্রহণ করতে হয়েছে। স্যার, এর ফলে যারা একদিন দেশের স্বাধীনতার বিরোধী ছিলেন, তারা কংগ্রেসের ভেতর এলেন এবং কংগ্রেস তাদের ধীরে ধীরে পুষ্ট করতে লাগলেন বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের ব্যাণ্টস-এর ভিতর দিয়ে এবং নানাভাবে কারণ কংগ্রেসের ভোটের প্রয়োজন, পশ্চিম বাংলায় একটা ভাল মুসলিম জমায়েৎ রয়েছে, ভোটের জন্য তারা কংগ্রেসকে সাহায্য করবে। এই ভাবে তারা বিভিন্ন সেবা প্রতিষ্ঠানকে সাহায্য করে আসছেন। মফিজুল ইসলাম বা এ নামে, সে নামে তারা সাহায্য করেছেন। কেন করেছেন? এর প্রতিদানে তারা ভোট চেয়েছেন, বিরোধী পক্ষে যারা দাঁড়িয়েছে তাদের পরাজিত করতে হবে, তাদের সীট চাই, আসন চাই। এই যে ক্রেজ ফর পাওয়ার বা ক্রেজ ফর সিট—এর জন্য কংগ্রেসের যে উচ্চ আসন ছিল, তা থেকে তারা নেমে গিয়েছে। স্যার, কি অবস্থা হয়েছে দেখুন

আজ কংগ্রেস পার্টির ভিতরে এই ধরণের একটা কমপ্রোমাইজ হওয়ার জন্য অনেক অবাঞ্ছি লোক সেখানে এসে আশ্রয় নিয়েছেন। স্যার, অবাঞ্ছিত লোক যে আশ্রয় নিয়েছেন ত প্রমাণ আজকে কংগ্রেস এখানে যেভাবে ক্ষমতায় রয়েছেন। আজ যিনি মহম্ম সলাউদ্দীন গ্রেপ্তার হয়েছেন, তিনি কংগ্রেসের একজন সভ্য এবং কংগ্রেসের লোক হিসা তিনি করপোরেশনের কাউন্সিলার। আজ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয় একথা বলে পারবেন না, যে তিনি অত্যন্ত ভারত হিতৈষী মানুষ। কারণ তিনি তার গ্রেপ্তারের সম যেভাবে বাধা দিয়েছেন এবং তাকে ছিনিয়ে নেবার প্রচেষ্টা হয়েছে। কিন্তু, তার বিরুদ্ধে এমন কোন মেটিরিয়ালস পাওয়া গিয়েছে, যার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় তাঁকে গ্রেপ্তার করতে বাধ্য হয়েছেন। এই যে কংগ্রেসের ভিতর এঁরা আসার জন্য, কংগ্রেসের একটা পরিবর্তন হল, তাদের খানিকটা গিভ এ্যাণ্ড টেক এর রাস্তায় যেতে হল এবং তার জন্য আজকে বহু কংগ্রেস মেম্বারের বিরুদ্ধে নানারকম অভিযোগ উঠেছে। আমি মাননী মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করবো—আজকে কংগ্রেসের সভ্যদে সম্বন্ধে, খুব বিশিষ্ট সভ্যদের সম্বন্ধে, এ্যাসেম্বলী মেম্বার, তাদের সম্বন্ধে নানা কথা, নানা রক আলোচনা তাদের বিরুদ্ধে যখন উঠেছে, তখন তাঁর পক্ষ থেকে, তাঁর কর্তব্য হচ্ছে— তাদের মুক্ত করা। তাদের বিরুদ্ধে যে সব দোষারোপ এসেছে, তাদের বিরুদ্ধে যে স অভিযোগ এসেছে, তা থেকে তাদের মুক্তি দেওয়া। আজ করিম হোসেন সম্পর্কে তালতলা মেম্বার, তার বিরুদ্ধে অভিযোগ এসেছে, মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের উচিত তাঁকে এ অভিযোগ থেকে মুক্তি দেওয়া। মহেশতলায় মুফতি সাহেবের বিরুদ্ধে অভিযোগ হয়েছে যে তিনি সেখানকার দারগাকে গুলি করে মেরেছেন। এই হচ্ছে সমস্ত কলিকাতা সহরে খবর। এখানে এ সম্বন্ধে উচিত মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের উচিত যে তার দলের লোকে বিরুদ্ধে এই যে অভিযোগ এসেছে, তা বিশেষ ভাবে অনুসন্ধান করা।

The Hon'ble Jagannath Kolay :

মিঃ চেয়ারম্যান, স্যার, উনি এম, এল, এ এবং এম, এল, সি, যাঁদের নাম করছেন, তাঁরা এখানে উপস্থিত নেই, এই রকম ভাবে উনি কি তাদের সম্বন্ধে এখন এখানে বলতে পারেন?

Mr. Chairman : Better avoid names.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, he is not saying anything against them bu giving certain facts which the Hon'ble Chief Minister may need.

Shri Jatin Chakravorty : The Hon'ble Chief Minister can defend them.

Shri Narendra Nath Das :

আমি একজন দায়িত্বশীল প্রতিনিধি হিসাবে আপনাকে এই সমস্ত লোকের দোষমুক্ত করতে বলছি, এদের সম্বন্ধে যেন কোন রকম অভিযোগ না থাকে, তারা দোষমুক্ত হয়ে পরিচ্ছন্ন ভাবে যেন বেরিয়ে আসেন। এই রকম ভাবে আজকে বিভিন্ন জায়গা থেকে পাকিস্তানের জন্য প্রচার কার্য চলেছে। হারোয়া থানাতে কংগ্রেস কর্মী, যিনি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট, আমি আবার সেই নাম উল্লেখ করছি—আবদুল গফুর মোল্লা পাকিস্তানের জন্য খোলাখুলি ভাবে প্রচার কার্য্য চালিয়েছে। পশ্চিম বাংলা থেকে তাকে বিতাড়ন করা হয়, তার এখানে একটা বড় দল রয়েছে। তাদের সকলকে বের করে দেওয়া হয়েছিল, এক্সপেল করে দেওয়া হয়েছিল: সেই সকল মানুষ আজ আবার কংগ্রেসের পিছনে এসে দাঁড়িয়েছে।

আজ খিলাফৎ কমিটি কাদের দ্বারা গঠিত—যারা শহীদ সুরাবর্দ্দীর অনুচর ছিল এবং খিলাফৎ কমিটি তাদের নেতৃত্বে চলেছে—আমার জিজ্ঞাস্য হচ্ছে এখানে আমরা এই হাউসে সালাউদ্দীনের গ্রেপ্তারের জন্য দাবী জানিয়েছিলাম এবং পরে তাকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা দুই সালাউদ্দীন সম্পর্কে বলেছিলাম। কিন্তু অত্যন্ত লজ্জার কথা অত্যন্ত পরিতাপের বিষয় যে পশ্চিমবাংলা সরকারের সাধ্যি হয়নি তাদের গ্রেপ্তার করা, পশ্চিমবাংলা সরকারের

এতখানি অবনতি হয়েছে পশ্চিম বাংলা কংগ্রেস পার্টির এতখানি অবনতি হয়েছে। তার দুই জন গ্রেপ্তার হয়েছে বি. মল্লিক এখানে আসার পর, সেণ্ট্রাল ইনটেলিজেন্স বুরোর মানুষ যখন এখানে এসেছে তখন মুখ্যমন্ত্রী রাজী হয়েছেন—তাকে ধন্যবাদ দিই। তিনি অত্যন্ত সাবধানী মানুষ অত্যন্ত সাবধানতার কাজ করেছেন যে তিনি তার পুলিসকে জানান নি, তিনি তার ডেপুটি কমিশনারকে জানাননি, তিনি থানাকে জানাননি, তিনি তার ঐ ইনটেলিজেন্স ব্রাঞ্চ স্পেশাল ব্রাঞ্চ এর মাধ্যমে তাদের গ্রেপ্তার করেছেন। সেজন্য তাদের গ্রেপ্তার করা সম্ভব হয়েছে তা না হলে তাদের গ্রেপ্তার করা সম্ভব হত না। স্যার, এই কংগ্রেস পার্টির অবস্থা, এই হচ্ছে কংগ্রেস সরকারের অবস্থা। তারপরে স্যার, খিলাফৎ কমিটির নামে সমস্ত পার্লামেণ্টের মেম্বারের কাছে একটি চিঠি গিয়েছে, সেই চিঠির কপি নিশ্চয়ই আমাদের মুখ্যমন্ত্রী দেখেছেন। বিভিন্ন পার্লামেণ্টের মুসলিম মেম্বার-এর কাছে গিয়েছে, কোন হিন্দু মেম্বারের কাছে যায় নি। আমি স্যার, সেই চিঠি দেখেছি, সেই চিঠিতে তারা কি দাবী করেছে, আজ মুখ্যমন্ত্রী এখানে বসে আছেন তিনি বলুন। তারপর স্যার, ২৯এ তারিখে একজন পশ্চিমবাংলার বাইরের পার্লামেণ্টের মেম্বার এখানে এসেছিলেন, তাকে সমস্ত রায়ট এ্যাফেক্টেড এরিয়া দেখতে দেওয়া হয়েছে। তিনি ঘুরে দেখার পর নন্দাজীর কাছে একটা রিপোর্ট দিয়েছিলেন, সেই রিপোর্ট তিনি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এবং পশ্চিম বাংলা সরকারের বিরুদ্ধে দিয়েছিলেন। তারপর তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে যান—নন্দাজী সেই রিপোর্টের কপি আগেই মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিয়েছিলেন। যখন মুখ্যমন্ত্রীর কাছে ঐ মুসলিম মেম্বার দেখা করতে গিয়েছিলেন তাকে মুখ্যমন্ত্রী এখান থেকে চলে যাবার কথা বলেছিলেন। স্যার, আমি বলছি এই ভাবে সব যোগসাজসে হয়েছে। এই ভাবে নানা ভাবে গোপন সুড়ঙ্গর ভিতর দিয়ে কাজ চলেছে। স্যার, ৭ জনকে ডি, আই, রুলস-এ গ্রেপ্তার করা হয়েছে। আজ আমি জিজ্ঞাসা করি যে স্টেটসম্যান কাগজে এবং অন্যান্য কাগজে বেরিয়েছে যে সালাউদ্দিনের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা আগেই ছিল কিন্তু তাকে ধরা যায়নি কারণ তিনি আণ্ডার গ্রাউণ্ডে ছিলেন। এই সালাউদ্দীন ১৭ই তারিখে এই হাউসের উপর তলায় মিটিং-এ আমাদের মুখ্যমন্ত্রীকে অপমান করেছিল, বলেছিল 'বকওয়াজ মাৎ কর।' মুখ্যমন্ত্রী বা অন্য কোন মন্ত্রী বলেছিলেন যে গভর্ণমেণ্ট হাউস খুলে দিতে রাজী আছি। তার উত্তরে সে বলেছিল যে মুরগীকে দানা দেওয়া হল, সে তার দানা খেতে খেতে একটি হীরক পেল সে হীরের টুকরো ছেড়ে দিল—সে হীরের টুকরো দিয়ে কি করবে সে দানা চায়। তারা দাবী করেছিল ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট-এর বাড়ী। রিলিফ কমিটির ওপেন সভায় এই সমস্ত দাবী করেছিল কিনা ১৭ই জানুয়ারী তা আমি জানতে চাই। স্যার, আমার বক্তব্য হচ্ছে এই ধরণের মানুষদের কংগ্রেসে আশ্রয় দিতে হয়েছে, উপায় নাই। এখন স্যার, পাকিস্তান অত্যন্ত চতুর রাষ্ট্র, পাকিস্তান অত্যন্ত সচেতন রাষ্ট্র, ওয়েল প্ল্যাণ্ড অরগানাইজড, তারা কি ভাবে কাজ করে মুখ্যমন্ত্রী রাজনীতিবিদ তিনি রাজনীতি করতে বসেছেন এই সব জানা উচিত। আজকে আর সেই এ্যাজিটেশানাল কংগ্রেস নেই।

[3-30—3-40 p.m.]

আজ বাজেয়ের মসনদে তিনি বসেছেন, তাঁকে সেই বাজকীয় দৃষ্টিভঙ্গী থেকে সমস্ত জিনিসটা দেখতে হবে। আমরা কেউ কি কখনও ভেবেছিলাম যে ভারতবর্ষ আক্রমণ হতে পারে? পণ্ডিত জহরলাল নেহেরু গতবার যখন চীনের ইনভেসান হল তখন বলেছিলেন উই হ্যাভ বিন টু সফট। ভারত আক্রমণ হতে পারে এ কেউ কল্পনা করিনি। ভারত আক্রান্ত হতে পারে, আবার কখনও প্রয়োজন হলে কাউকে হয়ত আক্রমণ করতে হতে পারে। অতএব সমস্ত ব্যবস্থার জন্য যখন সমস্ত রাজকীয় কার্য্য এর ভেতর রয়েছে তখন তারজন্য প্রচেষ্টা করতে হবে। স্যার আপনি জানেন সে সাদিলাল কাপুরের ভারত সরকারের পররাষ্ট্র দপ্তরের ফাইল চুরি করার জন্য ১০ বছরের সাজা হয়েছে। কিভাবে সাদিলাল কাপুরকে পাকিস্তানের লোকেরা দখল করেছে, কিভাবে তাকে জোগাড় করেছে, না, সাদিলাল কাপুর পশ্চিম পাকিস্তানের লোক, সেই সাদিলাল কাপুরের গ্রামে তার সহপাঠিকে পশ্চিম পাকিস্তান থেকে তারা খুঁজে বের করেছে, বের করে যখন সাদিলাল কাপুর লণ্ডনে হাই কমিশনার অফিসে ছিলেন তখন তাঁকে পাকিস্তানের হাই কমিশনারের অফিসে চাকরি দিয়েছে। তারপর তার সহপাঠি সাদিলাল কাপুরকে মদ দিয়ে মেয়ে মানুষ দিয়ে তাকে পাকিস্তানের দিকে টেনে নিয়ে গেছে। তারপর তাকে যোগসাজসে দিল্লীতে ট্রান্সফার করেছে। তারপর যে কাজ হয়েছে তা সংবাদপত্রের সম্পত্তি,

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমার চেয়ে বেশী জানেন। অতএব পাকিস্তান যে কাজ করে তারজন সে প্রতিটি খুঁটি দাবার খুঁটির মত চালাচ্ছে যাতে ভবিষ্যতে উত্তরকালে কিস্তি মাৎ করতে পারে। অতএ এখানে পাকিস্তানের স্পাইরিং সেই এ কথা ঠিক নয়। আজিজুল ইসলাম ওরফে অশোক মুখার্জ বলে একটা লোককে এখানে পশ্চিমবংগে গ্রেপ্তার করা হয়েছে। আজো সে ৬ মাসের জেল খাটছে বোম্বে জেলে রয়েছে। আজ আজিজুল ইসলাম তো ছোট স্মল ফিগার, কিন্তু সব চেয়ে যে নাটের গু তিনি হচ্ছেন ফারুং যিনি খালিফুজ্জামানের ঘনিষ্ঠ আত্মীয়। তিনি লিনটাসে ২ হাজার টাকা মাইনে চাকরি করতেন। রোল্যাণ্ড রোডে তাঁর বাড়ী ছিল। এই রোল্যাণ্ড রোডে ঠিক সেই ফ্রান্সের স্যাঙে যে ভাবে পরিচালিত হয় ঠিক সেই ভাবে তার বাড়ীতে ক্লাবে মদ এবং মেয়ে মানুষের কোন অভা হত না। সেখানে কত মানুষ গিয়ে জড় হয়েছে, তাতে এ্যাডমিনিষ্ট্রেসানের কত লোক গেছে সে খবর নিশ্চয়ই মুখ্যমন্ত্রী রাখেন। তাঁর স্ত্রী মাতাহরির মত মানুষ, মিসেস ফারোকির ফ্যামিনা বলে একটা কাগজ আছে, সেই ফ্যামিনা কাগজ আপার ক্লাস সোসাইটিতে যায়, তার এডিটোরিয়াল বোর্ডে রয়েছেন। সেই ফ্যামিনা কাগজের তিনি এডিটর। তিনি গুপ্তচর বৃত্তির সঙ্গে যুক্ত। অথচ আমরা দেখছি যে কিছুদিন আগেও অশোকা হোটেলে একটা পার্টি হয়েছে, সেই পার্টিতে আমাদের শ্রদ্ধেয় উপরাষ্ট্রপতি জাকির হোসেন উপস্থিত ছিলেন পার্টি হচ্ছে আমাদের প্রগতিশীল দেশদ্রোহী করমজিয়াকে রিসেপসান দেবার জন্য সেখানে মিসেস ফারোকি উপস্থিত ছিলেন। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করব ফারোকির ৫ হাজার টাকার বেলে কে কে জামিনদার হয়েছে? তার জন্য মুখ্যমন্ত্রী অনুসন্ধান করবেন। তার কোথা থেকে টাকা পাচ্ছে সে সম্বন্ধে অনুসন্ধান করবেন। তারা কতটা প্ল্যাণ্ড ছিল আমি বলছি আজ জিয়াউদ্দিন সাহেব এখানে ডেপুটি হাই কমিশনার হিসাবে এসেছেন। তিনি কলকাতার সঙ্গে খুব পরিচিত। আমি একথা বলছিনা যে পি, কে, সেনের সঙ্গে বন্ধুত্বের জন্য তারা এখানে পাঠিয়েছে। তবে এটা ঠিকই যে এ্যাক্সিডেন্টালী পি, কে, সেন যখন এখানকার পুলিশ কমিশনার হন তিনিও তখন এখানে। তিনি স্থানান্তরিত হয়েছেন ডেপুটি হাই কমিশনারের আসন নিয়ে। কিন্ত স্যার, আমার প্রশ্ন হচ্ছে তাঁকে এখানে দিয়েছে নিশ্চয়ই তাদের উদ্দেশ্য রয়েছে। আমার বক্তব্য হচ্ছে এখানে যে থ্রি হানড্রেড ক্লাব ছিল সেই থ্রি হানড্রেড ক্লাব ৩ বছর আগে উঠিয়ে দিয়েছে। কিন্ত সেই থ্রি হানড্রেড ক্লাব এর শেষ দিন পর্যন্ত সৈয়দ সাবত্তগাদ্দি মেম্বার ছিলেন। যখনই তিনি এখান থেকে পাশ করেছেন তখনই তিনি সেই ক্লাবে গেছেন। অথচ পশ্চিমবংগে কলকাতা শহরে এই থ্রি হানড্রেড ক্লাব-এ কারা যান তা আপনি জানেন। অতএব আজ জিয়াউদ্দিন যখন এসেছে তখন আমি বলছি জিয়াউদ্দিন কেবল পি, কে, সেনের বন্ধু নন, আমার যদি এই সন্দেহ হয় যে জিয়াউদ্দিন এসেছে অন্য উদ্দেশ্য নিয়ে—জিয়াউদ্দিন হচ্ছে আমাদের করুণা কেতন সেনের বন্ধু এবং করুণা কেতন সেন যদি চীফ সেক্রেটারী হয়, আমি একথা বলছিনা যে করুণা কেতন সেন পাকিস্তানকে সাহায্য করবে, কিন্তু বন্ধু যদি থাকে, যদি সেখানে অব্লিগেসান থাকে তাহলে সেখানে এমন কতকগুলি এ্যাকোমোডেসান হবে যে এ্যাকোমোডেসান আমরা চাইনা।

স্যার, আপনি জানেন যে হার এ্যাবেট সমস্ত ফ্রান্সে কি রকম ভাবে হিটলারের জন্য একটা মানসিকতা প্রো হিটলার মেনটালিটি তৈরী করেছিল। আপনি জানেন যে যুদ্ধ যখন ঘোষণা হয় তখন ফ্রান্সে যিনি প্রাইম মিনিষ্টার ছিলেন, পল রেনুর স্ত্রী ওয়াজ এ প্রো হিটলার লেডী এই অবস্থার ভেতর দিয়ে আজকালকার দিনে দেশ দখল করা সহজ হয়; দেশের ভিতর একটা পরাজয়ের মেনটালিটি যদি প্রো করানো যায়, গুপ্তচর বাহিনী ফিফথ কলাম তাদের প্রথম ভূমিকা হল বা এখানে পাকিস্তানের যে ফিফথ কলাম তাদের প্রথম কাজ হলো—পাকিস্থানের আনুগত্যের আবহাওয়া সৃষ্টি করা—এ ক্লাইমেট অফ লয়্যালটি ফর পাকিস্থান, ডিফিটিজমের মেনটালিটি সৃষ্টি করা যাতে করে পাকিস্তান যদি কোন দিন আক্রমণ করে—আক্রমণ করাটা কিছু অস্বাভাবিক নয়—তখন যেন তারা মেরুদণ্ড খাড়া করে দাঁড়াতে না পারে তার জন্য চাই উপযুক্ত অরগানাইজেসন যে অগ্যানাইজেসান আজ ধীরে ধীরে গড়ে উঠছে। তারপরে স্যার, সরকারী বিভিন্ন ডিপার্টমেন্ট এর ভেতর অনুপ্রবেশ—আজ আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি যে আমাদের এখানে পাক ন্যাশানাল গুলজারী লাল নন্দ বলেছেন যে আড়াই লক্ষ পাক ন্যাশানাল উইদাউট পাস পোর্ট উইদাউট ভ্যালিড ডকুমেন্টে পশ্চিম বাংলায় রয়েছে। সেটা এখানে আড়াই লক্ষ, আসামে আড়াই লক্ষ আর পঞ্চাশ হাজার টিপেরা এরা কি করছে? তাদের ডকের ভেতর, রেলওয়েতে, পেট্রল ডাম্প এ, ওয়াটার ওয়ার্কস-এ, ইলেকট্রিক সাপলাইতে কতখানি হাত রয়েছে এই সমস্ত জিনিষগুলি বিচার করতে হবে—দেশ যদি আক্রান্ত হয়। তা হলে পঞ্চম বাহিনী কি কাজ করবে? যুদ্ধ যদি ঘোষিত

হয় তাহলে যে দেশের পঞ্চম বাহিনী সেই দেশকে তারা সাহায্য করবে, স্যাবোটেজ-এ কাজ করবে, যখন প্যারাসুট ল্যাণ্ড করবে তখন তাদের সাহায্য করবে। এই ভাবে সম্পূর্ণ ভাবে সাহায্য করবে। তাদের প্রথম কাজ হচ্ছে ডিফিটিজমের মেনট্যালিটি সৃষ্টি করা, বিভিন্ন রাজনৈতিক দলে অনুপ্রবেশ করা, এখানে বিভিন্ন রাজনৈতিক দলে তারা অনুপ্রবেশ করেছে তা আমি আপনাকে আগেই বলেছি। তারপরে যে সরকারী সামরিক বাহিনী গঠন করা সম্ভব নয় যেমন করে হিটলারের ষ্টরম ট্রুপস ছিল কিন্তু এখানে খাকসার বাহিনী দেখা দিয়েছে, তারা রাস্তাই চলতে আরম্ভ করেছে, এক টোকেন হিসাবে তারা চলতে আরম্ভ করছে এবং বলছে যে পশ্চিম বাংলায় শান্তি প্রতিষ্ঠার জন্য খাকসার বাহিনীর নাকি প্রয়োজন হয়ে পড়েছে। স্যার, আমার বক্তব্য হলো যে, মুখ্যমন্ত্রীর অনেক অসুবিধা আছে, এই যে গ্রেপ্তারগুলি করতে হয়েছে তারজন্য তাকে অনেক বেগ পেতে হয়েছে। বহুদিন যাবৎ এই সালা-উদ্দিনের সম্বন্ধে অনেক অভিযোগ এসেছে, জাফরী বলে এক মানুষকে গ্রেপ্তার করেছে, তিনি খিলাফৎ কমিটি আজাদ হিন্দ কাগজের সঙ্গে যুক্ত কিন্তু তাকে গ্রেপ্তার করতে অনেক সময় নিয়েছে তার কারণ ক্যাবিনেটের ভেতর এই ধরনের লোকদের পক্ষে মানুষ রয়েছে। অত্যন্ত পরিতাপের বিষয় যে একজন প্রাক্তন হিন্দু মহাসভার নেতার এই সালাউদ্দিন সম্বন্ধে হঠাৎ প্রীতি দেখা দিয়েছে। একজন মহিলা ক্যাবিনেট মিনিষ্টারও হঠাৎ তার সম্বন্ধে সম্প্রীতির কথা আমরা শুনেছি। স্যার এখানে প্রশ্ন হচ্ছে যে, এই যে জিনিষগুলি গড়ে উঠেছে বা মুখ্যমন্ত্রীর যে কাজের অসুবিধা হচ্ছে—আমি যতদূর শুনেছি যখন সালাউদ্দিন গ্রেপ্তার হলো তখন মুখ্যমন্ত্রীকে অনেক অপোজিসান ফেস করতে হয়েছে যে কেন তাঁকে গ্রেপ্তার করতে হলো। আমি মুখ্যমন্ত্রীকে শ্রদ্ধা জানাচ্ছি যে তাকে গ্রেপ্তার করেছেন। আমি একথাও বলবো যে যারা সেদিন গ্রেপ্তার করতে গিয়েছিল সেই সাত আটজন মানুষ প্লেন ক্লোথস স্পেশাল ব্রাঞ্চ পুলিস তাদের পুরস্কৃত করা উচিত। তারা যে ঝুঁকি নিয়ে গিয়েছিল বিশেষ করে যে ড্রাইভারটি আহত হয়ে ওখান থেকে বেরিয়ে এসেছে তাকে পুরস্কৃত করা উচিত।

আমি তাদের প্রশংসা করলাম বলে যেন তাদের প্রোমোশন বন্ধ না করা হয় এই অনুরোধ মুখ্য মন্ত্রীকে করবো এবং আমি আশা করবো মুখ্যমন্ত্রী যদি তাদের পুরস্কৃত করেন তা হলে সার্ভিসেস এর ভেতর মোরেল উঁচু হয়ে যাবে, তারা মনে করবে যদি তারা ভাল কাজ করে তা হলে তাদের পুরস্কৃত করা হবে।

[3-40—3-50 p.m.]

স্যার, এখন আমার বক্তব্য হল যে একজন ইউনিয়ন কেবিনেট মিনিষ্টার এখান থেকে পণ্ডিতজীর কাছে একটা রিপোর্ট দিয়েছিলেন যে পশ্চিমবঙ্গে কি ধরণের দাঙ্গা হয়েছে। আমার ধারণা যে সেই রিপোর্টের একটা কপি চিফ মিনিষ্টারের কাছে রয়েছে এবং সেই রিপোর্টে ভূতপূর্ব পুলিশ কমিশনারের নিন্দা থেকে আরম্ভ করে সব কিছু রয়েছে।

স্যার, এখন আমি কি ভাবে এই জিনিষগুলি দেখেছি তা বলছি। যেমন দেখা যায় হিটলারের আন্দোলনে এক একটা জায়গায়—ইউরোপের বিভিন্ন জায়গায় সোয়াসটিকা চিহ্ন লাগিয়ে দিয়েছেন, দেওয়ালের উপর সোয়াসটিকা চিহ্ন লাগিয়ে দিয়েছেন, তেমনি আমাদের এখানেও কিছু দিন যাবৎ পাকিস্তানের পতাকা উত্তোলন বহু জায়গায় হয়েছে। এই রায়টের কিছুদিন আগেও হাওড়া জেলায় বামনগাছিতে পাকিস্তানের পতাকা উত্তোলন হয়েছিল, এবং এ কথা কেনা জানে যে গত দাঙ্গার সময় "পাকিস্থান জিন্দাবাদ"—এই জিগির বহু জায়গায় শোনা গিয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে "পাকিস্থান জিন্দাবাদ" কারা বলছে? ভারতবর্ষের নাগরিক, যারা ভারতবর্ষকে নিজের দেশ বলে ভালবাসে, তারা কি কখনও এই কথা বলতে পারে? ভারতবর্ষকে যারা মনে করে এখানে আমার সূতিকা গৃহ, এবং এখানেই আমার শ্মশান শয্যা হবে, তারা কি কখনও "পাকিস্থান জিন্দাবাদ", এই কথা বলতে পারে?

তারপর আমি আগের বক্তৃতায় বলেছি কতকগুলি জায়গায়—তাঁতী বাগান, বা মেথীবাগান বা নেবুবাগান বা সুটার হাউস এরিয়াতে হোক, বিভিন্ন জায়গায় মুসলমানরা আক্রমণ করেছে। পরিকল্পিনালী গোড়ায় হয়ত হিন্দুরা রায়ট করেছে, সাম্প্রদায়িক মনোভাব দেখিয়েছে, আমি অস্বীকার করিনা। কিন্তু কতকগুলি বিশেষ বিশেষ জায়গায় মুসলমানরা প্রথমে আক্রমণ করেছে। আজকে তাদের এই সাহস কোথা থেকে এলো? তাদের হাতে বহু অস্ত্রশস্ত্র কোথা থেকে এলো? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পরশু তারিখে আমাদের এখানে একটা হিসাব দিয়েছেন—যেখানে যেখানে আন-

লাইসেনসড গান ও অন্যান্য আর্মস পাওয়া গিয়েছে। তার নাইনটি পারসেন্ট প্লেস হচ্ছে—এই মাইনরিটি কমিউনিটির কাছথেকে পাওয়া গিয়েছে। মুসলমানদের কাছে থেকে পেয়েছেন। উনি আমাদের কাছে যা ঠিকানা দিয়েছেন, তার মধ্যে অনেকগুলি মসকিউ আছে, এবং ৯০ পারসেন্ট হচ্ছে মুসলমান, যাদের কাছ থেকে এই সমস্ত বেআইনী ভাবে রাখা অস্ত্রশস্ত্র পাওয়া গিয়েছে। তারা মুসলমান বলেই, বলছি না, তারা যদি ভারতবর্ষের নাগরিকও হয় তাহলেও আমি বলবো যে তারা সত্যিকারের নাগরিক নয়। তারা ভারতবর্ষকে ভালবাসেনা। এখানে কোন সাম্প্রদায়িকতার স্থান নেই। এটা সম্পূর্ণ একটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর ব্যাপার। আমার দেশ বিপন্ন হবে, আর আমি আমার সেকুলার ডেমোক্রেসির ফেটিসিজিম করবো এই জিনিষ হতে পারে না। স্যার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে মনোরঞ্জন বাবুর একটা ফায়ার আর্মস লাইসেন্স সম্বন্ধে প্রশ্ন ছিল সেই প্রশ্নোত্তরের জবাবটা পেলে, আমি আরও দেখাতে পারতাম যে গত দশ বৎসরের মধ্যে আগ্নেয়াস্ত্র, রাইফেল বা গানের লাইসেন্স কাদের কাদের দেওয়া হয়েছে। (এ ভয়েস : আজকের প্রশ্নোত্তরে সেটা দিয়েছেন।) সেটা দেওয়া হয়েছে নাকি? তা আমি দেখতে পাইনি। সেটা যদি একটু স্ক্যান করে দেখেন, তাহলে বুঝতে পারবেন এখানকার মাইনরিটি কমিউনিটির লোক গান লাইসেন্স কত নিয়েছেন, তার একটা হিসাব আপনি পাবেন।

তারপর দেখুন কিভাবে এখানে এই যে আড়াই লক্ষ লোক পূর্ব পাকিস্থান থেকে এসে একটা বস্তিতে ওঠে। তারা সাধারণত পূর্ব পাকিস্থান থেকে আসে, এবং এখানে এসেই প্রথম তাদের কাজ হচ্ছে এখানকার সিটিজেন হওয়া, এবং তারপর তারা ভোটার লিষ্ট-এ নাম লেখায়। তারা ভোটার লিষ্ট কনসিয়েন্স এবং সিটিজেনসিপ কনসিয়েন্স। এখানে এসেই তারা ঐ কাজটি করে। সুতরাং তাদের এখান থেকে বের করা খুব শক্ত। কিন্তু, তবু তাদের বের করতে হবে, যারা এই ভাবে এখানে অনু প্রবেশ করেছে। স্যার, কেউ কেউ আবার এখানে কাল পতাকা তুলেছে, বা কাল ব্যাজ পরিধান করেছে। ঈদের দিন হচ্ছে, সৌহার্দ্যের দিন, সেই সময় সকলে নূতন পোষাক, কাপড় পরিধান করেন সুতরাং সেই সময় যারা কাল ব্যাজ পরেছে বা কাল পোষাক পরেছে, তার থেকে বেশ বোঝা যাচ্ছে যে তার পিছনে একটা এফোর্ট রয়েছে, তার পিছেনে একটা অর্গ্যানাইজেসান রয়েছে, এ কথাত অস্বীকার করা যায় না।

তারপর স্যার, ঐ ময়দানের জমায়েতকে বয়কট করার জন্য বিরাট প্রচেষ্টা হয়েছে। সেই ময়দানে জমায়েত বয়কট করার জন্য যে উর্দু হ্যাণ্ডবিল দেওয়া হয়েছে তা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আছে। যদি না থাকে, তাহলে আমি তাঁকে যোগাড় করে দিতে পারি।

তারপর বেশী দূর যেতে হবে না ঐ 'পয়গম' কাগজে আছে—এবারকার ঈদ ১১ই ফেব্রুয়ারি তারিখে। এবারকার ঈদ সম্বন্ধে তারা লিখছেন—এবার পশ্চিমবঙ্গে পথে ঘাটে প্রকাশ্য জায়গায় জৌলস এবং আনন্দ উৎসব হইতে আমরা বিরত থাকিব। আমরা মস্‌জিদের বাইরে মাঠে, ময়দানে নামাজ পড়িবো না। আবদ্ধ স্থানে ওয়াদের নামাজটুকু সমাধা করিয়া ক্ষান্ত থাকিবো। এখানে আমার বক্তব্য হচ্ছে যে মুখ্যমন্ত্রী মহাশয় দু-দিনের ভিতর এখানে দাঙ্গা দমন করে, তিনি তাঁর কর্মকুশলতার পরিচয় দিয়েছেন। যে মুখ্যমন্ত্রী মুসলমানদের নামাজ যাতে নির্বিঘ্নে সম্পন্ন হয় তার জন্য ১৪৪ ধারা তুলে নিয়ে ছিলেন, সেই মুখ্যমন্ত্রী মহাশয়ের প্রচেষ্টাকে বানচাল করবার জন্য যে অর্গ্যানাইজড এফর্ট হয়েছে, তার পিছনে নিশ্চয় একটা অর্গ্যানাইজেসান রয়েছে, সে সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাচ্ছি।

স্যার, পয়গম কাগজে লেখা হচ্ছে কয়েকটি অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায়ের কয়েকজন সাম্প্রতিক এই দাঙ্গায় নিহত ব্যক্তিদের স্মৃতির উদ্দেশ্যে শোকজ্ঞাপনের জন্য কাল ব্যাজ পরিধান করিতে দেখা যায়। তবে ইহারা যে একেবারে মুসলিম জমায়েতের মোরলী পাট্টা নিয়েছে—এবং ইহার পিছনে সংখ্যালঘু সম্প্রদায়ের ব্যাপক সমর্থন ছিল না তাহা স্পষ্ট বোঝা যায়। তারপরে স্যার, ডিফিটিস্ট মেণ্টালিটি আমি বলছিলাম কি ভাবে—আপনি শুনে আশ্চর্য্য হবেন যে স্যার, এখানে একটি প্রবন্ধ বেরিয়েছে মাননীয় সদস্য যতীন বাবুর বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছে, যতীনবাবু তার জবাব দেবেন। কিন্তু এখানে আমাদের কনস্টিটিউশান সম্বন্ধে একটু তারিফ করা হয়েছে। "ধর্ম নিরপেক্ষতার ভোজবাজী ও আমরা" সেখানে বলা হয়েছে যে ভারতবর্ষের অধিবাসীদের পবিত্র দায়িত্ব তাদের রাষ্ট্র এবং সংবিধানের মর্য্যাদা রাখিতে জাতি বা সম্প্রদায়গত কোনরকম বৈষম্যকে প্রশ্রয় না দিয়ে ভারতীয়দের একটি বলিষ্ঠ বিশিষ্ট জাতি গড়িয়া

তোলা। কিন্তু খুবই হতাশার বিষয় যে এই সংবিধানের গুরুদায়িত্ব ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের সংখ্যাগুরুরা লাঠির জোরে চূর্ণবিচূর্ণ করিয়া তাদের প্রতিবেশী সংখ্যালঘুদের বুকের উপরে রুদ্রচণ্ডীর মত পা দিয়া দাঁড়াইয়া সংবিধানের সমূহ মর্যাদা ও শুভফলশ্রুতিকে অথৈ জলে নিমজ্জিত করিয়াছে। পশ্চিমবাংলার সাম্প্রদায়িক এক ঘটনায় এ দেশের সংখ্যাগুরু হিন্দুরাই মুসলমান সংহারের যে বীভৎস নাটকীয়তা দেখাইয়াছেন তাহার আর কোন জুড়ি নাই। তারপর তাহারাই আবার মুসলমান নিধন যজ্ঞের শেষে বিশ্বের মানুষের কাছে বিশেষ করিয়া তাদের মুসলিম ক্রীতদাসদের মুখ দিয়া অর্থাৎ চাগলার মুখ দিয়ে কলিকাতার ঘটনাকে তুচ্ছ করিয়া দেখাইবার প্রয়াস করিয়াছেন। এই কাগজ ধর্মনিরপেক্ষতা সম্বন্ধে এখানে তারা লিখছেন এই ভাবে যে লয়ালটি ব্রেক করা, ভারতবর্ষ সম্বন্ধে যে প্রীতি সেই প্রীতিকে ভাঙ্গার একটি বিরাট প্রচেষ্টা হয়েছে, অতএব এই প্রচেষ্টাগুলি যেখানে হচ্ছে সেখানে কিরকম অবস্থা এসে দাঁড়িয়েছে, তাই দেখুন। আমরা ছোটবেলা থেকে যখন রাজনীতির সঙ্গে জড়িত ছিলাম তখন থেকে জমিয়তউলুা হিন্দ সম্বন্ধে জানতাম যে অত্যন্ত দেশভক্ত পার্টি। সেই জমিয়তউলুা হিন্দ তারা গুলজারিলাল নন্দের কাছে একটা ডিমাণ্ড দিয়েছে, তার একটা কপি আমার কাছে রয়েছে, তারা কি কি চেয়েছে? দিল্লীর যে অর্গানাইজেশন তারা চেয়েছে যে একের তিন অংশের বেশী পুলিসে পূর্ব বাংলার লোক থাকতে পারবে না। দ্বিতীয় দাবী হচ্ছে যে একের তিন অংশ পুলিশে মুসলমান নিতে হবে। তারপরে স্যার, তাদের যে দাবী সেটা আমি পড়ে দিচ্ছি

The responsible persons of Muslim Community in Calcutta and other districts of West Bengal should be liberally granted gun licences for protection of life, honour and property"

তারপরে স্যার, আরও দাবী হচ্ছে দাঙ্গার পরে যে বস্তীগুলি পুড়ে গিয়েছে বা নষ্ট হয়ে গিয়েছে সেখানে মালটিস্টরিড বিল্ডিং করে দিতে হবে তাদের থাকার জন্য তা ভাড়া দিয়ে নয়, তারা সেটা কিনে নেবে ৫০ বছরের সর্তে সেটা তাদের দিয়ে দিতে হবে। সব চেয়ে ইণ্টারেস্টিং হচ্ছে

Such areas should be named Muslim Zones"

যেখানে এই বাড়ীগুলি হবে

"These areas should be named Muslim Zones. In the mean timetill the completion and final allotment of such houses, buildings of the Improvement Trust at several places be allotted without rent to the displaced and affected persons to live in."

[3-50—4 p.m.]

এখন মুসলিম এরিয়া তার মানে আবার সেখানে আর একটা ক্ষুদ্র পাকিস্তান করার পরিকল্পনা তারা করছেন। কিন্তু দাবিটা করছে কারা, যারা প্যাট্রিয়ট, যারা ন্যাশানালিস্ট বলে বলছে। আমি মল্লাযানের খিলাফত কমিটির কথা বলছি না। স্যার, তারপর বলছেন যে বড় শহরগুলি কলকাতা শহর কেন্দ্রের অধীনে নেওয়া হোক। আমরা এতদিন মুখের মত ভেবেছি, সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর কার্য তা নয়, এই আওয়াজ উঠেছে ঐ জমিয়েতুলুা হিন্দের কাছ থেকে যে এটা সেণ্ট্রালের অধীনে নিতে হবে। তারপর বলছে জোড়াসাঁকো, এণ্টালি, বেলিয়াঘাটা, গাইঘাটা, তালতলা, টালিগঞ্জ, মুচিপাড়া, কড়েয়া, আমহার্স্ট ষ্ট্রীট থানার যারা ইন্সপেক্টর অফিসার-ইন-চার্জ আছে তাদের ডিগ্রেড করা হোক, তাদের শাস্তি দেওয়া হোক, এই হচ্ছে তাদের দাবি। তাদের শেষ দাবির সঙ্গে আমি একমত। সে হচ্ছে যে একটা জুডিসিয়াল এনকোয়ারী করা হোক যে কিভাবে রায়ট হয়েছে, তার অরিজিন কি সে সম্বন্ধে একটা জুডিসিয়াল এনকোয়ারী করা হোক। এ সম্বন্ধে আমিও তার সঙ্গে একমত। তাতে যারা দোষী সাব্যস্ত হবে তারা তার জন্য শাস্তি ভোগ করবে, হিন্দু যদি হয় হিন্দু ভোগ করবে, মুসলমান যদি হয় মুসলমান ভোগ করবে। এই বিষয়ে আমার সমর্থন রয়েছে। স্যার, এই হচ্ছে জমিয়েতুলুা হিন্দ একটা কাগজের দাবি। অত্যন্ত সাংঘাতিক কথা যে এরা এখন থেকে একটা ছোট পাকিস্তানের দাবি করছে। আমার মনে

আছে ১৯২৪ সলে বেঙ্গল প্যাক্টের আগে সেই ৫৫ পার্সেণ্ট না কত চাকরি হবে, আপনার কাছে এটা নতুন কথা নয়। আপনি জানেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস যখন নেতা ছিলেন তখন আমরা কি করেছি। স্যার, এখন আমি পাকিস্তানের দিকে আপনাকে একবার দৃষ্টি নিবদ্ধ করতে বলব। এই কিছুদিন যাবত আপনি কাগজে দেখছেন যে পাকিস্তানের দিকে যে মাইনরিটি উৎপাদন হচ্ছে সেটা হচ্ছে কোন জায়গা থেকে। আবার একটা নতুন জায়গা তারা নিয়েছে, কেন নিয়েছে সেই কথাটায় আমি আসছি। তারা দেখবেন চিটাগঞ্জ হিলট্র্যাক্ট এর সমস্ত চাকমাদের সেখানে থেকে উচ্ছেদ করে দিয়েছে। কিভাবে করেছে, তাদের হয়ত ৪ খানা ঘর আছে, তার মধ্যে ২ খানা ঘর ঐ মেজরিটির কমিউনিটির লোকেরা এসে দখল করল, বলল এই দুটো ঘরে আমরা দু'জন থাকব, আর দু'খানা ঘরে তোমরা থাক। তারপর আপনারা বুঝতে পারেন যে এই থিন এণ্ড অব দি এজে তারা দু'খানা ঘর যখন দখল করল তখন তারা সব দখল করবে। এইভাবে ময়মনসিংয়ের উত্তরে গারো ইত্যাদি থেকে তারা তাদের সম্পূর্ণভাবে উচ্ছেদ করল এবং উৎসাদিত হয়েছে শুধু হিন্দু নয়, তার ভেতর ৩৫ হাজার খৃস্টান আছে। সেটা আমার কথা নয়, এটা ইটালিয়ান মিশনারী বলেছেন, ফরাসী দু'জন ব্যাপটিস্ট মিশনারী বলেছেন, তাঁদের নাম আমি করতে পারি কিন্তু সময় নষ্ট করতে চাইনা। এই বর্ডার থেকে তারা কেন উৎসাদিত করেছে, সেখানে আমার বক্তব্য হচ্ছে পাক-চায়না এগ্রিমেণ্টের পর থেকে সমস্ত পাকিস্তানের যে এ্যাটিচিউড তার একটা গুণগত পরিবর্তন হয়েছে

It is a turning point in the diplomatic or State relationship between India and Pakistan.

কথা হচ্ছে যে তার যেটুকু দুর্বলতা পাকিস্তান হিটলারের মত গ্যাংগসটারিজম-এর উপর হেটেডের উপর তাদের রাজত্ব চালাচ্ছে ভারতের বিরুদ্ধে বিদ্বেষকে পুঁজি করে তারা চালাচ্ছে। আজ তারা কি বলছে, আজ তারা আশাহত পাকিস্তানীদের বোঝাচ্ছে যে ২৪ পরগণা, নদীয়া, মুর্শিদাবাদ-এ আমাদের জায়গা। এই যে ৭৫ লক্ষ লোক রয়েছে এদের ভেতর প্রায় ৩০ লক্ষ মুসলমান, এই জায়গা আমাদের। এই জায়গা আমরা চাই। এই কথা আজ তারা বলছে। এবং সেইভাবে যেমন ইটালিয়ান ইরিডেণ্টা আন্দোলনের মাধ্যমে ফ্যাসিজম গ্রো করেছিল ঠিক এখানেও ইস্ট পাকিস্তান ইরিডেণ্টা এইভাবে আন্দোলন গড়ে তুলছে। পাক চীন এগ্রিমেণ্টের পর একটা নিউ টার্ম এসেছে। কেন এসেছে সেটা আমি বলছি। আজ ম্যাপের দিকে তাকিয়ে দেখুন—যদি চীন নেফা আক্রমণ করে আর পূর্ববাংলা থেকে যদি গারো পাহাড় দখল করতে পারে তাহলে দুটো আমি মিট করবে গৌহাটিতে। মিট করার ফলে সমস্ত আসাম আমাদের থেকে ছিন্ন হয়ে যাবে। তার জন্য ওদিকে ইস্টার্ন পাকিস্তান বর্ডার থেকে তারা মাইনরিটি উৎসাদন করে দিচ্ছে, সেখানে একটাও মাইনরিটি থাকবে না, তারা চলে আসছে। এর ফলে কি হবে, না, পাকিস্তানের সঙ্গে চীনের ভাগাভাগি হয়ে যাবে—উত্তর আসাম যাবে চীনের দখলে এবং দক্ষিণ আসাম চলে আসবে পাকিস্তানের হাতে এবং ওখানে একটা পাপেট গভর্নমেণ্ট করবে যেমন লাওসে গভর্নমেণ্ট হয়েছে। এই হচ্ছে তাদের কথা। আজ হয়ত লোকে তাকে সিরিয়াসলি নিচ্ছে না, কিন্তু ১৯৫৯ সালে যখন কাউন্সিল ঐ হাউসে ছিল তখন সেখানে দাঁড়িয়ে আমি বলেছিলাম যে চীন ভারতবর্ষ আক্রমণ করতে পারে। তখন অনেকে হেসেছিলেন। কিন্তু তা সত্যই প্রমাণিত হয়েছে। চীন আমাদের ভারতবর্ষ আক্রমণ করেছে। পাকিস্তান আমাদের দেশ আক্রমণ করবে, চীনের সাহচর্যে করবে। তখন যদি এখানকার ফিপ্থ কলাম স্যাবোটেজ করতে থাকে তাহলে আমাদের যে কি দুর্দিন হবে সেকথা মুখ্যমন্ত্রীর কাছে বলছি।

তাঁর হাতে আজ শাসন ক্ষমতা ন্যস্ত হয়েছে, তাঁদের সেই সমস্ত দায়িত্ব নিয়ে ভাবতে হবে। আক্রমণ আজ না হতে পারে ১০ বছর পর হতে পারে কিন্তু সেই আক্রমণকে যেন আমরা প্রতিহত করতে পারি। আজকে যদি একটা পলিসি প্রোগ্রাম আমরা না করি তাহলে চায়না আক্রমণের সময় যেমন আমরা পালিয়ে এসেছি—তেজপুরে যে অবস্থা হয়েছিল ঠিক সেই অবস্থা হবে, সেই অবস্থা পুনরাভিনয় যাতে না হয় সেকথাটা আমি মুখ্যমন্ত্রী

কাছে নিবেদন করবো। আমি একথা বলব আজ তিনি হয়ত দলের কথা ভাবছেন, প্রত্যেকে আমরা ভারতবর্ষের স্বাধীনতার যোদ্ধা ছিলাম—আজ একথা আমরা ভাবি ভারতবর্ষকে রক্ষা করার জন্য পলিটিক্যাল ডেঞ্জার থেকে ভারতবর্ষকে বাঁচাবার জন্য আজ পার্টির কথা ভুলে যাক মুছে যাক পার্টি, বেঁচে থাক দেশ—মুখ্যমন্ত্রীর কাছে এই আপীল করে আমি আমার আসন গ্রহণ করছি।

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে বিষয় নিয়ে আলোচনা হচ্ছে সেটা হচ্ছে এই যে Prejudicial purpose of a section of the West Bengal during recent disturbance.

বিষয়টা কিছুটা ডেলিকেট এজন্য যে এই বিষয় নিয়ে আলোচনা করতে গেলে যদি আমাদের সংখ্যালঘু সম্প্রদায় সম্পর্কিত কোন কথা এসে পড়ে তাহলে তার দ্বারা কিছুটা সকলকেই বিব্রত হতে হয়, বিশেষ করে বর্তমান সময়ে কিন্তু স্যার, এর আগের দিন বক্তৃতায় আমি বলেছিলাম যে আমাদের পশ্চিমবাংলায় আমি এবং আমার দল, আমরা লোক বিনিময়ে বিশ্বাস করি না মুখ্যমন্ত্রীর সাথে একমত এবং এও বলেছিলাম যে আমাদের যে ঐতিহ্য, আমাদের যে সাধনা, আমাদের যে সংস্কৃতি পশ্চিমবাংলার সংখ্যালঘু সম্প্রদায় যাদের ভারতবর্ষের প্রতি আনুগত্য আছে তাদের সম্পর্কে আমাদের সঙ্কল্প নিতে হবে আমাদের যে পবিত্র সংবিধান সেই সংবিধানের যে ঐতিহ্য, সেই সংবিধান যে নাগরিক অধিকার একবার দিয়েছে তা নিয়ে সে অন্য নাগরিকের মত বাস করবে এটা আমরা চাই কিন্তু আমি সেদিন বলেছিলাম, আজকেও আবার সেটার পুনরাবৃত্তি করছি যে সেকিউলারিজম আমাদের ধর্ম কিন্তু সেকিউলারিজমের যে বিকৃত রূপ, পারভারটেড সেকিউলারিজম যেটা স্পেডকে স্পেড বলতে দ্বিধাগ্রস্ত হয় সেটা সাম্প্রদায়িকতার নামান্তর, সেই সাম্প্রদায়িকতার যে ঝোঁক সেটা আমাদের ও পক্ষের আছে, এ পক্ষের কাছে এই দুই পক্ষেই এটা দেখা গেছে। স্যার, আজকে একথা আমাদের বলতে হবে কি হিন্দু হোক বা মুসলমান হোক, যে কোন সম্প্রদায়ের লোক হোক না কেন—আজকে আমাদের পাশে পাকিস্তান রাষ্ট্র আমাদের বিরুদ্ধে যে কাজ করে চলেছে। সেই পাকিস্তানের পক্ষ থেকে এখানে গুপ্তচর বৃত্তি হচ্ছে কিনা সেটা আজকে ভেবে দেখতে হবে, যদি সেই গুপ্তচর বৃত্তি হয়ে থাকে, যারা করছে তাদের সম্পর্কে সরকারকে সতর্ক হতে হবে, সেখানে কোন দ্বিধার ভাব থাকলে চলবে না—শক্তহাতে সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করতে হবে। সংখ্যালঘু সম্প্রদায়ের লোক যদি হয় তাহলেও যদি সে পাকিস্তানের চর হয় বা এমন কাজ করে যার দ্বারা সন্দেহ হয় যে পাকিস্তান লাভবান হচ্ছে তাহলে সে পথ বন্ধ করতে হবে, শক্ত হাতে ব্যবস্থা গ্রহণ করতে হবে—হিন্দুও যদি হয়। মন্ত্রীও যদি হয় পরোক্ষভাবে পাকিস্তানকে সমর্থন করছে এই সময় যখন কাশ্মীরে আজকে চক্রান্ত চলেছে ভারতবর্ষকে হেয় প্রতিপন্ন করার জন্য এবং পাকিস্তানের হাত শক্ত হয় এমন কোন উক্তি যদি কোন মন্ত্রী করেন, পরোক্ষভাবে আজকে পাকিস্তানকে সাহায্য করেন। এবং প্রিজডিসিয়াল টু মাই কান্ট্রীস ইণ্টারেস্ট যদি হয় তাহলে তাঁর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে।

[4—4-10 p.m.]

স্যার, আমি এর আগে একবার বলেছি যে ১৯৪৭ সালে যে দিন পাকিস্তান সৃষ্টি হল, সেই দিন থেকে আমাদের যে ইনটেলিজেন্স ডিপার্টমেণ্ট, তাদের কাছে খবর আছে যে পাকিস্তানের যে ইনটেলিজেন্স ডিপার্টমেণ্ট, তারা একটি চমৎকার পরিকল্পনা তৈরী করেছেন। সেই পরিকল্পনাটি হল এই যে ভারতবর্ষের সাথে পাকিস্তানের যে সীমান্ত, তার তিন মাইলের মধ্যে, অর্থাৎ ভারত-পাক সীমান্তের তিন মাইলের মধ্যে পাকিস্তানের অভ্যন্তরে কোন অ-মুসলমানকে থাকতে দেওয়া হবে না, অর্থাৎ যারা মুসলমান নয়, তাদের থাকতে দেওয়া হবে না। এবং সীমান্তের এপারে ভারতবর্ষের মধ্যে এমন অবস্থা সৃষ্টি করতে হবে যে ভারতবর্ষের তিন মাইল সীমান্তের মধ্যে কোন অ-মুসলমান থাকতে না পারে, তারা ত্রাহি, ত্রাহি ডাক ছেড়ে চলে যায়। স্যার, আজকে সেটা বিচার করে দেখুন। ঐ গাড়ো পাহাড়ের দিকে তাকিয়ে দেখুন

সেখানে খৃষ্টানদেরও বিতাড়িত করা হচ্ছে। নিজের দিকের সীমান্ত এলাকাকে তারা অমুসলমান অধ্যুষিত করতে চায়! সীমান্তের ৩ মাইলের মধ্যে—আমাদের সীমান্তে, এপারে এবং ওপারে সেই অবস্থা তারা সৃষ্টি করে চলেছে। কারণ, তাহলে সহজে তারা ইনফিলট্রেট করতে পারে। সধর্মী লোক যদি হয়, যদি অ-মুসলমানরা না থাকে তাহলে অতি সহজেই তারা ইনফিলট্রেট করতে পারে, এবং ইনফিলট্রেসন করবার পর, আবার যেহেতু সংখ্যালঘু সম্প্রদায় অধ্যুষিত, তারা সেখানে সংখ্যাগুরু, সেই জায়গায় পাকিস্তান সেই জমি আমার চাই বলে তারা সেটা দাবী করতে পারে এবং করবে। সেই রকম সুর পাকিস্তানের পক্ষ থেকে দেখা যাবে। স্যার, একথাত আমাদের অবিদিত নয়, যে আমাদের এখানে—এটা সকলেই জানেন যে বারবার একথা বলা হয়েছে—খিদিরপুর ডক এলাকায় আইন সঙ্গত ভাবে পাকিস্তানী ন্যাশনাল হিসাবে বহু পাকিস্তানী ন্যাশনালকে ডক-এর যে সমস্ত গুরুত্বপূর্ণ কাজ আছে সেখানে নিয়োগ করে রাখা হয়েছে। বহু পাকিস্তানী ন্যাশনালকে আমাদের ডক এলাকায় রাখা হয়েছে, এবং কাজ দেওয়া হয়েছে। এটা বিরোধী দলের কথা নয়, পশ্চিমবাংলার কংগ্রেসের যে শ্রম প্রতিষ্ঠান, শ্রমিক সংগঠন, ইণ্ডিয়ান ন্যাশনাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস—এর যিনি নেতৃস্থানীয় শ্রীকালীপদ বাবু, তিনি বারবার এ সম্বন্ধে সতর্কবাণী উচচারণ করেছেন, যখন তিনি এ্যাসেম্বলীতে ছিলেন তখনও উচচারণ করেছিলেন। তারপরে তিনি এই কথা বলেছিলেন যে ভারতীয়দের কেন ঐ সমস্ত কাজে শিক্ষা দিয়ে নেবো না? তাদের কেন ঐ সকল গুরুত্বপূর্ণ কাজে শিক্ষিত করে তুলবো না? তা না করার ফলে, সেখান থেকে পাকিস্তানের সঙ্গে আমাদের সম্পর্ক চলেছে। এটাতো কোন সাম্প্রদায়িকতার কথা নয়। পাকিস্তানী যদি ভারতবর্ষের নাগরিক হয়, সেই নাগরিকরা আমাদের গুরুত্বপূর্ণ যোগাযোগ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট থাকলে কি হয়, তা আমরা আই. জি. এন কোম্পানীতে যে ধর্মঘট হয়, সেই ধর্মঘটের সময় দেখেছি। শুধু তাই নয়, বিলাতী কোম্পানীর ইংরাজের যে মনোভাব ভারতবর্ষের সম্পর্কে, সেই মনোভাব-এর কথা অত্যন্ত কুৎসিত ভাবে প্রকট হয়ে ফুটে উঠেছে—সিকিউরিটি কাউন্সিল-এর কাছে যখন কাশ্মীর সমস্যার আলোচনা চলে। সেই আলোচনার সময় অত্যন্ত নির্লজ্জ, ও নগ্ন ভাবে সেই বৃটিশ সরকারের প্রতিনিধি, বৃটিশ সাম্রাজ্যবাদের প্রতিনিধি, যারা ভারতবর্ষকে দ্বিখণ্ডিত করে দিয়ে গিয়েছে, তাদের প্রতিনিধিদের কথা, সেখানে তারা যে ভাবে পাকিস্তানের হয়ে নির্লজ্জ ভাবে, নগ্ন ভাবে, অত্যন্ত কুৎসিত ভাবে ওকালতি করেছে, তা পরিস্কার হয়ে ফুটে উঠেছে। স্যার, সে কথা যারা বলেছে, সেই প্যাট্রিক ডিন-এর জাতভাইরা আজকে ঐ আই, জি. এন. কোম্পানী চালাচ্ছেন। স্যার, একথা কি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অস্বীকার করবেন যেটা সংবাদপত্রে বেরিয়েছে, যে কথা সংবাদপত্রের প্রতিনিধিরা জিজ্ঞাসা করেছিলেন যে পুলিশের কর্তাদের সাথে একশোটি পাকিস্তানী ন্যাশনাল কলিকাতা এবং পশ্চিমবঙ্গের পুলিশের মধ্যে রয়েছে? অদ্ভুত ব্যাপার। মুখ্যমন্ত্রী মহাশয় সেই ডিপার্টমেণ্টের কর্তা, তিনি এর জবাব দিন।

এটা কি করে হয় যে পাকিস্তানী নাগরিক যারা আজকে আমাদের পুলিশের মধ্যে তারা কি করে থাকে? টালিগঞ্জের পুলিস স্টেশনে একজন পাকিস্তানী নাগরিক যে পুলিস হিসাবে রয়েছে। স্যার, সরকারী রিপোর্টে প্রকাশ যে কলকাতা সহরতলীতে পাক নাগরিক ১ লক্ষ ১৭ হাজার আছে। তাছাড়া আড়াই লক্ষ তিন লক্ষ বেআইনী ভাবে কলকাতা সহরে বসে আছে। স্যার, মনে রাখবেন এই যে পাকিস্তানী যারা বেআইনী বসে আছে তারা নানাভাবে চক্রান্ত করে চলেছে, এবং সেই চক্রান্ত হচ্ছে আমাদের ভারতবর্ষের বিরুদ্ধে। স্যার, আমি একটি ঘটনা আপনার কাছে দিচ্ছি এর মধ্যে কিন্তু হিন্দর নাম জড়িত আছে কারণ পাকিস্তানী গুপ্তচর বৃত্তিতে কেবলমাত্র মুসলমানরা আছে বা পাকিস্তানী নাগরিকরা আছে বা সংখ্যালঘুরা আছে তা নয়, এর মধ্যে অর্থের লালসায় অনেক হিন্দু তার সাথে জড়িত আছে। স্যার, একটি ঘটনার বিষয় আমি এখানে উল্লেখ করব—১৯৬২ সালের গোড়ার দিকের ঘটনা। স্যার, এখন যিনি কেন্দ্রীয় সরকারের সাদার্ন সেকটারের ডিরেক্টার জেনারেল, জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার শ্রী ডি. আর. আর. খেদকার—যিনি বর্তমান ডি. জি আছেন তিনি অবসর গ্রহন করলেই ইনি ডিরেক্টার জেনারেল হবার কথা। ইনি ১৯৬২ সালের গোড়ার দিকে ডেপুটী ডিরেক্টার

জেনারেল ছিলেন। জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া কেন্দ্রীয় সরকারের গুরুত্বপূর্ণ দপ্তর ২ নম্বর চৌরঙ্গীতে স্যার তার কেন্দ্রীয় দপ্তর তার বাড়ী হলো সরকারী বাসগৃহ ২২ নম্বর বেলভেডিয়া এস্টেট। কোন সূত্রে তার সঙ্গে সম্পর্কিত মিস্টার মাসুদ বলে এক ভদ্রলোক এর বাড়ীতে থাকতেন। মাননীয় মুখ্যমন্ত্রী শুনুন, তদন্ত করে দেখুন আমার কথা সত্য কি না। এবং সেখানে, স্যার ছোটখাট কয়েকটি লেবরেটারি সৃষ্টি করেছিলেন— কি করে ডেভালপ করতে হয়, কি করে ফোটস্টাট কপি করা যায় —ছোটখাট একটা লেবরেটারি করেছিলেন এই মাসুদ সাহেব ঐ ডেপুটি ডিরেক্টার জেনারেল যিনি ছিলেন মিস্টার খেদকার তার বাড়ীতে সরকারী বাসভবনে। এবং আশ্চর্য্যের কথা ঐ মাসুদ সাহেবকে পাকিস্তান ডেপুটি হাই কমিশনার অফিস থেকে গাড়ীও দেওয়া হয়েছিল—গাড়ীর নম্বর আমি বলে দিচ্ছি স্যার, ডাবলিউ. বি. ডি. ৫৭৩২—তাকে দেওয়া হয়েছে। কিসের বিনিময়ে তাকে দেওয়া হয়েছে? এই বিনিময়ে যে জিওলজিক্যাল সার্ভের যে গুরুত্বপূর্ণ ম্যাপ সেই ম্যাপ ঐ খেদকার সাহেবের মারফত মাসুদ সাহেব ডেভালাপ করে ফোটস্টাট কপি করে পাকিস্তান ডেপুটি হাই কমিশনারের কাছে পাচার হবে। এবং স্যার, এখানে একজন এ্যাসিষ্ট্যাণ্ট জিওলজিস্ট ছিলেন তার নাম এ. কে. মেনন আমারই বাড়ীর কাছে তিনি থাকতেন। সেই মেননের উপর ভার দেওয়া হয়েছিল ৭ খানা ম্যাপের নকল ঐ মাসুদ সাহেবকে দেবার জন্য। এবং মেনন তাতে আপত্তি করেছিলো, এবং তার জন্য তার বিরুদ্ধে চার্জ এল ইনসাবডিনেশান এবং এই চার্জে তাকে ডিসমিস করা হয়েছে এবং তাকে স্যাক করা হয়। সেই মেনন আমাদের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলালের কাছে আবেদন করে রেখেছেন কিন্তু আজ পর্যন্ত কোন বিচার হয়নি কোন জবাব পর্যন্ত পায়নি। স্যার, কি কি ম্যাপ গেছে আপনি শুনুন। কোন্ ম্যাপ মেনন দিতে আপত্তি করেছিল তা শুনুন। ইণ্ডিয়া পাক সীমান্তের যে ম্যাপ, ইণ্ডো টিবেটিয়ান বর্ডার এর যে ম্যাপ সেই ম্যাপ দিতে মেনন আপত্তি করেছিল। আমাদের মুখ্যমন্ত্রী শুনুন ৫ হাজার ম্যাপ আমাদের জিওলজিক্যাল সার্ভে থেকে বেরিয়ে গিয়েছে। এর মধ্যে এরিয়াল ফটো ম্যাপ আছে, ফটোস্টাট কপি আছে, গুরুত্বপূর্ণ দলিলের টপোসীট আছে এবং কতকগুলি রেস্ট্রিকটেড ম্যাপ আছে। এইরকম প্রায় ৫ হাজার কপি জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া থেকে এই কয়েক বছরের মধ্যে খোয়া গেছে। সেখানে স্যার আরেক মজার ব্যাপার। আবেকজন কর্মচারী সেখানে কাজ করছে নাম ভাড়িয়ে, ভাড়িয়ে প্রথম নাম দিলেন তিনি স্টিভেন, তারপর সার্ভে ডিপারমেণ্টে তিনি কাজ নিলেন জিতেন বিশ্বাস বলে, তারপর পোর্ট কমিশনার অফিসে গিয়ে ঢুকলেন ১৯৪২ সালে, তারপর ৪৭ সালে পাকিস্তান চলে গেলেন। পাকিস্তান জিওলজিক্যাল সার্ভেতে ঢাকাতে সেখানে কাজ করেছিলেন ৪৯ সাল পর্যন্ত। তারপর ফিবে এলেন এখানে এবং তিনি এখন কাজ করছেন দায়ামাতুল্লা নাম নিয়ে। এই নাম নিয়ে তিনি সেখানে কাজ করে চলেছেন।

[4-10—4-20 p.m.]

মজা হল এই যে ঐ পাকিস্তানের গুপ্তচর উপর থেকে নিচে, এদের কোন জাতের বালাই নেই, সে হিন্দু হোক আর সে মুসলমান হোক, এইভাবে আজ আমার ভারতবর্ষের বিরুদ্ধে কাজ করছে। স্যার, দাঙ্গার সময় আমরা কলকাতায় কি দেখেছি? দাঙ্গার সময় পাকিস্তানের ডেপুটি হাই কমিশনার যে কর্মব্যস্ততা, তিনি যে এ্যাকটিং ছিলেন সেটা মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন। টেপ রেকর্ডিং করেছে, ফটো তুলেছে এবং সেগুলি পাকিস্তানে পাচার করেছে এ কথা কি তিনি জানেন না আমাদের যে আই. বি. ডিপার্টমেণ্ট এস, বি, ডিপার্টমেণ্ট তারা খুবই কুশলী। তারা কর্মদক্ষতা দেখায়, কখন দেখায়, যখন বিরোধী দলের লোকদের ধরতে হয় তখন দেখায়। এই রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে এসেছে। কিন্তু সেই দ্বিধাগ্রস্থ মনোভাব—উই ক্যাননট কল দি স্পেড এ স্পেড এই যে শঙ্কা, দ্বিধা, ইতস্ততঃ মনোভাব এর ফলে কঠোর হতে পারেন নি। স্যার, এই পাকিস্তানের ডেপুটি হাই কমিশনারের অফিসে স্টাফ এবং ফ্যামিলি মেম্বার নিয়ে ৩ শোর মত আছে। যেখানে যেখানে সংখ্যালঘুদের মহল্লা আছে সেখানে এরা ছড়িয়ে আছে কলকাতা শহর জুড়ে। সবাই পাকিস্তানী ন্যাশন্যাল, একজন ইণ্ডিয়ান ন্যাশান্যালকে তাঁরা রেখেছেন, তিনি হচ্ছেন একটি ভারতীয় মুস্লিম মহিলা, তাঁর সম্পর্কে মুখ্যমন্ত্রীর কাছে কি আই. বি. রিপোর্ট আছে সেটা আমি জিজ্ঞাসা করতে চাই? তা ছাড়া স্যার, ওয়েণ্ট বেঙ্গল গভর্নমেণ্টের আই. বি. ডিপার্টমেণ্ট ঐ

অ্যাকটিং ডেপুটি হাই কমিশনার সম্পর্কে রিটিন রিপ্রেজেনটেসান দিয়েছেন। সে সম্পকে আমাদের এখান থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কোন কিছু লেখা হয়েছে? যদি লেখা হয়ে থাকে তাহলে কেন্দ্রীয় সরকার কি সে সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করছেন? ঈদের দিনে আমরা দেখেছি—আমি এই হাউসে দাঁড়িয়ে বলেছিলাম মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলাম যে আমরা চাই এখানে ঈদ আড়ম্বর-র সঙ্গে উদ্‌যাপিত হোক যাতে পশ্চিমবাংলার সুনাম কলঙ্কিত না হয়, এই সভার কংগ্রেস দলের সদস্য দেবপ্রসাদ চ্যাটার্জীর বাড়ীতে ১৫ তারিখে রাত বেলায় আমরা নিমন্ত্রণ খেতে গিয়েছিলাম, তিনি সেখানকার সংখ্যালঘুদের বাঁচাবার জন্য আপ্রাণ চেষ্টা করেছেন, পাগলের মত ছুটোছুটি করেছেন, তিনিও দুঃখ করে বলছিলেন, সেই সব এলাকায় কার উস্কানিতে কালো ব্যাজ পরেছে, কালো পতাকা তুলেছে এবং সমস্ত কলকাতায় এক রকমের কাপড়। একটা সংগঠিত প্রচেষ্টা যদি না থাকে তাহলে তা কি সম্ভবপর? স্যার, আজকে কি জিজ্ঞাসা করতে পারি না মুখ্যমন্ত্রী চলে গেছেন, তিনি জবাব দেবেন, যে মুখ্যমন্ত্রীর বাড়ীতে একজন উপমন্ত্রী জিয়াউল হক সাহেব দাঙ্গার সময় ছিলেন কিনা? কোন প্রয়োজন ছিল না তাঁর মুখ্যমন্ত্রীর বাড়ীতে আশ্রয় নেবার। তিনি ৭ নম্বর লোয়ার সার্কুলার রোডে থাকেন। কলকাতায় বোধ হয় ৩০ খানা বাড়ী আছে। তা সত্বেও তিনি এখানে এসে আশ্রয় নিয়েছিলেন। কেন্দ্রীয় সরকারের মন্ত্রী হুমায়ুন কবীর মুখ্যমন্ত্রীর বাড়ীতে এসে আশ্রয় নিলেন। এর দ্বারা কি পাকিস্তানকে শক্তিশালী করা হচ্ছে না প্রচার করার জন্য যে কলকাতা শহরে এমন নিরাপত্তার অভাব যে উপমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রীকে মুখ্য-মন্ত্রীর বাড়ীতে আশ্রয় নিতে হয়েছে। এই প্রচার করবার সুযোগ দিলেন কেন? আমি সেদিন বলেছিলাম যে আমাদের এখানকার ভূতপূর্ব মন্ত্রী সাত্তার সাহেব তিনি তো সি. আই. টি. রোডের বাড়ী ছেড়ে আসেন নি? তিনি তো মুখ্যমন্ত্রীর বাড়ী আশ্রয় প্রার্থনা করেন নি? স্যার, সালাউদ্দিনকে ধরবার কথা নিয়ে বারবার আমরা এখানে বলেছি। আমার বন্ধু বিজয় সিং নাহার মহাশয় এখানে আছেন। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই ১০ই জানুয়ারী তারিখে যখন কলকাতায় দাঙ্গা সুরু হয় সেই সময় পাকিস্তানী ডেপুটি হাই কমিশনার দুটি গাড়ী সি. ডি. ২১২৩, সি. ডি. ২১২৪, সালাউদ্দিন সাহেবের বাড়ীতে ১০।১২ খানা বড় বড় সুটকেশ নামিয়ে দিয়েছিল কিনা?

এবং যখন নন্দজী ১৪ই তারিখে সেখানে যান সেদিন ঐ বড় সালাউদ্দিন সম্পর্কে সেই এলাকায় মানুষরা সেদিন বলেছিল, তার বিরুদ্ধে অভিযোগ করেছিল। বিজয় সিং নাহার মহাশয় নন্দজীর সঙ্গে ছিলেন। স্যার, ছবি বেরিয়েছে ১৫ই তারিখের সংবাদপত্রে বিজয় সিং নাহার মহাশয় আছেন, নন্দজী আছেন সালাউদ্দিন কাউন্সিলার তিনি আছেন এবং তাঁর বড় ভাই আছেন। স্যার, যাদের কদিন পরে ধরা হল কোন রিপোর্ট কি তাঁরা পাননি? নন্দজী বলেছিলেন বড় সালাউদ্দিনের কথা শুনে যে গ্রেপ্তার করা হোক বলেছিলেন কোথায় সেই সালাউদ্দিন—আমাদের শ্রমমন্ত্রী বলেছিলেন এই তো সালাউদ্দিন রয়েছে যে কাউন্সিলার সেই সালাউদিনকে দেখালেন সঙ্গে ঘুরছে। তখন তারা প্রতিবাদ করলো এই সালাউদ্দিন নয় বড় সালাউদ্দিন নাটের গুরু তাকে ধরা হচ্ছে না। নন্দজী হুকুম দিয়েছিলেন। মুখ্যমন্ত্রী জবাব দেবেন আমি জিজ্ঞাসা করছি যে সৈয়দ বদরুদ্দোজা এবং সালাউদ্দিন এ দুজনকে ধরার জন্য এক সঙ্গে তাঁর টেবিলে ফাইল এসেছিল, তিনি প্রথমে মৌখিক বলেছিলেন সে এই দুজনকে গ্রেপ্তার করা হোক। অর্ডার সহি করার সময় বদরুদ্দোজা সাহেবকে ধরা হল, সালাউদ্দিনকে সরিয়ে দেয়া হল, কেন—মা ভোটেশ্বরীর কৃপায়। সেই ভোটেশ্বরীর দরকার আছে এবং আমাদের এম এল এ হলেও আমি জবাব চাই তার কাছ থেকে একথা সত্য কিনা যে নরেশনাথ মুখার্জী, আমাদের এম এল এ তিনি গিয়ে এ নিয়ে তদ্বির করে ছিলেন কিনা। যে দিন সালাউদ্দিনকে গ্রেপ্তার করা হবে সেদিন সকাল বেলায় অর্ডার দেয়া হচ্ছে। কেউ ছিল না, সকালে মুখ্যমন্ত্রীর ঘরে গিয়ে নরেশবাবু কান্নাকাটি করলেন তাঁকে যেন গ্রেপ্তার করা না হয়। স্যার, এর দ্বারা কি প্রমাণিত হয়? মজা হল এ ১৩।১৪ই তারিখে বড় সালাউদ্দিনের বাড়ী সার্চ হয় এবং আশ্চর্যের কথা সেই সময় কোলকাতায় যে ১০টা ব্রিগেডিয়ার দাঙ্গা থামাবার জন্য লালবাজারে ছিলেন তাঁদের মধ্যে একজন ব্রিগেডিয়ারকে

সার্চ হবার কয়েক ঘণ্টা আগে সালাউদ্দিনের বাড়ীতে দেখা যায়? সেখানে একজন পুলিস অফিসার হঠাৎ ব্রিগেডিয়ারকে দেখে জিজ্ঞাসা করেন কি ব্যাপার, আপনি এখানে কেন—সে বিস্মিত হয়ে গেল, বল্লো যে আমি একটা জরুরী ডায়েরী ফেলে গেছি, সে ডায়েরীটা এখানে ফেলে গেছি কিনা খোঁজ করতে এসেছি। সার্চ হবে, ব্রিগেডিয়াররা লালবাজারে থাকে এবং প্রত্যেকটা থানার সাথে যুক্ত সেই ব্রিগেডিয়ার গিয়ে সালাউদ্দিন সাহেবকে আগে হুসিয়ার করে দিল আজ তোমার বাড়ীতে সার্চ হচ্ছে, কয়েক ঘণ্টা পরে সার্চ হবে। বেনিয়াপুকুর থানায় এই সমস্ত ঘটনা ডায়েরী আকারে লিপিবদ্ধ করা আছে। স্যার, সেজন্য আমি চাই সে সম্পর্কে তদন্ত হওয়া দরকার। কঠোর ব্যবস্থা অবলম্বন করা দরকার। মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কি যে এই সালাউদ্দিনকে গ্রেপ্তার-করার পর এই সভা থেকে কয়েকজন সদস্য, ঐ সভা থেকে কয়েকজন সদস্য তদ্বির করতে গিয়েছিলেন কিনা মুখ্যমন্ত্রীর কাছে, যে ছেড়ে দেয়া হোক। অবশ্য মুখ্যমন্ত্রী খুব শক্ত হয়েছেন কিন্তু তাঁর এই দৃঢ়তা তিনি আগে কেন দেখাননি? পয়গমের কথা উঠেছে আমার প্রশ্ন আছে, তার জবাব মুখ্যমন্ত্রী দেবেন। পয়গম দিনের পর দিন যে সাম্প্রদায়িক-তার বিষ ছড়াচ্ছে আমি জিজ্ঞাসা করছি—১লা ফেব্রুয়ারী তারিখে পয়গম অফিসে সভা হয়েছিল কিনা এবং সেখানে একজন কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, আসামের অথমন্ত্রী ছিলেন, কয়েকজন কংগ্রেসী এম এল এ ছিলেন এবং একজন সাচচা ভারতীয় নাগরিক ডাঃ আবুল হাসান ছিলেন। সেখানে যে প্রস্তাব হয় কি অদ্ভুত প্রস্তাব যাদের ক্ষতি হয়েছে সেই সমস্ত ক্ষতির পরিমাণ বাড়িয়ে বাড়িয়ে দেখাও। বাড়িয়ে বাড়িয়ে দেখালে কেন্দ্রীয় সরকার থেকে ১০ কোটি টাকা পাইয়ে দেব।

[4-20—4-30 p.m.]

একজন সাচচা ভারতীয় নাগরিক ডাঃ আবুল হাসান সাহেব বলেছেন যে এতবড় অধর্ম আমি করতে পারবো না, আমি প্রতিবাদ জানাবো। অন্য সকলেই এই প্রস্তাব গ্রহণ করেছে এবং এই ভাবে কাজ চালাবার জন্য সংখ্যালঘুদের কাছে বলা হয়। স্যার, হোম ডিপার্ট-মেণ্টের আবু হেলাল বলে একজন ক্লার্ক—পয়গমের এডিটোরিয়ালএ লেখে সেই ভদ্র লোক এবং কি কুৎসা লিখেছেন, সাম্প্রদায়িকতার জিগির তুলেছেন। মুখ্যমন্ত্রী মহাশয় অন্যান্য সংবাদপত্রের হয় মালিক কিম্বা সম্পাদকদের ডাকছেন, সংযত করতে হবে বলে। ভাল কথা, সংযতই হোক, আমরা চাই না এখানে কোন গোলমাল হোক। কিন্তু এখানে একতরফা ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সেই বিকৃত সেকিউলারিজম, পারভার্টেড সেকিউলারিজম দেখান হচ্ছে—উর্দু সংবাদপত্রের মালিককে ডাকা হচ্ছে না। পয়গমের সম্পাদককে ডাকা হয়েছে কিনা, আমি জানতে চাই। তাদের ডেকে সতর্ক করা হচ্ছে কিনা? পয়গমে মাত্র কয়েকদিন আগে লেখা হয়েছে যে এখানকার সংখ্যালঘুদের সম্পর্কে তাঁদের কোন চিন্তা নেই। অথচ পাকিস্তান আমাদের শত্রু দেশ, সেখানকার শত্রু দেশের সংখ্যালঘুদের নিয়ে আসবার জন্য জানান হয়েছে, তাদের আহ্বান করা হচ্ছে, শত্রুর সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। এই সব কথা "পয়গম" লিখছে। আজকে সেই সম্পর্কে আমাদের সরকার কেন দ্বিধাগ্রস্ত মনোভাবের পরিচয় দিচ্ছেন, তা বুঝতে পারছি না। সুতরাং আজকে ভারতবর্ষে সকলের নিরাপত্তা অক্ষুণ্ণ রাখার জন্য এবং বর্তমান পরিপ্রেক্ষিতে কঠোর হস্তে সকল শত্রুকে দমন করতে হবে। সে হিন্দু হোক, মুসলমান হোক, নিজের দলের লোক হোক বা বিরোধী দলের লোক হোক, তাদের সকলের বিরুদ্ধে স্টেপ নিতে হবে—যাতে তারা পশ্চিম বঙ্গের নিরাপত্তার বিরুদ্ধে পাকিস্তানকে সাহায্য করতে না পারে। পাকিস্তানী কার্য্য-কলাপ এতটুকু যদি আমাদের এখানে দেখা যায়, তাহলে সেই কাজের বিরুদ্ধে দৃঢ় মনোভাব নিয়ে, দৃঢ় হস্তে তাকে বন্ধ করতে হবে। তা যদি করা না হয় তাহলে আবার এখানে পাকিস্তান জমি চাইবে, আবার এখানে গোলমাল লাগবে। এই সব বন্ধ করার জন্য কঠোর হস্তে সত্যিকার ধর্মনিরপক্ষ রাষ্ট্রের আদর্শ যেটা সেই আদর্শকে সামনে রেখে, এবং সঙ্গে সঙ্গে রাষ্ট্রের নিরাপত্তার কথা সামনে রেখে আমাদের কাজ করে যেতে হবে।

Shri Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, the question today is not whether Pakistan has entrenched into a strong enclave within the heart of West

Bengal. The question is how deep-rooted it is, the question is how such a thing been made possible, and the third and the most important question is how to deal with this problem which is gradually mounting in dimensions. Sir, the whole thing has been made possible on account of the flippant, cavalier like, indolent and imbecile policy on the part of the Government in relation to these mischievous sections of the Mussalman community. Sir, my good friend Shri Naren Das has just touched the historical perspective, but there is another aspect of the matter which I would like to emphasise upon. Sir, about a year back or a little more when or our country was faced with aggression from China all Communist people were put into the dock. Many of them were summarily arrested and kept in detention although I know that more than 50 per cent. of these people had nothing more to do with China than even the best of congressmen. But ever since 1947 Pakistani forces are gradually crawling into the field, digging deep down and making their base stronger and stronger but nothing has been done in spite of the fact that Pakistan has entered into an unholy alliance with China. Why? Because Communists have been considered—and they are—political rivals of the ruling party. Therefore, they have been dealt with one yardstick, but these insincere hypocritical Musalmans who overnightshed black caps, donned white khaddar caps, white khaddar pyjamas and chapkans, became very good congressmen overnight and our leaders have not the eyes to see the ears to hear or the little brain to understand the implication. Sir, our demi-god the Prime Minister was revelling in the dream of the international prominence I won't belittle him by saying that he is a show boy or a showgirl, but he was moving like a jockey in the international horse race show. Taking advantage of this, these ovenight Indian patriots began to dig their grounds. If the Home Minister can kindly bring up a file of 1949 he will find in his own Home Department one Muslim Leaguer who had joined the Congress being addresed a letter by another Muslim Leaguer who did not join Congress—he said, "Why have you joined Congress in spite of our previous persuasions and political professions?". He wrote back an that letter is in the file of the Home Department —"Let the storm blow over our heads. Then we shall find our feet and we shall know at that time on what track to walk" Now, the storm has blown over. They have received comfortable berth in the ruling party. Many amongst them are real patriots, many Musalmans are also real patpatriots. There are other political parties in which there are real patriots but this planning has been going on from the beginning and these Pakistani elements have been dispersed into the different major political parties so that they may have some say in the day to day affairs and at the time of the critical juncture or at the time of critical show they might have some help to give to the show down from the other side.

Sir, one thing you will kindly consider. Today so many infiltrators and spies are here. It is not an overnight proposition. This has been done by planning and the matter has developed over years and years. Why has it been so done? I speak on definite authority that when the I. B. reports speak about the movements of these things they go to the Home Department. The I. B. have no authority—that is the policy of the Government—to arrest a single undesirable person who is a traitor to the country or an enemy to the country unless there is a sanction by the Home Department. Sir, ordinary crimes are such in which the matter does not go to the Home Minister, the matter does not go to the Home Department Therefore, the position has come to such a dismal state that ever since 1947 right up to 1964 there are at least 100 persons of West Bengal about and against whom the reports of the Bengal I. B. and the Central I. B. are unanimous that these people are fomenting discord, these people are fomenting dissatisfaction, these people are hirelings of the Pakistan Government, these people are digging trenches for Pakistan to come and have repository.

[4.30—4.40 p.m.]

They are waiting in the rest houses and guest houses are ready. But no action has been taken. Why? Because, as I have already contended, politically these people do not challenge this Government and our Government, instead of taking this matter as a matter of national problem and crisis, have looked upon it only as a political question and they have given political shelter, polittical patronage and political immunity who, however undesirable they may have been from the countrys, point of view, are , for the time being, dociling and obliging assistance to the party in power. I challenge this Government. Even today Pakistan is not alone. Ever since 1958 I have been crying hoarse that Pakistan is out for military bid upon Western Bengal and the whole complexion has been made darker by the recent alliance with China. Even after Pak-China alliance how is it and why is it that these undesirable persons, who are not only allowed to remain and flourish, are also allowed to import and irrigate new forces from outside? And the planning is done in a very decent and simple manner. The same family has got one branch here and another branch there. When they come over here, however in a secular state the Hindus and the Muslims might be nearer to each other, as a practical propcsition when Muslims from outside come over here, they do not mix with the social life of the Hindus, however politically advanced they may be. They generally go and take shelter in the Muslim localities; they become guests of the other branches of the families who are here, and they have a breeding ground there. They get shelter there and from there they are manoeuvring and piloting their nefarious activities.

The next question that I have mooted is, how to break this vicious thing. I beg to submit, Sir, that we should call upon such families who are here, whose branches are there and to whose houses people from the other branches come over, to disclose, in course of a fortnight, names of those persons who are coming over, names of those persons who are staying with them, the length of their stay, the purpose of their stay, and the localities of those people.

Sir, after all the nation is in danger. It is a national crisis. Secularism is good. Minority protection may be better but the interest of the country is supreme. I think the Government ought to have this courage to ask their Mohammedan friends of all political persuasions,—leaders there are undoubtedly, there are leaders who mean well of the country—the ring leaders of the Muslim community belonging to all persuasions, to come forward and to go to the Mohammedan localities, to the borders of Murshidabad, Nadia and other places and ask local Mohammedans to disclose the list of those persons who have been travelling without documents, who have remained there and have become prosperous and who are moving about for unknown reasons. Is it not the thing worth doing?

Then, there is another important matter. It should be a mandatory part by the directive of the Government that in every police station, in every thana, by beating of drums and also by other proclamation, a list should be announced of persons who are there so that not only the Muslims of Indian mind but also the Hindus will know who is who and it will be again for them by their joint endeavour to squeeze out those elements from this side of the border. After all, you must relieve the weight, you must relieve congestion of these Pakistani people. You must clear the climate of suspicion, distrust and dismay.

Then there is another matter. Sir, I think the Hon'ble the Chief Minister will hear this. So long as the Party Government runs like this, the Home Minister or the Chief Minister or even a very good person like Mr. P. C. Sen will not be able to withstand the influence of the party man from behind. Therefore, in the interest of his efficiency, in the interest of his good name, in the interest of the good name of the Goverment, in the interest of this good province to which we all belong in the interest of the security of the country, we want these things to be done immediately,

namely, the Intelligence Department files regarding Pakistani people must be handed over to the Governor. Governor must be guided by these people of the I. B. Department and, as the Head of the State, the discretion, duty and option should remain with the Governor to act in the needed way. The party leader will not be able to do that. The Governor is not a non-party man but, at the same time, we expect that our leaders at the top should post in this border State such persons as Governors who have got military intelligence behind their back.

We should take persons who have personality, having seen war in the actual war field, having known what espionage is and how to deal with that position. Sir, now that we are in the midst of a national crisis, our Governor must be a military man of personality and all the Intelligence Department files with regard to Pakistan and Pakistani men must be the exclusive preserve of the Governor. If need be he will take counsel, advice and guidance from the Chief Minister and from other persons. Sir, in order to cut the Gordian knot we must go in for prescriptions which might be new, bitter for the Union but it will be worthwhile for the patient who is dying. Thank you, Sir.

Shri Amar Prosad Chakraborty :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের দেশের ভবিষ্যৎ সম্বন্ধে আজকের এই গুরুত্বপূর্ণ আলোচনার প্রভাব যে কত সুদূরপ্রসারী সেটা চিন্তা করে আমি আজকের এই আলোচনায় অংশ গ্রহণ করছি। স্যার, আপনি জানেন আমরা ধর্মের ভিত্তিতে দেশ বিভাগ করায় সম্পূর্ণ বিরোধী এবং ধর্মের ভিত্তিতে দেশ বিভাগের বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন নেতাজী সুভাষচন্দ্র এবং নেতাজী সুভাষচন্দ্র ধর্মের ভিত্তিতে হিন্দু মুসলমানদের এইভাবে ভাগাভাগী করে পাকিস্তান সৃষ্টি করার সম্পূর্ণ বিরোধী ছিলেন। তিনি এও বলেছিলেন কালচারালী, পলিটিক্যালী এবং ইকনমিক্যালী দেশকে যদি শেষ করে দিতে হয় তাহলে দেশবিভাগই একমাত্র তার সর্বনাশ ডেকে আনবে। আমাদের কাছে হিন্দু মুসলমানের কোন প্রভেদ নেই। আমি সেদিনও বলেছি গভর্নরের অ্যাড্রেসে যে দেশদ্রোহী যারা সে হিন্দুই হোক, মুসলমানই হোক, খৃষ্টানই হোক তার কোন ক্ষমা নেই। দেশের স্বাধীনতা হরণ করার জন্য বা দেশের স্বাধীনতাকে আজকে বিকিয়ে দেবার জন্য যদি কেউ মীরজাফরী বৃত্তি গ্রহণ করে বা গোপনে আমাদের ভেতর থেকে যদি আমাদের দেশের স্বাধীনতাকে বিকিয়ে দেবার জন্য কেউ প্রচেষ্টা করে তাহলে আমি তাকে শাস্তি দেবার জন্য এবং তার প্রতিবিধান করার জন্য সরকারের কাছে আবেদন করছি। এখানে বিভিন্ন বক্তার বক্তৃতায় মধ্য দিয়া সরকারের এত বছর ধরে অপদার্থতা এবং ইমপোটেনসীর পরিচয় পাওয়া গেছে। আজকে দেশের এই অবস্থা দাঁড়িয়েছে। আমি আর একবার তাঁদের কাছে আবেদন জানাই যে আজকের দিনে মুসলীম লীগের বিভিন্ন সদস্য যাঁরা আজকে কংগ্রেসের পক্ষপুটে আশ্রয় নিয়ে আছেন এবং যাঁরা এখানে বিভিন্ন হাউসের মেম্বার আছেন তাঁদের সম্বন্ধে তারা অনুসন্ধান করুন। এছাড়াও আরো যে সমস্ত ব্যক্তি সম্বন্ধে এখানে বলা হয়েছে তাঁদের সম্বন্ধেও অনুসন্ধান করুন। আমি স্যার ২।১টা উদাহরণ আপনাকে দিতে চাই। একজন লোক যিনি আমাদের লেজিসলেচারের মেম্বার, যিনি আগে মুসলীম লীগের প্রেসিডেণ্টে ছিলেন এবং ভারত স্বাধীন হবার পর অ্যারেস্টেড হয়েছিলেন তিনি পরে আবার কংগ্রেসের পক্ষপুটে আশ্রয় গ্রহণ করেছেন তার একটা মাদ্রাসা আছে, সে মাদ্রাসার বেশীরভাগ শিক্ষক হচ্ছেন পাকিস্তানী। সেখানে রাতদিন পাকিস্তান সম্বন্ধে আলোচনা হয়, পাকিস্তান সম্বন্ধে আমাদের ভেতর থেকে খবর চলাচল করার সম্পূর্ণ মেসিনারী সেখানে সেটআপ করা আছে। স্যার, এটা শুধু নগরে নয়, বিভিন্ন সীমান্ত জেলায় মধ্যে আজকে এই চক্র দানা বেঁধে উঠেছে। যেমন মালদহে, মুর্শিদাবাদে এই চক্র দানা বেঁধে উঠেছে, ঠিক তেমনি ক্রণ্টিয়ার ডিস্ট্রিক্টে এই চক্র দানা বেঁধে উঠেছে। সুতরাং স্যার, আমার বক্তৃতা দীর্ঘ না করে আমি শুধু একথাই বলবো যে আজকে দেশদ্রোহী যারা সে মুসলমান হোক, হিন্দু হোক এবং বিশেষ করে সেই সমস্ত মুসলমান মুস্লীম লীগের নেতৃবৃন্দ যাঁরা এখন কংগ্রেসের পক্ষপুটে আশ্রয় গ্রহণ করে আছেন তাদের সম্বন্ধে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করে আজকে দেশকে ভয়াবহ দুর্দ্দিনের হাত থেকে রক্ষা করুন।

:40—4-50 p.m.]

ার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন পরলোকগত ডা: বিধান চন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী লেন, তখন স্যার, এখানকার একজন ডেপুটি মিনিস্টার যিনি এখন এক্স-ডেপুটি নিস্টার তাঁর সম্বন্ধে এস. বি. রিপোর্ট আছে। সেই রিপোর্টটা আপনি দেখুন। সেই স. বি. রিপোর্টে ছিল যে পাকিস্তানের সঙ্গে তাঁর ঘনিষ্ট সংযোগ আছে। সেই এস. ি. রিপোর্ট এখনও মুখ্যমন্ত্রী মহাশয়ের ফাইলএ আছে। সেই এক্স-ডেপুটি মিনিস্টর ম্বন্ধে যখন এই হাউসে আলোচনা হয়, তখন তিনি থ্রেটেন করেছিলেন মেম্বারদের। ার এতবড় স্পর্দ্ধা ও সাহস কোথা থেকে এল তা আমরা জানি না। ঐ এস, বি, রিপোর্ট দেখুন, তাতে তাঁদের সম্বন্ধে অনেক গোপন তথ্য পাবেন। যারা এখানে থেকে, মাদের স্বাধীনতাকে হিংসার চোখে দেখেন, যারা আমাদের স্বাধীনতার বিরুদ্ধে ষড়যন্ত্র রে, গোপন ভাবে সংবাদ সরবারাহ করছে বলে এস. বি. রিপোর্ট দিচ্ছে, তারা আবার খানে আমাদের সাথে এক সঙ্গে বসে, আমাদের ভিতরকার খবর নিয়ে পাকিস্তানে সরবরাহ রছে, দেশের ভবিষ্যতে ভয়াবহ দুর্দিন ডেকে আনছে।

স্যার, আমার শেষ কথা, এই সমস্ত ব্যক্তিদের কার্যকলাপ সম্বন্ধে সরকার যদি সতর্ক না ন, এখনও যদি আমাদের সরকার এদের সম্বন্ধে সাবধান না হন, তাহলে আমাদের খানে মাননীয় সদস্য নরেনবাবু যে আশঙ্কা প্রকাশ করেছেন, সেই ভয়াবহ বিপদ আমাদের ামনে ঘনিয়ে আসছে। আমি পুনরায় বলছি এর জন্য আমরা যদি সাবধান না হই তাহলে শ্চিম বঙ্গ বা আসামের অংশ বিশেষ পাকিস্তানের কুক্ষিগত হয়ে যাবে।

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, after the presentation of facts by Mr. ja.en Das and Mr. Jatin Chakravorty, I don't suppose that we ought to take much f your time. I will seriatim place before you certain question which hav ebeen xercising the public mind.

In the first place I will refer to the burning down of the pandal in Park Circus onstructed in connection with the celebration of the Birth Centenary of Swami 'ivekananda. Sir, the authorities were informed 20 hours earlier that the pandal a in danger of being burnt down. No steps were taken—I have been told by a swamiji connected with the Ramkrishna Mission that the Chief Minister and Mr. aila Mukherjee were both requested to take steps for the protection of the pandal ut no steps were taken. Sir, this is a matter which ought to be enquired into. 'his pandal contained some invaluable mementas connected with Swami Vivekananda. It was, therefore, all the more necessary on the part of the Government o protect it. Luckily those mementos were saved.

Sir, there are Pakistani nationals in essential services—Mr. Chakravorty and others have dilated upon it. What could we do? Sir, I was for about three years Presi lent of the amalgamated Steamer Companies, Employees Association and I noted hat nearly everybody working in the steamers was Pakistani, and I suggested that teps might be taken to squeeze them out. The leaders of the Trade Unions themelves opposed this. They were leftist leaders, they themselves opposed this. imilar experience has been related to me by people who are acquainted with the ituaton in the Dock. The leftist leaders opposed the elimination of Pakistan is orking in the Dock. Now, that is a very undesirable state of things. Sir, if there e any legal difficulties, legislation may be undertaken for the purpose of reoving these Pakistanis.

Sir, I will next refer to the defence of the border. For the defence of the border Government of India do not compensate us adequately. It is, therefore, necesy that the West Bengal Government should strongly demand that all that is ecessary for arranging for the adequate defence of the border should be done at the xpense of the Government of India.

The next question is the question of combing out the disloyal elements here I must congratulate the Government on the arrest of the Salauddins, but there is another matter to which I would like to draw the attention of the House. It is this. After the arrest of Salauddin members of a certain political party are going about telling the Musalmans of the locality that you are being oppressed This man has been arrested and put behind the prison bar without any trial. These are certain difficulties that the Government have to face. But in spite of that the Government ought to be firm and strong. Sir, it is absolutely necessary that the Government should be firm in all these matters. Possibly they do not realise that they are losing support of the people on account of this effiminate attitude they have adopted towards some of these members. I hope the Chief Minister will be good enough to address himself to all the points that have been raised from this side of the House

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় সভাপতি মহাশয়, আজকে আমাদের বন্ধু মাননীয় নরেন দাস মহাশয়, যখন বক্তৃতা দিচ্ছিলেন আমি চোখ বুজে তার বক্তৃতা শুনছিলাম এবং হৃদয়ংগম করছিলাম এবং হৃদয়ংগম করতে করতে মনে হল প্রজা সোসালিষ্ট পার্টির শ্রীনরেন দাস মহাশয়ের বক্তৃতা শুনছি না হিন্দুমহাসভার কোন বক্তৃতা শুনছি। আমি খুব আশ্চর্য হয়ে শুনছিলাম এই জন্য যে স্যার, আপনিও জানেন এবং আমিও যত দূর জানি যে প্রজা সোসালিষ্ট গান্ধিজীর আদর্শকে সামনে রেখে রাজনৈতিক ক্ষেত্রে অবতীর্ণ হয়েছেন। অন্তত আমি যতদূর জানি (শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: আপনারা তো দেশকে ডোবালেন) হ্যাঁ আমরা ডুবিয়েছি কিন্তু তারা ডুবেছেন। দেশবাসী সেটা ঠিকভাবে বুঝতে পেরেছেন এবং তারা চিনে নিয়েছেন যে কারা দেশকে ডোবাচ্ছেন, কারা গান্ধিজীকে ডুবিয়েছেন এবং কারা নিজেদেব ডুবিয়েছেন —গত সাধারণ নির্বাচনের ফলাফল দেখলেই মাননীয় শশাঙ্ক শেখর সান্যাল মহাশয় হৃদয়ংগম কবতে পারবেন। (শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: আপনারা ডুব সাঁতার দিতে পারেন।) হ্যাঁ আমাদেব সেই দোষ আমরা ডুব সাঁতার দিতে পারি চীত সাঁতার দিতে পারি বুক সাঁতার দিতে পারি—সব বকম সাঁতার দেওয়া শেখা চাই যারা সব রকম সাঁতার দিতে পারে তাদের বলে সাঁতারু। আমার বন্ধুবর নরেন দাস মহাশয় প্রজা সোসালিষ্ট পার্টির একজন সম্মানীয় সদস্য বলে আমি জানতাম। আমাদের দেশ যখন বিভাগ হয়েছিল ভারতবর্ষ যখন বিভক্ত হলো একদিকে ভারতবর্ষ আরেকদিকে পাকিস্তান, সঙ্গে সঙ্গে আমাদের বাংলাদেশ অখণ্ড বাংলা আমাদের সাধের বাংলা বিভক্ত হল—একদিকে পূর্ব বাংলা তখন বলা হচ্ছিল, এখন তারা নাম বদলে পূর্ব পাকিস্তান করেছে। আর আমাদেব পশ্চিম বাংলা হয়েছে। এখন আমরা বলছি পশ্চিম বাংলার দরকার নাই একে বাংলা নাম দাও। তাহলে আমরা বাংগালী পশ্চিম বাংগালী নয় এটা ভাল করে হৃদয়ংগম করতে পারি। তাহলে পরে এটা বাংলাদেশ, আমরা বাংগালীর সন্তান সুতরাং পশ্চিমবঙ্গ বাসী যেন আমাদের আর না বলা হয়। যখন আমাদের দেশ বিভক্ত হল তখন আমরা নিশ্চয়ই তাতে অংশ গ্রহণ করেছিলাম। আমার যতদূর মনে আছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার স্মরণ শক্তি আমার চেয়েও ভাল আপনি নিশ্চয়ই জানেন যে কংগ্রেস কমিউনিষ্ট--প্রজাসোসালিষ্ট পার্টির তখন জন্ম হয়নি অন্যান্য দল যারা ছিলেন এমন কি স্বর্গীয় ডাঃ শ্যামা প্রসাদ মুখার্জী মহাশয়ের সঙ্গে বহু জায়গায় একসঙ্গে বক্তৃতা করবার সুযোগ আমি পেয়েছিলাম—আমি বলতে পারি তিনি খুব দৃঢ়তার সঙ্গে বলতেন যে দেশ বিভাগ দরকার।

[4-50—5 p.m.]

(তুমুল হট্টগোল)

Shri Sasanka Sekhar Sanyal :

সমগ্র কংগ্রেস মানে কি? আমি তো কংগ্রেসের মেম্বার ছিলাম, পার্টি সানের ইস্যুতে প্রোটেষ্ট করে আমি সেন্ট্রাল এ্যাসেম্বলী থেকে রিজাইন করেছিলাম।((শ্রী যতীন চক্রবর্তী: হি হ্যাজ দি কারেজ অফ কনভিক্সান।) আমার বন্ধু শশাঙ্ক সান্যাল মহাশয়ের যে সাহস আছে, তাঁর যে নিজের মত আছে সেটা আমরা সকলেই জানি। সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু মাননীয় সদস্যরা যখন বলছিলেন তখন আমি চোখ বুজে তাঁদের কথা হৃদয়ংগম করছিলাম, তারপর চোখ মেলে দেখি আর তাকাই। (শ্রীঅমর প্রসাদ চক্রবর্তী: ফরওয়ার্ড ব্লক পার্টি সানের বিরোধী ছিল।) আমরা

পার্টি সানের বিরোধী ছিল। আমি ফরওয়ার্ড ব্লকের নাম করি নাই, আর, এস, পি'র ও নাম করি নাই আমি বলেছি পি, এস, পি'র তখন জন্ম হয়নি। কাজে কাজেই এই উষ্মা প্রকাশের কোন কারণ নেই। আমি বলছিলাম কংগ্রেস পার্টি তাতে সম্মতি দিয়েছিল, কমিউনিষ্ট পার্টি তাতে সম্মতি দিয়েছিল এবং এমন কি হিন্দু মহাসভাও তাতে সম্মতি দিয়েছিল। আমি যাদের নাম করি নাই তাদের টানাটানি করে কি লাভ আছে। তবে এটাও সত্য কথা যে প্রজা সোসালিষ্ট পার্টি তখন জন্ম গ্রহণ করে নাই। তাতে আপত্তি করার কি আছে? আমি তো কারোর বক্তৃতার সময় কোন আপত্তি জানাইনি। আমি চোখ বুজে হৃদয়ংগম করেছি, চোখ খুলে দেখেছি। আমাদের বন্ধুবর শ্রীশশাঙ্ক সান্যাল মহাশয় বলেছেন যে এক দিকে কানা, আর এক দিকে কালা এবং আমাদের মাথাতে কিছু নেই। কিন্তু তবুও কানা হলেও চোখ বুজে হৃদয়ংগম করেছি, আবার চোখ চেয়ে তাঁদের দিকে তাকিয়ে খুব আনন্দ উপভোগ করেছি এবং চোখে কিছু দেখতে পাই এখনও।

সে যাহাই হোক যখন ভারত বিভাগ হল তখন আমাদের দেশে যারা কংগ্রেসের লোক ছিলেন আমাদের শ্রদ্ধেয় কিরণ শঙ্কর রায় মহাশয় তিনিও আমাদের পার্টিসনের পক্ষেই ভোট দিয়েছিলেন—মাননীয় শশাঙ্ক সান্যাল মহাশয় নিশ্চয়ই সেটা জানেন কিন্তু কংগ্রেসের প্রত্যেক ব্যক্তির মত তো মত নয়, কংগ্রেস প্রতিষ্ঠানের যে মত সেই মত অনুসারে কাজ হয় এবং মাননীয় শশাঙ্ক সান্যাল মহাশয় নিশ্চয়ই জানেন যে কিরণ বাবু পর্য্যন্ত ভোট দিয়েছিলেন যে পার্টিসান হোক। ডাঃ প্রতাপ গুহরায় মহাশয় এখানে উপস্থিত আছেন। তিনিও ভোট দিয়েছিলেন কিন্তু কংগ্রেস তো কোন ব্যক্তি নয় দশ জনের মত অমত থাকতে পারে। মহাত্মা গান্ধী তো আমাদের অনেকের চেয়ে বড় ছিলেন—মহাত্মা গান্ধীও প্রথমে আপত্তি জানিয়েছিলেন যে পার্টিসান আমাদের দেশের পক্ষে খুব ক্ষতি হবে। মহাত্মা গান্ধী আপত্তি করেছিলেন কিন্তু শেষ পর্য্যন্ত মহাত্মা গান্ধী মেনে নিয়েছিলেন, প্রত্যক্ষভাবেই হোক, পরোক্ষ ভাবেই হোক সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমার বন্ধুবর অধ্যাপক মহাশয় ইতিহাস সম্বন্ধে ভাল জানেন, আমি অস্বীকার করছিনা কিন্তু আমি যেটা জানি সামান্য একজন রাজনৈতিক সেবক হয়ে তার মর্ম হচ্ছে যে এই মহাত্মা গান্ধী শেষ পর্য্যন্ত খুব অনিচ্ছার সঙ্গেও এটা মেনে নিতে রাজী হয়েছেন তিনি দুঃখিত হয়েছিলেন শেষ নিশ্বাস ত্যাগ করবার আগেও বলেছিলেন ভারত বিভাগ হওয়া উচিত নয়। ধর্মের উপর দুটো দেশ কখনও ভাগ হতে পারেনা কিন্তু তাঁকেও মেনে নিতে হয়েছিল। আমি যে কথা বলছিলাম সেটা হচ্ছে এই যে আমাদের এখানে যারা ওদিককার কিছু সদস্য ছিলেন কংগ্রেস সেবক আমাদের শশাঙ্ক বাবু নিশ্চয়ই জানেন শ্রীধীরেন দত্ত মহাশয় তিনি সেখানে মিনিষ্টারও হয়েছিলেন, তিনিও ভোট দিয়েছিলেন যে আজকে দুটো ছিল আলাদা হোক। দুটো দেশ যখন আলাদা হয়, আমরা যখন স্বীকার করে নিলাম তখন আমাদের এখানে যে সব মুসলমান ভাই বোনেরা থাকবেন ঐখানে সে সমস্ত হিন্দুভাই ভাই বোনেরা থাকবেন তারা সেই সেই দেশকে নিজের দেশ বলে, নিজের রাষ্ট্র বলে স্বীকার করে নিয়েছিলেন সেই মুসলমান মুসলীম লীগের হোক অথবা কংগ্রেসের হোক, অথবা যে কোন রাজনৈতিক দল ভুক্ত লোক হোক না হোক তাঁরা মেনে নিয়েছিলেন যে ভারতবর্ষে আমাদের থাকতে হবে, ভারতবর্ষ আমাদের দেশ। তেমনি সেখানে যাঁরা হিন্দু ছিলেন কংগ্রেসীই হোক আর অন্য মতাবলম্বী হোক তারাও মেনে নিয়েছিলেন যে পাকিস্থান আমাদের দেশ। আমার আজকে মনে পড়ছে এবং শ্রদ্ধার সংগে স্মরণ করছি সেই মহাপুরুষকে, সতীন সেন মহাশয়কে, তিনি মাঝে মাঝে আসতেন আমি তাঁকে বলতাম আপনি এই বয়সে পাকিস্তান হবার পর, স্বাধীনতার পর আর কতবার জেল খাটবেন এবং মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন কারাগারেই তাঁকে এমন রোগে ধরেছিল যদিও ছেড়ে দিয়েছিল তাঁকে পাকিস্থান সরকার বাইরে এসে মরবার জন্য তিনি মৃত্যুকে বরণ করে নিয়েছিলেন কিন্তু যখন শেষ নিঃশ্বাস তিনি ত্যাগ করলেন, তিনি বলেছিলেন পাকিস্থান আমার দেশ, পাকিস্থানের জন্য আমাকে কাজ করতে হবে। আমাদের এখানে যে সমস্ত মুসলমান থেকে গেলেন তাঁদের মধ্যে কিছু ভালমন্দ বাছাই নিশ্চই করা উচিত কিন্তু যে সমস্ত মুসলমান চলে গেলেন আমি বিশ্বাস করি তাঁরা এই দেশকে নিজের দেশ বলে স্বীকার করে নিয়েছিলেন। (শ্রীশশাঙ্ক শেখর স্যান্যাল: আমি বিশ্বাস করি না)। আমি আমার বন্ধুবর শশাঙ্ক স্যান্যাল মহাশয়ের বিশ্বাসের কথা বলছি না, তাঁর বিশ্বাস আমার বিশ্বাস এক নয় তার আদর্শ আমার আদর্শ এক নয়, তার দৃষ্টিভঙ্গী এবং আমার দৃষ্টিভঙ্গীর মধ্যে আকাশ পাতাল পার্থক্য আছে সেটা আমি জানি কিন্তু আমরা মনে করেছিলাম এবং দেশের অনেকেই মনে করেছিলেন আমাদের সঙ্গে যে আমাদের এখানে সমস্ত মুসলমান থেকে গেলেন লক্ষ লক্ষ কৃষক যারা মাথার ঘাম পায়ে ফেলে লাঙগল করে চাষ বাস করে খায় তারা পাকিস্থান জানেনা, ভারতবর্ষ জানেনা তারা জানে জমি, তারা জানে গরু। তাদের

পর্ণ কুঠির, তারা জানে কি করে আমাদের ক্ষেত থেকে আমরা বেশী শষ্য উৎপন্ন করতে পারবো কি করে আমরা একটু জল পাবো কি করে ম্যালেরিয়ার হাত থেকে বাঁচবো, কি করে আমাদে ছেলেমেয়েদের বিদ্যালয়ের শিক্ষার জন্য পাঠাবো একথা তারা জানে না, তারা ভারতবর্ষও জানে না পাকিস্থানও জানে না।

[5—5-10 p.m.]

তারা পাকিস্থানও জানেনা, ভারতবর্ষও জানেনা, এই চর্চার মধ্যে তারা থাকে না। আমি সেইজন্য বলছিলাম লক্ষ লক্ষ মুসলমান আমাদের দেশের, বিশেষ করে আমাদের গ্রামে গ্রামে যে সব মুসলমান ভাইরা আছেন, তারা খুব মন দিয়ে, আন্তরিকতার সঙ্গে পরিশ্রম করে এবং অত্যন্ত ভাল ভাবে, সুষ্ঠু-ভাবে চাষ বাস করছেন, দেশের সম্পদ তারা বাড়াচ্ছেন, দেশের সমৃদ্ধি তারা বাড়াচ্ছেন। তারা আমাদের মত রাজনীতি করেন না, এবং তারা এই দেশকেই তাদের দেশ বলে মেনে নিয়েছেন,—তারা ভাবে —আমি এখানেই জন্ম গ্রহণ করেছি, এখানেই আমি মরবো, এখানেই আমার কবর হবে। তারা পাকিস্থানে যাবার জন্য একদিনও ভাবেন না এবং তারা পাকিস্থানের হয়ে কাজ করবার কথা কখনও স্বপ্নেও চিন্তা করেন নি। কাজে কাজেই আমি তাদের কথা বলছি, আর যে সমস্ত মুসলমান ভাই, বোনরা মুসলীম লীগে যোগ দিয়ে ছিলেন—আমরা চাই না— যে স্বাধীনতার পর তাঁরা আবার সেখানে থাকবে না যেমন আমরা কেউ চাই না যে আমাদের দেশে অন্ততঃ আমি চাই না, যে হিন্দু মহাসভার কেউ থাকবেন। আমি চাইনা যে আমাদের দেশের কোন মুসলমান মুসলিম লীগে থাকবেন। আমি নিশ্চয় চাই আমাদের এখানকার মুসলিমরা তাদের রাজনৈতিক দৃষ্টি নিয়ে তারা কোথায় থাকবেন, তার ব্যবস্থা তারা নিজেরা করবেন। তারা কংগ্রেসে থাকবেন, কি পি, এস, পি'তে থাকবেন, কি ফরওয়ার্ড ব্লকে থাকবেন, কি কম্যুনিষ্টদের সাথে থাকবেন, কি আর, এস, পির সঙ্গে থাকবেন, তা তাঁরা ঠিক করে নেবেন। তারা কাদের সঙ্গে থাকবেন, সেটা তারা স্থির করবেন। নিশ্চয়ই তাদের সে স্বীধানতা আছে, যে কোন দলে সে যেতে পারবে। কংগ্রেসে নাও সে যেতে পারে। সব মুসলমান ভাইরা, ভোটাররা কংগ্রেসকে ভোট দেননি। এমন অনেক মুসলমান আছেন, যারা কংগ্রেসের বিরুদ্ধে ভোট দেন। আমরা তা জানি। কিন্তু তারজন্য আমরা বলি না যে তোমরা আমাদের দেশ থেকে চলে যাও। তারজন্য আমরা এ কথা উচচারণ করিনা যে তোমরা দেশদ্রোহী, তোমরা ভারতবাসী নও। যেহেতু তুমি কংগ্রেসকে ভোট দাওনি, অতএব ভারতবর্ষে তোমার স্থান নেই, তুমি পাকিস্থানে চলে যাও—তা কখনও আমরা বলিনা। আমার বন্ধু নরেন দাস মহাশয় তিনি একজন গান্ধীবাদী নিশ্চয় তিনি বলবেন যে মুসলিম লীগের মধ্যে মুসলমানরা যারা ছিল, তারা কংগ্রেসে যোগ দিয়েছে এবং কংগ্রেস তাদের খোশামোদ করছে। কেন? ভোটের জন্য। আমরা কাউকে খোশামোদ করিনা। আমি নরেন বাবুর কাছ থেকেও ভোট চাইতে পারি। এটা কিছুত লজ্জার কথা নয়। আমার দেশে যে বাস করবে আমার দেশের যে নাগরিক, যার ভোটের অধিকার আছে, সে যে জাতের হোক, যে ধর্মের হোক, নিশ্চয় তার কাছ থেকে ভোট চাইতে পারি। সেদিন মাননীয় সদস্য নরেন দাস মহাশয় একজন মুসলমান ভদ্র লোকের কথা বলছিলেন—তিনি পার্লামেন্টের মেম্বর শ্রীনৌসের আলি। নরেন বাবুই বোধ হয় বলছিলেন যে মিঃ নৌসের আলিও তো এক সময় মুসলিম লীগে ছিলেন। শ্রীযুক্ত শশাঙ্ক শেখর স্যান্যাল মহাশয় বোধহয় আমার চেয়ে ভাল জানেন, তিনি বলছেন যে তিনি কৃষক-প্রজা পার্টিতেও ছিলেন। মিঃ নৌসের আলি মুসলিম লীগেও ছিলেন, আবার প্রজা-সোসালিষ্ট পার্টির সহযোগিতায়ও তিনি ছিলেন, আবার কম্যুনিষ্ট পার্টিতেও ছিলেন। এবার তিনি এম, পি হয়েছেন। এরজন্য আমি তাঁকে নিষেধ করতে পারিনা। তিনি যদি প্রজা সোসালিষ্ট পার্টিতে যান, তাহলে কি বলবো তিনি দেশদ্রোহী? মুসলিম লীগের কোন লোক যদি অন্য কোন রাজনৈতিক দলে যোগ দিতে চান, তাহলে মনে করবো তাঁর মানসিক পরিবর্তন হচ্ছে, তার সত্যিকারের রাজনৈতিক জ্ঞান হচ্ছে। মুসলিম লীগকে আমরা কোন রাজনৈতিক প্রতিষ্ঠান বলে স্বীকার করিনি। সুতরাং নিশ্চয় তাকে হয় কংগ্রেসে যেতে হবে, নয় তাঁকে পি, এস, পিতে যেতে হবে, নয় তাঁকে [illegible] যেতে হবে, নয় আর, এস, পিতে যেতে হবে। আমি জানিনা পি, এস, পিতে কোন মুসলমান আছেন কিনা? (এ ভয়েস—নিশ্চয়ই আছেন।) আমার কাছে সমস্ত তথ্য নেই। আমি সব সংগ্রহ করতে পারিনি। আমি জানতাম না যে নরেন বাবু এই রকম বলবেন। আমি সম্পূর্ণ তথ্য সংগ্রহ করতে পারিনি, কিন্তু সংগ্রহ করেছি। আমাদের পশ্চিম দিনাজপুরের শ্রীহায়াৎ আলি, তিনি পি, এস, পির টিকিটে আইন সভায় নির্বাচিত হয়ে ছিলেন,—আমাদের এ্যাসেম্বলীতে, বিধান সভায়। কি দোষটা হয়েছে? নিশ্চয় হতে পারেন তিনি। অবশ্য নরেন বাবু বোধ হয় দুঃখিত সেই জন্য

সম্প্রতি তিনি কংগ্রেসে যোগ দিয়েছেন। যদি মুসলিম লীগের লোক পি, এস, পিতে যেতে পারে, সে নিশ্চয়ই কংগ্রেসে আসতে পারে, এবং আসাও উচিত। যদি আমাদের দেশে মুসলীম লীগ থাকতো —পশ্চিম বাংলার কথা আমি বলছি, কারণ ভারতবর্ষে এমন হয়ত কোন জায়গা আছে, যেখানে মুসলিম লীগ আছে। যদি আমাদের পশ্চিম বাংলায় মুসলিম লীগ থাকতো, তাহলে হয়ত নরেন বাবুই বলতেন ওমশাই কি অন্যায় কথা, এখনও আমাদের দেশে মুসলিম লীগ আছে? সাম্প্রদায়িক প্রতিষ্ঠান আছে? কখনও তা থাকা উচিত নয়। (এ ভয়েস—কেরালায় আছে।) আমিও বলেছি অন্য প্রদেশে থাকতে পারে। আমি পশ্চিম বাংলার কথা বলছি। কেরালায় থাকতে পারে। কিম্বা মাদ্রাজে থাকতে পারে। কিন্তু আমি বলছি আমাদের এখানে, পশ্চিম বাংলায় যদি মুসলিম লীগ প্রতিষ্ঠান থাকতো . . . (নয়েস এ্যাণ্ড ইন্টারাপসানস) তা, সেটা এত রাজনৈতিক বুদ্ধি সম্পন্ন লোক আছে আমাদের পশ্চিম বাংলায়, তাদের কৃতিত্বের কথা কিছু হত না, লজ্জার কথা হত যে মুসলিম লীগে যারা ছিল তাদের আমরা কোন দলে, কোন মতবাদের ভিতর আনতে পারলাম না।

যদি এনে থাকে পি. এস. পি. যদি এনে থাকে আমাদের হায়ত আলীকে তাদের দলে তাদের মতে তাহলে ভাল কাজ করেছেন—এতে লজ্জার কি আছে। মহম্মদ জাকীর তিনি করপোরেশানের কাউন্সিলার ছিলেন প্রজাসোসালিষ্ট পার্টির টিকিটে—কিছু অন্যায় নয় কোথায় তিনি আগে ছিলেন মুসলিম লীগে ছিলেন না আওয়ামী লীগে ছিলেন আমার তা জানবার কিছু দরকার নাই। সৈফুদ্দিন কাশ্মীরী তিনি একজন পি. এস. পি. ক্যানডিডেট ছিলেন, আমি নৌশের আলী সাহেবের কথা বলেছি. আমাদের বদরুদ্দজা সাহেব তিনি পার্লামেণ্টের মেম্বার, তিনি একসময় আমরা দেখেছি প্রজা সোসালিষ্ট পার্টির সঙ্গে ভোট দিয়েছেন। নৌশের আলী সাহেব তিনি মুসলিম লীগে ছিলেন, তিনি পি. এস. পি.তে ছিলেন তিনি কংগ্রেসের ছিলেন এবং তিনি এখন কম্যুনিস্ট হয়েছেন। আমি বলছি একটাও যদি হয় তাহলে এমন কোন দোষের কথা নয় এবং এটা হওয়াও উচিত নয়। মুসলিম লীগে থাকা উচিত নয়। আমাদের ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র আমাদের সিকিউলার স্টেট মুসলিম লীগের মত সংস্থা এখানে থাকা উচিত নয়। যদি কোন প্রদেশে থাকে সেটা তাদের রাজনৈতিক যে সব কর্মী আছেন, নেতারা আছেন তাদের কোন গর্বের বিষয় নয়। আজকে এখানে আমরা ঐদিক দিয়ে বিচার করি তাহলে ভুল করা হবে। আমরা কি কংগ্রেসের আদর্শকে মানবোনা, আর. এস. পি.র আদর্শকে মানবো—যদি এই ভাবে বিচার—কিন্তু আমার বন্ধু যতীনবাবু যে ভাবে আরম্ভ করেছিলেন তা আমার খুব ভাল লগেছিল, তিনি বলেছিলেন যে ভারতবর্ষকে নিজের দেশ বলে মেনে নিয়েছেন সে মুসলমান হউক খৃষ্টান হউক আর হিন্দু হউক যে কোন ধর্মের বা সম্প্রদায়ের লোক হউক ভারতবর্ষকে যে নিজের দেশ বলে মেনে নিয়েছে তাকে আমরা রক্ষা করব, নিশ্চয়ই রক্ষা করব। এ সম্বন্ধে আমরা সকলেই একমত। তিনি আরও একটি কথা বলেছিলেন যে লোক বিনিময় চলবে না। আমরা সকলেই এ সম্বন্ধে একমত। কারণ লোক বিনিময়ে এ সমস্যার সমাধান নয়। আমি সেদিন বলেছি যে ভারতবর্ষে ৫ কোটি মুসলমান আছে আর পাকিস্তানে পূর্ব এবং পশ্চিম মিলিয়ে প্রায় ১ কোটি হিন্দু আছে। তাহলে ৫ কোটি আর ১ কোটি যদি লোক বিনিময় হয় তাহলে এই জিনিষটা আয়ুব খাঁ আর আমাদের নেতারা—যদিও আমাদের নেতারা পঙ্গু এবং খারাপ শ্রীশশাঙ্ক শেখর সান্যাল মহাশয়ের মতে—যদি তারা এক সঙ্গে আলোচনা করেন যে ভাইরে ভাই আমাদের ৫ কোটি তোমাকে দিলাম, তোমাদের ১ কোটি ওখানে নিরাপত্তা বোধ নাই—সত্যি নাই তাদের আমরা নিলাম তাহলে ৫ কোটি থেকে এক গেলে ৪ কোটি থাকে তাহলে বলবে যে তোমাদের যখন ৪ কোটি আমরা নিচ্ছি তখন পাঞ্জাব দাও তারপর আসাম দাও—যদিও নরেন বাবু বলেছেন যে আসামের লোক সংখ্যা ৭৫ লক্ষ তা নয় ওর হিসাবে একটু ভুল আছে আসামের লোক সংখ্যা হচ্ছে ১ কোটি ১৮ লক্ষ হবে—তারা বলবে ১ কোটি ১৮ লক্ষর জায়গা পেলাম আরও দাও। তখন এই জিনিষটা বাবু আয়ুব খাঁ আর আমাদের জহরলালের মধ্যে থাকবে না, এটা আন্তর্জাতিক ব্যাপার হয়ে দাঁড়াবে। এই কথা আমাদের যতীন বাবু বলেছেন বলে আমি খুব আনন্দ প্রকাশ করছি।

[5-10—5-20 p.m.]

আবার শেষকালে যতীনবাবুর কতকগুলি কথা শুনলাম, আমার ভাল লাগল না। পাকিস্তানে যে চর হবে সে হিন্দু হোক, মুসলমান হোক, কংগ্রেসের লোক হোক, আর. এস. পি. লোক হোক, পি. এস. পি. র লোক হোক, কম্যুনিস্ট পার্টির লোক হোক তাকে নিশ্চয় শাস্তি দিতে হবে। এ সম্বন্ধে আমি একমত, এ বিষয়ে কোন সন্দেহ নেই। এটা আমাদে এখানে কংগ্রেসে যারা মুসলমান আছেন তাঁরাও সমর্থন করবেন। কিন্তু কংগ্রেসের সঙ্গে পি. এস. পি., আর. এস. পি, আর ফরওয়ার্ড ব্লকের তুলনা হতে পারে না। কংগ্রেসের এক সদস্য, কংগ্রেসের পক্ষপুটে এত লোক রয়েছে যে তার মধ্যে এই যে নাম করে বললেন আমার বন্ধু, একজন কর্পোরেশানের কাউন্সিলার, তিনি কংগ্রেসের টিকিটে রিটার্ণ হয়ে ছিলেন তাঁকে আপনারা ধরেছেন। তাঁকে ধরে আপনারা ভালই করেছেন, তবে এটা সাহসের কাজ হলেও এতে আপনি খুব বাধা পেয়েছেন। আমি মাননীয় সদস্যকে এই কথা বলতে চাই যে আমি যে ধরব তা কেউ জানতো না। আমার যারা মন্ত্রী সভার সদস্য রয়েছেন তাঁরাও জানতেন না। হোম মিনিস্টার হিসাবে আমাকে এমন অনেক কাজ করতে হয় যা আমি কাউকে জানাইনি। কেন বলতে যাব। কেন না, সব কাজ সব কথা খুলে বলা যায় না। এমন কি এমন কতকগুলি কথা আছে যা যতীন বাবুর কথাব উত্তরে বলতে পারতাম, কি শশাঙ্ক সান্যাল মহাশয়ের কথার উত্তরে বলতে পারতাম, কি নরেন দাস মহাশয়েব কথা উত্তরে বলতে পারতাম, কিন্তু আমার মুখ বন্ধ, আমি বলতে পারি না। এমন সমস্ত কথা আমি জানি যা আপনাদের বললে আপনাদের সকলকে কনভিন্স করাতে পারতাম, কিন্তু তা বলা আমার পক্ষে অসম্ভব। তা যদি বলি আজকে তাহলে কালকেই আপনারা বলবেন তুমি হোম মিনিস্টারেব উপযুক্ত নও, এক্ষুনি পদত্যাগ কর। মাননীয় শশাঙ্ক সান্যাল মহাশয় পদত্যাগের কথা বলেছেন কিনা জানি না, তবে অনেকে অনেকবার বলেছে। আমি যদি মনে কবি যে পদত্যাগ কবা উচিত, কংগ্রেসের মন্ত্রীরা যদি দরকার মনে করেন তাহলে সঙ্গে সঙ্গে তাঁরা পদত্যাগ করতে পারেন। আমি স্বেচ্ছায় কেউ না বলতেই পদত্যাগ পত্রে পেশ করেছিলাম। (শ্রীযতীন চক্রবর্তী: পদত্যাগ অতুল্যবাবু ঠিক করবেন)। অতুল্য বাবুর সঙ্গে কোন সম্পর্ক নেই। আমি যখন টেলিগ্রাম করি আমাদের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু মহাশয়কে আমাদের কংগ্রেসের প্রেসিডেণ্ট সঞ্জীবায়াকে এবং সঙ্গে সঙ্গে অতুল্য বাবুকে টেলিফোন করেছিলাম, তাঁর সঙ্গে পরামশ করিনি, তিনি তখন এখানে ছিলেন না, এমন কি আমাদের কোন বন্ধু জানতেন না, কিন্তু খবরের কাগজ জেনে গেল যেমন যতীন চক্রবর্তী মহাশয় মাঝে মাঝে অনেক কথা জেনে যান, তার মধ্যে কোনটা ভুল কোনটা আধা ভুল, কোনটা ঠিক, কোনটা বেঠিক, তেমনি সমস্ত কাগজ বের করে দিলেন। তখন আমার বন্ধুরা বললেন আপনি পদত্যাগ করেছেন কেন? কাজে কাজেই কংগ্রেসের লোকেরা পদত্যাগ করতে পারে। আমাদের সঞ্জীবায়া রেডডী, অন্ধ্রের মুখ্যমন্ত্রী তিনি পদত্যাগ করেছেন। তাতে কি হয়েছে? আমাদের কংগ্রেসের লোকেরা পদ নিতেও পারে আবার দেশের কল্যাণের জন্য দেশের সেবা করবার জন্য যদি প্রয়োজন মনে করে তাহলে নিশ্চয়ই পদত্যাগ করবে, এটা বড় কথা নয়। তবে তাঁর কথায় করবে সেটা একটা ভাববার বিষয়। আমার বন্ধু শ্রীযতীন চক্রবর্তী মহাশয় এক ঢিলে অনেক পাখি মারবার চেষ্টা করেছেন মারা যায় না। আমি সেদিন অল ইণ্ডিয়া স্যুটিং কমপিটিসন হচ্ছিল, ৪।৫ দিন আগে দেখতে গিয়েছিলাম। আমি রাইফেল ধরেছিলাম ঠিকই, আন্দাজে মেরেছিলাম। যতীনবাবু শুনে রাখবেন, আমার সঙ্গে ছিলেন আমার বন্ধু অর্থমন্ত্রী মাননীয় শৈল কমার মুখার্জী মহাশয় তিনি তারপর দেখলেন যে আমি প্রায় ঠিক মেরেছি, ওঁর চেয়ে ভাল মেরেছিলাম। তখন দেখলাম অনেক দিন ধরে প্র্যাকটিস করতে হয় ঐ উড়ন্ত জিনিষকে মারতে গেলে। বিকানিরের মহারাজার সঙ্গে একজন সঙ্গী এসেছিলেন তিনি সেই উড়ন্ত পাখি মারতে আরম্ভ করলেন পট পট করে। আমাদের যতীন বাবুর অবশ্য সেরকম ভাল শিকারী নন, উনি মারবার চেষ্টা করেন, তাক-তোক লাগান বটে কিন্তু উড়ে যায়। উনি বললেন যে মাসুদ একটি সাংঘাতিক লোক। অবশ্য এটা খুব দুঃখের বিষয় মাননীয় সভাপতি মহাশয়, যাঁরা এখানে উত্তর দিতে পারবেন না আমাদের কর্মচারী দের সম্বন্ধে.....

আমি খেদকারের কথা বলেছি, মাসুদের কথা বলেছি, হিন্দু মুসলমানের যে চক্রান্ত সে সম্বন্ধে বলেছি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের যতীন চক্রবর্ত্তী মহাশয়ের সিস্টেম খুব ভাল এটা আমাদের স্বীকার করতে হবে। আমি আগেই বলেছি ওঁর হয়ত ১শো টার মধ্যে ২টো ঠিক হল, ৯৮টা গুলিয়ে যায়—২টা ঠিক হলেও যথালাভ। এক্ষেত্রে উনি ঠিকভাবে মারতে পারেন নি কেননা শ্রীমাসুদ শ্রীখেদকারের সঙ্গে যেসব বিষয় নিয়ে ষড়যন্ত্র করেছেন এটা ঠিক নয়। এবং শ্রীমাসুদের কথা পূর্বেও এখানে বলা হয়েছে।

Shri Jatin Chakravorty :

আমি ডি, আই, জি, মাসুদের কথা বলিনি—মাসুদ ৫ জন থাকতে পারে, নট ডি, আই, জি, মাসুদ, আমি বলেছি মাসুদ ঐ খেদকারের বাড়ীতে বসে ওখানে ফটোষ্টার্ট যোগাড় করে।

The Hon'ble Prafulla Chandra Sen :

বুঝেছি বুঝেছি, বসুন। আমাদের যতীনবাবু একটা ফাঁকা আওয়াজ করলেন—ফাঁকা এজন্য বলছি, যে মাসুদের কথা তিনি উত্থাপন করলেন সেই মাসুদের নাম আমরা জানি না, সেই মাসুদের পরিচয় জানি না।

Shri Jatin Chakravorty :

খোঁজ করুন না।

The Hon'ble Profulla Chandra Sen :

হাঁ, নিশ্চয়ই করবো।

Shri Jatin Chakravorty :

আমি সেই মাসুদ সম্বন্ধে কোনদিন কিছু বলিনি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আর একজনের কথা তিনি বলেছেন আমাদের হোম ডিপার্টমেণ্টে তাহু জালাল বলে একজন কর্মচারী ,আছেন—যতীনবাবু একথা বলাতে আমি লোক পাঠিয়েছিলাম খোঁজ নিতে, আমাদের হোমসেক্রেটারী কিছু বলতে পারলেন না যে আবদু জালাল বলে কোন ব্যক্তি আছেন কিনা হোম ডিপার্টমেণ্ট এবং তিনি পয়গমের এডিটোরিয়াল লেখেন কিনা।

Shri Jatin Chakravorty :

আপনার হোম সেক্রেটারীকেতো আমি চিনি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আপনি কাকে না চেনেন? আমাদের যতীনবাবুর পৃথিবীতে এমন লোক নেই যার নাড়ী নক্ষত্র সমস্ত কিছু তিনি না জানেন।

Shri Jatin Chakravorty:

নাড়ীর খবর আমি কম রাখি, নক্ষত্র জানি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি যতীনবাবুর নাড়ীর খবর অনেক জানি, সেই সমস্ত বলতে চাই না। একজন মাননীয় সদস্য বলেছেন নরেনবাবু বল্লেন কি যতীনবাবু বল্লেন আমার স্মরণ নেই যে আমাদের

এখানে পাক ন্যাশনাল অনেক পুলিস আছে। আমি যতদূর জানি যে আমাদের শতখানেক পাক পুলিস অপট করেছিলেন। যেমন আমাদের পশ্চিমবাংলার লোক যারা অর্থাৎ ভারতীয় নাগরিক এমন বহু লোক আছেন যাঁরা পাকিস্তানে অপট করেছিলেন। মাননীয় সদস্যরা জানেন একজন ইংরাজ আই, সি, এস, তিনি ভারতবর্ষেও অপট করতে পারেন, পাকিস্তানেও অপট করতে পারেন। যাঁরা পাকিস্তানের সিটিজেন্স তাঁরা আমাদের এখানে অপট করতে পারেন—এটা নূতন কিছু নয়। সেই রকম ভারতীয় নাগরিক তিনি যদি ডেপুটি ম্যাজিষ্ট্রেট থাকেন কি ম্যাজিষ্ট্রেট থাকেন কি কেরাণী থাকেন কি পুলিসে থাকেন যে কোন কাজেই থাকুক না সেখানে অপট করতে পারেন কিন্তু সেখানে তাঁর সিটিজেন্সশীপ কি হবে এটা একটা জটিল ব্যাপার। একজন ইংরাজ আই, সি, এস, সে যদি পাকিস্তানে অপট করে সে কি পাকিস্তানী ন্যাশনাল হবে না। একজন ইংরাজ আই, সি, এস, সে যদি স্বাধীনতার পর ভারতবর্ষে অপট করে পাকিস্তানে না গিয়ে তাহলে সে কি ভারতীয় নাগরিক হবে না। এটা একটা জটিল প্রশ্ন, তবে এটুকু আপনাকে বলতে পারি মাননীয় সভাপতি মহাশয় যে, আমাদের এখানে যে কজন ছিলেন, আমি সংখ্যাটা ঠিক পাইনি, আনতে দিয়েছিলাম, তার মধ্যে অর্দ্ধেকের বেশী চলে গেছে—কেউ স্বেচ্ছায় চলে গেছে, কেউ কাজ ফুরিয়ে গেছে বলে চলে গেছে।

[5-20—5-30 p.m.]

বেশী পাক ন্যাশনাল আমাদের এখানে নেই। আর আমাদের এখানে ডকের কথা, পোর্ট কমিশনারের কথা উল্লেখ করা হয়েছে। আমার যতদূর মনে হয় ৫২ জন, কি ৫৩ জন পাক ন্যাশনাল আমাদের পুলিশের মধ্যে আছেন। আমাদের পশ্চিম বঙ্গে পুলিসের সংখ্যা হচ্ছে মোট ৫৬ হাজার। এই ৫৬ হাজারের মধ্যে—আমি মেমারী থেকে বলছি ৫২—জন কি ৫৩ জন পাক ন্যাশনাল যারা পার্টিশান এর পরে এখানে থাকবেন বলে অপট করেছিলেন, বা অফসান দিয়েছিলেন, তারাই আছেন এই ৫৬ হাজারের মধ্যে। এখানে আর একটা প্রশ্ন উঠেছে যে পোর্ট কমিশনারের যে সমস্ত পাক ন্যাশনাল আছেন, তাঁদের কি হবে? মাননীয় সদস্য যতীন বাবুকে আমি এই কথা বলতে পারি যে ১৩শো, কি ১৪শো পাক ন্যাশনাল আছেন, বা তার চেয়ে কিছু বেশী, কম হতে পারে।

(এ ভয়েস : ১৪ শোর চেয়েও বেশী?)

হ্যাঁ, কিছু বেশীও হতে পারে। তবে খুব বেশী নয়, দু হাজারের ও কম। এবং যারা আছেন তাদের মধ্যে প্রায় ৬শো, ৭শো জন তারা এই হাঙ্গামার পর, পদত্যাগ পত্র দিয়ে ছিলেন, এবং তাদের পদত্যাগ পত্র আমি সঠিক বলতে পারবো না, তবে আমি যতদূর শুনেছি গৃহীত হয়েছে। তাদের নিয়ে আমাদের কোন ভাবনা নেই। তবে এটা ঠিক যে আমাদের দেশে স্বাধীনতার পর, আমরা ঠিক আগেকার মত এসপিওনেজ-এর কাজ করতে পাচ্ছি না। এটা সত্য কথা যে আমাদের বিরোধী দলের সম্বন্ধেও পারি না। একটু আলগা হয়ে গিয়েছি। কেন? যে এটা একটা গণতন্ত্র রাষ্ট্র বলে বুঝতে হবে। এখন বিলাতে যদি আপনি যান, বা ইউ, কে, তে যদি যান, তাহলে দেখতে পাবেন যে, সেখানে ঠিক রাশিয়ার মত এসপিওনেজ-এর কাজ হতে পারে না। যদি আপনি ইউ, এস, এ-তে যান, তাহলে সেখানে চায়নার মত এসপিওনেজ হতে পারে না। (নয়েজ এণ্ড ইনটারাপশানস) এই রকম যদি রাণিং কমেনটারি চলতে থাকে তাহলে আমরাও কোন মাননীয় সদস্য ওদিক থেকে বললে এই রকম করবো। এ কি কথা? আমি যখন উত্তর দিচ্ছি, তখন এই রকম রাণিং কমেনটারি যদি হয়, সভাপতি মহাশয়, আমার পক্ষে জবাব দেওয়া অসম্ভব।

Shri Sasanka Sekhar Sanyal :

অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, ওঁকে বাধা দিলে, নিশ্চয় বলবেন যে বাধা দেওয়াটা অন্যায়। কিন্তু চীফ মিনিস্টারের এই রকম ভাবে থ্রেটেন করাটা কি ইন অর্ডার? যে আমরাও বাধা দেবো?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি তা বলিনি। আমাদের বন্ধুবর এতবড় বিজ্ঞ লোক যে, উনি ভুল বুঝলেন। আমি বলেছি যদি আমরা বাধা দিই, কেমন লাগে? আমি বলিনি বাধা দেবো। আমরা এ ধরণের লোক নই, আমাদের বাধা দেওয়া অভ্যাস নয়। আমি বলেছি যদি বাধা দিই, তাহলে আপনাদের কেমন লাগবে? নিশ্চয়ই ভাল লাগবে না। কাজে কাজেই তাকে বাধা দেওয়া বলে না। আমাদের এদিককার প্রতিটি সদস্য এত ভদ্র যে তাঁরা এরকম বাধা দেবার কথা কল্পনা করতে পারেন না। (নয়েজ এণ্ড ইনটারাপশান।) মাননীয় সদস্যগণ, যাঁরা এদিকে আছেন তাঁরা এরকম বাধা কখনই দেবেন না। (ভয়েসস ফ্রম অপোজিসন বেঞ্চ : আমাদের এদিকের সদস্যদের বেলায় বুঝি এটা প্রয়োগযোগ্য নয়?) না, তা বলছি না। (হাস্যরোল)।

মাননীয় সভাপতি মহাশয়, আমরা কাউকে বাধা দিতে চাই না, এবং আমরা চাই যে আমরা যখন বলবো, অবশ্য সে সময় দু একটা প্রশ্ন করা হয় এবং করাও উচিত, কিন্তু যদি সব সময় এই রকম প্রশ্ন হতে থাকে—তাহলেও আমার সব গুলিয়ে যাবে।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনাকে তো নোট নিতে হবে।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমিতো কোন নোট নিইনি, কিছু লিখেও রাখিনি। কাজে কাজেই আমি আপনাদের বক্তৃতা শুনলাম, এখন তার উত্তর দেবো। কিন্তু আমার পক্ষে মুস্কিল হচ্ছে—অনবরত যদি ওপক্ষ থেকে বাধা পাই তাহলে সব গুলিয়ে যায়। তাছাড়া দু-ঘণ্টার মধ্যে এত নোট নিয়ে, তার রিপ্লাই দিতে দুদিন সময় লেগে যাবে।

Shri Sasanka Sekhar Sanyal: You are there to take note of every word we say.

The Hon'ble Prafulla Chandra Sen :

আমিত মাথায় নোট নিয়েছি। আমার মাথায় সমস্ত নোট আছে। কেবল যেটার নাম দরকার, সেটা আমি লিখে রেখেছি। আমি নোট মাথায় লিখে রেখেছি। নিশ্চয়, এখন কথা হচ্ছে যে আমাদের এখানে অপট করে যারা আছেন, এবং ওঁদের ওখানে আমাদের লোক যারা অপট করে আছেন, তাদের সংখ্যা কত? এই সংখ্যা ঠিক জানা নেই—হতে পারে চার জন, কি পাচ জন, এবং তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করা হবে, সেটা আলাদা বিচার্য্য বিষয়। আমি জানি না যে, তারা অপট করলে পরে তাদের সিটিজেনসিপ বদলাবে কিনা? আমার সাধারণ বুদ্ধিতে যতটুকু মনে হয় যে অপট করলে পরে, তার সিটিজেনসিপ যায় না।

একজন মাননীয় সদস্য বলেছিলেন যে আমাদের এখানে অনেক পাক ন্যাশনাল আছেন, কেউ বলেছেন হাজার জন পাক ন্যাশনাল এখানে আছেন, আবার কেউ বলেছেন লক্ষ জন পাক ন্যাশনাল এখানে আছেন, এবং একটা প্রস্তাব এখানে হয়েছে যে তাদের সকলের নাম জাহির করে দেওয়া হোক, তাদের নাম প্রকাশ করে দেওয়া হোক, তারা কারা, তা বলে দেওয়া হোক—যে অমুক, অমুক, অমুক পাক ন্যাশনাল আমাদের এখানে আছে।

পাক ন্যাশনাল আছে এবং পাক ন্যাশনাল-এর হয়ে কাজ করছে, এ দুটোকে আবার আলাদা ভাবে তফাৎ করতে হবে। পাক ন্যাশনাল যেমন আমাদের এখানে থাকতে পারে, তেমনি আমাদের ভারতীয় ন্যাশনালও থাকতে পারে পাকিস্তানে বা অন্যান্য দেশে। কাজেই তাদের নাম নিয়ে যদি আমরা ঢেঁটরা পিটিয়ে দিই, সেটা ঠিক হবে না। আমি যদি কোন বিদেশে যাই, তারা কি বলবে ওহে ভারতবর্ষ থেকে একজন অমুক লোক এসেছেন চোর ডাকু, ডুগ?

Shri Sasanka Sekhar Sanyal :

আপনি কি সেখানে আনঅথরাইজড ভাবে যাচ্ছেন? আমি বলেছি যারা এখানে অ অথরাইজড ভাবে আছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি পাক ন্যাশনাল যারা আনঅথরাইজড ভাবে এখানে অনুপ্রবেশ করে আছে তাদের আমরা ছেড়ে দিইনি, তাদের আমরা এখান থেকে বহিষ্কার করেছি।

আমরা এ পর্য্যন্ত ৩৫ হাজার ৫০০ জন পাক ন্যাশনাল যারা ভারতীয় নাগরিক নয়, এবং য আনঅথোরাইজ প্রবেশ করেছিলেন বেআইনী ভাবে তাদের আমরা বহিষ্কার করে দিয়েছি এবং সেজন্য আমি বলছি আরও যদি ৭০ হাজার কিম্বা ১ লাখ কিম্বা যদি ২ লাখ যদি প ন্যাশনাল থাকে তাহলে আমরা নিশ্চয়ই তাদের আমরা বহিষ্কার করব। পাক ন্যাশনা সঙ্গে আমাদের কোন বন্ধুত্ব নেই, কাজ নেই। পাক ন্যাশনালের সঙ্গে আমাদের কোন ক নেই। পাক ন্যাশানালের কাছে আমরা কোন ভোটের জন্য যাব না। এবং কোন মুসলমা চাইবেন না যে পাক ন্যাশানাল এসে—অবশ্য যে মুসলমান ভারতবর্ষকে ভালবাসেন— মুসলমান ভারতীয় নাগরিক তিনি চাইবেন না যে পাক ন্যাশানাল আমাদের পশ্চিমবাংলায় এ কিম্বা ভারতবর্ষে এসে বিশৃঙ্খলা অবস্থার সৃষ্টি করে—এটা নিশ্চয়ই কেউ চাইবেন ন আমরা ধরেছি ৩৫ হাজার ৫০০ জনকে। আমাদের এস্পিওনেজ কতটা ভাল কতটা মন্দ অ সে বিচারের মধ্যে যাচ্ছি না। আমরা চেষ্টা করি—যে কথাটা বলছিলাম যে আমাদের এ আল্গা হয়ে গেছে। যেখানে ডিক্টেটারশিপ সেখানে ব্যবস্থা একরকম— এস্পিওনেজ-এর ধ একরকম আর যেসব জায়গা গণতান্ত্রিক সেসব জায়গার এস্পিওনেজ এর ব্যবস্থা অন্য রকমে সেজন্য আমাদের স্বীকার করতে হবে এবং সেজন্য আমাদের একটু আল্গা হয়ে গেছে এবং হ বাধ্য। আমি স্বীকার করছি। কিন্তু এটাও ঠিক যে ডিক্টেটরশিপ অর্থাৎ টোটালিটেরি স্টেট যেগুলি তাদের এস্পিওনেজ যতটা কড়াকড়ি ব্যবস্থা আমাদের গণতান্ত্রিক দেশে সে র হতে পারে না তুলনামূলক ভাবে। এবং হওয়া সম্ভবপর নয় বলে আমার ধারণা।

শ্রীশশাঙ্কশেখর সান্যাল: এ ফার্ম ডেমোক্রাসি হ্যাজ এ ফার্ম এস্পিওনেজ আমার ধারণা যে সেটা আমি নিশ্চয়ই বলব। আমার ধারণা গণতান্ত্রিক সম্মত রাষ্ট্রে টোটালিটেরিয়ান রাষ্ট্রে মত এস্পিওনেজ হওয়া সম্ভবপর নয়। আমার ধারণা হয়ত ভুল হতে পারে কিন্তু আমার ধারণা আমি ও পক্ষের কোন বক্তৃতা শুনে তা কি করে পরিবর্তন করব। তাহলে পরেও আ বলছি যে আমাদের এস্পিওনেজ ব্যবস্থা ঠিক আছে। এই কথা বলেই আমি এখানে শে করছি। তারপরে এখানে আরেকজন সদস্য বলেছেন যে বামনগাছিতে পাকিস্তানী ফ্লাগ উড়ে হয়েছে। আমি এই মাত্র খোঁজ নিয়ে জানলাম যে বামনগাছি হচ্ছে বারাসতে, সেখানে পাকিস্তা ফ্লাগ মোটেই উড়ান হয়নি তবে একটা সাদা ফ্লাগ উড়িয়েছিলেন তারা, সেটা তারা ধর্মের ফ্ল বলেন, সেটা মোটেই পাকিস্তানী ফ্লাগ নয়। এটা আমি আগেও খোঁজ করেছি এবং এখন খো করে জানতে পেরেছি। এইবার আমি আরেকটি বিষয়ে বলব, সেটা হচ্ছে ঈদের সময় পবিত্র ঈদে নামাজের সময় যে সমস্ত ঘটনাবলী ঘটেছে—আমি যতটা জানি ঘনিষ্ট ততটা বোধহয় মাননী সদস্যরা জানেন না। এই ঈদের নামাজ যখন হবার কথা হয় ময়দানে—তখন মুসলমান সম্প্রদায়ে নেতারা আমাকে বলেছিলেন যে দেখুন আমরা যদি সকলে মিলে নামাজ পড়তে আসি ময়দানে মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন ময়দানে ৫০।৬০ হাজার লোক জমায়েত হয় আর কোন কোন বছর ১ লাখ লোকও হয়—আমাদের অনেকের ঘর পুড়ে গেছে, আমাদের অনেকে থাকবার জায়গা নাই, আমাদের ছোট খাট জিনিষপত্র যা নিয়ে আমরা বসবাস করছি, যা আম আগলে আছি—ভয় এবং শঙ্কা আমাদের এখন দূর হয়নি, আমরা যদি এই সময় ঘরবাড়ী ত্যা করে ময়দানে নামাজ পড়তে যাই তাহলে আমাদের আবার যদি কিছু হয়ে যায়—আ তখন তাদের বললাম যে কিছু হবে না আমি দায়িত্ব নিচ্ছি। তখন তাঁরা বললেন ঠিক আপনি দায়িত্ব নিচ্ছেন আমরা জানি কিন্তু মনে সাহস পাচ্ছি না। তারপর তারা বললেন আমাদের তো নামাজ পড়তে হবে আমরা যদি পাড়াতে পড়ি নিকটস্থ মসজিদে পড়ি তাতে আমাদে

দোষ কি, আমাদের এই ধর্ম্ম কার্য্য—আমাদের এই মনের অবস্থায় যদি সেই রকম করি তাহলে আমাদের অন্যায়টা কি হবে। আমি ভাবলাম অন্যায় হবে না।

5-30—5-39 p.m.]

লোকে আপনাদের ভুল বুঝবে। লোকে এটা বুঝবে যে ময়দানে নামাজ যদি না হয় তাহলে কলকাতার অবস্থা এত শোচনীয়, কলকাতায় নিরাপত্তার ভাব আমাদের মুসলমান ভাইদের মনে এত কম যে তারা সাহস করে আসতে পারল না। এজন্য অনেক আলোচনা হয়েছে এবং আমি শুনতে পেলাম, আমি কোন রাজনৈতিক দলের নাম করতে চাই না, কারণ তাতে তিক্ততার সৃষ্টি হবে, যে তাঁরা বলেছেন যে, না, তোঁদের এত লোকজন মারা গেছে, তোদের সম্পত্তি লুঠ হয়েছে, জীবনহানি হয়েছে, তোমরা শোকের চিহ্ন পরিধান কর, তোমরা ব্ল্যাক ফ্লাগ টাঙ্গিয়ে দাও এইরকম খবর আমাদের কাছে এল। আমরা তখন নেতৃস্থানীয় মুসলমান ভদ্রলোকদের ডেকে পাঠালাম এবং বললাম, মহাশয়, এতো ভাল খবর নয়। আমার কাছে এক বাক্যে তারা বললে, সেখানে বিধান সভার সদস্যরা উপস্থিত ছিলেন, ঈদের ৩।৪ দিন আগে আমি তাঁদের ডেকে পাঠিয়ে ছিলাম, যে নিশ্চয়ই ঈদের নামাজ পড়তে হবে। তারা বললে আমরা প্রত্যেক বছর ময়দানে যাই না, আমরা সকলেই ময়দানে যাব, ঈদের নামাজ না পড়লে আমাদের অকল্যাণ হবে, দেশের অপমান হবে, আমাদের ময়দানে যেতে হবে। আমরা মসজিদে পড়ব এবং ময়দানেও যাব। এজন্য তাঁরা একটা বিবৃতি দিয়েছিলেন। আমাদের বিধান সভার যাঁরা সদস্য ছিলেন তাঁরা প্রত্যেকে সই করে একটা বিবৃতি দিয়েছিলেন। এবং আমি এও জানি যে ঈদের আগে ২ দিন ধরে রাতে তারা বহু আলোচনা করেছেন, পাড়ায় পাড়ায় গিয়ে তাঁরা বলেছেন যে ময়দানে ইদের নামাজ পড়তেই হবে। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে আমি প্রত্যেকবার যখন কলকাতায় থাকি তখন ঈদের নামাজের সময় ময়দানে যাই। আমাকে দু'একটা কথা ঈদ মবারকে দিতে হোলেন। আমি এবারেও গিয়েছিলাম, কারণ আমাদের মনে একটা শঙ্কা ছিল। আমি দেখলাম আমাদের আইন সভার সকল সদস্য উপস্থিত ছিলেন। কলকাতায় যারা ছিলেন তারা প্রত্যেকে উপস্থিত আছেন এবং আরো দেখলাম খুব ভাল ভাল অবস্থাপন্ন শিক্ষিত অনেক লোক আছেন—হাই কোর্টের ব্যারিস্টার, উকিল আছেন। কিন্তু এটা সত্য যে ৫০।৬০ হাজার লোক হয় নি। কেউ বললেন ৭।৮।১০ হাজার হয়েছে, আবার কেউ কম করে বললেন ৬।৭ হাজার লোক হয়েছে। কিন্তু লোক হয়েছিল এবং খুব ভাল লোক যাদের সমাজের মধ্যে নেতৃত্ব আছে, প্রতিষ্ঠা আছে এমন লোককেও আমি সেদিন ঈদের নামাজে দেখেছিলাম এবং এটাও সত্য যে লোকের মনে কিছু ভয় ছিল, হয়ত আমরা পুরো ১৬ আনা ভয় দূর করতে পারিনি। তবে যাঁরা এই রকমভাবে কালো ব্যাজ শোকের চিহ্ন ধারণ করেছিলেন তাঁরা এ্যান্টি ন্যাশানাল কিনা আমি তা জানি না। আমি তাদের বলতে পারব না যে তারা সকলেই এ্যান্টি ন্যাশানাল ভারতবর্ষে হিন্দুর যদি অধিকার থাকে কথা বলবার, তার মত প্রকাশ করবার, আনন্দ প্রকাশ করবার, শোক করবার, দুঃখ প্রকাশ করবার তাহলে মুসলমানরাও বলতে পারে আমরা ভারতীয় নাগরিক, আমরা পাকিস্তানী নই, আমরা কারোর চর নই, আমরা ভারতবর্ষে জন্মগ্রহণ করেছি ভারতবর্ষে থাকব, আমরা ভারতবর্ষে মরব। কিন্তু ভারতবর্ষের মত একটা ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রে যেখানে সরকার কোন রকমভাবে সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দেয় না, সেখানে এই যে এতবড় ঘটনা ঘটে গেল তার জন্য আমরা খুবই দুঃখিত। যদি তারা শোক চিহ্ন ধারণ করে—তাদের মধ্যে দুষ্ট লোক থাকতে

পারে আমি অস্বীকার করি না, তাদের মধ্যে রাজনৈতিক প্ররোচনা থাকতে পারে আমি অবিশ্বাস করছি না, কিছু কিছু আছে আমি তাদের নাম করব না, যেমন আমাদের একজন বন্ধু বলেছেন রাজনৈতিক একটা দল কি করেছেন, তাহলে এটা সত্য যে তাদের এই অধিকারও আছে শোক চিহ্ন ধারণ করার। তারা যদি বলে যে আমাদের লোক মরেছে, আমার ভাইকে মেরেছে আমার স্ত্রীকে মেরেছে, আমার ঘর পুড়িয়ে দিয়েছে তাহলে তারা শোক চিহ্ন ধারণ করতে পারে। তবে আমি এও আপনাদের কাছে বলছি যে মুসলমান ভায়েদের শতকরা ৯০ জন ঈদের নামাজ পড়েছে, আনন্দ করে পড়েছে, গ্রামে গ্রামে শহরে শহরে, কলকাতাতে, নাখোদা মসজিদে কেউ বলছেন ১০।১২ হাজারের বেশী, আবার অনেকে বলছেন ২৫ হাজার লোক হয়েছে।

এও আমি আপনার কাছে বলছি যে বহু লোক আগে তাদের একটা এমন ধারণা হয়েছিল, ভয় হয়েছিল, শংকা হয়েছিল যে আমরা নূতন কাপড় পরবোনা কিন্তু পরে তাঁরা যখন বুঝলেন যে না, এখানে পশ্চিমবঙ্গে সমস্ত রাজনৈতিক দলমত নির্বিশেষে তাঁরা বলে যে ভারতীয় নাগরিককে, ভাল মুসলমানদের নিশ্চয়ই আমাদের রক্ষা করতে হবে, বাঁচাতে হবে, সম্পূর্ণ অধিকার তাদের দিতে হবে—তাঁরা যখন সেটা বুঝতে পারলো তখন তাঁরা বল্লেন নিশ্চয়ই আমরা নমাজ পড়বো, নিশ্চয়ই আমরা নূতন কাপড় পরবো এবং আমরা পরে শুনেছি যে নূতন কাপড় অনেক বিক্রী হয়েছে। আমাদের সরকারের তরফ থেকেও কিছু কিছু কাপড় যাঁরা দুস্থ যাঁদের ঘর পুড়ে গেছে, নষ্ট হয়েছে তাঁদের দেয়া হয়েছে, আমাদের রিলিফ কমিটি দিয়েছেন, অন্যান্য রিলিফ কমিটি থেকেও দিয়েছেন—তারা নূতন কাপড় পরেছেন এবং আনন্দ করেছেন। আমার বক্তব্য হচ্ছে যে এ বিষয় কোন মতের পার্থক্য নেই যে আমাদের ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র আমাদের পবিত্র সংবিধানকে আমরা রক্ষা করবো, পবিত্র সংবিধানের প্রত্যেক ধারাকে আমরা পালন করবো এবং আমরা জানি যে প্রত্যেকটা মুসলমান যারা ভারতীয় নাগরিক যারা পাকিস্তানী নয় বা পাকিস্তানের চর নয় তাদের, শতকরা ৯৯ জনেরও বেশী, তাঁরা ভারতবর্ষের সৎ নাগরিক তাঁরা ভারতবর্ষকে বাঁচাতে চান, ভারতবর্ষে থাকতে চান, কাজ করতে চান, পরিশ্রম করতে চান, সমৃদ্ধি বাড়াতে চান, কৃষির উন্নতি করতে চান, শিল্পের উন্নতি করতে চান, মেহেনতী করতে চান এবং তাঁরা এখানে থাকতে চান। তাঁদের আমরা নিশ্চয়ই প্রাণ দিয়ে রক্ষা করবো কিন্তু যাঁরা তা নন নিশ্চয়ই তাঁদের সম্বন্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করবো এবিষয়ে কোন দ্বিমত নেই। আমাদের এসপিওনেজ ভাল কি মন্দ তা আমি আলোচনা করছি না কিন্তু আমরা ৩৫,৫০০ লোককে পাঠিয়ে দিয়েছি, আমরা বহু মুসলমানকে ধরেছি, আমরা সালাউদ্দিনকে ধরেছি, বহু মুসলমানকে ধরেছি। আমি কাউকে জানাইনি। যদি আমরা মনে করি কংগ্রেসের মধ্যে দেশদ্রোহী ভারতদ্রোহী লোক আছেন তাহলে নিশ্চয়ই আমরা তাঁকে ধরবো—কেন ধরবো না? কিন্তু এখানে কংগ্রেসের একজন লোক ধরা পড়লো বলে উৎফুল্ল হলাম এটার কোন কারণ নেই। কংগ্রেস ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় প্রতিষ্ঠান—কংগ্রেসের একটা মহান প্রতিষ্ঠান বলে ঐতিহ্য আছে এটা কেউ অস্বীকার করতে পারবে না। এটা একটা সর্বভারতীয় প্রতিষ্ঠান, প্রত্যেক গ্রামে আছে, প্রত্যেক সহরে আছে কংগ্রেসের মধ্যে কোটি কোটি লোক আছেন। সেখানে যদি ২।১ জন অন্যায় কাজ কিছু করেন তাঁদেরও আমরা ছেড়ে দিই না, তাঁদের বিরুদ্ধে আমরা শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করি এবং করবোও। কাজে কাজেই আমি শুধু এটুকু বলতে চাই যে আমরা

সজাগ, সচেতন হব কিন্তু আমরা যেন এমন কোন কথা না বলি বা এমন কোন কাজ না করি যাতে করে ভারতের মুসলমান নাগরিক ভাইবোনদের মন থেকে নিরাপত্তার ভাব চলে যায়, এমন কিছু ইঙ্গিত যেন না করি যাতে তাদের মনে শংকা জাগে নূতন করে। আমি তো বলছি আমাদের পাকিস্তানের হিন্দু ভাইবোনদের সমস্যা আমরাই সমাধান করবো এখান থেকেই —যদি তাঁরা চলে আসেন, আমরা নিশ্চয়ই তাঁদের নেব। আমরা যদি আমাদের পবিত্র সংবিধানকে মেনে চলি, আমি বলছি যে সেখানে সংখ্যালঘু সম্প্রদায় যাঁরা আছেন তাঁদের সমস্যার সমাধান হবে, জগৎ আমাদের কথা তখন শুনবে। আমি কোন হিসাব করতে চাইনা যে ওখানে কত মরেছে, তবে অনেক মরেছে—কেউ বলছেন ২০ হাজার, কেউ বলছেন ৩০ হাজার, আমাদের সেখানে ২ শো লোক কিছুই নয়। কিন্তু একজনও মুসলমানকে যদি কেউ অন্যায় ভাবে হত্যা করে থাকে তাহলে লজ্জায় আমাদের অধোবদন হয়ে যায়। আমাদের সংবিধানকে আমরা যেন অবমাননা না করি। এইটুকু বলে মোশান ফর পেপারসে আমি আমার মৌখিক পেপার এখানে উপস্থিত করছি এবং এই বিতর্কের এখানে অবসান করছি।

Mr. Chairman : I understand Shri Das will withdraw his motion

Shri Narendra Nath Das : Yes, Sir, I am withdrawing my motion.

(The motion was then by leave of the House withdrawn)

Mr. Chairman : The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was then adjourned at 5-39 p.m. till 3 p.m. on **Tuesday, the 25th** February 1964, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Banerjee, Shri Sudhir Kumar

Bhattacharyya, Shri Nagendra Kumar

Bhattacharyya, Shri Santosh Kumar

Bhattacharyya, Shri Sreepada

Bisi, Shri Promotho Nath

Bose, Shri Aurobindo

Choudhuri, Shri Annada Prosad

Ghosh, Shri Ashutosh

Haldar, Shri Gopal

Hazra, Shri Gajendra Nath

Majumdar, Shri Rajendranath

Mukherjee, Shri Sudhindra Nath

Pal, Dr. Ras Behari

Rezaul Karim, Shri

Roy, Shri Chittaranjan

Roy, Shri Surendra Kumar

Sen, Shri Subodh

Sen Gupta, Shri Dwijendra Lal

Singh, Shri Ram Lagan

Singha, Shri Biman Behari Lall

Sinha, Shri Rabindra Lal

COUNCIL DEBATES

Tuesday, the 25th February, 1964

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 25th February, 1964, at 3 p.m. being the Tenth Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble DR. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[3—3-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Mr. Chairman : Some of the questions for today will be held over as all the answers are not ready.

Test Cricket tickets

***49. Shri Jatin Chakravorty :** With reference to the reply given in the Council on 2nd January, 1964, to the calling attention notice regarding proposed enhancement of prices of Test Cricket tickets, will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the assurance given by the Ministers to refer the matter to the Sports Council of the State has since been complied with;

(b) if so, what is the result thereof;

(c) whether the Government was consulted by the C. A. B. (Cricket Association of Bengal) before the enhancement of the prices;

(d) whether the procedure for payment of amusement tax has been observed; and necessary amount deposited with the Collector of Calcutta;

(e) whether the statement of accounts about the sale of tickets has been submitted to the Collector of Calcutta and

(f)(i) whether the tickets earmarked for the seats of the "V. I. P's" and the "complimentary" tickets have also been sold out at various prices, and (ii) if so, whether the amusement tax for these tickets has been paid?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : (a) and (b) In accordance with the statement made in the Council the matter could not be referred to the Sports Council as there was no meeting of the Sports Council before the Test Cricket Match.

(c) No.

(d) Yes, an amount of Rs. 30,000 as initial security has been deposited with the Collector of Calcutta and the balance sum is expected to be deposited shortly after the exact amount of amusement tax to be paid by the C. A. B. is assessed by the Collector of Calcutta.

(e) No, but the statement of accounts is expected shortly.

(f) (i) No such matter has come to the notice of the Government.

(ii) Does not arise.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে স্পোর্টস কাউন্সিল এর কোন মিটিং হয় নি। আমার প্রশ্নটা ছিল—উনি এই হাউসে বলেছিলেন—মিঃ কোলে এই সাজেসানটা দিয়েছিলেন যে I accepted the suggestion of Mr. Kolay to refer the matter to the sports council. Sports council

এর মিটিং হোক বা না হোক, স্পোর্টস কাউন্সিলএর কাছে এটা রেফার করা হয়েছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনার প্রশ্নে যা আছে, তা থেকে আমি এইটাই মনে করেছিলাম যে টেস্ট ক্রিকেট ম্যাচ এর আগে রেফার করা হয়েছিল কিনা? টেস্ট ক্রিকেট ম্যাচএর আগে ওটা রেফার করা হয়নি। তারপর এটা রেফার করা হবে কিনা, সেটা আমি বিবেচনা করে বলবো।

Shri Jatin Chakravorty:

উনি কি মনে করবেন, তার উপর ত প্রশ্নের উত্তর নির্ভর করবে না। আমার প্রশ্নটা অত্যন্ত সোজা ছিল। সেই ক্রিকেট ম্যাচ এর আগে হোক, পরে হোক, সে প্রশ্ন নয়। আমার প্রশ্ন হচ্ছে যে এটা রেফার করবার প্রতিশ্রুতি এই হাউসে তিনি দিয়েছিলেন। তিনি রেফার করলে স্পোর্টস কাউন্সিলএর মিটিং হতো কি না হতো, সেটা পরে দেখা যেত। কিন্তু আপনি তাহলে সেই প্রতিশ্রুতি মত কাজ করেন নি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

প্রতিশ্রুতির মত কাজ করিনি, তা নয়। স্পোর্টস কাউন্সিল-এর কোন মিটিং হয়নি। কাজেই রেফার করবার কোন অবকাশ বা কারণই হয়নি।

Shri Jatin Chakravorty:

স্পোর্টস কাউন্সিল-এর ত একটা অফিস আছে। সেই অফিসের কাছে আপনি যদি এই পাঠাতেন, রেফার করতেন, তারপর, স্পোর্টস কাউন্সিলএর মিটিং হ'ত কি হত না সেটা দেখা যেত। কিন্তু আপনি কি রেফার করেছিলেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

রেফার করা হয়নি, এবং কি জন্য রেফার করা হয়নি আমি বলেছি। আমি আমার প্রতিশ্রুতি ভঙ্গ করিনি বা করছি না। আমি এখনও রেফার করতে প্রস্তুত আছি।

Shri Jatin Chakravorty:

স্যার, ডেরেলিকসন অব ডিউটি—এই কথাটাই আমি জানতে চাচ্ছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না, রেফার কিছুই করা হয়নি আমিত বলেছি।

Shri Jatin Chakravorty:

গভর্নমেণ্টকে C. A. B., before the enhancement of the prices consult করেননি, অথচ আপনি জানেন যে আপনাদের এখানকার একজন মন্ত্রীও সেই কমিটির মধ্যে রয়েছেন এবং আমাদের এখানকার কয়েকজন সদস্যও সেই কমিটির মধ্যে রয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে এই গভর্নমেণ্টকে যখন কনসাল্ট করেন নি এবং আপনি এও জানেন যে এই টিকিটের দর বাড়ানর বিরুদ্ধে অনেকেরই আপত্তি নিয়ে সংবাদপত্রে লেখালিখি হচ্ছিল, সেই অবস্থায় সরকারের তরফ থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছিল কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনার প্রশ্নটা ছিল অন্য রকম। আপনার প্রশ্ন হচ্ছে

whether Government was consulted by the C. A. B. before the enhancement

আমি তার উত্তরে বলেছি গভর্নমেণ্ট ওয়াজ নট কনসাল্টেড।

Mr. Chairman: Question Nos. *50 and *51 will be held over.

Migration from East Pakistan

*52. **Shri Jatin Chakravorty :** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether the decision of the Ministerial Conference held in October, 1957, at Darjeeling, which was attended by the West Bengal Ministers, regarding the imposition of restrictions on migration from East Pakistan is still in force; and

(b) if so, whether the Government contemplates to keep it in abeyance for the time being or ignore it altogether, in view of the recent mass-scale massacre of minorities in East Pakistan?

The Hon'ble Abha Maiti: (a) No decision regarding the imposition of restriction on migration from East Pakistan was taken in the Ministerial Conference held in October, 1957, at Darjeeling and as such the question of such decision being in force does not arise.

(b) Does not arise.

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশ্ন স্যার, আমার প্রশ্নটা ছিল ঐ যে রেষ্ট্রীকসন অন মাইগ্রেশন ফর ইস্ট পাকিস্তান ঐ যে রেস্ট্রিকশন ইম্পোজড করা হয়েছিল সেটা এখনও ইম্পোজড আছে? সেখানের যে ডিসিশন সেই ডিসিশন এখনও ইম্পোজড আছে?

The Hon'ble Abha Maiti :

আমি তো আগেই বলেছি যে মিনিস্টেরিয়াল কনফারেন্স-এ কোন রেস্ট্রিকসন ইম্পোজড করে ডিসিসন নেওয়া হয় নি।

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়া বোধ হয় জানেন না যে ঐ ডিসিশন অনুসারে যারা এখানে আসবেন ৫৮এর পর তারা কোন রেফিউজি গ্র্যাণ্ট বা কোন এ্যাসিসট্যান্স পাবেন না -এটা কি একটা রেষ্ট্রীকশন নয়?

The Hon'ble Abha Maiti :

আপনি জিজ্ঞাসা করেছিলেন মাইগ্রেসন করার ব্যাপারে কোন রেসট্রিক্সান আছে কি না—রিলিফ রিহ্যাবিলিটেশন-এর ব্যাপারে কোন রেসট্রিক্সন আছে কি না এই ব্যাপারে আপনি প্রশ্ন করেন নি।

Shri Jatin Chakravorty:

মাইগ্রেশন-এর উপরে কোনরকম রেসট্রিক্শন কি ৫৮ এর পরে ছিল না?

The Hon'ble Abha Maiti :

কোন জিনিষই ছিল না শুধু একটা মাত্র জিনিষ ছিল যেটা আমি বললাম যে মাইগ্রেট যারা করবে তাদের একটা "আর" ছাপ দেওয়া হত—এই জন্যই যে তারা এসে স্বীকার করতেন যে এখানে কোন রিলিফ রিহ্যাবিলিটেশন চাই না।

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশ্ন স্যার, সেটাই একটা মাইগ্রেসানএর উপরে রেস্ট্রিকসান নয়? এবং সেই রেস্ট্রিকসন এখনও আছে কি না আমি জানতে চাই।

The Hon'ble Abha Maiti :

না, রেস্ট্রিকসান নেই।

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়া যে বলছেন যে সেই রেস্ট্রিকসান নেই—তাহলে আজকে এই যারা আসছে তাদের কতকগুলি ক্যাটিগোরি ভাগ করা হয়েছে কিনা?

The Hon'ble Abha Maiti :

যারা আসছেন তাদের এই অবস্থা করা হয়েছে যে যারা সরকারী সাহায্য চাইবেন তাদের আমরা সকলকে সরকারী সাহায্য দেব. যদি তারা স্বীকৃত থাকেন বাংলাদেশের বাহিরে যেতে।

Shri Jatin Chakravorty:

স্যার, তবেই দেখুন একটা রেস্ট্রিকশন যে তার কোন এ্যাসিস্ট্যান্স পাবেন না যার দণ্ডকারণ্যে বা বাংলাদেশের বাহিরে যেতে চাইবেন কেবলমাত্র তারা অ্যাসিসটেন্স পাবেন —সুতরাং আজকে বাধা নিষেধ যেটা ১৯৫৭এ মিনিস্টেরিয়াল কনফারেন্সএ সিদ্ধান্ত হয়েছিল সেই বাধা নিষেধগুলি কিছুটা শিথিল হলেও এখন পর্যন্ত রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে সেটা সরকার ভাবছেন কিনা বর্তমানে পূর্ব পাকিস্তানে যে অবস্থা সৃষ্টি হয়েছে তার পরিপেক্ষিতে সেটাকে বন্ধ রাখাবার জন্য, সরকার-এর পক্ষ থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে কিনা?

The Hon'ble Abha Maiti :

ব্যবস্থা অবলম্বন করা হয়েছে—আমি আগেই বলেছি যারা এসে সরকারী সাহায্য চাইবেন তারাই পাবেন।

Shri Jatin Chakravorty:

মন্ত্রিমহাশয় আমার প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন সেই সিদ্ধান্তটা অনুসারে যে বাধা নিষেধগুলি ছিল সেই বাধা নিষেধগুলি কিছুটা শিথিল হলেও আজও পর্যন্ত রয়েছে— যদি পশ্চিমবঙ্গে কোন উদ্বাস্তু এসে থাকতে চায় তাহলে কোন সাহায্য পাবে না। আমার প্রশ্ন হল সেই দার্জিলিংএর মিনিস্টেরিয়াল কনফারেন্স এর সিদ্ধান্ত এ্যাবেয়ান্স রাখা হবে কিম্বা স্ক্র্যাপ করা হবে কিনা?

The Hon'ble Abha Maiti :

আমি আগেই বলেছি যে মাইগ্রেসনএর ব্যাপারে কোন রেস্ট্রিকসান ইম্পোজড করা হয়নি —দুই নম্বর সেখানে কথা হয়েছিল যে রিলিফের ব্যাপারে সেখানে কি হবে? সেই জন্য আমি আগেই বলেছি যে সিদ্ধান্ত হয়েছিল যে রিলিফ দেওয়া হবে না রিহ্যাবিলিটেসন এর কোন সাহায্য দেওয়া হবে না—এখন সেই সিদ্ধান্ত পরিবর্তন করে রিলিফ এবং রিহ্যাবিলিটেসন দেওয়া হবে এই সিদ্ধান্ত নেওয়া এবং পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

[3-10—3-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

স্থগিত রাখা মানে কি একেবারে পরিত্যাগ করা হয় নি?

The Hon'ble Abha Maiti :

পরিত্যাগ করা।

Shri Jatin Chakravorty:

পরিত্যাগ করা হয় নি। দার্জিলিং কনফারেন্সের আগে ছিল যে মাইগ্রেসান করে আসতে গেলে কোন আণ্ডারটেকিং দিতে হত না। ১৯৫৭ সালের অক্টোবর কনফারেন্সের পর ঠিক হল যে মাইগ্রেসান করে আসতে হলে তাকে আণ্ডারটেকিং দিতে হবে যে গভর্নমেণ্টের কাজ থেকে কোন রকম সাহায্য সে নেবে না। আজকে সেই আণ্ডারটেকিং

দেওয়াটা যদিও শিথিল করা হয়েছে কিন্তু এখান এলে তাকে বাংলা দেশের বাইরে না গেলে কোন রকম সাহায্য দেওয়া হচ্ছে না। সুতরাং সেদিক থেকে আমার বক্তব্য হচ্ছে যে সে সম্পর্কে আজকে পশ্চিমবঙ্গ সরকার সেই সিদ্ধান্তকে স্থগিত রাখাবার জন্য কিংবা তাকে স্ক্র্যাপ করার জন্য তুলে দেবার জন্য কোন সুপারিশ করতে রাজী আছেন কিনা ?

The Hon'ble Abha Maiti :

আমি আগেই বলেছি যে যারা আসবেন তাঁরা সরকারের সাহায্য চাইলে তা পারেন। এর বেশী আমার কিছু এ্যাড করার নেই।

Shri Jatin Chakravorty:

তাঁরা যদি বাংলাদেশের বাইরে না যেতে চান তাহলে তারা রকারী সাহায্য পাবেন কিনা ?

The Hon'ble Abha Maiti :

ভারত সরকার এবং বাংলাদেশের সরকার এটাই স্থির করেছেন যে পশ্চিমবাংলায় তাদের রিহ্যাবিলটেসান দেওয়া সম্ভব নয় এবং তাদের রিহ্যাবিলিটেসান দেওয়াটাই মুখ্য জিনিস। কোন লোক এলে তাকে ২।৪।১০ দিন আমরা রিলিফ দিতে পারি এবং এখনও দিচ্ছি। কোন লোক যদি এসে স্ট্যাণ্ডেড হয়ে পড়ে তাহলে আমরা তাকে যাওয়ার ভাড়া দিয়ে দিচ্ছি, কোন প্রয়োজনীয় জিনিস চাইলে আমরা প্রয়োজনীয় জিনিসও দিয়ে দিচ্ছি। কিন্তু রিহ্যাবিলিটেসানের ব্যাপারে বাংলাদেশের সরকার এটাই মনে করেন যে এখানে তাদের সুষ্ঠুভাবে রিহ্যাবিলিটেসান দেওয়া যাবে না।

Shri Jatin Chakravorty:

রিহ্যাবিলিটেসান যারা চায় না কিন্তু এখানে হয়ত আতীয়-স্বজন আছে সেই আত্মীয়-স্বজনের কাছে থাকে, তারা হয়ত একটা বিজনের করতে চায়, সেই সময় তারা কিছুটা বিজনের লোন পেতে পারে। এই সমস্ত সাহায্যগুলি আজকে যদি পশ্চিমবাংলার বাইরে না যায় তাহলে তারা পাবে কি পবে না সেটা আমি ত্রাণ মন্ত্রীর কাছ থেকে জানতে চাই ?

The Hon'ble Abha Maiti :

আমি বলেছি যে এখানে যদি কোন সাহায্য পেতে হয় তাহলে পশ্চিমবাংলার বাইরে গিয়ে সাহায্য নিতে হবে।

Shri Jatin Chakravorty:

স্যার, সেজন্য আমার প্রশ্ন হচ্ছে এই যে এখানে আমি পুনর্বাসনের কোন কিছু চাইনা কিন্তু অন্য কতকগুলি সাহায্য আমি পেতে পারি। বর্তমানে পূর্ববঙ্গে যে অবস্থা চলছে তাতে যারা এখানে আসছে তারা সরকারের জন্য কোন সাহায্য না নিয়ে কিছু হয়ত লোন-টোন হিসাবে পারে। সে সম্পর্কে সরকার কোন পরিকল্পনা করেছেন কিনা সে সম্পর্কে তারা কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করতে রাজী আছেন কিনা ?

The Hon'ble Abha Maiti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যা বলবার পরিস্কারভাবে বলেছি, নতুন কিছু বলার নেই।

Shri Satya Priya Roy :

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন এখানে যে সব ছাত্র-ছাত্রী আসবে তাদেরও কি পশ্চিমবঙ্গের বাইরে চলে যেতে হবে তাদের পড়াশুনার খরচ বাবদ সরকারের কাছ থেকে সাহায্য পাবার জন্য ?

The Hon'ble Abha Maiti :

যদি কোন ছাত্র-ছাত্রী তাদের কোন আত্মীয়-স্বজনের কাছে আসে এবং তারা যদি বাইরে যায় তাহলে তারা নিশ্চয়ই পাবে।

Shri Satya Priya Roy :

পশ্চিমবাংলায় থাকলে পাবে কিনা এবং তাদের অবস্থার কথা কিছু ভাবছেন কিনা ?

The Hon'ble Abha Maiti :

এখন সেই রকম ব্যবস্থা কিছু হয়নি। আমি আগেই বলেছি যে কোন সাহায্য নিতে হলে বাইরে যেতে হবে এবং ভারত সরকার সেই রকম নির্দেশ দিয়েছেন।

Shri Santosh Kumar Bhattacharjya :

খুব ভাল ব্যবস্থা স্যার, পশ্চিমবঙ্গ সরকার তো খুব মহানুভব।

(নো রিপ্লাই)

Shri Sasanka Sekhar Sanyal :

যতীন চক্রবর্ত্তী মহাশয় এবং সত্যপ্রিয়বাবু যে প্রশ্ন করলেন তাতে দেখা যাচ্ছে এই যে প্রশ্নগুলি উঠবে আমাদের মন্ত্রী মহোদয়া বোধ হয় তার জন্য প্রস্তুত ছিলেন না। আমি জিজ্ঞাসা করছি তাঁরা দু'জনে যে প্রশ্ন উত্থাপিত করলেন সেই প্রশ্নের উত্তরে যে পরিস্থিতির ইঙ্গিত পাওয়া যাচ্ছে সেগুলি পুনরায় বিবেচনা করবার কথা মন্ত্রী মহোদয়া চিন্তা করছেন কিনা ?

The Hon'ble Abha Maiti :

অধ্যক্ষ মহাশয়, আমার যা বলার তা আগেই সমস্ত বলেছি।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনার উত্তরে মোটামুটি বুঝলাম যে আপনারা মোটামুটি কাজ চালাবার জন্য একটা ফর্মুলা করেছেন যে যারা এখানে থাকবে না দণ্ডকারণ্যে যাবে তাদের কেবল সাহায্য দেবেন। কিন্তু কতকগুলি ক্ষেত্রে দণ্ডকারণ্যে যাওয়া সম্ভব না হতে পারে যার কিছু কিছু ইঙ্গিত যতীনবাবু এবং সত্যপ্রিয়বাবুর প্রশ্নে পাওয়া গেল এবং মন্ত্রী মহোদয়ার উত্তর থেকে বোঝা গেল যে এগুলির যে সম্মুখীন হতে হবে এজন্য তিনি প্রস্তুত ছিলেন না। আমি জিজ্ঞাসা করছি এই দু'জন প্রশ্নের মারফত যে অবস্থার ইঙ্গিত দিলেন সেই অবস্থাগুলি পুনরায় বিবেচনা করবেন কি করবেন না ?

The Hon'ble Abha Maiti :

আমি আগেই বলেছি যে এই সমস্ত কথা বিবেচনা করে ভারত সরকারকে জানান হয়েছিল। তাঁরা বলেছেন যে যা কিছু সাহায্য তাঁরা দেবেন এবং পশ্চিমবঙ্গের বাইরে দেবেন।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনারা কি ভারত সরকারকে এমন কোন কথা জানান নি যে অনেক ক্ষেত্রে বাঞ্ছিত কতকগুলি লোকের যাওয়া সম্ভব না হতে পারে ?

The Hon'ble Abha Maiti :

আমাদের কাছে যারা এসেছেন তারা যখন সাহায্য চেয়েছেন তখন তারা বাইরে যেতে রাজী হয়েছেন।

Shri Sasanka Sekhar Sanyal :

যারা এসেছেন এবং যারা আসবেন তাদের মধ্যে যদি কারোর কারোর বাইরে যাওয়া সম্ভব না হয় তাহলে কি করবেন ?

The Hon'ble Abha Maiti:

তারা বলেছেন যে এখানে তারা নিজেরাই ব্যবস্থা গ্রহণ করবেন।

Shri Santosh Kumar Bhattacharyya :

মন্ত্রিমহাশয় বল্লেন ছাত্রদের ব্যাপারে সেরকম কোন ব্যবস্থা হয়নি। আমার প্রশ্ন হচ্ছে বাঙ্গালী ছাত্রছাত্রী অনেক এসেছে এবং শিক্ষকও এসেছেন সত্যপ্রিয়বাবু এবং আমাদের কাছে আমাদের সমিতির অফিসে অন্ততঃ ৭০।৭৫ জন শিক্ষক এসে জানিয়েছেন আমরা বলেছি সরকারের সঙ্গে কনট্রাক্ট করতে আসার প্রশ্ন হচ্ছে উনি বলে খালাস হয়ে গেলেন আমরা কি করবো না করবো কিছুই ঠিক হয়নি, এই যে বাঙ্গালী শত শত ছাত্রছাত্রী এবং শত শত শিক্ষক যারা আজকে পূর্ববঙ্গ থেকে অসহায় অবস্থায় সেখানে দিনযাপন করতে না পেরে পশ্চিম বাংলায় চলে এসেছেন এবং ক্রমাগত আসছেন সেই সব ছাত্রছাত্রী মাতৃভাষার মাধ্যমে যাতে পড়াশুনা করেন সেই রকম কেন ব্যবস্থা দণ্ডকারণ্যে হয়েছে কি ?

The Hon'ble Abha Maiti :

হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya :

দণ্ডকারণ্যে কটা হাই স্কুল এবং হাইয়ার সেকেণ্ডারী স্কুল হয়েছে যে স্কুলে বাংলাভাষার মাধ্যমে পড়াশুনার ব্যবস্থা করা হয়েছে ?

The Hon'ble Abha Maiti :

নোটিশ দিলে কর্তৃপক্ষের কাছ থেকে জেনে বলবো যে কটা স্কুল হয়েছে এবং কোথায় কোথায় হয়েছে।

Shri Santosh Kumar Bhattachayya :

আমি স্যার বলছি, উনি জলজ্যান্ত মিথ্যা ভাষণ দিচ্ছেন সী ইজ এ লায়ার।

The Hon'ble Saila Kumar Mukherjee : On a point of privilege. Is he entitled to call a member a liar? He must withdraw it.

(Noise and interruptions)

Mr. Chairman : You should not use that word.

Shri Jatin Chakravorty:

আমি যদি বলি এল-আই-ই উনি বলছেন—এটা কি বলতে পারে ?

Mr. Chairman : You should not use that expression.

The Hon'ble Saila Kumar Mukherjee : He has not withdrawn it.

Mr. Chairman : Don't be so squeamish. I am seeing to it.

Shri Santosh Kumar Bhattacharyya :

আপনি যখন বলছেন তখন আমি উইথড্র করছি কিন্তু অন প্রোটেস্ট।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. If in the excitement of the moment some one from this side of the House used that unparliamentary expression and that has been sought to be retracted, may I put one thing as to how the situation was provoked. The question was as to whether any arrangement has been made for Bengali students who are going to Dandakaranya and the Hon'ble Minister quickly retorted by saying "Yes". Then the supplementary was "is there any high school in Bengali medium there"? The answer was "I ask for notice". Sir, don't you think that the previous question was answered in a flippant manner and the answer to the question was absolutely given a go-bye? I hope the Hon'ble minister will not indulge in this sort of levity.

The Hon'ble Abha Maiti:

মিঃ চেয়ারম্যান স্যার, ওর উত্তরে আমি একটা বলেছি যে কটা স্কুল কোথায় কোথায় হয়েছে সেটা যদি আমাকে বলতে হয় তাহলে দণ্ডকারণ্যে কর্তৃপক্ষের কাছ থেকে জানতে হবে, নোটিশ দিতে হবে। আমি আগেই বলেছি সেখানে বাংলা মিডিয়াম স্কুল আছে কিন্তু কটা স্কুল সম্প্রতি আছে এটা যদি আমাকে নোটিশ না দেয়া হয় তাহলে আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Sasanka Sekhar Sanyal :

উনি আগে যে উত্তর দিয়েছেন সন্তোষবাবুর প্রশ্নের উত্তরে যে ছাত্রদের সেখানে ব্যবস্থা করা হচ্ছে লেখা পড়া শেখানোর, আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে কটা ছাত্রের কি ব্যবস্থা করা হয়েছে?

[3-20—3-30 p.m.]

Shri Jatin Chakravorty :

আপনি জানেন যে পূর্ব বাংলা থেকে অনেক ছাত্র এখানে এসেছে, তাদের সমস্ত পরিবারের লোক নিশ্চিহ্ন হয়ে গিয়েছে, নিহত হয়েছে। সে হয়ত ভাল ছাত্র ছিল। সে এখানে এসে হয়ত তার কোন আত্মীয়র কাছে থাকে, এবং সেখানে থেকে সে পড়াশুনা করতে চায়। সেই অবস্থায়, সে দণ্ডকারণ্যে না গেলে, সে কোন সাহায্য পাবে, কি পাবে না?

The Hon'ble Abha Maiti:

চেয়ারম্যান মহাশয়, আমার যা বক্তব্য, তাতো আমি আগেই বলেছি। আমার আর কিছু বলার নেই।

Shri Jatin Chakravorty:

স্যার, এর মধ্যে আমার প্রশ্ন আছে।

(Noise and interruptions)

Shri Tripurari Chakravarti:

আমি বলছি পরিস্কার করে। এখানে এই নিয়ে অনেক উত্তাপ সৃষ্টি হয়েছে, এ রকম না থাকাই ভাল।

(Noise and interruptions)

আমি যে প্রশ্ন করছি মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে সেটা হল এই—মনে করুন বা দেখছি আমরা সেটা, যে একটি কৃতি ছাত্র...

(Noise and interruptions)

শুনুন, শুনুন, প্লিজ লিসন একজন কৃতী মেধাবী ছাত্র—আমাদের মধ্যে অনেকেই এই রকম লেখাপড়া করেছি, সে পিতৃমাতৃহীন হয়েছে—পূর্ব পাকিস্থানে এবং সে এখানে চলে আসতে বাধ্য হয়েছে। সে তার কোন একজন আত্মীয়ের গৃহে থেকে পড়াশুনা করতে চায়। তার পুস্তক ক্রয় করবার কোন রকম সংগতি নেই। তার অন্য কোন রকম সংগতি নেই। সে যদি দরখাস্ত বা আবেদন করে রিলিফ রিহ্যাবিলিটেসান ডিপার্টমেন্ট-এর কাছে, সে কিছু পাবে কি? না, ঐ ফরমূলা অনুসারে সে দ কারণ্যে যায়নি, অতএব সে কিছু পাবে না, এইটা জানতে চাই।

The Hon'ble Abha Maiti :

আমি এইটুকু বলতে পারি যে যদি সেই রকম ছাত্র আমাদের কাছে দরখাস্ত করে তাহলে পশ্চিমবঙ্গ সরকারের যে অন্যান্য ব্যবস্থা রয়েছে, তার ভিতর থেকে তার বই কেনাই হেকা, কিম্বা তাকে স্কুলে ভর্ত্তি করে দেবার জন্য মাইনেই হোক, আমরা নিশ্চয়ই তার ব্যবস্থা করবো। কিন্তু আমি যে কথা বলেছিলাম সেটা হল এই রিলিফ রিহেবিলিটেসান যাকে আমরা সত্যিকারের বলি, তা যদি পেতে হয়, তাহলে বাংলা দেশের বাইরে যেতে হবে এবং নিতে হবে।

Tripurari Chakravarti :

এটা যদি আগে পরিস্কার করে বলতেন তাহলে এত গোলমাল হতো না।

Shri Biswanath Mukherjee :

মাননীয়া মন্ত্রী মহোদয়া অনুগ্রহ করে বলবেন কি এই রকম অসহায় ছাত্র-ছাত্রী কয়জন দরখাস্ত করেছে যে তারা পশ্চিমবাংলার বাইরে যাবে না, অথচ এই সাহায্য চায়?

The Hon'ble Abha Maiti :

না, আমার কাছে এখনও কেউ করেনি। তবে শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে কেউ করেছেন কিনা, জানিনা। রিলিফ রিহেবিলিটেসান এর মিনিষ্টার হিসাবে, ব্যক্তিগতভাবে আমি এখনও কোন দরখাস্ত পাইনি।

Shri Santosh Kumar Bhattacharyya :

ছাত্র-ছাত্রী সম্বন্ধে উনি এই মাত্র কয়েকটি কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে শিক্ষকদের সম্বন্ধে। কিছু সংখ্যক শিক্ষক পূর্ববঙ্গ থেকে একেবারে অসহায় হয়ে পশ্চিম বঙ্গে এসে পড়েছে। এখন ওদের ঐ ফরমুলা অনুযায়ী দণ্ডকারণ্যে না গেলে কেউ কিছু পাবেন না। এখন এই যে শিক্ষকরা এখানে চলে আসতে বাধ্য হয়েছেন, তাদের দণ্ডকারণ্যে যে হায়ার সেকেণ্ডারী স্কুল আছে—উনি বলেছেন, সেখানে কি চাকরী দেওয়া সম্ভব হবে? এবং এখনই সম্ভব হবে কিনা? যদি এখনই সম্ভব না হয় তাহলে কতদিনের মধ্যে উনি তাদের চাকরী দিতে পারবেন?

The Hon'ble Abha Maiti :

আমার পক্ষে তা বলা সম্ভব নয়। কারণ এটাত আমাদের করণীয় নয়। এটা ভারত সরকারকে জানালে, নিশ্চয় তার ব্যবস্থা হবে। যদি সে রকম শিক্ষকরা আসেন এবং তারা যদি আমাদের জানান, তাহলে সেটা ভারত সরকারকে জানাবার জন্য ব্যবস্থা করা হবে। কারণ ভারত সরকার ইতিমধ্যেই আমাদের কাছে বলেছেন যে ডাক্তার, শিক্ষক অথবা লিগ্যাল প্রফেসান আছে যাদের, তারা কিম্বা ক্র্যাফটসমেন ইত্যাদি আসেন, তাদের বিভিন্ন জায়গায় কাজ কর্ম ইত্যাদির ব্যবস্থা করে দেবেন।

Shri Sontosh Kumar Bhattacharyya :

আমার প্রশ্ন ছিল যদি কোন শিক্ষক ওদের কাছে যান তাহলে তাদের এক্ষুনি দিতে পারবেন কিনা —এবং এক্ষুনি না পারেন তাহলে কত সময় লাগবে?

Mr. Chairman : I think it is not possible to give a reply to that question.

Shri Jatin Chakravorty :

মিনিষ্টেরিয়াল কনফারেন্সএ যখন একটা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তখন আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রীমণ্ডলী উপস্থিত থাকলেও অন্যান্য রাজ্যের মন্ত্রীরা ছিলেন এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরাও দিলেন বলে সেই সিদ্ধান্ত পরিবর্ত্তন করবার ক্ষমতা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের নেই—আমার প্রশ্ন হচ্ছে এই বর্ত্তমানে যে অবস্থা হয়েছে—সেই অবস্থার পরিপেক্ষিতে পশ্চিমবঙ্গ সরকার থেকে ঐ রকম একটি মিনিষ্টেরিয়াল কনফারেন্স আবার ডাকবার জন্য যাতে ঐ সিদ্ধান্ত পরিবর্ত্তিত হয় সেই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে তার কোন আবেদন বা সুপারিশ করতে প্রস্তুত আছে কিনা?

The Hon'ble Abha Maiti :

আমি তো আগেই বলেছি যে মিনিষ্টেরিয়াল কনফারেন্স দার্জিলিং এ যা হয়েছিল। পরবর্ত্তী কালের কথা আমি আগেই বলেছি—সে বিষয়ে নতুন কথা আর কিছু নেই—উনি যদি মনে করে থাকেন যে সম্প্রতি যে মিটিং দিল্লীতে হয়েছে তার কোন পরিবর্ত্তন করবার জন্য মিটিং ডাকতে হবে কিনা—সেটা আমি বলতে পারব না মুখ্যমন্ত্রী বলতে পারবেন।

Shri Jatin Chakravorty :

তাহলে আমি জানতে চাই যে এখানে এই কথাটা যেন শেষ না হয় মুখ্যমন্ত্রী এখন এখানে নেই তাঁকে যেন বলা হয়?

Mr. Chairman: I think a calling attention motion will be sufficient for the purpose. You can also raise this question during the budget discussion.

Shri Jatin Chakravorty :

স্যার, আমি বলতে চাইছি মন্ত্রীমহাশয়া যখন বলতে পারছেন না তখন মুখ্যমন্ত্রী হয়ত বলতে পারেন —সেইজন্য মুখ্যমন্ত্রী এলে এই প্রশ্নটা তাকে করতে চাই, সেইজন্য আমার অনুরোধ এটা এ্যাবেয়ান্স রাখুন।

Mr. Chairman : This particular matter has been raised by you and you will get a reply to this particular point.

Shri Santosh Kumar Bhattacharyya :

এখন যারা পূর্ব বাংলা থেকে চলে আসছেন আমাদের পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষে—তাদের জন্য সর্ব রকম সাহায্য দেওয়া হচ্ছে এই কথাই মন্ত্রী মহাশয়া বলেছেন আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে একথা কি সত্য যে নদীয়ার জেলা শাসক গেদে সীমান্তে সেখানে বেসরকারী যে সাহায্য প্রতিষ্ঠান তারা সেখানে সাহায্য দেবার ব্যবস্থা করেছিলেন তাদের বলেছিলেন যে কোন বেসরকারী সাহায্য প্রতিষ্ঠানকে কোন কাজ করতে হবে না, সরকার থেকেই সব করা হবে, এটা কি সত্য?

Mr. Chairman: That is a different matter.

The Hon'ble Abha Maiti :

স্যার, আপনি যদি এ্যালাউ করেন তাহলে আমি ঐ প্রশ্নের জবাব দিতে পারি—আমি সেখানে গিয়েছিলাম আমি দেখেছি যে ভারত সেবাশ্রম সঙ্ঘ কাজ করেছেন, আরেকটা মহিলা প্রতিষ্ঠান ওখানে কাজ করছেন, জাতীয় মহিলা সংহতি তারাও কাজ করছেন—আমি তো জানিনা যে এই রকম কোন আদেশ দেওয়া হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya :

এটা সংবাদপত্রে বেরিয়েছে।

The Hon'ble Abha Maiti :

তা বেরুতে পারে কিন্তু আমি যা দেখেছি তার উপর আমি বিশ্বাস করি।

Relief to the victims of recent disturbances

***54. Shri Jatin Chakravorty :** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) what is the total expenditure so far incurred in extending relief and rehabilitation to the victims of recent disturbances in Calcutta and other districts of West Bengal (with the figures for Hindus, Muslims, Christians etc., community-wise), and

(b) what is the total expenditure so far incurred in extending relief to the Hindus coming from East Pakistan after the communal disturbances there?

[3-30—3-40 p.m.]

The Hon'ble Abha Maiti: (a) Rs. 13,85,941.04 nP. (Communitywise information is not possible). (b) Rs. 1,51,376.32 nP. (This does not include transport charges).

Shri Jatin Chakravorty:

আমি চেয়েছিলাম with the figures for Hindu, Muslims,Christians, etc. community wise. সেটা দেওয়া সম্ভবপর নয় কেন জানতে চাই? আমি শুধু বলছিলাম যে কলকাতায় এবং অন্যান্য ডিস্ট্রিক্টে উভয় সম্প্রদায়ের লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এটা আমার কোন অসত উদ্দেশ্য নিয়ে প্রশ্ন নয় এবং এখানকার যারা হিন্দু তাদেরও কিছু ঘরবাড়ী পুড়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের কি রিলিফ দেওয়া হয়েছে সেটা জানতে চাই? কারণ, একটা অপপ্রচার হোক বা প্রচার হোক এখানে চলছে যে এখানকার যারা সংখ্যালঘ সম্প্রদায়ের লোক তাদের নাকি ঠিক মত কোন রকম রিলিফ দেওয়া হচ্ছে না। আমি সেজন্য জানতে চাই তাদের জন্য কত খরচ হয়েছে অন্য সম্প্রদায়ের মধ্যে কিছু খৃষ্টান যারা এই দাঙ্গার সময় ক্ষতিগ্রস্ত হয়েছে তাদেরই বা কত দেওয়া হয়েছে এবং হিন্দুদেরই বা কত দেওয়া হয়েছে? কিন্তু তিনি প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন। তিনি সময় চাইতে পারেন, আমি সময় দিতে রাজী আছি। কিন্তু দেওয়া সম্ভব নয় তার মানে কি?

The Hon'ble Abha Maiti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইকথা বলেছি যে এবং আপনি জানেন যে আমাদের খুব তাড়াতাড়ি রিলিফ দিতে হচ্ছে এবং এর আগে কমিউনিটি ওয়াইজ কিংবা রিলিজিয়ান অনুসারে কোন কিছু রাখি নি। উনি যদি চান এবং আমাকে যদি বেশী সময় দেন তাহলে আমি নিশ্চয়ই জোগাড় করে দিতে পারি। কারণ, প্রতিটি খাতা খুজে কে হিন্দু, কে খৃষ্টান, কে মুসলমান এবং ধর্মও জিজ্ঞাসা করতে হবে অনেককে। কারণ আমি তো ধর্ম জিজ্ঞাসা করে কাউকে লিখে রাখিনি। সুতরাং এটা কতদিন লাগবে আমি বলতে পারছি না। উনি যদি চান আমি নিশ্চয়ই দেব, কিন্তু দীর্ঘ সময় লাগবে। মাননীয় যতীনবাবু যে প্রচারণা হচ্ছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন, হতে পারে প্রচারণা, কিন্তু একটা কথা আমি বলতে চাই যে যারা অসুবিধার মধ্যে পড়েছে, যাদের ঘরবাড়ী পুড়ে গেছে কিংবা যারা অত্যাচারিত হয়েছে সে হিন্দু হোক, মুসলমান হোক, খৃষ্টান হোক, এ্যাংলো ইণ্ডিয়ান হোক, আমরা কাউকে ফিরিয়ে দিইনি, প্রত্যেককেই আমরা দিয়েছি। এই বিষয়ে যদি ওঁদের কোন রকম কোন জায়গায় মনে হয় যে কোন মুসলমান বা কোন হিন্দু বা খৃষ্টান পায়নি তাহলে সেই কথা আমাকে জানালে আমি নিশ্চয়ই দেখব। তবে যে হিসাব চেয়েছেন সেই হিসাব দিতে গেলে আমার দীর্ঘ সময় লাগবে, কারণ, ধর্ম ইত্যাদি আমি লিখে রাখিনি। মুসলমানদের নাম —অনেকের নামে হয়ত কিছুটা বোঝা যায়, আবার অনেককে না জিজ্ঞাসা করলে ধর্ম কি বোঝা যাবে না।

Shri Sasanka Sekhar Sanyal:

যাদের যে রিলিফ দিচ্ছেন, যে কাগজে নাম লেখা থাকছে, টাকার অঙ্ক লেখা থাকছে সেই কাগজে কোন পাড়া থেকে সেটাও তো লেখা থাকছে। সেখানে হিন্দু কি মুসলমান কি খৃষ্টান সেটা লেখা থাকছে না?

The Hon'ble Abha Maiti :

হিন্দু কিংবা মুসলমান সেই রকম আমরা কিছু লিখে রাখিনি। ধর্ম আমরা লিখে রাখিনি সে কথা তো আমি বললাম।

Shri Sasanka Sekhar Sanyal:

হয়ত কালা চাঁদ দরবারী হিন্দু, সে মুসলমান হতে পারে। কিন্তু যেসব নামগুলি আছে সেখানে মৌলবী কি ব্রাহ্মণ, হিন্দু কি মুসলমান সেটা দেখবার কি নির্দেশ নেই

The Hon'ble Abha Maiti :

আমি বললাম যে বিভিন্ন নাম লেখা রয়েছে। কেউ হয়ত ব্রাহ্মণ—সান্যাল ব্রাহ্মণ নিশ্চয়ই সেটা লোকে বুঝবে, কিন্তু সবার ব্যাপারে তা নয়। আমাকে যখন বলতে হবে তখন হিসাব করে বলতে হবে। সুতরাং আমাকে সময় না দিলে বলতে পারব না।

Shri Sasanka Sekhar Sanyal:

মাইনরিটি কমিউনিটি, মেজরিটি কমিউনিটি তো লেখা আছে?

The Hon'ble Abha Maiti :

এই রকম কিছু লেখা নেই।

Shri Jatin Chakravorty:

আমি স্যার, সময় দিতে রাজী আছি। দাঙ্গায় যারা দুর্গত সে যে কোন জাতের হোক, যে কোন ধর্মের হোক তাদের নিশ্চয়ই আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সাহায্য দেওয়া উচিত। এই বিষয়ে ওপক্ষের সাথে এই পক্ষের কোন মত বিরোধ নেই, নিশ্চয়ই সকলকে দিতে হবে। কিন্তু সময় নিলেও আপনি এ প্রশ্নটা রেখে দিন। কারণ, আমরা জানতে চাই এই বিষয়ে। আমাদের ২০ দিন সময় আছে, এই হাউস বসবে না। সেই সময় আমাদের বাজেট সেসান শেষ হবার আগে ননীয় মন্ত্রী মহাশয় যেন চেষ্টা করে সেই খবরটা দেন।

The Hon.ble Abha Maiti :

মাননীয় সভাপতি মহাশয়, ২০ দিনের মধ্যে দিতে পারব কিনা বলতে পারছি না। কারণ আমাকে কলকাতার ফিগার চাইলে বলতে পারতাম, কিন্তু এতে এত লোক ইনভলভড হয়েছে যে প্রত্যেক এরিয়াতে গিয়ে প্রত্যেকটি খাতা আলাদা আলাদাভাবে দেখে কে করতে হবে এবং তাতে আমার রিহ্যাবিলিটেসনের কাজে ডিলে হবে।

Mr. Chairman : She cannot give an assurance

(Held over questions *30 and 32.)

The Hon'ble Saila Kumar Mukherjee: I shall answer the questions during the discussion on budget.

***46 The Hon'ble Syamadas Bhattacharyya:** (a) Government have no information

(b) Does not arise.

Shri Sasanka Sekhar Sanyal:

আমি যদি মন্ত্রিমহাশয়ের কাছে একটা টাইপড ফিগার্স দিই কতকগুলি লোকের নাম যাঁরা মাইথনে বাঙ্গালী বলে স্যানসেটেড হয়েছেন, সেখানে চাকরী করেন তাহলে তিনি কি তাদের এনকোয়ারী করবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি নিশ্চয়ই নেব এবং ইনকোয়ারী করবো এবং আমি মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে বলতে চাই যে মাইথনে ডি ভি সির একটা ড্যাম আছে, মাইথনে বিহার সরকারের কতকগুলি অফিস আছে এখন এখানে কোন বাঙ্গালী কর্মচারী কোন অফিসের অন্তর্ভুক্ত, ডিভিসি অফিসের অন্তর্ভুক্ত, অথবা বিহার সরকারের কোন অফিসের অন্তর্ভুক্ত কিভাবে নির্য্যাতিত হয়েছেন সে সম্বন্ধে এই প্রশ্নের মধ্যে কোন খবর না থাকলেও আমি বিবিধভাবে জানবার চেষ্টা করেছি—কোথায় কোন অ্যাসাল্ট হয়েছে কিনা কিন্তু আমি কোন খবর পাইনি।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি বলতে চাই যে মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে আপনার সঙ্গে আপনার ঘরে একবার কথা বলে নিন তাহলেই আপনি কিছু তথ্য পেয়ে যাবেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Chairman: There are some calling attention matters notices of which were given previously on the subjects of (1) alleged police excesses in Habra, in the district of 24 Parganas—notice given by Shri Narendra Nath Das; (2) alleged assault on Dr. S. C. Dutta—notice given by Shri Dwijendralal Sen Gupta; (3) promulgation of East Pakistan Distressed Persons Rehabilitation Ordinance—notice given by Shri Sasanka Sekhar Sanyal.

The Ho'nble Ministers concerned may give the reply if they are ready.

[3-40—3-50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, the Chief Minister is in the Assembly and he has asked me to seek your permission to read the statements on his behalf.

In reply to the calling attention noice of Shri Dwijendralal Sen Gupta regarding alleged assault on Captain Dr. S. C. Dutta, I beg to make the following statement.

At about 9-30 p.m. on 13th February 1964, loud reports, three in succession, of bursting of crackers were heard at Bechulal Road which is a minority pocket. Two of these crackers fell very close to police picket which was being manned by the personnel of Bihar Military Police. On that date there was a contingent of Bihar Military Police for the protection of the minority pocket. As a result of the explosion, two out of the 4 Bihar Military Police personnel of the picket received injuries. The loud report of the crackers attracted the notice of all persons in the area and had also made the Muslims rather panicky. At this the Bihar Military Police contingent, out of excitement, came out of their camp, and along with the persons in the picket rushed towards the direction from which the crackers appeared to have been hurled. On arrival at 67 C. I. T. Road, the only person whom they came across was seen hurrying away clothed in a lungi and a coat. This person was taken to be one of the miscreants and the Bihar Military Police personnel surrounded the person and three or four of them caught hold of him. In the meanwhile, Sub-Inspector Tarapada Dutt, Officer-in-charge of the police party at Bechulal Road, arrived at the spot and asked the Bihar Military Police personnel to let go the person and this was done accordingly. The person gave out his identity as Dr. Sunil Chandra Dutta, M.B., D.T.M., and explained his presence there. Dr. Dutta was released then and there. He complained of being assaulted by the police personnel and also of being abused Dr. Dutta also complained that these police personnel hurled abuses not only at him but also on Bengalees in general and that the police personnel had threatened others by aiming their guns at persons in the locality who wanted to intervene.

On enquiries being made it appeared that some of the police personnel had caught hold of Dr. Dutta rather roughly, hurled abuses to all and sundry and had also brought their rifles at the firing position to threaten some persons who had collected on the balconies nearabout. It also transpired on enquiry that these police personnel had indulged in these overzealous activities in utter disregard of the orders of S. I. Tarapada Dutta and Havildar Mahendra Thakur of Bihar Military Police who had repeatedly told them categorically not to rush out in search of miscreants after the bursting of bombs had taken place.

The medical certificate on the injuries of Captain Dutta does not, however, indicate that the injuries were serious. It has simply been stated in the medical certificate that Captain Dutta complained of pain on his body.

The Armed Bihar Military Police contingent of this place has since been replaced by the personnel of Calcutta Armed Police and the personnel involved in this incident are being dealt with departmentally for their indisciplined conduct.

Information on the points raised in the calling attention notice is given below seriatim:—

(a) The incident of alleged assault on Capt. Dutta was intimated to the police authorities immediately after its occurrence.

(b) The Armed Constables were not authorised to assault or abuse any citizen. In the present case they had caught hold of Capt. Dutta taking him to be a miscreant who appeared to have had something to do with the throwing of the bomb and there was a hot exchange of words.

(c) The Armed Constables of the Bihar Military Police have been replaced by a contingent of the Calcutta Armed Police personnel and departmental action is being taken against the persons concerned for indisciplined conduct.

(d) No arrest has yet been made in connection with the bursting of the crackers on 13th February 1964 at this place.

(e) The Deputy Commissioner of Police, Central, held an enquiry into the incident immediately.

Sir, with reference to the calling attention notice tabled by Shri Sasanka Sekhar Sanyal regarding the promulgation of the East Pakistan Disturbed Persons (Rehabilitation) Ordinance, I rise to make the following statement:—

The State Government has got a copy of the Ordinance in question only today. It is too early to say whether, when put to effect, the Ordinance will be harmful to the interest of the minority community contrary to what the preamble to the Ordinance lays down, that is, to provide for the speedy rehabilitation of persons affected in civil disturbances in East Pakistan in January 1964 and for protection of the immovable property of the minority communities. Section 4 of the Ordinance, however, which lays down that no transfer of any immovable property belonging to a member of the minority community shall be deemed to be valid and legal unless it has been done with the prior permission of the Deputy Commissioner of the District concerned, on the face of it, seems to be taking away the unrestricted right of a migrant to dispose of by sale, by exchange or otherwise his immovable property, as guaranteed under the Nehru-Liaquat Agreement. However, it is not possible to say anything more at this stage about the possible implications of this Ordinance whose working has to be watched for a while in order to be able to find out whether it is really serving the interest of the members of the minority community or not.

Mr. Chairman: I have before me two notices of calling attention on the following subjects:—

(1) Strike resorted to by the conservancy workers of the Howrah Municipality—by Shri Jatin Chakravorty.

(2) Discrimination in the matter of fine realisation as between Hindu students and Muslim students—by Shri Sasanka Sekhar Sanyal.

Members will formally read their notices.

Shri Jatin Chakravorty: A very serious situation has arisen in the town of Howrah as a result of the Howrah Municipality conservancy workers' strike since last Friday-Saturday midnight. The number of workers is nearly 3,500 who have struck en bloc. Privy services remain inoperative, drains are overflowing and garbages are piling up. There is no sweeping of streets. As a result epidemic may break out at any moment, Howrah being the epi-centre of cholera.

The Minister concerned may make a statement as to what step has been taken by the Government to end the strike for the safety of the people of Howrah.

The Hon'ble Syamadas Bhattacharyya: I have been asked to state that the statement will be made on 28th February next.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, my matter of calling attention is as follows:—

After the expiry of the last date for depositing fees for Three-Year Degree Coursn colleges are making discrimination in the matter of late fine realisation as betweee Hindu students and Muslim students in that the latter are being exempted from payment of fines, whereas the former are not being so exempted, and as a case in point it may be mentioned that one Aftabuddin of Manindra College has been allowed to deposit fees after the last date without payment of fine and that Hindu students have not been accorded this leniency. Such discrimination cuts at the root of communal concord which ought to be top priority in the present context of things.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: A statement will be made on Monday next.

General discussion on the budget

[3-50—4 p.m.]

Shri Abdul Halim:

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় অর্থ মন্ত্রী শ্রীশৈল কুমার মুখার্জী আমাদের সামনে ১৯৬৪-৬৫ সালের আয়-ব্যয়ের যে বাজেট পেশ করেছেন সে সম্পর্কে আমার কিছু বক্তব্য এখানে রাখব। প্রথমে আমি বলতে চাই এই বাজেট উপস্থিত করে মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন তা আমি মনোযোগ সহকারে পড়েছি। তাঁর বক্তৃতা পড়ে আমার মনে হয়েছে যে তাঁর বক্তৃতা আগের বছরের বক্তৃতার পুনরুক্তি মাত্র। আমি ১২ বছর ধরে এখানে আছি, এই লাল নীল কিতাবে একই বক্তব্য বার বার ধ্বনিত হয়ে উঠেছে। এবারেও তার কোন ব্যতিক্রম দেখছি না। আমি এই বাজেট স্টাডি করে দেখলাম, কিন্তু বর্তমানে যে দুঃখ দুর্দ্দশা চলছে, যে বেকারী অবস্থা রয়েছে, দ্রব্যমূল্য অভাব অনটন যেভাবে বেড়ে যাচ্ছে ট্যাক্সের বোঝা যেভাবে লোকের ঘাড়ে চাপছে, মানুষ আজ যেভাবে শোষণের চাপে উৎকণ্ঠিত, পীড়িত তাতে এই বাজেটের ভেতর সেইসব কথা কিছু রয়েছে বলে মনে হবে না। এই বাজেট বক্তৃতার আড়ালে প্রকৃত ঘটনা চেপে রেখে দেওয়া হয়েছে এবং বাজেট যদি বিশ্লেষণ করে দেখি তাহলে তাতে আত্মসন্তুষ্টির কারণ কিছু দেখি না। এই যে বাজেট পেশ করেছেন তাতে বড়াই করা সাজে না। মাননীয় অর্থ মন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন যে ধনতান্ত্রিক সমাজতান্ত্রিক কাঠামোর মধ্যে দ্রুত উন্নয়নের প্রয়োজন সিদ্ধ করে উপযোগী করে আমাদের অর্থনৈতিক নীতি নির্ধারিত করিতে হইবে। কংগ্রেস সরকার সমস্ত ভারতবর্ষ ব্যাপী সমাজতন্ত্রের বুলি উঠেয়েছে। তারা সমাজতন্ত্র প্রচারের কথায় খুব মুখর হয়ে উঠেছে। ধনতান্ত্রিক কাঠামোর ভেতর কখনও সমাজতন্ত্র গড়ে উঠতে পারে না। আমি দেখাব কি করে বিদেশী ক্যাপিট্যাল আসছে, কি করে ফরেন ক্যাপিট্যাল এখানে দানা বেঁধে উঠছে। তাঁরা বলেছেন যে আমরা সমাজতন্ত্রের পথে যাচ্ছি। কিন্তু এই ধনতান্ত্রিক কাঠামোর মধ্যে যে সমাজতন্ত্র গড়ে উঠে না এটা সমাজতন্ত্র সম্পর্কে যাঁরা কিছু জানেন অবহিত আছেন। সমাজতান্ত্রিক কাঠামোর ভেতর ধনতান্ত্রিক সিস্টেম থাকবে

আবার সমাজতন্ত্র হবে, বড় লোক বড় লোক হবে, টাটা বিড়লা কোটিপতি হবে, আর দরিদ্র মজুর খেতে পাবে না, বেকার কাজ পাবে না, শ্রমিকরা আনএমপ্লয়েড থাকবে এবং সমাজতন্ত্র গড়ে উঠবে এ কখনও হতে পারে না। কংগ্রেস সরকার বর্তমানে যে কার্যক্রম গ্রহণ করেছেন সেটা সমাজতান্ত্রিক কার্য্যক্রম নয় এই কথা আমি বলতে চাই। আসলে তাঁরা ধনতান্ত্রিক অর্থনৈতিক কাঠামো গড়ে তুলতে চেষ্টা করছেন এবং তারই অনিবার্য্য ফল হিসাবে সরকারের সমস্ত পরিকল্পনা বাঞ্ছিত ফল দানে ব্যর্থ হয়েছে। দেশের মানুষ দুঃখ দুর্দশার হাত থেকে পরিত্রাণ পাচ্ছে না। সম্প্রতি এই যে দুর্ঘটনা ঘটে গেল এতে শত শত লোক এখানে এসেছে, এখানকার লোক স্থান চ্যুত হয়েছে, অথচ এই বাজেটে তাদের পুনর্বাসনের জন্য কোন ব্যবস্থা করা হয় নি। সমস্ত ব্যবস্থা সেণ্ট্রালের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে, বস্তা বোঝাই করে তাদের দণ্ডকারণ্যে পাঠিয়ে দেবার চেষ্টা হচ্ছে। অথচ এখানে যদি সুষ্ঠুভাবে সমাজতন্ত্র গঠন করতে হয় তাহলে একটা পরিকল্পনা নিয়ে যাতে আমরা তাদের সাহায্য দিতে পারি, শিক্ষার ব্যবস্থা করে দিতে পারি তার জন্য তো চেষ্টা করতে হবে। কিন্তু এটা একটা হৃদয়হীন বাজেট। এতে সেই সমস্ত কথার কোন উল্লেখ নেই। এটা মানবতা বর্জিত বাজেট। এতে মানুষকে কি করে গড়ে তুলব, সমাজকে কি করে গড়ে তুলব সেই সব কথা নেই। শুধু আছে আমরা এত উন্নতি করেছি, এত কিলোওয়াট বিদ্যুত উৎপন্ন করেছি, এতগুলি টিউবওয়েল করেছি। কাগজে-পত্রে মধুর বচনে এগুলি আমরা মুখর করে তুলতে চাই কিন্তু প্রকৃত ঘটনা যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে কিছুই হয়নি। কত টিউবওয়েল করেছেন তার হিসাব আমি দেব। সমাজতন্ত্রের কথা বলছেন, কিন্তু সাধারণ মানুষ আজ করভারে প্রপীড়িত। রাষ্ট্রায়ত্ত ব্যবসার পরিবর্তে রাজ্যসরকার বৃটিশ আমলের মত রাষ্ট্র কোষ পূর্ণ করবার ব্যবস্থা শতকরা ৮০ ভাগ পরোক্ষ করের মাধ্যমে করেছেন। প্রতি বছর ট্যাক্সের বোঝা বেড়ে চলেছে। বিপনি কর, অন্যান্য কর, শুল্ক প্রভৃতি খাতে সংগৃহীত অর্থের পরিমাণ শতকরা ৫০ ভাগেরও বেশী হয়েছে। সমস্ত করের পরিমাণ যোগ করলে পশ্চিমবাংলায় মাথা পিছু বার্ষিক ৪৫ টাকা কর দাঁড়ায়। তার উপর আছে জল কর, পৌর কর, শিক্ষা কর, উন্নয়ন কর, নানা রকম কর মানুষের ঘাড়ে চাপছে। এই সব কর ধরলে মাথা পিছু কর অনেক বেড়ে যাবে। করের বোঝায় মানুষের মেরুদণ্ড যেন নুয়ে গেছে। এবার সরকারের অপদার্থতার কথা বলতে চাই। সরকারের নানা রকমের ব্যবসা আছে, সেই ব্যবসাগুলি তাঁরা চালাতে পারেন না। তাঁদের অপদার্থতা, দুর্নীতি এবং স্বজনপোষণের জন্য সেখানে লক্ষ লক্ষ টাকা লোকসান দিতে হচ্ছে। ১৬ টা রাষ্ট্রায়ত্ত ব্যবসা আছে। সেখানে ১৯৬২-৬৩ সালে ২০.৪৯ লক্ষ টাকা নষ্ট হয়েছে, ১৯৬৩-৬৪ সালে ২৫ লক্ষ টাকা নষ্ট হয়েছে। তাঁরা গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই এর ব্যবস্থা করেছেন। সেখানে দেখছি ১৯৬২-৬৩ সালে ১৬.৯১ লক্ষ টাকা এবং ১৯৬৩-৬৪ সালের রিভাইজড বাজেটে ২০.৩৮ লক্ষ টাকা তাদের লোকসান হয়েছে। আরো যেসব আণ্ডারটেকিং আছে যেমন, সাপ্লাই প্রসেস, স্যানিটারী ওয়ার্কস, ইলেকট্রিক্যাল গুডস, ওয়েস্ট বেঙ্গল টাইল বোর্ড, দুর্গাপুর স্টেট ট্রানসপোর্ট, সিসল, সিসল সম্বন্ধে বলেছেন যে সিসলের গাছ লাগিয়ে দেশের কাপড় সমস্যার সমাধান করব, কিন্তু এই সমস্ত আণ্ডারটেকিং এর জন্য বহু টাকা নষ্ট হয়েছে। সেখানে কোন টাকা তাঁরা মুনাফা করতে পারেন নি, সেগুলি একেবারে দেউলিয়াপনা অবস্থায় মধ্যে রয়েছে। এই ভাবে দেশের টাকা আমাদের জনসাধারণের টাকা তারা নষ্ট করছেন। বিভিন্ন সমাজ উন্নয়নমূলক ব্যবস্থার খাতে সরকারী বরাদ্দের পরিমাণ কমে গেছে—এটা প্রত্যেক বছরের হিসাবে দেখা যাচ্ছে। একমাত্র খরচ বাড়ছে পুলিসের খাতে অথচ এই পুলিসের অপদার্থতা সম্বন্ধে এই হাউসে বহু আলোচনা হয়েছে। পুলিস দুর্নিতি পরায়ণ, পুলিস মানুষের উপর অত্যাচার করে, জুলুম করে, তারা ভদ্র ব্যবহার জানেন না। এই যে কোলকাতায় দাঙ্গা হয়ে গেল তার ২।৩ দিন এখানে কোন ল অ্যাণ্ড অর্ডার ছিল না। এই পুলিস অযোগ্য, এরা দেশ শাসন করতে পারে না, অথচ মন্ত্রিমহাশয় তাদের খুব সুখ্যাতি করছেন, তাদের বাঁচাবার চেষ্টা করছেন। কোলকাতার দাঙ্গা থামাবার জন্য মিলিটারী ডাকতে হল, পুলিস কিছুই করতে পারে নি অথচ বছরের পর বছর পুলিসখাতে টাকা বেড়ে যাচ্ছে। এই পুলিস খাতে টাকা খরচ করার কি মানে আছে। দেশের কল্যাণমূলক কাজে সাধারণ মানুষকে যদি সংগঠিত করা হয় তাহলে এত খরচ হতে পারে না। এই সমস্ত পুলিস বৃটিশ আমলের দুর্নীতি পরায়ণ পুলিস

এই সমস্ত পুলিস মানুষের সঙ্গে কখনও ভাল ব্যবহার করে না। এই পুলিসের কথা আমরা জানি—১৯৫৯ সালের আগস্ট মাসে যখন কোলকাতায় লক্ষ লক্ষ লোক খাদ্যের দাবীতে দরখাস্ত নিয়ে এল এসপ্লানেডের মোড়ে সেদিন দেখলাম পুলিসের কারবার—সেদিন তারা গুলী করে ৮০ জন লোককে ভূলুণ্ঠিত করে দিয়েছিল, সেদিন তাদের তৎপরতায় অভাব দেখিনি কিন্তু যখন শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত শিক্ষকরা আন্দোলন করেন তখন তাদের সেই আন্দোলনকে দাবিয়ে দেয়া হয়। এই পুলিস গভর্নমেণ্টকে আন্দোলন দাবাবার কাজে সাহায্য করে। এই সমস্ত দুর্নীতিপরায়ণ পুলিসের সম্পর্কে মিঃ চেয়ারম্যান স্যার, আমি উগ্র ভাষায় আর বলতে চাইনা কিন্তু পুলিসের অপদার্থতার কথা না বলে পারা যায় না। তারপরে ফেমিন খাতে অর্থবরাদ্দ কমানো হয়েছে। আমরা জানি প্রত্যেক বছর খাদ্যসঙ্কট হয়, উৎপাদন হয় না, দেশে কৃষকের হাতে জমি নেই, জমি বণ্টণ ব্যবস্থা ভাল হয়নি, লোকে খেতে পায় না অর্থাভাবে প্রত্যেক বছর ফেমিনের জন্য বর্ষাকালে টাকা দিতে হয় অথচ প্রত্যেক বছর এই ফেমিনখাতে কম করে ধরা হয়, পরে আবার বেশী খরচ করতে হয়। এইভাবে খাদ্য সমস্যা সমাধান করা যায় না বা দেশে উৎপাদন বাড়তে পারে না। এর যদি যথাযোগ্য ব্যবস্থা করতে হয় তাহলে এই সমস্ত খাতে আরো বেশী খরচ খাকা উচিত। পূর্ববঙ্গ হতে যে সমস্ত ছিন্নমূল উদ্বাস্তু এসেছেন এবং যাঁরা এখানকার দাঙ্গা দুর্গত তাঁদের ত্রাণের জন্য কোন ব্যবস্থা নেই। কাজেই আমি আগেই একথা বলেছি এই বাজেটকে কি করে বলবো এটা জনকল্যাণ রাষ্ট্রের বাজেট। জনসাধারণের উপকার করার জন্য, দেশকে গড়ে তোলার জন্য, এই বাজেট এটা কিছুতেই বলা যেতে পারে না। মিঃ চেয়ারম্যান স্যার, এই বাজেটের আর একটা দিক আছে। আমাদের দেশে দু-দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গেছে কোটী কোটী টাকা আমরা খরচ করেছি, তৃতীয় পরিকল্পনায় প্রায় ৩ বছর কাল হয়ে গেল কিন্তু আমাদের দেশের সবচেয়ে যে বড় সমস্যা খাদ্য সমস্যা তার সমাধান হল না, খাদ্যোৎপাদন বৃদ্ধি পায়নি, আমাদের জাতীয় আয় বেশী বৃদ্ধি পায়নি। মাননীয় অর্থমন্ত্রীমহাশয় তাঁর নিজের ভাষণেই স্বীকার করেছেন জাতীয় আয় যতটুকু বৃদ্ধি পেয়েছে তার আর একটা দিকও দেখতে হবে। আয় বৃদ্ধির হিসাবে দেখানো হয়েছে যে গত দশ বছরে অ্যানুয়াল রেট অব ইনক্রিজ হয়েছে ৪ পার্সেণ্ট পপুলেসন গ্রোথ ২॥ পার্সেণ্ট, পার ক্যাপিটা ইনকাম হয়েছে ১॥ পার্সেণ্ট—থার্ড প্ল্যানের টার্গেট ছিল ৫ পার্সেণ্ট বাড়ানো হবে। অ্যাকচুয়াল ২॥ পার্সেণ্ট বেড়েছে, ১৯৬২-৬৩ সালে অনলি অ্যাবাউট ২ পার্সেণ্ট, তার মানে ০.৩ পার্সেণ্ট কমে গেছে। আমাদের পশ্চিমবঙ্গের অবস্থা আরো খারাপ এখন এই জাতীয় আয় কার ঘাড়ে কত এল, টাটা বিড়লা কত পেলেন, আর কৃষক এবং সত্যপ্রিয় বাবুরা কত পেলেন সেটা সবাই জানেন।

[4—4-10 p.m.]

এগ্রিকালচারাল প্রোডাকশন সম্পর্কে তাঁরা বলছেন যে ফুড ফেল ফ্রম ৪১.৪ টু ৩৩.৮ এবং প্ল্যান টারগেট হচ্ছে তাঁদের ৫০ পারসেণ্ট এটা থেকে প্রমাণ হচ্ছে যে খাদ্য উৎপাদন কমে যাচ্ছে, বাড়েনি। তারপর ইনডাস্ট্রিয়াল প্রোডাকসন এর গ্রোথ সম্পর্কে তাঁরা বলছেন ইন টু ইয়ার্স ৬.৫ প্লাস ৮ ইনডাস্ট্রিয়াল গ্রোথ হয়েছে ১১ পারসেণ্ট এ্যানুয়ালি কুথ এণ্ড টি কিছুটা কমেছে। জুট কিছু বেড়েছে। এই হচ্ছে উৎপাদন সম্পর্কে ওঁরা হিসাব দিচ্ছেন। কাপড়ের উৎপাদন কমেছে, তবে সূতা কিছু বেড়েছে। আবার হ্যাণ্ডলুম ক্ষতিগ্রস্ত হয়েছে। দেখা যাচ্ছে প্রোডাকসন তারা বাড়াতে পারেন নি। তাদের ইকনমিক রিভ্যু থেকে ফিগার তুলে দেখাচ্ছি। তারাই স্বীকার করছেন উৎপাদন বাড়াতে পারেন নি। কারণ এগ্রিকালচার-এর সংখ্যাটা বেশী। এই এগ্রিকালচার-এর সংখ্যাটা বেশী। এই এগ্রিকালচার-এর প্রোডাকসন বাড়াতে না পারার জন্য গত বৎসর কি ঘটনা ঘটেছিল তা সবাই জানেন। গতবছর আপনারা জানেন চালের দর ৫০ টাকা বেড়ে গিয়েছিল। সাধারণ লোক খেতে পায় না, পড়তে পায় না, তারা অল্প মাইনে পায়, তারা নানা দিক দিয়ে প্রপীড়িত। তাদের ৫০ টাকা দরে চাল কিনতে হয়েছে।

উৎপাদন না বাড়লে জিনিষের দাম বেড়ে যাবে, এটা স্বাভাবিক কথা; এবং তার উপর আবার হোরডার আছে। যারা ব্যবসাদার, মজুতদার, হোরডার, তারা এইগুলি কনট্রোল করে। এই প্রসঙ্গে আমি একটা হিসাব দেখাচ্ছি, সেটা অবান্তর হবে না। মিঃ চেয়ারম্যান স্যার, যদি আমরা ধরি গড়ে কি রকম আমাদের চালের প্রোডাকসন হয় এবং চালের ব্যাপারে

কি রকম কারসাজি হয়, তাহলে সমস্ত জিনিষটা পরিষ্কার হয়ে যাবে। যদি আমরা ধরি গড়-পড়তা ৪২ লক্ষ টন চালের প্রোডাকসন হয়, এবং ৩০ পারসেণ্ট যদি তার এ্যাভারেজ মার্কেটেড কোয়ানটিটি হয়, তাহলে আমরা দেখছি এটা ১৪ লাখ টন হচ্ছে

Out of this, four lakh tons are taken as marketed by persons themselves to the consummers or millers.

তার ব্যালান্স যেটা ১০ লাখ থাকে, সেটা সরাসরি জোতদার ও মহাজনের হাতে চলে যায়। এবং এটার যদি মিনিমাম ৫ পারসেণ্ট একস্ট্রা প্রফিট হিসাব ধরি, তাহলে

extra profit will come to 2.70 lakh maunds, that is 13.50 lakhs.

এই যে এ্যাভারেজ এটা এভরি ইয়ার-এ চলে যাচ্ছে আনপ্রোডাকটিভ এলিমেণ্ট-এর হাতে এবং বিগ জোতদার ও হোবডার-এর কাছে। তারা আবার এটা নিয়ে ফার্দার স্পেকুলেসন-এর জন্য ব্যবহার করে। বাজারে তারা সেই টাকাটাই আবার ছাড়ে। তারা চাল, ধান কিনে নিয়ে হোর্ড করে। আবার দুঃসময়ে, এটা তারা বেশী দরে বিক্রয় করে। তখন তারা মন্ত্রীমণ্ডলীর সঙ্গে সহযোগিতা করে দাম বাড়িয়ে দিয়ে তারা দেশের লোককে জোঁকের মত শোষণ করে। এই হচ্ছে তাঁদের অবস্থা। মিঃ চেয়ারম্যান স্যার, এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। ১৫–২ তাং স্টেটসম্যান-এ প্রকাশিত হয়েছে—

P. C. Mahalanobis, Chairman of the committee on distribution of income and wealth in India, in his report has concluded that the rural scene has suffered considerable deterioration during the last ten years despite all efforts towards a planned growth. Despite all land reform measures the pattern of concentration of landholdings has not basically changed. The avrage per capita daily expenditure is a little over 66 nP. for the whole of the population. Those in the lowest 10 per cent. or the lowest income group in the rural area have a daily per capita expenditure of 31 nP. In the urban areas and rural areas the condition of the last 10 per cent. has definitely deteriorated. They are underfed, under-clothed.

আণ্ডার ফেড ও আণ্ডার ক্লথড, এই হচ্ছে অবস্থা। অথচ ওঁরা টার্গেট নিয়ে বড়াই করছেন ওঁরা বলেন আমাদের দেশে অনেক কিছু করেছেন।

মিঃ চেয়ারম্যান স্যার, আমি এখানে দেখাতে চাচ্ছি—ওঁরা বলেন এখানে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গঠন করবেন, অথচ আপনারা যদি হিসাব করে দেখেন, যে টাকা কি পরিমাণে আসছে এবং কিভাবে সেটা খরচ হচ্ছে, তাহলে বুঝতে পারবেন তাদের সমাজ ব্যবস্থা কিভাবে গঠিত হতে চলেছে।

তারপরে মিঃ চেয়ারম্যান স্যার, আমি এখানে দেখাতে চাচ্ছি যে ওঁরা বলেন যে সমাজ-তান্ত্রিক সমাজ ব্যবস্থা গঠন করবেন। অথচ আপনারা হিসাব করে দেখেন যদি তাহলে দেখবেন টাকা কি পরিমাণে আসছে। আমি আর একটা প্রশ্ন অবশ্য সেটা পরে আমি বলছি আন-এমপ্লয়মেণ্ট সম্বন্ধে। এখন যেটা বলছি সেটা হলো এই ফরেন এড প্ল্যান টারগেট ছিল ২,২০০ টাকা এখন এ্যাকচুয়াল ইন থ্রি ইয়ার্স হচ্ছে ১,২০৬ টাকা মিড টার্ম থেকে এগুলো কোটি বা ক্রোড় টাকা। আপ টু মার্চ ১৯৬৩ অথোরাইজড অর প্রমিসড ক্যাপিটাল হচ্ছে ১,৮৬৫ ক্রোড় টাকা, ওয়েস্ট হয়েছে ১,৫৬৬ ক্রোড় টাকা ও সোসিয়ালিস্ট কাণ্ট্রি দিয়েছে ৩২৯ ক্রোড় টাকা। এড ইণ্ডিয়া ক্লাব থেকে যে টাকাটা আসছে ৬১-৬২ সালে তারা দিচ্ছে ১,২৯৫ মিলিয়ান ডলার এবং ৬২-৬৩ সালে দিচ্ছে ১৭০ মিলিয়ান ডলার, ৬৩-৬৪ সালে দিচ্ছে ১৫২ মিলিয়ান ডলার, ৩,৪১৭ মিলিয়ান ডলার তারা দিচ্ছে

One third for non-project scheme to purchase goods from donor countries.

অর্থাৎ যে দেশ আমাদের টাকা দেবে সেই দেশ থেকে আমাদের জিনিষ কিনতে হবে। ফরেন ক্যাপিটাল প্রাইভেট এসেছে ১৯৫০ এবং ৬১ সালে আমি দেখাচ্ছি প্রাইভেট ৪৯৩ ক্রোড় ৫০ সালে এবং ৭৯১ ক্রোড় ১৯৬১ সালে এবং ব্যাঙ্ক দিচ্ছে ৬১ ক্রোড় ১৯৬১,৬০ ক্রোড় দিচ্ছে আর অফিসিয়াল দিচ্ছে ২২৫ ক্রোড় এবং ৬১ সালে ১,৭০০ ক্রোড় টাকা। প্রফিটস বাই ফরেন কণ্ট্রোল কোম্পানী দিচ্ছে ৫৬ সালে ৪৬.৭ ক্রোড়, ৫৭ সালে ৩৫.১ ক্রোড়, ৫৮ সালে ৩৫.২

ক্রোড়, ৫৯ সালে ৩৮.৩ ক্রোড়, ৬০ সালে ৪৮.০ ক্রোড় আর ১৯৪৮ থেকে ৫৮ বিদেশী পুঁজি এসেছে ১৫৮ ক্রোড় প্রফিট ইনক্রিমেণ্ট অ্যাণ্ড আদার্স। কাজেই এই থেকে দেখা যাচ্ছে কত প্রফিট তারা করছে। আমাদের দেশে টাকা ইনভেস্টমেণ্ট করে তারা কত টাকা প্রফিট করছে। তার পরে আবার আমাদের ফাইভ ইয়ার্স প্ল্যান ইত্যাদি হয়েছে সেখানে আমরা বিদেশ থেকে টাকা পাচ্ছি। তাছাড়া ফরেন ব্যবসা সেখানে কোলাবারেশনে টোটাল এনটারপ্রাইজেস হচ্ছে ১,৩০০। ব্রিটিশ হল ৩৬৭, ইউ. এস. এ. ২২১, জার্মাণ ২০১, জাপান ১০০। এই ফরেন এন্টারপ্রাইজগুলি এখানে কাজ করছে। তাদের পেড আপ ক্যাপিটাল ইন জয়েণ্ট স্টক কোম্পানী হচ্ছে ইন ওয়েস্ট বেঙ্গল ৬০-৬১ হচ্ছে ৪০০.৯ ক্রোড়, ৬১-৬২ হচ্ছে ৪০০.২৩ ক্রোড়, ৬২-৬৩ হচ্ছে ১১৩.৭ ক্রোড় এই হচ্ছে সেখানে তাদের বাজেটে বেড়ে চলেছে। কাজেই আমরা দেখছি এবং মহালনবিশ কমিটির রিপোর্টে ১৮ই অক্টোবর ১৯৬২ সালে বেরিয়েছে এরা হচ্ছে ১৯৫১ থেকে ৪৫২ শুধু কোম্পানী কণ্ট্রোল করেছে আর ১৯৫৮ থেকে ৫৫০টি কোম্পানী শেয়ার ক্যাপিটাল কণ্ট্রোল করেছে—এর থেকে আমরা দেখছি কি? এখানে প্রাইভেট সেক্টর পাবলিক সেক্টর গ্রো না করে প্রাইভেট সেক্টর গ্রো করছে। প্রাইভেটে এরা নিজের কোটি কোটি টাকা মুনাফা নিয়ে যাচ্ছে। তারা এই রকম প্রফিট করে নিয়ে যায় এবং অনুপ্রবেশ করে তাহলে আমাদের দেশে সোস্যালিজম কি করে গড়ে উঠবে? ১৫ই ফেব্রুয়ারী স্টেটসম্যান বলছে, মিঃ চেস্টার বোলস অ্যাট প্রেস ক্লাব বলেছিলেন

"I think the private sector in India will grow very rapidly and I am sure that more and more American investment will be made when India got moving it was going to be a tremendous market for the world and the chances of attracting foreign capita has been increased by India's reputation of fulfilling the contract."

তাহলে দেখা যাচ্ছে যে কিভাবে তারা এই দেশে ফরেন কণ্ট্রোলড বিসনেস চালাচ্ছে এবং ক্যাপিটাল আসছে। তারা কিভাবে এই দেশকে কুক্ষিগত করছে। এই যে ফরেন ক্যাপিটাল অর্থাৎ আমেরিকান এবং বৃটিশ অনুপ্রবেশ—তার ফলে আমাদের সমাজ জীবন ব্যাহত হবে। তারা আজকে আমাদের উপরের শ্রেণী যারা আছেন তারা মনে করেন এর দ্বারা আমাদের দেশ উপকৃত হবে। আজকে তারা কলকাতায় সি. এম. পি. ও করছেন ফোর্ড ফাউণ্ডেসান করে আমাদের উপর কর্তৃত্ব করবেন। ভারত মহাসমুদ্রে তারা বিপদজনক অস্ত্র শস্ত্র নিয়ে মার্কিণ নৌবহর পাঠাচ্ছেন। আমাদের দেশের বড় বড় যে সব পুঁজিপতি আছেন তাদের সঙ্গে এদের আতাঁত রয়েছে, তারা বিদেশী সাম্রাজ্যবাদের সঙ্গে খুব অন্তরঙ্গ বন্ধুত্ব স্থাপন করেছেন। দেশের অর্থনৈতিক, রাজনৈতিক, এবং সাংস্কৃতিক ক্ষেত্রে এই প্রতিক্রিয়াশীল চিহ্ন ফুটে উঠছে দেখতে পাচ্ছি। এবং এই করে তারা আমাদের অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক জীবনের মধ্যে অনুপ্রবেশ করছে। তারা দেশের জনসাধারণের উপর এখন উপদেশ দেয়।

[4-10—4-20 p.m.]

এর মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি যে দেশের জনসাধারণের উপর এসে তারা অনুপ্রবেশ করেছিল, তারপর তাদের উপর ছেড়ে দিয়ে চলে গিয়েছিল, আবার তাদের সেই প্রভাব করতে চাইছে। সেই ভাবে আবার তারা আমাদের দেশে প্রবেশ করতে চাইছে। ওঁরা কথায় কথায় বলেন যে আমরা দেশকে খুব উন্নত করে তুলছি। মিঃ চেয়ারম্যান, স্যার, ওঁদেরই ইকনমিক রিভিউতে রয়েছে, তার থেকে আমি দেখাচ্ছি যে ওঁরাই বলছেন বিগিনিং অব সেকেণ্ড প্ল্যান-এ আন এমপ্লয়মেণ্ট ছিল ৫.৩ মিলিয়ান। সেকেণ্ড প্ল্যানে বলেছিলেন নিউ এমপ্লয়মেণ্ট দেওয়া হবে ৮ মিলিয়ান — টোটাল নাম্বার অব আনএমপ্লয়েড এ্যাট দি এণ্ড অব দি প্ল্যান ৯ মিলিয়ান। তারপর থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে ব্যাকলগ হচ্ছে ৯ মিলিয়ান। তাহলে নিউ এণ্ট্রাণ্ট হচ্ছে ১৭ মিলিয়ান, এমপ্লয়মেণ্ট টার্গেট হচ্ছে ১৪ মিলিয়ান, এক্সপেক্টেড ব্যাকলগ হচ্ছে ১২ লক্ষ লোক বেকার হবে। নন-এগ্রিকালচারার এমপ্লয়মেণ্ট টার্গেট ফাইভ ইয়ার্সে ১০.৫ মিলিয়ান। এ্যাকচুয়াল ওনলি ইন থ্রি ইয়ার্সে হচ্ছে ৫.৫ মিলিয়ান। রেজিস্টার্ড ইন এক্সচেঞ্জেস সেখানে যা নাম লেখান হয়েছিল সেটা ইনক্রিজেস ইন টু ইয়ার্স ফ্রম ৫০.৬ ল্যাক্স টু ২৪.৮ ল্যাক্স। ইন দি ওয়েস্ট বেঙ্গল এটা

হচ্ছে ফ্রম ৩.২৮ ল্যাক্স ইন ১৯৬১ টু ৪.৩৯ ল্যাক্স ইন ১৯৬২। তাহলে দেখা যাচ্ছে আনএমপ্লয়মেণ্ট বেড়ে যাচ্ছে। এবং এডুকেটেড আনএমপ্লয়েডের সংখ্যা হচ্ছে ১.১০ লক্ষ। কাজেই দেশকে যদি গঠন করতে হয়, দেশের বার্ডেন যদি কমাতে হয়, দেশের যদি সমস্যা সমাধান করতে হয় তাহলে এই লোকগুলিকে না খাইয়ে যে কি করে দেশের সমস্যা সমাধান হবে তা আমি বুঝতে পারছি না। দেশকে যদি গড়ে তুলতে হয় তাহলে এই যে দেশে এত কোটি কোটি লক্ষ লক্ষ আনএমপ্লয়েড আছে তাদের হার্নেস করে দেশে উৎপাদন বাড়াতে হবে। সেগুলির কোন ব্যবস্থা না করে কেবল বেকারের সংখ্যা বাড়ান হচ্ছে। যত প্ল্যান বাড়ছে ততই বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। এবং আমাদের ওয়েস্ট বেঙ্গলে বেকারের সংখ্যা সবচেয়ে বেশী। এখানে এগ্রিকালচারাল লেবারের ব্যাপারেও তাই, তাদের সংখ্যা আরো বেড়ে গেছে। নন-এগ্রিকালচারাল লেবারের সংখ্যা আমাদের কমে গেছে, লেবার তাই কমে গেছে। এমপ্লয়মেণ্টের যে ব্যবস্থা তাতে সেখানে দেখা যাচ্ছে ১৪ মিলিয়ান লোক এখন বেকার অবস্থায় পড়বে। এবং এই বেকার অবস্থা নিয়ে একটা দেশকে গঠন করা যেতে পারে না। যে সমস্ত সোসালিস্ট দেশের কথা বলা হয় সেই সমস্ত সোসালিস্ট দেশে কোন বেকার নেই। সেখানে নিয়ম হচ্ছে বেকারদের কাজ দিতে হবে। তাদের খেতে দিতে হবে, কাজ না থাকলে স্টেট থেকে তাদের প্রোভাইড করতে হবে। আর এখানকার বেকাররা পথে রাস্তা-ঘাটে ঘুরছে, রিফিউজীরা আজকে মরণাপন্ন অবস্থায় রাস্তায় রাস্তায় ঘুরে ঘুরে মরছে, তাদের দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে। আমাদের দেশের বেকাররা পথে ঘুরে ঘুরে হয়ত এক বেলা খেল। তাদের এক বেলা খোদায় চালাচ্ছে, আর এক বেলা খোদে চলছে। তারা যেদিন খাদ্য পাচ্ছে সেদিন খোদায় চালাচ্ছে, আর যেদিন খাদ্য পাচ্ছে না সেদিন খোদে চলছে। মিঃ চেয়ার-ম্যান, স্যার, এই যে বেকারের চিত্র এই চিত্র আমার নয়, এই চিত্র ওঁদেরই রিপোর্টের চিত্র। এই যে ইকনমিক রিভিউ ওরা আমাদের কাছে দিয়েছেন সেই রিভিউ থেকে এই সব আমি দেখাচ্ছি। এই যদি অবস্থা হয় তাহলে কি করে তাঁরা দেশকে সমাজতান্ত্রিক কাঠামোর মধ্যে নিয়ে যাবেন? কাজেই এইভাবে সমাজতন্ত্রের ভাঁওতা দিয়ে কোন লাভ নেই। দেশকে যদি গড়ে তুলতে হয় তাহলে তো বলতে হবে যে, এইভাবে আমরা প্ল্যান নিচ্ছি, এইভাবে পরিকল্পনাকে আমরা কাজে লাগাব, তাহলে কিছু কাজ হতে পারে। আমরা দেখছি, প্রায় শুনছি এবং এই কথা আগেও বলেছি যে প্রাইস খুব বেড়ে যাচ্ছে। জিনিসের দাম অগ্নিমূল্য হচ্ছে। মিঃ চেয়ারম্যান, স্যার, কি রকম অরাজকতা দেখুন—কলকাতায় যখন রায়ট বাঁধল তখন ১ বোতল কেরোসিন তেলের দাম হল ১ টাকা, একটা ডিমের দাম ১ টাকা। দেশে তো এইরকম অরাজকতা মাঝে মাঝে আসতে পারে, তাহলে গভর্নমেণ্টের কম্পিটেন্সি কোথায়? যে গভর্নমেণ্ট দেশকে চালাতে চায় সেই গভর্নমেণ্টের কম্পিটেন্সি থাকা দরকার। গভর্নমেণ্টকে এমারজেন্সি, এক্সিজেন্সি, রায়ট ইত্যাদির জন্য প্রস্তুত থাকা দরকার। রায়ট হবে এটা তারা জানতেন। দেশ দাঙ্গা বিধ্বস্ত হলে লোকে খেতে পাবে না, কোন জিনিস আসবে না, ট্রাম বন্ধ হবে, রেল বন্ধ হবে, তাহলে গভর্নমেণ্টের কম্পিটেন্সি কোথায়? তাহলে এই লোকগুলিকে খাওয়ানর দায়িত্ব কার ছিল? আমার, না এই গভর্নমেণ্টের? আমি তো গভর্নমেণ্টের গদিতে বসে নেই, শ্রীপ্রফুল্ল সেন গদিতে বসে আছেন। দাঙ্গার সময় এই যে লক্ষ লক্ষ লোক খেতে পেল না ১ মাস ধরে তার জন্য কে তাদের ব্যবস্থা করেছে? শ্রীপ্রফুল্ল সেনের কি সেই দায়িত্ব ছিল না? কাজেই গভর্নমেণ্ট চালাতে হলে তার সমস্ত রকম ব্যবস্থা রাখতে হবে, তার শৃঙ্খলা রাখতে হবে, তবে গভর্নমেণ্ট চলবে। তা না হলে গভর্নমেণ্ট চলতে পারে না। মিঃ চেয়ারম্যান স্যার, এবারে টিউবওয়েলের কথা বলছি। ৩ হাজার টিউবওয়েল খননের ব্যবস্থা হয়েছে। ইন লাস্ট থ্রি ইয়ার্স গভর্নমেণ্ট রিভিউ থেকে দেখলাম যে ১১৬টা টিউবওয়েল হয়েছে।

ইরিগেসন সম্পর্কে সেদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে কতকগুলি প্রোজেক্ট হয়েছে—দামোদর প্রোজেক্ট হয়েছে, ময়ূরাক্ষী প্রোজেক্ট হয়েছে ইত্যাদি এবং লক্ষ লক্ষ একর জমিতে জল দেবার কথা হয়েছে, বাধ্যতামূলকভাবে লেভী করে এখানে আইন পাস করে নিয়ে ১০ টাকা ট্যাক্স ধার্য করার ব্যবস্থা করা হয়েছে অথচ মিঃ চেয়ারম্যান, স্যার, সেখানে ৩০ পার্সেণ্ট জমিতে আজও ওঁর

জল দিতে পারেন নি। উৎপাদন বাড়বে, উৎপাদনের নামে কোটি কোটি টাকা খরচ করে এই সমস্ত প্রোজেক্ট করা হয় অথচ চাষীরা জল পায় না, চাষীকে জমি দেয়া হয় না। ল্যাণ্ড রিফর্ম করা হল উৎপাদন বাড়বে বলে কিন্তু তারা জমি পায়নি—তাহলে দেশের উৎপাদন বাড়বে কি করে? তাহলে দেশ আরো ধ্বংসের দিকে যাবে এঁদের হাতে যদি ক্ষমতা থাকে। সোসালিজম হতে গেলে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত সাধারণ মানুষ এই গভর্নমেণ্টকে সরিয়ে দিয়ে একটা গণতান্ত্রিক পদ্ধতিতে সত্যিকার সোসালিজম গড়ে তুলতে পারে কিন্তু এভাবে ক্যাপিটালিস্ট টাটা, বিড়লা, সিংহানিয়া থাকবে। হয়ত ওদিকে ফোর্ড ফাউণ্ডেশন থাকবে, চেস্টার বোলজ থাকবে, আমেরিকান, জাপানী কোম্পানীগুলি থাকবে, আর কোটি কোটি টাকা ঢালা হবে, তারপরে সোনার পাথর বাটি সোসলিজম হয়ে যাবে। সত্য কথা বলতে গেলে আমরা ক্যাপিটালিস্ট সিস্টেমের মধ্যে আছি—এটা আমরা বিশ্বাস করি। বৃটিশ আজ চলে গেছে কিন্তু এরা যারা পাওয়ারে এসেছে তারা ক্যাপিটালিস্ট রুলিং ক্লাশ, তারা পার্লামেণ্টের মাধ্যমে শাসন করছে একটা ডিমোক্রেটিক ছাপ দিয়ে যে অপোজিসানরা ইলেকটেড হয়ে দাঁড়াতে পারে কিন্তু এই ভাবে সোস্যালিজম আসতে পারে না। সত্যিকার সোস্যালিজম আনবে যদি সমস্ত জনসাধারণ মিলে পালামেণ্ট দখল করে এই সমস্ত আইন কানুন বদলে দিয়ে তার ভেতর দেশকে গড়ে তুলতে পারে—সেখানে সমস্ত লোক যাবে, যেভাবেই হোক সেখানে তারা যাবে। পার্লামেণ্ট দখল করবে এবং এই বুর্জোয়া সিস্টেমকে খতম করে দিয়ে সোসালিজম গঠন করবে। তাই মিঃ চেয়ারম্যান স্যার, আমি এই বাজেটকে সমর্থন করতে পারি না, কারণ এটা হৃদয়হীন বাজেট। মানবতা বর্জিত বাজেট এতে জনসাধারণের সুখ দুঃখ অনশন ঘোচাবার কোন ব্যবস্থা নেই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Krishna Kumar Chatterjee:

মাভাপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৪-৬৫ সালের যে বাজেট এই সভাকক্ষে উপস্থাপিত করেছেন সর্বপ্রথমে তাঁকে আমি তার জন্য অভিনন্দন জানাচ্ছি। পশ্চিমবাংলা সমস্যাসঙ্কুল একটা প্রদেশ। দেশ বিভাগের পর একটার পর একটা ধাক্কা এই দেশকে এর অর্থনৈতিক কাঠামোকে দুর্বল করে দিয়েছে এবং নানা সমস্যার সামনে দাঁড়িয়ে পশ্চিমবাংলাকে খুব কঠিন পদক্ষেপের সঙ্গে দৃঢ় চিত্তে এগিয়ে যেতে হয়েছে, তার ইঙ্গিত এই বাজেটের মধ্যে প্রকাশ লাভ করেছে। আমরা বাজেট অনুধাবন করলে দেখতে পাই যে, ১৯৬৪-৬৫ সালে রাজস্বখাতে উদ্বৃত্তের পরিমাণ ৫ কোটি ৬১ লক্ষ টাকা দাঁড়িয়েছে কিন্তু যেহেতু মূলধনী খাতে ঘাটতির পরিমাণ ৮ কোটি ১৯ লক্ষ টাকা হয়েছে সেজন্য মোট পরিমাণ আমাদের ঘাটতি দেখানো হয়েছে এই বাজেটে ২ কোটি ৫৭ লক্ষ টাকা। যে প্রদেশে উন্নয়নকল্পে প্রায় পৌণে ৫ শো কোটি টাকা ব্যয় হয়েছে সে প্রদেশে এই ঘাটতি এমন কিছু চিন্তার কারণ নয়। প্রারম্ভিক তহবিলে যে ১১ লক্ষ টাকা আমাদের ছিল সেটা যদি আমরা এই বাজেটের মধ্যে গ্রহণ করি তাহলে ২ কোটি ৪৭ লক্ষ টাকা ঘাটতি দাঁড়িয়ে যাচ্ছে। বর্ষান্তিক তহবিলে ঘাটতির পরিমাণ ২ কোটি ৪৭ লক্ষ টাকা দাঁড়াচ্ছে কিন্তু রাজ্যসরকার সে বিষয়ে এত অবহিত যে অর্থমন্ত্রী কিভাবে সেই টাকা পূরণ করবেন তার ইঙ্গিত রচনা করেছেন। তিনি নূতন করভার কিন্তু চাপাতে চান নি, না চাপিয়ে তিনি এমন একটা ব্যবস্থা অবলম্বন করেছেন যাতে দেশের উপর খুব বেশী একটা চাপ না পড়ে অথচ এই ঘাটতি কিভাবে পূরণ করা যায় তার ইঙ্গিত তিনি রচনা করেছেন। আবার বাজেটের মধ্যে একথাও স্বীকার করে নেয়া হয়েছে যে আমাদের কর্মচারী যারা আছেন তাদের জন্য যথাযোগ্য ব্যবস্থা করতে পারে নি, উপযুক্ত অর্থ দিতে পারে নি—এ বিষয়ে রাজ্যসরকার সর্বদাই সজাগ আছেন। আমি আমার বিরোধী বন্ধুদের একথাই নিবেদন করবো যে তাদের যথোপযুক্ত বেতন ও জীবনের মান তোলবার দিকে রাজ্য সরকার যে অবহিত আছেন সেটা প্রমাণিত হয় এই বাজেটের মধ্য দিয়া।

4-20—4-30 p. m.]

আমাদের অর্থমন্ত্রী বলেছেন শুধু যে তিনগুণ মহার্ঘ ভাতা বাড়িয়ে দিয়ে নিশ্চিন্ত আছেন, তা নয়, বর্ত্তমানে আমাদের যে অর্থসংগতি, তাতে তিনি যে ব্যয় ভার নিজের উপর নিয়েছেন, সেটা প্রায় ৪ কোটী টাকার মত। কাজেই আমরা দেখতে পাই যে বাংলা দেশ সর্বদাই

যাতে আমাদের জীবনমানের ক্রমোন্নতি বিধান হয়, কেবল মাত্র সাধারণ মানুষের ক্ষেত্রেই নয়, আমাদের রাজ্য সরকারের কর্মচারীদের মধ্যে যাতে তাদের জীবনমান বৃদ্ধি হয়, সে-দিকে সজাগ দৃষ্টি রাখা হয়েছে। ১৯৬৪ সালে আমরা দেখলাম তাতে একদিকে আশাপ্রদ জিনিষ বাজেটের মধ্য দিয়ে পরিস্ফুট হচ্ছে যে রাজস্ব খাতে আমাদের দেশের আয় ক্রমশই বেড়ে যাচ্ছে। এর মানে হচ্ছে রাজস্ব সরকার যারা পরিচালনা করছেন, অর্থনৈতিক তরণীর হাল যারা ধরে আছেন, তাঁরা যে অর্থনীতিকে দৃঢ় কাঠামোর মধ্যে আনতে পারছেন, তার প্রমাণই হচ্ছে যে রাজস্ব খাতে আয় আমরা ক্রমেই বৃদ্ধি করতে পারছি। আরও একটা প্রমাণ হচ্ছে যে আমাদের জনসাধারণের কাছে অর্থের পরিমান খুব বেশী পরিমানে এসে যাচ্ছে বলেই আমরা রাজস্ব খাতের আয়কে উন্নত করতে পারছি। রাজস্ব খাতে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৪–৬৫ সালে আমাদের ১৩,০৫,২১১ টাকা রাজস্বের উন্নতি বিধান হয়েছে। ১৯৬২ সালে মোট মাত্র ১০৭ কোটী টাকা ছিল এবং আমরা যদি অতীতের দিকে তাকাই, তাহলে দেখা যাবে যে ১৯৪৮–৪৯ সালে, সেটা স্বাধীনতা লাভের ঠিক পর বৎসরে আমাদের মাত্র ৩২ কোটী টাকা রাজস্বের আয় ছিল। এর দ্বারা সমস্ত পশ্চিম বাংলা প্রদেশগুলি অর্থ-নৈতিক দিক দিয়ে ক্রমেই যে উন্নতির পথে চলেছে সে বিষয় বোধহয় বিরোধী পক্ষের বন্ধুরা দ্বিমত হতে পারেন না। কিন্তু বলা হয়েছে যে আমাদের সরকার নাকি ক্রমাগতই এই প্রদেশকে ঋণগ্রস্থ করছে, এবং সেই কারণেই, সে বিষয় পরিষ্কার করে আমাদের অর্থমন্ত্রী মহাশয় দেখাতে চেয়েছেন। এই যে আমাদের ঋণভার বহন করতে হয়েছে, এটা নন-প্রোডাকটিভ ঋণ নয়। যে ঋণের দ্বারা সরকার দেশের মধ্যে সমৃদ্ধি রচনা করতে পারে, সে ঋণে আমাদের ভীত হবার কিছু নেই। আমরা কর্ম সংস্থানের জন্য, বাসগৃহের সংস্থানের জন্য এবং খাদ্য উৎপাদনের জন্য ও শিক্ষা, চিকিৎসা এবং নানা রকম উন্নতিকল্পে এবং রাস্তার উন্নতিকল্পে, বৈঘয়িক উন্নতিকল্পে যে সব অর্থব্যয় আমরা করতে যাচ্ছি, তাতে প্রতি বৎসর আমাদের ঋণ বেড়ে চলেছে, এ কথা আমরা স্বীকার করে নিচ্ছি। কিন্তু ঋণের সঙ্গে সঙ্গে, এ কথাও স্বীকার করে নিতে হবে যে ঋণ পরিশোধ করবার যে ব্যবস্থা, তা এমন সুচারুরূপে এই বাজেটের মধ্যে প্রতিফলিত হয়েছে, যে বোঝা যায় এই ঋণ অতি অল্প কালের মধ্যেই শোধ করতে পারবোই এবং তার সঙ্গে সঙ্গে, আমরা যে উন্নতি তার থেকে পাবো, তার ফল সারা প্রদেশ গ্রহণ করতে পারবে। আমাদের এই বছরে ঋণের পরিমান নিশ্চয়ই একটু বেশী হবে, কারণ আমাদের সুদ দিতে হবে ১৫ কোটী টাকার উপর। কিন্তু এ কথাও ঠিক যে কিছু কিছু ঋণ মিউনিসিপ্যালিটির জন্য দিয়ে থাকেন সরকার, এবং সেই ঋণ বাবদ পাঁচ কোটী টাকা আমরা পেয়ে থাকি। কাজেই আমাদের সে দিকেও লক্ষ্য রাখার প্রয়োজন আছে। যদিও আমরা এক দিক দিয়ে ঋণের দ্বারা যাতে দেশের সমৃদ্ধি রচনা করা যায়, সেই পদক্ষেপ করতে আমরা ভীত হচ্ছি না; অপর দিকে তেমনি যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাদেরও যাতে শ্রীবৃদ্ধি করা যায় সে দিকেও আমাদের দৃষ্টি আছে। সে দিক দিয়েও আমরা কিছু উপায়ের বন্দোবস্ত করেছি। আমাদের যে ঋণ দিতে হয় তার খুব বড় একটা অংশ পরিশোধ করবার ব্যবস্থাও এই বাজেটের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে। মুস্কিল হয়েছে, এই বাজেটের মধ্যে দেখছি যে কথা অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের সবচেয়ে অসুবিধা হয়েছে, কেন্দ্রীয় সরকার যে অর্থব্যবস্থা রচনা করেছেন, তাতে প্রতি সরকারের উপর ন্যায়পূর্ণ অর্থ-ব্যবস্থা করা হয়নি বলে তিনি একটু দুঃখ প্রকাশ করেছেন। তিনি বলেছেন আমাদের দেশে তৃতীয় বার্ষিকী পরিকল্পনা যদি সুষ্ঠুভাবে করতে হয়, তাহলে অন্তত পক্ষে ৩৪০ কোটী টাকা ব্যয় হওয়া উচিত। কিন্তু প্রথমে যদিও সরকার মাত্র ১৫০ কোটী টাকা ব্যয়ের কথা বলেছেন। কিন্তু, স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায়, যিনি অত্যন্ত সত্য ও স্পষ্টবাদী ছিলেন, তিনি তীব্র প্রতিবাদ করায়, তার ফলেতে, তারা ২৫০ কোটী টাকা পর্যন্ত উঠেছিলেন। এখন তাঁরা ৩০১ কোটী টাকা ব্যয় করবার জন্য অনুমতি দিয়েছেন। কিন্তু তার মধ্যে মাত্র ১৫৭ কোটী টাকা কেন্দ্রীয় সরকার আমাদের দেবেন। একথা আমাদের অর্থমন্ত্রী দুঃখের সঙ্গে বলেছেন যে, যেসমস্ত সরকারের পাওয়া উচিত—যেমন ইনকাম থেকে যে অংশ পাওয়া উচিত—এ সমস্ত টাকার যে বন্টন হয় সে বন্টন ব্যবস্থায় পশ্চিম বাংলার প্রতি সুবিচার করা হচ্ছে না। তারপর তিনি একথাও বলেছেন যে তার জন্য যে বাংলা সরকার দুর্বল বোধ করছেন তা নয় তারা নিজস্ব শক্তির দ্বারা, নিজস্ব রাজস্ব খাতে আয় বাড়িয়ে অন্যান্য পন্থার দ্বারা তারা চেষ্টা করবেন যাতে সম্পূর্ণ পরিকল্পনার জন্য যে ব্যয় তারা ঘোষণা করেছেন সে ব্যয় যাতে তারা করতে পারেন। এটা একটা খুব অর্থনীতির

কথা কিনা আমি আমাদের বিরোধী বন্ধুদের জিজ্ঞাসা করতে চাই। আমরা যে সব গুরুত্বপূর্ণ কার্য্যে হাত দিতে চলেছি পশ্চিম বাংলার পক্ষ থেকে অর্থমন্ত্রী বাজেটে যে সবের ইঙ্গিত দিয়েছেন —সেটা হচ্ছে জমিদারী উচ্ছেদের ফলে ক্ষতিপূরণ করবার জন্য আমরা যাদের জমি নিয়ে নিয়েছি তাদের জন্য ৩ কোটী ৯৯ লক্ষ টাকা আমাদের বাজেটে ব্যবস্থা করা হয়েছে। হাবড়াতে কল্যাণী স্পিনিং মিল সম্প্রসারণের জন্য এবং সমবায় ব্যবস্থা ও ওয়্যার হাউসিং করপোরেসনের শেয়ার ক্রয় করবার জন্য শিল্প উন্নয়ণের জন্য মূলধন বিনিয়োগ খাতে ৯৪ লক্ষ টাকা রাখা হয়েছে। এবং বহুমুখী নদীর পরিকল্পনা মূলধন বিনিয়োগ দামোদর উপত্যাকা করপোরেশন খাতে ৯ কোটী ৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এবং পরিকল্পনা বরাদ্দ ১ কোটী ৭১ লক্ষ টাকা ও আছে। বিভিন্ন সেচ এবং নিকাশী পরিকল্পনার জন্য মূলধন বিনিয়োগ খাতে ১ কোটী ১১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এবং পূর্ত্তকাজে মূলধন বিনিয়োগ নির্ম্মাণ কাজের ব্যয়ের জন্য পরিকল্পনার অন্তর্গত যে কার্য্য আছে সেই কার্য্য সম্পূর্ণ করবার জন্য ৭ কোটী ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এবং সড়ক উন্নয়ণের জন্য ৫ কোটী ১৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কেন্দ্রীয় দুগ্ধ প্রতিষ্ঠানের উন্নয়ণের কাজে ১ কোটী ৩৩ লক্ষ টাকা এবং শিল্পশ্রমিক আবাসের জন্য ৭৫ লক্ষ টাকা এবং মধ্য আয় বিশিষ্ট ব্যক্তিদের আবাসের জন্য ৪০ লক্ষ টাকা, রাজ্য সরকারের কর্ম্মচারীদের বাড়ী নির্ম্মাণের জন্য ৫৮ লক্ষ টাকা। এবং অল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য আবাসন পরিকল্পনার জন্য ৮০ লক্ষ টাকা। সহর অঞ্চলে গৃহ নির্ম্মানের জন্য জমি গ্রহণ এবং উন্নয়ণ পরিকল্পনার জন্য ৫৯ লক্ষ টাকা এবং লবণ-হ্রদের পুনরুদ্ধারের জন্য ১ কোটী ৭০ লক্ষ টাকা। কলিকাতা এবং দমদম সুপার হাই ওয়ের জন্য ৪০ লক্ষ টাকা। এবং কলিকাতার গ্যাস বিতরণের উন্নতি সাধনের জন্য ৭২ লক্ষ টাকা এবং উদ্বাস্তু উপনিবেশ স্থাপনের পরিকল্পনার জন্য ১ কোটী ১০ লক্ষ টাকা—এই সমস্ত হচ্ছে গুরুত্বপূর্ণ বরাদ্দ যেটা আমাদের যে সরকার জনসাধারণের জীবন যাত্রার খাতে সহর অঞ্চলে শুধু নয় গ্রাম অঞ্চলেও সর্বদিকে লক্ষ রেখে যে প্রস্তাবগুলি তারা রচিত করেছেন তাতেই বোঝা যায় কত সাবধানতার সঙ্গে এই বাজেট রচিত হয়েছে। পরিকল্পনা যে সমস্ত অধিকতর ব্যয়ে যে সব বিষয়ে রচনা করা হয়েছে তাতে বোঝা যাবে যে সরকার পরিপূর্ণ অবহিত আছেন যে কোন কোন বিষয় এই প্রদেশের জনসাধারণের প্রয়োজন বেশী। চিকিৎসা খাতে ৪৫ লক্ষ টাকা বেশী ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে। জনস্বাস্থ্য খাতে ৩৩ লক্ষ টাকা বেশী ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে। কৃষি খাতে ২ কোটী ৪৩ লক্ষ টাকা বেশী ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে। মৎস্য চাষের খাতে ৪০ লক্ষ টাকা বেশী ব্যায়ের ব্যবস্থা করা হয়েছে। পশুপালন খাতে ৫৭ লক্ষ টাকা বেশী ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে। শিল্প খাতে ৬০ লক্ষ টাকা, কুটীর শিল্প খাতে ৯৫ লক্ষ টাকা এবং সমষ্টি উন্নয়ণ পরিকল্পনা খাতে ১ কোটী ২১ লক্ষ টাকা উন্নয়ণ ব্যবস্থার ব্যয় বৃদ্ধি করা হয়েছে। এগুলি বলছি এই কারণে মাত্র যে সর্বদিকে যাতে আমাদের জন জীবনের গতি ভালভাবে স্বচ্ছন্দ গতি পায় তার ব্যবস্থা এই বাজেটে করা হয়েছে।

[4-30—4-40 p. m.]

আমাদের দেশে দুঃখ দারিদ্রা ভয়ানক রকম বেড়ে যাচ্ছে এবং ধনীরা অনেক ধনী হয়ে যাচ্ছে বলে তিনি আশংকা প্রকাশ করেছেন। আমাদের প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান অশোক মেটা সম্প্রতি একটা সভায় যা বলেছেন সেটার প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাতে তাঁর মনোভাব প্রকাশ করেছেন যে প্ল্যানিং কমিশান এই সরকারের সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধ রাখেন এবং প্ল্যানিং কমিশানটি সরকারকে নিয়ন্ত্রণ করেন এবং এটি নীতি নিয়ন্ত্রণ করবার একটা প্রতিষ্ঠান বলে তিনি নিশ্চয়ই জানেন। তাতে তিনি যা বলেছেন সেটা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, ২৩এ ফেব্রুয়ারী হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে বেরিয়েছে—

Inaugurating the 56th Annual General Meeting of the Indian Merchants' Chamber here (Bombay) Mr. Mehta said that the perspective before the Country was of accelerated development which would demand increasing investment and imparting of employment orientation to the development measures. This perspective required curb on the growth of income and solution of the richer class and considerable boost of the living standard of the poorer segments of the society. This would not merely assure

political and social stability but also extend the size of the present potential markets for goods and services.

তাহলে প্ল্যানিং কমিশান এই বিষয়ে কতটা অবহিত আছেন সেটা বোধ হয় তিনি না গ্রহণ করেই আমাদের কাছে বলতে চেষ্টা করেছেন যে দুঃখ দারিদ্র বেড়ে চলেছে, এই বিষয়ে কংগ্রেস সরকার মোটেই দৃষ্টিপাত করছেন না এবং কংগ্রেস সরকারের দরিদ্রদের জন্য এতটুকু দরদ নেই। তিনি অবশ্য অনেকগুলি ইঙ্গিত করেছেন তার মধ্যে একটা হচ্ছে আমরা নাকি সমাজতন্ত্রের ভাঁওতা রচনা করতে চেয়েছি সরকারের মারফত। কিন্তু এই কথা যে ঠিক কথা নয় তার প্রমাণ হচ্ছে এই যে যে পদক্ষেপ আমরা করেছি তার সংগে আবার যে কথা নীতিগত-ভাবে ঘোষণা করা হয়েছে সেই ঘোষণা কে করেছেন? আমাদের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু এক জায়গায় বলেছেন এবং সেটা সোসালিষ্ট কংগ্রেসম্যানের সংখ্যা ২০এ ফেব্রুয়ারী ১৯৬৪তে প্রকাশিত হয়েছে, তাতে তিনি বলেছেন যে, আমরা জানি আমাদের আজকের দিনে যা প্রশ্ন তাতে যদি খুব দ্রুত গতিতে আমাদের দেশের দরিদ্র মানুষের উন্নতি না করতে পারি তাহলে আমাদের ভয়ানক রকম বিপদের সম্মুখীন হতে হবে। তিনি সেই জায়গায় বলেছেন যে পুরাতন দিনে এই সমস্যা আমাদের কাছে ছিল না

In ancient and medieval India, however, there was no such challenge of progress but the necessity for change and continuous adoption was recognised and hence curb on passion for synthesis. It was a synthesis not only of the various elements that came into India but also an attempt at the synthesis between the outer and inner life of individual, between man and nature. There was no such wide gap as it seems to exist today.

তারপর তিনি বলেছেন—

The real challenge to it came from the new form of social progress which could not be fit in into the old static ideas

কাজেই মাননীয় সভাপাল মহাশয়, প্রধান মন্ত্রী যখন এই বিষয়ে অবহিত আছেন তখন আমার বিশ্বাস বিরোধী পক্ষের সদস্যগণ যদি কেবলমাত্র বিরোধ করবার মনোবৃত্তি না নিয়ে, সহ-যোগিতা করবার মনোবৃত্তি নিয়ে এই মহান প্রচেষ্টায় সহযোগিতা করেন তাহলে দেশের পক্ষে মঙ্গল হতে পারে। তিনি বৈদেশিক ঋণ সম্বন্ধে ইঙ্গিত করেছেন যে বৈদেশিক ঋণের দ্বারা দেশের ক্ষতি হচ্ছে এবং এই ঋণ নিয়ে আমরা নাকি খুব অন্যায় করেছি। কিন্তু এই বিষয়ে অধ্যাপক রষ্টো যে অভিমত প্রকাশ করেছেন সেটাও আমি পড়ে শোনাচ্ছি। আর্থিক প্রসঙ্গে এটা প্রকাশিত হয়েছে। অধ্যাপক রষ্টো একজন আমেরিকান বিশিষ্ট অর্থনীতিবিদ। তিনি বলেছেন যে দেশের উন্নতিকল্পে বিদেশী অর্থ খুবই কাজে লাগতে পারে যদি দেশের মধ্যে প্রচেষ্টার অভাব না থাকে। তিনি বলেছেন আমার প্রতিপাদ্য বিষয় হল কোন দেশের গর্ভমেন্ট বা অধিবাসী যতটা পরিমাণ নিজেদের সম্পদ দেশের উন্নয়নে সমন্বিত করতে পারবে বৈদেশিক সাহায্য ততটা তাদের উন্নতির সহায়ক হতে পারবে। দেশের শ্রীবৃদ্ধি প্রধানতঃ জাতীয় উদ্যমেরই ফলশ্রুতি। অবশ্য বিদেশ থেকে লব্ধ সম্পদ সূক্ষ বিচার হিসাবে বহির্ভূত লাভের অঙ্ক বলে গণ্য হতে পারে। কিন্তু প্রাপ্ত সাহায্য সুষ্ঠুভাবে যত দেশের উন্নয়নমূলক কার্যে বিনিয়োগ করা যাবে আর নিজেদের যাবতীয় আর্থিক ও মানবিক সম্পদ কার্যকরীভাবে সমাবেশ করা যাবে ততই ফলপ্রসু হবে এই কথা অধ্যাপক রষ্টো বলেছেন। অবশ্য এই কথা ঠিক যে তিনি এমনই অর্থনীতিবিদ যাঁর সম্বন্ধে হয়ত বিরোধী দল স্বীকার না করলেও বিশ্বের দরবারে তাঁর স্বীকৃতি আছে। তিনি এই কথা বলতে গিয়ে আরো বলেছেন যে বর্তমানে পৃথিবীর স্বল্প অঞ্চলে বর্তমান অবস্থায় উন্নয়ন সম্পর্কে অর্থনীতির দু'টি নির্দিষ্ট প্রাচীনতম বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন ও দু'টি বিষয়ের একটি হল বৈদেশিক উন্নতির প্রথম পর্যায়ে চলতি মূলধন বা ওয়ার্কিং ক্যাপিট্যাল হচ্ছে সেই দেশের উৎপন্ন কৃষিপণ্য।

আর দ্বিতীয় হল কোন দেশের শিল্পায়নের নিজস্ব গতিবেগ নির্ভর করে সেদেশের শিল্পের বাজারে ক্রমেই অধিকতর সম্প্রসারণের উপর। শিল্পোন্নতির উপর জোর দেবার জন্য যেমন বলা হয়েছে আমাদের এই বাজেটে অর্থমন্ত্রী সেই শিল্পোন্নয়ন এবং কৃষির উপর জোর দিয়েছেন এটা প্রমাণিত হয়েছে। তাঁর বাজেটে যে সমস্ত প্রস্তাব রাখা হয়েছে সভাপাল

মহাশয়, এই সভাকক্ষে এ বিষয়ে আর একটা উদ্ধৃতি বলে আমি আমার বক্তৃতা শেষ করতে চাই যে আমাদের ওয়ালর্ড ব্যাংকের যিনি প্রেসিডেন্ট জর্জ উড্ তিনি এই যে সমস্ত বৈদেশিক ঋণ ব্যবস্থা আছে সেই ব্যবস্থার আগে যে ভাবে ব্যায়ের ইংগিত করা হত সে বিষয়ে বলতে গিয়ে তিনি বলেছেন একথা ঠিক যে আমরা স্বীকার করে নিয়েছি এখানে আজকে এই বৈদেশিক ঋণকে এগ্রিকালচারাল ফ্রন্টে যত বেশী দরকার আমরা ব্যয় করতে পারি, ব্যবহার করতে পারি ততই দেশের উন্নতি হতে পারে। সেজন্য তিনি বলেছেন প্রেসিডেন্ট, ওয়ালর্ড ব্যাংক ৩০এ সেপ্টেম্বর ১৯৬৩ য়্যানুয়াল জেনারেল মিটিংএ—

President John said in the Annual General Meeting that largest and intensive support should be given to agriculture on proper form, through such means and help as having, storage facilities and to market goods to strengthen agricultural organisations and extend credit and technical assistance.

যদি এই কার্য্যের মত বিদেশী লোন আমাদের কাছে আসে তাহলে নিশ্চয়ই আমাদের একথা স্বীকার করতে হবে যে এই বৈদেশিক ঋণকে আমরা কৃষি উন্নয়নের পন্থায় ব্যবহার করলে দেশের উন্নতিসাধন হওয়া সম্ভব। পরিশেষে আমি একথা বলতে চাই, বিরোধী পক্ষের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই, যে আমরা গণতন্ত্রের কোন ভাঁওতা রচনা করতে চাচ্ছিনা, আমরা চাচ্ছি দেশের মধ্যে স্বাধীন মানবতার সঙ্গে সঙ্গে সমাজতন্ত্র রচিত হোক এবং তার রচনার পন্থা হচ্ছে নিপুণ শান্তিপূর্ণ পন্থা। আমরা দেখেছি যে বেকার সমস্যার সমাধান চীন দেশে হওয়া সম্ভব হয়নি এবং সেখানে মানুষকে দিয়ে চাষের কার্য্য চালনো হয়। এইভাবে যদি বেকার সমস্যার সমাধান করা হয় তাহলে মানবতার অপমান হয় বলে আমি মনে করি। এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Sasanka Sekhar Sanyal :

সনৎসভাধীপ, আজকে পশ্চিমবাংলার রাষ্ট্রতরণী পাকিস্তাণের চোরাবালিতে কতখানি ক্রমে নেমে যাচ্ছে এ সম্বন্ধে আমাদের যতখানি উপলব্ধি হওয়া সম্ভব এবং সংগত ঠিক ততখানি উপলব্ধি হচ্ছে বলে আমার মনে হয় না। আজকে স্বাভাবিক অবস্থায় বাজেট যখন আলোচনা হয় তখন নিশ্চয়ই আভ্যন্তরীন অর্থনৈতিক বিন্যাস, শ্রমিকের ও কৃষকের ক্রমোন্নতি, মধ্য-বিত্তের বেকার সমস্যা দূরীকরণ এবং সুসম ধন ব্যবস্থার দিকে দৃষ্টি নিবদ্ধকরা প্রয়োজন কিন্তু দেশের বহির্ভাগে যখন আক্রমণের সূচনা এবং আশংকা এবং দেশের অভ্যন্তরে যখন সেই সূচনা এবং আশংকাকে আরো দৃঢ় করার সংকেত এবং ইঙ্গিত পাওয়া যাচ্ছে তখন আমার মনে হয় যে বাড়ীর বাহিরে আগুন লেগেছে, তার ভেতরে শয্যাঘরে আর রন্ধন শালায় কেথায় কোন জিনিস রাখবে এবং কিভাবে আমাদের অর্থপ্রয়োগ করবো এটা যেমন অবান্তর তেমন আজকে আমরা ঠিক সেই রকম অবান্তর জিনিসের সামনে দাঁড়িয়ে আছি।

[4-40—4-50 p. m.]

স্যার, কিছু দিন আগে যখন চায়না আক্রমণ করেনি, তখন আমি আমার অভিজ্ঞতায় এবং অগ্রগতির দিক থেকে এই বিধান পরিষদে বিভিন্ন সময়ে যে সমস্ত তথ্য এবং তত্ত্ব উপস্থিত করেছিলাম, তার থেকে আমি বলতে চেয়েছিলাম যে পাকিস্থানের বাংলা দেশকে আক্রমণ করার সম্ভাবনা আছে। তখন আমার অন্তরঙ্গ বন্ধুদের মধ্যে কেউ কেউ আমাকে আতঙ্কগ্রস্ত যাকে ইংরাজীতে এ্যালারমিষ্ট বলে, সেই রকমভাবে আমাকে সতর্ক করবার চেষ্টা করেছিলেন। তারপর যখন চায়না আক্রমণ করলো তখন পাকিস্থানের আক্রমণের আশঙ্কার দিকে তাকাইনি, তখন আমরা চায়নার সামনে আক্রমণের মুখমুখি কিভাবে দাঁড়াবো সেই দিক দিয়ে আমরা আমাদের অর্থ প্রস্তুতি এবং পরিকল্পনার খানিকটা রূপায়িত করতে চেষ্টা করেছিলাম। কিন্তু আশ্চর্যের বিষয়ে হচ্ছে এই চায়নার প্রত্যক্ষ আক্রমণের আশঙ্কা যে পরিমানে স্তিমিত হয়েছে, সেই পরিমানে চায়না এবং পাকিস্থানের সমবেত আক্রমণের আশঙ্কা ততখানি বেড়ে গিয়েছে। কিন্তু চায়নার একক আক্রমণের সামনে আমাদের যে প্রস্তুতি এবং আমাদের যে মানসিক বিকাশ, আমাদের যে মানসিক শক্তি, তার দিকে আমরা ঝোকিয়েছিলাম। আজকে

দুটো শক্তিই যখন সমবেত হয়ে আমাদের আক্রমণ করতে আসছে তখন আমাদের সে সাড়া আমাদের মনের মধ্যে নেই। স্যার, ভারতের সাম্প্রদায়িকতার কথা শুনলেই আমরা আঁতকে উঠি। যে সাম্প্রদায়িকতা কথাটা তোলাই দোষ। কিন্তু সাম্প্রদায়িকতা কথাটা দোষ নয়, এবং সাম্প্রদায়িকতার দিকে চোখ বন্ধ করে থাকাটা দোষ নয়। একটা জিনিষের প্রতি আমি এই কক্ষে সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে কি পরিমানে হিন্দুদের জন-সংখ্যা কমে যাচ্ছে, আর কি পরিমানে মুসলমানের জন-সংখ্যা বাড়ছে, এবং তার ভবিষ্যৎ প্রতিক্রিয়া রাষ্ট্রের কাঠামোর উপর কতখানি হওয়া সম্ভব, সে বিষয় আমাদের অবহিত হওয়া প্রয়োজন। স্যার, আপনিত জানেন যে দ্বিজাতি আমরা স্বীকার করে নিয়েছি। স্যার, আপনাকে একটা প্রশ্ন করি, আপনিত আমার অধ্যাপক, আমি আপনার ছাত্র। আজকে ধরুন—সারা ভারতবর্ষে সব যদি মুসলমান হয়ে যায়, তাহলে কি এই ভারতবর্ষ হিন্দুস্থান থাকবে না; পাকিস্থান হয়ে যাবে? দু-নম্বর প্রশ্ন হচ্ছে—এই, যদি অধিকাংশ ভারতবর্ষের লোক মুসলমান হয় এবং হিন্দু যদি সংখ্যা-লঘু হয় তাহলে ভার সাম্য কি পাকিস্থানের দিকে যাবে, না, ভারতবর্ষের স্বাধীন সত্তার দিকে থাকবে? এদিকে তাকিয়ে আপনাকে কয়েকটা জিনিষ আলোচনা করতে হবে এবং আমাদের এই হাউসের যারা সভ্য আছেন, তাদের এটা আলোচনা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। আমার মুস্কিল হচ্ছে যে আমার মন স্বাধীনভাবে ক্রিয়া করে এবং আমার মনটা কোন পলিটিক্যাল ডকট্রিন এর পিঞ্জরাবদ্ধ নয়। সেইজন্য আমার, কোন, কোন কথা, আমার অন্তরঙ্গ বন্ধুর কাছে অপ্রিয় হয়। কিন্তু কি করবো আমার মনের স্বাধীনতার ট্যাক্স আমাকে দিতেই হবে।

দেখুন আজকে সর্ব ভারতে গত সেন্সাস এ দেখা যাচ্ছে যে হিন্দুর সংখ্যা বেড়েছে ২০.২৯ আর মুসলমানের সংখ্যা বেড়েছে ২৫.২৯, আমি এতে আতঙ্কিত নই। তার কারণ এই পর্যায় যদি বেড়ে যায়, তাহলে সুদূর ভবিষ্যতে কবে মুসলমান বেড়ে ভার সাম্য নষ্ট হয়ে যাবে,—আমি বা আমার প্রত্যক্ষ বংশধর হয়ত ততদিনে পৌঁছাবেন না। পশ্চিম বঙ্গে হিন্দু বেড়েছে ৩২.৬৩, আর মুসলমান বেড়েছে ৩৬.৪৮, এতেও আমি আতঙ্কিত নই। কিন্তু সবচেয়ে আতঙ্কের বিষয় যেটা, সেটা হচ্ছে এই—আমাদেরই ভারতবর্ষ, আমাদের এই বাংলা দেশ মাইনরিটি বলে স্বীকার করেন এবং মাইনরিটিকে প্রোটেকশান দিচ্ছেন। মাইনরিটিকে প্রোটেকশান দেওয়ার আমরা কেউ বিরুদ্ধে নই। কিন্তু মাইনরিটির মনষ্টার হয়ে গলা টেপবার সুযোগ দেবেন না। কারণ একদিকালে সে মাইনরিটির মনষ্টার হয়ে গলা টেপবার সুযোগ পেলে, ছাড়বে না। মাইনরিটি মনষ্টার হয়ে ভবিষ্যতে গলা টিপতে পারে, এই সম্ভাবনার দিকে আমি চোখ বুজে থাকতে রাজী নই। লজ্জার বিষয় হচ্ছে এই যে জেলাওয়ারী হিন্দু, মুসলমানের সংখ্যা নেবার বিধান আছে। কিন্তু থানাওয়ারী নাই। থানাওয়ারী থাকলে কি কি হত, সেটা আমি জানাবার জন্য দুটো দৃষ্টান্ত দিচ্ছি।

মুর্শিদাবাদের একটা পল্লীতে সেখানে হিন্দু আগে যা ছিল গত সেন্সাসে দেখা যাচ্ছে কমে গিয়েছে। তারপর আমার বন্ধুর স্মরজিত ব্যানার্জীর নির্বাচনী কেন্দ্র সেখানে একটী গ্রামে আগে যা হিন্দু ছিল তা কমে গিয়েছে এবং মুসলমান আগে যা ছিল তার চেয়ে বেড়ে গিয়েছে। একটা স্যামপেল সার্ভে হয়েছিল মুর্শিদাবাদ এর একটা গ্রামে, সেখানে সেন্সাসে মুসলমানের সংখ্যা ছিল ১,৫০০ এবার বেড়ে হয়েছে ২,০০১ আর সেখানে হিন্দুর সংখ্যা ছিল ৬০০ এখন সেটা কমে হয়েছে ২০০। আমি আবার রিপিট করছি মুর্শিদাবাদ গ্রামে যেখানে স্যামপেল সার্ভে হয়েছিল তাতে সেন্সাসে মুসলমানের সংখ্যা ছিল ১,৫০০ তা বেড়ে হয়েছে ২,০০১ আর যেখানে হিন্দুদের সংখ্যা ছিল ৬০০ তা কমে হয়েছে ২০০। তারপর দুই নম্বর গ্রাম নদীয়াতে আসুন—আমি নদীয়া মুর্শিদাবাদ নিয়ে বুড়ো বয়সে বিপন্ন। নদীয়া আমার পিতৃভূমি আর মুর্শিদাবাদ আমার মাতৃভূমি—দুই ভূমি থেকে উচ্ছেদ হলে কোন কুলে দাঁড়াব তার ঠিক নাই। তারপর নদীয়া দুই নম্বর গ্রামে যেখানে মুসলমানের সংখ্যা ছিল ১,২৩০ তা বেড়ে হয়েছে ১,৭৫২। আর সেখানে হিন্দুর সংখ্যা ছিল ৩০৫ সেখানে থেকে কমে হয়েছে ৭৫। এর একটু কারণ বিশ্লেষণ করা দরকার। একটু আগে একজন মাননীয় সদস্য ফ্যামেলি প্ল্যানিং এর কথা বললেন। মাননীয় সভাপতি মহাশয়, আপনি হয়ত অবগত আছেন যে কিছুদিন আগে আমাদের এখানকার হেল্থের ওয়ার্কারা দিল্লীতে ট্রেনিং নিতে গিয়েছিল এবং সেখানে আমাদের বাংলাদেশের একজন মনীষী ডাঃ সুনীতি কুমার চট্টোপাধ্যায় মহাশয় সেই সময় দিল্লীর

বংগভবনে উপস্থিত ছিলেন, সেখানে আমাদের হেল্থের ওয়ার্কাররা ট্রেনিং নিতে গিয়েছিলেন তারা সেখানে অন্যান্য কথার মারফৎ যে কথাটা বলেছিলেন সম্ভবতঃ ডাঃ সুনীতিকুমার চট্টোচট্টোপাধ্যায় মহাশয়ের কানে পৌছেছিল—মুসলমানরা সেখানটার কি বলেন ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে আমাদের সেই ওয়ার্কাররা বলেছেলেন যে হিন্দুদের তিনটার পরে ফোর্থ চাইল্ড এর সম্ভবনার আগে ষ্টেরিলাইজেশান করতে আগেন, তারা বলেন ফ্যামিলি কমাতে চান দারিদ্র্যের জন্য আর মুসলমান এবং দরিদ্র্য মুসলমান—নদীয়া মুর্শিদাবাদ মালদহ বিশেষ করে ২৪-পরগণার মুসলমানরা তারা বলেন আমরা ষ্টেরিলাইজেশান নেব না উই স্যাল সোয়াম্প দি পপুলেশান তারা পপুলেশান সোয়াম করবে তার উদ্দেশ্যটা এভরিবডি ক্যান গেস এ্যাণ্ড আণ্ডারষ্ট্যাণ্ড এখন এই যে কমে যাচ্ছে এই কমে যাওয়ার এবং বেড়ে যাবার কারণটা আমাদের দেখতে হবে। প্রথমতঃ আমাদের ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বিবাহের বিবিধ বিধি। আজকে হিন্দুদের ঘাড়ে দায়িত্ব চেপেছে যে একটার বেশী স্ত্রী রাখতে পারবে না, সে স্ত্রী যদি বন্ধা হয় তাহলেও সে দ্বিতীয় স্ত্রী নিয়ে এসে সন্তান উৎপাদন করতে পারবে না।

[4-50—5 p.m.]

জনশক্তি বৃদ্ধি করার ন্যায় সংগত অধিকার সেখানটাতে বাধা। আর এই ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রে খৃষ্টানেরও সেই আইন। এই ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে মাইনরিটি বলতে শুধু মুসলমান বোঝায় না, আরো অনেক মাইনরিটি আছে। এই ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে কি নিরপেক্ষতা আছে যে যে আইন রাষ্ট্রের জন্য হিন্দুর কল্যাণে জনসাধারণের কল্যাণে ভবিষ্যত পরিকল্পনার কল্যাণে হিন্দুর এবং খৃষ্টান ইত্যাদির উপর প্রযোজ্য সেই আইনটা মুসলমানদের উপর প্রযোজ্য হবে না কেন? এর ফলে দেখা যাচ্ছে ১৯৪৭ সালে যে মুসলমানের ৪ জন স্ত্রী ছিল ১৯৬৭ সালে পরের ইলেকসানে ইনক্রিজড এণ্ড মাল্টিপ্লায়েড বেসিসে তার এক একটা ঘরের খোপ থেকে ১০ টা ভোট বেরোবে। এই হল ১ নম্বর। ২ নম্বর কারণ হচ্ছে পাকিস্তানের চাপে সীমান্তে সমস্ত হিন্দুরা থাকতে পারছে না, যাদের না থাকলে নয় তারা থাকছে এবং অনেকে পালিয়ে এসেছে সেখানে থেকে। তার কারণ, আজকে সততার দিকে তাকালে এই কথা বলতে হবে এবং স্বীকারও করতে হবে যে পশ্চিমবাংলার পূর্বে যে সীমান্ত সেটা পাকিস্তানের অংগ এবং লজ্জার কথা হচ্ছে এই আজকে কলকাতায় যখন মাইনরিটি রক্ষা করবার জন্য মুসলমানদের পাশে সরকার এসে দাঁড়িয়েছেনে, ভালই করেছেন এবং হিন্দু লেভেল হেডেড যারা দাঁড়িয়েছেন তাঁরাও ভাল করেছেন নিশ্চয়ই, কিন্তু সেখানটাতে যারা সাধারণতঃ অসহায় মুষ্টিমেয় হিন্দু কোন কোন জায়গায় ৫ পার্সেন্ট, কোন জায়গায় ৬ পার্সেন্ট আবার কোন জায়গায় ১২ পার্সেন্ট, সেই মুষ্টিমেয় হিন্দু যারা স্বাভাবিক অবস্থায় অসহায় তারা এই অস্বাভাবিক অবস্থায় তাদের ধন, প্রাণ, মান সমস্ত নিয়ে ভয়ে টলটলায়মান হচ্ছিল তখন সেখানে কোন ল এণ্ড অর্ডারের কর্মচারী মা ভৈঃ বলে তাদের পাশে গিয়ে দাঁড়ায়নি। গত জানুয়ারী মাসে কলকাতার ইন্সিডেন্টের প্রতিক্রিয়ার ঢেউ যখন মুর্শিদাবাদে গিয়েছিল তখন আমরা সমস্ত শ্রেণীর কর্মীরা বুক দিয়ে দাঁড়িয়ে সেখানে এমনভাবে নিরাপত্তার সৃষ্ট করেছিলাম যে সেখানে কোন মুসলমান লাঞ্ছিত হয় নি। কিন্তু মাষ্টার মহাশয়, লজ্জার কথা এই যে আমরা একটা জিনিস পারিনি—ঐ জলংগী থেকে, ঐ গোদাগাড়ী থেকে, ঐ শিবার পুরের বর্ডার থেকে, ঐ রাণী নগর থেকে যখন দলে দলে হিন্দুরা মুসলমানের ভয়ে পাকিস্তানের ভয়ে পালিয়ে আসছে তখন তাদের আমরা মা ভৈঃ বলে সেখানে রাখতে পারিনি। তার কারণ হচ্ছে, বনগাঁয়ে যেখানে আমাদের এলাকা সেখান থেকে যখন লোক পাকিস্তান হয়ে গেছে বলে ভয়ে পালিয়ে গেল তখন আমাদের রাষ্ট্রের কর্ণধাররা সেখানে গিয়ে সেই সব পলাতক লোককে পুনর্বাসন করার জন্য, পুনর্বিন্যাস করার জন্য কোন চেষ্টা করেন নি। ৩ নম্বর কারণ এই যে বাইরে আমরা যে পপুলেসান সেনসাস দিচ্ছি, আমি এক একটা স্যাম্পল সার্ভে করে যা দিলাম তা ছাড়াও ১৬ পার্সেন্ট ১৮ পার্সেন্ট এই সব দাঁড়িয়েছে ৩০ থেকে নেমে সেইসব জায়গায় পাকিস্তানী মুসলমানের অনুপ্রবেশ এবং এই সমবেত অবস্থার ফলে সেখানে যে পরিস্থিতি দাঁড়িয়েছে তাতে বর্ডারে সমস্ত পাকিস্তানী এবং সেখানটাতে আমাদের সরকারের কোন হাত যায় নি। এখন এর প্রতিকার করতে হবে ভয়ে বিচলিত হলে চলবে না। এবং পাকিস্তানের যারা দৌত্য করছে তাদের শাসন করতে গিয়ে স্বাভাবিক সাধারণ ধিরীর মুসলমান যাতে লাঞ্ছিত না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। কিন্তু কি করে করা যায়? আমি গত সেপ্টেম্বর এবং তার আগেও বলেছিলাম যে আমরা কোন

মুসলমান যারা ভারতের নাগরিক তাদের চলে যেতে বলব না, চলে যেতে দেব না, দেবার চেষ্টা করলে আমরা তাদের বুক দিয়ে রক্ষা করব। কিন্তু মুসলমানদের যেমন বাইরে আমরা বিনিময় করতে পাঠাব না তেমনি সেখানে হিন্দুর সংখ্যা মুষ্টিমেয়, মুসলমান সংখ্যা গরিষ্ঠ এবং তার মধ্যে পাকিস্থানী অনুপ্রবেশকারীরত আছে, পাকিস্তানের মনোভাবাপন্ন মুসলমান আছে সেখানটাতে কি আমরা এই দাবি করতে পারি না যে ভারতের এবং বাংলা দেশের নিরাপত্তার জন্য আমাদের মুসলমান ভাইরা অভ্যন্তরে বিনিময় করে যান, ভারতের ভেতরে আসুন, বাংলা দেশের ভেতরে আসুন? আমার নদীয়া এবং মুর্শিদাবাদ জেলায় এমন এমন জায়গা আছে যেখানে হয়ত ৯৭।৯৮ পার্সেন্ট হিন্দু, ২।৩ পার্সেন্ট মুসলমান। সেখানকার হিন্দুরা সাগ্রহে এবং আনন্দের হৃদয়ের দ্বার উন্মুক্ত করে বর্ডার এর মুসলমানকে এনে সেখানে থাকবার জায়গা দেবেন কিন্তু এর চেষ্টা করা যায় না কেন? বিবাহের আইন রোধ করবার জন্য আমি নন-অফিসিয়াল রেজোলিশান দিয়েছি— যতীনের সঙ্গে আমি তো স্যার ব্যালেটও পেরে উঠছি না যতীন ৩ নম্বর পেয়ে গেল আমি ৪ নম্বর—আমি তাতে বলছি যে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করে জানান দরকার যে বিবাহের আইন এক করা উচিৎ। তার কারণ হিন্দুর জননেন্দ্রিয়কে সংহার করে মুসলমানের জননেন্দ্রিয়কে বিকাশের সুযোগ দিয়ে এই যে জনতার ব্যবধান এবং ভারসাম্য এটাকে রোধ করবার জন্য, এক রকম বিবাহের আইন হওয়া দরকার স্যার, সীমান্তের জেলার পুর্নবিন্যাস দরকার। বর্তমানে নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ, পশ্চিম দিনাজপুরের অবস্থা এই যে জেলার হেড কোয়াটারস থেকে বর্ডার অনেক দূরে, বিশেষ করে নদীয়া, মুর্শিদাবাদে। তার ফলে হয় কি জানেন—এই বর্ডারের আতঙ্কে যারা ইণ্ডিয়ান প্যাট্রিওটিক হিন্দুজ তারা সাহস পায় না—যারা প্যাট্রিওটিক মুসলমান তারা সাহস পায় না এবং দূরত্ব ও ব্যবধানের সুযোগ নিয়ে যারা ব্যাড মুসলমান তারা অত্যন্ত আসকারা পেয়ে যাচ্ছে। সেজন্য সিক্স মাইলস ডেপথ ধরে নূতন ডিস্ট্রিক্ট করা উচিৎ এ্যাডমিনিসট্রেটিভ। মুর্শিদাবাদ, নদীয়া, চব্বিশ পরগণা, পশ্চিম দিনাজপুর এবং মালদহ এই কটিকে ভেঙ্গে দুটো হোক তিনটে হোক ডিস্ট্রিক্ট করা উচিৎ সিক্স মাইলস বর্ড করে এবং হেড কোয়াটারস যেখানে থাকবে এবং প্রত্যেক তিন চারটে থানার উপর একটি করে সাব-ডিভিসনাল অফিসার থাকবে এবং এই সময় যেটা করতে হবে, যেটা করতে পারতাম আগে করিনি এখনও করতে পারি কিন্তু করছি না, এই যে রিফিউজি এবং মাইগ্র্যান্টস যারা আসছে এত বড় জনশক্তিকে আমরা কাজে লাগাতে পারিনি। এর আগে যারা এসেছিল তাদের যদি আমরা শিল্প সমৃদ্ধিতে নিয়োগ করতাম তাহলে অনেক টাকা আমাদের আয় হতো কিন্তু আমরা অপচয় করেছি—এখনও যারা আসছে তাদের সকলকে দণ্ডকারণ্যে নির্বাসনে কেন পাঠাচ্ছি? আমি আপনাকে বলি, আগেও বলেছি যে সমস্ত সীমান্তে এই সমস্ত লোকদের বসিয়ে দিন, এর মধ্যে সাঁওতাল আছে, চাষী আছে, নমঃশূদ্র আছে। আমি মুর্শিদাবাদ জেলায় সেদিন একটা বক্তৃতা দেবো বলে সেখানকার রিহ্যাবিলিটেসান অফিসার-এর কাছে গিয়েছিলাম এবং সেখানে জেনে এলাম যে আমার মুর্শিদাবাদ জেলায় বিশ হাজার বিঘা জমি ভেস্টেড এবং পাকিস্তানের লোকের দ্বারা জবর দখল আছে। ভেস্টেড হয়েছে যেগুলি এ্যাবলিসন অব ল্যাণ্ডলর্ডইজম এবং চর যেগুলি উঠেছে চর সরন্দাজপুর ইত্যাদি যেসব জায়গাগুলি মুসলমানরা জবর দখল করেছিল তারা এখন চলে গছে। চর সরন্দাজপুর এখন ভারতের অর্ন্তভুক্ত, সেখানকার জমিগুলি ওপারের পাকিস্তানীরা এপারের মুসলমানদের ভাই, ভাইপো সাজিয়ে দখল করে সব উপসত্ব ভোগ করছে। একটা অর্ডিনান্স এবং একটা সেন্টেন্স-এ যেগুলি আমরা পেয়ে যাই। আমি রিপিট করছি আমার মুর্শিদাবাদে কাতলামারীর চর, সাহুত চর, সরন্দাজপুর চর, রাণীনগরের চরে বিশ হাজার বিঘা জমি আমি তিন মাসের মধ্যে আপনার হাতে দিয়ে দেবো।

[৫.—5-10 p.m.]

সেখানটায় যদি আপনি দশ বিঘা করে জমি দেন, দু-হাজার ফেমিলী-কে বসাতে পারেন। জমি দিন এবং লোন দিন, আর কিছুই চাই না। গভর্নমেন্টের জমি, এক জোড়া বলদ এবং লাঙ্গলের জন্য লোন দিন। আর একটা জিনিস করতে হবে—এই যে অস্ত্রের আইন, এটাকে শিথিল করতে হবে। সবচেয়ে মারাত্মক জিনিস হচ্ছে এই—আজকে পাকিস্তানী মুসলমানরা, কি কলকাতায়, কি মফঃস্বলে আছে, তাদের প্রকাশ্যে লাইসেন্সের অস্ত্রাস্ত্র আছে, আবার খিড়কির দরজায় ভিন্ন ভিন্ন দেশের মার্কা দেওয়া অস্ত্রাস্ত্রও তাদের আছে। আর হিন্দুদের কি আছে?

তাদের লাইসেন্সড অপ্যাস্ত্রও নাই, আন-লাইসেন্সড অপ্যাস্ত্রও নাই। এই জিনিসটা নিবারণ করা দরকার। আর আপনার করা দরকার সংখ্যাগরিষ্ঠ লোক যারা বর্ডারে আছে এবং বর্ডারে অন্ততঃ যারা থাকবে তাদের আরও ফ্রিলি এ্যান্ড লিবারালী গান লাইসেন্স দিতে হবে।

পূর্ববঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়ের লোক, যারা বাস্তুহারা হয়ে এসেছে নিজের দেশকে হারিয়ে, তাদের আগেকার দেশের মত, এখানে খানিকটা অংশে মাথা গোঁজবার জায়গা করে দিতে পারি, তাহলে তারা অতন্দ্র প্রহরীর মত সীমান্তে পাহারা দেবে। তাদের রসদ যদি আমরা দিই, তাদেরকে অপ্যাস্ত্র যদি আমরা দিই তাহলে এই যে সীমান্ত রক্ষা, যে রক্ষা সম্বন্ধে কেন্দ্রীয় সরকার উদাসীন, পশ্চিমবঙ্গ সরকার অসহায়,—স্বাভাবিকভাবে পুনর্বাসনের মারফতে, আমরা এই সীমান্তকে রক্ষা করতে পারবো, এবং এর ফলে হবে হিন্দু, যার আর কোন দেশ নেই, হিন্দু চোর হতে পারে, জোচ্চোর হতে পারে, লম্পট হতে পারে, কিন্তু সে বাই এ্যান্ড লার্জ হিন্দু কমিউনিটি, সে কখন ভারতদ্রোহী হতে পারে না বা পশ্চিমবঙ্গদ্রোহী হতে পারে না, সে সাহস পাবে। এবং বর্ডারে যারা প্যাট্রিওটিক মুসলমান আছে তারাও সৎসাহস পাবে, এবং পাকিস্তান মাইণ্ডেড ইনফিলট্রেটরসরা হতাশ হবে। কাজেই সরকারের কাছে আমার নিবেদন, আমি যে সমস্ত কথাগুলি বললাম, সে কথাগুলি যদি তাঁরা বিচার বিবেচনা করেন এবং তার মধ্যে যদি কিছু সঙ্গত কথা থাকে, সেই সঙ্গত কথাগুলি কার্যে পরিণত করবার চেষ্টা করলে, আমি কৃতার্থ এবং ধন্য হবো।

Shri Nanda Kishore Ghose: Sir, I rise to speak in support of the budget estimates for the State of West Bengal for the year 1964-65. Sir, it is gratifying to find from the graphic picture at Annexure I how year by year the State has made continuous progress not only in its revenue earning which has increased from Rs. 32 crores in 1948-49 to Rs. 136 crores in 1964-65 but also in its spending capacity which has also increased from Rs. 29 crores in 1948-49 to Rs. 130 crores in 1964-65. Sir, this has been possible in spite of many setback and reverses through which West Bengal has had to pass during this period and this is an ample testimony to the genius of the people of West Bengal who by their hard work and sacrifice have made it possible to raise the economy of West Bengal.

Sir, while the last year's budget estimates were presented under the shadow of a grave emergency, namely, the Chinese invasion of India, this year, as the Finance Minister has said, 'it is a sad irony of fate that the danger of war on India's border looms large and the campaign of hatred by some of our neighbours has entered a new phase'. It is in this context that the budget estimates have been prepard.

Sir, the Finance Minister is to be congratulated for the Economic Review which will be a very useful record for all interested in the economic development of West Bengal. Sir, the budget estimates have presented the major problems of West Bengal in their proper perspective. These are—present economic condition of West Bengal in the context of national efforts for defence and for development, progress so far made under the Third Plan, chronic shortage of finance, food shortage and increasing population and need for stepping up agricultural production in order to reach self-sufficiency in food; growing unemployment in West Bengal and in that context the necessity for establishing more industries to provide more jobs and measures to meet budget deficit. The Finance Minister proposes to raise additional revenue to meet development expenses by land reforms which would yield an additional revenue of Rs. 1 crore; increase of registration fees which would yield an additional revenue of Rs. 50 lakhs, levy of higher stamp duty on transferrable immovable properties and similar other transactions which would yield an additional revenue of Rs. 40 lakhs. If this means revision and increase in the rate of land revenue which has remained static in West Bengal since 1937. I think it

will be more than a few crores, for now due to better irrigation facilities, availiability of cheap fertilisers and better seeds and production—more than one crop in the same land—yield per acre has increased considerably and the price of produce has also increased considerably. Price of paddy and jute also has increased many times and so the agriculturists should not grudge a small rise in land revenue.

Sir, with regard to levy of higher stamp duty on transferrable immovable properties, it is wellknown that the land prices have gone up very high not only in Calcutta but also in the districts. This has an important bearing on the finances of the State, for while fantastic prices are being paid and accepted, lesser amount is shown in the conveyances and as a result Government is being deprived of its just dues. I raised this question at the time of the budget discussion last year. I do not know if anything has been done to put a stop to these anti-social activities. The State cannot remain idle when people indulge in improper and illegal activities at the cost of the State. I suggest for the consideration of the Government that by an amendment of the Stamp Duty Act provision should be made requiring purchasers of immovable properties to attach to the deed of conveyance an original certificate from a qualified valuer stating what in his opinion is the proper valuation of the property. This will enable the Registration authorities, who are laymen, to examine and find out if correct stamp duty has been paid. If this evil practice can be put a stop to there will be huge increase in the Government revenue.

Sir, I am glad, the Finance Minister has referred to the growth of national income and has without hesitation called it disappointing. This has been due to a setback in the agricultural production. The rate of increase in national income lags behind the rate of increase in population. This is a serious thing and the Finance Minister has rightly suggested that unless effective steps are taken to have a faster rate of economic growth there is no hope for raising the standard of living of the people and of reducing the vast gap between the Indian income and the income of developed countries. If progress is to be achieved poverty must be eradicated. That is the crux of our problem. Sir, while on this point, I may be permitted to quote a passage from the State of Union Message delivered by President Lyndon B. Johnson, before a joint session of the U. S. Congress on January 8, 1964 :

"Very often lack of jobs and money is not the cause of poverty but the symptom. The cause may lie deeper in our failure to give our fellow citizens a fair chance to develop their own capacities— in a lack of education, a lack of medical care and housing, a lack of decent communities in which to live and bring up children."

I would respectfully remind the Government that our aim should be not only to relieve the symptoms of poverty but to cure it and, above all, to prevent it.

The Government should also enact youth employment law, to put jobless, aimless, helpless and hopeless youngsters on useful projects. Sir, if Rs. 1,000 is invested in salvaging an unemployable young man today he can return Rs. 40 thousand or more in his life time.

Sir, although in this House we have very little to say over the budget proposals either for raising the revenue or for spending it, still it is open to us to offer constructive suggestions for consideration of the Government.

I will now refer to some of the more important items of capital expenditure. Firstly, Rs. 3 crore 99 lakhs has been set apart for payment to landholders, etc., as compensation on the abolition of zemindary system. This has been long overdue and should be paid without further delay. Secondly, Rs. 3 crore 48 lakhs will be spent under the head Capital Outlay on Schemes of Agricultural Improvement, Research mainly for deep tubewell and lift irrigation. This is what it should be, for on our ability to increase agricultural production depends our ultimate object which is to be self-sufficient in the matter of food for which better irrigation

acility is the primary requirement. Rs. 33 lakhs will be spent under the head Capital Outlay on Schemes of Training— Greater Calcutta Milk Supply Scheme for the Development of the Central Dairy in Calcutta.

[5-10—5-20 p. m.]

Sir, everybody appreciates the urgent necessity for improving the milk supply position in Calcutta since milk is an inportant item of food, and its acute shortage and questionable quality are seriously undermining the health of the citizens, specially of the children. In this connection I would like to refer to the history of Dairy Development in Bombay where State Government,s efforts have resulted in a complete revolution in the supply of milk. Bombay today handles more than 10 times the total quantity of bottled milk handled in the rest of the country. I am glad that the West Bengal Government has its scheme of milk supply in Calcutta and its suburbs. Let our efforts should be to reach the standard of excellence both qualitatively and quantitatively as shown by Arrey Milk Colony set up on March 13, 1949 and the UNICEF aided Worley Dairy. The State Government should also approach the UNICEF for finance and technical aid in setting up a full-sized modern Milk Dairy in Greater Calcutta area. The problem of getting food and pure milk is so serious that it should receive top priority.

The Finance Minister's budget speech gives an impressive account of the progress so far made and to be made in various development schemes in the Third Plan period. He has laid emphasis on ensuring sizeable increase in agricultural production by stepping up supply of fertilisers. improved seeds. irrigation facilities to the farmers. He has referred to difficult problems of industrial and urban problems posed by the pressure of increase in population.

Sir, the Finance Minister's anxiety to effect a rapid industrial expansion in the State is quite natural for rapid industrialisation by setting up suitable industries in the rural areas which can alone relieve the excessive pressure of population on land and absorb the surplus workers. It is in this context that I wish to draw the attention of the Government to small-scale Panchayet industries using modern skill and equipment that have been successfully set up in Orissa, financed by the Government but run by the local Panchayet societies. After this has been done, after election of the Panchayet is complete, Government should help and utilise the Panchayets to set up small-scale industries suited to each locality. Apart from diversifying the occupational pattern and help in reducing employment these industries will provide a source of income to the Panchayet societies without straining the taxable capacity of the people.

Sir, the Japanese rural industries have been playing an important role in the rural development and there is no reason why our Panchayets should not help in the development of rural areas.

Sir, I will now speak on the development of education in West Bengal. It will be generally admitted that there has been expansion on primary, secondary and higher educational levels. Education and national development are closely connected. All our planning will not be of any use if the needs of education are neglected. I will confine my remarks to two subjects : (i) The Calcutta University, and (ii) libraries.

As regards the University of Calcutta, I would like to draw the attention of the Government to a serious financial difficulties through which the University is passing. I have with me the Calcutta University's Financial Estimates for 1963-64 and the Treasurer's speech delivered on 31st January, 1964, at the Annual Meeting of the Senate. As a member of the Syndicate of the Calcutta University since 1954 I am fully acquainted with the University's difficulties and I fully share the Treasurer,s

difficulties. The estimated deficit for the current year was Rs. 40 lakhs and odd but there being a closing balance of Rs. 34 lakhs and odd at the end of 1962-63, the estimated deficit for 1963-64 would be reduced from Rs. 40 lakhs and odd to Rs. 5 lakhs 80 thousand so that on 30th June, 1964, there will be an expected deficit of Rs. 5 lakhs 80 thousand. The reason given by the Treasurer will show how the Calcutta University whose motto is "The Advancement of Learning" carries on its business in a precarious existence.

I will now quote the speech of the Treasurer :

"I have been pointing out every time I appear before you that this balance is arrived at by non-filling up of posts sanctioned—posts of Professors, Readers, Lecturers, part-time Lecturers, research assistants and administrative assistants, technical staff lower subordinate staff, etc., etc., This non-filling up of posts in the teaching staff, alone stood at 56 out of 294 last August. You can, therefore, very well realise what a huge saving is made this way. There has been a justified cry that determined efforts must be made to fill up these vacancies and during the current year we made determined efforts to fill up as many vacancies as possible and we have yet to run another five months.

(2) Non-payment of some of the dues in the course of the year.

(3) Non-payment of part of examination expensses, payment to paper-setter Moderators, Scrutinisers, Examiners and so on and it is carried over from year to year. Each one of these items is thus precarious and causes inroads on the balance we adopt. I am, therefore, justified when I say that the University should approach the State and get clarification for the efficient conduct of the University. There is no other alternative and this has to be done without further delay.

Sir, the Calcutta University cannot remain static and has to go on expanding its activities in the persuit of knowledge if it is to fulfil its proper role. With the financial help from the U. G. C. and the State, the University has started several new departments. But the U. G. C. has made it clear that this help is not to be treated as recurring maintenance grants. So that these departments when students and teachers are working cannot be abolished but then when the U. G. C. helps cease, these liabilities will become the University's own and the question is wherefrom will the University meet these new liabilities? There have been following loss of income: (1) The total help the University gets from the U. G. C. is about Rs. 15 lakhs. (2) The Intermediate Examinations have been abolished from this year and that means a substantial loss. (3) The Pre-University Examination is precarious and is going to be abolished in course of time.

The State Government is no doubt helping the University with an annual grant of Rs. 16 lakhs plus Rs. 5,52,000 compensation for loss of income from Matriculation Examination but not to the extent required to meet the University's growing needs. The University is expanding in every direction and still enjoys the premier place among the Indian Universities so far as promotion of higher education and research is concerned. Although there are now seven Universities functioning in West Bengal, the responsibility for higher education and research has remained for 107 years with the Calcutta University and will remain for many more years to come and that makes out a strong case for adequate financial grant to the Calcutta University. Sir, I submit two proposals for the consideration of the Education Minister. (1) Short-term—Government should make a lump grant of Rs. 5,80,640 to the University to enable it to meet its estimated deficit on 30th June 1964. (2) Long-termsolution—The Education Minister may be pleased to meet the representatives of the University at a conference and find out the extent of recurring financial grant required by the University to carry on its functions in a proper manner. Sir, in a

free country like India the cause of University education should never suffer for want of funds. I trust the Education Minister inspite of his dwindling resources will be able to find out ways and means to provide an increased annual grant to the Calcutta University.

Sir, this University is my University and yours and if for want of money the University cannot pursue its lofty ideals of Advancement of Learning then the posterity will not forgive us. Sir, I appeal to the Education Minister to help the University to get rid of its chronic financial difficulties and this appeal I specially address to the Government of West Bengal in the Centenary Year of late Sir Ashutosh Mookerjee on behalf of the countless number of graduates of the Calcutta University. Sir, what Bengal is today is due in no small measure to the work of the Calcutta University in the sphere of higher education inspired by the zeal and idealism of late Sir Ashutosh Mookerjee.

About libraries and library workers.—Of late the number of libraries in West Bengal has increased but the number of readers did not make any appreciable progress. The small income out of subscriptions and Government doles does not permit a library run by voluntary workers to give free service with modern facilities, employ trained hands and remain open for longer hours. To rid the libraries of this difficulty the necessity for a library law was felt long ago. Madras and Andhra have introduced the law. Dr. S. K. Ranganathan, reputed authority on library matters drafted a Library Bill for West Bengal which was endorsed and submitted by the Bengal Library Association to the State Government five years ago. What is needed is a library system devoid of subscription barrier and duly supported by public fund; brought about by legislation. Madras has enacted a Public Library Act which provides library facilities to the people of that State. We need an integrated public library system in West Bengal. We have well-trained personnel, a good number of books and potential readers but no Public Library Act. The State Government should realise the library's vital importance in our life. I would request the Education Minister to introduce West Bengal Public Libraries Bill at an early date.

In this connection I would draw the Education Minister's attention to the poor plight of more than 1,200 library workers in district and rural areas who get only a consolidated fixed pay, without the benefit of increments, provident fund and gratuity. Justice requires that suitable grades be introduced for all categories of Libtary workers.

With these words, Sir, I conclude by giving my wholehearted support to the Budget Estimates.

[5-20—5-30p.m.]

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমেই মনে হয় যে আমরা একটা সঙ্কটময় যুগের মধ্য দিয়ে যাচ্ছি। এক দিকে চীন পাকিস্তানের আঁতাত, একদিকে কাশ্মীর সমস্যা প্রবল হয়ে রয়েছে, আর এক দিকে সাম্প্রদায়িকতার প্রশ্ন আমাদের দেশের মধ্যে ভীষণভাবে দেখা দিয়েছে। অবশ্য এদিক থেকে আমার মনে হয়, আমরা কি করে দেশের আভ্যন্তরীণ শান্তি রক্ষা করতে পারি এবং যেটা নিরপেক্ষতার বিষয়, সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের অভ্যন্তরে, এ সম্বন্ধে বলতে গিয়ে আমি প্রথমেই আনসার বাহিনী বা পুলিস বাজেট সম্বন্ধে কিছু বলতে চাই।

পুলিশের বাজেটে দেখতে পাই ১৯৬৩-৬৪ সালের ৯ কোটি ৯২ লক্ষ টাকা রিকভারিজ ৫০ হাজার টাকা বাদ দিয়ে ব্যবস্থা করা হয়েছিল। এবারের বাজেটে ব্যবস্থা করা হয়েছে

রিকভারিজ বাদ দিয়ে, ১০ কোটি ৫২ লক্ষ টাকা। রিকভারিজ ১৪ শো টাকা বাদ দেওয়া হয়েছে। আমি বাজেটে খুঁজে দেখছিলাম যে এর মধ্যে সীমান্ত প্রদেশের পুলিসের জন্য কোন ব্যবস্থা আছে কিনা? সেটা আমি খুঁজে পেলাম না। খুঁজে পেলাম শুধু স্পেশাল পুলিসের জন্য ধরা হয়েছে ১৭ লক্ষ ১ হাজার ৬ শো টাকা এবং মিসলেনিয়াস—তার মধ্যে এটা থাকতে পারে হয়তো, সেখানে ধরা হয়েছে ৬১ লক্ষ ৬৬ হাজার ২ শো টাকা। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে তিনি পাঞ্জাবের মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে পরামর্শ করে দেখেছেন যে তাঁদের সীমান্ত রক্ষা করতে তিন কোটি টাকা ব্যয় হয় আমাদের এখানেতে সীমান্ত রক্ষা করতে কত টাকা ব্যয় হয়, তার নির্দেশ বাজেটের মধ্যে পেলাম না।

তিনি বলেছেন এক কোটি টাকা অতিরিক্ত ব্যয় হতে পারে। এই অতিরিক্ত এক কোটি টাকা ব্যয়ের আবশ্যকতা যদি হয়, তাহলে সেটা বাজেটের মধ্যে রাখা উচিত ছিল বলে আমি মনে করি।

এখন আমাদের দেশে দুটো প্রশ্ন রয়েছে শান্তি রক্ষার দিক থেকে, তার একটা হল আভ্যন্তরীণ শান্তি এবং আর একটা হল বাইরে থেকে পাকিস্তানের যে ইনফিলট্রেশন হচ্ছে, সেটাও আমাদের রক্ষা করা বিশেষ আবশ্যক। মাননীয় সদস্য শশাঙ্ক শেখর সান্যাল মহাশয়ের বক্তৃতার মধ্যে আমরা শুনছিলাম যে সীমান্ত প্রদেশেতে কিভাবে পাকিস্তানী অনুপ্রবেশ হচ্ছে, এবং সীমান্ত প্রদেশেতে কিভাবে আজকে সংখ্যাগুরু এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে একটা সংঘর্ষ উপস্থিত হয়েছে, এবং যার ফলে যারা সংখ্যাগুরু সম্প্রদায়, তারা আজ সংখ্যালঘুতে পরিণত হয়ে যাচ্ছে। এবং তা হয়ে, সীমান্ত প্রদেশকে আজ বিপন্ন করে তুলেছে। সেদিন দূরবর্তী নয়, যে দিন ঐ সীমান্তের অংশ পাকিস্তানের মধে চলে যাবে। সেই জন্য আমাদের আবশ্যকতা হচ্ছে যে পুলিস সীমান্তে আছে, সেই সীমান্ত পুলিস রক্ষী বাহিনীকে এমন শক্তিশালী করে গড়ে তোলা; যাতে সেখান দিয়ে একটি প্রাণীও পাকিস্তান থেকে না আসতে পারে এবং এদিক থেকেও বেরিয়ে যেতে না পারে। পণ্যদ্রব্য স্মাগলিং হয়ে, একধার থেকে পাচার যেটা হয়, সেই স্মাগলিং বন্ধ করতে হবে এবং সেটা বন্ধ করাও সম্ভবপরর পাঞ্জাবেতে শিখরা করতে পেরেছে, আমাদের এখানেও সেটা করা সম্ভবপর যদি আমা। সেদিকে বিশেষভাবে মনেযোগ দিয়ে ব্যবস্থা করি। আমরা জানি যে

eternal vigilant is the price of liberty

সুতরাং এদিক থেকে আমরা যদি ভিজিল্যাণ্ট হই, তাহলে এটা বন্ধ করা সম্ভব হবে। আমাদের হাতের মধ্যে যে ক্ষমতা আছে, তাকে উপেক্ষা করে আমাদের রাজ্যে পাক অনুপ্রবেশ করে, আমাদের দেশকে বিপন্ন করে তোলবার সম্ভাবনা এসেছে। কালকে মুখ্যমন্ত্রী বলেছেন যে তারা শক্ত হয়েছেন। শক্ত হয়ে তারা ৩৫,৫০০ পাকিস্তানী অনুপ্রবেশকারীদিগের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু আমাদের দেশেতে পাকিস্তানীদের সংখ্যা হচ্ছে—যতদূর আমরা জানি, ২ লক্ষ ৫০ হাজার, এটা আনুমানিক। সুতরাং এখনও যে এখানে বহু পাকিস্তানী রয়েছে এবং তারা নানা বিভাগের মধ্যে রয়েছে, সে বিষয় আমরা কোন মনোযোগ দিতে পারছি না। তিনি আর একটা কথা বলেছেন, যেটা প্রতিবাদযোগ্য, যে আমাদের মধ্যে এসপিয়োনেজ সিস্টেমে কাজ হচ্ছে এবং তিনি স্বীকার করেছেন যে আমাদের ব্যবস্থা আলগা. লুজ কেননা, তিনি যে কথা বলেছেন যে ডেমোক্র্যাটিক কাণ্ট্রিতে এসপিওনেজ সিস্টেম খানিকটা আলগা হতে বাধ্য হয়ে থাকে। এবং তিনি বলেছেন আরেকটা কথা যেটা প্রতিবাদযোগ্য যে আমাদের মধ্যে এসপিওনেজ সিস্টেম ব্যবস্থা আলগা লুজ—কেন না তিনি একথা বলেছেন যে ডেমোক্রেটিক কাণ্ট্রিতে এসপায়নেজ সিস্টেম লুজ হতে বাধ্য। আমি সেটা স্বীকার করি না। তিনি বলেছেন ডেমোক্র্যাটিক এবং সেকুলার স্টেটে এটা হতে বাধ্য কিন্তু আমি তা স্বীকার করি না। আমি জানি ইউ, এস, এ, তারা সেকুলার এবং ডেমোক্র্যাটিক স্টেট সেখানকার এসপিয়নেজ সিস্টেম মোটেই আলগা নয়—বরং রাশিয়ার চেয়ে কোন অংশে কম নয়। রাষ্ট্রের একটা প্রধান কর্তব্য হচ্ছে এসপাওনেজ বা

র রক্ষা শুধু বর্তমান রাষ্ট্রে নয় আমরা পৌরাণিক রাষ্ট্রেও দেখতে পাই—
গুপ্তচর রাখার পদ্ধতি ছিল। রামচন্দ্রের আমলেও গুপ্তচরের ব্যবস্থা ছিল। সুতরাং
কে আমরা সেকুলার এবং ডেমোক্র্যাটিক হয়ে গুপ্তচর রক্ষার ব্যবস্থা না করি
ায়নেজ-এর ব্যবস্থা না করি তাহলে কে শত্রু কে মিত্র আমরা কিভাবে সেটা জানতে
। আজকে রাষ্ট্রের প্রধান কর্তব্য হচ্ছে এসপায়নেজ সিস্টেমকে সবল করা,
করা এবং রক্ষা করা। সেটা কিছু নিন্দার বিষয় নয়, সেটা কিছু অভিযোগের
নয়, সেটা করলে সেকুলার স্টেট নিয়ে যে গর্ব করি—যেটা যতীনবাবু অবশ্য বলেছেন
চার্টেড সেকুলারিজম তাও অক্ষুণ্ণ হবে না, যদি আমরা এসপায়নেজ সিস্টেমকে
করি। আজকে যদি আমরা এসপায়নেজ সিস্টেমকে স্ট্রং না করি তাহলে পাক অনু-
শকে আমরা কিছুতেই বন্ধ করতে পারব না। আমাদের রাষ্ট্রশাসন করতে হলে
দের শক্ত হতে হবে। এবং যারা এ্যাডমিনিস্ট্রেটর হবেন তাদের মনে বল থাকা
ার। দুর্বলের দ্বারা শাসনকার্য চলে না। কিম্বা শুধু প্রেম দেবার জন্য আলিঙ্গন দেবার
ধর্ম প্রচারের জন্য কিম্বা একটা আদর্শকে কার্যে পরিণত করবার জন্য—যে টা
ত নেহরু করে যাচ্ছেন——যেমন সেকুলারিজমএ ধর্মের কোন লেশমাত্র থাকবে না—
দের ক্ষতি করে অপরকে আলিঙ্গন দেবেন তাহলে রাষ্ট্রনায়ক থেকে নেবে গিয়ে
প্রচারক পদে আসীন হলে তো হতে পারে। তিনি হয়ত শান্তির বার্তা প্রচার
ত পারেন কিন্তু

t not at the cost of whole nation.

কে বিপণ্ণ করে তার যে ফেটিশ অব সেকুলারিজম যেটা অমৃতবাজার পত্রিক
ন বলে গেছে সেটা তিনি করতে পারেন কিন্তু রাষ্ট্রনায়ক থেকে দেশের নিরাপত্তাকে
ণ্ণ করে তিনি সে কাজ করতে পারেন না। যাই হউক পশ্চিমবঙ্গের কথা যেটা আমি
ত যাচ্ছি যে এখানে অনুপ্রবেশকারীদের কঠিন হস্তে দমন করতে হবে—এবং এ
ায়নেজ সিস্টেমকে সবল করে গড়ে তুলতে হবে। এটা অন্যায় কাজ নয় এটা
ার কর্তব্য—এবং এটা না করলে কর্তব্যের ত্রুটী হবে। এবং দেশের প্রতি বিশ্বাস-
কতা করা হবে বলে আমি মনে করি। সুতরাং এদিক থেকে আমি সরকারের মনোযোগ
র্ষণ করছি। তার পরে যে দেশের আভ্যন্তরীণ শান্তিরক্ষা করতে গেলে পুলিস
নীতে আরও বেশী শক্তিশালী করে গড়ে তুলতে হবে। বিগত হাঙ্গামার সময়
ই পুলিসের সংস্পর্শে এসেছিলাম। আমি থানায় এবং আদালতে গিয়ে তাদের কথাবার্তা
ছি তারা অনুযোগ করেন যে তাদের ম্যান পাওয়ার বড়ই কম। বর্তমানের কথা ছেড়ে
যেখানে মিলিটারী এসেছে আর্মড পুলিস এসেছে অন্য সময় তাদের সংখ্যা
কম যে তারা সুচারুভাবে সুষ্ঠুভাবে কর্তব্য সম্পাদন করতে পারেন না। আমি
ালি থানার কথা জানি সেখানে পুলিসের সংখ্যা মাত্র ৮৩ জন এবং তাদের মধ্যে
াদ দিয়ে বাহিরের কাজের জন্য ৬।৭ জনের বেশী পাওয়া যায় না—এবং এটা সত্যি-
রের অপ্রচুর সংখ্যা। এণ্টালীর জনসংখ্যা হচ্ছে প্রায় দুই লক্ষ। সুতরাং ৮৩ জন
স যে সেখানে শান্তিরক্ষা করবে এটা অসম্ভব ব্যাপার বলে মনে হয়। আমাদের
শর কথা জানি সেখানে যে থানা আছে, একটা থানাতে যে পুলিস থাকে, তাদ্বারা গ্রামের
ন্তিরক্ষা সম্যকভাবে সম্ভব নয়। বর্তমানে যখন অশান্তি হয় তখন একেবারেই সম্ভব নয়।
বাং পুলিস বাহিনীকে শক্তিশালী করে গড়ে তোলা দরকার। এদের মধ্যে সৎলোক
ভাল লোককে নিয়ে আসতে এবং তাদের মরাল এবং মোরেল গড়ে তুলতে হবে।
দুটো দিক ই তাদের দৃষ্টি রাখতে হবে।

30—5-40 p. m.]

মানে যখন অশান্তি হয় তখন তো একেবারে সম্পূর্ণ নয়। সুতরাং পুলিস বাহিনীকে,
শালী করে গড়ে তুলতে হবে, তার মধ্য দিয়ে ভাল লোককে নিয়ে যেতে হবে
দের মরাল এবং মোরেল এই দুটো দিক ই বৃদ্ধি করতে হবে। স্বাধীন দেশের
যোগী পুলিস বাহিনী যাতে তৈরি করতে পারা যায় সে দিকে হোম মিনিস্টারের
যোগ দেওয়া খুবই আবশ্যক। তিনি এসপিওনেজ সম্বন্ধে বলতে গিয়ে সেকুলার
াক্র্যাসির যে কথা বলেছেন তাতে তাঁর সঙ্গে অবশ্য অনেক বিষয়ে আমাদের মতে

মিল নেই তাহলেও আমি তাঁকে বলব যে এই পুলিস বাহিনীকে আরো শক্তিশালী করা দরকার, তাদের সংখ্যা বৃদ্ধি করা দরকার। আজকের দিনে যেসব দুর্নীতি অনাচার আছে তাকে যদি দূর করতে হয়, এগুলি অনেকটা অভাবের জন্য হয়ে থাকে, তাহলে তার জন্য তাদের বেতন বৃদ্ধি হওয়ার দরকার আছে। পুলিশ খাতে যদি আরো অর্থ বরাদ্দ দরকার হয়ে থাকে তাহলে আমার মতে সেটা দেওয়া উচিত যদি শান্তি শৃংখলা বজায় না থাকে তাহলে কৃষি, শিল্প, বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য বলুন কোন দিকেই দেশের কোন রকম উন্নতি সম্ভবপর নয়; একদিকে যেমন শান্তি শৃংখলা দরকার আর এক দিকে তেমনি শিক্ষা দরকার। যারা শান্তি শৃংখলা রক্ষা করেন তাদের মধ্যে যাতে দুর্নীতি না ঢোকে সেজন্য তাদের বেতন বৃদ্ধি করা দরকার। অন্ততঃ নিচে যারা আছে পুলিস কনস্টেবল থেকে আরম্ভ করে সাব-ইনস্পেক্টর বা এ, ও, সি, তাদের বেতন এমনভাবে বৃদ্ধি করা দরকার যাতে তাদের সংসার যাত্রা সুচারুরূপে নির্বাহ হতে পারে, যাতে ঘুষ নিতে না পারে সেই ভাবে আজেক পুলিস বাহিনী গঠন করার আবশ্যক হয়ে পড়েছে। আমি ইংলণ্ড ইত্যাদি অনেক জায়গার কথা জানি যেখানে তাদের এমনভাবে বেতন দেওয়া হয় যাতে তাদের কোন রকম উতকোচ গ্রহণের আবশ্যকতা থাকে না। তার সঙ্গে সঙ্গে নৈতিক জ্ঞান বৃদ্ধিরও প্রয়োজন রয়েছে। আমি পুলিসের শিক্ষার কথা বলছি। পুলিস ট্রেনিংএর জন্য উচচ মানের শিক্ষক পাঠান দরকার। তাঁদের মর্য্যাদা, আত্মসম্মান জ্ঞান, নৈতিক জ্ঞান বেশী হওয়া দরকার যাতে তাঁদের সংস্পর্শে এসে তারা ভাল ট্রেনিং লাভ করতে পারে। এ দিক থেকে আমি এখানকার সমস্ত সদস্যদের মনোযোগ আকর্ষণ করছি। আর দেশকে আর এক দিকে শক্তিশালী করা দরকার। আমাদের ছাত্ররাই হচ্ছে ভবিষ্যত আশার স্থল। তারাই ন্যাশনাল ক্যাডেট কর্পস গঠন করবে, তারাই সৈন্যে যাবে, তারাই দেশকে রক্ষা করবে। কিন্তু দুঃখের বিষয় আমরা দেখতে পাই যে এই শিক্ষা ব্যবস্থার মধ্যে আমরা কেবল বুদ্ধির দিক থেকে উতকর্ষ সাধনের জন্য চেষ্টা করে আসছি কিন্তু স্বাস্থ্যের জন্য চেষ্টা নাই। শারীরিক উতকর্ষ সাধনের বিশেষ আবশ্যক রয়েছে। আমি একটা প্রশ্ন দিয়েছিলাম ন্যাশনাল ডিসিপ্লিনএর একটা ব্যবস্থা সরকার থেকে করার জন্য। তার সুযোগ-সুবিধা আমাদের সরকার নেননি সেই প্রশ্নের তিনি আমাদের যে উত্তর দিয়েছিলেন সেই উত্তরটা প্রকৃত উত্তর ছিল না

under National Discipline Scheme about 15 lakhs of students of 2,500 schools in the average are being trained by 500 instructors.

এটা হচ্ছে সমগ্র ভারতের। কিন্তু আমাদের দেশের অবস্থা কি—

In Calcutta only 65 instructors are training about 2,500 students in 40 schools under the National Discipline Scheme. The general hope is that the scheme should be made popular in the State.

এবং এই ন্যাশানাল ডিফেন্স স্কীমে প্রত্যেক স্কুলে যাতে স্বাস্থ্যের উন্নতির জন খেলবার মাঠ, জিমন্যাসিয়াম, প্রকৃত একজন ফিজক্যাল ইনস্ট্রাকটর থাকে তার ব্যবস্থ করা দরকার। মিল্ক সম্বন্ধে আমি প্রত্যেকবার বলেছি যে ফ্রি মিল্কের ব্যবস্থা কর হোক বা সামান্যমাত্র মূল্যে মিল্ক দেওয়ার ব্যবস্থা করা হোক। তাদের স্বাস্থ্য ভেঙ্গে পড়েছে, তাদের স্বাস্থ্য পরীক্ষা করার আবশ্যকতা রয়েছে। ইংলণ্ড বা সমস্ত উন্নত দেশে ন্যাশনাল স্কুল হেলথ সার্ভিসেস আছে। আমাদের দেশের সেই রকম চিন্তাও করি না। এবারে বাজেটে দেখলাম, অন্যবারে তবু সামান্য ৪ লক্ষ টাকা বরাদ্দ থাকে. তাদের স্বাস্থ্যের জন্য কোন বরাদ্দ নেই। এই দিক থেকে আমাদের শিক্ষা ব্যবস্থার মধ্যে কোন রকম একটা নতুন ইঙ্গিত নেই। স্বাধীন জাতি যদি গড়ে তুলতে হয় তাহলে যারা ভবিষ্যতে নাগরিক তাদের শরীরের কথা আগে চিন্তা করতে হবে, তারপর মস্তিষ্ক। আমি অনেকবার বলেছি যে

Men Sana Corpore Sano. i.e., sound mind and sound body.

শরীরম্ আদ্যম্ খলু ধর্ম সাধনম্।

সেই মূল জিনিসটাকে আমরা উপেক্ষা করে আসছি। স্বাস্থ্য সম্বন্ধে যে সমস্ত পরীক্ষা হয়ে গেছে তাতে দেখতে পাই বাঙ্গালী ছাত্রছাত্রীদের স্বাস্থ্য বা ভারতবর্ষের মান অপেক্ষা

সর্বাপেক্ষা কম, তারা দুর্বল। এইভাবে দুর্বল শরীরেতে কোনরকম শারীরিক বা মানসিক উন্নতি হতে পারে না। স্বামী বিবেকানন্দ বলে গেছেন যদি ধন বুঝতে চাও তাহলে একঘণ্টা ফুটবল খেলে এসো। এই শারীরিক ব্যায়ামের দিকে শিক্ষা বিভাগের কোন দৃষ্টি নেই। শিক্ষা বিভাগের শারীরিক বিভাগে যাঁরা কর্মচারী আছেন তাঁদের সঙ্গে আমি আলাপ করে দেখেছি, শিক্ষামন্ত্রী বা শিক্ষা বিভাগের উচ্চপদস্থ যে সমস্ত কমচারী আছেন তাদের সঙ্গে আমি আলাপ করে দেখেছি যে তাঁরা এবিষয়ে কোনরকম উৎসাহ দেন না। বা এর আবশ্যকতা আছে বলে তাঁরা স্বীকার করেন না। তাঁরা বলেন বুদ্ধির উৎকর্ষ সাধন করতে পারলে শিক্ষা কার্য্য সাধন হয় এটা মস্ত ভুল ধারণা। আজকালকার শিক্ষা পদ্ধতিতে শরীর মন, এবং বুদ্ধির উন্নতি হওয়া দরকার। চরিত্রের উন্নতির দরকার, মানসিক উন্নতি দরকার,শারীরীক উন্নতি দরকার একটা হারমনিয়াস ডেভেলপমেণ্ট দরকার। অথচ আমাদের শিক্ষা বিভাগে যাঁরা রয়েছেন যাঁরা শিক্ষা বিভাগ পরিচালনা করছেন তারা গতানুগতিকভাবে বৃটিশ আমলে যে শিক্ষা পদ্ধতি ছিল সেই পদ্ধতি নিয়ে চলে আসছেন। আর একটা কথা বলতে চাই প্রত্যেক জাতীয় শিক্ষার একটা লক্ষ্য থাকে—ইংলিস সিস্টেম অব এডুকেসন হচ্ছে খৃস্টান জেণ্টলম্যান তৈরী করা কিন্তু আমাদের শিক্ষার কোন উদ্দেশ্য আছে কি? আমরা যারা হিন্দু আছি, আমরা নামেই হিন্দু বলি—না হিন্দু, না খৃস্টান, না মুসলমান, আমরা ইচ্ছামত একটা ধারণা অনুসরণ করি কোন জিনিসের উপর বিশ্বাস নেই। স্বামী বিবেকানন্দ বলে গেছেন আমি একজন গোঁড়া ব্রাহ্মণকে বেশী জোর দিচ্ছি কারণ তার দৃঢ় বিশ্বাস আছে কিন্তু আমাদের তরুণরা বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে আসছে, তাদের মধ্যে কোনরকম বিশ্বাস জোর নেই নিজেদের ইচ্ছা খেয়াল মত তারা কাজ করে যাচ্ছে। তার ফলে বিশৃংখলার সৃষ্টি হচ্ছে, এবং পারিবারিক যে ঐক্য ছিল সেটা ভেঙ্গে যাচ্ছে। আজকে সমাজের মধ্যে নানারকমভাবে দুর্নীতি মাথা তুলছে। তাকে শাসন করবার কোন ব্যবস্থা নেই। এসব দিক থেকে শিক্ষা বিভাগের অনেক কিছু ভাববার আছে। কেবল গতানুগতিক শিক্ষা-পদ্ধতি চালালে চলবে না। আজ ভারতবর্ষ স্বাধীন হয়েছে—আজকে আমাদের সংহতি এবং নিষ্ঠা চাই, সেটা হিন্দু মুসলমান খৃষ্টান সমস্ত সম্প্রদায়ের। আমাদের ভারতবাসীর শিক্ষা, মান এবং আদর্শকে ঠিক করে নিয়ে এমনভাবে ছাত্রকে গঠন করতে হবে যাতে আমরা ভাল ছাত্র তৈরী করতে পারি, যারা দেশের স্বাধীনতা রক্ষা করতে পারবে। আর এগ্রিকালচার সম্বন্ধে বিশেষ কিছু উন্নতি আমরা দেখতে পাচ্ছি না অথচ এগ্রিকালচার আমাদের দেশের মূল জিনিস। আমাদের নিজেদের জমিজমা আছে আমরা সকলেই জানি চালের দর কিভাবে ক্রমাগত বৃদ্ধি পেয়ে যাচ্ছে। সেচের উৎকৃষ্ট ব্যবস্থা হয়নি এবং নানারকম যে স্কীম করা হচ্ছে সেগুলি থিওরেটিকাল স্কীম—সেগুলি কার্যে পরিণত করবার জন্য যেরকম কর্মীর দরকার যারা মাঠে গিয়ে কাজ করে দেখিয়ে দেবে সেই রকম আন্তরিক কর্মীর অভাব রয়েছে। এ বিষয়ে অভিজ্ঞ যারা আছেন তারাই বলেছেন প্রাকটিক্যাল ওয়ার্কার, ফিল্ডে গিয়ে যাঁরা কাজ করবেন সেই রকম কর্মীর অভাব রয়েছে। এগ্রিকালচারের জন্য বহু টাকা ব্যয় করছেন কিন্তু সকলেই চাকরী করতে চান। আন্তরিকভাবে কৃষির উন্নতি করবো, কৃষকের সাথে মিলে মিশে শিক্ষা দেব এরকম লোকের অভাব রয়েছে বলে আজকে মস্ত গলদ রয়ে গেছে কৃষির উন্নতির দিকে।

[5-40-5-50 p.m.]

Dr. Charu Chandra Sanyal:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে বাজেট বক্তৃতা প্রসঙ্গে আমাদের এখানে প্রথমে হালিম সাহেব পুলিশের উপর বড্ড বেশী রাগ দেখিয়েছে। যদি পুলিশ বিভাগকে বন্ধ করে দিই তাহলে ভয়ানক অসুবিধা হবে বলে আমার মনে হয়। ইংরাজ আমল থেকেই আমরা পুলিশ বিভাগের উপরে ভয়ানক বিরোধী মনোভাব দেখিয়ে আসছি, এবং সেই অভ্যাসটা এখনও আমাদের আছে।

মনোরঞ্জন বাবু বলেছেন যে পুলিশ আরও বেশী করা দরকার। পুলিশ খাতে যদি খরচ বেশী করা হয়, তাহলে আবার সমালোচনা সুরু হবে। এই দুই বিপদের ভিতরে কি করে কি করা যাবে, সেটা এখন স্থির করা যাচ্ছে না। কাজেই গতানুগতিক পন্থায় করা যাচ্ছে হালিম সাহেব বলেছেন দেশে অর্থ বেশী হচ্ছে এবং সেই অর্থ গুটি কয়েক লোকের হাতে গিয়ে জমে গিয়েছে। কথাটা সম্পূর্ণ ঠিক নয়। মধ্যবিত্তের হাতে টাকাটা কমে এসেছে। কিন্তু গ্রামের লোকদের হাতে, শ্রমিক, কৃষকের হাতে টাকা অনেক বেশী এসেছে। তবে, অল্প

সংখ্যক লোকের হাতে টাকা অনেক বেশী জমে গিয়েছে, সেটা সত্য কথা। আর উনি বলেছেন যে বাজারে জিনিষপত্রের দামে আগুণ লেগে গিয়েছে। তা আগুণত লাগবেই। আগুণে পুড়ে খাঁটি সোনা আপনারাও পাবেন। (শ্রীযতীন চক্রবর্তীঃ ত ওত ১০ ক্যারেট) অপেক্ষা করুণ ২২ ক্যারেট পাবেন ততদিন ১৪ ক্যারেট ডুঠে যাবে। আচ্ছা। এখন অর্থমন্ত্রী মহাশয়ের উদ্বোধনী ভাষণে দেখা যাচ্ছে যে পশ্চিমবঙ্গে ১৯৬৪-৬৫ সালে আর্থিক বৎসরে, অর্থাৎ একাউণ্টিং বৎসরে উদ্বৃত্ত হবে ৫ কোটী ৬১ লক্ষ টাকা। কিন্তু সব খরচ পত্র দিয়ে ঘাটতি হয়ে যাবে ২ কোটী ৪৭ লক্ষ টাকা। এই টাকাটা তোলবার জন্য কতকগুলি ব্যবস্থা হয়েছে। ভূমি রাজস্ব থেকে এক কোটী টাকা, এবং এটা আদায়ের সুব্যবস্থা করা হচ্ছে। বর্দ্ধিত টিকিটের দাম যে আইনটা আগে পাশ হয়ে গিয়েছে, সেই বাবদ ৯০ লক্ষ টাকা পাওয়া যাবে। এই দিয়ে ঘাটতি পুরণের চেষ্টা করা হবে। কিন্তু একটা মুস্কিল হয়েছে জেনেরাল এ্যাডমিনিষ্ট্রেশান খাতে চার কোটী টাকা ব্যয় বরাদ্ধ আছে, তার মধ্যে এক কোটী টাকা ক্লোজিং ব্যালান্স এ রাখা দরকার। সেই ক্লোজিং বোলান্সটি নেই। সেইটা যোগ দিলে, ঘাটতি আর একটু বেশী হবে। তাহলেও বাজেট খুব ভাল হয়েছে। আগাগোড়া পড়লে মনে হয়, অনেক বৎসর এত ভাল বাজেট আমাদের সামনে উপস্থিত হয়নি। পশ্চিমবঙ্গ সরকারের ঋণের পরিমাণ প্রায় ৩৪০ কোটী টাকায় পৌঁছে গিয়েছে, এতে অনেকে আতঙ্কিত হয়েছেন। কিন্তু একটা দেশ গড়ে তোলবার সময় বহু টাকা ঋণ করতে হয় এবং সব দেশেই তা করে থাকে। চেষ্টা বোলস এইযে বইখানা লিখেছেন—

Making of a Just Society"

এর ভিতরেও তিনি লিখেছেন যে আমেরিকা এতবড় হতে পারতো না যদি ইউরোপ থেকে প্রচুর টাকা ধার হিসাবে না পেত। কাজেই ধার করাটা বড় ব্যাপার কিছু নয়। কিন্তু আমরা পাবলিক সেক্টরএ যে সমস্ত শিল্প গড়ে তুলেছি, এইগুলি কিছু কাল পরে যদি লাভে দাঁড়ায় তাহলে দেনা শোধ দেওয়া যাবে, এবং সেটার উপরে আমাদের নির্ভর করতে হবে সবচেয়ে বেশী। আচ্ছা। সরকারী কর্মচারীদের বিনা মূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে, এটা খুব ভাল। কিন্তু আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এইটা বলতে পারি চিকিৎসা বাবদ নগদ কিছু টাকা দেওয়া ভাল, তা না হলে অনবরত অভিযোগ ও সমালোচনা চলতেই থাকবে। মৃত কর্মচারীর পরিবারবর্গদের পেন্সন দেবার পরিকল্পনা হয়েছে। এতে দুর্গত মধ্যবিত্ত পরিবার হয়ত অনেক উপকার পাবে। কলকাতার জন-বসতি, আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে সংকিত করেছে। লণ্ডন ও নিউইয়র্কের কথা তুলেছেন, সেখানে জন-বসতি অনেক কম। কিন্তু তাদের সহর-বাসীর আয় আমাদের চেয়ে অনেক বেশী। আমাদের আয় যখন তাদের মত হবে তখন অনেক স্যাটেলাইট টাউন এখানে গড়ে উঠবে, এবং তখন কলকাতায় লোকের চাপ আপনিই কমে যাবে। সমস্ত বাংলার ভিতরে অর্থাগমের সমস্ত রাস্তা এবং প্রতিষ্ঠার সমস্তটি রাস্তা সব কলকাতাতে জমা করা হয়েছে। তার ফলে সারা পশ্চিমবাংলার লোক কলকাতায় ভেঙ্গে পড়েছে এটাকে যদি ছড়িয়ে দেওয়া যায়, লোক সংখ্যা আস্তে আস্তে কমে যাবে। বক্তৃতার শেষে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, আমাদের পরিকল্পনার লক্ষ্য রাস্তা নির্ম্মাণ কিম্বা অধিকতর খাদ্য উৎপাদন অপেক্ষা অনেক বেশী। এখানে চেষ্টার বোলটসের কথা এই বইটা থেকে উদ্ধৃত করছি

Unless the millions of rural people can be engaged in building for the future, no amount of glamorous industries will produce the fundamental economic and social changes which are the proper goal of national development.

আশাকরি আমাদের সরকার লক্ষ্য রাখবেন যেন অকর্ম লইয়া ঘুরিয়া ফিরিয়া ধর্ম না পড়ে ঝরে অর্থবিভাগ হইতে বিতরিত ইকনমিক রিভিউ পত্রিকায় যে কষ্ট অব লিভিং ইনডেক্স দেওয়া আছে তাতে দেখ যায় ৩০১ থেকে ৩৫০ টাকা আয়ের লোকে খাই খরচ কলকাতা থেকে জলপাইগুড়ি বাল ঘাট ও কুচবিহারে কম। এবং অন্যান্য খাতেও কম। দার্জিলিংয়ের খাদ্য ও অন্যান্য ব্যয় একত্রে কলিকাতার ব্যয় অপেক্ষা সামান্য বেশী। আমি অনুরোধ করিব যে যে সকল উচচ বেতন ভোগী বিশেষজ্ঞের দল এই তথ্য সংগ্রহ করে সরকারকে দিয়েছেন, তাদের বেতন ২৫০ টাকায় নামানো হউক! তারপর ঐ সব শহরে দুই বৎসরের জন্য বদলী

করা হইক। তাহা হইলে তাহারা মরমে মরমে অনুভব করিবার সুযোগ পাইবে না। যে তাদের সংগৃহীত তথ্যের সন্দেহের প্রচুর অবকাশ আছে। উত্তর বাংলায় প্রতিটি জেলায় অধ্যাপক, স্কুল শিক্ষক ও স্বল্প বেতনের কর্মচারীদের দুরবস্থা দেখলেই প্রমাণ হবে যে এই সকল তথ্য বিশ্বাস করা বড়ই কঠিন। এখানে এই ৫টি জেলার প্রতিনিধি আছেন। তারা হয়তো বাজারে জিনিষ পত্র কেনেন। তারা আমার সংগে এক মত হবেন সন্দেহ নেই। স্বর্গীয় ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয়কে সরকারী তথ্যের পাল্টা আমার সংগৃহীত তথ্য দিয়েছিলাম। তিনি স্বীকার করতে বাধ্য হয়েছিলেন যে উত্তর বাংলার ডিয়ার লিভিং স্থান। এবং তিনি বিশেষ ভাতার ব্যবস্থা করেছিলেন। আশাকরি সরকার থেকে এই পরিসংখ্যান পুনরায় বিবেচনা করবার ব্যবস্থা করা হবে। গতানুগতিক বাজেটের ছক পরিবর্ত্তন করে বর্ত্তমান অবস্থায় নুতন ভাবে একটি প্রস্তাব দিতে চাই। বাজেটের ভূমি রাজস্ব থেকে আদায় দেখানো আছে বা আয় দেখানো আছে ৯ কোটী ১৪ লক্ষ টাকা এই বাবদ ব্যয় হয় ৪ কোটী ৫৮ লক্ষ টাকা, নীট লাভ থাকে ৪ কোটী ৫৬ লক্ষ টাকা। শতকরা ৫ টাকা হিসাবে বিক্রয় কর হিসাব করলে ১০০ কোটি টাকার জিনিষ বিক্রি হলে ৫ কোটি টাকা বিক্রয় কর আদায় হওয়া সম্ভব।

[5-50—6 p.m.]

বিক্রয় কর বর্তমানে আদায় হয় ৩২ কোটি টাকা। একে ৪০ কোটি টাকায় উন্নীত করা খুবই সম্ভব। ২০ লক্ষ টন চালের দাম হচ্ছে ১ শো কোটি টাকা। এই ২০ লক্ষ টন বেশী চাল উৎপাদনের ব্যবস্থা করতে পারলে চাষের জমির উপর খাজনা ধার্য্যের কোনই প্রয়োজন থাকে না। চাষীর হাতে এই ১ শো কোটি টাকা অতিরিক্ত আসলে সে নিত্যপ্রয়োজনীয় জিনিস নিশ্চয়ই কিনবে। যদি প্রচার করা যায় যে বিঘাতে ১৪ মণ ধান উৎপাদন করলে খাজনা অর্ধেক হবে এবং ক্রমাগত ৩ বছর এই উৎপাদন বজায় রাখলে জমির খাজনা লাগবে না তাহলে চাষীর উৎসাহ বাড়বে, খাদ্য সমস্যার সমাধান হবে এবং সরকারেরও আয় বেশী হবে। ২॥ কোটি বিঘায় ১৪ কোটি মণ ধান নিশ্চয়ই হবে। আমাদের এই ধানটাই দরকার। ২॥ কোটি বিঘায় ধান চাষ হবে। সরকার পক্ষেরও এই দিক থেকে আরো কিছু কর্তব্য আছে। মাছ, ভূমি পশুপালন, চাষ ও সেচ হিসাবে যে ২৫ কোটি টাকা ব্যয় বরাদ্দ আছে তার একটা বিরাট অংশ দিয়ে সার ও সেচ বিনামূল্যে চাষীদের দিতে হবে। পূর্বকালে বর্ষার জল ধরে রাখবার জন্য অসংখ্য পুষ্করিণী খনন করেছিল। বর্তমানে ট্রেলার পাম্প দিয়ে এই জল সেচ কার্য্যে ব্যবহার করা চলবে ও নিচের কাদা সার হিসাবে ব্যবহার হবে এবং এই সংস্কার করা পুকুরের মধ্যে মাছের চাষ হবে। সরকার ও চাষীর ভেতর যদি একটা সমন্বয় হয় তবে অধিক খাদ্য ফলাও বহু বছরের কর্ম প্রচেষ্টায় সফল হবে। প্রস্তাবটি এখনকার মত উদ্ভট বলে মনে হবে, হয়ত প্রতিকূল সমালোচনা হবে, কিন্তু এটি বিশেষ বিবেচনার যোগ্য। এবার অন্য পথে এর বিষয়ে আলোচনা করব। রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময় উভয় সংসদে যে বক্তৃতাবলি হয়েছে তাতে মনে হয়েছে যে পূর্ববাংলার হিন্দু নির্যাতিত শরণার্থী অবহেলিত পূর্ববঙ্গের হিন্দু আসামী পর্যায়ভুক্ত ও পুলিসের জুলুমে অপমানিত। হিন্দু পরিচালিত পত্রিকাগুলি সাবধান বাণীতে জর্জরিত অহোরাত্রি ঢক্‌কানিনাদে প্রচারিত। এই অবস্থায় বিভিন্ন ধর্মাবলম্বীদের যেমন বেঁচে থাকবার অধিকার আছে, হিন্দুদেরও তেমনি বেঁচে থাকবার অধিকার আছে। এ ভারতীয় সংবিধান সিদ্ধ। পূর্ববঙ্গের ৯০ লক্ষ হিন্দুদের মধ্যে যত লোক ভারতে আসবেন ভারতে তাঁদের স্থান দিতেই হবে। সারা ভারত এরজন্য তৈরি হচ্ছে। পাকিস্তান থেকে আপত্তি হচ্ছে যাতে এখানে লোক আসতে না পারে। তা রাজনৈতিক হয়ত কারণ আছে, সেটা আমি বিশ্লেষণ করতে চাই না, লোক বিনিময়েরও কোন প্রয়োজন আছে সেটাও আমি মনে করি না। কিন্তু শরণাগতদের স্থান দিতেই হবে, এটা মানব ধর্মী। আমি বাস্তববাদী, আমি বুঝি মেক দি বেষ্ট অব এ ব্যাড বার্গেন। পূর্ব পশ্চিম বাংলার মধ্যে সম্প্রতি আনবার, এই সমস্যা সমাধানের ধৃষ্টতা আমার নেই। ১ শো বা ২ হাজার বছর পূর্বের নজীর সেটাও বর্তমানে অচল। বিপ্লবের পদধ্বনি কবে সাকার হবে তাও আমি জানি না। সত্যিকার বিপ্লবের সময় কে সামনে থাকবেন, কে পালাবেন তা বলতে পারি না। আমি বুঝি কাজ, তাই কাজের কথা বলছি। পশ্চিম বা [illegible] টি ৭৫

লক্ষ লোক। পূর্ববঙ্গ থেকে যদি ২৫ লক্ষ লোক আসে তাহলে মোট ৪ কোটি লোক হবে। ২৫ লক্ষ লোক বাড়তি হলে খাদ্য দরকার হবে ৬০ লক্ষ টন অর্থাৎ ৪ লক্ষ টন বেশী। এই লোক ঘাটতি ২০ লক্ষ টন পূরণ করবে ও বিভিন্ন ব্যাবসা করে প্রচুর অর্থ উপার্জন করে সরকারকে সাহায্য করবে।

তবে এক বছর ২৫ লক্ষ লোক আসবে না, এদের জন্য এখন থেকে ক্ষেত্র প্রস্তুত করে রাখতে হবে। পশ্চিমবাংলায় ২০ লক্ষ টন বাড়তি চাল উৎপাদনের সুযোগ এসে গেছে, এ সুযোগ নিতেই হবে। ১৯৬১ সনের লোক গনণায় দেখা যায় কোলকাতা সহরে প্রতি বর্গমাইলে ৭৩ হাজার লোক আছে ও হাওড়া জেলায় প্রতি বর্গমাইলে ৩,৫৪৫ জন লোক আছে। এই দুই সংখ্যা যোগ দিয়া সারা পশ্চিমবাংলায় দেখানো হয়েছে প্রতি বর্গমাইলে ১,০১২ জন লোক। হুগলী, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪–পরগণা ও বর্দ্ধমানের লোক সংখ্যা প্রতি বর্গমাইলে ১ হাজারের কিছু বেশী কিন্তু সহর ও শিল্পাঞ্চল যদি বাদ দিই তাহলে প্রতি বর্গমাইলে ৬৫০-এর বেশী হয় না। উত্তরবাংলায় ৫টা জেলা ও পুরুলিয়ায় বীরভূম, বাঁকুড়া মেদিনীপুর প্রতি বর্গমাইলে বর্তমানে লোকসংখ্যা ৬ শো থেকে ৮ শো। যদি এখানে থেকে সহর ও শিল্পাঞ্চল বাদ দিই তাহলে গ্রামের লোক ৪ শো থেকে ৫ শোর বেশী প্রতি বর্গমাইলে হয় না। উত্তর বাংলার ৫টি জেলার আয়তন ৮ হাজার বর্গমাইল। সেখানে ৫৫ লক্ষ লোকের বাস এবং পশ্চিমবাংলায় উপরোক্ত ৪টি জেলার ১২ হাজার বর্গমাইল ও ৮৮ লক্ষ লোকের বাস। কাজেই পশ্চিমবাংলায় অসম্ভব ঘন বসতি একথাটা সত্য নয়। উপরোক্ত জেলাগুলিতে প্রতিবর্গমাইলে ১০০ জন করে কৃষকের স্থান করে দিলে ২০ লক্ষ লোকের স্থান হয়। এক উত্তর বাংলায় নানাকারণে ১৫ লক্ষ হিন্দু উদ্বাস্তু বসানো খুবই দরকার। ১৯৬১ সালের পরিসংখ্যানে দেখা যায় পশ্চিম-বাংলায় ৩,৫৯০টি গ্রাম আছে সেখানে একটা লোকও নেই। এই গ্রামগুলি কোথায় সে বিষয় সরকারকে অনুসন্ধান করতে অনুরোধ করি। যদি এই গ্রামগুলি সত্যই থাকে তবে এই সব গ্রামে ৫ লক্ষ চাষীকে স্থান দেওয়া যায়। অতএব পশ্চিমবাংলাতে ২৫ লক্ষলোকের স্থান আছে। অনেকেরই ধারণা পশ্চিমবঙ্গে আর স্থান নেই—আমাদের মুখ্যমন্ত্রীও এই দলে যোগ দিয়েছেন। তিনি পরিসংখ্যান বিষয়ে বিশেষ চর্চা করেছেন। তিনি উপরোক্ত হিসাব যাচাই করলে আমার তথ্যগুলির সত্যতা স্বীকার করবেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি একমত যে বর্তমানে মোট যত লোক পশ্চিমবাংলায় আছে তাতে চাষের জমি মাথাপ্রতি মাত্র ১ বিঘা। এই সঙ্গে বলতে হবে এই জমির গড় ফলন এত কম যে এতে খাদ্যে ঘাটতি হচ্ছে। ভাল চাষীকে বর্তমানে বর্গাদার অথবা চাষীমজুর হিসাবে নিযুক্ত করে বিঘা প্রতি ফলন বাড়াতেই হবে। নচেৎ খাদ্যঘাটতির চাপে পশ্চিমবাংলা দেউলিয়া হয়ে যাবে। এজন্য রাজ্যপালের বক্তৃতা আলোচনায় বিরাট সংখ্যক হাজামজা পুকুরের কথা তোলা হয়েছে যার পাড়ে ধান চাষ কেউ করে না কিন্তু সুদক্ষ চাষীর হাতে অন্য ফসল জন্মাতে পারে। পশ্চিমবাংলায় শিল্প গড়ে তোলা দরকার—পশ্চিমবাংলার শিল্প গড়ে তুলতে বাংলায় বাইরে থেকে বহু শ্রমিক সংগ্রহ করেছি, চাষের জন্য বহু সাঁওতাল এনেছি। পশ্চিমবাংলায় কৃষিসম্পদ গড়ে তুলতে নমশূদ্র ও হাজমদের মত উৎকৃষ্ট কৃষক সংগ্রহ করা অন্যায় হবে না।

[6—6-10 p.m.]

Chester Bowles বলেছেন—

in many developing countries agriculture is the only existing industry and it must be expanded to the fullest. It is the linchpin of the social chariot."

মধ্যবিত্ত ও স্বল্প শিক্ষিতদের পুনর্বাসন অপেক্ষাকৃত কঠিন। সরকা হিসাব থেকে দেখা যায় উত্তর বাংলার পাঁচটি জেলায় ৭০ হাজার ছোট শিল্প সরকারী সাহায্যে গড়ে উঠেছে। কিন্তু এদের প্রত্যেকটির মূল্য মাত্র একশো থেকে দুশো টাকা। এগুলি গ্রাম্য পঞ্চায়েতের তত্ত্বাবধানে এনে আর একটু বড় করলে প্রায় ৫০ হাজার লোক কাজ পায়। আমাদের শিল্প মন্ত্রী সেদিন ছোট শিল্প প্রসারের পক্ষে অনেক বক্তৃতা দিয়েছেন। দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় ৩৫৭টি এবং কুচবিহার, পশ্চিম দিনাজপুর ও মালদা মিলে ৫৩টি, অর্থাৎ মোট ৪১০টি বড় শিল্প কারখানা বা ফ্যাক্টরী আছে। এগুলিতে যে সমস্ত কলকবজার প্রয়োজন সেগুলি প্রস্তুত করতে দার্জিলিং জেলায় একটি বড় কারখানা করা যায়। জলপাইগুড়ি জেলায়, উত্তর পাহাড়ে আছে চয়ানো • কয়লা। সেখানে

টি সিমেণ্ট ফ্যাক্টরী হতে পারে। এই জেলায় রেমির চাষ আছে, ঐখানে রেমি পিনিং মিল হলে, কৃষকগণ রেমির চাষ করে, অল্প জমিতে বেশী আয় করতে পারে। শ্চিম দিনাজপুরে একটি চিনির কল ছিল, এটা এখন পাকিস্তানের মধ্যে গিয়ে পড়ছে। শ্চিম দিনাজপুরে আর একটা চিনির কল হওয়া সম্ভব। এখানে কৃষককুল কিছু জমিতে খের আবাদ করে, অল্প জমিতে অনেক পয়সা কামাই করতে পারবে। দহে রেশম ও আম অবলম্বনে দুটি বড় কারখানা ও কতকগুলি কোল্ড স্টোরেজ-এর ন হতে পারে। এতে দেশের সম্পদ বাড়বে এবং বহু লোক কাজ পাবে। তৃতীয় রকল্পনার যে ৩৮.৮ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্যের বরাদ্দ আছে, তার কিছু শ এই কাজে ব্যয় করা যেতে পারে।

পূর্ববঙ্গ থেকে আগতদের পুনর্বাসনের জন্য আরও কিছু টাকা কেন্দ্রীয় সরকার বরাদ্দ তে পারেন। তাই আমি বলি চ্যারিটি বিগিনস অ্যাট হোম। আমরা যদি ২৫ লক্ষ পাকিস্তান থেকে আগতদের এই পশ্চিমবঙ্গে স্থান দিই তাহলে অন্যান্য প্রদেশ আরও সাহিত হবে এবং দণ্ডকারণ্য, লোকারণ্যে পরিণত হবে। এতে পশ্চিম বাংলার দুঃখ হবে। এবং পূর্ব বাংলার হিন্দু, যারা এখানে আসবে, তারা ক্যাম্পে পশুর মত বন যাপন না করে মানুষের মত বাঁচতে পারবে।

আমি বাজেট আলোচনায় হিসাব নিকাশের গোলক ধাঁধায় প্রবেশ না করে, মূল ঘয়টি উথাপন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri Pashu Pati Jha:

ননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উথাপন করেছেন, সেটা সমর্থন করে মি দু-চারটে কথা বলতে চাই। বাজেটের কথা আলোচনা করতে গেলে আমাদের র্তন মুখ্যমন্ত্রী স্বর্গত ডাঃ বিধান চন্দ্র রায়ের কথা মনে পড়ে। তিনি বরাবরই এখানে র্থমন্ত্রী হিসাবে বাজেট পেশ করতেন। তাঁর অভাবটা আজকে বিশেষভাবে অনুভব রছি।

১৯৪৮ সালে আমাদের আয় মোট ছিল ৩২ কোটি টাকা। এবং ব্যয়ের পরিমাণ ল মাত্র ২৯ কোটি টাকা। আজ ১৯৬৪-৬৫ সালে দেখছি আমাদের আয় হচ্ছে ১৩৬ াটি টাকা এবং ব্যয়ের পরিমাণও অনেক বেড়ে গিয়েছে। পূর্বে একটিও শিল্প ারখানা ছিল না। বর্তমানে আমাদের এখানে নানা রকম শিল্প কারখানা গড়ে উঠেছে। টিশ আমলে যখন আমাদের অর্থ সংগতি একেবারে ছিল না বললেই চলে, সেই রিপেক্ষিতে এবং আমাদের সীমিত অর্থ নিয়ে যে এই ভাবে আমরা আগাতে য়েছি, সেজন্য আমি আমাদের সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এবং সেই বলিষ্ঠ ীতি এই বাজেটের মধ্যে প্রতিফলিত হচ্ছে। আমি ২।১টা কথা শিক্ষা সম্বন্ধে বলবো। সটা হচ্ছে যে আমাদের প্রাইমারী স্কুলের সংখ্যা আমার মনে হয় ৩২ হাজারেরও বশী হয়েছে। কিন্তু সেই অনুপাতে স্কুল পরিদর্শকের সংখ্যা কম। যার ফলে যে সব ামে কোনও দিন লেখা পড়ার আলোচনা ছিল না, সেখানে মাষ্টারমশাইরা স্কুলের ড়াশুনার দিকে বিশেষ মনোযোগ দেন না। আমার অনেক স্কুল দেখাবার সুযোগ ও বিধা হয়েছে, সেখানে পণ্ডিতমশাইরা গ্রামের মোড়লই হয়ে যান। সেইজন্য আমার স্তাব পরিদর্শকের সংখ্যা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। প্রাইমারী শিক্ষাকে উন্নত করতে লে। তার আর একটা কারণ হচ্ছে কি—পরিদর্শকমহাশয়দের দশ থেকে পনেরো দিন কবল বিল লিখতেই চলে যায়। মাত্র তাঁদের হাতে দিন দশেক সময় থাকে ই দশ দিন সময়ের মধ্যে সবগুলি স্কুলএ অন্ততঃ তিন মাসে একবার তার পদার্পণ রা সম্ভব হয় না। এই জন্য আমি অত্যন্ত জোরের সঙ্গে প্রস্তাব করছি যে রিদর্শক সংখ্যা অবিলম্বে বৃদ্ধি করা দরকার। আর একটি কথা বলবো সেটা হচ্ছে এই রকার থেকে স্কুল এ সাহায্য এবং বেতন গ্র্যাণ্টস-ইন-এড দিয়ে থাকেন। এবং সেটা থা সময়ে না পাওয়ার দরুণ শিক্ষকমহাশয়দের অসুবিধা হচ্ছে, এবং ইহা দুর করা কান্ত দরকার। কারণ টাকা সরকার দিচ্ছেন অথচ বদনামও কিনছেন। গালাগালি এখানে াবরা প্রায়ই শুনতে পাই। এটা যদি নিয়মিতভাবে দেওয়া যায় শিক্ষকমহাশয়ের বস্থা উন্নতি হয় এবং সরকারকেও অনেক অপবাদ থেকে রক্ষা করে। তাছাড়া আর

একটি জিনিসও করা দরকার সেকেণ্ডারী স্কুলের ক্ষেত্রে। মাষ্টারমশাইরা নিজেদের প্রাই পড়ানর কাজেই বেশী সময় ব্যস্ত রাখেন এবং স্কুলটা অনেক সময় লিজার-এর হোয়ে ওঠে। সকালে দুই দলকে পড়ান আবার স্কুলএ অ্যাটেণ্ড করে আবার ৪টার আবার দু. তিন দলকে পড়ান তখন আর স্কুলে পড়ানোর ধৈর্য্যও থাকে না পড়াতেও পারেন এ সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা যায় কিনা, সে চিন্তার আজ সময় এসেছে। মাষ্টারমশাইদের বেতন বৃদ্ধি ও সময়ে দেওয়া সঙ্গে সঙ্গে শিক্ষকতা যাতে তারা ভাল করেন এবং তার জন্য নিজেদের প্রাইভেট পড়ানর শিক্ষায় ব্যস্ততা বন্ধ করেন তা স্কুল শিক্ষার ব্যবস্থা ভাল হতে পারে। আমি মূলতঃ আমার বক্তব্য কৃষি বি আবদ্ধ রাখতে চাই কারণ আমি যে অঞ্চলে বাস করি সেখানে প্রায় শতকরা ৯০ প্রত্যক্ষভাবে হউক বা পরোক্ষভাবে কৃষির উপরে নির্ভরশীল। আমাদের উত্তর ব মধ্যে মালদহ দিনাজপুরের অবস্থা প্রায়ই একই রকম। এখানে শিল্প বলতে নেই। চারুবাবু একটু আগেই বলে গেলেন যে এতগুলি বড় বড় শিল্পের কার আছে—কিন্তু আমি জানি মালদহ কালিয়াচক অঞ্চলে রেশমের শিল্প আছে এবং খানি বিড়ি ইনডাস্ট্রি আছে তাছাড়া যেগুলি আছে সেগুলি শিল্প পর্যায়ে আসে না। দুইটা বাঁশ নিয়ে ডালি তৈরী করে হাটে হাটে বিক্রি করে বেড়াচ্ছে—সেটাতেও অ খানিকটা উপজীবিকা অর্জিত হয় কিন্তু এগুলি ঠিক শিল্প পর্যায়ে আসে কি না অ জানি না। যেখানে শতকরা ৯০ জন কৃষির উপরে নির্ভরশীল—আজ আমি অত্যন্ত দুঃ সঙ্গে বলব যে মালদহ জেলায় সেচের ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। যদি সেচের ব্য থাকত তাহলে মালদহ কোন দিনই খাদ্য ডেফিজিট জেলা হত না বরং মাল উদ্বৃত্ত হত এবং অন্য জেলাকে দিতে পারত। সেচের সমস্যার সমাধান করতে খুব বে টাকার যে প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এবং অনেক কারণে আমা ফসল নষ্ট হয়ে যায় যেমন সেচের জন্য ঠিক সময়ে সেচ দিতে না পারলে ফ নষ্ট হয়ে যায় তেমনি বন্যার জল অনেক মাঠে ঢুকে গিয়ে মাঠকে প্লাবিত ক দেয়— সে জল নিকাশ করার কোন ব্যবস্থা না থাকায় সেখানে শুধু একটা ফস হয় না। এবং রবি ফসলও আবাদ করার সুযোগ পাওয়া যায় না।

[6-10—6-18 p.m.]

আমি এই সম্বন্ধে দু' একটা জায়গার নাম করব, যেমন মানিকচক থানার দুধকুণ্ডা পাত দহের মাঠ। বিরাট মাঠ, এরিয়া ৫।৬ হাজার বিঘার মত হবে। সেখানকার একমা সমস্যা হচ্ছে জল নিকাশ করার। জল নিকাশ করতে যে খুব বেশী টাকার প্রয়োজ হবে তাও আমি মনে করি না। এ সম্বন্ধে হয়ত আমার মত দেবার অধিকার নে কিন্তু সেখানকার জল নিকাশ করতে পারলে অনেক ফসল হতে পারে। তেমনি চামাবু মাঠ, লুটিয়া মাঠ সব এরিয়া মিলে আমার মনে হয় ২০ হাজার বিঘার মত হবে সেখানে দুটো করে যদি আমরা ফসল পাই তাহলে আমাদের অনেক ফসল বে যাবে। জল নিকাশের জন্য আগে যে চাঁড়া ছিল সেই চাঁড়া মজে মজে ব হয়ে গেছে। এখন প্রশ্ন হচ্ছে খানিকটা জমি এ্যাকুয়ার করে সেদিক থেকে চাঁড়া কেটে জল নিকাশ করতে পারি এবং সেই চাঁড়ায় যদি জল ধরে রাখতে পা তাহলে সেই জল দিয়ে আমরা খানিকটা সেচেরও ব্যবস্থা করতে পারি এবং সেই জ নিকাশ করে আমরা দুটো ফসল পেতে পারি। এটা করার জন্য আমি কৃষি ম মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করব। আমি একটা কথা বলব সম্বলপুর টাল অঞ্চলে একটা বাঁধ করা হয়েছে। যেখানে একবারে ফসল হত না, যেখানে কৃষক ৫।১০ টাকা বিঘা জমি বিক্রি করার জন্য ব্যাকুল হয়ে উঠত সেখানে সেই সময় একটি বাঁধ তৈরি করা হল, সেই বাঁধে খরচ হয়েছে আমি যতদূর জানি ১৯.৪৫ লক্ষ টাকা এবং ১ হাজার ৮ শো একর জমি সেখানে উপকৃত হয়েছে। এখন সেই জমিতে সোনার ফস ফলছে, সেখানকার কৃষকরা আজ উৎফুল্ল, সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করছে। এই রক আরো একটা মালিয়োর বাঁধের পরিকল্পনা নেওয়া হয়েছে, সেটা আমি যতটা অফিস থেকে খবর নিয়ে জানলাম ১৯৬৪-৬৫ সালে শেষ হতে পারে। তারপর আমি সেচ ব্যবস্থা সম্বন্ধে কিছু বলব। মানিচক রোতুয়া প্রভৃতি এলাকায় যে সব পুকুর ছিল সেই পুকুর থেকে জল দেওয়ার সরকার থেকে কোন ব্যবস্থা নেই। আমাদের মানিচক থানায় দেখেছি একেবারে সেচ ব্যবস্থা সেখানে নেই। মালিয়োর বাঁধে ৫৪.৯২ লক্ষ টাকা ব্যয় হবে এবং ৪৯ হাজার ৬ শো ৮০ একর জমি উপকৃত হবে। মালিয়োর বাঁধ অঞ্চলে

যাদের জমি পড়ছে তারা আজ উৎফুল্ল। সম্বলপুর বাঁধ দেখে তারা মনে করছে যে তাদের এই বাঁধ হয়ে গেলে সম্বলপুরের চাষীরা যেভাবে সুখেস্বচ্ছন্দে বাস করছে আমরা সেইভাবে পারব। আমি আশা করি এইভাবে জল নিকাশের যদি ব্যবস্থা করা যায় তাহলে অনেক উপকার হবে। আমরা জমি রিক্লেম করি, তাতে আমার মনে হয় বেশী খরচ হয়। জল নিকাশ করে যে মাঠে বরাবর চাষ হতে পারে জল এসে সেই মাঠকে একেবারে প্লাবিত করে দিয়ে সেই মাঠের সেইসব ফসল নষ্ট করে দেয়, সেটা উদ্ধার করতে পারা যায়। সেই বিষয়ে আমি কৃষি মন্ত্রী এবং সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষতঃ আমি মানিকচক, রতুয়া এবং মালদহ জেলার সমস্যা সম্বন্ধে বলছি। আমি আর একটা জিনিস বলব সেটা হচ্ছে এই যে গত বছর আমাদের অঞ্চলে ব্লক থেকে সব্জি বীজ বিতরণ করা হয়েছিল বিনা পয়সায়। অনেকে উৎসাহিত হয়ে নিয়েছিল যে সরকার থেকে যে বীজ দিচ্ছে সেই বীজ থেকে ভাল সব্জি পাবে এই আশায়। কিন্তু তার ফল হয়েছিল ঢ্যাড়সের গাছ ৬ হাত লম্বা হয়েছিল, ফল হয় নি একটিও। ঝিঙের গাছের জঙ্গল হয়েছিল ভালই, কিন্তু ঝিঙে ধরেনি। যে ৬।৭ রকমের বীজ দেওয়া হয়েছিল তাতে কোন ফসল হয়নি। এই বীজ দেওয়ার জন্য দায়ী কে? এতগুলি চাষীর সর্বনাশ করার জন্য কে দায়ী সে সম্বন্ধে তদন্ত করার জন্য আমি কৃষি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। বছর ৫।৬ আগে বড় জোতদারদের কাছ থেকে বি ফর্ম চাওয়া হয়েছিল এবং সেই বি ফর্ম তারা পূরণ করে দিয়েছিল, তাদের অতিরিক্ত জমির মধ্যে যে জমি তারা রাখবে সেই জমি বি ফর্মে দেখান হয়েছিল। এখন অবস্থা হয়েছে কি, আমরা গঙ্গার ধারে বাস করি, বহু জমিতে গঙ্গা থেকে বালি এসে সেই সব ভাল জমিকে নষ্ট করে দিচ্ছে, অনেক জমি গঙ্গাতে ভেঙ্গে পড়েছে। এখন আমার জমি ছিল ধরুণ ১ শো বিঘা। তারমধ্যে ৭৫ বিঘা জমি আমি রিটেন করতে পারব। যে ৭৫ বিঘা রেখেছি তারমধ্যে হয়ত ৫০ বিঘা জমি বালিপূণ হয়ে গেছে কিম্বা গঙ্গায় ভাঙ্গনে বিলুপ্ত হয়ে গেছে। এখন আমাদের অবস্থা কি দাঁড়ায় এখনও পর্যন্ত জমি দখল করা হয়নি, সেই বি ফর্ম পরিবর্ত্তন করার অনুমতি দেওয়া যায় কিনা এ সম্বন্ধে ভূমিরাজস্ব মন্ত্রীকে চিন্তা করতে অনুরোধ করছি এবং অবিলম্বে তাঁর আদেশ পেলে আমাদের সুবিধা হয়। আমি আর বেশী সময় নিতে চাই না, আমি মালদার লোক, কাজেই আমের বিষয়ে যদি কিছু না বলি সেটা খুব খারাপ দেখায়। আম একটা বিরাট অর্থকরী ফসল মালদা জেলা আমে প্রায় ১ কোটি টাকা পেয়ে থাকে কিন্তু ওয়াগনের অভাবে অনেক সময় এমন অসুবিধা হয় যে স্টেশনে ২।৩ দিন পড়ে থাকে। কাজেই সময়মত যেন ওয়াগন পায়। আর একটা অসুবিধা—আসাম—শিলিগুড়ি লাইন প্রত্যেকবার ভেঙ্গে যায় বর্ষার সময় কাজেই সে দিকের মার্কেট নষ্ট হয়ে যায়। সেই লাইন যাতে না ভাঙ্গে সেদিকে রেলওয়ে কর্তৃপক্ষকে সজাগ করার জন্য সরকারের মাধ্যমে অনুরোধ করছি এবং আম চলাচলের জন্য যাতে যথাযথভাবে আম ব্যবসায়ীরা ওয়াগন পায় সেদিকে লক্ষ্য করার জন্য আমি অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Mr. Chairman: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 6-18 p.m. till 3 p.m. on Wednesday, the 26th February 1964, at the Legislative Building, Calcutta.

Members absent

Acharyya, Shri Snehangshu Kanta
Banerjee, Shri Sudhir Kumar
Bhattacharyya, Shri Sreepada
Bose, Shri Aurobindo
Choudhuri Shri Ananda Prosad
Das, Shri Narendra Nath
Ghose, Shri Kali Charan
Haldar, Shri Gopal
Hazra, Shri Gajendra Nath
Khaitan, Shri G. N.
Majumdar, Shri Rajendranath
Prasad, Shri R. S.
Rezaul Karim, Shri
Roy, Shri Chittaranjan
Sen, Shri Subodh
Sen Gupta, Shri Dwijendralal
Singh, Shri Ram Lugan
Singha, Shri Biman Behari Lall
Sinha, Shri Rabindralal
Syed, Shahedullah, Shri

COUNCIL DEBATES

Wednesday, The 26th February 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 26th February, 1964, at 3 p.m. being the Eleventh day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterjee) was in the Chair.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Rice and paddy at fixed rates

56. Shri Jatin Chakravorty: Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether it is a fact that rice and paddy are not available in the markets at the rates fixed by the State Government;

(b) if so, what are the reasons; and

(c) what steps the Government propose to take for implementation of the rates so fixed?

[3—3-10 p.m.]

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) No. (b) Does not arise. (c) Instructions have been issued for rigid enforcement of the Price Control Order.

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ফিক্সড রেট এ ধান, চাল পাওয়া যাচ্ছে। সব জায়গাতেই কি ফিক্সড রেট-এ চাল এবং ধান পাওয়া যাচ্ছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : মোটামুটি পাওয়া যাচ্ছে। তবে কোন কোন জায়গায় সুপারফাইনটা পাওয়া যাচ্ছে না।

শ্রীযতীন চক্রবর্তী : আপনি তাহলে এতে নো বলছেন কেন?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : সুপারফাইনটা হচ্ছে হোল্ডিং ব্যাক অব দি স্টক আর এই প্রাইস এ কোনটাই পাওয়া যাচ্ছে না, আপনি বলেছেন। আমি তার উত্তরে বলছি পাওয়া যাচ্ছে।

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় মন্ত্রী মহোদয় বি-এর জবাবটা কি দিয়েছেন, যদি আর একবার দয়া করে বলেন।

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : (এ) তে নো বলেছি। আর (বি) তে বলেছি ডাজ নট এ্যারাইজ।

শ্রীযতীন চক্রবর্তী : আর (সি) টা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : (সি) তে বলেছি
instructions have been issued for rigid enforcement of the price control order.
সিমিলার কোয়েশ্চেন-এর এ্যানসার কয়েকদিন আগে দিয়েছি, নরেনবাবুর প্রশ্ন ছিল।

শ্রীনরেন্দ্র নাথ দাস : মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, রেশানের দোকানে যে কার্ড রয়েছে, তদনুযায়ী কি চাল পাওয়া যায়?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : এ প্রশ্ন এ থেকে ওঠে না। নোটিস চাই।

শ্রীসত্যপ্রিয় রায়: উনি বলেছেন যে সুপারফাইন রাইস পাওয়া যায় না। কিন্তু ফাইন রাইসকে সুপার ফাইন বলে, বেশী দরে বাজারে বিক্রয় হচ্ছে, এ খবর কি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : আমার কাছে কোন কোন জায়গা থেকে মামুলিভাবে কমপ্লেন এসেছে। কিন্তু কেউ স্পেসিফিক্যালি আমাদের কাছে ব্যক্তিগতভাবে অভিযোগ পেশ করেননি। অবশ্য এ নিয়ে একটা বিবাদও আছে। কোনটা সরু, কোনটা মিহি, কোনটা মোটা, এ নিয়ে অবশ্য ঠিক ঝগড়া হয় না। তবে, এই যে তিন রকম চাল, মাঝারী, সরু, এবং মিহি, এই নিয়ে একটা গোলমাল আছে। এটা ঠিক করা বড় শক্ত ব্যাপার। কাজে কাজেই কেউ যদি আমাদের কাছে স্পেসিফিক্যালি অভিযোগ করেন, তাহলে নিশ্চয় আমরা সেই চালের নমুনা দেখে, আমরা তদন্ত করবো। এবং শাস্তি দেবার ব্যবস্থা করবো।

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীমহাশয় যা বললেন, সেই থেকেই আমি প্রশ্ন করছি। আমার সাপ্লেমেণ্টারী হচ্ছে, সরকার পক্ষ থেকে এই রকম কি কোন বন্দোবস্ত বা নোটিফিকেসান দেওয়া আছে যে কোন চালটা মিহি, কোন চালটা মোটা, কোন চালটা মাঝারী, এবং তা যদি দেওয়া থাকে, এবং তার ব্যতিক্রম কেউ করে, ব্যবসাদার বা কোন দোকানদার, তাহলে সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা আইনে আছে—তার প্রতিকার করবার জন্য?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : এ সম্বন্ধে আমাদের একটা দীর্ঘ তালিকা আছে। অবশ্য চালের অনেক রকমারী আছে। পশ্চিমবাংলায় আমরা মোটামুটিভাবে কতগুলি হবে ক্লাসিফিকেসন বা শ্রেণী বিভাগ করেছি। আমরা শ্রেণী বিভাগ করে সংবাদপত্রের মারফৎ জানিয়েছি। আমরা প্রত্যেক জেলায়, মহকুমায় ও অঞ্চল পঞ্চায়েতে জানিয়েছি। কিন্তু তৎসত্ত্বেও এখনও কোন কোন অঞ্চলে এই ধান, চাল-এর ভ্যারাইটি নিয়ে বিবাদ শুনতে পাচ্ছি। তারা বলছেন মশাই আপনারা ২৪-পরগণায় যেটাকে অমুক বলছেন, বীরভূম বা অন্য জায়গায়, সেটা অমুক নয়। এই রকম কিছু কিছু এ্যানোম্যালি আমাদের আছে। সেই এ্যানোম্যালি যে দেশে এত রকমারী চাল, তা সহজে দূর করতে পারবো বলে আমি মনে করিনা। মোটামুটি আমরা দেখতে পাচ্ছি এইটুকু যে আমাদের পশ্চিম বাংলায় মোটা চালের পরিমাণ কম। এটা পশ্চিম বাংলায় হয় না বললেই হয়। কোর্স রাইসটা বেশীর ভাগ আসে উড়িষ্যা থেকে। আমাদের এখানে বেশীর ভাগ চাল ফাইন বা মিডিয়াম-এর চেয়েও ফাইন বেশী, আর সুপারফাইনটা অবশ্য খুব কম। আর যেগুলোকে এ্যারোম্যাটিক বা সুগন্ধী চাল বলা হয়, সেগুলি আরও কম। কাজে কাজেই মিডিয়াম ফাইন-এ সুপারফাইন, এদের মধ্যে যে দ্বন্দ্ব, তা লেগেই আছে।

শ্রীযতীন চক্রবর্তী: আমি আরেকটা প্রশ্ন করতে চাই, এই যে দর আপনারা ঠিক করেছেন ধানের এবং চালের এবং ১৷৷০ মণ ধানে ১ মন চাল হবে, এতে দেখা গেছে অনেক জায়গায় ঠিক এক মণ চাল হয় না হয়ত ৪২ সের চাল হয়, না হয় ৩৮ সের হয়। তার ফলে সেই অনুপাতে যে আপনারা ধানের দর চালের দর বেধেছেন—এই যে আপনাদের ডিসপ্যারিটি বা এ্যানোম্যালি আছে এর জন্য আজকে ঠিক ন্যায্য দরে এই চাল বা ধান পাওয়া যাচ্ছে না এই সম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয় বলতে পারেন কিনা যে এই সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : নিশ্চয়ই আমরা চেষ্টা করছি। কালকে এই প্রশ্ন আমার কাছে করা হয়েছিল—আমি বলেছিলাম যে আমরা সমস্ত জিনিষটা বুঝতে পারছি নানান রকম ক্রেতার কাছ থেকে নানান রকম খবরের কাগজে যা দেখতে পাচ্ছি তাতে মনে হচ্ছে যে আমাদের হয়ত কিছু কিছু পরিবর্তন কিছু রিভিসন দরকার হবে—এমন কি আমার এটা জানিয়ে দেওয়া ভাল যে বিশেষ করে চালের ব্যাপারে আমার কাছে উড়িষ্যার মাননীয় মুখ্যমন্ত্রী এসেছিলেন—তিনি বললেন যে আপনারা ৪টা ক্যাটিগরি করলেন কেন। আমাদের মাত্র তিনটা ক্যাটিগরি, ওদের ক্যাটিগরি হচ্ছে

একটাকে ওরা বলেন কমন, আরেকটাকে বলেন ফাইন, আরেকটাকে বলেন সুপারফাইন। তিনি বললেন যে আপনারা ৪টা করায় আমাদের মহামুস্কিল—আমাদের কোর্স বলে কিছু নেই। আপনাদের যেটা মিডিয়াম, আমাদের সেটা কমন। আমি তখন বললাম যে এটাতে অনেক ঝগড়া আছে এবং উড়িষ্যার চাল এবং পশ্চিমবাংলার চাল এক রকম নয়, কোন কোনটা হয়ত বর্ডার লাইনে আছে ঠিক করা মুস্কিল। তবে আমি একবার উড়িষ্যায় গিয়ে সবাই-এর সঙ্গে বসে ঠিক করব। আমাদের চালের নমুনা নিয়ে যাব এবং আপনাদের চালের নমুনা দেখব—আবার এই তিনদিন আগে উড়িষ্যার সরবরাহ মন্ত্রী, হোম এবং সাপ্লাই মিনিস্টার, তিনি খাদ্য বিভাগের ও মন্ত্রী তিনি বললেন যে আমরা উড়িষ্যায় তিন রকম ক্যাটিগরি আর আপনারা কেন ৪ রকমের করবেন, আপনারা তিন রকম করুন। তাহলে আমাদের যত চাল আছে আমরা পাঠাব। আমি তারপরে খোঁজ নিয়ে দেখলাম যে পশ্চিম বাংলায় যেমন ধানের উৎপাদন বেড়েছে উড়িষ্যায়ও বেড়েছে। উড়িষ্যাতে এ বছর বাড়া সত্ত্বেও আমদানী কিন্তু তত হচ্ছে না। গত বছরের চেয়ে বেশী হওয়া উচিত প্রায় গত বছরের মতনই আছে কিন্তু বেশী হওয়া দরকার। এ জিনিষটাও ওদের সঙ্গে আবার আলোচনা করতে হবে কেননা আমরা চাই উড়িষ্যা থেকে এবার ৪ লক্ষ টন চাল আসুক।

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল : পশ্চিমবাংলায় নানান জায়গায় ঠিক ন্যায্য দামে ধান বা চাল বিক্রি হচ্ছে কিনা—এজন্য সরকারের কোন ভিজিলেন্স-এর কোন ব্যবস্থা করা হয়েছে?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : হ্যাঁ। আমাদের ব্যবস্থা তো আছেই। তাছাড়া এনফোর্সমেন্টকেও জানিয়ে দিয়েছি। আমাদের যে বিভাগের সাব ইন্সপেক্টর বা ইন্সপেক্টর আছে তাদেরকে জানিয়ে দিয়েছি। কিন্তু মাননীয় সদস্য বুঝতে পারছেন যে আমরা প্রত্যেক গ্রামে ব্যবস্থা করতে পারিনা। তবে আমরা এ সম্বন্ধে সবাইকে সচেতন করে দিয়েছি। এবং আমরা আরও চাইছি যে ক্রেতারা তারা এসে অভিযোগ করুক। একটা মোটামুটি আমি লক্ষ্য করছি যেটা বলতে পারি যে আমাদের এখানে দর মোটামুটি ঠিক আছে তবে ঐ যে মাননীয় সদস্য বললেন কেউ হয়ত কোর্স কে মিডিয়াম বলে চালাচ্ছেন কেউ হয়ত মিডিয়ামকে ফাইন বলে চালাচ্ছেন কেউ হয়ত ফাইনকে সুপারফাইন বলে চালাচ্ছেন। আমরা অনেক ক্ষেত্রে দেখেছি—যদিও সব বর্ডার লাইনে আছে.....

[3-10—3-20 p.m.]

একটা কথা মাননীয় সদস্যকে বলতে পারি যে আমাদের এখানে মোটামুটি দর ঠিক আছে। তবে ঐ মাননীয় সদস্য যা বললেন যে কেউ হয়ত কোর্সকে মিডিয়াম বলে চালাচ্ছে, কেউ মিডিয়ামকে ফাইন বলে চালাচ্ছে আবার কেউ হয় ফাইনকে সুপারফাইন বলে চালাচ্ছে। না, কনট্রোভার্সিয়াল নয়। এটা অনেক সময় দেখেছি বর্ডার লাইনে আছে। আমি একটা চালের নমুনা পেয়েছিলাম, আমি পরীক্ষা করে দেখলাম যে দু'রকমের চাল মিশিয়ে দিয়েছে। কাজে কাজেই মহামুস্কিল। তবে মোটামুটিভাবে মাননীয় সদস্যকে এটা আমি জানাতে পারি যে আমাদের এবারে প্রাইস যা কন্ট্রোল করেছি ফিক্স করেছি সেটা ঠিকই হয়েছে। তবে দু'রকম চালের ব্যাপারে কিছু তারতম্য আছে, ঝগড়াও আছে।

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল : আমি জিজ্ঞাসা করছিলাম আপনার বিভাগে লোকজন যারা আছে তাদের গোপনে স্ট্যানডার্ড রাইস কিনে টেস্ট করবার জন্য কোন ব্যবস্থা করেছেন?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : আমরা করেছি। কিন্তু এটা অত্যন্ত শক্ত কাজ। আমরা প্রত্যেক জায়গা থেকে চাল নিয়ে এসে টেস্ট করেছি। আমাদের কনফিউসান হচ্ছে অনেক ক্ষেত্রে। আমাদের জিনিসটা আরো একটু দেখে হয়ত রিভিসান করতে হবে। ভবিষ্যতে যাতে এত রকমের চাল না হয় তারজন্য আমাদের ব্যবস্থা করতে হবে যেমন জাপানে একই রকম চাল আছে।

শ্রীনরেন্দ্র নাথ দাস : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন কোন কোন জায়গায় নির্ধারিত দামের নিচে ধান বিক্রি হচ্ছে?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : আমাদের উত্তর বংগে কোন কোন জায়গায় আমাদের নির্ধারিত মূল্য তার চেয়ে ২।৪ আনা কমে বিক্রি হচ্ছে। এবং আমি এই সম্বন্ধে অনুসন্ধান ক জেনেছি যে নেপাল থেকে যেসব জায়গায় কিছু কিছু চাল আমদানি হচ্ছে মোটা রকমের চাল সে আমাদের নির্ধারিত মূল্য অপেক্ষা ৪।৬ আনা কম দামে বিক্রি হচ্ছে।

শ্রীনরেন্দ্র নাথ দাস : ধান নির্ধারিত মূল্যের নিচে বিক্রি হচ্ছে কিনা এই খবর আপনি রাখে কিনা?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন : আমাদের নির্ধারিত মূল্যের নিচে কোথাও নেই।

Mr. Chairman: If honourable members are agreeable then I can tak the last question—*65 as Dr. Srikumar Banerjee likes to be relieved earlie

[The House agreed to it]

Now, *65.

Purulia-Kotshila Railway Service

***65.** (Short notice) **Dr. Srikumar Banerjee:** Will the Hon'ble Chie Minister be pleased to state—

(a) whether the attention of the Government has been drawn to a report appearing in the "Hindusthan Standard" and the "Ananda Bazar" on the 24th February, 1964, about the decision of the Railway Board to close up the Purulia-Kotshila narrow gauge line with effect from April 1, 1964;

(b) whether the attention of the State Government has been drawn to the reported statement of the South-Eastern Railway authorities that the closure has been decided upon with the concurrence of the State Government;

(c) is the State Government aware that the disruption of a vital link would hit hard the economic life of Purulia and accentuate the miseries of the people;

(d) will the Government move the Central Government to defer the decision at least six months during which efforts may be made to run the section on a remunerative basis; and

(e) will the Government kindly lay all the correspondence on the subject bearing on its alleged concurrence on the Table for the information of the Council?

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) No.

(b) No.

(c) Yes.

(d) The Government has already moved in the matter.

(e) Government does not propose to lay the papers at this stage as the matter is still under correspondence.

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যখন এর আগে মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় ছিলেন সেই সময় এই রকম একটা প্রচেষ্টা হয়েছিল এবং তাঁরই প্রতিবাদের ফলে সেটা কার্যকরী হতে পারে নি, এখন সেই ব্যবস্থা তাঁরা অবলম্বন করতে যাচ্ছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: হ্যাঁ বন্ধ ছিল। কিন্তু বর্তমানে সিদ্ধান্ত আমরা অতি শীঘ্র পেয়েছি। আমরা জানবা মাত্রই ৩ বছর পরে সংগে সংগে উত্তর গেছে যে পশ্চিমবংগের এতে ঘোরতর আপত্তি আছে।

শ্রীযতীন চক্রবর্তী : তাহলে কি এই কথা সত্য নয় যে আপনাদের সম্মতি নিয়েই তাঁরা এই ব্যবস্থা অবলম্বন করছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: একদম নয়।

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই যে ব্যবস্থা অবলম্বন করতে যাচ্ছেন, তাঁরা যে প্রোপোজাল দিয়েছেন এই রেল লাইন তাঁরা তুলে দেবেন, সেটা কি যেহেতু পুরুলিয়া পশ্চিমবঙ্গের অন্তভুক্ত হয়েছে সেহেতু তাকে শাস্তি দেবার জন্য?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এই রকম কোন চিঠি থেকে এই রকম কোন ইঙ্গিত গভর্ণমেন্টের দেয় পত্রে আমরা কোন লাইনেরই পাইনি।

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন আপনারা যে প্রতিবাদ জানিয়েছেন সেই প্রতিবাদ যদি কেন্দ্রীয় সরকার না শুনেন এবং তাঁরা যদি ওটাকে বন্ধ করে দেবার জন্য বন্ধপরিকর হয়ে থাকেন তাহলে আমাদের পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা অবলম্বন করবেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা মস্ত বড় হাইপথেটিক্যাল কোয়েশ্চেন –ডাবল যদি, ট্রিপল যদি, এর উত্তর দিতে পারব না।

শ্রীযতীন চক্রবর্তী : ডাবল যদি, ট্রিপল যদিতে যদি ওঁর আপত্তি থাকে তাহলে আমি কোন যদি রাখছি না। আমি জিজ্ঞাসা করছি প্রতিবাদ সত্বেও কেন্দ্রীয় সরকার এটা কার্যকরী করলে পশ্চিমবংগ সরকার কি ব্যবস্থা অবলম্বন করবেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: যদিটা ঘুরিয়ে বললেও হাইপথেটিক্যাল হয়। কণ্ডিসানে আমার আপত্তি, কণ্ডিসানে আমরা উত্তর দিতে পারব না।

শ্রীযতীন চক্রবর্তী : কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যাতে এই লাইনটা তুলে দেওয়া যায় আনইকনমিক এই অজুহাতে তারজন্য ঐ রেল কর্তৃপক্ষ কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরে সেখানে এমনভাবে ট্রেন সার্ভিস চালু করেছিল, এমনভাবে টাইম টেবল তৈরি করেছিল যাতে পর্যাপ্ত সংখ্যক মাল বা পর্যাপ্ত সংখ্যক যাত্রীরা সেই ট্রেনে না যায় এটা আপনি জানেন কি?

দি অনারেবল শৈল কুমার মুখার্জী : এই রকম কোন সংবাদ কেন্দ্রীয় সরকারের কোন পত্রে আমাদের নথিতে নেই।

Shri Jatin Chakravorty:

যে টাইমিং তারা করেছেন, আগে ৪ খানা ট্রেন চালু ছিল কিন্তু এই লাইন তুলে দেবে সেই পরিকল্পনা নিয়ে এগুবার ফলে তারা ২ খানা ট্রেন দিয়েছে এবং যেখানে কোটশিলা থেকে পুরুলিয়া আসতে ১॥ ঘণ্টা সময় লাগে সেখানে পুরুলিয়া থেকে যাবার সময় এমন টাইমিং করেছেন যে ২॥০ ঘণ্টা সময় লাগে। এমন টাইমিং করেছেন যে পুরুলিয়ার লোকেরা কোটশিলা থেকে যদি আসতে চায় তো সেই টাইমে এসে স্কুল, কলেজ, কাছারী কিছুই করতে পারে না। এই যে পরিকল্পনাসহ তারা আজকে লাইন তুলে দেবার জন্য মতলব করে এগুলি করেছেন এটা কি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

কেন্দ্রীয় সরকারের এই রকম কোন জিঘাংসা বৃত্তি আছে বলে আমি মনে করি না।

Shri Jatin Chakravorty:

যখন কোয়েশ্চেনের জন্যে আমরা জানতাম যে সংবাদপত্রের নাম উল্লেখ করা যায়, তা সত্ত্বেও যখন এটা য়্যাডমিটেড হয়েছে এবং সংবাদপত্রে যেটা বেরিয়েছে এটা কি তাহলে অসত্য যে প্রথমতঃ উভয়দিকে ৪ খানা করে ট্রেনের স্থলে দাঁড়ালো ২ খানা, এই ২ খানা ট্রেনের সময় এমনভাবে স্থির করা হল যাতে অন্ততঃ একজোড়া ট্রেন পুরুলিয়ায় যাত্রীদের কোন কাজে লাগলোনা। ইহাই শেষ নয়, কোটশিলা হতে পুরুলিয়ায় আসতে ট্রেনে সময় লাগে ১ ঘণ্টা ৩৫ মিনিট কিন্তু পুরুলিয়া হতে কোটশিলা যাবার সময় লাগে ২ ঘণ্টা ১০ মিনিট। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বল্লেন যে কেন্দ্রীয় সরকারের জিঘাংসা বৃত্তি নেই—আমি স্বীকার করি কিন্তু আমার প্রশ্ন হচ্ছে কেন্দ্রীয় সরকারের যারা অধঃস্তন কর্মচারী রেল কর্তৃপক্ষের তারা সেই পরিকল্পনা যখন করেছেন যে তুলে দেবেন আনইকনমিক দেখাবার জন্য তখন মুখ্যমন্ত্রী এসম্বন্ধে তদন্ত করে দেখবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

পুরুলিয়া থেকে কোটশিলা পর্যন্ত যে রেল লাইন আছে যা রেল চলাচল হচ্ছে তাতে যদি আমাদের কোনরকম অসুবিধা হয় তাহলে সেই সমস্ত জিনিস আমরা নিশ্চয়ই আলোচনা করতে পারি—এবং আমাদের মাননীয় সদস্যরা এ সম্বন্ধে আমাদের কাছে তাঁদের মন্তব্য পাঠান তাহলে আমরা বিবেচনা করবো। আমি দেখতে পাচ্ছি মাননীয় যতীন চক্রবর্তী মহাশয়ের অনেক কিছুই জানা আছে—তিনি যদি আমাদের জানিয়ে দেন তাহলে আমরা তার মন্তব্যসহ কেন্দ্রের কাছে সব উপস্থাপিত করবো, সমস্ত বুঝবো এবং সমস্ত কিছু আলোচনা করতে আমরা প্রস্তুত আছি।

Shri Biswanath Mukherjee:

রেলওয়ে টাইম টেবিল সম্বন্ধে আমাদের সদস্যদের রেলওয়ে অথোরিটি জানায় যদি কোন বক্তব্য থাকে বলবার জন্য। যতীনবাবু কি তাঁর বক্তব্য বলেছিলেন।

Shri Jatin Chakravorty:

কালকে ও'র সম্বন্ধে যা মন্তব্য করেছিলাম আজও আবার করতে হচ্ছে সেকথা। আমি বলছি মুখ্যমন্ত্রীকে যিনি প্রশ্ন করেছেন তিনি দুটো সংবাদপত্রের নাম করেছেন, সংবাদপত্রে বিস্তৃত ব্যাখ্যা করা আছে। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেটা তিনি দেখুন, তদন্ত করুন এবং আমরা এই আশ্বাস মুখ্যমন্ত্রীর কাছ থেকে পেতে পারি কিনা যে এই রেল লাইন যাতে থাকে তারজন্য পশ্চিমবঙ্গ সরকার সর্বোতভাবে চেষ্টা করবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা নিশ্চয়ই চেষ্টা করবো তবে এই জিনিষটাকে আমাদের ভাল করে বুঝতে হবে।

Dr. Srikumar Banerjee: Does the Government propose to make an enquiry into the reasons why buses run overcrowded whereas the train runs empty?

The Hon'ble Prafulla Chandra Sen: As desired by the honourable member we shall make an enquiry.

Dr. Srikumar Banerjee: Does the Government propose to correspond with the S. E. Railway authorities why they said that the Government agreed to the closure of the line whereas as a matter of fact the Government did not agree?

The Hon'ble Prafulla Chandra Sen: It was not done with our concurrence. However, we are in correspondence with the Government of India.

Shri Sudhir Kumar Banerjee:

পুরুলিয়া থেকে রাঁচী পর্যন্ত যে একটা নেরো গেজ লাইন ছিল, সেটা এখন ব্রড গেজ হয়ে গিয়েছে, এবং পশ্চিম পর্যন্ত যেটা নেরো গেজ আছে, সেটা তুলে দেবার কথা হচ্ছে। আমরা আগে প্রস্তাব করেছিলাম যে পুরুলিয়া থেকে যে ২০ মাইল নেরো গেজ লাইন আছে, সেটা যাতে ব্রড গেজ হয়ে যায়। এবং যেটা রাঁচীর সঙ্গে যোগাযোগ এবং কলকাতার সঙ্গে যোগাযোগ হতে পারে। এ সম্বন্ধে সরকার থেকে কি কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee: All these matters will be under consideration.

[3-20—3-30 p.m.]

Killing of Hindus at Khulna, East Pakistan

***57. Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Political) Department be pleased to state if it is a fact that the killing of Hindus started in Khulna in East Pakistan on January 3, 1964?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) when the news reached the State Government;

(ii) whether any disturbance took place in the State as a reaction to the happenings in East Pakistan:

(iii) if so, what steps did the Government take to prevent it;

(iv) when did the disturbance first break out in the State and in Calcutta; and

(v) the steps taken by the Government for restoring law and order in Calcutta and districts?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) It appears from the newspaper reports that the attack on the Hindus was made in Khulna (East Pakistan) on the 3rd January, 1964.

(b) (i) The news first reached the State Government on 5-1-64. (ii) Yes. (iii) The police were alerted. (iv) In the district of 24-Parganas on the 6th January, 1964. In Calcutta on the 8th January, 1964.

(v) The following steps were taken by the State Government:—

(a) Banning of meetings, processions and assembly of persons by orders issued under Section 144 Cr. P. C.

(b) Arrest of rowdies and bad characters.

(c) Imposition of Curfew.

(d) Employment of troops in aid of the civil power.

(e) Augmentation of the strength of the police by re-inforcement from other States.

Shri Narendra Nath Das:

আমার (বি) (থ্রি)র প্রশ্ন ছিল—ইফ সো হোয়াট স্টেপ ডিড দি গভর্ণমেণ্ট টেক টু প্রিভেণ্ট? তার উত্তরে মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে স্টেপ নেওয়া হয়েছে। কি স্টেপ তখন নিয়েছিলেন? ৫ই তারিখে আপনারা খবর পেয়েছেন যে খুলনার রায়ট হয়েছে। ৫ই তারিখে খবর পেয়ে, আপনারা কি স্টেপ নিয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

৫ই তারিখে যখন খবর এখানে আসে, তখন আমাদের পুলিশকে সতর্ক করে দেওয়া হয় যে এখানে হয়ত হাঙ্গামা হতে পারে, তোমরা সবাই সাবধান থাকবে, সকলে সতর্ক থাকবে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, ৫ই তারিখে যখন খবরটা এখানে পেঁছাল, তখন তিনি কলকাতায় ছিলেন, না, কলকাতার বাইরে ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কলকাতার বাইরে ছিলাম।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় আমার প্রশ্নের বি(টু)তে যা জবাব দিয়েছেন তাতে বলেছেন রিএকশান অফ পাকিস্তান অর্থাৎ কলকাতায় ও পশ্চিমবঙ্গে যে হাঙ্গামা হয়েছে, তা খুলনা ও যশোহরের প্রতিক্রিয়া হিসাবে। সেই ধারণা যদি তাঁর থেকে থাকে তাহলে ৫ই তারিখে তিনি কলকাতাতে উপস্থিত ছিলেন না, কেন? ৫ই, ৬ই তারিখে তিনি কলকাতায় ফিরে এলেন না কেন? কারণ তিনি দেখেছেন ৫ই, ৬ই তারিখে নূতন করে দাঙ্গা হাঙ্গামা সুরু হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কেন ৫ই বা ৬ই তারিখে কলকাতায় উপস্থিত ছিলাম না, সেটা কোন বড় প্রশ্ন নয়। আমারও অসুখ করতে পারে, আমি ত বাইরে চলে যেতে পারি। মুখ্যমন্ত্রীর উপরই পশ্চিমবঙ্গ সরকার নির্ভর করতে পারে না, এবং পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী কার্য ব্যাপদেশে বাইরেও যেতে পারেন। কাজে কাজেই মুখ্যমন্ত্রী কেন কলকাতায় উপস্থিত ছিলেন না, এটা বড় প্রশ্ন নয়। আমাদের যদি কোন জায়গায় কাজের ক্ষতি বা ত্রুটি হয়ে থাকে, কর্ত্তব্য যদি পালন না করা হয়ে থাকে, তাহলে দোষ দিতে পারেন। মুখ্যমন্ত্রী না থাকলে যে জগৎ অসুন্ধ হয়ে যাবে, আমি তা মনে করি না। মুখ্যমন্ত্রী কার্য ব্যাপদেশে, নিশ্চয়ই বাইরে যেতে পারেন। কেন যাবেন না?

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয় মুখ্যমন্ত্রী কি মনে করেন, যে তাঁর ডিপার্টমেণ্টের যদি কোন ত্রুটি হয়, তারজন্য দেশে অরাজকতা হতে পারে, সেখানে তাঁর নৈতিক এবং সংবিধানিক দায়িত্ব কি তাঁর নেই?

The Hon'ble Prafulla Chandra Sen:

মুখ্যমন্ত্রীর ত নিশ্চয়ই দায়িত্ব আছে। কিন্তু মুখ্যমন্ত্রীকে যে সব সময় কলকাতায় থাকতে হবে, এমন বিধি আছে বলে আমি জানি না।

Shri Sasanka Sekhar Sanyal:

৫ই, ৬ই তারিখে আপনি যে কলকাতার বাইরে ছিলেন, সেই সময় কলকাতার ব্যাপার সম্বন্ধে আপনাকে কেউ কি গোচরিভূত করেছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। ৫ই বা ৬ই তারিখে আমার গোচরিভূত হয় নি।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি জিজ্ঞাসা করেছিলেন কি, যে কেন আপনাকে গোচরীভূত করা হয়নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, করা হয়নি।

Shri Sasanka Sekhar Sanyal:

তা যদি না হয়ে থাকে, তা যদি ফেল করে থাকে, তাহলে
under the constitution, it is the obligation of the Minister to resign.

The Hon'ble Prafulla Chandra Sen:

এরকম কোন শাসনতান্ত্রিক বিধান আছে বলে আমার জানা নেই।

Shri Sasanka Sekhar Sanyal: That is the constitution. You do not know anything of the constitution.

The Hon'ble Prafulla Chandra Sen: I may also say that you do not know anything of the constitution.

Shri Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, is it not the position that the Minister cannot hide his responsibility under the responsibility of the Department?

Mr. Chairman: He is not hiding his responsibility.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, nobody is saying that he is not taking the responsibility upon himself.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, that was a highly objectionable answer.

Shri Narendra Nath Das:

অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন তাঁর এখানকার উক্তিতে আমরা জেনেছি যে তিনি ১০ তারিখে এখানে এসে পৌঁছিয়েছেন। এবং ১০ তারিখের পরে এখানে যে স্টেটমেণ্ট তিনি দিয়েছেন তাতে বলেছেন পশ্চিমবাংলায় যা কিছু হয়েছে তার জন্য তিনি লজ্জিত। এই ধরণের কাজের জন্য তিনি লজ্জা প্রকাশ করলেন—সেই কাজটা হতে পারে এটা তিনি আগে অনুমান করেন নি? আর বিশেষ করে মুখ্যমন্ত্রী হোম ডিপার্টমেণ্ট-এরও মন্ত্রী, এখানে দাঙ্গা হতে পারে এটা তিনি স্বীকার করেছেন যে তার জন্য তিনি বিশ্বের কাছে লজ্জা প্রকাশ করেছেন—তার সেখানে থাকা উচিত ছিল কিনা—এবং যে কর্মচারীরা এখানে ৬ তারিখে ৭ তারিখে রায়ট হয়েছে তা সত্বেও তারা তাঁকে জানান নি সে সম্বন্ধে তিনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যে ঘটনা ঘটেছে তারজন্য মুখ্যমন্ত্রী লজ্জিত এবং আমার মনে হয় এই হাউসে যে সমস্ত মাননীয় সদস্যরা আছেন সকলেই লজ্জিত। আমরা ভেবেছিলাম যে ১৯৫০ সালের পর ১৯৬৪ সালে এই রকম ঘটনা ঘটা উচিত নয়। আমাদের দেশবাসীর শুভ বুদ্ধির উপর আমরা নির্ভর করেছিলাম।

Shri Sasanka Sekhar Sanyal:

হোম ডিপার্টমেণ্ট-এর ভারপ্রাপ্ত মিনিষ্টার তখন এখানে কে ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের এখানে অল্প সময়ের জন্য, ৫।৬ দিনের জন্য যদি কেউ অনুপস্থিত হন, তাহলে বিশেষ করে আমরা কারও উপর ভার অর্পণ করে যাই না;

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি কি এই রাজ্যের মধ্যে ছিলেন না বাহিরে ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বাহিরে ছিলাম।

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে আপনি হোম ডিপার্টমেণ্ট-এর চার্জ অন্যের উপর দিয়ে যান নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, আমাদের এই রকম কোন নিয়ম নাই। ভারতবর্ষের ভিতরে অল্প সময়ের জন্য যদি আমরা বাহিরে যাই তাহলে পরে আমরা কারও উপর ভার দিয়ে যাই না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ৬ তারিখে এখানে খবর এসেছে যে ৫ তারিখে ২৪-পরগণাতে দাঙ্গা সুরু হয়েছে, এই দাঙ্গার খবর কেন তাকে ৬ তারিখে জানান হল না? এর দায় দায়িত্ব কার উপর ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

৬ তারিখে বা ৭ তারিখে যে ঘটনা ঘটেছিল সেটা বিচ্ছিন্ন ঘটনা আইসোলেটেড ইনসিডেণ্ট সেটা আমাদের পুলিশ মনে করেন নি যে দাঙ্গার আকার বা রূপ ধারণ করতে পারে।

Shri Sasanka Sekhar Sanyal:

হোম মিনিষ্টার পশ্চিমবাংলার বাহিরে ছিলেন—তাহলে পজিশনটা কি এই হোম ডিপার্টমেণ্ট চলছিল উইদাউট এনি মিনিষ্টার ইন চার্জ?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, তার কিছু মানে নাই, স্বরাষ্ট্র মন্ত্রীই স্বরাষ্ট্র দপ্তরের জন্য দায়ী—এবং যদি কোন জরুরী কাজ উপস্থিত হয় আমাদের নিয়ম হচ্ছে, যে কয়জন মন্ত্রী কলকাতায় থাকেন তাঁরা দায়িত্ব গ্রহণ করে থাকেন।

Shri Sasanka Sekhar Sanyal:

এ দায়িত্ব কার কাছে দিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

বিশেষভাবে স্বরাষ্ট্র বিভাগের দায়িত্ব কোন মন্ত্রীর উপর লিখিত ভাবে অর্পণ করা হয়নি—এটা ঠিক কথা কিন্তু আমাদের যে মন্ত্রীসভা আছে সেখানে আমাদের সম্মিলিত দায়িত্ব—এবং যখনই আমরা বাইরে যাই কোন জরুরী কাজ উপস্থিত হলে—অনেক সময় আমাদের এমন যে নথি থাকে যেটা মন্ত্রীকে না দেখালে কাজ হয় না—তখন যে মন্ত্রী উপস্থিত থাকেন তাঁর কাছে তখন নথিটা উপস্থাপিত করা হয়।

Shri Sasanka Sekhar Sanyal: Now it has become a private property.

Shri Narendra Nath Das:

আপনার অনুপস্থিতিতে ৬।৭ তারিখে কলকাতায় কেবিনেট মিনিষ্টার কে কে উপস্থিত ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি নোটিশ চাই।

Shri Jatin Chakraborty:

যে তিন তারিখে খুলনার দাঙ্গা হল আর ৫ তারিখে এখানে খবর এল—এবং উনি এখানে ১০ তারিখে এলেন—এই ৫ দিন তিনি কি আমাদের পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের বা সরকারের কাজে তিনি কি বাহিরে গিয়েছিলেন, না ব্যক্তিগত কাজে গিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
কংগ্রেসের অধিবেশনের জন্য ভুবনেশ্বর গিয়েছিলাম।

Shri Sasanka Sekhar Sanyal
আপনি কবে গিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
৫ তারিখে সকালে।

Shri Jatin Chakraborty:
মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন যে সেটা আমাদের কংগ্রেসের অধিবেশনে যোগদান করাটা সরকারী কাজের মধ্যে পড়ে না মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত দলের কাজ?

[3-30—3-40 p.m.]

মুখ্যমন্ত্রী হিসাবে এবং স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী হিসাবে তিনি এখানে যখন ৫ তারিখে খবর এল ১০ তারিখ পর্যন্ত সেখানে রইলেন এবং এখান থেকে টেলিগ্রাম গেল যে সিরিয়াস গোলমাল, ১ শো রাউণ্ড গুলি চলেছে। মুখ্যমন্ত্রী সেই খবর সেখানে সাংবাদিকদের কাছে দিয়েছেন। আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে তিনি তাঁর ব্যক্তিগত বা দলের কাজের জন্য সেখানে গিয়েছিলেন, কিন্তু পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটতে সুরু হল তার আগে কি তাঁর আসা উচিত ছিল না?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: দিস ইজ এ ম্যাটার অব ওপিনিয়ান। যখনই আমি মনে করেছি যে আমার আসা উচিত তখনই এসেছি। আর আমার ব্যক্তিগত কাজের জন্যই হোক আর দলগত কাজের জন্যই হোক আমি যেখানে থাকি না কেন সব সময় আমি আমার এখানকার যা কর্তব্য তা পালন করবার চেষ্টা করি। আমার কাছে স্যার, প্রথমে খবর যায় ৮ তারিখ রাত্রে যে সামান্য কিছু ঘটনা ঘটেছে, ভয়ের কিছু কারণ নেই। ৯ তারিখ রাত্রে যখন আমার কাছে খবর গেল তখনই আমি ঠিক করলাম যে আমার কলকাতায় প্রত্যাবর্তন করা দরকার এবং আমি প্রত্যাবর্তন করেছি।

শ্রীনরেন্দ্রনাথ দাস : ৮ তারিখে কে খবর দিয়েছেন সেটা জানাবেন কি?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ দিয়েছেন।

শ্রীনরেন্দ্র নাথ দাস: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে ৫ তারিখে তিনি কলকাতা ত্যাগ করেছেন। ৫ তারিখে তিনি সকালবেলায় খবরের কাগজ দেখে কি কলকাতা পরিত্যাগ করেছিলেন?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: খবরের কাগজে কি বেরিয়েছিল সেটা আমি প্লেনে উঠে তারপর পড়েছিলাম।

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: ৭ তারিখে শ্রীশশাঙ্ক সান্যাল এবং যতীন চক্রবর্তী মহাশয়ের টেলিগ্রাম কি তিনি ভুবনেশ্বরে পেয়েছিলেন?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন : ৮ তারিখে পেয়েছিলাম।

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: আপনি এখানে ফিরে আসার পরে আপনার হোম ডিপার্টমেণ্টকে জিজ্ঞাসা করেছিলেন কি এই যে এইরকম কাণ্ড হয়েছে সেটা ৬ তারিখে বা ৭ তারিখে জানাওনি কেন?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: আমি জিজ্ঞাসা করেছিলাম। তাঁরা বলেছেন যে ৫ তারিখে এখানে কোন কাণ্ডই হয়নি। ৬ তারিখে দু' একটি বিচ্ছিন্ন ঘটনা হয়েছে সেটা এমন কিছু নয় বলে আমরা আপনাকে জানাই নি।

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: এ সত্বেও আপনি আপনার মোরাল রেসপনসিবিলিটি নিচ্ছেন না এবং আপনার যে ডেলিংকোয়েন্সি আছে তা আপনি এ্যাডমিট করছেন?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: আমার নৈতিক দায়িত্ব নিশ্চয়ই আছে এবং কোন কর্ত্তব্যচ্যুতি নেই সেটা আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি।

শ্রীনরেন্দ্র নাথ দাস: মাননীয় মন্ত্রীমহাশয় বি ফাইভে জবাব দিয়েছেন যে কারফিউ জারি করেছেন, ১৪৪ ধারা জারি করেছেন, গ্রেপ্তার করেছেন ইত্যাদি ইত্যাদি। মাননীয় মন্ত্রীমহাশয় কি মনে করেন যে এই যে স্টেপসগুলি তিনি পরে নিয়েছেন এই স্টেপসগুলি যদি গোড়ায় নিতেন তাহলে এই দাঙ্গা পশ্চিমবাংলায় হত না?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: এটা অতিরিক্ত প্রশ্ন হতে পারে না মাননীয় সভাপতি মহাশয়।

শ্রীনরেন্দ্র নাথ দাস: মাননীয় মন্ত্রীমহাশয় জানতেন কিনা যে যখন এই খবর এখানে এসে পৌঁছায় তার এক দিন পরে বর্ডার থেকে ভারতবর্ষের নাগরিকরা ওখান থেকে পালিয়ে এসেছিল?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: আমি তখন জানতাম না।

শ্রীনরেন্দ্র নাথ দাস: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে ৮ তারিখে বনগাঁ শহরে স্টেট ব্যাঙ্কে এবং রেলওয়ে স্টেশনে সাইরেন বেজেছিল?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: আমি জানতাম না।

শ্রীনরেন্দ্র নাথ দাস: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে সেই ৮ তারিখে আপনাদেরই কর্মচারী এস ডি পি ও তাঁর ফ্যামিলি সেখান থেকে সরিয়ে দিয়েছিলেন?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: না আমার জানা নেই।

শ্রীঅমর প্রসাদ চক্রবর্তী: মাননীয় মন্ত্রীমহাশয় বি থ্রি-তে বললেন যে আমরা এ্যালার্ট করে দিয়েছি। কিন্তু হাউসে দেখা গেল যে উনি এখানে ছিলেন না, কারোর উপর দায়িত্ব দিয়ে যাননি এবং কাউকে বলে যান নি। সিচুয়েসান সম্বন্ধে তিনি কিছু জানেন না। তাহলে এ্যালার্টটা কে করল স্যার?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: সতর্কীকরণ আমাদের এই রকম নয় যে মুখ্যমন্ত্রী না থাকলে পশ্চিমবঙ্গ সরকারের কাজ বন্ধ হয়ে যাবে। এরজন্য চীফ সেক্রেটারী আছেন, ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ আছেন, কমিশনার অব পুলিশ আছেন।

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: অন এ পয়েণ্ট অব অর্ডার। মুখ্যমন্ত্রী না থাকলেও যদি শাসন কার্য চলে তাহলে মুখ্যমন্ত্রী থাকার কি দরকার হচ্ছে?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: মুখ্যমন্ত্রী না থাকলেও যদি শাসন কার্য চলে তাহলে বোঝা যায় যে সেই মুখ্যমন্ত্রী খুব ভাল।

Shri Manoranjan Sen Gupta:

মুখ্যমন্ত্রী বলেছেন (বি) (২)-তে হ্যাপেনিং ইন ইস্ট পাকিস্তান-এর রিএ্যাকস্‌ন-এর ফলে ডিস্টারভ্যান্স হয়েছে—এ ছাড়া কি এর অন্য কোন কারণ নেই, যেমন পাক গুপ্তচরদের প্রেরণা এবং পাক ডেপুটী হাই কমিশনার-এর আনডিজায়ারেব্‌ল য়্যাকটিভিটি—এইসব কি কারণ বলে মনে করেন না?

মাননীয় প্রফুল্লচন্দ্র সেন: নানারকম কারণ থাকতে পারে, আমি জানি না। আমাকে যা প্রশ্ন করা হয়েছিল তার উত্তর আমি দিয়াছি।

Electric traction

*59. **Shri Nagendra Kumar Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether the Government of West Bengal has any proposal to recommend to the Railway Board for extension of electric traction from Krishnagar railway station to Lalgola railway station in view of strategic importance of the district of Murshidabad and in order to give greater transport facilities to the travelling public, including the inhabitants of the said district?

The Hon'ble Saila Kumar Mukherjee: The State Government has no such proposal.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state whether they would carry on correspondence with the Government of India in this connection?

The Hon'ble Saila Kumar Mukherjee: If adequate representation comes from the public certainly we shall do it.

Shri Sasanka Sekhar Sanyal:

নগেনবাবুর প্রশ্ন আছে যে মুর্শিদাবাদ তার একটা স্ট্রাটেজিক পজিসানে আছে, কেন না বর্ডার ডিস্ট্রিক্ট। তাছাড়া পাকিস্তানে হাঙ্গামা টাঙ্গামা হয়েছে—এই রকম স্পেশাল সিচুয়েসান যেটার ট্রান্সপোর্ট ফেসিলিটিজ করার জন্য এই যে ট্রাকসান মুর্শিদাবাদ পর্য্যন্ত যাওয়া উচিৎ এটা সরকার বিবেচনা করেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এই প্রথম প্রশ্ন উত্থাপিত হল, এবিষয়ে কোন একটাও প্রস্তাব আসেনি সরকারী দপ্তরে, যদি আসে নিশ্চয়ই বিবেচনা করবো আগেই বলেছি।

Shri Sasanka Sekhar Sanyal:

ধরে নিন নগেন ভট্টাচার্য্য মহাশয়ের প্রশ্নটা রিপ্রেজেনটেসন অব দি পিপিল্, আমরা দিয়ে দিচ্ছি —এই প্রস্তাবের উপর য়্যাকসান নেবেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এই রকম তো নিতে পারি না, পাব্লিক রিপ্রেজেনটেসন দিলে কন্সিডার করবো।

Shri Satya Priya Roy:

পাব্লিক রিপ্রেজেনটেসন না থাকলেও যদি ষ্টেটের প্রয়োজন হয় তাহলে সরকার কি নিজে এগিয়ে এসে এসম্পর্কে বিবেচনা করবেন না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

রেলওয়ে ইজ এ সেণ্ট্রাল সাবজেক্ট, আপনাদের সেখানে প্রতিনিধি আছে, তাঁরা বিবেচনা করেন এটা আমাদের বিবেচনার অধীন নয়।

Shri Satya Priya Roy:
রাজ্য সীমানার মধ্যে এই রকম যদি প্রয়োজন হয় তাহলে রেলওয়ে সম্পর্কে কোন জিনিস রাজ্য সরকারের ট্রান্সপোর্ট বিভাগ বিবেচনা করবেন না?

The Hon'ble Saila Kumar Mukherjee:
কোন বিষয়ের প্রয়োজনীয়তা, অপ্রয়োজনীয়তা নির্ভর করে জনসাধারণের সে বিষয়ে কি রকম অভিব্যক্তি তার উপর। এবিষয়ে জনসাধারণের অভিব্যক্তি সরকার কিছু পাননি।

Death of Bhudeb Sen

***58. Shri Manoranjan Sengupta:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether it has been decided by the Government to hold a judical enquiry to be conducted by a High Court Judge—

(i) into the circumstances that led to the death of Bhudeb Sen, a student of Dinabandhu Andrews College, Garia, caused by police firing, as demanded by the Teachers Council of the College; and

(ii) also into the alleged atrocities and excesses committed by the police by entering into the College compound?

(b) If the answer to (a) be in tht affirmative, will the Hon'ble Minister be pleased to state the names of the Judges to be appointed for the purpose for the proposed judicial enquiry?

(c) If the answer to (a) be in the negative, will the Hon'ble Minister be pleased to state the reasons thereof

The Hon'ble Prafulla Chandra Sen: (a) (i) (ii)—No.

(b) Does not arise.

(c) The executive enquiry into the police firing will be held as laid down in the Police Regulations.

[3-40—3-50 p.m.]

Death of Bhudeb Sen

***61. Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that Bhudeb Sen of Dinabandhu Andrews College, Garia, lost his life as a result of police firing?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the circumstances leading to the firing resulting in the death of Bhudeb Sen;

(ii) whether the Government consider the desirability of instituting a judicial enquiry into the matter of police firing in and outside College premises resulting in the death of the student; and

(iii) whether Government consider the desirability of formulating a comprehensive code of conduct for the police when dealing with a crowd?

The Hon''ble Prafulla Chandra Sen:

প্রশ্ন (৫৮) তে আমার যে উত্তর আছে, যেহেতু আমরা এটা এনকোয়ারি করতে দিয়েছি, এখানে এই সব কথা যদি না বলি তাহলে ভাল হয়। কেন না, মাননীয় সভাপতি মহাশয়, আমরা ডিভিসানাল কমিসানারকে এটার এনকোয়ারির ভার দিয়েছি, পাবলিক এনকোয়ারি হবে। কাজে কাজেই এখানে এখন এই সব না বলাই যুক্তিযুক্ত।

Shri Jatin Chakravorty:
আপনার এই প্রতিশ্রুতি ছিল যে সেই রিপোর্ট আমাদের এই হাউসে পেশ করা হবে, এবং তা নিয়ে এখানে আলোচিত হবে।

The Hon'ble Prafulla Chandra Sen:
বলেছি যদি, তাহলে বার বার বলার প্রয়োজন নেই।

Shri Jatin Chakravorty:
আপনি কমিট করেছেন মনে থাকে যেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আচ্ছা, ঠিক আছে। তখন দেখা যাবে।

Shri Narendra Nath Das:
মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মুখ্য মন্ত্রিমহোদয় বললেন পাবলিক এনকোয়ারি হবে। এই পাবলিক এনকোয়ারির সঙ্গাটা কি আমাকে তিনি জানাবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
এই পাবলিক এনকোয়ারির সঙ্গা হচ্ছে যে তাঁর কাছে সকলে গিয়ে এভিডেন্স দিতে পারবেন, তিনি এভিডেন্স সকলের কাছ থেকে ইনভাইট করবেন। কাজে কাজেই এটা ডিভিসানাল কমিশনার করবেন, এবং এটা খুব ভাল এনকোয়ারি হবে বলে আমার মনে হয়।

Shri Sasanka Sekhar Sanyal: Sir, I may help the Hon'ble Chief Minister by giving an information to the House that I wrote to the Divisional Commissioner and he has written back to me to say that he would welcome me as a lawyer on behalf of the public and he would welcome the evidence to be laid by me.

Shri Satya Priya Roy:
আচ্ছা, এই গুলি করার তদন্ত হচ্ছে। কিন্তু মুখ্য মন্ত্রিমহাশয় কি নীতি হিসাবে এটা গ্রহণ করবেন যে শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে সেখানকার অধ্যক্ষের অনুমতি না নিয়ে পুলিশ যাতে প্রবেশ না করে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমরা এমন কিছুই গ্রহণ করবো না, বা কিছুই বর্জন করবো না। তাঁর রিপোর্টের জন্য অপেক্ষা করবো।

Shri Satya Priya Roy:
এটার সঙ্গে এই এনকোয়ারির কোন সম্পর্ক নেই।

The Hon'ble Prafulla Chandra Sen:
এটা একটা জেরার মত হল। না, না, আমি উত্তর দিতে রাজী নই। কেন না, লিডিং কোয়েশ্চেন হচ্ছে, এখন এনকোয়ারি চলেছে, সেই এনকোয়ারি দূষিত হবে।

Newspaper Editors at Writers' Buildings on 16th January, 1964

'60. **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Chief Minister be pleased to state—

(a) whether some editors of newspapers were called at the Writers Buildings on 16th January 1964, for an agreement about the publication of news and reports relating to the last disturbances;

(b) if so, whether the editors of the Urdu and Hindi newspapers were also called for the same purpose; and

(c) if the answer to (b) is in the negative, the reason therefor?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) Chief Minister had several meetings with the editors of daily newspapers to discuss about publication of news regarding the last disturbances. One such meeting was on January 15 and not on January 16.

(b) Yes. (c) Does not arise.

Shri Jatin Chakravorty:
সাপ্লেমেন্টারী কোয়েশ্চেন স্যার। আমি বুঝতে পারছি না—মুখ্যমন্ত্রী মহাশয় জবাবটা না দিয়ে, আমাদের প্রচার মন্ত্রিমহাশয় কেন দিলেন! কিন্তু এ কথা কি সত্য নয় যে ১৬-১-৬৪ তারিখে সংবাদপত্রে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী ডেকেছিলেন, প্রচার মন্ত্রী নয় এবং সেখানে, মুখ্য মন্ত্রীর কাছে তারা একটি ভলার্নটারি এগ্রিমেন্ট করেন যে পূর্ব পাকিস্থান থেকে যে সমস্ত পি. টি, আই এর খবর আসবে, তা ছাড়া অন্য কিছু ছাপাবেন না? মুখ্য মন্ত্রীর কাছে যে এগ্রিমেন্ট হয়েছিল, তার ডেট কি ১৬ই তারিখে নয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
১৬ই তারিখ, কি ১৫ই তারিখ, সেটা আমার মনে নেই।

Shri Jatin Chakravorty:
১৬ই তারিখ নয়?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমার কাছে নোট আছে।

Shri Jatin Chakravorty:
আপনার নোটটা অত্যন্ত ভুল নোট আমার কাছে সেই এগ্রিমেণ্ট করা কপি আছে। প্রচার মন্ত্রিমহাশয় শ্রম বিভাগ নিয়ে এত ব্যস্ত থাকেন যে প্রচার দপ্তরের কাজ তিনি দেখতে পাচ্ছেন না। উনি প্রচারের কাজ কি রকম করছেন সেটা আমি প্রমান করে দিলাম।

(বি)-র জবাবে আপনি কি বলেছেন, আর একবার বলুনত?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি ইয়েস বলেছি।

Shri Jatin Chakravorty:
আচ্ছা, কোন, কোন কাগজকে ডাকা হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
সেখানে 'বিশ্ববন্ধুর' হিন্দী এডিটর অবোধ কিশর সিংহা উপস্থিত ছিলেন। সেখানে গুরমুখি কাগজের এডিটর উপস্থিত ছিলেন। দেশ দর্পনের, রোসনা হিন্দের, আজাদ হিন্দের: বিশ্বামিত্রের এবং সন্মার্গের সমস্ত এডিটার ও সাংবাদিকরা সেখানে উপস্থিত ছিলেন।

Shri Jatin Chakravorty:
কোন তারিখে তাদের ডাকা হয়েছিল?

The Hon'ble Bijoy Singh Nahar:
১৫ই জানুয়ারী তারিখে।

Shri Jatin Chakravorty:
তাদের একই সঙ্গে কি ডাকা হয়েছিল?

The Hon'ble Bijoy Singh Nahar:
হ্যাঁ, একই সঙ্গে ডাকা হয়েছিল।

Shri Jatin Chakravorty:
১৬ই তারিখে যে এগ্রিমেন্ট-টি সই করা হয়, সেই এগ্রিমেন্ট-এ কি এই সকল সম্পাদকরাও সই করেছিলেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

কোন এগ্রিমেন্ট এই মুখ্য মন্ত্রিমহাশয়ের কাছে সই করা হয়নি।

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রি মহাশয় কি অস্বীকার করতে পারেন যে ১৬-১-৬৪ তারিখে এই এগ্রিমেন্ট সই করা হয়নি? আমার কাছে সেই এগ্রিমেন্ট-এর কপি আছে, তারা সেটা মুখ্যমন্ত্রির কাছে লিখিত ভাবে দিয়েছিলেন এবং সেইটা.....

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বললে মাননীয় সদস্য মহাশয় ভাল করে বুঝতে পারবেন। এগ্রিমেন্ট-এর কোন কপিই তাঁরা আমার কাছে দেয়নি। আমার সামনে লিখিত ভাবে সম্পাদক মহাশয়রা কোন এগ্রিমেণ্টও দেননি। মাননীয় সদস্য মহাশয়রা নিশ্চয় জানেন যে আমাদের স্টেট লেভেল-এ প্রেস এ্যাডভাইসরী কমিটি আছে, এবং সেই প্রেস এ্যাডভ ইসরী কমিটিতে অনেক সদস্য আছেন। অবশ্য কে কে সদস্য আছেন, সবার নাম আমি বলতে পারবো না। প্রেস এ্যাড-ভাইসরী কমিটির কাছে আমি বলতাম যে আপনারা নিজেরা এই সমস্ত বিষয় আলোচনা করুন। তাঁরা আমাকে অনেক সময় বলেছেন যে আপনার কাছে আমরা গিয়ে আলোচনা করবো এবং অন্যান্য যারা সম্পাদক আছেন, এডিটর খবরের কাগজের তাদের ডাকবো। তাঁরা আমার সংগে ১৫ই তারিখেত নিশ্চয়ই, তাছাড়া আরত অনেকবার মিট করেছেন, ছবার, সাতবার, দশবার হতে পারে। কিন্তু আমার সামনে কোন লিখিত এগ্রিমেন্ট তাঁরা দেয়নি এবং আমি তাঁদের কাছে কিছু এগ্রিমেন্ট-ও চাইনি। যে সিদ্ধান্ত তাঁরা গ্রহণ করেছেন, আমি যতদূর জানি, সেটা তাঁরা এই ভাবেই লিখেছেন যে প্রেস এ্যাডভাসরী কমিটির সেই সিদ্ধান্ত।

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশ্ন স্যার, এতগুলি সংবাদ পত্রের নাম করলেন, এবং নিশ্চয়ই এই রকম একটা ভলানটারি এগ্রিমেন্ট হক বা ভলানটারি রেসট্রিকশান এই রকম করা নিশ্চয়ই তখন প্রয়োজনীয়তা ছিল যাতে এমনভাবে সংবাদ না বেরোয় যে উত্তেজনা হতে পারে—এই উদ্দেশ্য নিয়ে আপনি পয়গামে যে খবর বেরিয়েছিল এবং সম্পাদকীয় লেখা হচ্ছিল, পয়গামের সম্পাদককে কি ডেকেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

পয়গামের সম্পাদক ছিল কি না আমার মনে নেই বা আমি সবাইকে চিনি না—থাকতেও পারে বোধ হয় এক দিন ছিল—আমার মনে নাই। ১৫ তারিখে ছিল কি না আমি বলতে পারব না। তবে যে কয়দিন ডেকেছি বোধ হয় এক দিন ছিল। কিন্তু মাননীয় সদস্য জিনিষটা ভুল করছেন। যখন ডি, আই, রুলস লোকসভাতে পেশ করা হয় এবং গৃহীত হয় তখন লোকসভাতে আমাদের তদানীন্তন স্বরাষ্ট্রমন্ত্রী হোম মিনিষ্টার শ্রী লাল বাহাদুর শাস্ত্রী তিনি বলেছিলেন যে আমরা সেণ্ট্রাল লেভেল-এ অল ইণ্ডিয়া নিউজ পেপার্স এডিটরস কনফারেন্স একটা আছে নিউজ পেপারস-এর বিরুদ্ধে যদি আমাদের কোন রকম এ্যাকশান নিতে হয় তাহলে তাদের জিজ্ঞাসা করে নেব। আর স্টেট লেভেল-এ তাই হবে। আমরা এমারজেন্সী-র পর আমরা স্টেট লেভেল-এ কমিটি করেছিলাম তাদের মত জিজ্ঞাসা করে করতে হবে। কাজে কাজেই আমরা সব সময়ে এডিটরদের যে ডেকেছি এই মনে করেই ডেকেছি, যে ঐ এ্যাডভাইসারী কমিটির সংগে যেন আমরা কথা বলছি—এবং যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেটা সরকার তাদের উপর চাপিয়েছে কি এগ্রিমেন্ট হয়েছে তা নয় তবে আলোচনা হয়েছে। (শ্রী শশাঙ্ক শেখর সান্যাল : ডি আই রুলের ভয় দেখান হয়েছে) মোটেই নয় আলোচনার পর তারা নিজেরা সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং তাদের নিজেদের মধ্যে যদি কোন এগ্রিমেন্ট হয়ে থাকে—নিশ্চয়ই হয়েছে তবে আমি জানিনা—আমার কাছে তারা কিছু দেন নি।

Shri Jatin Chakravorty:

উনি যখন পয়গম কাগজের সম্পাদকের কথা বললেন বহুদিন ধরে এখনও পর্যন্ত এই পয়গম অফিসের একটা পাক গুণ্ডচর চক্র আছে এবং সেখানে কেউ কেউ সভা করে থাকেন সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন—এই সব জানা সত্ত্বেও—বা নিশ্চয়ই মুখ্য মন্ত্রির কাছে সেই সব খবর এসে থাকে—এবং বিশেষ করে কয়েক দিনের সংখ্যায় যে সমস্ত সংবাদ বেরিয়েছে—বা যেভাবে উত্তেজনাকর প্রবন্ধ বেরুচ্ছে—আমি মুখ্য মন্ত্রীর কাছে জানতে চাইছি যে পয়গামের সম্পাদক বা তাদের পরিচালক মণ্ডলীকে—যাতে আমাদের এখানে কোনরূপ সাম্প্রদায়িক গোলমালের সৃষ্টি না হয় তার স্বার্থে তাদের সতর্ক করে দেবার কোন পরিকল্পনা কি তিনি করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা যে সমস্ত পরিকল্পনা করছি আমার মনে হয় সে সব আলোচনা এখানে না করলেই বোধ হয় ভাল হয়।

Deadly weapons

***62. Shri Manoranjan Sengupta:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many places in the city of Calcutta have been searched by the police after the recent disturbances;

(b) whether any unauthorised weapons have been found there;

(c) if so, what is their quantity and nature;

(d) whether any arrest has been made in this connection; and

(e) what preventive measures the Government has adopted to control the unauthorised possession of deadly weapons?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) 305 places were searched up to the 15th February, 1964.

(b) Yes.

(c) Up to 15-2-64 eight guns including one stengun, one rifle, one revolver, two pistols and twenty-four other weapons like swords, daggers and spears were recovered.

(d) Yes.

(e) Regular intelligence work, prompt following up of clues and quick apprehension of suspected criminals and rowdies are, in brief, the preventive measures taken in this regard.

Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether any of these places where unauthorised weapons were recovered was a place of religious worship?

The Hon'ble Prafulla Chandra Sen: With regard to this, perhaps I submitted a long list to which the honourable member may kindly refer.

[3-50—4 p.m.]

Shri Narendra Nath Das:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানাচ্ছি যে সেখানে আরো বহু আনঅথরাইজড আর্মস রয়েছে এই খবর আমরা শুনেছি। আমি তাঁর কাছে আবেদন করব তিনি সেগুলি আরো ভাল করে খোঁজ করে বের করবার চেষ্টা করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা বলেছি যে কোন রকম একটু ক্লু পেলেই সন্ধান পেলেই আমরা ব্যবস্থা করেছি। আমি মাননীয় সদস্যগণকে এই কথা বলছি যে সামান্য একটু খবর পেয়েই আমরা অনেক জায়গায় সার্চ করেছি, বোধ হয় ৫০।৬০।৭০ জায়গায় সার্চ করেছি। কিন্তু এমন জায়গায় সার্চ করেছি যেখানে আমরা বোকা বনেছি। কিন্তু তা সত্বেও হাল ছাড়িনি। আমি সদস্যগণকে বলতে পারি তাঁরা যদি কোন খবর দেন তাহলে নিশ্চয়ই দেখব।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় কি জানাবেন তিনি যে লিস্টটা পড়লেন তার মধ্যে ঐযে বিলেত থেকে সাউথ হ্যামপটন থেকে পার্সেল করে সাউন্ডলেস এবং স্মোকলেস কিছু কার্তুজ পাঠান হয়েছিল বলে সংবাদ বেরিয়েছে ডাক মারফত সেটাও কি আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সাউন্ডলেস, কি স্মোকলেস, অডারলেস, কালারলেস কি রেকলেস কোন খবরই পাইনি।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রি মহাশয় কি জানাবেন এই সম্পর্কে কোন খবর পেয়েছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই প্রথমই খবর পেলাম মাননীয় সদস্যের কাছ থেকে।

Shri Amar Prasad Chakraborty:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় কি বলবেন ঐযে অস্ত্রগুলি পাওয়া গেছে তাতে কোন কোন দেশের ছাপ রয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ সম্বন্ধ বোধ হয় আমার সেই তালিকাতে ছিল এবং বিদেশী কোন ছাপ ছিলনা বলেই সেদিন বোধ হয় আমি বলেছিলাম। এখানে সে সম্বন্ধে কিছু নেই, আমি তা বলতে পারব না।

Lalgola Mental Hospital

*63. **Shri Nagendra Kumar Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) (i) the number of beds for indoor patients, male and female, in the Lalgola Mental Hospital and (ii) whether there is any proposal for increasing the beds;

(b) (i) whether all mental patients belonging to the State of West Bengal have been removed from Ranchi Mental Hospital and (ii) if not, whether there is any such proposal; and

(c) (i) whether the mental patients are treated in Lalgola Mental Hospital free of costs and (ii) if not, the amount of which is charged for individual cases?

The Hon'ble Purabi Mukhopadhayay: (a) (i) & (ii) There is no mental hospital under the administration of the Health Department at Lalgola.

(b) (i) No.

(ii) There is no such proposal at present.

(c) (i) & (ii) **Does not arise.**

Shri Jatin Chakravorty:
মাননীয় মন্ত্রিমহোদয়া কি বলবেন মুর্শিদাবাদ জেলার সদস্য যখন এই রকম প্রশ্ন করেছেন তখন মুর্শিদাবাদ জেলাতে মুর্শিদাবাদ বাসীদের জন্য এই রকম একটা মেণ্টাল হসপিটাল করবার কোন পরিকল্পনা আছে কি?

(নো রিপ্লাই)

Shri Sasanka Sekhar Sanyal:
লালগোলাতে এই যে ইনস্টিটিউসানটা আছে ওটা কি জেলখানার অন্তর্গত?

The Hon'ble Purabi Mukhopadhayay:
হ্যাঁ, ওটা স্পেশাল জেল।

Special Officers of the Calcutta Corporation

***64. Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state if it is a fact that the State Government have ordered for the appointment of special officers under the provisions of the Calcutta Municipal Act to assist the Corporation in assessing lands and buildings within the city numbering about fifty thousand?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether the Government ascertained the reason for inability of the Corporation to make the assessment and if so what are the reasons;

(ii) whether the Government ascertained the amount of arrears of taxes, if any, up to 31st December, 1963; and

(iii) if so, the total amount of such arrears?

The Hon'ble S. M. Fazlur Rahman: (a) No.

(b) (i), (ii) & (iii) Does not arise.

Shri Jatin Chakravorty:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্য মন্ত্রী এখানে আছেন, আমি যে প্রশ্নটা ত্রাণ মন্ত্রীর কাছে করেছিলাম সে সম্বন্ধে ত্রাণ মন্ত্রী বলেছেন যে আমি এর জবাব দিতে পারব না, মুখ্যমন্ত্রী এর জবাব দিতে পারেন, সেই প্রশ্নটা আমি মুখ্য মন্ত্রীর অবগতির জন্য করছি। আমার প্রশ্নটা ছিল এ্যাডমিটেড কোয়েশ্চেন নম্বার ৪৭, স্টার্ড কোয়েশ্চেন নাম্বার ৫২। আমি তাতে জানতে চেয়েছিলাম যে

Whether the decision of the ministerial conference held in October 1957 at Darjeeling which was attended by the West Bengal Ministers regarding imposition of restriction on migration from East Pakistan is still in force, and, if so, whether the Government contemplates to keep it in abeyance for the time being or ignor it altogether in view of the recent mass scale massacre of minorities in East Pakistan.

নানা রকম সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন করবার পর ত্রাণ মন্ত্রীকে আমি একটা প্রশ্ন করেছিলাম যে কিছু রেস্টিকসান যখন আছে, কিছু শর্ত যখন এখনও আছে যেমন পূর্ববঙ্গ থেকে যদি কেউ আসে তাহলে দণ্ডকারণ্যে না গেলে ত্রাণ বিভাগ থেকে কোন সাহায্য তারা পাবে না, তখন আমরা এই কথা বলেছিলাম যে পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু হিসাবে যারা আসে তারা হয়ত পুনর্বাসনের জন্য সরকারের কোন সাহায্য চায় না, এখানে তাদের আত্মীয় স্বজন আছে তাদের কাছে তারা থাকবে, হয়ত তাদের নিজেদের কিছু ব্যবসা করবার জন্য লোন চায়, কিন্তু সেই

লোনও তারা পাবে না যেহেতু কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের মধ্যে এটা ঠিক হয়েছে যে পশ্চিমবঙ্গের বাইরে না গেলে কোন সাহায্য দেওয়া হবে না। ছাদের কথাও আমরা তুলেছিলাম যে সমগ্র পরিবার নিশ্চিন্ন হয়ে গেছে, সে এখানে এসে পড়তে চায় তার আত্মীয়-স্বজনের কাছে থেকে, সে হয়ত সামান্য কিছু সাহায্য চায়, কিন্তু সেটাও ত্রাণ বিভাগ থেকে ঐ শর্ত থাকার ফলে দিতে পারছে না। এই পরিপ্রেক্ষিতে আমি প্রশ্ন করেছিলাম ত্রাণ মন্ত্রীকে, কিন্তু সেটা নাকি মুখ্যমন্ত্রী ছাড়া আর কেউ বলতে পারবেন না। ১৯৫৭ সালে অক্টোবরে দার্জিলিংএ যে মিনিস্টেরিয়াল কন্ফারেন্স হয় সেই সম্মেলনের সিদ্ধান্ত পরিবর্তন করতে গেলে ঐ রকম একটা সম্মেলন ছাড়া কোন একটা সরকারের পক্ষে পরিবর্তন করা সম্ভবপর নয়। আমার প্রশ্ন হচ্ছে এই পটভূমিকায় মুখ্যমন্ত্রী মহাশয় এটা বলবেন কি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ঐ সম্মেলনের সিদ্ধান্ত রিভাইজ করবার জন্য পুনর্বিবেচনা করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ঐ রকম একটা সম্মেলন আহ্বান করবার সুপারিশ করবার কথা তাঁরা ভাবছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

১৯৫৭ সালে সম্মেলন হয়েছিল পশ্চিমবঙ্গ সরকার সেই সম্মেলন আহ্বান করেন নি, কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন মন্ত্রী সেই সম্মেলন আহ্বান করেছিলেন এবং তাতে শুধু যে পশ্চিমবঙ্গের পুনর্বাসন মন্ত্রীরাও ছিলেন তা নয়—বিভিন্ন প্রদেশের পুনর্বাসন মন্ত্রীরাও ছিলেন এবং সেই সম্মেলনে যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল, বর্তমান ক্ষেত্রে সেই সিদ্ধান্ত অনুসারে মোটেই কাজ হচ্ছে না, কেন না এখন যারা পূর্ব পাকিস্তান থেকে আসছে তাদের পুর্ণবাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন। কাজে কাজেই ১৯৫৭ সালে দার্জিলিং-এ যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল সেই সিদ্ধান্ত এখন সম্পূর্ণভাবে পরিবর্তিত হয়ে গেছে। দ্বিতীয় কথা হচ্ছে যে পশ্চিমবঙ্গে আমরা পুনর্বাসনের ব্যবস্থা করতে পারবো কি না।

Shri Jatin Chakravorty:

মুখ্য মন্ত্রীর কাছে এইজন্যই সাপ্লিমেন্টারী করতে হচ্ছে, উনি সেদিন ছিলেন না দার্জিলিং-এর ঐ সম্মেলনের আগে পূর্ব পাকিস্তান থেকে কোন আণ্ডারটেকিং না দিয়ে আসতে পারতো কিন্তু ঐ কনফারেন্সের পর ঠিক হল যে আন্ডারটেকিং দিতে হবে যে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের কাছ থেকে কোন রকম সাহায্য নেব না এই আণ্ডারটেকিং দিলে মাইগ্রেসন সার্টিফিকেট পাচ্ছে। বর্তমানে পূর্ববঙ্গ দাঙ্গার পর সেটাকে কিছুটা শিথিল করেছেন সেই আণ্ডারটেকিং না দিলেও আসতে দেওয়া হচ্ছে ঐটুকুন শিথিল করেছেন কিন্তু তার মানে আরো একটা শর্ত জুড়ে দেয়া হচ্ছে যে পশ্চিমবাংলায় আসবার পর যদি আমরা পশ্চিমবাংলার বাইরে পুনর্বাসন না নেই তাহলে কিন্তু কোন রকম সাহায্য ত্রাণ বিভাগের কাছে থেকে পাবোনা এটা ঠিক তো?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা ঠিক হল না, কেন্দ্রীয় সরকার এখানে বলেছেন এবং কিছুদিন আগে দিল্লীতে আরো কয়েকজন মুখ্যমন্ত্রীকে নিয়ে কেন্দ্রীয় সরকার একটা সম্মেলন আহ্বান করেছিলেন সেই সম্মেলনে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে পূর্বপাকিস্তান থেকে যাঁরা আসবেন তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এবং তাঁদের পুনর্বাসন ব্যবস্থার যে দায়িত্ব তা একা পশ্চিমবঙ্গ সরকারের নয়, এটা সর্বভারতীয় জাতীয় দায়িত্ব, বিভিন্ন প্রদেশে তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এবং আমি সম্প্রতি বলতে চেয়েছি যে বিহার সরকার ৫ হাজার পরিবার অর্থাৎ ২০ হাজার লোকের পুনর্বাসন ব্যবস্থা করছেন দণ্ডকারণ্যে নয় এবং রাজ্য সরকারও বলেছেন যে দণ্ডকারণ্য ছাড়া উড়িষ্যার অন্যান্য স্থানেও বোধহয় ৫ হাজার পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করবেন এবং আমি মনে করি বোধহয় অন্যান্য প্রদেশ, উত্তর প্রদেশ, রাজস্থান ইত্যাদি রাজ্যে কিছু কিছু পুনর্বাসনের ব্যবস্থা হবে। সেই সম্মেলনে দিল্লীতে একটা কথা আমি উত্থাপন করেছিলাম যে এই যে পুনর্বাসনের ব্যবস্থা হবে, শুধু কৃষকদের পুনর্বাসনের ব্যবস্থা হলেই চলবেনা, কেন না যাঁরা আসবেন তাঁরা সকলেই কৃষক নাও হতে পারেন এবং হচ্ছেনও না। যদিও অধিক সংখ্যক কৃষক আছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু কারিগর, শিল্পী, ছাত্ররাও আসছেন, স্কুল কলেজের ছাত্ররাও আসছেন, শিক্ষকরাও আসছেন। আমার কাছে সেদিন দুজন অধ্যাপক এসে

ছিলেন যে মশাই, আমাদের চাকরীর ব্যবস্থা করে দিন। আমি তাঁদের কাছে বলেছিলাম, এই রকম লোক যাঁরা আসছেন, ডাক্তার, অধ্যাপক শিক্ষক আসুন, অনুগ্রহ করে আপনারা তাঁদের নাম পাঠিয়ে দেবেন। যাঁরা আমাদের কাছে আসছেন তাঁদের গুণাবলী জানিয়ে আমাদের কাছে দিন, আমরা মহারাষ্ট্র, মধ্য প্রদেশে পাঠিয়ে দেব, উড়িষ্যায় পাঠিয়ে দেব--সমস্ত রাজ্যে যাঁরা যাঁরা যেতে রাজী হচ্ছেন আমরা তাঁদের কাছে পাঠিয়ে দিতে পারবো। কাজে কাজেই একথা ঠিক নয় যে দণ্ডকারণ্য বাদে অন্য জায়গায় পুনর্বাসনের ব্যবস্থা হবে না।

[4—4-10 p.m.]

Shri Jatin Chakravorty:

পশ্চিমবঙ্গের বাইরে সেইসব রাজ্যের কাছে এবং কেন্দ্রীয় সরকারের কাছে আমরা কৃতজ্ঞ যে আজকে তাঁরা জাতীয় দৃষ্টিভঙ্গী নিয়ে, জাতীয় সমস্যা হিসাবে এটাকে দেখছেন।

আমার একটা প্রশ্ন শুধু মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন, যে দার্জিলিঙে ঐ সম্মেলনের সিদ্ধান্তে মাইগ্রেসানের পথ কিছুটা শিথিল হয়েছে, কারণ তাতে আজকে একটা নূতন শর্ত যোগ করে দেওয়া হয়েছে যে পশ্চিমবাংলায় থাকলে, ত্রাণ বিভাগ থেকে কোনরকম সাহায্য দেওয়া হবে না। এটা ত্রাণমন্ত্রী নিজে বলেছেন। তা যদি হয়, তাহলে আমার বক্তব্য হচ্ছে যে এখানে আপনার কাছে যারা রিহ্যাবিলিটেসান চায় না, যারা এখানে এসে তাদের আত্মীয় স্বজনের কাছে থাকবে, বা কোন ছাত্রের সমস্ত পরিবার নিশ্চিহ্ন হয়ে গিয়েছে, সে এখানে এসেই পড়তে চায় তার নিজের আত্মীয়ের বাড়ীতে থেকে, বাংলাদেশের বাইরে যাবার তার প্রয়োজনীয়তা নেই, সে যদি আপনার কাছে সামান্য কিছু সাহায্য চায়, সেই অবস্থায় ঐ যে সিদ্ধান্তগুলি রয়ে গিয়েছে দার্জিলিঙের সম্মেলনে, সেটা আজকে একটা বাধা হিসাবে দাঁড়াচ্ছে, কারণ, আপনারা খানিকটাত শিথিল করেছেন!

The Hon'ble Prafulla Chandra Sen:

না। দার্জিলিঙে যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, সেটা কারও পুনর্বাসনের পক্ষে বাধা স্বরূপ নয়। পশ্চিমবঙ্গ সরকার শুধু এইটুকু জানিয়েছেন যে, তাঁরা পশ্চিমবাংলায় জমি দিতে পারবেন না। এখানে জমিহীন লোক বহু আছে, যারা আংশিক ভাবে পুনর্বাসন পেয়েছে, তাদের জমির প্রয়োজন, তাদের জন্য আমরা জমি খুঁজছি এখন। কাজে কাজেই আমরা জমি দিতে পারবো না।

পশ্চিমবঙ্গে যে ভাবে বেকার সমস্যা শিক্ষিতের মধ্যে দেখা দিয়েছে, তাতে সরকারীভাবে আবার একটা দায়িত্ব নেওয়া আমাদের পক্ষে মুস্কিল ও বিপজ্জনক। উদ্বাস্তু বলে যে সব অধ্যাপক আমার কাছে চাকরীর জন্য এসেছিলেন, তাঁদের আমি কোথায় চাকরী দেবো? তবে তাঁদের গুণাবলী আমাকে দিলে পর, আমি অন্য জায়গায় তাঁদের চাকুরীর জন্য চেষ্টা করতে পারি। আমি অবশ্য ইতিমধ্যে অনেক জায়গায় তাঁদের জন্য বলেছি, চার, পাঁচ জায়গায় চিঠিও দিয়েছি কলেজ কর্তৃপক্ষের কাছে। সঙ্গে, সঙ্গে আমি এ কথাও তাঁদের বলেছি যে আপনাদের গুণাবলীসহ দরখাস্ত দিয়ে যাবেন, যে সমস্ত সরকার আপনাদের নিতে চান, তাদের কাছে পাঠিয়ে দেবো।

Shri Jatin Chakravorty:

আপনি তাঁদের জন্য সরকারীভাবে কিছু করবেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সরকারীভাবে কি করতে পারি বলুন! আপনি ত বেকার, আপনার জন্য কি করতে পারছি? (হাস্য।) আমাদের পশ্চিমবঙ্গে শিক্ষিত বেকারের সংখ্যা এত আছে, যে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আমার কাছে শিক্ষিত বেকাররা আসেন, আমি তাদের

জন্য কিছুই করতে পারি না। কাজে কাজেই আজকে যাঁরা পূর্ব পাকিস্তান থেকে এসে আমার কাছে নূতনভাবে চাকরী চাচ্ছেন, আমি তাঁদের চাকরী কোথা থেকে দেবো! তবে, যদি মাননীয় সদস্যদের মনে এটা থাকে যে তাঁরা আমাদের এখানে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষায় যোগ দিতে পারবেন কিনা, সে সুবিধা আমি করে দেবো, তারজন্য আটকাবে না। কিন্তু আমরা তাঁদের অন্য সমস্ত দায়িত্ব নিতে পারবো না। তাঁরা নিজেদের গুণ অনুসারে যদি কোন প্রতিযাগিতা-মূলক পরীক্ষায় পাশ করেন,—যেহেতু তাঁরা পাকিস্তানী অধিবাসী, তারজন্য আটকাবে না। কেন না, তাঁরাত চলে এসেছেন, ছিঁড়ে ফেলেছেন তাঁদের পাশপোর্ট।

Shri Jatin Chakravorty:

তাঁরা যদি পশ্চিমবঙ্গে থাকতে চায় এবং কোন রকম স্কীম দেন, তাহলে তারজন্য তাদের কোন রকম লোন দেবার বন্দোবস্ত করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

তারা যদি কোনরকম পরিকল্পনা দেন, তাহলে যেমন পশ্চিমবঙ্গে আর দশ জন লোক ঋণ পেয়ে থাকেন, তেমনি তাঁরাও তা পেতে পারেন। কিন্তু এরজন্য বিশেষ কোন ব্যবস্থা আমরা করতে পারবো না।

Shri Amar Prasad Chakraborty:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে দণ্ডকারণ্যে বা অন্য প্রদেশে পুনর্বাসনের ব্যবস্থা করবেন যারা চলে আসছেন মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে। আমরা শুনলাম যে যারা মাইগ্রেসন সার্টি-ফিকেট নিয়ে আসছে, তাদের নাম রেকর্ড করছেন আপনারা। কিন্তু অনেকে ফ্রন্টিয়ার অতিক্রম করে চলে আসছে, অনেকে বর্ডার পার হয়ে চলে আসছে, মাইগ্রেসন সার্টিফিকেট জোগাড় করতে না পেরে, তাদের নাম সরকার রেকর্ড করছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

যাঁরা এখানে চলে আসছেন, আমরা যে তাদের শুধু নাম লিখছি, তা নয়। তাঁদের নাম লিখছি, কোথা থেকে তাঁরা আসছেন, সেটা লিখছি, তাদের পিতার নাম লিখছি এবং সঙ্গে সঙ্গে তাঁরা যদি দণ্ডকারণ্যে যেতে না চান, তাহলে তাঁরা কোথায় যাবেন, কোন ঠিকানায় থাকবেন, সেটাও লিখছি, এবং যাঁরা বলছেন, আমরা আত্মীয়ের বাড়ীতে যাবো, মশাই, আমাদের যাবার ব্যবস্থা করে দিন, আমরা তাঁদের গাড়ি করে পাঠিয়েও দিচ্ছি। এই সমস্ত আমরা তাঁদের জন্য করে দিচ্ছি। তারপরে আমরা আর সরকারীভাবে তাঁদের দায়িত্ব নিতে পারছি না।

Shri Jatin Chakravorty: Sir, I rise on a point of privilege.....

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, can a point of privilege be raised without giving previous notice?

Mr. Chairman: No, You must follow the rules.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, notice is directory and not mandatory. There are certain matters in which the Chair can waive the notice.

Mr. Chairman: Mr. Chakravorty, you send in your papers to me. I will look into them and then decide.

Calling attention to matters of urgent public importance

Mr. Chairman: There are certain calling attention notices replies to which are due today. I ask Ministers concerned to give the replies if they are ready.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. Ordinarily, when a date is fixed for a particular matter you call upon the Ministers to make the statement. It is for the Minister to seek an adjournment, if necessary. But for you to say that a Minister, if ready, will give the answer, is not really proper.

Mr. Chairman: I said, if he is ready. The motion on which reply is due is "Alleged Police Excess committeed in the district of 24-Parganas, raised by Shri Narendra Nath Das.".

The Hon'ble Smarajit Bandyopadhyay: Sir, the reply will be given on Monday.

Mr. Chairman: This should not be repeated like this.

There are two notices of calling attention on the subjects of—

(1) Arrest of Bela Dutta, a teacher of Dhubulia Subhas Chandra Girls' High School—by Shri Manoranjan Sen Gupta.

(2) Alleged police attrocities in Bongaon Subdivision by Shri Manoranjan Sen Gupta.

The member may formally read his notices.

Shri Manoranjan Sen Gupta: Sir, under Rule 170A of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council I hereby give notice of my intention to call the attention of the Minister-in-charge of the Home (Police) Department on 26th February 1964, to the following matter of urgent public importance and to request that the Minister may make a statement thereon.

A serious situation at the same time undignified one, has arisen in connection with unjustifiable and uncalled for arrest of Shrimati Bela Dutta, a teacher of Dhubulia Subhas Chandra Girls' High School and rude and barbarous treatment meted out to her and unnecessary herassment caused to her by putting her into jail custody for one month on charges that could not be substantiated.

My other calling attention motion to which I would request the Hon'ble Minister to make a statement is as follows:—

The serious situation that has arisen at Haridaspur, Balidaspur, Huda and other villages of Bongaon Subdivision due to police attrocities in the shape of indiscriminate assault, loot and ravages of women as published in the columns of the "Ananda Bazar Patrika", dated 25th February 1964.

Mr. Chairman: As I understand, the replies will be given on Monday.

Shri Jatin Chakravorty:

স্যার, আপনার কাছে আমার দুটো জিনিস নিবেদন করবার আছে, তার একটা আমি পরে বলব. আর একটা হচ্ছে আজ আনন্দবাজারে একটা সংবাদ দেখেছি যে আপনি আমাদের ছেড়ে চলে যাচ্ছেন এবং আমাদের শিক্ষামন্ত্রী লিডার অফ দি হাউস তিনিও ছেড়ে চলে যাচ্ছেন। আমরা স্যার, এরজন্য খুব উদ্বিগ্ন হয়ে আছি, শিক্ষামন্ত্রীর অবশ্য কিছু দিন পরে রিটায়ার করবার কথা —ওঁর নাম কংগ্রেস নমিনেসন-এ দেখলাম না। কিন্তু আপনি তো ৬৮ পর্যন্ত আছেন। আমরা স্যার, আপনার কাছ থেকে এইটুকু জানতে চাই যে খবরটা সত্য কি অসত্য?

Mr. Chairman: That is not correct. That is all that I can say. And I do not know anything about the National Professorship being offered to me direct.

Shri Jatin Chakravorty:

সে সম্পর্কে আমাদের সেকেণ্ড তারিখের বিজনেস পেয়েছি এবং তারিখ দেবার অধিকার আপনার। আপনি ইন কন্সালটেসান উইথ দি লিডার তারিখ দিতে পারেন। আপনিই আলটিমেট অথরিটি। সুতরাং আমাদের ২০ দিন ছুটি থাকছে, গভর্নমেণ্ট এই কথা বলতে পারবেন না যে আমাদের গভর্নমেন্টের বিজনেস এ্যাফেক্টেড হচ্ছে।

Mr. Chairman: I will just try to find out a suitable date.

Shri Jatin Chakravorty:

ওঁরা রাজী হন বা না হন ইউ ফিক্স আপ দি ডেট।

[4-10—4-20 p.m.]

General Discussion on the Budget for 1964-65.

Mr. Chairman: Now, we begin our discussion on the Budget for 1964-65.

Shri Santosh Kumar Bhattacharyya may please speak.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রী তথা সমগ্র মন্ত্রীসভা পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৬১ সালে ১৯এ সেপ্টেম্বর তারিখে পশ্চিমবঙ্গের ৩৫ হাজার মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকার প্রতক্ষ আন্দোলনের সামনে দাঁড়িয়ে তদানীন্তন বিধানসভার বিরোধী নেতৃবৃন্দের মাধ্যমে নিখিল বংগ শিক্ষক সমিতির সংগে যে মীমাংসায় উপনীত হয়েছিলেন এবং যে সকল প্রতিশ্রুতি দিয়েছিলেন আমি আজ আপনার মাধ্যমে এই অভিযোগ করছি যে নির্লজ্জের মত এই রাজ্যের শিক্ষামন্ত্রী এবং সমগ্র মন্ত্রীসভা মাধ্যমিক শিক্ষকদের প্রতি প্রদত্ত এই সমস্ত প্রতিশ্রুতি পদদলিত করে চলেছে এবং দীর্ঘ ৩ বছর অতিবাহিত হয়ে গেল আজ পর্যন্ত সেই সমস্ত প্রতিশ্রুতির একটিরও মীমাংসা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় যে সমস্ত দাবির ভিত্তিতে আমাদের সংগে মীমাংসায় উপনীত হয়েছিলেন এবং তৎকালীন বিরোধী নেতৃবৃন্দের মাধ্যমে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতিসমূহে স্বাক্ষর রয়েছে শ্রীজ্যোতি বসু, দেবেন সেন, যতীন চক্রবর্তী, যিনি আজকে এই হাউসের মেম্বার, তখন ছিলেন এ্যাসেম্বলীর মেম্বার, এবং হেমন্ত বসুর এবং সেই যে পত্র সেই পত্রে ডাঃ বিধানচন্দ্র রায়ের নিজের হাতে লেখা রয়েছে, তিনি নিজে কারেকসান করে দিয়েছেন এবং সেই পত্র আজও যদি শিক্ষামন্ত্রী মহাশয় চান তাহলে বিধানসভার বিরোধী দলপতি শ্রী জ্যোতি বসুর ফাইল থেকে দেখে নিতে পারেন, তাঁর কাছে ডাঃ বিধানচন্দ্র রায়ের হস্ত লিখিত সংশোধনসহ পত্র আছে এবং তাতে ডাঃ বিধানচন্দ্র রায়, পরলোকগত মুখ্যমন্ত্রী, প্রতিশ্রুতি দিয়েছিলেন যে

Chief Minister has given an open assurance that all junior high schools will be given aid on deficit basis as is done in the case of high and higher secondary schools. Chief Minister agrees on principle that in order to improve education of the students the new pay scale should be introduced which are at present unaided. If the latter cannot meet the additional expenditure from their own income they should apply for it to the Government. If, however, any unaided school refuses to ask for aid or to give increased salary scale to the teachers the question would arise as to what extent Government can compel these schools to do so. This question may be discussed at a conference of the different teachers' associations.

So far as the emoluments of clerks, librarians and other subordinate staff are concerned, this matter has not yet been finalised pending the decision regarding similar employees under the Government but the Chief Minister has announced that the pay of the subordinate staff mentioned above will be fixed on lines similar to those prescribed for the Government employees of similar rank. When the pay scales are impleniented all the teachers will get some increments in the new scales.

এই ছিল মীমাংসার শর্ত পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায় যেটা আমাদের সংগে সম্পাদন করেছিলেন। স্যার, আজকে আমাদের যে সমস্ত প্রধান প্রধান সমস্যা অমীমাংসিত রয়ে গেছে, পশ্চিমবাংলার মাধ্যমিক শিক্ষা জগতে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে আজও তা অবসান হয় নি। বোর্ড অব সেকেণ্ডারী এডুকেসান য়্যাক্ট পাশ হবার পর আজও সেই বোর্ড কার্যকরী হতে পারলো না। আমরা যে সমস্ত দাবী এবং সমস্যার কথা তুলে ধরেছি, বারবার শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমাদের যে স্মারকলিপি—৩৫ হাঁজার মাধ্যমিক শিক্ষক শিক্ষিকার পক্ষ থেকে পাঠিয়েছি তার কোন জবাব এবং তার কোন সুষ্ঠু মীমাংসা আজও পর্যন্ত পেলাম না। স্যার, আপনি জানেন যে পরলোকগত মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় যাঁর সংগে ১৯৬২ সালের সেপ্টেম্বরে চীন-ভারত সীমান্ত সংঘর্ষ সুরু হবার একমাস আগে আমরা তিন দিন বসে নিখিল বংগ শিক্ষক সমিতির প্রতিনিধিবৃন্দ আলোচনা করেছিলাম—আমরা দাবী করেছিলাম যে সর্বস্তরের শিক্ষা ব্যবস্থার মধ্যে কো-অর্ডিনেসন কমিটি চাই প্রাইমারী, সেকেণ্ডারী এবং ইউনিভার্সিটি, বিধানবাবু বলে ছিলেন হ্যাঁ, আমাদের কোন আপত্তি নেই তাড়াতাড়ি করা হবে, মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন মহাশয়ও বলেছিলেন খুব ভাল প্রস্তাব, আমরা তাড়াতাড়ি করবো কিন্তু এই জিনিসটা শিক্ষা-দপ্তরের মগজে ঢোকাতে পারলাম না যে সমন্বয় সাধন না হলে তিন স্তরের শিক্ষাব্যবস্থার মধ্যে বিরাট অরাজকতার সৃষ্টি হয়, এটা ওঁদের মস্তিষ্কে আজ পর্যন্ত ঢোকানো গেল না বিধানবাবু এবং প্রফুল্লবাবুর প্রতিশ্রুতি সত্ত্বেও। স্যার, পরলোকগত মুখ্যমন্ত্রী পরিষ্কার বলেছিলেন সেটা আমি পড়ে দিলাম

at least some increments will be given to some teachers.

অভিজ্ঞতার ভিত্তিতে যে সমস্ত প্রাচীন শিক্ষক রয়েছেন যাঁরা জীবনের ৪ ভাগ শিক্ষকতা কার্যে তাঁদের জীবনকে অতিবাহিত করে আজ অবসর গ্রহণ করতে বসেছেন ভিক্ষাপাত্র হাতে নিয়ে এই সরকারের নির্মম নীতির ফলে, তাদের অন্ততঃ পেনসনের ব্যবস্থা আপনারা করতে পারবেন কিনা, আমি জানিনা কবে করতে পারবেন, সে স্বপ্ন স্বপ্নই থাকবে কিনা জানিনা, এই হচ্ছে আমাদের দেশের শিক্ষকদের দুর্ভাগ্য যে সারা জীবন শিক্ষকতা করে শেষ পর্যন্ত ভিক্ষাবৃত্তি অবলম্বন করে বিনা চিকিৎসায়, অনাহারে মৃত্যুর কবলে পতিত হতে হয় কিন্তু অন্ততঃপক্ষে তাঁরা যতদিন শিক্ষকতা কার্য করছেন তাঁদের অভিজ্ঞতার জন্য অন্ততঃ কিছু বেতন বৃদ্ধি যেটা বিধানবাবু প্রতিশ্রুতি দিয়েছিলেন য়্যাটলিষ্ট সাম ইনক্রিমেণ্টস দেওয়া হবে, আজও পর্যন্ত সেই প্রতিশ্রুতি পূর্ণ হল না, নির্লজ্জের মত প্রতিশ্রুতি ভংগ ওঁরা আজও করে চলেছেন। স্যার, আজও প্রায় ৩ ভাগের ১ ভাগ বিদ্যালয় সাহায্যহীন, আনএডেড স্কুল এবং কোলকাতা শহরে এবং তার আশেপাশে শতকরা ৮০টি বিদ্যালয় সরকারের কাছ থেকে এক কপর্দকও সাহায্য পায় না, এই সে সাহায্যহীন, সাহায্যপ্রাপ্ত, বেসরকারী, সরকারী বিভিন্ন স্তরের বিদ্যালয় মাধ্যমিক শিক্ষা জগতে রয়েছে যার ফলে বিশৃংখলার সৃষ্টি হচ্ছে এটা ওঁদের কাছে বহুদিন থেকে বলে আসছি এবং পরলোকগত মুখ্যমন্ত্রী এটা উপলব্ধি করেছিলেন বলেই তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, ইট ইজ এ বার্নিং প্রবলেম যেটা আপনার কাছে পড়ে শোনালাম এবং তিনি এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে একটা কনফারেন্সে বসে আমরা সমস্ত কিছু ঠিক করবো প্রফুল্লবাবুও সেই প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু আজ পর্যন্ত কোন রুলস করা হল না তাদের সম্বন্ধে। ওঁরা বলছেন সাহায্য চাইলেই সাহায্য পেতে পারে কিন্তু এত সহজ নয়। এই বলে ওঁরা এটাকে উড়িয়ে দিতে পাচ্ছেন। এটা অত্যন্ত জটিল এবং গুরুত্বপূর্ণ সমস্যা শিক্ষক সমিতির সংগে বসে কিছু সরকারী প্রতিনিধি কিছু বেসরকারী প্রতিনিধি সমস্ত বসে কনফারেন্স করার প্রতিশ্রুতি বিধানবাবু দিয়েছিলেন—সেই কনফারেন্স ১৯৫১ সালের সেপ্টেম্বর থেকে ১৯৬৪ সালের ফেব্রুয়ারী মাস শেষ হতে চলেছে, আজও ডাকা সম্ভবপর হল না। স্যার, জুনিয়ার হাইস্কুলগুলিকে ডেফিসিট বেসিসে সাহায্য দেয়া হবে বিধানবাবুর স্পষ্ট প্রতিশ্রুতি ছিল কিন্তু আজ পর্যন্ত ঘাটতির ভিত্তিতে সাহায্য দেয়া তো দূরের কথা, বেতনের যে পার্থক্য ছিল যেটা ওঁরা ১৯৫৭ সালে দিতেন, তারপরে সেখানে কোন শর্ত ছিল না, দেয়ার ওয়াজ নো কনডিশন এ্যাট অল কিন্তু আজকে ওঁরা শর্ত করে দিয়েছেন যে যদি একজন ট্রেনড্ গ্রাজুয়েটকে ১৬০ টাকা পেতে হয় তাহলে স্কুল থেকে ১১০ টাকা দিতে হবে, বাকী ৫০ টাকা ওঁরা দেবেন একজন আনট্রেনড্ গ্রাজুয়েটকে

যদি নূতন বেতন হার অনুযায়ী ১১৫ টাকা পেতে হয় তাহলে স্কুল থেকে ৮০ টাকা দিতে হবে, বাকী ৩৫ টাকা ওঁরা দেবেন। একথা ওঁরা জানেন এবং জেনেশুনে আবার নূতন করে জুনিয়ার হাইস্কুলের কয়েক সহস্র শিক্ষককে তাঁরা বঞ্চিত করছেন এবং তাদের প্রবঞ্চনার ভেতর দিয়ে যেতে বাধ্য করছেন। কে না জানে যে দুই অথবা চার ক্লাসের জুনিয়ার হাইস্কুল যার টাকা পয়সা নেই বল্লেই চলে, স্কুলই চলে না সেখানে তাদের নিজেদের ফাণ্ড থেকে ৫০ টাকা করে মাসে মাসে বছরে ৬০০ টাকা ঐ একজন ট্রেনড্ গ্রাজুয়েটকে দিতে পারে না, কে না জানে যে ৩৫ টাকা করে মাসে মাসে একজন আণ্ডার গ্রাজুয়েটকে দেয়া দুই এবং চার ক্লাসের জুনিয়ার হাইস্কুলের পক্ষে আদৌ সম্ভব নয়। এই সব জেনেশুনে ওঁরা আর একটা মিথ্যাচারের দিকে জুনিয়ার হাইস্কুলের সহস্র সহস্র শিক্ষক-শিক্ষিকাকে নির্মমভাবে যেতে বাধ্য করাচ্ছেন এবং তাঁদের বঞ্চিত করছেন।

[4-20—4-30 p.m.]

স্যার, করণিক, গ্রন্থাগারিক এবং ক্লাশ ফোর এমপ্লয়িজ, এদের সম্বন্ধে বিধান বাবুর যে প্রতিশ্রুতি ছিল, সেটা আমি বললাম,—যে অনুরূপ স্তরের সরকারী কর্মচারীদের সমান বেতন হার দেওয়া হবে। কিন্তু আজ তারা কি করছেন? তাদের প্রতি একেবারে উদাসীন, তাদের একেবারে নির্মমভাবে লাঞ্ছনার চরম সীমায় এনে ফেলেছেন। নূতন বেতনের হার তাঁদের সম্বন্ধে ঘোষণা করেছেন ওঁরা। কিন্তু সেই বেতনের হার হচ্ছে—৮০ টাকা থেকে ১৫০ টাকা করণিকদের জন্য এবং বেয়ারার জন্য ৪৫ টাকা থেকে ৬০ টাকা। যেখানে সরকারী বেয়ারাদের সুরু হয় ৬০ টাকায়, আর আমাদের বেয়ারাদের শেষ হবে সেইখানে। করণিক বা ক্লার্কস-রা ৭৫ টাকা থেকে ১৫০ টাকা পেতেন, অর্থাৎ ৫৫ টাকা তাদের মূল বেতন, আর ২০ টাকা ডিয়ারনেস এলাওয়েন্স, আর ম্যাক্সিমাম ছিল ১৩০ টাকা মূল বেতনের সঙ্গে ২০ টাকা ডিয়ারনেস এলাওয়েন্স। অর্থাৎ সেখানে ম্যাক্সিমাম যা ছিল তাই রেখে দিলেন, ১৫০ টাকাই। আর প্রারম্ভিক বেতন মাত্র পাঁচ টাকা বাড়ালেন,—তাও তাঁরা জানেন যে এক পয়সাও করণিকদের দিতে হবে না। একটা জাল, জুচ্চুরি, ধাপ্পাবাজী ওঁরা করে চলেছেন। শতকরা ৯০ ভাগে করণিক তাঁদের অভিজ্ঞতার ফলেতে তাঁদের যে ইনক্রিমেণ্ট পে- তারা ঐ ৮০ টাকা, অনেক বেশী পাচ্ছেন। কাজেই এঁদের জন্য আর বেশী টাকা ব্যয় করতে হবে না।

তারপর স্যার, সংস্কৃত, টেকনিকাল ক্রাফট সম্বন্ধে বলা হয়েছে। সংস্কৃতের ইমপরটেন্স আমরা স্বীকার করি। কিন্তু সেখানে ঐ সব ক্লাসিক্যাল টিচার্সদের নিয়ে কি তামাসা ওঁরা খেলে চলেছেন। বলা হচ্ছে ১০ বৎসরের অভিজ্ঞতা এবং দুটা টাইটেল না থাকলে, সেই সমস্ত শিক্ষকরা ট্রেণ্ড টিচার-এর বেতন পাবেন না। অদ্ভুত ব্যাপার। কি রকম দেখুন—ম্যাট্রিক পাশ একজন তীর্থ তিনি পাবেন না। আই এ পাশ একজন তীর্থ তিনি পাবেন না, বি-এ পাশ একজন তীর্থ তিনিও ট্রেণ্ড গ্রাজুয়েট, কিন্তু, তিনিও একটা পাবেন না। এই হচ্ছে ওঁদের অদ্ভুত নিয়ম। আবার ঐ দুটা টাইটেল পাবার পরে দশ বৎসর গেলে তবে তিনি পাবেন। এই হচ্ছে তাঁদের নিয়ম। অদ্ভুত মেধা এবং মাথা ঘামিয়ে ওঁরা এই নিয়ম বের করেছেন। স্যার, আমরা হিসাব করে দেখেছি,—যার ফলে, শতকরা পাঁচ থেকে সাত জন শিক্ষকের বেশী কাউকে এই বর্দ্ধিত বেতন আর দিতে হবে না। স্যার, তারপর হচ্ছে নিয়মিত সাহায্য দানের ব্যবস্থা এই এডেড স্কুলগুলি সম্বন্ধে বলে বলে আমরা হায়রান হয়ে গেলাম। আজ ১৯৬২-৬৩ সালের টাকা শতকরা ৯৫টি বিদ্যালয়ে গিয়ে পৌঁছায়নি, এ কথা ওঁরা অস্বীকার করতে পারেন? এখনও পর্যন্ত সেখানে টাকা যায়নি। শুনছি নূতন আইন অনুযায়ী ডিপার্টমেণ্টের টাকা নেবার দায়িত্বটা মার্চ মাসের মধ্যে এডহক বেসিস-এ টাকা পাঠাবেন। হিসাব ওঁরা শেষ করতে পারেননি,—১৯৬১ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত হিসাব, একটা বিরাট ব্যাপার। শিক্ষক মশাইদের বললেন তাঁদের হিসাবটা করে উঠতে পারেননি। এই ত হল তাঁদের অবস্থা। নিয়মিত সময়ে সাহায্য না পাঠানর ফলেতে মাষ্টার মশাইদের মাইনে মাসের পর মাস পড়ে থাকে।

তারপর স্যার, স্পেশাল কেডার টিচার্সদের সম্বন্ধে কিছু বলতে চাই। এই সব স্পেশাল কেডার টিচারদের ওঁরা রিক্রুট করে ছিলেন কয়েক বছর আগে, এবং সরকার তাঁদের নিজেদের কংগ্রেসের দলীয় স্বার্থ সিদ্ধি করবার জন্য এঁদের দিয়ে ইলেকসান ক্যাম্পেন করিয়েছেন। আজ সেই স্পেশাল কেডার টিচার্সদের স্পেশাল কেডার-এ ফেলে রাখা হয়েছে, তাদের শতকরা ৭৫ জন, আজও এ্যাবজরভড্ হল না, এবং সেই ভদ্রলোকের এক কথার মত, ঐ ১০৫ টাকা বেতন গ্র্যাজুয়েট টিচার্সরা স্পেশাল কেডার-এর, পেয়ে আসছে, নূতন স্কেল তারা আজও পেলো না। তারপর এই যে ট্রেনিং ফেসিলিটিস সম্বন্ধে ওঁরা বললেন,—শিক্ষার মান উন্নত করতে হবে। আমি তাঁর সঙ্গে একমত। ওঁরা বললেন শিক্ষকদের যোগ্যতা বৃদ্ধি করতে হবে। আমরা ওঁদের সঙ্গে একমত। কিন্তু অবস্থাটা কি স্যার? কি করে শিক্ষকরা তাদের যোগ্যতা বৃদ্ধি করবে? গত বছরের একটা ফিগার দিই আপনাকে। সারা পশ্চিমবাংলায় মাত্র ১০টি টিচার্স ট্রেনিং কলেজ আছে। সেখানে ৮ হাজার শিক্ষক দরখাস্ত করেছিল ট্রেনিং পাবার জন্য। সেখানে ব্যবস্থা যা ছিল, তাতে মাত্র আড়াই হাজার শিক্ষক ভর্ত্তি হতে পেরেছে। এই যদি ট্রেনিং ফেসিলিটিস দেবার ব্যবস্থা হয়, তাহলে কত বছরে সমস্ত মাধ্যমিক শিক্ষকরা উপযুক্ত ভাবে শিক্ষণ শিক্ষা প্রাপ্ত হয়ে, ছেলেদের শিক্ষা দেবার যোগ্যতা অর্জন করবে, সেটা আপনি বুঝে নিন। কাজেই ট্রেনিং ফেসিলিটিস সম্বন্ধে এই হচ্ছে অবস্থা। তারপর সর্বশেষ, স্যার, আপনি জানেন ওঁরা এনাউন্স করেছেন—মহার্ঘভাতা বৃদ্ধি করেছেন। পরম করুনাময় এই সরকার। কিন্তু, স্যার, আমি পরিষ্কারভাবে এই কথা বলে দিতে চাই যে এটা হচ্ছে একটা অত্যন্ত দুরভিসন্ধিমূলক ব্যবস্থা এবং অত্যন্ত জঘন্য একটা মনোভাব অবলম্বন করে তাঁরা নীতি ঘোষণা করেছেন। সেটা হচ্ছে এই—১৫০ টাকা পর্যন্ত মাইনে যে সকল শিক্ষকদের, তাদের জন্য ৫ টাকা মহার্ঘভাতা, এবং ১৫০ টাকা থেকে ৩০০ টাকা মাইনা পান শিক্ষকদের জন্য ১০ টাকা এবং ৩০০ টাকার উপরে মাইনে পান যে সকল শিক্ষক, তাদের কোন মহার্ঘ ভাতা নেই। কাজেই এই যে ডিভিশন করা হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে প্রাইমারী টিচার্সরা পাঁচ টাকার বেশী মহার্ঘভাতা পাবেন না, কারণ, ১৫০ টাকার উপরে তাদের মাইনে নয়। আর অন্যান্য শিক্ষকদের মধ্যে একটা বিভেদ সৃষ্টি তাঁরা করেছেন। স্যার, শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে পত্রের পর পত্র আমরা দিয়ে আসছি। স্যার, কোন কোন তারিখে কয়টা পত্র দিয়েছি আপনাকে পড়ে শোনাই। মাননীয় শিক্ষা মন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের কর কমলে আমরা চিঠি দিয়েছি ১৭-৬-৬৩ তারিখে, তারপর ২৭-৯-৬৩ তারিখে, তারপরে আবার আমরা ওঁকে চিঠি দিয়েছি ৭-১২-৬৩ তারিখে, এবং তারপরেও আবার ফেব্রুয়ারী মাসে আর একটা চিঠি দিয়েছি, এবং সর্বশেষ ওঁকে জানিয়েছি ১৯-২-৬৪ তারিখে। স্যার, পরপর চারটি চিঠি এবং হালে আর একটি চিঠি দিয়েছি। স্যার, আমাদের দুর্ভাগ্য শ্রীরায় হরেন্দ্রনাথ চৌধুরীর এতটুকু সৌজন্য হল না উত্তর দেওয়ার। আমরা স্যার, সেই চিঠিতে চেয়েছিলাম যে তিনি আমাদের সঙ্গে বসে আলোচনা করুন। তিনি আগের একটা চিঠিতে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে হ্যাঁ নিখিল বঙ্গ শিক্ষক সমিতির প্রতিনিধিদের সঙ্গে বসে আমি সমস্ত সমস্যা নিয়ে আলাপ আলোচনা করবো। কিন্তু পরবর্তী চিঠিতে আমরা যখন অনুরোধ করলাম যে একটা ডেট ফিক্সড করুন, যে আমাদের প্রতিনিধি দলের সঙ্গে বসে, আমরা এই সব সমস্যা নিয়ে আপনার সঙ্গে আলাপ আলোচনা করতে চাই, শান্তিপূর্ণভাবে একটা মীমাংসায় পৌঁছাতে চাই। তিনি তাতে কর্নপাত করেননি। দুঃখের বিষয়, আমাদের দুর্ভাগ্য, যে রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের জমিদারী মেজাজ এখনও যায়নি। খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এই কথা যে ডেট ফিক্সড করা দূরের কথা, নিখিল বঙ্গ প্রাইমারী শিক্ষক সমিতির চারটি চিঠির, একটি চিঠিরও জবাব দেওয়ার মত সৌজন্য শিক্ষা মন্ত্রী মহাশয় দেখান নি।

কিন্তু জরুরী অবস্থার সৃষ্টি হয়েছিল, গত বছরের চীন ভারত সীমান্ত উপলক্ষ করে। এবং সেই জরুরী অবস্থায় আমরা নিখিল ভারত শিক্ষক সমিতির পক্ষ থেকে স্বেচ্ছায় এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম আমাদের সম্মেলনে যে আমরা সরকারকে বিব্রত করব না। কোন প্রত্যক্ষ আন্দোলন আমরা করব না। এবং আমরা সঙ্গে সঙ্গে একথাও সরকারকে বলেছিলাম যে আমরাও আশা করব যে ওঁরাও সহানুভূতিপূর্ণ মনোভাব নিয়ে আমাদের সঙ্গে একত্রে আলাপ আলোচনা করবেন এবং সকলে বসে একটা মীমাংসা করবেন। কিন্তু দুঃখের বিষয় সেটা সম্ভব

হল না। তাই গত ৯ই ফেব্রুয়ারী তারিখে আমরা বিশেষ কনভেনসান করেছি আমাদের নিখিল বঙ্গ শিক্ষক সমিতির আহ্বানে সেই বিশেষ কনভেনসান-এ ক্লার্ক, লাইব্রেরিয়ান, সাবঅর্ডিনেট স্টাফ, জুনিয়ার হাই স্কুল টিচার্স এবং অন্যান্যদের—সেখানে আমরা এই সিদ্ধান্তে পৌঁছিয়েছি যেটা আমরা ১৯-২-৬৪ তারিখে মন্ত্রিমহাশয়কে জানিয়েছি—আজকে ২৬এ ফেব্রুয়ারী বিকাল বেলা ৪৷৷০ টার সময় আমাদের কয়েক হাজার শিক্ষক শিক্ষিকা গ্রন্থাগারিক এই বিধান সভায় আসবে—আমার মনে হয় এতক্ষণ তারা এসে গিয়েছেন। আমরা তাঁর কাছে আবেদন জানাব যে তিনি এক্ষুনি ঘোষণা করুন যে তিনি আমাদের প্রতিনিধিবৃন্দের—নিখিল বঙ্গ শিক্ষক সমিতির প্রতিনিধিবৃন্দের সঙ্গে সাক্ষাৎ করতে প্রস্তুত কি না এবং আজকে আমরা সোজাসুজি এই কথাই বলে দিতে চাই যে এই সংঘবদ্ধ ৩৫ হাজার শিক্ষক শিক্ষিকা তাদের শক্তির পরিচয় আপনারা এর আগে ৩।৪ বার পেয়েছেন কিন্তু সেই পথে যেতে আর আমাদের বাধ্য করবেন না। আই ওয়ার্ণ দিস গভর্ণমেণ্ট আমি সতর্ক করে দিচ্ছি যে এখনও সমিতির সঙ্গে এখন মাধ্যমিক শিক্ষক শিক্ষিকা করণিক গ্রন্থাগারিক এবং বিদ্যালয়ের অধস্তন কর্মচারীদের প্রতিনিধিবৃন্দের সঙ্গে বসে একত্রে টেবিলে বসে আলাপ আলোচনা করে মীমাংসা করুন। আর তা যদি না করেন প্রত্যক্ষ আন্দোলনের মধ্যে দিয়েই তার জবাব বাংলাদেশের ৩৫ হাজার শিক্ষক শিক্ষিকা করণিক গ্রন্থাগারিক দেবে। স্যার, আমি আরেকটা বিষয় এই মন্ত্রীমণ্ডলীকে আপনার মাধ্যমে জানিয়ে দিচ্ছি। সেটা হচ্ছে গুরুতর বিষয়, তা হচ্ছে সিকিউরিটি অফ সার্ভিস এই শিক্ষক শিক্ষিকাদের চাকুরি আজকে কিভাবে বিপন্ন তা একটা ঘটনার কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। আপনি শুনলে অবাক হয়ে যাবেন—আপনি জানেন যে কিছু কিছু বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নাই সরকার নিযুক্ত এ্যাডমিনিস্ট্রেটর রয়েছেন। রানাঘাট নসরা গার্লস হাই স্কুল যেখানে কোন ম্যানেজিং কমিটি নাই, এ্যাডমিনিস্ট্রেটর আছেন—তিনি হচ্ছেন প্রবল প্রতাপান্বিত রানাঘাটের এস-ডি-ও বাহাদুর সেই এস-ডি-ও বাহাদুর গার্লস স্কুল-এর কনফার্মড এণ্ড এ্যাপ্রুভড এ্যাসিট্যাণ্ট হেড মিস্ট্রেসকে একটা নোটীশ দিলেন যে সেপ্টেম্বর মাসের ১ তারিখে শ্রীমতী লীলাবতী কাঞ্জিলাল

B.A. B.T., Assistant Head Mistress, is not duly qualified for the said post.

[4-30—4-40 p.m.]

কাজেই ১-১-৬৪ তারিখ থেকে তাঁর চাকরি থাকবে না। তার উত্তরে শ্রীমতী কাঞ্জিলাল বোর্ডকে জানালেন এবং বোর্ড একটা অর্ডার দিলেন রানাঘাটের এস-ডি-ও অর্থাৎ এ্যাডমিনিস্ট্রেটরের উপর। বোর্ড সেখানে অর্ডার দিচ্ছেন ২৬।১২।৬৩ তারিখে

"I am directed to state that it appears from the Director of Public Instruction's report that the aforesaid termination of services of Sm. Lilavati Kanjilal, Assistant Head Mistress of your school is irregular as no charge-sheet was issued against her before the notice was issued. You are, therefore, requested to maintain status quo in respect of the teacher named above pending further investigation by the District Inspector of Schools, and the final order of the Board in this respect.

Yours respectfully,
Sd. B. GHOSH,
for Secretary of the Board.

তার কপি আমার কাছে আছে। অরিজিন্যাল কপি যেটা বোর্ড থেকে আমাদের এ্যাসোসিয়েসানকে পাঠান হয়েছে। কিন্তু স্যার, আপনি শুনলে আশ্চর্য্য হবে যাবেন সর্বোচ্চ সংস্থার সেই অর্ডার নিয়ে ২রা জানুয়ারী তারিখে বিদ্যালয় খুললে শ্রীমতী লীলা কাঞ্জিলাল যখন কাজে যোগ দিতে গেলেন তখন তাঁকে কাজে যোগ দিতে বাধা দেওয়া হল। তারপর তিনি অবশ্য সই করলেন, আপনি শুনলে স্যার আশ্চর্য্য হয়ে যাবেন যে এই এস-ডি-ও প্রতিহিংসাপরায়ণ হয়ে সেদিন ঐ রানাঘাটের আমাদের যারা শিক্ষক কর্মী তাঁদের বিকেল ৫ টার সময় মিথ্যা অজুহাতে তাঁদের বাড়ী থেকে ৩ জন শিক্ষক অজিত সান্যাল, চন্দ্র বিনোদ রায় এবং হিরালাল কিণ্ডোনিয়াকে এ্যারেস্ট করে

কৃষ্ণনগর জেলে পাঠালেন। এঁরা হচ্ছেন নাসরাবাদ বয়েজ হাই স্কুলের শিক্ষক। তাঁদের বেল রিফিউজ করা হল কোর্ট থেকে এবং সেটা বলবেন যে কোর্টের বিষয়, কিন্তু তাঁদের ডিভিসান থ্রু করে রাখা হল সাধারণ চোর দাগী কয়েদীদের মত। তারপর কৃষ্ণনগরের জেলা জজ, নদীয়ার জেলা জজ বেল দিলেন এবং শুনলে আরো আশ্চর্য্য হয়ে যাবেন যে এই লীলা কাঞ্জিলালকে ৪ তারিখে গ্রেপ্তার করা হল এস-ডি-ও'র হুকুম অনুযায়ী এবং গ্রেপ্তার করে বলা হল যে ৪ তারিখে সন্ধ্যার মধ্যে তোমাকে এই নদীয়া জেলা ছেড়ে চলে যেতে হবে। তারপর সেটার বিরুদ্ধেও কৃষ্ণনগর আদালতে এ্যাপিল করা হল এবং জেলা জর্জ সেটাকেও সেট এ্যাসাইড করলেন। তারপর শ্রীমতী কাঞ্জিলাল যখন স্কুলে জয়েন করতে গেলেন কয়েকদিন পরে তখন তাঁর উপর ১৪৪ ধারা জারী করা হল। এইভাবে তাঁকে কাজে যোগদান করতে বাধা দেওয়া হচ্ছিল। ১৪৪ ধারা জারী করার পর শ্রীমতী কাঞ্জিলালের পক্ষ থেকে মহামান্য কলকাতা হাইকোর্টের কাছে সেই অর্ডার কোয়াস করার জন্য প্রেয়ার জানান হল। গতকাল স্যার কলকাতা হাই কোর্টের মিঃ জাসটিস অমরেশ রায় তাঁর রায় দিয়েছেন। আমরা রায়ের কপি এখনও পাইনি, তবে শ্রীমতী লীলা কাঞ্জিলালের পক্ষে এ্যাডভোকেট যিনি ছিলেন, কিশোর মুখার্জী, তিনি স্কুল কর্তৃপক্ষকে লিখছেন রিগার্ডিং

Sm. Lilavati Kanjilal v. State

ডেটেড ২৪এ ফেব্রুয়ারী, আন্ডার দি ডিভিসান সি আর অমুক অমুক—

This is to state that Hon'ble Mr. Justice Amaresh Roy has been pleased to make the rule obtained in the aforesaid case absolute and also has been pleased to quash the instant proceeding.

আমি একটামাত্র কেসের কথা বললাম আপনার কাছে, এই রকম অসংখ্য শত শত কেস রয়েছে। স্যার, এইরকম অত্যাচার চলেছে, আমি এর জবাব চাই। ঐ বীর পংগু এস-ডি-ও, ঐ যে শয়তান, যে অন্যায়ভাবে আমাদের একজন শিক্ষিকাকে এইভাবে ১৪৪ ধারা জারী করে নানাভাবে তাঁর জীবনকে দুর্বিসহ করে তুলেছে সেই শয়তানকে শাস্তি দেবার কি ব্যবস্থা হচ্ছে? আমি আবার আবেদন করছি শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে এখনও সময় আছে, সাবধান হোন, নিখিল বংগ শিক্ষক সমিতি এই সমস্ত অন্যায়, অত্যাচার, অবিচার আর মাথা পেতে কোন দিন সহ্য করবে না। তাই বাংলাদেশের সংগবদ্ধ শিক্ষক সমাজের পক্ষ থেকে আমি আবার আবেদন জানাব তিনি এগিয়ে এসে মীমাংসা করুন, একত্রে আলাপ আলোচনায় বসুন এবং দিন ধার্য করুন কবে তিনি আমাদের সংগে বসছেন। যদি তিনি না বসেন তাহলে যে গণপ্রতিনিধি দল আসছে তাঁরা যে ভাষা বোঝেন সেই ভাষায় আমরা জবাব দেব।

Shri Dhirendra Nath Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শ্রীশৈলকুমার মুখার্জী মহাশয়ের ১৯৬৪-৬৫ সালের বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমেই ডাঃ বিধান রায়ের কথা মনে পড়ে। আমি তাঁর আত্মার মংগল কামনা করি। ১৯৬৪-৬৫ সালের বাজেটে দেখা যায় যে আমরা অতিরিক্ত আয় ৬ কোটী ৮৮ লক্ষ টাকা পাচ্ছি এবং কার্য্যতঃ দেখা যাচ্ছে ২ কোটী ৪৭ লক্ষ টাকা ঘাটতি হচ্ছে, তবুও এই বাজেট দেখে মনে হয় যে বেশ সময়োপযোগী হয়েছে এবং এই ঘাটতি পূরণের যে ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন আমি সেজন্য অভিনন্দন জানাচ্ছি। পশ্চিমবাংলার খাদ্য শস্য সম্বন্ধে ২।১টা কথা বলবো যে আমাদের এই দেশ কৃষিপ্রধান, কৃষকের উন্নতি না হলে আমাদের দেশের কোন উন্নতি হওয়া সম্ভব নয়। সেজন্য প্রথমেই বলবো ১৯৫৯-৬০ সালে আমাদের পশ্চিমবাংলায় ১০০ টন খাদ্যোৎপাদন ছিল, তারপর ১৯৬০-৬১ সালে ১৩১·৬৩ টন হল, তারপরে ১৯৬১-৬২ সালে ১৩১·১০, তারপরে ১৯৬২-৬৩ সালে ১২১·০৬ টন এইভাবে গ্রামে খাদ্য শস্য কমে গেছে। প্রথম এবং দ্বিতীয় পরিকল্পনায় যদিও সরকারপক্ষকেও খাদ্যের প্রতি বিশেষ নজর দিতে হয়েছে কিন্তু তাহলেও দেখা যাচ্ছে যে পরে কিছু খাদ্যশস্য ঘাটতি হচ্ছে। এই কারণ হল যদিও সার এবং অন্যান্য জিনিস, ভাল বীজ সেচের ব্যবস্থার দিক থেকে আমরা অনেক অগ্রসর হয়েছি কিন্তু ভগবানের উপর তো কারো হাত নেই। সেজন্য আজকে খাদ্যশস্য ঘাটতি হচ্ছে। আমি সরকারকে অনুরোধ জানাবো উপযুক্ত সময় যাতে আমাদের

কৃষকরা ভাল বীজ, জল, সার এবং সাজ-সরঞ্জাম পায় এবং কৃষকের পরিশ্রমের বিনিময়ে যে খাদ্যোৎপাদন হবে সেটা ঠিকমত বিক্রি করার ব্যবস্থা করা এবং যদি সম্ভব হয় সরকারের মাধ্যমে এইসব বিক্রী করে কৃষকরা যাতে ন্যায্য মূল্য পায় সেই ব্যবস্থা করুন। আমার মনে হয় কৃষক সমাজ যদি বেঁচে যায় তাহলে দেশের উন্নতি হবে এবং সরকারেরও আর ভবিষ্যতে ঋণ দেওয়ার প্রয়োজন হবে না। রাস্তাঘাট, বিদ্যুৎ, সেচ পরিকল্পনা, ভারী এবং ছোট কলকারখানা আমাদের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে অনেক এগিয়েছে, তবুও আমি মনে করবো যে আরো প্রয়োজন আছে। দেশের ক্রমবর্দ্ধমান উন্নতির দিকে আমাদের সরকারের লক্ষ্য আরো হবে। আমি সব থেকে আনন্দ প্রকাশ করবো উত্তরবাংলার প্রতিবেশী হিসাবে যে আমাদের উত্তরবঙ্গ পাকিস্তান হবার পর যে চলাচলের অসুবিধা হয়েছিল সেটা ব্রড গেজ লাইন হওয়ার জন্য এবং তিস্তা, তে.র্সা এবং অন্যান্য বড় বড় নদীর উপর পুল হওয়ার জন্য আজকে আমাদের উত্তরবঙ্গে যোগাযোগ সরাসরি হবে এবং আমাদের লোকেরও চলাচলের সুবিধা হবে এটা খুব আনন্দের বিষয়—এবিষয়ে আমি সরকারকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমার একটা কথা স্পষ্ট মনে হচ্ছে যে আজকে আমরা দেশকে যেভাবে উন্নতির দিকে নিয়ে যাচ্ছি সেদিকে লক্ষ্য রেখে যদি আমরা পশ্চিমবঙ্গের প্রত্যেক জেলাকে উন্নত ধরনের টাউনে সৃষ্টি করতে পারি—সিউয়ারেজ, ইলেকট্রিসিটি, জল সমস্ত কিছু দিয়ে নূতন ধরনের টাউনে সৃষ্টি করতে পারি এবং সেই সব জেলার পাশাপাশি যদি আমরা স্থানোপযোগী ইণ্ডাস্ট্রীর ব্যবস্থা করতে পারি তাহলে কোলকাতার উপর জনসংখ্যার চাপ আজকে পড়ছে তার কিছু লাঘব হতে পারে।

[4-40—4-50 p.m.]

এ বিষয় সরকারের খুব চিন্তা করা উচিত। এইসব চিন্তা না করলে, আজকে কলিকাতার উপর যে এত লোকের চাপ পড়ছে, তার সমাধান হবে না। আপনারা সকলেই দেখে থাকবেন যে এত রাস্তা ঘাট নির্মাণ এবং বাস ও নানা রকম সুখ, সুবিধা হওয়া সত্বেও আমাদের চলা-চলের, থাকার বা বাসোপযোগী স্থান পাওয়া যাচ্ছে না। এইজন্য আমি সরকারকে অনুরোধ করবো এই দিকে দৃষ্টি রেখে, এইভাবে যাতে বিকেন্দ্রীয় পরিকল্পনা গ্রহণ করা যায়, তাহলে সরকারের পক্ষে এবং জনসাধারণের পক্ষে সুবিধা হবে।

আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে খাদ্য নীতি গ্রহণ করেছেন, সেটা খুব ভালই হয়েছে। তবে এই নীতি সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। উত্তরবঙ্গের কোন কোন জেলায় খাদ্যের ঘাটতি আছে। যে সব জেলায় শ্রমিকদের বসবাস বেশী আছে, এইসব জেলাতে সরকার নিজ স্টক হতে অথবা কেন্দ্রীয় সরকারের কাছে হতে নিয়ে সেখানে ধান, চাল সরবরাহের ব্যবস্থা করেন, তাহলে আমার মনে হয় সরকারের যে খাদ্য নীতি, তা ঠিকভাবে পরিচালিত হবে। এই ব্যবস্থা যদি তাঁরা না করতে পারেন, তাহলে সেখানে চালের ঘাটতি সব সময়ই থাকবে, এবং তা নিয়ে নানারকম অসুবিধা দেখা দেবে। আশাকরি সরকার এ দিকে বিশেষ দৃষ্টি দেবেন। এই কয়েকটি কথা বলে, আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

Shri Abdullah Rasul:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেট সম্বন্ধে বিস্তৃত আলোচনা করবার সময় নেই। আমি বল একটা বিষয় নিয়ে আলোচনা করবো। মাননীয় অর্থমন্ত্রী বিধান সভায় বাজেট সম্বন্ধে ভাষণ দিয়েছিলেন তার একটি কথা আমি উদ্ধৃত করে বলছি। বাংলায় লিখিত বিবৃতির ২ এর পৃষ্ঠায় আছে এটা বিধান সভায় প্রদত্ত, বিধান পরিষদে নয়। "আমাদের ভবিষ্যৎ য়ন কার্যে অর্থ সংস্থান মুখ্য সমস্যা নাও হইতে পারে। ভিতরে ও বাহিরে উভয় সূত্র তে পর্যাপ্ত মূলধন আসিতে পারে। গণতান্ত্রিক সমাজতন্ত্রের কাঠামোর মধ্যে দ্রুত উন্নয়নের য়োজন সিদ্ধ করিবার উপযোগী করিয়া আমাদের বৈষয়িক ও অর্থনীতিক নীতি নির্ধারিত বে। উৎপাদন বৃদ্ধির উপর জোর দেওয়া কর্তব্য এই স্বপ্রকাশ সত্যের বর্তমানে বিরক্তিকর বে পুনরাবৃত্তি হওয়ার আশঙ্কা দেখা দিয়াছে। আমার মনে হয়, অধিকতর মৌল বস্তু ূহের প্রতিই আমাদের মনোযোগ আকৃষ্ট হওয়া উচিত। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে

যে, কঠিন শ্রম ও উদ্যমের যে যথেষ্ট ও সুঠামরূপে বিভাজিত পুরস্কার প্রয়োজন এ কথা উত্তমরূপে হৃদয়ঙ্গম হয় নাই।" পরবর্তী পৃষ্ঠায় শেষের প্যারাগ্রাফে আছে। "আমাদের পরিকল্পনার লক্ষ্য রাস্তা নির্মাণ কিম্বা অধিকতর খাদ্যোৎপাদন অপেক্ষা অনেক বেশী। শুধু অর্থনীতিক উন্নয়ন নয়, রাজনীতিক ও সামাজিক ন্যায়ের ব্যাপারে জনগণের বর্তমান প্রত্যাশা ও চাহিদা পূরণের উদ্দেশ্যে সরকার সর্বতোপায়ে চেষ্টিত।"

আমি এই বিষয়ে বলতে চাই। গণতান্ত্রিক সমাজতন্ত্র নীতি হিসাবে কংগ্রেস বর্তমানে গ্রহণ করেছেন। আমি মনে করি এটা একটা মত বা সিদ্ধান্ত তাঁরা করেছেন যাকে কার্যকরী করার উদ্দেশ্য তাদের আছে বলে আমার মনে হয় না। এই বাজেট গণতান্ত্রিক ও নয় সমাজতান্ত্রিক ও নয়। আমি কয়েকটা বিষয় থেকে যেটা দেখাবার চেষ্টা করব। তৃতীয় পরিকল্পনাতে এক্ষুনি বোঝা যাচ্ছে, এখন তিন বছর শেষ হয়নি তার মধ্যেই বোঝা যাচ্ছে যে সে পরিকল্পনা ব্যর্থ হয়েছে। যেমন তার মধ্যে জাতীয় আয়ের প্রশ্ন আছে। জাতীয় আয় বছরে শতকরা ৫ ভাগ করে বাড়বে এই সিদ্ধান্ত ছিল—এই ভাবে পরিকল্পনা তৈরী হয়েছিল। কিন্তু দেখা গেছে শতকরা ২॥· ভাগের বেশী বাড়েনি গত দুই বছরে। তার মানে অর্দ্ধেক লক্ষ্য পূরণ হল না। উৎপাদন সম্বন্ধে যদি দেখা যায় শিল্পের উৎপাদন বছরে শতকরা ১১ ভাগ করে বাড়বে কথা ছিল কিন্তু এক বছরে বেড়েছে শতকরা ৬॥· ভাগ, পরের বছরে শতকরা ৮ ভাগ। এখানেও পরিকল্পনা ব্যর্থ হয়েছে। কৃষির উৎপাদন সম্পর্কেও এটাই দেখা যাচ্ছে।

আমি তিন বছরের উৎপাদন সম্পর্কে বাংলাদেশে যা হয়েছে তার হিসাব এই সরকারী তথ্য থেকে দিচ্ছি ১৯৬০-৬১, ৬১-৬২, ৬২-৬৩। তাতে ৪৯-৫০কে যদি ১০০ ধরা হয় তাহলে ১৩১·৮৩ হয়েছে ৬০-৬১তে। পরের বছরে ১৩০·১ অর্থাৎ ১.৩ শতাংশ কমেছে। তার পরের বছরে ৬২-৬৩তে ১২১·০৬ অর্থাৎ ৬·৯ শতাংশ কম। এইভাবে তিন বছর পর পর কমে গেছে। চালের হিসাবে যে উৎপাদন হয়েছে তাতে দেখা যাচ্ছে এই তিন বছরে—১৩৩·৬৫, ১১৭·৮৩ তার থেকে আবার কমে গিয়ে ১০৮·০৮। অর্থাৎ ৬০-৬১ সালে ৫৯ লক্ষ ৩৬ হাজার টন হয়েছিল। পরের বছরে ৫২ লক্ষ ৮৫ হাজার টন তার পরের বছরে ৪৮ লক্ষ ৬৯ হাজার টন হয়েছে। উৎপাদন শুধু বাংলা দেশেই কমেছে তা নয়, গোটা ভারতবর্ষে এই অবস্থা দেখা যাচ্ছে। সারা ভারতবর্ষে যেটা হয়েছিল ৩ বছরে যেটা ৭৭·৫ মিলিয়ন টন হয়েছিল কিন্তু সেই জায়গাতে পরে দেখা গেল সেটা কমে গিয়ে এমন অবস্থায় দাঁড়িয়েছে যে ৮০ মিলিয়ন টন বর্তমানে হওয়া কঠিন। এবং আগামী দুই বছরে প্ল্যানের যে লক্ষ্য আছে ১০০ মিলিয়ন টন, সে জায়গায় ৮০ থেকে খুব বেশী যদি যায় তো ৯০ পর্যন্ত হতে পারে কিন্তু প্ল্যানের যে লক্ষ্য তা পূর্ণ হবে না। প্ল্যানিং কমিশনে প্ল্যানিং মন্ত্রী যিনি আছেন ভারত সরকারের মিষ্টার আর, বি, ভগত। তিনি গত ২০ তারিখে রাজ্য সভায় বলেছেন

Another year of stagnant agriculture and relative shortage of food, another year setback during 1962-63.

এই অবস্থা আজকে দাঁড়িয়েছে। অবশ্য তিনি বলেছেন যে পরিকল্পনার আউট লে বা খরচের ব্যবস্থা অনেক করা হচ্ছে। কিন্তু পরিকল্পনায় আউট লে হওয়ার চেয়ে আউটপুটটা যদি ভাল হয় তাহলে সেটাই কাজে লাগে। সেই জিনিষটা হওয়ার সম্ভবনা কম দেখছি। ইতিমধ্যে দেখা যাচ্ছে ভারত সরকার আরও খাদ্য শস্য বিদেশ থেকে আমদানী করবার জন্য পি এল ৪৮০ অনুসারে যে চুক্তি হয়েছিল কয়েক বছর পূর্বে সেই চুক্তিকে আরও এক বছরের জন্য বাড়াবার উদ্দেশে আমেরিকান সরকারের কাছে দরখাস্ত করেছেন। এই অবস্থার আর ঘটবে না, এই এগ্রিমেণ্ট-এর মেয়াদ আর বাড়াবার প্রয়োজন হবে না প্রাক্তন খাদ্যমন্ত্রী পাতিল সাহেব পূর্বে আমাদের অনেকবার জানিয়েছিলেন। কিন্তু এখন দেখা গেল আশ্বাস মিথ্যা প্রমাণিত হল। সুতরাং পরিকল্পনা এইভাবে কার্যকরী হচ্ছে।

ইতিমধ্যে আরও দেখছি কি যে খাদ্যের উৎপাদনের অবস্থা শুধু খারাপ তাই নয় খাদ্য মূল্য সম্বন্ধে যে একটা সংকটজনক পরিস্থিতি কয়েক মাস পূর্বে হয়েছিল তা সকলেই জানেন। এবং এখন সেই পরিস্থিতির যে একটা খুব উন্নতি হয়েছে তা নয়। সবে ফসল উঠেছে তথাপি স্বাভাবিক অবস্থার চেয়ে দর অনেক বেশী। তা ছাড়া আর একটা জিনিস এর সংগে সংগে

[4-50—5 p.m.]

রয়েছে—অক্টোবর, নভেম্বর মাসে গম ফসল উঠেছে। কিন্তু আজকে দেখা যাচ্ছে পাঞ্জাব, দিল্লী, উত্তর প্রদেশ এইসব জায়গায় গমের দর অত্যধিক বেড়ে গেছে। বেড়েছে কি পরিমাণে তারও হিসাব পার্লামেন্ট থেকে পাওয়া যাচ্ছে যে গত বছরে যেখানে এক কুইনটলের দাম ছিল ৪২ টাকা, এবারে সেই এক কুইনটলের দর উঠেছে ৬০ টাকায়। এই যদি অবস্থা হয় তাহলে কিভাবে যে খাদ্যের উৎপাদন বাড়িয়ে দেশের লোকের খাদ্য সংকট দূর করা হবে এই পরিকল্পনা অনুসারে তা আমি ভেবে পাচ্ছি না।

এই সংগে একটা কথা বলা যেতে পারে যে বিদেশী গমের স্টক গভর্ণমেন্টের হাতে খুব বেশী আছে। সেজন্য তাঁরা দ্রুত যেখানে দর বেড়েছে সেই জায়গায় তা পাঠিয়ে দিয়ে দর নামাবার চেষ্টা করছেন। কিন্তু চালের সংকট যেখানে হয় সেখানে তাঁরা সেটা করতে পারেন না, যেমন ৩।৪ মাস পূর্বে আমরা এখানে পশ্চিমবংগে দেখেছি। এটা যে হতে পারে না তার কারণ হচ্ছে গভর্ণমেন্ট নিজের হাতে খাদ্যের পাইকারী ব্যবসা রাখছেন না। তা না রাখার একটা বিষময় ফল হচ্ছে যেটা পশ্চিমবাংলায় দেখেছি—গড়ে যদি ধরা যায় যে ৪২ লক্ষ টন খাদ্য উৎপন্ন হয় তাহলে তার ½ অংশ, আন্দাজে ১৪ লক্ষ টন ধরুন বাজারে যায়। তার মধ্যে ৪ লক্ষ টন কৃষকরা নিজেরা সরাসরি বাজারে বিক্রি করে, বাকি যে ১০ লক্ষ টন সেটা ব্যবসাদারদের মারফত সরাসরি বিক্রি হয় এবং ব্যবসায়ীরা যদি গড়ে ৫ টাকা করে মনে অতিরিক্ত মুনাফা করে তাহলে এই ১০ লক্ষ টন বা প্রায় ২৭০ লক্ষ মনে ১৩॥ কোটি টাকা অতিরিক্ত মুনাফা দাঁড়ায় এবং এই ১৩॥ কোটি টাকা কয়েকজন স্পেকুলেটরের হাতে যাচ্ছে গভর্ণমেন্ট পাচ্ছে না, যারা কনজিউমার তারা পাচ্ছে না, যারা গ্রোয়ার তারা পাচ্ছে না। এবং সেই ১৩॥ কোটি টাকা পরে কি হবে? না, আবার স্পেকুলেটিভ ব্যবসার মধ্যে নিয়োজিত হবে। এই ব্যবস্থাটা গভর্ণমেণ্টের একটা নীতির বিষয়। সেজন্য আমি বিশেষভাবে এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যবস্থা কতদিন চলতে দেওয়া হবে? এই ব্যবস্থা যদি চলতে দেওয়া হয় তাহলে তার দ্বারা কারা ক্ষতিগ্রস্ত হচ্ছে? না, সমগ্র জনসাধারণ তার দ্বারা ক্ষতিগ্রস্ত হচ্ছে; আর মুষ্টিমেয় ব্যবসাদার তার সুযোগ পাচ্ছে।

তারপর আছে বেকার সমস্যা। বেকার সমস্যা সম্বন্ধে বলবার বিশেষ কিছু নেই, কেবলমাত্র একটুখানি উল্লেখ করে দিচ্ছি সেনসাস রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে শ্রমিকের সংখ্যা পশ্চিমবাংলার জনসংখ্যার শতকরা ৩৪·৫ ছিল, কিন্তু সেটা কমে শতকরা ৩৩·২তে দাঁড়িয়েছে। তার মানে শ্রমিকের অনুপাত কমেছে। ইকনমিক রিভিউ এর মধ্যে বলা হয়েছে যে আমাদের এখানে বেকার সমস্যা "এ্যাকিউট" হয়ে উঠেছে। এর মধ্যে আবার একটা বিষয় আছে—এই যে শতকরা ৩৩·২ এর মধ্যে শতকরা ১৭·৮ হচ্ছে কৃষি মজুর, ক্ষেত মজুর এবং এই ক্ষেত মজুরের সংখ্যা বেড়েছে। তার মানে ভূমিহীনের সংখ্যা বেড়েছে। কোন নীতি অনুসারে ভূমিহীন সংখ্যা বেড়েছে সেটা আমাকে বিস্তৃত ব্যাখ্যা করার প্রয়োজন হবে না, এই জিনিসটা সকলেই ধরে নিতে পারেন। তাহলে দাঁড়াচ্ছে এই যে জমিহীন এবং বেকার সমস্যা এখানে যা রয়েছে সেই সমস্যা নীতিগতভাবে যেভাবে গভর্ণমেন্টের সমাধান করা উচিত ছিল তা তাঁরা করতে চেষ্টা করেন নি। আরও দেখা যায় যে যাঁরা কাজ পেতে চান, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাঁদের নাম রেজিষ্ট্রি করা হয়েছে তাঁদের সংখ্যা ১৯৬১ সালে যেখানে ছিল ৩ লক্ষ ২৮ হাজার সেখানে ১৯৬২ সালে দেখা যাচ্ছে ৪ লক্ষ ৩৯ হাজার এবং এদের মধ্যে শিক্ষিত বেকারের সংখ্যা ৮০ হাজার থেকে ১ লক্ষ ১০ হাজারে উঠেছে। সারা ভারতবর্ষের ক্ষেত্রে এই বেকার সংখ্যা দ্বিতীয় পরিকল্পনা থেকে দেখতে পাচ্ছি যে ৩৫ লক্ষ থেকে বাড়তে বাড়তে এই পরিকল্পনা শেষ হবার সময়ে ১ কোটি

২০ লক্ষে উঠে যাবার ব্যবস্থাই করা হয়েছে এবং সেটা পরিকল্পনা ব্যবস্থার মধ্যে লিপিবদ্ধ আছে। তাহলে এই যে পরিস্থিতি দেখা যাচ্ছে এই পরিস্থিতির মধ্যে দুর্ভোগটা ভুগছে কারা? ভুগছে সাধারণ মানুষ। ১৩ বছর ধরে পরিকল্পিত অর্থ ব্যবস্থা চলার পরেও সাধারণ মানুষ, কৃষক শ্রমিক, মধ্যবিত্ত, কর্মচারী এই সমস্ত স্তরের মানুষ আজকে এই দুর্ভোগ ভুগছে।

সুতরাং কংগ্রেসের যে গণতান্ত্রিক সমাজতন্ত্র সেটা কিভাবে একটা অপূর্ব দৃশ্য সৃষ্টি করেছে এ দেশের মধ্যে তার পরিচয় আমরা এই পরিকল্পনা থেকে পাচ্ছি। বাজেটের মধ্যে এই পরিকল্পনার গুণগান অনেক বেশী করা হয়েছে। আমরা কিন্তু বাস্তবে দেখছি পরিস্থিতি সম্পূর্ণ ভিন্নরূপ। দেশের গরিবদের জন্য এ পর্যন্ত সরকার প্রতিশ্রুতিবদ্ধ রয়েছেন যে এদের জন্য সবচেয়ে ভাল ব্যবস্থা করা হবে যাতে সর্বনিম্ন পরিমাণে জীবিকায় সংস্থান তাদের করে দেয়া হয়। কিন্তু সেটা তো হয়নি, বরং অধ্যাপক মহলানবিশ যা লিখেছেন তার থেকে দেখা যায় যে পরিকল্পনার ফলে আমাদের দেশে সর্বনিম্ন অর্থনৈতিক স্তরের শতকরা ১০ জন মানুষের অবস্থা উন্নত না হয়ে পূর্বে যা ছিল তার থেকে অবনতি হয়েছে, আরো খারাপ হয়েছে। তাহলে আমাদের সরকার আমাদের সংবিধান অনুসারে কি ব্যবস্থা করলেন দেশের এই সমস্ত মানুষের জন্য? যেখানে আমাদের অবস্থা উন্নত হল না, অবনত হল সেখানে দেখতে পাচ্ছি তারই পাশাপাশি মাত্র ৬টা পরিবারের হাতে ১৪ শত কোটি টাকার কন্ট্রোলও রয়েছে জাতীয় সম্পদের। এই দুটো দৃশ্য পরস্পর বিরোধী এবং এর থেকে বুঝতে পারা যায় কোন্ নীতি অনুসারে ভারত গভর্ণমেন্ট এবং পশ্চিমবঙ্গ সরকার চলছেন। তারা মনোপলিষ্টদের তোয়াজ করার নীতি নিয়েছেন, ব্যবসায়ীদের ফুলিয়ে ফাঁপিয়ে ঢোল করছেন, এদিকে জনসাধারণ না খেয়ে মরে যাচ্ছে। এটা অত্যন্ত গ্লানির ইংগিত বহণ করে যাচ্ছে। এর থেকে হুসিয়ার হওয়া দরকার আছে।

সেদিক থেকে আমি গভর্ণমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি তারা যেন হুসিয়ার হন এবং অবস্থার উন্নতি যদি করতে হয়, উৎপাদন বাড়াতে হলে শুধু শিল্পের নয়, কৃষিরও উৎপাদন বাড়ানোর প্রয়োজন রয়েছে তার জন্য প্রয়োজন হচ্ছে অবিলম্বে প্রকৃত ভূমি সংস্কার করা এবং কৃষির দিকে যে সমস্ত সুযোগ সুবিধা ইরিগেসন, ফার্টিলাইজার সাপ্লাই, চিপ এবং ইজি ক্রেডিট, ভাল বীজ আর কো-অপারেটিভ প্রাইস—এগুলির ব্যবস্থা করে দেয়া সরকার। এগুলি যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত অবস্থার কোন উন্নতি হবে এ রকম আশা আমরা করতে পারছি না এবং গভর্ণমেন্ট যে হুসিয়ারিটি গ্রহণ করবেন সে বিষয়ে আমি খুব নিশ্চিত নই, তবে করলে ভাল হয়। মিলিত যে হতে পারছেনা তার কারণ তারা শোষক শ্রেণীদেরই তরফদারী করে থাকেন এবং যারা শোষিত তাদের স্বার্থের বিরোধিতা করে থাকেন এবং শোষকদের শক্তিকে বাড়িয়ে তুলে তারা নীতিগতভাবে কাজে পরিণত করছেন এই নমুনা দেখতে পাচ্ছি।

মূল্য নীতি সম্বন্ধেও সেই কথা এমন কোন নীতি তারা নেন নি যাতে খাদ্যের মূল্য শস্যের মূল্য এবং শিল্পজাত যে সমস্ত প্রয়োজনীয় জিনিস মানুষ কিনে থাকে সেই সমস্ত জিনিসের মূল্যের সমতা রক্ষার ব্যবস্থা করতে পারেন। এই কাজ যতক্ষণ না করছেন ততক্ষণ পর্যন্ত অবস্থার উন্নতি সুদূর পরাহত বলে আমি মনে করি। আমি সমাজতন্ত্রের কথা এখানে বলতে চাই না, কারণ সমাজতন্ত্র বহু দূরের বিষয়। কংগ্রেস যেভাবে বলছেন তাঁরা বলুন কিন্তু আমি মনে করি যে কংগ্রেসের এই যে গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা বলে থাকেন এই কথা হয় তাঁরা নিজেরা গণতন্ত্রের অর্থ বুঝেন না বলে বলছেন অথবা তাঁরা জেনেশুনে জনসাধারণকে বিভ্রান্ত এবং প্রতারিত করবার জন্য বলছেন। সেদিক থেকে আমি সমাজতন্ত্রের কথা আনতে পাচ্ছি না। কিন্তু গণতন্ত্র সম্বন্ধে অন্ততঃ তাঁরা যদি একটু সচেতন হন, একটু চেষ্টা করেন তাহলে হয়ত কিছু কাজ তাঁরা করতে পারেন। সেদিক থেকে আমি যে প্রস্তাব তাদের কাছে করেছি সেই প্রস্তাব যদি তাঁরা গ্রহণ করেন তাহলে আমি মনে করি অন্ততঃ এত বিলম্বে হলেও প্রথম ধাপে কতকটা গণতন্ত্রের দিকে যেতে পারি এই আমার ধারণা এবং সেকথা তাঁরা বিশেষভাবে বিবেচনা করুন এই আমার অনুরোধ।

Deputation of teachers, clerks and librarians

[5—5-10 p.m.]

Shri Satya Priya Roy:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে জানাচ্ছি যে শিক্ষক, করণিক, গ্রন্থাকারিক এবং অধস্তন কর্মীদের গণপ্রতিনিধিদল এখানে এসে পৌঁছেছেন, পুলিশ তাঁদের পথরোধ করে রেখেছে। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি যে তাঁদের কাছ থেকে স্মারকলিপি গ্রহণ করুন এবং ততক্ষণ হাউসের কাজটা য়্যাডজার্ন থাকুক। তাঁদের প্রতিনিধিদের সংগে তিনি এ সম্পর্কে মীমাংসার জন্য কখন আলোচনা করবেন এ সম্বন্ধে তাঁর বক্তব্য বলুন। [illegible] লয় থেকে আচার্যরা অপেক্ষা করে আছেন এবং পুলিশ তাঁদের পথরোধ করে দাঁড়িয়েছে। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো তিনি কিছু বলুন।

স্যার, আপনি কিছুক্ষণের জন্য হাউস এ্যাডজর্ন করে দিন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি সেটা বিবেচনা করতে পারি। কিন্তু যতক্ষণ পর্যন্ত স্মারকলিপিটা না পড়ছি, ততক্ষণ পর্যন্ত আলোচ্য বিষয়টা কি হতে পারে, তা আমি বুঝতে পারছি না। যদি আলোচ্য বিষয় এই হয়, আজকে বক্তৃতায় যা শুনলাম,—এইগুলি যদি আলোচ্য বিষয় হয়, তাহলে তার উত্তর আমি এখানে দেবো, সকলেই শুনতে পাবেন, এবং আমি পরে তাঁদের সকলকে জানিয়ে দেবো।

Shri Jatin Chakravorty:

আপনার আয়ু ত শেষ হয়ে এলো। সেই জন্য বলছি যাবার আগে, আপনি একটা ভাল কাজের নজির রেখে যান, চিরকাল আপনার নাম থাকবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মশাই আমার নাম থাকার কোন প্রয়োজন আমি মনে করি না। দরকার নেই মশাই, আমার নাম থাকবার। আমি নামের ভিখারী নই। আমি যা বলছি, আমার কথাটা শুনুন। আমি বলছি এই তাঁরা যদি স্মারকলিপি দেন, তাহলে নিশ্চয় আমি তা গ্রহণ করবো, এবং সেটা বিবেচনা করেবো।

(Noise & disturbances.)

শুনুন। আজকে এখানে যে ভাবের বক্তৃতা শুনলাম, এই যদি স্মারকলিপির আলোচ্য বিষয় হয়, তাহলে সে আলোচনা ত আমি এখানে সকলের সামনেই করতে পারবো। সে সমস্যাও আলোচনায় কোন দিন মিটবে না। আপনি শুনে নিন, আমি যে কথা বলছি। আপনাদের স্মারকলিপিটা দিন, আমি এ সম্বন্ধে নিশ্চয় বিবেচনা করবো। আমি যে বক্তৃতা এইমাত্র এখানে শুনলাম, এই বক্তৃতার কথাই যদি স্মারকলিপির বিষয় হয়, তাহলে আমার ভাষণে আমি সকলকে জানিয়ে দেবো, এই কাউন্সিলের সকলেই জানতে পারবেন আমার জবাবটা কি? নতুবা, উনি আজকে যে সব কথা বললেন, এ কথার ভিত্তিতে আমি মনে করি, তাঁর অনেক কথা, প্রকৃত সত্য কথা নয়। প্রকৃত মানে, এই নয়, যেমন উনি বলেছেন—বিধানবাবু এই সব কথা বলে গিয়েছেন

(Noise & interruptions.)

আমার কথাটা শুনে নিন। ১৯৬১ সালে তিনি যা বলেছিলেন,—১৯৬২ সালের বাজেট তাঁর আমলেই তৈরী হয়েছিল, এবং শিক্ষকদের বেতন বৃদ্ধি কি হতে পারে, বা না হতে পারে, তাঁর প্রতিশ্রুতি অনুসারে, তিনি তাই এ্যাপ্রুভ করে গিয়েছিলেন। অতএব উনি যা বলেছেন ডাঃ রায়ের প্রতিশ্রুতি সম্বন্ধে, আমরা তা জানি এবং তাঁর প্রতিশ্রুতি অন রেকর্ড আছে। তিনি যা বলে গিয়েছিলেন, আমরা সেইভাবেই কাজ করছি। সে কথা বিস্তৃত ব্যাপার, আমি পরে বলছি। আজকে বক্তৃতা প্রসঙ্গে যে সমস্ত কথা বলা হয়েছে, তার

অনেক কথা অপ্রকৃত। এর কোন কথা আলোচনায় মিটবে না। আলোচনায় কেবল হবে এই—আমাদের দাবী এই, আপনাদের মানতেই হবে। এ ছাড়া কোন আলোচনা নেই। উনি যে সমস্ত কথা বলেছেন, সেই সমস্ত কথার যদি আলোচনা করতে হয়, তাহলে আমার ভাষণে, সর্বসমক্ষে আমি তার জবাব দেবো, এবং তা আপনারা সবাই শুনতে পাবেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার আবেদন হচ্ছে প্রতিনিধি দল ডেপুটেসনে আপনার কাছে এসেছে, আপনি তাদের এখানে মিট করে, তাদের কথা শুনবেন কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমাকে থ্রেট করবেন না। আজকে এখানে যে ধরণের বক্তৃতা হল, তাতে আণ্ডার থ্রেএট, আমি কোন আলোচনা করতে রাজী নই। আমি বলছি, এ সম্বন্ধে আমার যা বক্তব্য তা আমি আমার ভাষণে সর্বসমক্ষে বলবো, আপনারা সকলে শুনতে পাবেন। তাদের যে স্মারকলিপি আমি তা গ্রহণ করতে রাজী আছি, এবং সেটা বিবেচনা করে তার যে জবাব, তা আমরা দিতে রাজী আছি। তবে, এখানে বক্তৃতার ভাষণে আপনারা যা বলেছেন, সেইগুলিই যদি স্মারকলিপির আলোচ্য বিষয় হয়, তাহলে তার উত্তর আমি সর্বসমক্ষে দেবো, সকলেই শুনতে পাবেন।

Shri Satya Priya Roy:

আপনি এখন প্রতিনিধিদের স্মারকলিপি গ্রহণ করছেন কিনা, এবং তারিখ ঠিক করে দিচ্ছেন কিনা, যে প্রতিনিধিদের সঙ্গে কবে আলাপ, আলোচনা করবেন? এরজন্য একটা দিন ঠিক করে দিন, নতুবা আলোচনা আর হবে না, এই কথাই বলে দিন। ডেপুটেশনিষ্ট-দের কবে উনি রিসিভ করছেন, সেটা পরিষ্কার করে উনি বলে দিন, মেমোরাণ্ডাম ওঁরা নিয়ে আসবেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

দেখুন আমি ত বলছি ওঁদের স্মারকলিপি না দেখে, না পড়ে আমি কিছু বলতে পারবো না।

(নয়েজ এ্যাণ্ড ইন্টারাপসনস)

আমার কথা হচ্ছে স্মারকলিপি গ্রহণ করতে আমরা রাজী আছি, এবং আলোচ্য বিষয়টা কি, সেটা বুঝে তবে ত উত্তর দেব? আমি আলোচ্য বিষয়টা কি সেটা বুঝে আমি আলোচনা করতে পারি।

Shri Satya Priya Roy:

স্যার, ওঁনার সঙ্গে এডভান্স কপি পাঠিয়েছি, তাঁর দপ্তরে সেটা আছে। এখন তিনি বলছেন যে আমি কিছু জানি না।

Shri Jatin Chakravorty:

স্যার, আমি বলছি যে আলোচনার বিষয়বস্তু উনি জানেন—এই জন্য বলছি যে আমাদের পরলোকগত মুখ্যমন্ত্রীর কাছে আমরাও কয়েকজন তাঁর কাছে গিয়েছিলাম যারা শিক্ষক নই, আমরা সেখানে গিয়েছিলাম তিনি আমাদের কাছে কতকগুলি প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই সময় সংবাদপত্রেও বেরিয়েছে এবং এই নিয়ে বহু আলোচনা হয়েছে; সেই সম্পর্কে এবং খুব ঠাণ্ডা মাথায়—কারণ এখানে যখন বাদানুবাদ হয় তখন হয় ত কিছুটা উত্তাপের সৃষ্টি হয় কিন্তু যারা আপনার সঙ্গে দেখা করতে আসবে—শনিবার দিন আমাদের হাউস বন্ধ আছে, আপনি শনিবার দিন যদি অনুগ্রহ করে এখানে আসেন আপনাকে এডভান্স কপি পাঠিয়েছি; আজকেও একটা কপি দেওয়া হবে, সেই ভিত্তিতে আলোচনা করতে—আপনি তো কোন দিন এই রকম, আপনি তো ত্রাণমন্ত্রীর মত হৃদয়হীন নন্।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি বলছি আজকে স্মারকলিপিটা পেলে, আমি সেটা আলোচনা করে দেখব বিবেচনা করে দেখব, যদি দেখি তাতে যে বাস্তবিকই তাতে কোন বিষয় এমন আছে যা ফারদার আলোচনা করা প্রয়োজন তখন নিশ্চয়ই আমি সময় দেব, আলোচনা করব, কিন্তু আজকে যে বক্তৃতাটা হল তার আণ্ডার থ্রেট কোন আলোচনা করতে আমি রাজী নই।

Shri Satya Priya Roy:

উনি স্যার, আমাদের সংগে একটা দিন ঠিক করে দেবেন কিনা যে কবে প্রতিনিধিদের সংগে আলোচনা করবেন? স্যার, একজন এডুকেশান মিনিষ্টার সমস্ত শিক্ষক সম্প্রদায়ের পক্ষ থেকে ৫টা চিঠি গত ৫ মাসে দেওয়া হয়েছে। আজ পর্যন্ত উনি মনস্থির করতে পারেন নি। আজকে সকলে এসেছেন।

Shri Jatin Chakravorty:

স্যার, আমি যখন ওনার কাছে কিছু নিবেদন করি তখন আপনি সেটা থ্রেট হিসাবে নেন না—এরা কবলে আপনাদের একটু এলারজি আছে কিছুটা সাবজেকটিভ আপনাদের আছে, আপনি থ্রেট বলে ধরে নেন, সেটা না করে.....

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনি কি বলছেন—কথাগুলি কথা নয় সেগুলি এলারজি? ভাষণগুলি কি ভাষণ নয়?

Shri Jatin Chakravorty:

আপনি কি শুধু মুখের কথাই শুনেছেন অন্তরের কথা শোনেন নি! এটা একটু ভেবে নিন না কেন একটা ডেট টেন্টালিভলি শনিবার।

Shri Rabindralal Sinha: On a point of order, Sir, what are we discussing now? Is it the general discussion of the budget?

Mr. Chairman: The Minister has said that he will receive the memorandum. He will see that and then decide.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার যা বলবার তা আগেই বলেছি আর বেশী কিছু বলতে চাই না।

Mr. Chairman: As far as I understand it, he will first have a look at the paper which will be presented to him and then he will decide whether he will meet the deputation or not. We carry on the work of the House.

(Noise and interruptions.)

Shri Satya Priya Roy:

স্যার, ডেপুটেসান-এর কাছে কি বলব, তাহলে যে উনি তাদের রিসিভ করবেন না।

Shri Narendra Nath Das:

একটা ডেট দিয়ে দিন না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার যা বলবার ছিল আমি পরিস্কার বলেছি, সভাপতি মহাশয় বুঝতে পেরেছেন আমার অপর কিছু বলবার নাই।

Shri Jatin Chakravorty:

তাহলে ঐ শনিবার টেনটেটিভলি ডেট থাকলে পরে ফাইনাল জানাবেন। এই তো ঠিক থাকল?

[5-10—5-20 p.m.]

Shri Satya Priya Roy:

স্যার আপনার তো নাম বলছেন যে আপনি নাকি খুব বুঝে গেছেন।

Mr. Chairman: He is not giving any tentative date now. What he has definitely said is that he will first have a look at the memorandum which will be presented to him and then he will decide upon whether he would give any date to meet the deputationists or not. Is that so?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
ইয়েস।

Shri Jatin Chakravorty:
হরেনবাবুকে আমরা জানতাম ডেমোক্র্যাটিক বলে। কিন্তু যদি এইরকম হয় তাহলে আমরা তাঁকে বুঝব আনডেমোক্র্যাটিক।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আপনি একাধিকবার তো বলেছেন যে এই মিনিষ্ট্রির চলে যাওয়া উচিত।

Shri Jatin Chakravorty:
আপনাকে বলিনি।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:
হোল মিনিষ্ট্রিকে বলেছেন, বাকি রেখেছেন কি?

(নয়েজ এ্যান্ড ইন্টারাপসনস্)

Mr. Chairman: The Hon'ble Minister is not agreeable to give you a date now. That's all that I can say.

Now, I call upon the next speaker. I cannot do anything more than that.

Shri Satya Priya Roy:
তাহলে স্যার, আলোচনার আহ্বান করবেন না এই আবেদন আপনার কাছে করছি। আমরা এদিক থেকে সকলে মিলে ও'র কাছে যে আবেদন করেছি তার উত্তরে উনি কি কিছু বলতে পারবেন না? এটা তাহলে গণতন্ত্র হয় না স্যার।

Mr. Chairman: In that case I shall take the consensus of the House. I have got to proceed in accordance with certain rules and procedures.

Shri Jatin Chakravorty:
আপনি কনসেনস অব দি হাউস নিন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের দাবি তো ও'র কাছে.....

(নয়েজ এ্যান্ড ইন্টারাপসনস্)

Shri Satya Priya Roy:
স্যার, আমরা তো বলছি যে উনি আলোচনা করুন। ৭ মাস ধরে যেটা পাঠিয়েছি সেটার তো উত্তর দেন নি। আজকে গণ প্রতিনিধি দল ওখানে দাঁড়িয়ে আছে। উনি যদি ওখানে না যান, ও'র কাছে আমাদের যে আবেদন সেটা যদি সম্পূর্ণ ব্যর্থ হয় তাহলে আমার মনে হয় সমস্ত অপোজিসানকে ইগনোর করে আপনি বিজনেস চালাতে পারেন না।

Mr. Chairman: But I can't help it.

Shri Satya Priya Roy: The Hon'ble Minister should be democratic and he may help us a lot.

The Hon'ble Rai Rarendra Nath Chaudhuri: I have definitely expressed my idea and I have nothing more to add to what I have already said in this respect.

Shri Narendra Nath Das:
তাহলে এটা কি এই দাঁড়াচ্ছে যে উনি আগে এটা দেখবেন, দেখে পরে একটা ডেট দেবেন

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার কথা হচ্ছে সন্তোষবাবু যে বক্তৃতা করেছেন তিনি যদি সে রকম বক্তৃতা না করতেন তাহলে আজটা খুব সোজা হত। সন্তোষবাবু যে বক্তৃতা করেছেন তাতে তিনি থ্রেট দিয়েছেন। কাজেই আণ্ডার থ্রেট আমি কোন বিষয় আলোচনা করতে চাই না, তবে এখানে যা বক্তৃতা হয়েছে তার উত্তর আমি আপনাদের সমক্ষে দেব। দ্বিতীয় কথা, যে স্মারকলিপিটা দেয়া হবে সেটা আমি বিবেচনা করে দেখবো। আমি যদি দেখি সেটা সন্তোষবাবুর কথারই প্রতিধ্বনী তাহলে ডেট দিয়ে লাভ নেই। আর যদি দেখি স্মারকলিপির মধ্যে এমন কথা আছে যা বাস্তবিকই আমরা বিবেচনা করিনি এবং বিবেচ্য অথবা বিবেচনা করি নি তাহলে নিশ্চয়ই একটা ডেট দিয়ে আলোচনা করবো।

Shri Narendra Nath Das:

আমি যেটা বুঝেছিলাম উনি মেমারাণ্ডামটা দেখবেন, দেখে একটা ডেট দেবেন।

Hon'ble Rai Harendra Nath Chaudhury:

আমি যদি দেখি স্মারকলিপিটা যা এসেছে তাতে দেখা সাক্ষাৎ করে লাভ নেই—সন্তোষবাবুর যে কথা তা যদি হয় তাহলে তার জবাব সকলকে শুনিয়েই এখানে দেব তাহলে আলোচনা করে তো কোন জিনিস মিটবে না। আর যদি দেখি স্মারকলিপিটাই বিবেচ্য কথা আছে যা আমরা বিবেচনা করি নি তাহলে নিশ্চয়ই আলোচনা করবো।

Shri Narendra Nath Das:

উনি স্যার, সন্তোষবাবুর বাজেট বক্তৃতা আর মেমোরেণ্ডামের বক্তব্য এই দুটোর সংগে গুলিয়ে ফেলছেন কেন?

Shri Satya Priya Roy:

আমরা চেয়েছি আমাদের সংগে কবে আলোচনা করবেন তার একটা দিন উনি ঠিক করে দিন। শিক্ষক সম্প্রদায় যদি আসেন তাহলে তিনি একটা দিন ঠিক করবেন না? স্যার, আমি আপনাকে অনুরোধ করবো যে এটার একটা কিছু না হওয়া পর্যন্ত আপনি একটু ধৈর্য ধরুন। আমি এখানে শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাতে চাই যে খুব সামান্য আমাদের দাবী, আপনি ডেপুটেসন মিট করুন। এমন কোন মন্ত্রী নেই যিনি ডেপুটেসন রিসিভ করেন না।

Shri Manoranjan Sen Gupta:

আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন করছি —যখন একটা ডেপুটেসন বাইরে থেকে এসেছে আপনার সংগে আলোচনা করার জন্য তখন তাঁদের প্রতিনিধিদের কথা শুনতে আপনি কেন আপত্তি করছেন। এই রকম ভাবে যে ডেপুটেসন এসেছে আমাদের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ রায় বা বর্তমানে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন তিনি এই রকম ডেপুটেসন রিসিভ করেছেন। আমি আপনাকে রিকোয়েষ্ট করছি অন্ততঃ একটা তারিখ দিন।

Hon'ble Rai Harendra Nath Chaudhury:

আমি বলছি স্মারকলিপিতে কি আছে তা আমি দেখতে চাই, তাতে বিবেচ্য বিষয় কি আছে তা দেখতে চাই—দেখে তারপরে আলোচনা করবো কি না সেটা ঠিক করবো।

Shri Satya Priya Roy:

আপনি কি আমাদের সংগে আলোচনাই করবেন না?

Hon'ble Rai Harendra Nath Chaudhury:

যদি আলোচনা চাইতেন তাহলে সন্তোষবাবুর স্পীচ এরকম হোত না।

Shri Santosh Kumar Bhattacharyya:
স্যার, আমরা চিঠির পর চিঠি পাঠিয়েছি, একটা চিঠিও উনি য়্যাকনলেজ করেন নি. আর আজকে সন্তোষবাবু দেখাচ্ছেন—
he had not the courtesy to acknowledge the letter.

[5-20—5-30 p.m.]

Mr. Chairman: I cannot help you. The work of the House must proceed.

Shri Santosh Kumar Bhattacharyya: No, Sir.

(Noise and interruptions)

(voices from the opposition Benches: We cannot participate in the discussion so long as the teachers are waiting on the streets).

(Noise)

Shri Jatin Chakravorty:
রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়কে বলতেই হবে। উনি খুব অগণতান্ত্রিকভাবে আমাদের প্রতি ব্যবহার করেছেন। স্যার, আপনি অন্ততঃ দশ মিনিটের জন্য হাউস য়্যাডজর্ন করে দিন।

Mr. Chairman: Even if I adjourn the House for ten minutes, I don't think it will help any body.

Shri Satya Priya Roy:
স্যার, এইভাবে হাউস চলতে থাকলে অশোভন হবে। আপনি হাউস কিছুক্ষণের জন্য য়্যাডজর্ন করে দিন।

Mr. Chairman: I don't think it is necessary for me to adjourn the House, like throwing oil on troubled waters, to bring back peace. The Minister is quite decided in his opinion that after having read the memorandum he would give a date and not before that. Is that your idea?

(এ ভয়েস—কবে ডেট দেবেন, সেটা উনি বলুন।)

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আমি ত বলেছি আপনাদের বারম্বার, স্মারকলিপি যেটা পাবো, সেটা পড়ে, যদি দেখি যে তাতে বাস্তবিক এমন জিনিস আছে, যেটা আমরা বিবেচনা করি নি, তাহলে সেটা নিশ্চয় আমরা বিবেচনা করবো।

(নয়েজ এ্যান্ড ইনটারাপসনস—কবে, সেই ডেটটা দিন!)

Mr. Chairman: What he says is this: He won't give a date right now.

Shri Satya Priya Roy:
স্যার, আমার বক্তব্যটা একটু শুনুন। আমরা শুধু আলোচনার জন্য একটা ডেট চাইছি। আমাদের আলোচনার দাবীগুলি না শুনে, তিনি কি করে বিচার করবেন?

Mr. Chairman: If he thinks fit, he will give a date.

(Noise and interruptions.)

Shri Mohammad Sayeed Mia:

স্যার, ওঁরা সকলে কেন এক সঙ্গে চীৎকার করছেন? মাননীয় মন্ত্রী মহাশয় ত পরিষ্কার করে বলেছেন যে স্মারকলিপি পড়ে বিবেচনা করে দেখবেন। যদি প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা করা প্রয়োজন হয়,—তাহলে নিশ্চয় তিনি তার জন্য একটা তারিখ দেবেন।

Mr. Chairman: We have got to go on with our work. It is perfectly clear that the intention of the Education Minister is that he will first receive the memorandum and then he will decide. We have continued too long over this.

(Noise and interruptions)

Shri Jatin Chakravorty:
তাহলে কি করে হবে? তাহলে আমাদের বাদ দিয়ে ওঁরা বক্তৃতা করুন।

Mr. Chairman: I cannot help you.

Shri Satya Priya Roy:

একটা সামান্য জিনিসের জন্য ওঁকে অনুরোধ করেছিলাম, উনি তা মানতে পারছেন না। আমরা এই হাউসে আর থাকতে পারছি না। আপনি হাউস এডজোরন করে দিন।

Mr. Chairman: I think then we have to take the sense of the House. Should we continue?

Voices from the Congress Benches: Yes, Sir, we continue.

Shri Tripurari Chakravarty:
মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমি বিশেষ আবেদন জানাচ্ছি। আমি সমস্ত জীবন শিক্ষকতা করেছি। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে ব্যক্তিগতভাবে অত্যন্ত শ্রদ্ধা করি তা তিনি জানেন। আমিও জানি যে তিনি আমাকেও ভালবাসেন, স্নেহ করেন হয়তো আমার চরিত্রে বা ব্যক্তিত্বে কিছু গুণ দেখেছেন যার জন্য স্নেহ করেন বা আমায় ভালবাসেন। আমি আজ সমস্ত কথা শুনলাম আমার এই বিরোধী পক্ষের বন্ধুদের কথা শুনলাম, সব শুনে আমার মনে হচ্ছে, উনি এতদিন রাজনীতি করে এখন অবসর গ্রহণ করবেন—তাই যাবার পূর্বে উইথ গুড গ্রেস-এর মত মানুষ—কিছুতো কমিট করা হচ্ছে না। শুধু একটা দিন উনি দিন শুধু এইটুকু। আমি বিশেষভাবে আবার আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি, এবং সমস্ত কথা চিন্তা করে আমি অনুরোধ করছি, শান্তির জন্য সৌহার্দ্যের জন্য অনুরোধ করছি, আবেদন জানাচ্ছি তিনি অনুগ্রহ করে আমাদের কথা শুনুন।

Shri Biswanath Mukherjee:
উনি যে কথা বোঝাচ্ছেন এতো সেই কথা আবার এলো—

Mr. Chairman: You are not to speak. It is for the Hon'ble Minister to speak.

Shri Tripurari Chakravarty:
আমার মনে হয় উনি বিবেচনা করে একটা দিন দিন এতে তো কোন সম্মানের হানি হয় না। বরং মর্য্যাদা রক্ষিত হয়। আমার মনে হয় তাহলে খুব ভাল হয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আমি যা বলেছি আর বেশী আমার কিছু বলবার নাই। আমিতো বলেছি যদি কিছু বিবেচনার থাকে যা বিবেচনা করা হয় নাই তা আমি নিশ্চয়ই বিবেচনা করবো। কিন্তু আমি আপনাকে পরিষ্কার বলছি ইন দি ব্যাক গ্রাউন্ড অফ দি ডিবেট যেটা স্টার্ট করেছে আজকে তাতে রয়েছে উইথ থ্রেট। আমি সেইজন্য বলছি আপনাকে, যদি আমি আপনাদের বিচারক রেখে বলি যে এটা আমরা করেছি এবং এটা আমরা করতে পারিনি। এবং আমার কর্তব্য এখানে বলার কারণ এভরি মিনিস্টার ইজ এ সারভেন্ট অফ দি হাউস। আপনাদের সকলকে শুনিয়ে দেব। এর পর আর কিছুই বলতে পারি না।

Shri Satya Priya Roy:

বেশতো আপনি যেটা বলতে চাইছেন সেটা প্রতিনিধিদের বলে দিবেন যে এর বেশী আমরা করতে পারবো না।

Shri Tripurari Chakravarty:

ইংল্যাণ্ডের পার্লামেন্টারী প্রসিডিউরে আমি জানি মাননীয় শিক্ষামন্ত্রী যা বলছেন সে কথা ঠিক যে দেখা করতে হলে আগে একটা মেমোরাণ্ডাম দিতে হয়, সেই মেমোরাণ্ডাম পড়ে তার থেকে যে পয়েন্টস পাওয়া যায় তার উপর আলোচনা করা হয়। এখানে উনি বলছেন একটা কথা আমি শুনলাম যেটা, যে তিনি জানেন না যে মেমোরাণ্ডাম-এ কি আছে এবং কি দাবী উপস্থাপিত হয়েছে। কিন্তু এঁরা সত্যপ্রিয়বাবু যারা এ বি টি এ-এর প্রতিনিধি—তাঁরা বলছেন যে আমরা একথা বরাবরই বলে আসছি —খুব একটা এক্সট্রাভাগান্ট ডিমান্ড বেশী কিছু থাকবে না, বা এই কয়েক বছর যে সমস্ত দাবী করা হচ্ছে, সেই সমস্ত দাবীর কথাই থাকবে—অনুরোধের কথাই থাকবে, দুঃখের কথাই থাকবে, অসুবিধার কথা থাকবে—তা এই নিয়ে যদি একটু আলোচনা করেন—নিগোসিয়েসান তো ব্রেক ডাউন করে আইরীস হোম রুল কোয়েশ্চেন অতবড় ঘটনা—আপনি তো জানেন মাননীয় শিক্ষামন্ত্রী যে কতবার লর্ড জর্জকে ডাকলেন—সেই ডাউনিং ষ্ট্রীট-এর কনফারেন্স কত ফেটফুল কনফারেন্স ব্রেক ডাউন করল। কংগ্রেসের সঙ্গে বৃটিশ গভর্ণমেন্ট কতবার আলোচনা হল, মহাত্মা গান্ধী কতবার গেছেন, সেখানে ব্রেক ডাউন করেছে নিগোসিয়েসন —হল না আবার যুদ্ধ আরম্ভ হল, লর্ড উইলিংডন-এর সঙ্গে মহাত্মা গান্ধী ১৯৩২ এসে আবার আরম্ভ হল। যদি কিছু না হয় শুনবেন না—এতো বরাবর হয়ে থাকে। তাতে কিছু যায় আসে না। আমি বলি দেখা করতে আপত্তি কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhury:

আপনি তো বলছেন এই কথাই যে কথা দিতে হবে যে কবে আপনি আলোচনা করবেন। আমার কথা হচ্ছে আমি আগে মেমোরাণ্ডাম পেতে চাই, এবং তাতে যদি দেখি যে বাস্তবিকই এমন কথা আছে যা আগে কোন দিন বিবেচনা করিনি—তখন আলোচনা করব। কিন্তু আমি যদি দেখি যে মেমোরাণ্ডাম-এ যে কথা আছে তা বারবার আলোচনা করা হয়েছে, যার উত্তর তারা পেয়েছেন বা আমরা তার উত্তর দিয়েছি, জবাব একাধিকবার দিয়েছি তাতে যদি দেখি যে আর নতুন কিছু আমাদের বলার নেই, তাহলে আলোচনা করার কোন প্রয়োজন দেখি না।

Shri Tripurari Chakravarty:

আপনি এই সেসন-এ বসবেন তো?

[5-30—5-40 p.m.]

দি অনারেবল রায় হরেন্দ্র নাথ চৌধুরী : আমার কথা হচ্ছে আমি আগে মেমোরাণ্ডাম পেতে চাই। মেমোরাণ্ডামে যদি দেখি যে বাস্তবিক এমন কথা আছে যা আমরা বিবেচনা করিনি তাহলে সেটা দেখে নিশ্চয়ই সে সম্বন্ধে আমরা আলোচনা করব। যদি দেখি যে মেমোরাণ্ডামে যে কথা আছে সেই কথা আমরা পুনঃ পুনঃ আলোচনা করেছি এবং সে সম্বন্ধে পুনঃ পুনঃ জবাব তাঁরা পেয়েছেন বা আমরা একাধিকবার জবাব দিয়েছি তাহলে নিশ্চয়ই আপনাদের সকলকে জানিয়ে জবাব দেব যে এই কথার উত্তর আমরা একাধিকবার দিয়েছি, আর নূতন করে কিছু দেওয়ার নেই। এই আলোচনারই বা কি আছে। কাজেই আপনাদের কথা আমি শেষ করছি যে আমরা বরাবর এই করেছি, এই পর্যন্ত করতে পেরেছি বা এটা করতে পারিনি, কেন করেছি, কেন করতে পারিনি সেটার কৈফিয়ত আপনাদের দেব।,

শ্রীসত্যপ্রিয় রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কি কি যুক্তি আছে সেটা উনি শুনে তারপর ঠিক করতে পারতেন যে না আমার পক্ষে করা সম্ভব নয় এবং সেটা এই হাউসে বলে দিতে পারতেন যে আমি ডেপুটেসান-এর সংগে আলাপ করে এই যুক্তিতে বলে দিয়েছি যে আমরা পারব না।

দি অনারেবল রায় হরেন্দ্র নাথ চৌধুরী : যদি সম্ভব না হয় তাহলে নিশ্চয়ই বলে দেব।

শ্রীসন্তোষ কুমার ভট্টাচার্য : স্যার, মেমোরাণ্ডামে সমস্ত বক্তব্য বলা যায় না, আলোচনার মাধ্যমে বক্তব্যটা পরিষ্কার হয়ে যায়। কাজেই আপনি কি সেটুকু শুনবেন না?

Mr. Chairman: We cannot discuss the memorandum here.

শ্রীসন্তোষ কুমার ভট্টাচার্য : স্যার, শিক্ষা মন্ত্রীমহাশয় বলেছেন যে মেমোরাণ্ডাম পড়ে বিবেচনা করে দেখবেন। আপনার অবগতির জন্য এখানে পড়ছি—অন ১৭-১২-৬৩ তারিখে আমরা এই মেমোরাণ্ডাম পাঠিয়ে দিয়েছি, উই হ্যাড সেন্ট ইট টু মান্থস ব্যাক।

শ্রীত্রিপুরারী চক্রবর্তী : মাননীয় শিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছে আমার শেষ অনুরোধ জানাচ্ছি। আপনার হয়ত এখনও পরিষ্কার হয়নি, সেজন্য বলছি। আমাদের এদিক থেকে চাচ্ছি না যে অমুক দিন দেখা করতে হবে। এই বাজেট সেসানের মধ্যে আপনি একদিন এই প্রতিনিধি দলের সংগে দেখা করুন বা কথা বলুন না হয়। অনেক সময় ১৫।২০ মিনিটে ভেংগে যায় এ কতবার আমরা দেখেছি। আপনি কংগ্রেস পক্ষের মন্ত্রী, সেই কংগ্রেস বৃটিশ গভর্নমেন্টের সংগে কতবার এই রকম করেছে, নেগোসিয়েসান করে স্বাধীনতা এসেছে। এ আপনি কতবার দেখেছেন। মহাত্মা গান্ধী ১৯২০, ১৯২১, ১৯৩০, ১৯৩১, ১৯৪০ সালে বরাবর চিঠি লিখেছেন, আলোচনা করেছেন, অনেক সময় ১৫ মিনিটের মধ্যে সেই আলোচনা সভা ভেংগে যেত। আপনি ইচ্ছা করলে ১৫ মিনিটের মধ্যে প্রতিনিধি দলকে ফিরিয়ে দিতে পারেন, দেখা করতে দোষ কি।

Mr. Chairman: Any day that will suit him.

Shri Tripurari Chakravarti: Yes, Sir, any day that will suit him.

শ্রীরবীন্দ্রলাল সিংহ : আজকে জেনারেল ডিসকাসান অন বাজেট হচ্ছে। অনেক সময় নষ্ট করেছেন, ওঁরা ওঁদের বক্তব্য বলেছেন এবং শিক্ষা মন্ত্রীমহাশয় তাঁর মতামত সুস্পষ্ট ভাষায় প্রকাশ করেছেন। তিনি এই কথা বলেছেন যে মেমোরাণ্ডাম পড়ার পরে আলোচনার বিষয় বস্তু যদি থাকে এবং অনালোচিত বিষয় যদি থাকে তাহলে তিনি আলোচনা করবেন। তা না হলে উনি করবেন না। অর্থাৎ দ্বিবার্ষিক নির্বাচনে কারোর সুবিধা করে দেওয়ার জন্য উনি আলোচনা করবেন না।

Shri Tripurari Chakravarty: That is an insinuation which you do not deserve.

শ্রীসন্তোষ কুমার ভট্টাচার্য : এই যদি কংগ্রেসের প্রেসিডেন্ট হয় তাহলে সেই কংগ্রেসের বারোটা বেজে গেছে।

(নয়েজ এণ্ড ইণ্টারাপ্‌সান্স)

[At this stage all the opposition members walked out the chamber]

Shri K. L. Dhandhania: Mr. Chairman, Sir, only a week ago I got the privilege of sitting in the Council and I thank you very much for giving me an opportunity to express my views on the Budget. Sir, at the outset I wish to congratulate the Finance Minister who has placed before us a bold and sound budget showing a surplus revenue budget with illustrative statements. Sir, the budget statement gives us a very clear picture of the finances of the State, the achievements made by the State. He has also outlined his programme during the next year to achieve several targets. His speech is very thoughtful, very instructive and inspiring.

Now, Sir, I will confine myself only to two or three subjects. He has placed a surplus budget inspite of so many stresses and strains on our economy. There were very sharp rises in the price of many items and the estimates were upset but thanks to him that without any new proposal for taxation he has placed a surplus budget of about Rs. 5 crores. Sir, I am sorry my opposition members are absent but if they had been present they would have applauded our Finance Minister in winning the race in performing the best permormance amongst all the States in our country, in achieving the target of Five-Year Plan. Sir, our Planning Commission fixed only a target of Rs. 250 crores but our ex-Chief Minister Dr. Roy at that time had emphasised that our Third Five-Year Plan must be of Rs. 350 crores. Sir, it is a matter of great satisfaction that our Finance Minister has shown in his budget that we will be able to achieve our target to the extent of Rs. 301 crores or more,

[5-40—5-50 p.m.]

that is by Rs. 50 crores more or 20 per cent. more. Sir, this is a matter of great achievement. We should all be proud that West Bengal has still got the capacity to perform its duties. Sir, not only that, our Government very strong and it can do what it says. It has not lost its stamina but it has got the capacity to perform its duties. Sir, not only that, our Government has been able to achieve this target much more than the Planning Commission in spite of the imposition of the heavy Central taxes in the last budget. Sir, originally only Rs. 1100 crores of taxes was envisaged in the Third Five-Year Plan but only within three years this has been revised to Rs. 1900 crores. It is well known that our State Exchequer like an ordinary consumer has to feel all the stresses and strains of the economy. The Finance Minister has also to face all the burdens of the Central taxes. All his plans, all his estimates were upset on account of the increasing prices and increased Central taxes but thanks to him that he has sucreeded in achieving the Five-Year Plan target. He has succeeded in placing a surplus budget and he has got no proposal for any new taxation.

Sir, our Finance Minister has placed an Economic Review beor us this time. That shows that every citizen of the State has to bear Central taxation which is double the State taxation. Our Central taxation is Rs. 7.36 nP. whereas our State taxation is only Rs. 3.15 nP. This means that the burden on the public in the State is double on account of the Central taxes. Sir, in spite of this our Finance Minister has suggested an outlay of about Rs. 700 crores in the Fourth Five-Year Plan. I would emphatically suggest that this amount of Rs. 700 crores for the Fourth Plan will be wholly inadequate for this State; there should be about Rs. 1,000 crores in the Fourth Five-Year Plan. Sir, this is a border State. It has still the after-effects of the partition; it has still got the influx of refugees and therefore, the situation is very difficult. In these circumstances, for building the economy of the State our next Five-Year Plan must be of Rs. 1,000 crores. Sir, you will be pleased to know that our State, though very small in population, though very badly affected on account of its being a border State and influx of refugees and other things, it is number one as regards small savings—it has exceded even Maharastra in small savings. It is a matter for which the State Government deserves our congratulation. Sir, you might have observed that Calcutta alone contributes 40 per cent. life insurance premium in the whole of Eastern Zone. Our per capita taxation in the State is much less than in Maharastra whereas our nation-building expenditure is much more than that of Maharastra. I, therefore, think, Sir, that everybody will share my views when I say that our Finance Minister is very successful in piloting the financial ship in the troubled waters of the country.

Sir, in our State we have got a very acute as also chronic problem of the middle classes. For the last one century or more the economy of our State has been very much based upon the middle class. Our economic and social structure has been built—and I think I am correct if I say that middle-class is the backbone of our State, but for the reasons beyond the control of our Government, beyond the control of our State, the economic and social conditions of the middle-class are not better than those in the pre-independence days. On account of Pakistan's activities, on acount of influx of large number of refugees, every home in West Bengal is badly affected. We must think about the middle-class people. We must solve their problems. If we want peace, not only political but also economic and social, we must pay our best and full attention towards their problems.

Sir, before independence the middle-class of West Bengal or Bengal had many opportunities throughout the country for several occupations including liberal professions. Those doors have been narrowed down. Now, today, even in the Central Government services, the doors are very much narrowed down for the middle-class of this State. If the comparative figures are taken it will be apparent. The only solution now lies in creating more opportunities for the middle-class in this State. And, in my opinion, Sir, there are large opportunities for the middle-class in this State. We are spending thousands and thousands of rupees in connection with the development of our State and of the country. There are and there will be thousands of small scale industries in this State and I can confidently say, Sir, from some experience at my disposal that there are big and large opportunities for our educated men coming out of the universities and they can have gainful occupations in these industries. There are also very good opportunities in the trade of the State. I will give you some figures in this connection. Our State income, or national income, is Rs. 970 crores per year out of which Rs. 129 crores is contributed by the trade, i.e., about 13½ per cent. is contributed by the trade. I wonder, are there not sufficient opportunities for the middle-class of this State, for our educated men coming out of the universities, colleges and schools for gainful occupations in the trades which contribute about Rs. 129 crores per year. The turnover of trade, in my opinion, is about Rs. 2,000 crores per year in West Bengal alone.

[5-50—6 p.m.]

Sir, as the time at my disposal is very limited I will only mention about one more aspect which affects the middle-class very seriously, i.e., the housing problem. Our Central Finance Minister, Shri T. T. Krishnamachari has recently stated that no project has been kept pending for want of rupee finance. In Calcutta, in Greater Calcutta every middle-class family is seriously affected on account of the housing scarcities. In fourth of Fifth Five-Year Plans we must have at least one lakh tenements which will not only give them housing facilities but also create more opportunities for employment. This will also create more opportunities for new small-scale industries and, at the same time, it will relieve the city from agonies or many miseries through which it is passing. This will automatically solve the slum clearance problems.

I will now give one more suggestion. Our educated boys coming out of the universities want to have their trades established or shops open but it is most unfortunate that they are not getting the shops at reasonable rents. I would like to suggest most humbly to my Finance Minister, let him provide

some money for constructing new markets in Calcutta and in Greate Calcutta and giving the shops at reasonable rents like the residential house to our young boys coming out of the universities and I can assure him tha by so doing he will not only get adequate but also a reasonable return o the capital which will be invested therein. On the other hand, thousand on our young boys will be able to come in the trade and in the long run they will be very successful businessmen.

With these words, Sir, I support the budget estimates presented by ou Finance Minister.

Shri Dhajadhari Mondal:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান ১৯৬৪-৬৫ সালের বাজেটকে পুরাপুরি সমর্থন করতে গিয়ে প্রথমতঃ এই রাজ্যের কয়লা সম্পদের উন্নয়নের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বাংলার কয়লা সর্বভারতে কেন একদা সমগ্র বিশ্বেও সমাদৃত হয়ে এসেছিল। এই সম্পদকে যদি উন্নয়ন করা যায় তাহলে আমাদের অনেক শিল্পের মাধ্যমে বেকার সমস্যার সমাধান হতে পারে। রাণীগঞ্জ, আসানসোল এলাকা একটা বিস্তীর্ণ কয়লা ভূমির এলাকা। এখানে অনেক উৎকৃষ্ট ধরণের কয়লা চাপা পড়ে আছে। একে যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে আধুনিক যন্ত্র দিয়ে উন্নত করা যায় তাহলে অনেক শিল্প সৃষ্টি হতে পারে। এই শিল্প সৃষ্টির দ্বারা অনেক বেকার সমস্যার সমাধান হতে পারে। বিদেশীদের বাদ দিয়ে আমাদের দেশীয় মাইনিং ইঞ্জিনীয়ার এবং কারিগরির দ্বারা এই কয়লা শিল্পের উন্নয়ন করা যেতে পারে। এমন কি আমার দৃঢ় বিশ্বাস ভারতে উৎপাদিত যন্ত্রপাতির সাহায্যে এই কয়লার কাজ করা যেতে পারে। অতএব এইজন্য ফরেন এক্সচেঞ্জের দরকার নাও হতে পারে। এই কয়লা শিল্প চালাতে হলে যদিও বিদ্যুতের প্রয়োজন হবে তাহলেও আমার মনে হয় সরকার অতিরিক্ত বিদ্যুৎ প্রস্তুতের জন্য ব্যবস্থা করে দিয়েছেন, যেমন ব্যাণ্ডেল থার্মাল পাওয়ার স্টেশন। এই বিদ্যুতের দ্বারা কয়লা শিল্প চালিত হবে। এই প্রসঙ্গে আমি আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রদত্ত আশ্বাস বাণীর কথা এখানে উল্লেখ করতে চাই। ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিমবঙ্গে যেসমস্ত কয়লা ভূমি আনটাচ্‌ড আছে সেগুলির উন্নয়ন করিয়া নিজেদের হাতে গ্রহণ করিবার পরিকল্পনা করিয়াছিলেন। সেই পরিকল্পনার কি হল তা আমি এখন জানি না। আমার মনে হয় এই পরিকল্পনায় হাত দিলে অনেক শিল্পের সৃষ্টি হতে পারে এবং সেই শিল্প সৃষ্টির দ্বারা বেকার সমস্যার কিছুটা সমাধান হতে পারে।

আর একটা বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকার তপশীলী সমাজের কল্যাণের জন্য চেষ্টা করছেন কিন্তু এদের দিকে আরো নজর দেয়া প্রয়োজন। দেশ যখন সকল দিক দিয়া অগ্রসর হচ্ছে সেই সময় উপযুক্ত দাক্ষিণ্য ও সাহায্যের অভাবে এরা যেন পিছিয়ে না পড়ে। তপশীলী সমাজের ছাত্র ছাত্রীদের বিজ্ঞান, কারিগরী শিক্ষার জন্য আরো অর্থ বরাদ্দের জন্য আমি সরকারকে অনুরোধ করছি। এই বলে আমি এই বাজেটের প্রতি আমার পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Shri Byomkesh Chakravarty:

মাননীয় পরিষদপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার প্রতি পূর্ণ সমর্থন জানাই। পরিষদের ইতিহাসে সর্বপ্রথম বাংলাভাষায় বাজেট পেশ করে তিনি একটা ঐতিহাসিক দৃষ্টান্ত স্থাপন করেছেন। এজন্য তাঁকে আমি অকুণ্ঠ অভিনন্দন জানাচ্ছি। এই সুযোগে পশ্চিম দিনাজপুরের কয়েকটা সমস্যা পরিষদপাল মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনার জন্য তুলে ধরতে চাই। সমস্যা সংকুল পশ্চিমবাংলার অন্যান্য জিলার জন্যে পশ্চিম দিনাজপুরের সমস্যা সর্বাধিক না হলেও বিশেষ গুরুত্বপূর্ণ বল্লে অত্যুক্তি হবে না। আমার মনে হয় সরকারী এবং সরকারী যাহায্যে সেখানে স্মল-স্কেল ইণ্ডাস্ট্রী ওপেন করা

প্রয়োজন। আমি প্রস্তাব করি বালুরঘাটে একটি ইণ্ডাস্ট্রীয়াল ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন করা হোক এবং তাতে ফিটার, কার্পেন্টার, সীট মেটাল ওয়ার্কার, মোটর মেকানিক, ইলেকট্রিসিয়ান, মোল্ডার, পেন্টার, ডেকরেটর, সার্ভেয়ার, প্যাটার্ন মেকার, ওয়ারম্যান, ওয়েল্ডার এগুলি শিক্ষার ব্যবস্থা করা হোক। ছাত্রদের উক্ত বিষয়ে শিক্ষা দিলে এর দ্বারা সুষ্ঠুভাবে রিক্স বডি বিল্ডিং এবং অটোমবাইল রিপেয়ারীং শপ করে ট্রেনিং-কাম-প্রোডাকসন সেণ্টার চলতে পারে। এছাড়া বালুরঘাটে একটা স্পিনিং মিল স্থাপন করবার জন্য অনুরোধ করছি। বালুরঘাটে একটা পোলট্রি এবং ডাক মাল্টিপ্লিকেসন সেণ্টার স্থাপন করা হোক, তাতে জনসাধারণ পোলট্রি ফার্মিং সম্বন্ধে যথেষ্ট উৎসাহিত হবেন এবং ছোট ছোট প্রাইভেট ফার্ম করে একদিকে উৎপাদনে সাহায্য এবং অন্যদিকে অর্থনৈতিক সমস্যার যাকিছু সমাধান করতে পারেন। পরিশেষে আমি প্রস্তাব করি বালুরঘাটে অবিলম্বে একটা পলিটেকনিক স্থাপন করা হোক। ওখানকার ছাত্রেরা অর্থাভাবে উচ্চশিক্ষা নিতে পারে না। কারিগরী শিক্ষা করে একদিকে তারা দেশকে সাহায্য করতে পারে, অপরদিকে বেকার সমস্যার সমাধান করে আর্থিক অবস্থার উন্নতি করতে পারে। মাননীয় পরিষদপাল মহাশয়, আপনার মাধ্যমে পুনরায় পশ্চিমবঙ্গ সরকারকে উক্ত বিষয়গুলি বিবেচনার জন্য অনুরোধ জানাইয়া এই বাজেটের প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Dr. Ras Behari Pal:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তার সমর্থনে কয়েকটা কথা আপনার মাধ্যমে উপস্থিত করছি। আমরা দেখতে পাচ্ছি এই প্রদেশে বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে যেসব কাজ গ্রহণ করা হয়েছে, বিশেষভাবে শিল্পক্ষেত্রে, জনস্বাস্থ্য ক্ষেত্রে এবং আরো অনেক ক্ষেত্রে সেগুলি বিশেষভাবে সাফল্য অর্জন করেছে। আমরা স্বাস্থ্য ক্ষেত্রে একটা জিনিস বিশেষভাবে দেখতে পাচ্ছি। ১৯৪৮ সালে প্রতি হাজারে মৃত্যু হার ছিল ১৮·১, ১৯৬২ সালে সেই মৃত্যু হার কমে দেখা যাচ্ছে ৬·৫ হয়েছে।

(6—6-10 p.m.)

আমরা ম্যালেরিয়া প্রভৃতি যে সব ব্যাধির প্রকোপ ১০।১৫ বছর আগে বিপুলভাবে দেখেছি, আজকে সেই ম্যালেরিয়া প্রায় নির্মূল হয়ে গিয়েছে বলা যেতে পারে। পানীয় জল সরবরাহের উন্নত ব্যবস্থার ফলে কলেরা প্রভৃতি ব্যাধিও অনেকটা প্রতিকার হয়েছে।

আমি একটা বিষয় এখানে উপস্থিত করতে চাচ্ছি যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে প্রায় ১০,০০০ নলকূপ স্থাপন করা হয়েছিল, তার মধ্যে বেশ কিছু অংশ, শতকরা ৩০টা প্রায় অকেজো হয়ে গিয়েছে, সেগুলির পুনরায় সংস্কার করা দরকার। অবশ্য তৃতীয় পরিকল্পনায় ইতিমধ্যেই প্রায় ৯ হাজার নলকূপ বসেছে এবং ১৯৬৪-৬৫ সালের যে বাজেট তাতে আরও আড়াই হাজার নলকূপ বসাবার ব্যবস্থা করা হয়েছে। শহরাঞ্চলেও জল সরবরাহের পরিকল্পনাগুলি যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা আমাদের করতে হবে। ইতিমধ্যে ১৫টি পরিকল্পনা কার্যকরী করা হয়েছে। বর্তমান পরিকল্পনার মধ্যে আরও ১২টি সম্পন্ন হওয়ার সম্ভাবনা আছে, তা ছাড়া আরও কয়েকটি পরিকল্পনা গ্রহণ করার জন্য ব্যবস্থা করা হয়েছে, সেগুলি যাতে তাড়াতাড়ি গৃহীত হয় তারজন্য আমি সরকারকে অনুরোধ করছি।

প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি বিশেষভাবে খুব উল্লেখযোগ্য। আমরা দেখতে পাচ্ছি দ্বিতীয় পরিকল্পনার শেষে যেখানে প্রাথমিক শিক্ষার সাড়ে আটাশ লক্ষ ছাত্র-ছাত্রী ছিল সেখানে ১৯৬৪-৬৫ সালে ৪০ লক্ষ ছাত্র-ছাত্রী প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করবে, এইটা ধরা হয়েছে। এটা আমরা মেদিনীপুর জেলায় বিশেষভাবে অনুভব করছি। আমাদের যে টার্গেট ৮০ পারসেণ্ট, অর্থাৎ ছয় থেকে এগার বছর বয়সের ছাত্র, তাদিগকে বিদ্যালয়ে উপস্থিত হতে পারবে, সে সম্ভাবনা নিশ্চয় আছে এবং আমরা এবিষয়ে অনেকটা অগ্রসর হয়েছি। এখন এই যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক এবং বনিয়াদিতে পরিণত করবার যে পরিকল্পনা

সরকার গ্রহণ করেছেন সেই সম্পর্কে আমি কিছু আলোচনা করতে চাই। এখানে যে সমস্ত বাধা ও অসুবিধা আছে সেগুলি জানা দরকার, এবং সরকারকে সেদিকে মনোযোগ দিতে হবে। আমরা দেখতে পাচ্ছি মেদিনীপুর জেলার মত আরও কয়েকটি জেলা আছে যেখানে ট্রাইবাল লোকেরা প্রায় শতকরা ৮০ জন বাস করে, সেইসব এলাকাগুলিকে বাধ্যতামূলক শিক্ষার আমলে আনতে হলে স্থানীয় শিক্ষকের প্রয়োজন। সেই সমস্ত অঞ্চলে যাতায়াতের খুবই অসুবিধা থাকায়, এবং স্থানীয় শিক্ষক না পাওয়া যাওয়ায়, ২০।২৫ মাইল দূর থেকে প্রাথমিক শিক্ষকগণ সেখানে গিয়ে শিক্ষার ব্যবস্থা করতে পারেন না। সেইজন্য আমার মনে হয় ঐসব অঞ্চলে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করতে হলে, এবং তারজন্য উপযুক্ত প্রয়োজনীয় শিক্ষক যদি সেখানে রাখবার ব্যবস্থা করতে হয়, তাহলে সেই সমস্ত অঞ্চলে সরকারের প্রচেষ্টায় কিছু কিছু মাধ্যমিক শিক্ষক করা দরকার যাতে সেখানে মাধ্যমিক শিক্ষা প্রাপ্ত শিক্ষকগণ ঐসব বিদ্যালয়ে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার ভার গ্রহণ করতে পারেন। দেখা যাচ্ছে যে বালিকারা ঠিকমত বিদ্যালয়ে আসছে না। তাদের আসবার জন্য যেসব ব্যবস্থার প্রয়োজন, তা সর্বতোভাবে চেষ্টা করতে হবে। আমার মনে হয় যে বিদ্যালয়ে যদি শিক্ষিকার সংখ্যা বৃদ্ধি করা যায়, তাহলে সেখানে কিছু, কিছু বেশী ছাত্রী আনা যেতে পারে। সেদিকেও সরকারের দৃষ্টি দেওয়া দরকার।

মেদিনীপুর, ২৪-পরগণা, বর্দ্ধমান প্রভৃতি বড় বড় জেলাতে মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কয়েক হাজারে পরিণত হয়েছে। অনেক স্তরে দ্বিগুণ, তিনগুণ পর্যন্ত হয়েছে। সেই ক্ষেত্রে একই জেলা পরিদর্শকের দ্বারা স্কুল বোর্ডের সম্পাদকের কাজ এবং জেলার শিক্ষার পরিদর্শনের কাজ সম্ভব নয়। একথা আমরা কয়েক বছর আগে সরকারের গোচরে এনেছিলাম। অবিলম্বে অন্ততঃ বড় বড় কয়টি জেলার জন্য বিশেষভাবে একজন পরিদর্শকের উপর জেল স্কুল বোর্ডের সম্পাদকের দায়িত্ব অর্পণের ব্যবস্থা হওয়া উচিৎ। আমি স্যার একটি বিষয় বলে আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে কৃষি উন্নয়নের কথা। আমাদের দেশে কৃষি উন্নয়নের জন্য যেসব ব্যবস্থা করা দরকার তার মধ্যে সমস্ত বিষয় এখানে আলোচনা করতে চাই না। একটি বিষয়ে বিশেষভাবে বলছি সেটা হচ্ছে এই মাইনর ইরিগেশান বা ক্ষুদ্র সেচ পরিকল্পনায় আমাদের এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ১৫ কোটি ৮৪ লক্ষ টাকা ধরা হয়েছে। এই কয়েক বছরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৪ সাল বা ৬৩-৬৪ সাল পর্যন্ত ৮॥ কোটি টাকার বেশী ব্যয়িত হবে না। অথচ এই মাইনর ইরিগেশান-এ ডিপ টিউবওয়েল-এ ট্যাঙ্ক ইরিগেশান প্রভৃতি আছে। এই ক্ষুদ্র সেচ পরিকল্পনার দ্বারাই আমাদের কৃষি একটা প্রধান সহায় বলা যেতে পারে। অথচ এদিকে বিশেষ দৃষ্টি দেওয়া হচ্ছে না বলে আমার বিশ্বাস। যেমন দেখতে পাচ্ছি ১৩ শো টিউবওয়েল এই পরিকল্পনায় হবার কথা কিন্তু এ পর্য্যন্ত ৪০৯টি টিউবওয়েল হয়েছে এবং তার মধ্যে কার্য্যকরী হয়েছে মাত্র ১৫৫টি। আর একটি জিনিষ আমি দেখতে পাচ্ছি কৃষিকার্য্যে যারা নিযুক্ত হবেন তাদের মধ্যে একটা শিক্ষাদানের ব্যবস্থা ছিল এই জন্য এই পরিকল্পনাতে ২১ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। এর মধ্যে দেখা যাচ্ছে ১৯৬৩-৬৪ সালে মাত্র ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল আবার রিভাইজ্‌ড্‌ বাজেটে সেটা ১০ হাজারে পরিণত করা হয়েছে। মনে হচ্ছে এই যে ফারমার ট্রেনিং স্কীম যেটা ছিল সেই স্কীম কোনও রকমে কার্য্যকরী করা যাচ্ছে না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কালে এইটা ছিল। কিন্তু আরও ৭টি ইনট্রোডিউস করা হবে কিন্তু সেটা কার্য্যে পরিণত করা হয় নি। যাহাই হউক আবার ১৯৬৪-৬৫ সালে ২ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং ৬টি ঐ ধরণের বিদ্যালয় স্থাপন করবার পরিকল্পনা রয়েছে। আমি আশা করি যে সরকার নিশ্চয়ই এইগুলি স্থাপন করবেন। আমি আর বিশেষ কিছু বলতে চাই না। অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তা আমি পূর্ণভাবে সমর্থন করছি।

Shri Sudhindra Nath Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সামান্য কিছু বলবো যেহেতু আমি শেষ বক্তা আজকের দিনে। আমার এই বাজেট সম্বন্ধে কিছু বক্তব্য আমি রাখছি। আমাদের শৈল মুখোপাধ্যায় মহাশয় অত্যন্ত সুচিন্তিতভাবে এই বাজেট প্রণয়ণ করেছেন তারজন্য প্রথমেই আমি তাকে আমার ধন্যবাদ জানাচ্ছি। এবং আমি মনে করি যে তার হাতে আমাদের এই যে পশ্চিমবঙ্গের

অর্থনীতি সুষ্ঠুভাবে পরিচালিত হবে। এই প্রসঙ্গে সামান্য গুটি কয়েক কথা আমি বলতে চাই, প্রথমে খাদ্য এবং এগ্রিকালচার বা কৃষি এর আগেও আমি অন্যান্য বক্তৃতায় বলেছি যে কথা। আমি দুঃখের সংগে জানাচ্ছি যে তার সম্বন্ধে সরকারের এখনও দৃষ্টি আসে নি। সেটা হোল এই যে আমাদের কৃষি ব্যবস্থার উন্নতি করা দরকার। কিছু উন্নতি নিশ্চয়ই হচ্ছে। পশ্চিমবংগ সরকার স্বর্ণ কলস লাভ করেছেন। তার সাথে সমস্ত ভারতবর্ষের মধ্যে পশ্চিমবংগের কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে।

[6-10—6-18 p.m.]

অন্যান্য দেশ অপেক্ষা। কিন্তু আমার মনে হয় সামান্য কিছু চেষ্টা করলে আরো কিছু উন্নতি হতে পারে, সে সম্বন্ধে গুটিকতক কথা আমি বলতে চাই। যেমন ধরুন, আজকে আমাদের পশ্চিমবংগে তথা সমগ্র ভারতবর্ষে সমস্ত ইউনিয়ন সমস্ত জায়গা ব্লকের মাধ্যমে এসেছে। আপনার বোধ হয় জানা আছে যে এই ব্লকে আমাদের কোন এগ্রিকালচারাল রসায়নাগার নেই যেখানে আমাদের সয়েল টেস্টিং হতে পারে, অন্যান্য ব্যবস্থা হতে পারে। সমস্ত পশ্চিমবংগে মাত্র একটি কি দুটি আছে। উদাহরণস্বরূপ বলাগড় থানার কথা বলি, ৮ স্কোয়ার মাইল এরিয়া, এই এরিয়ার মধ্যে বহু রকমের মাটি আছে—স্যান্ডি, দোঁয়াশ ইত্যাদি ৩।৪ রকমের আছে। এখন সাধারণ বৈজ্ঞানিক পদ্ধতিতে যেটুকু জানা গেছে তাতে সব রকম মাটি সব রকম চাষের উপযুক্ত হয় না, সব জায়গায় সব রকম সার দেওয়া যায় না। এখন যদি সেইসব জায়গার মাটি ল্যাবরেটারিতে টেস্ট করার ব্যবস্থা থাকে তিনটা কি চারটা ব্লকের মাধ্যমে তাহলে তাড়াতাড়ি কৃষির যাতে উন্নতি হতে পারে তার ব্যবস্থা করতে পারি। আমি এই দিকে সরকারের বিশেষ দৃষ্টি আনছি যাতে তাঁরা খুব শীঘ্র এই জিনিসটার ব্যবস্থা করে দিতে পারেন। তারপর, সিড ক্লালটিভেশান, অন্যান্য জিনিস আছে, প্যাকেজ কালটিভেশান হচ্ছে এবং তার প্রচুর ফলও পাওয়া যাচ্ছে। যখন খাদ্য ব্যবস্থার দিকে সমস্ত নজর এসে পড়েছে তখন এইসব জিনিসগুলি যদি তাড়াতাড়ি করতে পারি তাহলে অনেক কম খরচে আমাদের এগুলি হতে পারে। তারপর দেখা যাচ্ছে এই খাদ্য বা কৃষির ব্যাপারে ইরিগেশান ছাড়া খুব বেশী কোন উপকার হয় না। ইরিগেশান সম্বন্ধে আমি বলব যে ঐ যে ব্লক অফিসার এক্সটেনসান অফিসার যারা আছে তাদের আমরা অন্যান্য কাজ যথা কৃষি ঋণ দেওয়া রিলিফ ইত্যাদিতে এত ব্যস্ত করে রেখেছি যে তাদের দ্বারা বিশেষ উন্নয়ণের কাজ হচ্ছে না। সে দিক থেকে যদি আমরা অন্য ব্যবস্থা করতে পারি এবং প্রত্যেকটি ব্লক অফিসার বা এক্সটেনসান অফিসারকে যদি দায়ী করতে পারি যে আপনার এরিয়ায় কেন এই ফসল ফলল না বা ফসল যদি তারা ভাল ফলাতে পারেন তার যদি কোন রিওয়ার্ডের ব্যবস্থা করতে পারি তাহলে তার দ্বারা বিশেষ উপকার সেখান থেকে হবে। এই নিয়ে আমি এর আগে অনেক অনুরোধ জানিয়েছি এবং পুনরায় জানাচ্ছি। আশা করি আমাদের সংশ্লিষ্ট মন্ত্রী যিনি আছেন তিনি এই দিকে বিশেষ মনোযোগ দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের এখানে সবচেয়ে যেটা বার্ণিং প্রবলেম সেটা হচ্ছে আনএমপ্লয়মেন্ট প্রবলেম। আনএমপ্লয়মেন্ট প্রবলেম বা মিডিল ক্লাস প্রবলেম সম্বন্ধে একটু আগে একজন বক্তা বলেছেন। আনএমপ্লয়মেন্ট প্রবলেম এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছি যে যার সম্বন্ধে বলা যেতে পারে ইট ব্রুকস নো ডিলে ফর সলিউসান। আমি সামান্য ব্যবসা করে থাকি এবং এর আগেও আমি দু'চারটে কথা বলেছি, কিছু সাজেসানও দিয়েছিলাম। আমরা সকলে বাঙালী শ্রম বিমুখ বলে একটা কথা জানতাম বা শুনেছিলাম। এটা আজকের দিনে বলা যায় না। আমরা দেখতে পাচ্ছি বাঙালী যুবক ইঞ্জিন চালাচ্ছে, কোক ওভেন চালাচ্ছে, বয়লারে কয়লা দিচ্ছে এবং যত রকমের কাজ করা সম্ভব তারা সমস্ত করছে। তাহলে কেন এই আনএমপ্লয়মেন্ট প্রবলেম আসছে? আমি কোন প্রভিনসিয়ালিজম বা পক্ষপাতদুষ্ট না হয়ে আমাদের সরকার বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যিনি বহু লোক হিতকর জনহিতকর কাজ করছেন তাঁর বিশেষ দৃষ্টি এই দিকে আনছি যে এই যে বাঙালী যুবক যাদের আমরা চিলড্রেন অব দি সয়েল বলে থাকি তাদের এমপ্লয়মেন্টের কি ব্যবস্থা করা যায় তার জন্য বিশেষ কমিশন হোক বা বিশেষ মন্ত্রী হোক বা বিশেষ কোন একটা জিনিস করা দরকার যাতে তাঁদের বের করতে হবে যে কেন এরা এমপ্লয়মেন্ট পাচ্ছে না।

আজকে ভারতবর্ষে এবং তার মধ্যে বাংলা দেশেও বহুভাবে উন্নতি হচ্ছে। সেই উন্নতির খানিকটা অংশ কেন এরা পাচ্ছে না। আজকে গ্রামের সংগে যাদের সম্পর্ক আছে তাঁরা গ্রামে গেলেই দেখতে পান বা স্কুল বোর্ডের সংগে যাদের সম্বন্ধে আছে—এক কথা চাকরী চাই। স্কুল ফাইন্যাল কোন রকমে পাশ করেছে, ৭০।৭৫ টাকা মাইনার চাকরী না হলে চলছে না। সেখানে ধরুন ছোটখাট শিল্প যা গ্রামের দিকে হতে পারে বা ছোটখাট এগ্রিকালচারাল ষ্টেজে শিল্প যা হতে পারে এর ব্যবস্থা কেন হচ্ছে না? আমি সরকারকে বিশেষ অনুরোধ করছি যাতে করে তারা এ সম্বন্ধে খুব শীঘ্র কোন ব্যবস্থা করতে পারেন। তা না হলে সমস্ত জিনিস আমাদের বানচাল হয়ে যাবে। আমি আর একটা কথা বলে শেষ করবো—স্বাস্থ্য সম্বন্ধে আমি আগেও এ কথা বলেছি যে আমাদের দেশে সবরকম পরিকল্পনা নষ্ট হয়ে যাচ্ছে, পপুলেসন এক্সপ্লসনের জন্য জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা ঠিকমত এখানে হচ্ছে না। যাঁদের গ্রামের সংগে যোগাযোগ আছে তাঁরা জানেন যে হেলথ সেন্টার বা অন্যান্য প্রতিষ্ঠান যা আছে সেখানে জন্মনিয়ন্ত্রণের জন্য ভ্যাসেকটমি বা লাইগেসনের খুব সুব্যবস্থা নেই। সহরে, ডিষ্ট্রিক্ট টাউনে বা সাবডিভিসনাল টাউনে থাকতে পারে কিন্তু হেল্‌থ সেন্টারে কিছু নেই। আমি আমাদের জনপ্রিয় সরকারকে অনুরোধ জানাবো যে এদিকে তাঁরা বিশেষ মনযোগ দিন। মোবাইল ইউনিটস হোক বা অন্যান্য যে কোন ব্যবস্থার মাধ্যমে হোক, তাঁরা আশু এমন ব্যবস্থা ঠিক করেন যার দ্বারা গ্রামের লোক এ ব্যাপারে সুখ সুবিধা পেতে পারেন। একটা কথা এখানে আমি বলি—আমার গ্রাম রেল লাইন থেকে ১০ মাইল দূরে, একটা যুবক ২৭।২৮ বছর বয়স চাষার ছেলে, আমি একদিন বসেছিলাম, আমার ডাক্তারকে বলছে আমার জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা যদি করতে পারেন, লাইগেসন বা ভ্যাসেকটমি সে বলতে পারলো না কিন্তু বুঝিয়ে সে দিল, বল্লো আমি যেতে পারছি না কারণ আমার বাপ-মা চান না—আমি চাই আমাদের কাছাকাছি যদি ব্যবস্থা হত তাহলে আমি বা অনেক যুবক আছেন যাঁদের ২।৩টা সন্তান হয়ে গেছে তাঁরা করাতে চান। কাজেই বুঝা যাচ্ছে এ জিনিসের অত্যন্ত প্রয়োজন এবং এর ব্যবস্থা করা নিশ্চয়ই দরকার। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Mr. Chairman: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 6.18 p.m. till 3 p.m. on Thursday, the 27th February, 1964, at the Legislative Building, Calcutta.

Member absent

Acharyya, Shri Snehangshu Kanta
Bisi, Shri Promotho Nath
Bose, Shri Aurobindo
Chatterjea, Shri Devaprasad
Choudhuri, Shri Annada Prosad
Ghosh, Shri Ashutosh
Haldar, Shri Gopal
Majumdar, Shri Rajendranath
Prasad, Shri R. S.
Roy, Dr. Biswaranjan
Sen, Shri Subodh
Sen Gupta, Shri Dwijendralal
Singha, Shri Biman Behari Lal and
Syed Shahadulla, Shri.

COUNCIL DEBATES

Thursday, the 27th February, 1964

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 27th February, 1964, at 3 p.m., being the twelfth day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[3—3-10 p. m]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Mr. Chairman : Two questions will be held over today owing to the absence of Mr. Jalan. They are questions *67 and *71.

Conference of Transport Secretaries and Commissioners

***66. Shri Narendra Nath Das** : (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state if it is a fact that he was present in a Conference of Transport Secretaries and Commissioners convened by Union Minister, Shri Raja Bahadur, in the first week of February ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) where and at what point of the river Hooghly the proposed second bridge (to cope with increased traffic of the city of Calcutta) will be constructed;

(ii) at what stage the proposed scheme of Circular Railway in and around Calcutta stands at present; and

(iii) how far the objections raised by the Port Trust have been obviated in the said Conference ?

The Hon'ble Saila Kumar Mukherjee : (a) Yes.

(b) (i) The construction of a second bridge on the river Hooghly is now under consideration of the C.M.P.O. No final decision has yet been taken about the site but on preliminary examination it appears that the bridge may be constructed somewhere between Princepghat and Outramghat. The famous bridge builders of London, Rendell Palmer & Triton are preparing the project report.

(ii) The proposed scheme of the Circular Railway is now under consideration of the C. M. P. O. in collaboration with representatives of the Railway Board, Port Commissioners and other concerned authorities. No decision has yet been reached.

(iii) The objections raised by the Port Trust are now under examination by the committee consisting of representatives of C. M. P. O., Railway Board, Port Trust and concerned departments of the State Government.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পোর্ট ট্রাস্টের তরফ থেকে কি কি অবজেকশন তোলা হয়েছিল ?

The Hon'ble Saila Kumar Mukherjee : I cannot tell you in detail but the broa objections are with regard to some points where they say that it may lead t obstruction of goods traffic in the Port Trust Railway.

Shri Narendra Nath Das :

অতিরিক্ত প্রশ্ন স্যার। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, যে এই ব্রিজটির প্রোপোজড সাই যেটা, বিটুইন আউটরামঘাট অ্যান্ড প্রিন্সেপঘাট সেখানকার মাটি পরীক্ষা করে দেখা গিয়েছে কি যে ব্রিজের পক্ষে শক্ত হবে কিনা ?

The Honb'le Saila Kumar Mukherjee : The soil survey has been made by Messrs Rendell Palmer and Triton and they are preparing the project report in England Unless the project report comes we cannot say either way.

Shri Jatin Chakravorty : On a point of order, Sir,

উনি প্রশ্ন করছেন বাংলায়, তার উত্তরও মন্ত্রী মহাশয়ের কি বাংলায় দেওয়া উচিত নয়? সাধারণ নীতি ও ভদ্রতা হচ্ছে যে ভাষায় প্রশ্ন করা হয়, সেই ভাষায় উত্তর দেওয়া হয়ে থাকে এমন কি জ্বালান সাহেব পর্যন্ত,—কেউ বাংলায় প্রশ্ন করলে, তিনি বাংলায় জবাব দেন।

The Hon'ble Saila Kumar Mukherjee :

আজ্ঞে না। উনি ইংরাজীতে প্রশ্ন করেছেন।

Mr. Chairman : But then we use two languages in the House.

Shri Jatin Chakravorty :

আমি সাধারণ নীতির কথা বলছি। যেখানে জালান সাহেব পর্যন্ত ভাঙ্গা বাংলায় জবাব দেন আর উনি বলতে পারবেন না?

Mr. Chairman :

এখানে সে প্রশ্ন আসে না। যদি কারও অসুবিধা হয়, তাহলে তিনি নিশ্চয় বাংলায় বলবেন

Shri Amar Prasad Chakrabarty :

আমার প্রশ্ন হচ্ছে বৃটিশ কোম্পানী ছাড়া আর কেউ ব্রীজ তৈরী করতে পারে, এই রক কোন কোম্পানীকে ডাকা হয়েছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee :

বৃটিশ কোম্পানীকে কাজ দেবার কোন প্রশ্নই বা কন্ট্রাক্ট দেবার কোন প্রশ্নই উঠেনি। সেটা হচ্ছে যারা হাওড়া ব্রীজ করেছিলেন বিশ্ববিখ্যাত ব্রীজ বিল্ডার তাদের অভিমত নেওয়া হচ্ছে

to prepare a project report on which decision will have to be taken as to who will construct the bridge—whether by global tender or by Indian tender, or whatever it may be.

Secretary, Gorabazar I. C. Institution, Berhampore

***68. Shri Santosh Kumar Bhattacharyya** : (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(i) whether it is a fact that an enquiry was held during the year 1963 by the Enforcement Branch of the Police against the Secretary of the Managing Committee of Gorabazar I. C. Institution, Berhampore, a Multipurpose and Higher Secondary School, on serious charges of defalcation of Government money given as grants to the school; and

(ii) whether it is also a fact that as a result of the said enquiry and subsequent special audit by the department concerned some of the charges against the Secretary were established and account books and relevant papers of the school in this connection were seized by the District Inspector of Schools, Murshidabad, about a year ago and since then all these papers have been in his custody ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be further pleased to state—

(i) what are the steps that the authorities have taken so far against the Secretary of the Managing Committee and his accomplices for these serious charges of defalcation of public money ; and

(ii) if no action has been taken in this respect what is the reason for this delay ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : (a) (i) Yes.

(ii) Yes.

(b) (i) Following action has been taken :—

(I) The West Bengal Board of Secondary Education has been advised to supersede the Managing Committee and appoint the Subdivisional Officer, Berhampore (Sadar), as Administrator with the full power of the Managing Committee.

(II) The Board has also been advised to arrange for special audit of the school accounts for the period from 1951-52 to 1961-62.

(ii) Does not arise.

Shri Santosh Kumar Bhattacharyya :

আমার প্রশ্নের উত্তরের প্রথমে এ (আই) তার উত্তরে তিনি বললেন ইয়েস, এনফোর্স মেণ্ট ব্রাঞ্চ থেকে তদন্ত করা হয়েছিল—আমার জিজ্ঞাস্য হচ্ছে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ তদন্ত করে যে রিপোর্ট পেশ করেছিলেন সেই রিপোর্ট এ কি ছিল, সেই রিপোর্ট টা কি আপনারা দেখেছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেই রিপোর্ট এ দেখা যায় কতকগুলি ইরেগুলারিটিস ইন অ্যাকাউণ্টস আছে, সেই জন্য স্পেশাল অডিট করতে বলা হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya :

এইযে রিপোর্ট এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ দিয়েছে--কি কি বিষয়ে তার দুই একটা বিষয় জানাবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

দুই একটা বিষয় হয়ত জানাতে পারি, আর গুলি সব সাবজেক্ট টু অডিট। একটা বিষয় হচ্ছে এই

The report reveals that a room previously constructed out of the school money at an estimated cost of Rs. 4,200 was included in the plan estimate for the Humanities Block for which Government grant was sanctioned. This was done obviously to deceive the Government of some portion of the Government grant to the tune of Rs. 4,200. It may be stated in this

connection that the final payment of grants for Humanities Block has not yet been made. If necessary, grant will be reduced at the time of making final payment.

Shri Santosh Kumar Bhattacharyya :

এই যে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ যে রিপোর্টটা ওঁদের কাছে দিয়েছেন, সেই রিপোর্টটা কবে আপনারা হাতে পেয়েছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেই তারিখটা আমার কাছে এখন নেই।

Shri Santosh Kumar Bhattacharyya:

অতিরিক্ত প্রশ্ন স্যার, (এ)(২)তে উনি বলেছেন ইয়েস, স্পেশাল অডিট যা উনি করতে বলেছেন —আমার প্রশ্নটা ছিল

whether it is also a fact that as a result of the said enquiry and subsequent special audit by the department concerned some of the charges against the Secretary were established and account books and relevant papers of the school in this connection were seized by the District Inspector of Schools, Murshidabad, about a year ago and since then all these papers have been in his custody?"

একটা স্পেশাল অডিট করবার কথা বলেছেন কিন্তু তার আগে একটা অডিট হয়ে গেছে, ডিপার্টমেণ্টাল অডিট হয়ে গেছে। এবং তার জবাবে আপনি বলেছেন যে হ্যাঁ, এটা হয়েছে। এখন সেই যে অডিট সেটা হয়েছিল কনস্ট্রাকশন ডিপার্টমেণ্ট এর ঐ যেটা আপনি আগে বললেন যে হিউম্যানিটিজ-এর ৪ হাজার ২০০ যেটা বললেন....

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি তো বলেছি অডিট হয়েছিল তা হয়ে কতকগুলি ইরেগুলারিটিজ জানা গিছলো—তা জানা যাওয়াতে

further detailed audit of accounts for 10 years from 1951-52 to 1961-62

এই সময়ের ডিটেইলড অডিট করতে বলা হয়েছে।

[3-10—3-20 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya:

ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলের কাছে স্কুলের খাতাপত্র রেলেভ্যাণ্ট পেপার আছে, না তিনি ফেরত দিয়েছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেটা আমি বলতে পারব না, কারণ সেটা আমার পেপারের মধ্যে নেই।

Shri Santosh Kumar Bhattacharyya:

ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলস এই সম্পর্কে কোন রিপোর্ট আপনাদের কাছে পাঠিয়েছেন কি এবং পাঠিয়ে থাকলে কি পাঠিয়েছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনাকে বলেছি যে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলস এর রিপোর্ট পাওয়া গেছে এবং পাওয়ার জন্য আমি আপনাকে বলেছি এই সমস্ত স্টেপস নেওয়া হয়েছে।

Shri Satyapriya Roy :

বোর্ডকে তো স্যার ওঁরা নির্দেশ দিয়েছেন এ্যাডমিনিস্ট্রেটর করার জন্য। বোর্ড এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করছেন কিনা সে সম্বন্ধে শিক্ষা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এ্যাডমিনিস্ট্রেটর তো এখন নেই, কি বলব ? বোর্ডকে বলা হয়েছিল যখন এ্যাডমিনিস্ট্রেট ছিলেন। এখন তো নতুন বোর্ড হয়েছে। এস. ডি. ও. বহরমপুর সদরকে এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করার জন্য বলা হয়েছে।

Shri Satyapriya Roy :

বোর্ড এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন কিনা সেটাই আমার প্রশ্ন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেটা আমি এখন বলতে পারব না, আমি জিজ্ঞাসা করে বলতে পারব।

Shri Satyapriya Roy :

উনি জানেন কিনা হাইকোর্টে এই রকম একটা জাজমেণ্ট হয়েছে কিনা যে বোর্ডের এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করার ক্ষমতা নেই ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সে রকম কিছু আমি জানি না।

Shri Satyapriya Roy :

কারণ, বোর্ডের অফিসারদের কাছে যখন এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে বলেছি তখনই ওঁরা বলেছেন হাইকোর্ট থেকে একটা জাজমেণ্ট হয়েছে যে এই আইন অনুযায়ী বোর্ডের এ্যাডমিনিস্টেটর নিয়োগ করার ক্ষমতা নেই। এটা আপনি খোঁজ নেবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

যখন অর্ডার দেওয়া হয়েছিল এ্যাডমিস্ট্রিটর নিয়োগ করতে তখন সেই অধিকার বোর্ডের ছিল বলে অর্ডার গিয়েছিল। তারপর যদি হাইকোর্টের কোন নির্দেশ হয়ে থাকে সে সম্বন্ধে আমি কিছু জানি না, আমি খবর নেব।

Shri Santosh Kumar Bhattacharyya:

বি-তে আমার যে প্রশ্ন ছিল তার জবাবে উনি বলেছেন যে হ্যাঁ এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করার জন্য বোর্ড এ্যাডভাউজ দিয়েছেন, ইত্যাদি, ইত্যাদি। এই সম্পর্কে আপনার এডুকেশান ডিপার্টমেণ্ট থেকে জেলা স্কুল বোর্ড পরিচালিত ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসের কাছে কোন রকম নির্দেশ পাঠিয়েছেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসকে বলা হয়েছে এ সম্বন্ধে কারদার লিগ্যাল প্রোসিডিংস যা নেওয়া যায় তা নেবার জন্য।

Shri Santosh Kumar Bhattacharyya:

একথা সত্য কিনা যে অলরেডি আপনার ডিপার্টমেণ্ট থেকে, চীফ ইনস্পেক্টর অব স্কুলস-এর দপ্তর থেকে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসের কাছে একটা নির্দেশ গেছে যে তিনি অবিলম্বে যেন সেক্রেটারীর বিরুদ্ধে এফ আই আর লজ করেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনি দেখছি জানেন, তাহলে প্রশ্ন করছেন কেন? আমি যা বলেছি তার মধ্যে আছে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসকে ইনস্ট্রাকসান দেওয়া হয়েছে যে এফ আই আর পড়ে ল-ইয়ারের সঙ্গে কনসাল্ট করে ফারদার লিগ্যাল প্রোসিডিংস যা নেওয়া যেতে পারে তা যেন নেওয়া হয়।

Spurious text books

***69. Shri Nanda Kishore Ghose**: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if he is aware of the report of the All-India Anti-Spurious Text Books Committee;

(b) if so, whether the name of West Bengal has been mentioned in the Report as one of the States where spurious text books are in use;

(c) if it is a fact that a considerable number of books sold in the mofussil for secondary schools and downwards are either sub-standard or pirate books;

(d) if so—

(i) the extent of the trade in substandard or pirate books, and

(ii) the estimated annual loss of revenue to the State Government; and

(e) what steps the Government propose to take to eradicate the trade in substandard or pirate text books?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) No.

(b) Does not arise.

(c) The State Government is not aware of the number of such books.

(d) (i) and (ii) Do not arise.

(e) Government may take steps when specific cases are brought to their notice.

N. F. Railway

***70. Shri Narendra Nath Das**: Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government have been consulted in the matter of proposed abolition of the N. F. Railway (Darjeeling-Himalayan Section) by the Railway authorities;

(b) if so, whether the State Government have agreed to the proposal;

(c) whether the Goverment have ascertained the opinion of the local hill people in this regard; and

(d) if not, the reasons thereof?

The Hon'ble Saila Kumar Mukherjee : (a) No such proposal is under considearation either of the State Government or the N. E. Frontier Railway authoriries.

(b) (c) and (d) Do not arise.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এ সম্বন্ধে আজকের সংবাদপত্রে যে সব খবর প্রকাশিত হয়েছে, তার কোন ভিত্তি নেই ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

সংবাদপত্রের ভিত্তি, অভিত্তি কি, তা আমরা পরীক্ষা করে দেখি নি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এরকম কোন তথ্য আমাদের কাছে আসে নি, যে কেন্দ্রীয় সরকার সেই রেলওয়ে তুলে দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন, বা এ সম্বন্ধে কোন নীতি গ্রহণ করেছেন বা করবার চেষ্টা করছেন।

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রেলওয়ের প্রশ্ন যখন উঠেছে, আমি আগের যে আডমিটেড কোয়েশ্চেন নম্বর ৬৩, ওটার রিলেসনে বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন সি. এম. পি. ও. সার্কুলার রেলওয়ে সম্পর্কে যে স্কিমটা করেছিলেন, সেটা রেলওয়ে অথরিটি কি রিজেক্ট করে দিয়েছেন ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা দার্জিলিং হিমালয়ান রেলওয়ের কোয়েশ্চেন, এ থেকে এই প্রশ্ন আসে না। তাহলেও আমি ওঁর জ্ঞাতার্থে বলছি পশ্চিমবঙ্গ সরকারের কাছে এ পর্যন্ত কোন তথ্য আসে নি যে কেন্দ্রীয় সরকার একেবারে এটা নাকচ করে দিয়েছেন।

Shri Narendra Nath Das :

একেবারে না হলেও, তাঁরা খানিকটা করেছেন ত ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

না, তাঁরা কিছুই করেন নি, এখন সেটা বিবেচনাধীন আছে। আমি পূর্বে যা উত্তর দিয়েছি সেই উত্তরটাই এখানে আমার উত্তর।

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আর একটা কোয়েশ্চেন রয়েছে *৭১।

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐটার উত্তর পাওয়া যায় নি, এটা হেল্ড আপ থাক।

(*71—postponed.)

Dearness allowances for teachers

***72. Shri Santosh Kumar Bhattacharyya :** Will the Hon'ble Minister-in charge of the Finance Department be pleased to state whether the Government propose to pay dearness allowances to all teachers and other employees of educational institutions in view of the steep rise in prices of all essential commodities ?

The Hon'ble Saila Kumar Mukherjee : Sir, instead of the typed answer I can only refer to may budget speech because therein a complete picture has been given. If my friend wants more information, I shall be glad to furnish it.

Shri Santosh Kumar Bhattacharyya:

বাজেটেতে এর উত্তর আছে ঠিক, কিন্তু এর সবটা উত্তর বাজেটে নেই। আমার প্রশ্ন হচ্ছে

teachers and other employees of the educational Institutions

সম্পর্কে। আপনার বাজেটে রয়েছে শুধু টিচারদের সম্বন্ধে। প্রাইমারী এবং সেকেণ্ডারী টিচার্সদের কাউকে ৫ টাকা, কাউকে ১০ টাকা দেবেন, এই সব আছে। কিন্তু আদার এমপ্লয়িজ বলতে যাদের বোঝায় যেমন কুর্ক, লাইব্রেরীয়ানস এবং ক্লাস ফোর এমপ্লয়িজ অব এডুকেশনাল ইনস্টিটিউশনস, এদের কথা বাজেটে কিছু বলা নেই।

আমার জিজ্ঞাস্য হচ্ছে—আপনার কাছে, যে এডুকেশনাল ইনস্টিটিউশনস-এর এই সমস্ত স্তরের যে সব কর্মচারী, তাদেরকেও ডি. এ. দেওয়া হবে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

না। সে সম্বন্ধে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি।

Shri Nirmalya Bagchi :

মিউনিসিপ্যালিটি পরিচালিত যে সকল বিদ্যালয় আছে, তাদের ডি. এ. দেওয়া হবে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

না। সে সম্বন্ধে কি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা পরিস্কার করে বলে দেওয়া হয়েছে, যে সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিকে একমাত্র দেওয়া হইবে।

Shri Nirmalya Bagchi :

সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় ছাড়া, মিউনিসিপ্যালিটি পরিচালিত বিদ্যালয়গুলি, কিছুই পাবে না?

The Hon'ble Saila Kumar Mukherjee :

যদি তারা এইডেড স্কিমের মধ্যে আসে, তাহলে পাবে, আর যদি তারা এইডেড স্কিমের মধ্যে না আসে, তাহলে পাবে না।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, এখানে এই ধরণের একটা ডি. এর জবাবে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে স্কুল টিচার্স যারা পৌরপ্রতিষ্ঠানের সঙ্গে জড়িত, যাদের পশ্চিমবঙ্গ সরকার গ্রাণ্ট দেন, তারা সবাই-ই ঐ ডি. এ. টা পাবেন? এই কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন।

The Hon'ble Saila Kumar Mjukherjee :

তিনি হয়ত বলে থাকতে পারেন, আমি জানি না। তবে এই বাজেটেতে এই নীতি গ্রহণ করা হয়নি।

Shri Satyapriya Roy :

আন এইডেড স্কুলগুলোকে ডি. এ. হতে বাদ দেয়া হল কেন, এবং কেবল এইডেড স্কুলগুলোকে ডি. এ. দেওয়া হবে, এ সিদ্ধান্ত বাজেটে গ্রহণ করা হল কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee :

তাদের বাদ দেওয়া হল এই জন্য যে আন এইডেড স্কুলের টিচার্সদের স্কেল পে বাড়ানর জন্য যে ১০ কোটি টাকা ব্যয় হয়েছিল, তার আওতায় যারা এসেছে সেই পার্থায়ের স্কুলগুলোকে ধরা হয়েছে।

Shri Satyapriya Roy :

তার মানে, আন-এইডেড স্কুলগুলো এইড এর জন্য দরখাস্ত করেছে, তাদের এমনিও কিছু সাহায্য দিচ্ছেন না, আর দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য যে অসুবিধা হচ্ছে, তার জন্য যেটুকু সরকার ডি. এ. দিচ্ছেন, তা থেকেও তারা বঞ্চিত হচ্ছে। আন-এইডেড স্কুলগুলো বাংলাদেশে রেখে, তাদের এই রকম দুরবস্থার মধ্যে আপনারা রাখবেন কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আন-এইডেড স্কুলস, যারা পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের বর্তমান যা নীতি, তার আওতার বাইরে আছে, আওতার ভিতরে যারা পড়ছেন না, সেই সব স্কুলগুলিকে ডি. এ. দেওয়া হচ্ছে না।

[3-20—3-33 p.m.]

Shri Satyapriya Roy :

এটা কি জানেন যে কেন্দ্রীয় সরকার এই আন-এইডেড, এইডেড এবং গভর্নমেণ্ট স্কুলস এই যে ডিস্টিঙ্কশন সেটা যাতে তুলে দেওয়া হয়—যাতে সমস্ত বিদ্যালয়গুলি একশ্রেণীর করা হয়—এই রকম নীতি ঘোষণা করেছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee :

সেটা শিক্ষা বিভাগ বলতে পারেবে—আমি অর্থ বিভাগ, আমি বলতে পারব না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এই রকম কোন সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন নি।

Shri Satyapriya Roy :

গভর্নমেণ্ট এবং নন-গভর্নমেণ্ট স্কুল-এর যে ডিফারেন্স সেটা যাতে তুলে দেওয়া হয় তা কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ঘোষণা পার্লামেণ্টে করেছেন তা শিক্ষা মন্ত্রী মহাশয় দেখেন নি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না, এই রকম কোন সিদ্ধান্তের কথা আমরা জানি না।

Shri Satyapriya Roy :

কতকগুলি স্কুলকে যেমন জুনিয়ার হাই স্কুলকে লাম্প গ্রাণ্ট দেওয়া হয় তারা তো এইডেড স্কুল বলে পরিগণিত হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

নিশ্চয়ই।

Shri Satyapriya Roy:

আচ্ছা নিল গ্রাণ্ট কিছু স্কুলকে দেওয়া হয়, তাদের বলা হয় তোমাদের যা আয় তার থেকে দায় মেটান যেতে পারে কাজেই গভর্নমেণ্ট থেকে আর কোন সাহায্য দেওয়া হয় না সেই স্কুলগুলিকে বলে নিল গ্রাণ্ট । তারা কি পাবে।

The Hon'ble Saila Kumar Mukherjee :

নিল গ্রাণ্ট মানেই গ্রাণ্ট-ইন-এইড স্কীম এ পরীক্ষিত হয়েছে—তারাও পাবে।

Shri Satyapriya Roy:

এই যে বিদ্যালয়ের মধ্যে যারা নন-টীচিং স্টাফ যেমন ক্লার্কস, লাইব্রেরীয়ানস এদের বাদ দেওয়া হল এবং এদের মধ্যে আবার দুই রকমের ব্যবস্থা—এই রকম নতুন নীতি কেন

অর্থ মন্ত্রী গ্রহণ করলেন—এতদিন পর্যন্ত অর্থ মন্ত্রীর অবগতির জন্য বলছি সমস্ত ধরণের এইডেড এবং আন-এইডেড যে দেওয়া হত তা সকলকে দেওয়া হত। এবং সঙ্গে করনিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মীদেরও ডি. এ. দেওয়া হত। এবার কেন নতুন নীত তিনি প্রবর্তন করতে চাচ্ছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee :

নতুন নীতি কিছুই গ্রহণ করা হয়নি। যদি আপনি মনে করেন করনিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মচারীরা তারাও শিক্ষকদের বেতন বৃদ্ধি সম্বন্ধে যে নীতি সেই নীতির মধ্যে এসে থাকে তাহলে তারাও পাবে। কিন্তু যদি তারা মৌলিক নীতির মধ্যে না এসে থাকে তাহলে তারা বাদ পড়বে।

Shri Satyapriya Roy:

মৌলিক নীতিটা একটু পরিস্কার করে নিতে চাই। কারণ ৪ হাজার লোক এতো ইনভলভড্ সেটা হচ্ছে এতদিন পর্যন্ত যখনই যে ডি.এ. দেওয়া হত মার্জার-এর আগ পর্যন্ত যে সব ডি. এ. দেওয়া হয়েছে তার অংশ করনিক, গ্রন্থাগারিক, অধস্তন কর্মচারীরা পেয়েছে। তাহলে কি তারা ঐ মৌলিক নীতির মধ্যে এসেছে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

এ বিষয়ে দেখব। যদি তারা মার্জার অব দি পে স্কেল-এ সম্পূর্ণ এসে থাকে তাহলে তারাও পাবে।

Shri Nirmalya Bagchi :

স্কুল বোর্ড পরিচালিত সরকারী সাহায্য নিয়ে তারা যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় চালাচ্ছেন তাদের শিক্ষকরা এই ৫ টাকা হারে ডি. এ. পাবেন। আর্বান প্রাইমারী এডুকেশন অ্যাক্ট আসার পরে মিউনিসিপ্যালিটির হাতে মিউনিসিপ্যাল এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনার ভার এসে পড়েছে এবং সেখানে সরকারী সাহায্য নিয়ে তারা এটা চালাচ্ছে—তাদের শিক্ষকেরা এই ৫ টাকা ডি. এ. সুযোগ পাবেন কি পাবেন না?

The Hon'ble Saila Kumar Mukherjee :

প্রাথমিক বিদ্যালয়ের যারাই সরকারী সাহায্য পাচ্ছে বাংলাদেশে সবাই পাবে।

Shri Nirmalya Bagchi :

মিউনিসিপ্যাল শিক্ষকেরা পাবেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

মিউনিসিপ্যাল শিক্ষকেরা যদি এইডেড স্কীম-এর মধ্যে এসে থাকে তাহলে নিশ্চয়ই পাবে।

Shri Satyapriya Roy:

তিনি কি ভেবে দেখবেন যে আন-এইডেড স্কুলের শিক্ষক, করনিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মচারীদের বাদ দেওয়া ঠিক হচ্ছে না।

The Hon'ble Saila Kumar Mukherjee:

ডি. এ ৫ টাকা ১০ টাকা বাদ দেবার প্রশ্ন নয়, যদি সমস্ত বেতন [শিক্ষকদের যে নীতি শিক্ষাবিভাগ গ্রহণ করেছেন, এই স্কীম—সেই স্কীমের মধ্যে] যদি এই করনিক বা গ্রন্থাগারিকরা এসে থাকেন তাহলে তারা পাবেন। যদি তারা বাইরে থাকেন তাহলে আমরা যে সিদ্ধান্ত উপস্থিত করেছি তাতে তারা আসছেন না। সে বিষয়ে শিক্ষা বিভাগের সঙ্গে পরামর্শ করে পুনর্বিবেচনা করতে প্রস্তুত আছি।

Shri Nirmalya Bagchi:

একটা জিনিস ক্ল্যারিফাই করা দরকার। এই যে এডেড স্কীম বলছেন এই এডেড স্কীম বলে কোন স্কীম নেই। মিউনিসিপ্যালিটি সরকারের কাছ থেকে অর্থ পান একটা অংশ বিশেষ এবং তা দিয়ে তাদের নিজস্ব প্রাথমিক বিদ্যালয়গুলি পরিচালিত করে থাকেন। সেই প্রাথমিক শিক্ষকরা পাবেন কিনা? এতে কি কনফিউসান আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

কিছু কনফিউসান নেই। আপনি যদি বুঝবার চেষ্টা করেন তাহলে বুঝবেন ক্লিয়ারেস্ট পসেবল হয়েছে। এডেড স্কুল বললে ভাষায় যা বোঝায়—তারা এডেড স্কীমের মধ্যে আসবে। প্রত্যেক মিউনিসিপ্যালিটি জানে তার এলাকায় কোনগুলি এডেড স্কুল কোনগুলি আনএডেড স্কুল, কোনগুলি সম্পূর্ণ মিউনিসিপ্যালিটির দ্বারা পরিচালিত স্কুল। যেগুলি সরকারের কাছ থেকে এড পান তারা সকলেই এই ডিয়ারনেস এ্যালাওয়েন্স স্কীমের আওতায় আসবেন।

Shri Nirmalya Bagchi:

মিউনিসিপ্যালিটি পরিচালিত স্কুলগুলি কি পাবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

পাবেনা যদি তাঁরা এড না পান। আমি তো বুঝিয়ে বললাম যে মিউনিসিপ্যালিটিরও কিছু দায়িত্ব আছে। প্রত্যেক মিউনিসিপ্যালিটি তাদের কর্মচারীদের জন্য এটুকু সরকার আশা করেন যে তাঁরাও কিছু করবেন।

Shri Satya priya Roy:

এখন হাই স্কুলের সঙ্গে সংযুক্ত প্রাইমারী স্কুল আছে। হাই স্কুল হয়ত এডেড এবং সেই সমস্ত প্রাইমারী সেকসানের টিচাররা ডি এ পাচ্ছেন গভর্নমেণ্টের। কিন্তু আগের যে ডি এ চলছে, এখন এই যে নতুন ডি. এ. সেটাও তারা পাবে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

বারবার বলেছি যে যাঁরা ডি. এ. পাচ্ছেন তাঁরা নিশ্চয়ই এই বর্দ্ধিত হারে ডি. এ. পাবেন।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে পৌর প্রতিষ্ঠানগুলির ডিয়ারনেস এ্যালাওয়েন্সের একটা বড় অংশ যেমন ক্যালকাটা কর্পোরেশানের ৮০ পার্সেণ্ট অব দি ডিয়ারনেস এ্যালাওয়েন্স পশ্চিমবঙ্গ সরকার বহন করেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

হ্যাঁ জানি।

Shri Narendra Nath Das:

এই যে ডিয়ারনেস এ্যালাওয়েন্স বাড়ল তাতে সেই বেনিফিটটা ক্যালকাটা কর্পোরেশানের কর্মচারীরা পাবে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না। ক্যালকাটা কর্পোরেশান বা বাংলার পৌর প্রতিষ্ঠানের কর্মচারীরা পাবে না। এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এই কারণে যে সরকার কয়েক বছর বহু পরিমাণে অর্থ সহায্য দিচ্ছেন; ৪ কোটি টাকা বিভিন্ন খাতে পৌর প্রতিষ্ঠানগুলিকে অর্থ সাহায্য করা হচ্ছে। সুতরাং সরকার আশা করেন প্রত্যেক পৌর প্রতিষ্ঠান তাদের আর্থিক সংস্থা এই রকম ভাবে চালাবে যে সামান্য কিছু বেতন তাদের কর্মচারীদের দেবার অধিকার তাদের হবে।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই যে ৫ টাকা ১০ টাকা হারে ডি. এ. দেবার ব্যবস্থা করেছেন—১৫০ টাকা পর্যন্ত যারা মাইনে পায় তাদের ক্ষেত্রে ৫ টাকা, ১৫০ থেকে ৩শো টাকা পর্যন্ত ১০ টাকা এবং ৩ শো টাকার উপরে কিছু নেই, এই যে তারতম্য ডি এ'র ক্ষেত্রে এর পিছনে নীতি কি সেটা বলবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এর ভেতরে অত্যন্ত সুষ্ঠু নীতি আছে। বিধান পরিষদের যাঁরা সদস্য আমি আশা করেছিলাম যে তাঁরা সকলেই এই বিষয়ে অবহিত আছেন। কেন্দ্রীয় সরকার যখন পে কমিটি করেন তখন পরে পরে কি হারে বর্ধিত হার হবে তার একটা বলিষ্ঠ সুষ্ঠু নীতি গ্রহণ করেছিলেন ১৯৫৯-৬০ সালে। পশ্চিমবঙ্গ সরকার যখন পে কমিশন করেন ১৯৬০-৬১ সালে বেতন বৃদ্ধির জন্য তখন সকল কর্মচারী এবং সরকার মিলে স্বীকার করেছিলেন ভবিষ্যতে কি হারে বর্ধিত হবে, সেই হারের নীতি হচ্ছে

Cost of living index continuously for a period of one year 10 per cent. increase

হলে ১শো থেকে ১৫০ এর এক রকম কস্ট অব লিভিং করেছে, ১৫০ থেকে ৩ শোর এক রকম কস্ট অব লিভিং করেছে, ৩ শো উর্দ্ধে এক রকম কস্ট অব লিভিং করেছে; সর্বভারতীয় পরিসংখ্যান নিয়ে দেখা গেছে ১ শো থেকে ১৫০ এর কস্ট অব লিভিং ইনডেক্স ১০ পার্সেণ্ট বেড়েছে, কস্ট অব লিভিং ইনডেক্স ফর ১৫০ থেকে ৩ শো গ্রুপের কিছু কম আছে, ১০ পার্সেণ্ট নয়, ৯ পার্সেণ্ট, তথাপি সরকার সিদ্ধান্ত করেছেন যে ১৫০ থেকে ৩শো পর্যন্ত দেওয়া হবে এবং ৩শোর উর্দ্ধে তাদের

Cost of living index continuously 10 per cent. for nearly one year.

এর কাছে যায়নি। এই নীতি সর্বভারতীয় নীতি, নতুন কোন হঠাৎ আজগুবি নীতি নয়। ১৯৫৯-৬০ সাল থেকে যে সিদ্ধান্ত স্বীকৃত হয়েছে এবং পশ্চিমবঙ্গে ১৯৬০-৬১ সালে স্বীকৃত হয়েছে সেই নীতির বলে বিবেচনা করে এই ৫ টাকা এবং ১০ টাকা স্থির করা হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন ডেমোক্র্যাটিক সোসালিজম গ্রহণ করার পর, সোসালিজমের নীতি হচ্ছে ডিসক্রিপ্যান্সি অব ইনকাম কমে যাবে, এখানে দেখছি ৫ টাকা এবং ১০ টাকা এই একটা তারতম্য রয়েছে; এই তারতম্য ভুবনেশ্বরে রেজলিউসানের কনটেক্সটে না রেখে সবটাকে ১০ টাকা করতে রাজী আছেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ান —ডেমোক্র্যাটিক সোসালিজম নীতিতে ৫।১০ টাকা আছে কিনা সেটা আপনার এক রকম মত, সমস্ত সরকার পক্ষের, কেন্দ্রের ভিন্ন মত। আমরা যে নীতি উভয় পক্ষ মিলে ১৯৫৯-৬০ সালে গ্রহণ করেছি এবং পশ্চিমবাংলায় ১৯৬০-৬১ সালে গ্রহণ করেছি সেই নীতি থেকে আমরা এক চুলও চ্যুত হই নি।

[3-30—3-40 p.m.]

Shri Narendra Nath Das:

ঐটাত ক্যাপিট্যালিজিম এর কথা। সোস্যালিজম সম্পর্কে আপনাদের মততো অন্য রকম। আপনাদের সংজ্ঞা অনুযায়ী ত সোস্যালিজম এর অর্থ নিদ্ধারিত হবে না?

The Hon'ble Saila Kumar Mukherjee: Socialism is a different thing from capitalism. It is a matter of individual opinion. I differ from the opinion held by Shri Narendra Nath Das.

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই, তিনি কি এই আশ্বাস পূর্বে দিয়েছিলেন যে মিউনিসিপ্যালিটির কর্মচারীদের সম্পর্কে বিবেচনা করতে তিনি প্রস্তুত আছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না। কোন আশ্বাস আমি দিইনি।

Shri Nirmalya Bagchi:

কোন মিউনিসিপ্যালিটি এর মধ্যে নেই?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমরা বিবেচনা করছি যে মিউনিসিপ্যালিটির কর্মচারীরা এর আওতার মধ্যে আসবে না সেই সব মিউনিসিপ্যালিটিগুলিকে নিজেদের আলাদাভাবে ব্যবস্থা করতে হবে।

Shri Nirmalya Bagchi:

এই যে আপনি বলেছেন যে কষ্ট অব লিভিং ইণ্ডেক্স বেড়ে গিয়েছে, এবং তার ফলে মিনিমাম ওয়েজ যেটা হয়েছে মিউনিসিপ্যাল কর্মচারীদের জন্য, সেটা পরিবর্তন করার কি কোন সিদ্ধান্ত আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সেটা হালে হয়েছে, হঠাৎ এখন পরিবর্তন করবে কে? এই পরিবর্তন করবার প্রশ্ন আসে না। সেই মিনিমাম ওয়েজ বোর্ড এ্যাক্ট এর সিদ্ধান্ত অনুসারে সকল মিউনিসিপ্যালিটির কর্মচারীদের দেবেন।

Shri Jatin Chakravorty:

মিনিমাম ওয়েজ বোর্ড এ্যাক্ট নয়। কি যাতা আপনি বলে যাচ্ছেন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

বোর্ড এ্যাক্ট বলিনি।

That board was formed, Mr. Chakravorty, under the Minimum Wages Act.

Shri Amar Prasad Chakraborty:

একটা কথা বলেছেন আপনি কষ্ট অব লিভিং ইণ্ডেক্স সম্বন্ধে ১০০ টাকা থেকে ১৫০ টাকা পর্যন্ত যারা বেতন পাচ্ছেন, তাদের জন্য এক রকম, আবার ১৫০ টাকা থেকে ৩০০ টাকা পর্যন্ত যারা বেতন পাচ্ছেন, তাদের জন্য আর এক রকম। এটা আপনি কি বেসিসএ করেছেন? আমি ডিমোক্রাটিক সোস্যালিজম এর কথা বলছি না। আমরা বিশ্বাস করিনা যে আপনারা সত্যিই ডিমোক্রাটিক সোস্যালিজম এর নীতি অনুসারে কাজ করবেন। কিন্তু ব্যাপার হচ্ছে কষ্ট অব লিভিং ইণ্ডেক্স যেটা—সেখানে দু-রকমভাবে প্রোপোজড করা হয়েছে—টেন পারসেন্ট বাইজএর জন্য ফাইভ পয়েন্ট ইনক্রিজ অর্থাৎ ফাইভ রুপিজ বা সেভেন রুপিজ যেটা ইনক্রিজ করা হয়েছে। কিন্তু ১৫০ টাকা থেকে ২০০ টাকা মাইনে পেলে, সেখানে কষ্ট অব লিভিং ইণ্ডেক্স চেঞ্জ করে না। সুতরাং আপনারা কি নীতিতে ৫ টাকা, ১০ টাকা করেছেন, সে সম্বন্ধে আপনার কাছে ক্লারিফিকেশন চাচ্ছি। অল ইণ্ডিয়া পে কমিশন এর রিপোর্টে বা পে-কমিটির রিপোর্টের কোন জায়গায় এ কথা লেখা নেই,—তারা কখনও বলবে না এবং বলতে পারে না যে কষ্ট অব লিভিং ইণ্ডেক্স একশো টাকা যারা বেতন পায়, তাদের এক রকম, আর দেড়শো টাকা যারা বেতন পায়, তাদের আর এক রকম। এটা তাঁরা বলতে পারেন না।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি আশ্চর্য হয়ে যাচ্ছি—, মাননীয় সদস্য কি বলছেন। প্রতি সপ্তাহে এবং প্রতি মাসে অল ইণ্ডিয়া স্ট্যাটিসটিক্যাল ব্যুরো পরিসংখ্যান প্রকাশিত করেন, তাতে দেখতে পাবেন তিনটি

ভাগ করা হয়েছে ১০০ টাকা থেকে ১৫০ টাকা, ১৫০ টাকা থেকে ৩০০ টাকা, এবং ৩০০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত করা আছে। আপনি যদি আমাদের কাছে আসেন আপনাকে আমি অল ইণ্ডিয়া পাবলিসড চার্ট যা করা হয়েছে, তা থেকে দেখাতে পারি।

Shri Amar Prasad Chakraborty:

ওয়ার্কিং ক্লাস এর কস্ট অব লিভিং ইণ্ডেক্স এর দুটো ভাগ থাকে। এতে ১০০ কে বেস করে করা হয়েছিল। ১৯৩৯ সালে একবার কাউন্ট করা হয় এবং ১৯৪৯ সালে আর একবার কাউন্ট করা হয়, এটা আমরা জানি এবং রেগুলার আমরা তা করছি। মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন, তিনি এই কি নীতি অনুসরণ করেছেন যে একশো টাকা থেকে ১৫০ টাকা পর্যন্ত যারা পায়, তাদের কষ্ট অব লিভিং ইণ্ডেক্স আপনি যেটা বলছেন, সেটা বেতনের ভিত্তিতে নয়, সেটা হচ্ছে যে জিনিষ পত্রের দাম বিবেচনা করে, স্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্ট এটা ঠিক করেছেন, সেইটা বলা হয়েছে। কিন্তু ১০০ টাকা যারা বেতন পায়, তাদের বাজার খরচ এক রকম, আর ১৫০ টাকা যারা বেতন পায়, তাদের বাজার খরচ অন্য রকম, এইটা কি আপনারা বিবেচনা করেছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এটা আমার নীতি নয়, সর্বভারতীয় প্রকাশিত পরিসংখ্যানের ভিত্তিতে আমি বলছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সর্বভারতীয় নীতির কথা বলছেন। তিনি কি আজকের সকালের কাগজে এটা দেখেছেন যে গতকাল রাজ্যসভাতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীকৃষ্ণমাচারী এই কথা ঘোষণা করেছেন যে সরকারী কর্মচারীদের হাজার টাকা পর্যন্ত যাদের বেতন, তাদের সম্বন্ধে তাঁরা পরীক্ষা করে দেখেছেন। আমার জিজ্ঞাস্য হচ্ছে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী রাজ্য সভায় যখন এই রকম ঘোষণা করেছেন, এখানেতেও আপনারা সেই রকম ঘোষণা করবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমরা কিছুই বলতে পারবো না। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর ১৮শো কোটী টাকার বাজেট, আর আমাদের মাত্র ২শো কোটী টাকার বাজেট। এ সম্বন্ধে আপনাকে আমি কোন প্রতিশ্রুতি দিতে পারবো না।

Shri Santosh Kumar Bhattacharyya:

এর আগে যে সেকেণ্ডারি টিচারদের ফ্লাট রেট ডিএ দেওয়া হত এখনও সেইরূপ ফ্লাট রেট ডিএ দেবার বিবেচনা করবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমরা সর্ব বিষয়ে বিবেচনা করেছি আমরা আর কোন পুনর্বিবেচনা করতে চাইনা—মাননীয় সদস্য যে নীতি বললেন তাতে বহু নিম্নস্তরের কর্ম্মচারীদের ক্ষতি হত—ঐ বেসিস এ গেলে কেউ কেউ এক টাকা দুই টাকা পাবে। সুতরাং আমরা নিম্নস্তরের কর্ম্মচারীদের হার দেখে ফ্লাট রেট সিদ্ধান্ত করেছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

ফ্লাট রেটে আপনারা সকলকে ডিএ দেবার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

ফ্লাট রেটে আমরা সকলকে ডিএ দেবার ৩০০ টাকা পর্য্যন্ত ব্যবস্থা করেছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

সকলকে ১০ টাকা করে দেন না কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সেই যুক্তিটা আপনি বাজেটের সময় বলবেন। তখন আমাদের যুক্তির অকাট্যতা প্রমাণ করব।

Shri Nirmalya Bagchi:

কলেজ শিক্ষক যারা আছেন ২০০ থেকে ৩০০ টাকা বেতন পান তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এইজন্য যে তারা ১৫০ টাকার মধ্যে আসেন না, যে স্তরে আছে তারা তার মধ্যেই ডিএ পাবেন।

Shri Nirmalya Bagchi:

কেন তারা সেই স্তরে আসে না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আসে না এই কারণে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকের জীবনের মান এবং তাদের অবস্থা এবং তারা অধিক সাহায্য প্রার্থী কলেজ শিক্ষকদের চেয়ে সেই কারণে তারা আসে না।

Shri Nirmalya Bagchi:

সিলিংএর ব্যবস্থা করুন না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সিলিংএর মধ্যে যে অতিরিক্ত টাকা ব্যয় হবে—সেই বাজেট সরকার গ্রহণ করতে পারেন না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table).

Police Forces from other States

10. Shri Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) (i) whether Police forces were brought from other States during the unquiet days in January, 1964;

(ii) if so, what are those States;

(b) whether the Police forces were brought at the request, representation or initiative of the West Bengal Government at the suggestion or direction of the Union Government;

(c) on what other previous occasions since 1947 Police forces were brought in this State from outsides;

(d) what are the reasons for bringing such outside Police forces; and

(e) whether such a step was necessary because law and order in the State had broken down or because the local Police force turned out to be undependable?

Minister for Home (The Hon'ble Prafulla Chandra Sen) : (a)(i) Yes.

(ii) Gujrat, Uttar Pradesh, Orissa, Rajasthan, Bihar and Delhi.

(b) The forces were brought at the request of West Bengal Government.

(c) (i) During communal disturbances, 1950,

(ii) during Police hunger-strike in 1954, and

(iii) after proclamation of National Emergency in 1962.

(d) and (e) The forces were brought in to reinforce the Police force in this State which was considered inadequate to deal with the situations.

Destroyed factories and Industrial establishments

11. Shri Abdul Halim : Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of factories and industrial establishments destroyed or closed down in Calcutta as a result of the recent disturbances;

(b) the number of workers thrown out of employment due to such destruction or closure ;

(c) what steps, if any, have been taken or are proposed to be taken for providing employment to the workers thus rendered unemployed;

(d) whether unemployment relief has been given to those unemployed workers and

(e) if so, the quantum of relief given to each worker ?

Minister for Labour (The Hon'ble Bijoy Singh Nahar) : (a) 4 destroyed and 5 seriously damaged.

(b) 1,152 workers affected.

(c) With the starting of the factory, these employees will be employed.

(d) No.

(e) Does not arise.

Rehabilitation of displaces families

12. Shri Abdul Halim : Will the Hon'ble Minister in-charge of the Relief Department be pleased to state what are the short-term and long-term schemes of the Government to rehabilitate the displaced families who have lost their houses due to the recent disturbances ?

Minister for Relief (The Hon'ble Abha Maiti) : For rehabilitation of the displaced families following schemes have been sanctioned:

For riot victims in Calcutta

(a) **Long term.**—Government have decided to construct multi-storied buildings on twelve bustee sites under the Slum Clearance Scheme. For rehabilitation of the people displaced from the bustees which have not been covered by the Scheme for construction of multi-storied buildings, provision has been made for issue of house building grants up to a limit of Rs. 400 per family provided they are rehabilitated in their original places of residence.

(b) **Short term.**—Tenants who were in occupation of the sites selected for construction of multi-storied buildings before the disturbances, will be entitled to accommodation in the tenements under the Bustee Rehousing Scheme released by Calcutta Improvement Trust for the purpose, or in the temporary shelters which will be built for them by Calcutta Improvement Trust, Housing Department of this Government and by the Army authorities. A large quantity of tent/tarpaulins has also been distributed to the displaced families for construction of temporary shelters by them and in such cases cash grant at Re. 1 per tent is given for pitching tent/tarpaulin.

For riot victims in the districts

(a) **Long term.**—The special schemes sanctioned for rehabilitation of the displaced families provide for issue of house building grants up to Rs. 400 per family, after they have returned to their homes.

(b) **Short term.**—Large quantity of tent and tarpaulin has been issued to the displaced families for providing temporary accommodation pending reconstruction of houses with Government assistance.

Privilege Motion

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রিভিলেজ মোসন এর নোটীস আমি কালকে দিয়েছি এবং আপনি তা পেয়েছেন, আমি সেই সম্পর্কে বলতে চাই, এবং আমি খবর পাঠিয়েছিলাম চিফ হুইপ এর কাছে যাতে মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত থাকেন।

Mr. Chairman : I said I would look into it.

Shri Jatin Chakraaorty :

কিন্তু কি ব্যাপার সেটা তো আপনাকে জানান দরকার। সেটা হচ্ছে এই ১৭ই ফেব্রুয়ারী তারিখে আমার অ্যাডমিটেড কোয়েশ্চেন নং ২৬ যেটার মধ্যে ছিল

"Whether it is a fact that Kumari Mamata Pal, aged 14 years and a student of class "I of Thakurnagar Girls' School was molested by constables of the West Bengal Police Force on Thursday, the 16th January 1964, at about 10 p.m. during the rounding up of the alleged offenders involved in the disturbances in that area". The answer was "No".

মুখ্যমন্ত্রী যে অসত্য ভাষণ এখানে করেছেন তারজন্য আমি আপনার কাছ থেকে রুলিং চাইছি এবং আমি দাবি করছি যে এ সম্পর্কে সত্যাসত্য নির্ধারণ করার জন্য এটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দেওয়া হোক।

Mr. Chairman : I cannot promise off hand but I will look into it, and whether it will be sent to the Privilege Committee or not I will let you know as early as possible.

[3-40—3-50 p.m.]

General Discussion on the Budget for 1964-65

Shri Mohitosh Rai Choudhuri : Mr. Chairman, Sir, I rise to accord my wholehearted support to the budget which has been presented by our friend the new Finance Minister, Mr. Saila Mukherjee. Although the budget is not as satisfactory as we wanted it to be, Mr. Mukherjee has made the best of a bad bargain and tried to make provision for different items of expenditure, particularly under the nation-building department, like a wise housewife as best as he could. Sir, I shall not take much of your time to examine the different items of the budget. That will be left to some of my friends both on this side and on that side. But as the budget debate is the occasion on which we can make general observation on different departments of administration, I shall address some of my remarks to them.

Sir, before I enter into discussion about other matters, I would express my abhorrence to the dastardly outrages which have been reported to have taken place in some parts of Eastern Pakistan. Sir, if you read today's "Statesman", you will find that there have been one thousand killings of migrants as a result of firing by the Pakistan Police. Nothing can be more barbarous than this. On behalf of all of my frineds, all of my countrymen, I enter my strongest protest against this action of the Pak Police. It is, however, a matter of satisfaction that the Government of India has firmly impressed on the Pakistan Government that immediate restoration of peace and harmony in East Pakistan is the touch-stone of future co-existence between the two countries. Sir, the policy which the Central Government has been following with regard to Pakistan has not been, in my opinion, sufficiently firm. Although I would not call it a policy of appeasement, I would call it a policy of persuasion which is not warranted any longer by the circumstances which are reported to be taking place in Pakistan. Therefore, it is a matter of satisfaction that our Central Government have decided to be more firm, and this protest, I hope is the beginning of a new policy to be adopted towards Eastern Pakistan.

In this connection, Sir, I think I should say a few words about the criticisms which are being made against the Government, particularly the Chief Minister and the police. Sir, it is being said that the action which has been taken by our Government, by the Chief Minister, to stop the disturbances, to put an end to the serious carnage and killings in the different parts of West Bengal, has not been sufficiently strong.

That is the allegation which is being made by one class of people. Again there others who are saying that the action taken by the police in this State has been unusually severe and discriminatory. Some say, on the one hand—those of my minority friends who pose themselves as the leaders of the minorities—that the police action against the Hindu rioters has not been sufficiently strong. On the other hand, some of my friends including a section of the press have been saying that the action against the Hindus by the police has been particularly severe, out of all proportion to the gravity of the occurrences for which Hindus can be held responsible. Sir, the police is between two fires. I am not an advocate of the police as such, but, Sir, I find one interesting thing. Before independence it used to be the practice among politicians always to accuse the police. After independence, for some time, this tendency diminished to a large extent. Again I find in connection particularly with this riot that criticism of the police, attack upon the police, is going to be more and more violent. Sir, I would sound a note of warning to all of my friends. I had discussions with several important officials of the Poilce Department, many of whom are my students. They said, their heart was going to be broken by constant criticisms. If things go on in this way, soon you will find there is an utter demoralisation among the policemen. And what will then be

be the result ? The result will be that the police will become discontented and will be hardly willing to obey the Government and take necessary strong measures in case of any riot or disturbance in future. Therefore, I would respectfully request my friends to take all facts into consideration and desist from constantly attacking police which would result in heart breaking among the devoted policemen and ultimately undermine our structure for internal protection.

So far as the Chief Minister is concerned, Sir, I was here for more than a week in Calcutta after the beginning of the riot. After that I left Calcutta and went to Delhi. During the period I was here, I had occasion to find that far from the Chief Minister being idle and his department being inactive in the matter of quelling all disturbances, the Department was very active. Sometimes it appeared to me that the action taken by them was more severe then was warranted by the occasion. Sir, prompt action taken by his Department, by the Home Department, succeeded in putting an end to the disturbance so soon. I think the whole country should be grateful to our Chief Minister for the rapidity with which these disturbances were put an end to under his direction.

Therefore, I would request my friends not to severely criticise him and his man. There might be on their part some lapses, occasional lapses. Man is not perfect. But in carrying on administration man is an instrument with which you are to work. Therefore, lapses might be there. But as has been recognised by the Central Home Minister, Shri Guljarilal Nanda, Shri Prafulla Sen, the Chief Minister's action deserves wholehearted support from the whole country.

[3-50—4 p.m.]

Then Sir. I will make certain observation as regards Education. My disadvantage is that my friend Shri Satya Priya Roy has not yet spoken—Satya Priya Roy for whom I entertain the highest regard for his devotion to the cause of teachers, but at the same time, who I am reluctantly compelled to come to the conclusion, is under a misguided sense of duty undermining what is most important thing, i.e., the loyalty of the teaching profession to the sacred work to which they are devoted. Yes, he is undermining their devotion to a sacred cause which is expected from the teaching community.

Shri Satya Priya Roy has not yet spoken and, therefore, I do not know what fresh attack he will make upon the Education Minister but it is wellknown that the Education Minister is going to lay down office in course of the next two or three months. He would bid farewell to the Government and there would be another Education Minister to take charge of the portfolio. On this occasion, therefore, I think I should pay my respect, tribute and admiration for the wonderful work in spite of Messrs. Satya Priya Roy and Santosh Babu's condemnation of him. I feel I owe it to the whole province, I feel I owe it to the whole educated community, the duty to pay my heartiest contribute for the manner in which he has devoted to his duty. No word has been too strong against him from the friends on the other side. But I am sure after the dust and dim of the controversy

has been silenced, the posterity of the coming generation of West Bengal will recognise the services rendered by Haren Babu to the cause of education. I am weighing every word I am using.

Sir, if you look at the statistics, if you look at the report, you will be simply impressed with the amount of progress which the State has achieved since Haren Babu took upon himself the charge of administration of the State. If you look at the number of schools, if you look at the amount of expenditure incurred on Education, if you look at his devotion to the cause of teachers, you will find that all these are unique. People will hardly forget that the deficit grant which has been introduced in the secondary schools is an achievement and anybody could feel proud of it. It is something unprecedented which has not been done in any other State. Shri Satya Priya Roy, my sister Shrimati Anila Devi and other friends on the other side should take note of this matter. Haren Babu is going and I hope the Education Minister who will succeed him will give us as satisfactory work as he has been doing.

Then, Sir, it has been said that the commercial and semi-commercial transactions of the State have not proved successful and, particularly, a section of our countrymen has launched an attack upon the Greater Calcutta Milk Supply Scheme. It has been pointed out in the revised budget of 1963-64 that there was a loss of about Rs. 20 lakhs and 30 thousand. So the scheme has been a failure. I would ask my friends, the critics, who have been following the progress of these schemes, to look over the matter very carefully. The Greater Calcutta Milk Supply Scheme is one of the schemes—we should feel proud of. Of late, the Manchester Guardian has paid eloquent tribute to the manner in which the scheme is being worked out. Every one of us should feel grateful to the Hon'ble Minister-in-charge under whose care the scheme is being worked out and particularly to Mr. Roy, the Milk Commissioner.

If my friend have a look at the Manchester Guardian of recent date he will find it.

(At this stage the red light was lit)

Sir, I find my time is up and so I am not saying anything more now. I will reserve my other remarks till next time—during the discussion of the Finance Bill, which will be presented before us. But before I finish I shall pay a word more. Sir, our Finance Minister has paid a handsome tribute to the architect of modern Bengal, architect of New West Bengal, namely, to late Dr. Bidhan Chandra Roy and I am very glad that he has done so. In this connection I would ask my friend the Finance Minister and other members of the Cabinet to remember that soon after the death of Dr. Roy at a mass public meeting in the Maidan it was decided that a fitting memorial of Dr. Roy would be to name Durgapur as "Bidhan Nagar". I would respectfully bring it to the notice of the West Bengal Cabinet to take up his matter at an early date.

Sir, with these words, I again express my wholehearted support to the budget. I had many other things to mention but for want to time I cannot do it now.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৃহস্পতিবারের বারবেলায় আমাকে বাজেট সম্পর্কে বলতে হচ্ছে। স্যার, সেজন্য প্রথমেই আমি পশ্চিমবাংলায় বর্ত্তমান যিনি মুখ্যমন্ত্রী তার শাসনকালে প্রশাসনিক একটা নকশা আমি তুলে ধরতে চাই। স্যার, ব্যক্তিগতভাবে তিনি অত্যন্ত ভদ্রলোক, কোমল হৃদয়, সাধারণতঃ মিষ্টভাষী, সাদাসিদে মানুষ, এককালে তার সংগে অনেকদিন জেলে ছিলাম, তখন থেকেই তাকে চিনি, তিনি প্রফুল্লদারূপে সকলের প্রিয় কিন্তু স্যার, শাসক হিসাবে যে দৃঢ়তা, যে আত্মবিশ্বাস, কোন সংকটের সময় সিদ্ধান্ত গ্রহণ করায় যে প্রত্যুৎপন্নমতিত্বের দরকার এবং সর্বশেষে যে ব্যক্তিত্ব থাকা প্রয়োজন তার পরিচয় গত এক বছরে তার শাসন পরিচালনা-কালে পাই নি। ব্যক্তিগত ভাবে দেখছি যে অত্যন্ত আলাপচারী, লঘু হাস্য পরিহাসের ঝোঁক তার খবই আছে এবং প্রায় সব সময়ই দেখছি টেবিলের উপয় বেশ আঙ্গুল দিয়া তবলা বাজিয়ে চলেছেন। শাসন পরিচালনা করবার সময় ঠিক সেই লঘু চিত্ততার পরিচয় আমরা সর্বক্ষেত্রে দেখেছি। এখানে আলোচনার সময় দেখছি, পাক গুপ্তচর চক্রের কথা যখনই বলেছি তখনই দেখেছি সিরিয়াসনেস বলে তার কিছু নেই, সম্পর্ণ লঘু চিত্ততা এবং সেজন্য আমি তার একটা নতুন নামকরণ করতে চাই যেহেতু তিনি তবলা বাজান সেহেতু তিনি আমাদের মখ্যমন্ত্রী নন, তিনি তবলজি মুখ্যমন্ত্রী। স্যার, গত এক বছরে মুখ্যমন্ত্রী একটা রুল তার ডিস অডারের চিত্র সরকারের মধ্যে সৃষ্টি করেছেন। স্যার, আমি দুটো উদাহরণ আপনার সামনে রাখছি। অক্টোবর নভেম্বর মাসে যে খাদ্য বিপর্যয় হয়, তার দায়িত্বহীন উক্তির ফলে এক সপ্তাহের মধ্যে ৭।৮ টাকা দর বেড়ে যায় এবং স্যার, আমরা দেখেছি, তারপর ঐ জনসাধারণ দমদম দাওয়াই—এর মুষ্টিযোগ চিকিৎসা করবার পর সেই দর কমে আসতে বাধ্য হয়।

[4—4-10 p. m.]

স্যার, দ্বিতীয় উদাহরণ আমি দিচ্ছি। সাম্প্রদায়িক দাঙ্গার সময় এই কলকাতায় এবং তার আশেপাশে আইন শৃঙ্খলা রক্ষার ব্যর্থতা সরকারের পক্ষ থেকে আমরা দেখেছি, এবং সেটা যেমন অত্যন্ত লজজাজনক, তেমনি অন্য দিকে দাঙ্গার পরবর্ত্তীকালে অবস্থার প্রতিকারেতে যে ব্যর্থতা তা সমস্ত দেশের লোককে বিক্ষুব্ধ করে তুলেছে। গুণ্ডা এবং দাঙ্গাবাজদের দমনের ব্যাপারে সমস্ত রাজ্যে সন্ত্রাসের ভাব সৃষ্টি হয়েছে। অথচ এটা এমন একটা ব্যাপার যাতে সমস্ত রাজ্যের সকল স্তরের মানুষের সমর্থণ তার পিছনে থাকাই স্বাভাবিক। সেই সমথনের ভিত্তিকে তিনি ধুলিসাৎ করেছেন। এর আর একটি দৃষ্টান্ত আমি আপনার সামনে রাখতে চাই। ১৬ই জানুয়ারী তারিখে কলকাতার সমস্ত রাজনৈতিক দল সম্মিলিতভাবে যে প্রচণ্ড উৎসাহ নিয়ে ৫০ হাজার লোকের শান্তি মিছিল বেরিয়েছিল, সেই উৎসাহ, শক্তিকে তিনি ব্যবহার করতে পারলেন না। শুধু তাই নয়, মুখ্যমন্ত্রী কেবল জনসাধারণ এবং বামপন্থী দল কিম্বা সংবাদপত্রের সমথন থেকেই বঞ্চিত নন, তিনি সবার, তাঁর নিজের যে দল কংগ্রেস পার্টি, সেই দলের সমর্থন থেকেও বঞ্চিত হয়েছেন। এ কথা অত্যন্ত স্পষ্ট কারণ, এটা লক্ষ্য করবার ব্যাপার যে আজ পর্যন্ত কংগ্রেস দল মুখ্য মন্ত্রীর আইন ও শৃঙ্খলা রক্ষার যে চেষ্টা এবং শান্তি স্থাপনের যে প্রয়াস, তাকে জয়যুক্ত করার জন্য একটা জনসভা পর্যন্ত তারা করেননি। কোন গণ আন্দোলন কংগ্রেস দলের তরফ থেকে হয়নি, কোন ডিমোক্রাটিক সাপোর্ট দেবার জন্য তাঁরা অগ্রসর হননি। এমন কি পশ্চিমবঙ্গের বিধান সভা বা বিধান মণ্ডলীর যে সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের এম. এল. এ বা এম. এল. সিরা আছেন, তাঁরা পর্যন্ত মুখ্য মন্ত্রী মহাশয়কে একটা যুক্ত বিবৃতি দিয়ে এ বিষয়ে সাহায্য করার জন্য উৎসাহ বোধ করেননি। সংবাদপত্র বলছেন যে মুখ্য মন্ত্রী মহাশয় পুলিশী সন্ত্রাস চালিয়েছেন এখানে। কংগ্রেসদল প্রকাশ্যে তার প্রতিবাদ পর্যন্ত করেননি। সংবাদ পত্র অভিযোগ করেছে, আমরাও অনেকে এই সভায় অভিযোগ করেছি যে পাকিস্থানী অনুপ্রবেশ এবং তাদের গুপ্তচর চক্র তিনি রোধ করতে পারেন নি। মুখ্য মন্ত্রী মহাশয়-এর উপযুক্ত জবাব পর্যন্ত দিতে পারেননি, এবং জনসাধারণ ও বামপন্থী দলত দূরের কথা তাঁর নিজের কংগ্রেসী দলকে পর্যন্ত কনভিন্স করতে পারেননি যে পাক গুপ্তচর বা কারও অনুপ্রবেশ সম্পর্কে তিনি যে সকল ব্যবস্থা অবলম্বন করেছেন তা উপযুক্ত হয়েছে। সে সম্পর্কে তাদের পর্যন্ত কনভিন্সড করতে পারেন নি। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ—ইট ইজ নট করেক্ট) নিশ্চয়ই করেক্ট, কারণ, দেখা গিয়েছে এই সভায় আপনারা এক রকম বলেন, কিন্তু লবিতে তো আপনাদের সাথে কথা হয়,—আমরা এ কথা বলবার পর আপনাদের মধ্যেই অনেকে আমাদের অভিনন্দন জানান।

সুতরাং মুখ্য মন্ত্রী মহাশয়, অক্টোবর নভেম্বর এর খাদ্য বিপর্য্যয় থেকে সুরু করে জানুয়ারী, ফেব্রুয়ারীর গোলযোগের ভিতর দিয়ে জনতার আস্থা, বামপন্থীদের আস্থা, এবং নিজের দল, কংগ্রেস পার্টির আস্থা পর্যন্ত হারিয়েছেন। তার কারণ, ডাঃ রায়ের প্রশাসনের যে অবশিষ্ট ক্ষমতা টুকু তাঁর হাতে তিনি দিয়ে গিয়েছিলেন, তিনিও তা শেষ করে এনেছেন, উশৃঙ্খল জমিদার পুত্রের মত দু-দিনেই জমিদারী তিনি উড়িয়ে দিতে চলেছেন।

He has abdicated his responsibilities as Chief Minister and moral obligations as the Leader of the House.

স্যার, আমি দেখছি —আফটার ইমার্জেন্সি কি রকমভাবে এ পিরিয়ড অব ডেটিরিওরেশন এই পশ্চিম বাংলার শাসন ব্যবস্থার মধ্যে সংক্রামিত হয়েছে। সমস্ত গঠনমূলক এবং দেশ উন্নয়নমূলক বিভাগের খরচা কমান হচ্ছে, আর শুধু পুলিশের খরচ বাড়ান হচ্ছে। স্যার, সরকারী খরচা শুধু বাড়ানই নয়, তারমধ্যে নানা রকম দুর্নীতি ও ঘুষের সুযোগ দেওয়া হচ্ছে। স্যার, আপনার বোধহয় মনে আছে চাইনিজ ইনভেশন-এর সময় কেন্দ্রীয় গভর্ণমেন্টর কাছে চাপ দিয়ে কলকাতায় এবং পশ্চিম বাংলায় শত শত নিউ পোষ্ট ক্রিয়েটেড হয়েছে। চিফ মিনিষ্টার যিনি হোম মিনিষ্টারও তিনি স্ট্যাটিস্টিক্স্ বিশারদ, তাঁর কাছ থেকে আমরা জানতে চাই তিনি আমাদের সংখ্যাটা দিন, যে কয়টা পোষ্ট এ পর্যন্ত এমার্জেন্সী পিরিয়ডে ক্রিয়েটেড হয়েছে। ফাইনান্স স্যাঙ্কসন করা হয়েছে। টাকা স্যাঙ্কসন করা হয়েছিল মাত্র ৬ মাসের জন্য কিন্তু স্যার, হোম সেক্রেটারির যোগসাজসে সেই টাকা পুলিশ বিভাগের জন্য বিশেষ কছে ইনডেফিনিট পিরিয়ড-এর জন্য আজকে সেটা চালু রয়েছে। এফিসিয়েন্সি কতখানি বেড়েরে সেটাতো গত দাঙ্গার সময় দেখা গিয়েছে। স্যার, এ কথা কি আমরা জানিনা প্রত্যেকটি সদস্যকে আমি মনে করিয়ে দিতে চাই যে আই. বি. ডিপার্টমেন্ট আছে —তার প্রত্যেক জেলায় জেলায় ডি. আই. বি. আছে এবং তার একটি কম্যুন্যাল সেক্সন আছে। এই রায়ট হবে কিম্বা টেনসন দেখা দিয়েছে, পাক চক্র তৎপর হয়েছে, এই টেনসন সৃষ্টি করবার জন্য তার কোন রিপোর্ট দেওয়া হয়েছিল কি সময়মত মুখ্য মন্ত্রীর কাছে বা মন্ত্রী মণ্ডলীর কাছে? দেয়নি —দিতে পারেনি। কিন্তু স্যার, বিরোধী দলের আমরা কোথায় কখন কাকে টেলিফোন করি কার সঙ্গে কি কথা বলি সে রিপোর্ট কিন্তু যথারীতি আসে। কোন এম. এল. এ বা এম. এল. সি কোথায় যাচ্ছে তার খবর সংগ্রহ করবার জন্য ব্যস্ত। পুলিশের বিরুদ্ধে কোন এম. এল. এ কোন এম. এল. সি কি বলবে সে রিপোর্ট তাদের কাছে ঠিক মত আসছে। স্যার, বর্ডার পুলিশের কথা অনেকবার আমি বলেছি। বর্ডার পুলিশ তো নয় ওকে আমি বলবো স্যার ঘুষের পুলিশ। ডি. আই. জি. থেকে সুরু করে কনষ্টেবল পর্য্যন্ত সব দুর্নীতিপরায়ণ। বেট বাঁধা আছে এবং তার পৃষ্টপোষক হচ্ছেন আই. জি সাহেব নিজে। এই আই. জি. সাহেব সম্পর্কে মাত্র গত কাল যখন ওখানে প্রশ্নোত্তর হয় সেই সময় আমরা প্রশ্ন করেছিলাম যে পশ্চিম বাংলায় যে দাঙ্গা সুরু হয়েছে সেই সম্পর্কে কবে মুখ্যমন্ত্রীকে খবর দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী প্রশ্নোত্তরের সময় বলেছিলাম যে ৯ই তারিখে সেই খবর তাকে দেওয়া হয় এবং বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন কয়েকটি ঘটনা হচ্ছে তাই দেওয়া হয়েছিল। স্যার, পুলিশ কমিশনার শচীন ঘোষকে নাকি সরাবার চেষ্টা হয়েছিল তার তথাকথিত অকর্ম্মণ্যতার জন্য। জিজ্ঞাসা করতে পারি কি আজকে এই আই. জি. সাহেবের এখানে বসে থাকবার কি অধিকার আছে? যে ভদ্রলোক যে আফিসের ৯ তারিখে খবর দিচ্ছে যে ২৪-পরগণায় কেবল মাত্র কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা হয়েছে। স্যার, এর পরে চলে আসুন হেলথ ডিপার্টমেন্ট অনেক প্রশ্নর পর আমি এ সভার বহু প্রশ্ন করেছি। নুতন মন্ত্রী হয়েছেন—আমি প্রশ্ন করেছিলাম বার বার যে ক্যান্সার ডিপার্টমেন্ট মেডিক্যাল কলেজের এন. বি. রায় তাকে কেন সরানো হচ্ছে না? কারণ যে ভাবে তিনি একারে ডিপার্টমেন্ট নিয়ে দুর্নীতি করে চলেছেন; এবং আমি জানি না যে আমাদের এই মাননীয়া মন্ত্রী মহোদয়া যিনি নুতন এসেছেন তার কি ইন্টারেষ্ট আছে এই রকম দুর্নীতি পরায়ণ আফিসারকে প্রশ্রয় দেওয়া। শহরের হাসপাতালে রোগী ভর্ত্তি করতে হয় পয়সা দিয়ে। স্যার, ডাক্তারেরা যারা নন-প্র্যাকটিসি তারা স্যার আমরা দেখেছি যে নন-প্র্যাকটিসিং এ্যালাউন্স নিয়ে তারা প্র্যাকটিস করছে। এই দপ্তরে এই চলছে। রোগীদের মুখের দিকে চেয়ে নয়, বরং ডাক্তারদের স্বার্থে এই দপ্তর পরিচালিত হচ্ছে বলে মনে হয়। স্যার, এই মন্ত্রী মহোদয়াকে নিয়ে তিনি জানেন না ডাক্তারেরা হাসি ঠাট্টা করে। তার কর্ম্ম ক্ষমতা সম্পর্কে তারা সন্দেহ

প্রকাশ করে। স্যার, আমি তো জানি এই মন্ত্রী মহোদয়া পোর্টফলিও ভাগ যখন হয় তখন তিনি কেমন করে এলেন তা পরে আমি আসছি। কিন্তু স্যার, কামরাজের যখন খাঁড়া তার মাথায় ওপর পড়েছিল তখন তো আমরা জানি তিনি কি করে চাকরী বজায় রেখেছেন। ভাইঝি-কে ধরে সেই চাকুরী তিনি বজায় রেখেছিলেন সে খবর আমাদের অজানা নয়। সুতরাং কর্মদক্ষতা এই মন্ত্রীর বা এই ডিপার্টমেন্টের কোন জায়গায় দেখা যাচ্ছেনা এবং চরম অব্যবস্থা চলছে। মুখ্য মন্ত্রী নিজে ফুড ডিপার্টমেন্টকে হাতে করে রেখে দিয়েছেন। স্যার, আমি এর আগের বারে বসেছিলাম সেই ফুড ডিপার্টমেন্ট যিনি সেক্রেটারী হয়ে বসে আছেন সেই বি. সি. গাঙ্গুলী সাহেব তার বিরুদ্ধে তিনি যখন মটর ভিউকলস ডিপার্টমেন্টে ছিলেন এন্টি করাপসন এর পক্ষ থেকে তার বিরুদ্ধে তদন্ত হয়েছিল।

[4-10—4-20 p. m.]

এবং সে সম্পর্কে রিপোর্ট দেওয়া হয়েছিল। এবারে চলে আসুন ডিরেক্টর শ্রীএস. সান্যাল-এর ব্যাপারে। ৮ বার তাঁকে এক্সটেন্সান দেওয়া হয়েচে ৮ বারই তাঁর সম্পর্কে বহু অভিযোগ এবং এবং আজ বলতে লজ্জা হয় যে মুখ্যমন্ত্রীর প্রশ্রয় নিশ্চয়ই আছে এবং তাঁর যোগসাজসে যদি দুর্নীতি না চলে এবং তিনি যদি তাতে ইন্টারসটেড না হন তাহলে বার বার ৮ বার কেন তাঁকে এক্সটেনসান দেওয়া হয়েছে? স্যার, সুগার নিয়ে তো কত কথা আমরা শুনি। সুগার কন্টোলার হিসাবে বসিয়ে রাখা হয়েছে আর একজন মুখ্যমন্ত্রীর প্রিয় লোককে। বহুবার বলেছি শ্রীপি. কে. সেন গুপ্তের সম্পর্কে। স্যার, এই কথা কি সত্য নয়, জবাব চাই, বর্তমানে যিনি পুলিশ কমিশনার তাঁর ভাই এবং তাঁর বিরুদ্ধে কোন তদন্ত হবে না বাইরে থেকে পুলিশ অফিসার নিয়ে? তদন্ত যদি না করা হয় তাহলে কোন ফল পাওয়া যাবে না। আমি জিজ্ঞাসা করতে চাই যে সুরজমল বাহাদুরমল বলে একজন ভদ্রলোক-এর অনুগ্রহে ইমপোর্টার হয়ে স্বনামে এবং বেনামেতে অনেকগুলি ডিলারসিপের কাজ পেয়েছে এবং তার বিনিময়ে এই পি. কে. সেনগুপ্ত বেশ কিছু শেয়ার পাচ্ছে? তৃতীয় প্রশ্ন আমি করতে চাই ক্ষিতিশ চন্দ্র সাহা বেলিয়াঘাটায় থাকেন, তাঁর সাথে এঁর পার্টনারসিপ আছে কিনা, একটা ফার্টিলাইজারের ব্যবসা, তার নাম হচ্ছে ব্রহ্মপুত্র ফার্টিলাইজার কোম্পানী, এই চার্চ লেনে তার অফিস এবং জিজ্ঞাসা করতে চাই এই ভদ্রলোক বেনামেতে সুগার এবং রেশন সপ-এর কোন ব্যবসা চালাচ্ছেন কিনা? এবারে চলে আসুন অন্য ডিপার্টমেন্ট সম্বন্ধে। এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট স্যার, আমি এটাকে বলব একটা ভুতুড়ে ডিপার্টমেন্ট। ভূতে চালাচ্ছে এটাকে। শুধু এখানে যে পোষ্ট ক্রিয়েটেড হয় তা নয়, স্যার, এদের এত লোক এবং তারা এত অকর্মণ্য এবং অপদার্থ যে তারা যখন গ্রামে যান তখন চাষীরা ক্ষেত থেকে পালায় জাপানীবাবু এসেছে বলে। তারা গিয়ে খালি বলে যে জাপানী প্রথায় চাষ কর। কোন কর্মদক্ষতা নেই, কি করে সেই কাজ করতে হয় তা জানাতে পারে না, এবং স্যার, অফিসাররা দার্জিলিংএ মলেতে আর তা না হলে দীঘায় সমুদ্র সৈকতে চাষ করতে যায়। লক্ষ লক্ষ টাকার যন্ত্রপাতি বছরে বছরে কেনা হয়, সেগুলি পড়ে থাকে আর নষ্ট হয়, আবার কেনা হয়। বাংলা দেশে আজ খাদ্য সমস্যা দেখা গিয়াছে, খাদ্য সংকট দেখা দিয়েছে, ঠিকমত উৎপাদন হয় না, সারের প্রয়োজন। স্যার, বাংলাদেশে এ্যালোটেড কোটা চোরা সুড়ঙ্গ পথে মাদ্রাজে ব্ল্যাক মার্কেটে বিক্রি হচ্ছে। স্যার, পশ্চিম বঙ্গের ডেভেলপমেন্ট করতে হবে। ৬৭ টা এই রকম বিভিন্ন দপ্তর আছে প্রতিষ্ঠান আছে। পশ্চিমবঙ্গকে ডেভেলপ না করিয়ে কিছুতেই তারা ছাড়বেন না। স্যার, কোন ইন্টিগ্রেটেড প্ল্যান নেই। ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট আছে। এস. কে. ব্যানর্জী ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপমেন্ট কর্পো-রেশানের কমিশনার হয়ে আছেন। স্যার, গুরুদেবের আশীর্বাদপুতঃ ভূতপূর্ব আই. জি. কমিশনার ছিলেন, গুরুদেব ভরসা করে চলতেন, অবসর জীবনযাপনের ক্লান্তি অপনোদনের জন্য তাঁকে সুযোগ করে দেওয়া হয়েছে, সেখানে তাঁকে চেয়ারম্যান করে দেওয়া হয়েছে। এখন স্যার, গুরুদেব ছেড়ে কন্ট্রাক্টরদের গুরুদেব বলে তিনি ভজনা করে চলেছেন। আর একটা প্রতিষ্ঠান সি. এম. পি ও, লেফটন্যান্ট জেনারেল ডি. এন. চক্রবর্তীকে সেখানে বসান হয়েছে। আমেরিকা থেকে পয়সা আসছে, ব্লু প্রিন্ট চলছে বছরের পর বছর। ইনিও স্যার, অবসর জীবনযাপনের ক্লান্তি অপনোদন করার জন্য সেখানে বসেছেন। পি. এস. সি. তিন তিনবার ডিরেক্টর অব হেলথ্ সার্ভিসেস পোষ্টের জন্য তাঁকে রিজেক্ট করেছিলেন। তবে স্যার, আমেরিকার পয়সা কি

উপভোগ করছেন সেটা ভাল কথা, আমাদের তাতে চোখ টাটায় না। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাষ্টে যোগ্য লোক আছে। কিন্তু স্যার, সি. এম. পি.ও. বা ডেভেলপমেন্ট কর্পোরেশানের সাথে তার কোন যোগাযোগ নেই যে একটা ইনটিগ্রেটেড প্ল্যান করে। আবার তার উপর শুনছি যে একটা সল্ট লেক রিকলামেশান বোর্ড আছে। এখানেও স্যার একজন অবসরপ্রাপ্ত প্রাতঃস্মরণীয় মহাপুরুষকে বসান হয়েছে, তিনি হচ্ছে এ. ডি. খান সাহেব। এঁর সাথে ডাঃ রায়ের আর এক শ্রীবৈদ্যনাথ ভট্টাচার্য্যের, তিনিও এক প্রাতঃস্মরণীয় ভদ্রলোক, খুব ঘনিষ্ঠতা আছে।

কিন্তু একটা সামগ্রিক ইন্টিগ্রেটেড প্ল্যান করে তাকে চালাবার, উন্নতির পথে বাংলা-দেশকে নিয়ে যাবার সেটা কিন্তু কিছুমাত্র নেই এবং সেখানে যিনি ছিলেন এ বি গাঙ্গুলী মহাশয়, সেই ভাগ্যের কথা যে তাঁকে সরিয়ে আনা হয়েছে, এখন মিঃ নিয়োগীকে সেখানে নেয়া হয়েছে কিন্তু স্যার, এই এ বি গাঙ্গুলী এখন এসে আমাদের যে স্টেট ট্রান্সপোর্ট তার স্কন্ধে ভর করেছেন। এডুকেসন ডিপার্টমেণ্টের কথা আমি বেশী বলবো না—মহীতোষবাবু আমাদের শ্রদ্ধাভাজন শিক্ষামন্ত্রী তিনি রিটায়ার করে যাচ্ছেন বলে স্তুতিবাদ করলেন, অবশ্য ওখানে স্তুতিবাদ করে কোন ফল হবে না আখেরে। আপনি ওঁর স্তুতিবাদ করলেন এবং পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের স্তুতিবাদ এটা ভুল করলেন, আখেরে লাভ হবে না কারণ নমিনেসন পেতে গেলে যাঁর স্তুতিবাদ করা উচিত ছিল তাঁর করেননি। যাহোক স্যার, এডুকেসন ডিপার্টমেণ্টে আমাদের স্বনামধন্য ডি. এম. সেন মহাশয় আছেন—আমাদের শিক্ষা বিভাগ কিভাবে পরিচালিত হয় কাজেই আমাদের শিক্ষক প্রতিনিধিদের কাছ থেকে তা শুনছেন। স্যার, ১৯৪৮ সাল থেকে ১৮ বছর তাঁকে এক্সটেনসন দেয়া হয়েছে এবং যখন গত বিধানসভা শেষ হয় নির্বাচনের মুখে তখন ডাঃ রায় আমাদের শিক্ষামন্ত্রীর যে সুপারিশ তার বিরুদ্ধাচারণ করে তাঁকে আবার এক্সটেনসান দিয়া গেছেন। এখন শুনছি যে ক্ষমতার লড়াই চলছে, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির যিনি ভাইস প্রেসিডেণ্ট শ্রীযুত দাসগুপ্ত তাঁর সাথে মামা ভাগ্নের লড়াই চলেছে ক্ষমতা নিয়ে। স্যার, এরপর মুখ্যমন্ত্রীর কাছে তার একবার আসতে হয়।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

স্যার, একটা কথা উনি আগেও বলেছেন, এখন রিপিট করেছেন। কথাটা হচ্ছে ডাঃ সেনের যে এক্সটেনসন হয়েছিল সেটা হোম ডিপার্টমেণ্ট থেকে হয়েছিল, আমার ডিপার্টমেণ্টের কোন কথাই আসে না। উনি কেন মিছে এটাকে বারবার নিয়ে আসছেন জানি না। সেদিন মুখ্যমন্ত্রী বলেছেন ওঁর উত্তরে যে আমার ডিপার্টমেণ্টে তাঁর এক্সটেনসনের যে ফাইল রয়েছে তাতে শিক্ষা বিভাগের কোনরকম মন্তব্য কিছু নেই—একথা মুখ্যমন্ত্রী সেদিন বলেছেন। তথাপি উনি কতকগুলি অ্যালীগেসন করছেন এ কোন দেশী কথা।

Shri Jatin Chakravorty:

কিন্তু স্যার, ক্যাবিনেটে সেই সিদ্ধান্ত গৃহীত হয়েছিল এবং আমি আবার বলছি ডাঃ রায় ওঁর বিরুদ্ধাচারণ করেছিলন, তাঁর মতের কোন দাম দেয়া হয় নি। তিনি এখন অস্বীকার করছেন কিন্তু সেদিন তিনি গালে হাত দিয়ে বসেছিলেন। আজকে আমার কথার জবাব দিলেন।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আপনি ক্যাবিনেটের কোন কথাই জানেন না কেন মিছে মিছে বলছেন।

Shri Jatin Chakravorty:

এই এক বছর ধরে আমাদের মুখ্যমন্ত্রী নিজের যে পজিসান সেটাকে কনসলিডেট করবার জন্য নানাভাবে চেষ্টা করে আসছেন। প্রশাসনিক অবস্থা যাই হোক, দেশ চলোই যাক। কিভাবে আমাদের কর্মদক্ষ অফিসারদের এক জায়গা থেকে আর এক জায়গায় ঘুরিয়ে ঘুরিয়ে তাঁদের কর্মদক্ষতা নষ্ট করছেন দেখুন। স্যার, বি. আর. গুপ্ত একজন সৎ কর্মদক্ষ অফিসার, অত্যন্ত এফিসিয়েণ্ট—স্যার মজা দেখুন, তাঁকে বিলেতে পাঠানো হল সরকারী খরচায়, ফুড ডিপার্টমেণ্টে তখন তিনি ছিলেন এবং কথা ছিল যে সেখানে থেকে ফিরে অভিজ্ঞতা সঞ্চয় করে খাদ্যসঙ্কট সমাধান করার জন্য তিনি আবার ওখানে এসে সাহায্য করবেন কিন্তু স্যার ফিরবার পর তাঁকে

দেয়া হল হেলথ ডিপার্টমেণ্টে এবং আশ্চর্য্যের কথা, এই হেলথ ডিপার্টমেণ্ট থেকে আবার পয়সা খরচ করে তাকে পাঠানো হয়েছে আমেরিকায়—কিসের জন্য না ফর গেইনিং এক্সপিরিয়েন্স ইন পাবলিক হেলথ।

[4-20—4-30 p. m.]

ফিরে এলে দেখবো তিনি আর পাবলিক হেলথ ডিপার্টমেণ্টে থাকবেন না, বোধ হয় এক্সাইজ ডিপার্টমেণ্টে তাঁকে পাঠিয়ে দেওয়া হবে। অন্য স্টেট গভর্নমেণ্ট বা রাজ্য সরকার, তারাও লোক পাঠিয়েছেন আমেরিকাতে। কিন্তু তারা প্রত্যেকে মেডিক্যালম্যান আর এখানে শ্রী বি. আর. গুপ্ত একমাত্র নন-মেডিক্যালম্যান যাঁকে পশ্চিম বাংলা থেকে পাঠান হয়েছে। স্যার, আরও মজা দেখুন—এই বি. আর. গুপ্ত যখন ইউ. এস. এ.তে যাচ্ছেন, তখন তার ঐ পোস্টে ডি. এন. ব্যানার্জি, যিনি সেক্রেটারী, হেলথ ডিপার্টমেণ্টের, তাঁকে ওখানে নিয়ে গিয়েছেন। ডি. এন. ব্যানার্জির কিন্তু পারমানেণ্ট পোস্ট হচ্ছে সেক্রেটারী, অ্যানিম্যাল হাসব্যাণ্ড্রি। জেনারেল চক্রবর্ত্তী এখন সি. এম. পি. ও হতে গেলেন, সেই সময় তাঁকে ফিল আপ দি গ্যাপ করতে সেখানে নিয়ে আসা হল, এবং স্যার, মজা হচ্ছে এই রকম ভাবে অফিসারদের এক জায়গা থেকে আর এক জায়গায় বসান হচ্ছে, এবং যে কাজের জন্য তিনি অভিজ্ঞতা সঞ্চয় করেছেন, সেই অভিজ্ঞতাগুলোকে নষ্ট করে দিয়ে, তিনি নিজের কাজ করবার জন্য, বিশেষ উদ্দেশ্য নিয়ে, এই ভাবে সরকারী কর্মচারীদের অপসারণ করছেন। স্যার, আর একজন দেখুন—শ্রী আর ঘোষ, এগ্রিকালচারাল কমিশনার দুষ্ট লোক বলে যে কেন্দ্রীয় মন্ত্রী রামসুভক সিং মশাই তাঁকে তিনি নানারকমভাবে তুষ্ট করে এই পোস্টটা হল। মাস কয়েক হল এই পোস্টটা ক্রিয়েট করা হয়েছে এবং তাঁকে এগ্রিকালচারাল কমিশনার করে রাখা হয়েছে। এর ফলে স্যার, এস. কে. ব্যানার্জি মহাশয়ের কপাল পুড়লো। তিনি হয়ে গেলেন প্ল্যানিং কমিশনার, এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট এর মধ্যে রুরাল এক্সটেনসন এটা ছিল ডেভেলপমেণ্ট কমিশনার এর হাতে। ওটা চলে গেল এগ্রিকালচারাল কমিশনার এর হাতে। শ্রী আর. ঘোষ আসবার পর। স্যার, ক্যালকাটা কর্পোরেশনের কথা সংক্ষেপে কিছু বলতে হয়। কমিশনার এস. বি. রায়, খুব সৎ ও কর্তব্যনিষ্ঠ একজন অফিসার, তিনি সেখানে থাকতে পারলেন না। সঙ্গে সঙ্গে আবার কি হল? এখন দেখতে পাচ্ছি যে কোন আই. এ. এস. অফিসার সেখানে যেতে চাচ্ছেন না। স্যার, কাউন্সিলাররাও খুব ক্ষুব্ধ ও অসন্তুষ্ট হয়েছেন যে তাদের অধিকার নাকি খর্ব করা হয়েছে। এখন আমাদের মুখ্য মন্ত্রী, যে তিনি সৎ, কর্মদক্ষ অফিসার যাঁরা তাঁদের সন্তুষ্ট করতে পারছেন না, এবং ওখনকার যাঁরা কাউন্সিলার, তাঁরাও অসন্তুষ্ট হয়ে আছেন, যোগীন সাহা মহাশয় সব সময় ফোঁস ফোঁস করেন।

স্যার, পোর্টফোলিও বিভাগের কথা একটু বলতে চাই। আমি স্যার, তখন জাপানে ছিলাম, সেই সময় হঠাৎ সংবাদপত্রে দেখলাম যে এখানে পোর্টফোলিও বদল হয়েছে। শুনলাম অতুল্য ঘোষ মহাশয় লোক পাঠিয়েছিলেন এই বলে যে প্রফুল্লদা, আমার কোন লোককে কিন্তু সরান চলবে না। ফলে আর যে দুই জন পূর্ণাঙ্গ মন্ত্রী ছিলেন, তাঁদের উপর ঐ কামরাজ নাদারের খাঁড়া পড়লো। স্যার, আপনি তাদের সম্বন্ধে জানেন। তাঁদের আর যাই থাক, অন্ততঃ তাঁরা নিজের কাজ অত্যন্ত ভালভাবে করতে পারতেন। তাঁরা —একজন হচ্ছেন শ্রী অজয় মুখার্জী মহাশয় এবং আর একজন হচ্ছেন আমার অত্যন্ত ঘনিষ্ট বন্ধু শ্রী শঙ্করদাস ব্যানার্জী মহাশয়, তাঁর যতই দোষ থাক, শত দোষই থাক, তাঁর বাজেট আপনি দেখেছেন স্যার, তাঁর বাগ্মিতা আপনি দেখেছেন স্যার। পোর্ট ফোলিও ভাগ হল—কিন্তু ঠিক হল গভর্নমেণ্টের নগদ যে টাকাটা সেটা যাতে ঐ চৌরঙ্গী ভবনে থাকে। অর্থাৎ সেই টাকা ডিস্ট্রিবিউট করার ভার, সেটার জন্য স্যার, প্রফুল্লদাকে ব্যবস্থা করতে হবে। অতএব স্যার, আমার কাছে এই যে পোর্টফোলিও ভাগের একটা লিস্ট রয়েছে, তাতে দেখছিলাম অনেক কিছু আমাদের বদল হয়েছে। অতএব ঠিক করা হয়েছে ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি মহোদয়াকে রিলিফের ভার দিতে হবে। তার মধ্যে টেস্ট রিলিফের টাকা আছে, রেফিউজি রিলিফের টাকা আছে, সব তাঁর হাতে তুলে দেওয়া হল। শুধু কি তাই আবার কিছু মেয়ে ভলাণ্টিয়ার দরকার হয় মাঝে মাঝে। সুতরাং সোস্যাল ওয়েল ফেয়ারটাও তাঁর হাতে দেওয়া চাই।

স্যার, আবার ইলেকশানের সময় মুস্কিল হচ্ছে, কিছু কিছু কারচুবি দরকার হয় ঈশ্বরদাস জালান মহাশয় আবার সাদৃশ্য প্রাঞ্জল, উনি এই সব কারচুবির ব্যাপার একটু বোঝেন না। সেই জন্য দেখা গেল, ঐখান থেকে ঠিক হল এটাও তাঁদের নিজস্ব লোককে দিতে হবে, এবং ঐ আভা মাইতি মহোদয়া, যিনি খুব কর্ম দক্ষতার পরিচয় দিচ্ছেন তাঁকেও স্যার, দেখবেন এখানে রাখা হয়েছে। প্রফুল্লবাবুও কমপেনসেটেড হয়েছেন এবং কনসিউমার গুডস অর্থাৎ সিভিল সাপ্লাই সেগুলো নিজের হাতে রেখেছেন।

সিমেণ্ট-এর পারমিট আছে, পি. কে. সেন গুপ্তএর কথা বললাম। নিজের বিষে নিজের জ্বলছে। স্যার, কবে দেখব এত খেওয়াখেয়ি—কবে দেখব যে নিজেদের মধ্যে ঝগড় লাগবে।

Mr. Chairman: Has that any bearing on Finance?

Shri Jatin Chakravorty:

স্যার, এটা বাজেটের জেনারেল ডিসকাশন আমাদের যদি গ্র্যাণ্ট-এর ডিসকাশন থাকতো আম বলতে পারতাম—বাজেটে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন আছে—এটা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশ এর মধ্যে পড়ে।

Mr. Chairman: Pleased do not stretch too much.

Shri Jatin Chakravorty:

স্যার, আমাদের নতুন অর্থমন্ত্রী মহাশয় তাঁর সম্পর্কে—তিনি বাজেট তৈরী করেছেন, তিনি বলেছেন একটা বছর আমাকে সময় দিন নতুন খেলা দেখিয়ে দেব। এবং স্যার, নতুন খেলা কি রকম দেখাচ্ছেন—তা দেখুন, স্যার, সরকারী কর্মচারীদের ডি.এ. সেই ডি. এ. তাদের মুষ্টিভিক্ষা হিসাবে দিয়েছেন। শিক্ষকরা বলেছেন এর আগেও আমি একদিন বলেছি যে আজ সরকারী কর্মচারীদের সঙ্গে ব্যঙ্গ বিদ্রুপ করা হয়েছে। এই দর্মূল্যের বাজারে তিনি এক বছর খেলা দেখাবেন—প্রফুল্লবাবুকে বলেছেন একবছর আমাকে কোন রকমে রাখুন। স্যার, বাজেট উপস্থিত করতে গিয়ে—আমি বাজেট পড়েছি, সুরু হয়েছে বিধান প্রশস্তি দিয়ে প্রায় আমাদের মহীতোষবাবুর মত। স্যার সমাপ্তি হয়েছে গান্ধীজির নাম করে—উপসংহার করেছেন রবীন্দ্রনাথের নাম করে। কিন্তু জিজ্ঞাসা করি সেলস ট্যাক্স চুরী বন্ধ করার রাস্তা কি? তার কথা তিনি এতটুকু বলেননি। স্যার, ঐ অর্থ মন্ত্রীর কাছে আমি জিজ্ঞাসা করতে চাই, আমি চিঠি দিয়েছিলাম—সরকারী কর্মচারীদের একটা অংশের জন্য স্যার—দুই দুইবার চিঠি দিই, প্রথম চিঠি দিই ২৭এ ডিসেম্বর তারিখে, দ্বিতীয় ৬ই ফেব্রুয়ারি তারিখে আমি নিজে পৌঁছে দিয়ে আসি—সাধারণ ভদ্রতা জ্ঞান নাই যে তিনি চিঠির একটা অ্যাকনলেজমেণ্ট করেন—এবং কার জন্য লিখেছিলাম—লিখেছিলাম যে ডি. এ. মারচ ড হয়েছে এবং নতুন স্কেল অব পে এসেছে কিন্তু যারা পুরানো কর্মচারী তারা যাতে পেনশন পাবার সময়—কারণ এটা ৬২ সাল থেকে এটাকে এফেক্ট দেওয়া হচ্ছে। যারা দীর্ঘদিন চাকরী করবে তারা তার সুযোগ পাবে। কিন্তু এক শ্রেণীর কর্মচাবীবা তারা তা পাবেন না। অথচ এই অর্থ মন্ত্রীকে আজকে জিজ্ঞাসা করতে চাই দুইলোকে নানাকথা বলে—তার কাছ থেকে জবাব চাই সেটা হল এই যে পি. কে. মুখার্জি বলে তার কোন পরিচিত লোক আছে কিনা—এবং তাকে ইল্লিগালি সুগার ইম্পোর্ট ার করা হয়েছে কি না—হাওড়ার ম্যাজিস্ট্রেট আছেন তাকে ইনফ্লুয়েন্স করে এটা বেনামদার হিসাবে আজ তিনি সুগার ইম্পোর্টার-এর লাইসেন্স দিয়েছেন কি না—এই অভিযোগ তাঁর বিরুদ্ধে শোন যায় —সত্য কি না আমি জানতে চাই। স্যার, আমার শেষ কথা পূর্ব বঙ্গের হতভাগ্য ছিন্নমূল মানুষদের যে অবস্থা তার কথা আমাকে বলতে হবে। আমি বারবার বলেছি এ সভায় বলেছি—যে এদের সহানুভূতি নাই, মুখ্যমন্ত্রীর সহানুভূতি নাই, ত্রাণ মন্ত্রীর মহানুভূতি নাই. দরদ নাই, সব সময় এদের বিতৃষ্ণার ভাব। খালি চেষ্টা কেমন করে এই দায় ঘাড় থেকে নামানো যায়। এক সুরে কথা বলে চলেছেন। মুখ্যমন্ত্রী, অতল্যবাবু—অতুল্যবাবু একটু

চতুরতার সঙ্গে সেণ্টারস রেশপনসিবিলিটি বলেছেন। কিন্তু স্যার, মুখ্যমন্ত্রী বলেছেন সেণ্টারস রেসপনসিবিলিটি অতুল্যবাবু বিবৃতি দিচ্ছেন অল ইণ্ডিয়া রেসপনসিবিলিটি হিউম্যান অ্যাসপেক্ট যেটা সেই সম্পর্কে সম্পূর্ণ উদাসীন। আজ অল ইণ্ডিয়া রেসপনসিবিলিটির নাম করে সেই হতভাগ্য ছিন্নমূল মানুষগুলোকে আজ পাটের বস্তার মত মাল গাড়ী ভর্ত্তি করে দণ্ডকারণ্য পাঠাতে হচ্ছে। এবং অতুল্যবাবুর বিবৃতি বেরিয়েছে গত কাল স্টেটসম্যানএ তাতে তিনি বলছেন—

East Pak refugees are to be rehabilitated outside West Bengal and they should try to adopt themselves to the social and economic life of the respective States.

[4.30—4-40 p.m.]

স্যার, আমার সমাজ, আমার ভাষা, আমার সংস্কৃতি, আমার আচার-ব্যবহার, সমস্ত কিছু নষ্ট হয়ে যাবে অথচ এই সভায় ডাঃ চারুচন্দ্র সান্যাল, তিনি বিরোধী দলের নয়, তিনি আমাদের সংখ্যা বিশারদ মুখ্যমন্ত্রীকে তথ্য দিয়ে সংখ্যা দিয়ে দেখিয়ে দিয়েছেন যে পশ্চিম বাংলায় এখনও ২৫ লক্ষ লোককে পুনর্বাসিত করা যায়। স্যার, গতকাল মুখ্যমন্ত্রীর জবাব আপনার মনে আছে। তিনি বলেছেন লোক বেশী হয়েছে বাংলাদেশে। একটা ছাত্রকেও স্থান দেওয়া যাবে না। অথচ পশ্চিমবাংলার দরজা অবারিত রয়েছে বিহার, উত্তর প্রদেশ, মাদ্রাজের জন্য, কেবল বাঙালী অবাঞ্ছিত, বাঙালীকে টুকরো টুকরো করে সমস্ত ভারতবর্ষে সরিয়ে দাও, তাদের অবলুপ্তি হোক। কেন্দ্রকে এঁরা সাহায্য করছেন। স্যার, দণ্ডকারণ্য পরিকল্পনা নিয়ে আজকে দুশ্চিন্তা দেখা দিয়েছে। আপনি গতকাল স্টেটসম্যান পত্রিকায় দেখেছেন যে সেখানে দু'রকমের গোলমাল চলছে। হিউজ এরিয়া, তিনটি যেন পকেট—পারেলকোট মধ্যপ্রদেশে পড়ে, অমরকোট এবং মালকান্দি উড়িষ্যাতে পড়ে। মনে রাখবেন স্যার, এক এলাকা থেকে আর এক এলাকা ১/১॥ শো মাইল দূরে পড়ে। কোন রেল রোড নেই এবং শুধুমাত্র পারেল কোট কৃষিতে সফলতা অর্জন করেছে, বাকি দুটি জায়গায় অসাফল্য। বৃষ্টির উপর নির্ভর করে থাকতে হয় সেখানে ১৫ই জুন থেকে ১৫ই সেপ্টেম্বর। অনাবৃষ্টি যদি হয় তাহলে সর্বনাশ। সুতরাং সেখানে শিল্প প্রতিষ্ঠা করতে হবে

So that the industries can be a stand by for the agriculturists' families there.

কিন্তু কোন স্কীম আজও হয়নি। এখন নাকি শুনছি যে ইণ্ডাস্ট্রিয়াল স্কীম হচ্ছে। কিন্তু ১শো ১৫০ শো মাইলের মধ্যে কোথায় করবেন? যেখানে তারা রয়েছে তার কাছে যদি না হয় তাহলে তাদের কোন উপকারে আসবে না। জলপাইগুড়িতে যদি কোন লোক পুনর্বাসিত হয় এবং কলকাতায় যদি শিল্প প্রতিষ্ঠিত হয় তাহলে যেমন তার কোন উপকারে আসে না তেমনি তাদেরও কোন উপকারে আসবে না। পোটেনসিয়ালিটি সম্পর্কে আজকে কোন চিন্তা করা হচ্ছে না। স্যার, আমার শেষ কথা হচ্ছে খান্না-জনসন, প্রেম কিষেণ-শম্ভু ব্যানার্জী এই এক্সিস আজ শৈবাল গুপ্তকে নাজেহাল করবার চেষ্টা করছে। মুখ্যমন্ত্রী এবং অতুল্য বাবুর আন্তরিকতা দেখতে চাই, তাঁরা সেই এক্সিসকে ভাঙ্গন। সেই চক্রকে যদি ভাঙ্গতে না পারেন এবং সুষ্ঠু পরিকল্পনা যদি না করেন এবং দণ্ডকারণ্যে যদি কেবল মাত্র তাদের পাঠাবার ব্যবস্থা করেন তাহলে আমি বলব যে তাঁদের আন্তরিকতা নেই। তাই আমি বলব ১৯৬৪ সলে যে তিনটি সবচেয়ে বড় সমস্যা পশ্চিম বাংলার মানুষের সামনে উপস্থিত হয়েছে সেই সমস্যাগুলি মারাত্মক সঙ্কটে পরিণত হবে। প্রথম, পূর্ববঙ্গের সংখ্যালঘু নবাগত উদ্বাস্তুদের কথা যা এই মাত্র আমি বললাম। এদের জন্য বাংলাদেশে প্রথমে চেষ্টা করতে হবে। দণ্ডকারণ্যে বা অন্য প্রদেশে সঠিক পুনর্বাসনের জন্য যে চাপ যে শক্তি প্রয়োগ এবং যে দূরদর্শি রাজনীতিকের ভূমিকা নেওয়ার প্রয়োজন আমাদের এই মুখ্যমন্ত্রীর তা নেই। দুই নম্বর হচ্ছে, আমাদের পশ্চিমবঙ্গকে সাম্প্রদায়িকতার বিষ থেকে মুক্ত করা এবং সুপরিকল্পিতভাবে অথচ অন্যায়ভাবে নয় গুণ্ডামির ব্যাধি থেকে মুক্ত করা এবং সুস্থ সামাজিক প্রতিকারের দ্বারা অশান্ত এবং অশুভ শক্তিগুলিকে ধীরে ধীরে বিকারগ্রস্ততা থেকে ফিরিয়ে আনতে যে ক্ষমতার প্রয়োজন আমাদের এই মুখ্যমন্ত্রীর সেই ক্ষমতা নেই, সেই অধ্যবসায় নেই। এবং শেষ হচ্ছে এই বছরের গাঁদা সমস্যা, যার

সমাধান তিনি করতে পারেননি, কোন দিন করতে পারবেন না। এই যে তিনটি বাংলাদেশ প্রধান সমস্যা সেই সমস্যার ব্যাপারে এই সরকার ভগ্ন মেরুদণ্ড, বাতগ্রস্ত এবং ভঙ্গুর এই সরকার এবং তার প্রবর্তক আমাদের এই মুখ্যমন্ত্রী। সুতরাং তিনি সম্পূর্ণ, অযোগ্য, তিনি তা পদত্যাগ করুন।

Shri Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আমি ১৯৬৪-৬৫ সালের যে আয় ব্যায়ের হিসাব অর্থাৎ বাজে যা মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত করেছেন আমি সেটা সর্বান্তকরণে সমর্থন করি। আমি এটুকু নিবেদন করতে চাই যে এই বাজেট সুচিন্তিত এবং সুপরিকল্পিত। আমি একথা বলতে চাই যে এই বাজেটকে আমি সমর্থন করছি এইজন্য যে এই বাজেটে নতুন করে কোন প্রত্যক্ষ কর ধার্য করার প্রস্তাব নেই, যদিও একথা অনস্বীকার্য যে পরোক্ষ কর ধার্য্য করার প্রস্তাব এই বাজেটে রয়েছে। আমি আমার পূর্ববর্তী বক্তা শ্রীযতীন চক্রবর্তী মহাশয় যে সমস্যা*তিনটির কথা বলেছেন তার শেষ সমস্যা খাদ্য সঙ্কটের যে কথা বলেছেন সে সম্বন্ধে ২।৪টা কথা আপনার সামনে বলবো। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সমবায়ের মাধ্যমে এবং নানাপ্রকারে খাদ্যসমস্যা সমাধান করবার জন্য চেষ্টা করেছেন। একথা আমি বলবো যে খাদ্য সমস্যা আজ নূতন নয়, খাদ্যাভাব যে বহু পূর্বেও হত কখনও কখনও সেটা আমরা জানি, আমরা ছাত্রাবস্থায় দেখেছি যে বার্মা থেকে চাল এনে সেই খাদ্য সঙ্কট দূর করতে হত। তবে এটাও আমি স্বীকার করি যে তখন খাদ্য সমস্যা এত সঙ্কটপূর্ণ ছিল না। এত সঙ্কটজনক ছিল না। সেই সমস্যা অত্যন্ত বেড়ে গেছে এবং এতে আজকে মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত সকলেই জর্জরিত হয়েছেন। আমি সেজন্য সমবায়ের মাধ্যমে সরকার কি করেছেন এই সঙ্কট দূর করবার জন্য সেটাকে এখন বলছি এটা আমরা সকলেই জানি যে খাদ্য সমস্যা দূর করতে হলে কিম্বা কমাতে হলে আমাদের উৎপাদন বেশী করে করতে হবে। আমি একথা বলবো যে খাদ্যোৎপাদন বেশী করতে হবে এবং তার যাতে সুসম বণ্টন হয় তার ব্যবস্থা করতে হবে। আমরা এটা অভিজ্ঞতা থেকে দেখি যে বাস্তবিক যখন বছর শেষ হয়ে যায় তখন আমাদের চাষীভায়েদের হাতেও যে অর্থ থাকে সে শেষ হয়ে যায়, তাদের হাতে এমন অর্থ থাকে না যার দ্বারা তারা চাষের কাজ সুচারুরূপে সম্পন্ন করতে পারেন। সেই অবস্থায় তাদের টাকার প্রয়োজন হয়। সেজন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার কিভাবে সাহায্য করছেন সেটা আমি আপনাদের কাছে বলি। ওয়েস্ট বেঙ্গল প্রভিনসিয়াল কো-কপারেটিভ ব্যাঙ্ক রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্বে টাকা নেন এবং সেই টাকা ডিস্ট্রিক্ট সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর মাধ্যমে সমাবায় ব্যাঙ্কে পাঠান এবং সেখান থেকে সব চাষী ভায়ারা সেই টাকা ঋণ গ্রহণ করেন।

[4-40—4-50 p.m.]

(Noise and interruptions.)

বালকের মত উক্তি উনি করছেন। এম. এল. সি. হয়েছেন, অন্ততঃ তাঁর নীতি সম্বন্ধে জ্ঞান থাকা উচিত। আমি মনে করি তিনি এখানে ডিগনিটি মেইনটেইন করবেন।

স্যার, আমি এই কথাই বলতে চাচ্ছি যাতে করে কৃষি ভাইরা, যাকে ক্রপ লোন বলে, সেই ক্রপ লোন পান, তার জন্য প্রচেষ্টা চলেছে। আমরা দেখছি ১৯৬০-৬১ সালে সারা বাংলা দেশে ২ কোটি ৪৩ লাখ টাকা দেওয়া হয়েছে ক্রপ লোন হিসাবে। ১৯৬১-৬২ সালে আমরা দেখতে পাই ২ ক্রোরস ৫১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ১৯৬২-৬৩ সালে আমরা দেখতে পাই ৩ ক্রোরস ৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ১৯৬৩-৬৪ সাল, যেটা এখনও শেষ হয়নি, আমি বলছি কো অপারেটিভ বৎসর হচ্ছে ১লা জুলাই থেকে ৩০এ জুন পর্যন্ত, এ বছর এখনও শেষ হয়নি,—৩ কোটি ৮৩ লাখ টাকা, আমাদের রিজার্ভ ব্যাঙ্কের টাকা দিয়েছি, এবং প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক, তার নিজের তহবিল থেকে ১ কোটি ৫৬ লাখ টাকা দিয়েছেন।

Shri Syed Shahedullah:

চাষীরা যা টোটাল ক্রেডিট নেন, তার কত পারসেন্টেজ এটা ?

Shri Nagendra Kumar Bhattacharyya:

এটা আমরা যা দিচ্ছি—সেটাই বলছি, চাষীরা অন্য কারও কাছ থেকে নেন কিনা, তা আমি বলতে পারছি না। কিন্তু আমি বলছি এই ভাবে তাদের আমরা টাকা দিয়ে যাচ্ছি এবং সেটা ক্রমশঃ বৃদ্ধি করে যাচ্ছি, এবং তাতে আমরা দেখছি যে চাষী ভাইদের চাষ করবার সুযোগ সুবিধা বেড়ে যাচ্ছে। শুধু এই নয়, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে টাকা ধার দেওয়া হচ্ছে, দীর্ঘ মেয়াদী লোন দেওয়া হচ্ছে। সেটা হচ্ছে গিয়ে প্রথমে ২০ লাখ টাকা একবার দেওয়া হয়েছে। তারপরেতে আবার ৩৪ লাখ টাকা দেওয়া হয়েছে, এবং তারপর ফের আবার ২০ লাখ টাকা ডিবেঞ্চার ফ্লোট করে দেওয়া হয়েছে। সেটাও পশ্চিমবাংলা সরকারের ট্রাস্টিসিপ এর অধীনে দেওয়া হয়েছে। সুতরাং একথাই বলতে চাই যে যাতে করে চাষের সুবিধা করা যায়, সে সম্বন্ধে চেষ্টা হচ্ছে, এবং সেই চেষ্টা দ্রুত অগ্রসর হচ্ছে, এবং আমরা আশা রাখি যে ক্রমশঃ এই যে টাকা দেওয়া হচ্ছে এটা বৃদ্ধি করা হবে, এবং আরও সুগম হবে। আমরা দেখতে পাই বাস্তবিক শুধু চাষের সুবিধা করে দেওয়া নয়, ফসল যখন তাঁরা ওঠান, তখন সেই ফসল বিক্রয়ের জন্য মার্কেটিং সোসাইটি রয়েছে, তার মাধ্যমে তারা সেখানে তাদের ফসল রেখে, তখনই বিক্রয় না করে, যে সময় ফসলের দাম বেশী হবে, সেই সময় যাতে বিক্রয় করতে পারেন, সেই সুবিধা তাঁরা পান। তাছাড়া তাদের যদি টাকার প্রয়োজন হয় তাহলে সে টাকাটা তাঁরা মার্কেটিং সোসাইটির কাছ থেকে কিছু আগাম পান।

Shri Syed Shahedullah:

পশ্চিমবাংলায় কয়টি মার্কেটিং সোসাইটি আছে বলবেন কি ?

Shri Nagendra Kumar Bhattacharyya:

এটা ঠিকই আরও মার্কেটিং সোসাইটি দরকার। কিন্তু এ সম্বন্ধে কাজ আরম্ভ হয়েছে এবং তার মাঝখানে এই মার্কেটিং সোসাইটি করা হচ্ছে। আরও আমি আপনার কাছে বলতে চাই বাস্তবিকই ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে লোন দেওয়াতে সমবায় বেশ দ্রুত এগিয়ে চলেছে।

তারপরে আমি বলবো—শুধু কৃষি ঋণ দেওয়া হচ্ছে তা নয় আমাদের কলকাতা সহরে দশটি ট্যাক্সি কো-অপারেটিভ হয়েছে—এবং এই দশটি কো-অপারেটিভকে অনেক টাকা লোন দেওয়া হয়েছে এবং তার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার গ্যারাণ্টার হয়েছেন। বাস্তবিকই দেখা যাচ্ছে যে যারা বেকার এবং যারা মোটরড্রাইভিং জানেন, এই রকম সব লোক, যদি সমবায় বদ্ধ হন, তাহলে অনেক পরিমাণে না হলেও কিছু পরিমাণে বেকার সমস্যা সমাধান হতে পারে। সুতরাং আমি এই কথাই বলবো—সমবায় সম্বন্ধে আর বেশী কিছু না বলে, এইটুকুই বলবো যদিও পশ্চিম বঙ্গে সমবায় আন্দোলনের গতি খুব দ্রুত ছিল না, কিন্তু সেটা ক্রমশ, দ্রুত হচ্ছে এবং আশা করি যদি এই ভাবেতে আমরা চলতে পারি তাহলে আমরা অন্য রাজ্যের সঙ্গে সমান জায়গায় গিয়ে দাঁড়াতে পারবো।

স্যার, আমি আরও দুই তিনটা বিষয় বলতে চাই, প্রথম কথা হচ্ছে, ১৯৫৬ সালে আমি যখন এইখানে সভ্য হিসাবে আসতে পেরেছিলাম তখন দুটী জিনিষ আমি এখানে উপস্থিত করব—এবং তার সমাধান চাইব সেটাই আমি মনে করে এসেছিলাম। সেই দুটা হচ্ছে

"Recruitment of the District and Sessions Judges from the members of the Bar."

এই একটী প্রথম। আর দ্বিতীয়টী হচ্ছে সেপারেশন অব জুডিসিয়ারি ফ্রম দি এক্সিকিউটিভ এই দুটা সম্বন্ধে আমি এখানে এসে প্রশ্ন দিয়েছিলাম এবং সেই প্রশ্নের উত্তরে পশ্চিমবঙ্গ সরকার সঙ্গে সঙ্গে এই কথাই বলেছিলেন যে ডিষ্টিক্ট অ্যাণ্ড সেসনস জাজেস তার যতগুলি পদ আছে সেই পদ পূরণ করা হবে ফ্রম দি মেম্বারস অব দি বার। এবং সেটা হয়ে গিয়েছে। আমি এখন অনুরোধ করব যে পশ্চিমবঙ্গ সরকার এখন এটা ভাবুন যে প্রকৃত প্রস্তাবে এই যারা রিক্রুটেড

হয়েছে তারা সকলেই সুযোগ্য বলে পরিচিত হয়েছে। এবং তারা কাজকর্ম্ম ভাল করছে। এই অবস্থায় সেই যে ২৫ পারসেন্টকে ৫০ পারসেন্ট করবেন কিনা? আর দ্বিতীয় কথা হচ্ছে সেপারেশন ফ্রম দি জুডিসিয়ারি ফ্রম দি এক্সিকিউটিভ ইন দি পাবলিক সার্ভিস অব ওয়েষ্ট বেঙ্গল সে সম্বন্ধে আমি অনেক প্রশ্ন করেছি। এমন কি এই সেসনেও আমি প্রশ্ন করেছি এবং তার উত্তরে আমাদের আইন মন্ত্রী বিচার বিভাগীয় মন্ত্রী তিনি এই কথাই জানিয়েছেন যে হ্যাঁ, আমাদের পরিকল্পনা প্রস্তুত হয়েছে—এর আইন সংশোধন দরকার হবে, তারও খড়সা প্রস্তুত হয়েছে। (শ্রী সৈয়দ সাহেদুল্লা: এটা কংগ্রেসের ১৮৯৬ সালের প্রস্তাব) সেটা আমি জানি। কিন্তু এখনও ভারতবর্ষের কতকগুলি জায়গায় হয়নি। এবং আমরা এও জানি যে বোম্বাই প্রদেশে অর্থাৎ যেটা এখন মহারাষ্ট্র বলে পরিগণিত সেখানে এটা হয়েছে। এবং আপনাদের অবগতির জন্য এ কথাও বলব যে আমি আরও সংবাদ পেয়েছি এবং সে সংবাদ থেকে আপনারা পাবেন যে প্রকৃত প্রস্তাব সরকার এ বিষয়ে এগিয়ে চলছেন। আমি এই কথা জানতে পেরেছি যে পশ্চিমবঙ্গ সরকার এ বিষয়ে যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা হচ্ছে

"Following decisions have been taken by Government in the matter as a preliminary measure towards separation.

(a) Munsifs should be vested with criminal powers in consultation with the High Court.

(b) Five posts of Additional District Judges should be created in the districts which have no permanent post of Additional District Judge for supervision and inspection of Criminal Courts.

(c) The Code of Criminal Procedure should be suitably amended for giving effect to the separation.

(d) After amendment of the Criminal Procedure Code the services of all the existing Magistrates engaged wholetime in criminal judicial work and half of the Magistrates engaged part-time in such work should be placed at the disposal of the Judicial Department. The services of these officers should, however, be replaced gradually at the disposal of the Home Department as and when new recruits are appointed. Recruitment of the Judicial Magistrate should be spread over a period of 10 years.

(e) Though the munsifs will be vested with magesterial powers, they will continue to remain under the administrative control of the District Judges and the High Court."

আমার মনে হয় যে এই সব সিদ্ধান্ত যখন ইমপ্লিমেন্টেড হবে যখন কার্য্যে পরিণত হবে, তখন এই সেপারেশান এর কাজ এগিয়ে যাবে এবং শীঘ্র আমাদের পশ্চিমবঙ্গে এই পরিকল্পনা যে বিচার বিভাগ এবং আইন বিভাগ পৃথকিকরণ এই কার্য্য সমাধান হবে।

[4-50—5 p.m.]

স্যার, আর একটা কথা আমি এই প্রসঙ্গে বলতে চাই সেটা হচ্ছে আমাদের এই পশ্চিম বঙ্গে যে সব মিউনিসিপ্যালিটি আছে তার সম্বন্ধে। আমরা অনেকেই হয়ত সকলেই মিউনিসিপ্যালিটির মধ্যে বাস করি। মিউনিসিপ্যালিটির এখন যে আয় সেই আয়েতে তাঁরা নতুন কিছু কাজ করতে পারেন না। নতুন কিছু করা মানে কোন উন্নয়ণমূলক পরিকল্পনা তাঁরা নিতে পারেন না। এমনকি যেসব পুরাতন জিনিষ তাদের রয়েছে অর্থাৎ যেমন ধরুণ জলের কল. যেসব জায়গায় ড্রেন রয়েছে সেই ড্রেনকে রক্ষা করা মেরামত করার মত তাদের অর্থ নেই। এই অবস্থায় আমি পশ্চিমবঙ্গ সরকারকে এই অনুরোধ করব তাঁরা যাতে মিউনিসিপ্যালিটির আয় বেড়ে যায় সে সম্বন্ধে ব্যবস্থা করবেন। এখন দু'রকমে মিউনিসিপ্যালিটির আয় বাড়াতে পারি, এক রকম হচ্ছে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট সংশোধন করে মিউনিসিপ্যালিটিকে ক্ষমতা দেওয়া নতুন কর ধার্য করার জন্য, আর আর এক রকম হচ্ছে গর্ভণমেন্ট থেকে তাদের হাতে টাকা দেওয়া সাবভেনসান হিসাবে যাতে তারা কিছু কাজ করতে পারে, যাতে তাদের যে স্ট্যাটুটরী

ডিউটিজ, আইন তাদের যে দায়িত্ব দিয়েছে সেই দায়িত্ব তারা সম্পন্ন করতে পারে। আমি পশ্চিমবঙ্গ সরকারকে আপনার মাধ্যমে এই অনুরোধ জানাতে চাই যে তাঁরা যেন দ্বিতীয় প্রস্তাব যেটা সেটাই গ্রহণ করেন। কারণ আমরা সকলেই জানি যে শিক্ষা কর মিউনিসিপ্যালিটির মধ্যে শীঘ্রই বসতে যাচ্ছে, যে পরিমাণ হোক শিক্ষা কর বসবে। তার উপর যদি আবার সেখানে অন্য কর ধার্য করা হয় তাহলে সেটা হবে যাকে বলে লাষ্ট ষ্ট্র অন দি ক্যামেলস ব্যাক। আমি সেজন্য বলব পশ্চিমবঙ্গ সরকার মিউনিসিপ্যালিটিগুলির যত পরিমান টাকার দরকার সেটা দেখে শুনে ধার্য করে তাদের সেই টাকা দেবার ব্যবস্থা করুন। সেটা করলে মিউনিসিপ্যালিটিগুলির উন্নতি হবে, আর তা যদি না হয় তাহলে অবস্থা হবে যেসব ডেন আছে সেইসব ডেন ভেঙ্গে যাবে। তারপর মিউনিসিপ্যালিটির যেসব কর্মচারী আছে তাদের বেতন তারা ঠিকমত এবং ঠিক সময়ে দিতে পারবে না এবং উন্নতিজনক কিছু করতে পারবে না। এই অবস্থায় সরকারের সাহায্য অত্যাবশ্যকীয়। আমি আশা রাখি প্রকৃত প্রস্তাবে পশ্চিমবঙ্গ সরকার আমাদের মফঃস্বল মিউনিসিপ্যালিটিগুলিকে সাহায্য করবেন যাতে তারা আইন অনুযায়ী তাদের উপর যে দায়িত্ব দেওয়া হয়েছে সেটা সম্পন্ন করতে পারেন। স্যার, আমার সময় শেষ হয়েছে, লাল বাতি জ্বলেছে, আমি সেজন্য আর কিছু বলতে চাই না। আমি আবার এই বাজেটকে সমর্থন করে আমি আমার আসন গ্রহণ করছি।

Shri Amar Prasad Chakraborty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট ডিসকাসানে প্রথমতঃ যে জিনিষটা আমাদের দৃষ্টিকোণ থেকে বিচার করবার চেষ্টা করি এবং যেটা বলা কর্তব্য সেটাই আমি বলব। স্যার, কংগ্রেসী আবাদী সমাজতন্ত্র থেকে আরম্ভ করে ভুবনেশ্বরী সমাজতন্ত্রের রূপ আমার দেখলাম। সমাজতন্ত্রের নাম করে দেশে যে একটা বিরাট ধাপ্পা দেওয়ার চেষ্টা চলছে সেটা আমরা লক্ষ্য করছি। শুধু তাই নয়, সমাজতন্ত্রকে কালার দেওয়ার জন্য ডেফিসিট ফাইনান্সিং এর কথা, ডেভেলপমেণ্ট ইকনমির কথা, প্রোগ্রেসিভ ট্রেডের কথা বহু বড় বড় গালভরা কথা আমরা শুনেছি এবং এখনও শুনছি। কিন্তু স্যার, আমাদের সাধারণ মানুষ যেটা আসলে বিচার করে এবং আমরা বিচার করি সেটা হচ্ছে ইন এ্যাপিয়ারেন্স এটাকে যাই বলুন কিন্তু ইন এ্যাকচুয়ালিটি আমাদের দেশে কি হয়েছে। স্যার, এই ১৬ বছরে আমি মার্কসিজম অর্থাৎ সায়েণ্টিফিক সোসালিজমের কথা বলছি না, কেভিশন সোসালিজমের কথা বলছি না সিল্ট সোসালিজমের কথা বলছি না বা সোসালিজমের যত রূপ আছে যত প্রকার আছে বা গান্ধীয়ান সোসালিজম এর কথা যারা বড় বড় কথা বলেন, সেই সমাজতন্ত্রের দিক থেকে লিবারাল ভিউ নিয়ে এটা কি কংগ্রেসকে জিজ্ঞাসা করতে পারি গ্রেটেস্ট গুডটু দি গ্রেটেস্ট নাম্বার দিতে পেরেছেন কিনা ?

গ্রেটেস্ট গুড টু দি গ্রেটেস্ট নাম্বার। আজকে ১৬ বছর কংগ্রেসী রাজত্বে আমরা পেয়েছি কিনা। স্যার, আবাদী সমাজতন্ত্র বা ভুবনেশ্বরী সমাজতন্ত্রের পরিপ্রেক্ষিতে, আমরা যে সমাজতন্ত্রে বিশ্বাস করি তাকে ছেড়ে দিয়েও মোট লিবারাল ভিউ নিয়ে আমি একথা বলতে পারি যে এই ১৬ বছরে গ্রেটেস্ট গুড টু দি গ্রেটেস্ট নাম্বার তো হয়ই নি, বাট গ্রেটেস্ট গুড টু দি পিপিল, যাদের গ্রেটেস্ট অ্যাকুমুলেসন ছিল, তারা পেয়েছে। এ আমার বক্তব্য নয় স্যার, আজকে শ্রীমাননারায়ণ যিনি কংগ্রেসের সম্পাদক ছিলেন, মহলানবীশ রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট আপনি দেখুন যে অ্যাকচুয়ালী জনসাধারণের অবস্থা একি হয়েছে। এই বাজেটের যে চেহারা তা কেন্দ্রের হোক বা স্টেটের হোক এই বাজেট থেকে মোটামুটি তার অ্যাকচুয়াল অ্যাপ্লীকেসন থেকে, বিভিন্ন ট্রেড পলিসি থেকে, ডেভেলপমেণ্টাল ইকনমির নাম করে স্টেট ট্রেডিং বা ডেভেলপমেণ্টের নাম করে সেখানে তারা দিতে চেয়েছেন তাতে ফিউ পিপিল বেনিফিটেড হয়েছে এবং এখনও হচ্ছে এবং সত্যিকার জনসাধারণ অর্থাৎ যারা পুয়োরার সেকসন, যারা গ্রেটেস্ট নাম্বার তারা গ্রেটার গুড এখনও পায়নি। তাঁদের তথ্য থেকে বিচার করে আমি একথা বলছি স্যার, আপনার মার্ক যে সেদিন এখনও অনেক দূরে। কি হচ্ছে তাহলে? স্যার, আসল জিনিস যেটা হচ্ছে, এটা আমার কথা নয়— আজকে সমস্ত দেশ শুধু পশ্চিমবঙ্গে নয়, চোর এবং চোরাকারবারীর স্বর্গ রাজ্যে পরিণত হয়েছে। এটা আমার কথা নয়, এটা নন্দ সাহেবের কথা—এতদিন ধরে আমরা অপোজিসন বা বামপন্থীরা যে কথা বলে আসছ আজকে নন্দ সাহেবও পার্লামেণ্টে দাঁড়িয়ে বলছেন যে সমস্ত

আজকে চোর হয়েছে। আমি যা বলছি এটা একজন সাংবাদিকের কথা—তিনি দুঃখ করে খেদ করে বলেছিলেন যে আমাদের সমগ্র দেশটা চোর এবং চোরাকারবারীর স্বর্গরাজ্যে পরিণত হয়েছে এবং দেশের সমস্ত ওয়েলথ্ আজকে কনসেনট্রেটেড হয়েছে কিছু লোকের হাত যাদের বহু আছে এবং যাদের কিছু নেই তারা আরো হারিয়েছে। স্যার, আপনি জাতীয় আয়ের কথা চিন্তা করুন। মুখার্জী সাহেবের রিপোর্ট দেখুন—আমাদের প্ল্যানিং কমিশন ৫ পার্সেণ্ট থেকে ১১ পার্সেণ্ট সেটা অশোক মেটা পরে বলেছেন আমরা ২০ পার্সেণ্ট বাড়াবো এটা যে কতদূর অবাস্তব তা সকলেই জানেন এবং অ্যাকচুয়ালী আমরা কি পেয়েছি, পশ্চিমবঙ্গ কি পেয়েছে—মুখার্জী সাহেব নিজেই স্বীকার করেছেন আমাদের ১।। পর্সেণ্ট ন্যাশনাল ইনকাম বেড়েছে। আজকে ভবনেশ্বরের সমাজতন্ত্রের কথা বলার পর তাদেরই প্রিয়পাত্র বিজু পট্টনায়ক এবং মহতাবের বক্তৃতা আপনি পড়েছেন। তাঁরা এ সমস্ত কথা বলেছেন, আমরা আগেই শুনেছি, আমরা বামপন্থীরা যখন বলি তখন আমরা খারাপ বলি, আমরা নাকি সবাই-এর মধ্যে দোষ খুঁজে বেড়াই—এই হচ্ছে আমাদের বিরুদ্ধে অভিযোগ কিন্তু অ্যাকচুয়ালি পিকচার রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট কিম্বা মহলানবীশ কমিটির রিপোর্ট বা এঁদের বক্তৃতার আমরা কি পেয়েছি সেটা বিচার করে দেখুন এবং আজকে কংগ্রেসের কাছে এটাই আমার বক্তব্য যে আজকে তারা বাজেট অ্যাপ্লীকেসন দিয়ে দৈনন্দিন কনষ্টিটিউসান যা হয়েছে আমাদের ফুড সেনটার এবং এডুকেসন এ ৩টার কোনটার ব্যবস্থা করেছেন? আমরা অন্যান্য সুখ স্বাচ্ছন্দ্যের কথা ছেড়ে দিলাম কিন্তু এগুলির, কোনটার ব্যবস্থা করেছেন তার জবাব দিন। স্যার, আজকে হয়ত হিসাবের কারচুপিতে বক্তৃতার মারপ্যাঁচ, শব্দের মারপ্যাঁচে আমরা অনেক বৃহত্তর কথা বলে বুঝাবার চেষ্টা করছি কিন্তু আজকে এটা পরিষ্কার হয়েছে যে এটা বিরাট ধাপ্পা ছাড়া আর কিছুই নয়। বিভিন্ন সময় এঁদের কাছে এ সমস্ত প্রশ্ন তুলে কোন সদুত্তর পাইনি। পার্লামেণ্টারী ডেমোক্র্যাসীর দিক থেকে অন্ততঃ অপোজিসনের তরফ থেকে যে সমস্ত প্রশ্ন তোলা হয় সেগুলি একবার বিচার বিবেচনা করে দেখবেন, বিচার বিবেচনা করে আমাদের বলবেন যে আজ সত্যিকারের এই ফুড, ফুড সেলটার এবং এডুকেসন আমরা পেয়েছি কিনা এবং পাচ্ছি কিনা। স্যার, কৃষির কথা চিন্তা করে দেখুন যে আমাদের পশ্চিমবঙ্গে কি অবস্থা। যতীনবাবু বিভিন্ন ডিপার্টমেণ্টের ম্যাল-অ্যাডমিনিস্ট্রেসন কথা বলেছেন—আমি এক কথাই বলেছি চোর এবং চোরাকারবারীর রাজত্ব চলছে। এসব সত্ত্বেও তারা বলছেন আমরা এফিসিয়েণ্টলী এম্যাডমিনিস্ট্রেসন চালাচ্ছি, আমরা সমাজতন্ত্রের দিক এগিয়ে চলেছি এবং আমরা কৃষি, শিক্ষা প্রভৃতির উন্নতি করেছি।

[5—5-10 p.m.]

স্যার, কৃষির কথা, ধরুণ, পশ্চিম বাংলায় কৃষির কি উন্নতি করেছি, দশ বছরের একটা অ্যাডমিনিস্ট্রেসন এর কমপারেটিভ হিসাব আপনার কাছে রাখছি, আপনি দেখুন। ১৯৪৯-৫০ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত আমাদের ফুড কি বেড়েছে; যেখানে ইভেন জম্মু, কাশ্মীরে ১৯৪৯-৫০তে—৩.৩ ছিল, এবং ১৯৬০-৬১তে—৩.৯ অর্থাৎ সেখানে ৭৭ পারসেণ্ট বেড়েছে—আর আমাদের বেড়েছে ১৭.০। ১৯৪৯-৫০ সালেতে আমাদের ছিল ৪৪.২ পারসে-ট, এবং ১৯৬০-৬১ সালেতে ছিল ৫১·৭ পারসেণ্ট অর্থাৎ টোটাল ১৭.০ পারসেণ্ট আমাদের বেড়েছে, অথচ ভারতের অন্যান্য স্টেটগুলির অবস্থা দেখুন। ইউ, পি তে ২৪.৯, রাজস্থানে ৩৭৭.৭, পাঞ্জাবে ৮৩.০, উড়িষ্যায় ১৯.৯। স্যার এই দীর্ঘ হিসাব থেকে দেখুন—মাইশোর, মাদ্রাজ, ইউ. পি এবং কেরালা, এদের কত ভাল অবস্থা; আর আমাদের অবস্থা হচ্ছে অতি শোচনীয়। কেন? স্যার, এর পরিষ্কার উত্তর হচ্ছে ম্যাল অ্যাডমিনিস্ট্রেশন। তার পর প্রথমত সেচের অবস্থা যা দেখছেন বাংলা দেশের আমরা কি করেছি। আপনি হয়ত দেখতে পারেন দামোদরের জল ছেড়ে দিয়ে কৃষকের ধান নষ্ট করে দেওয়া হল। কৃষকের স্যার, ঋণের দরকার। কিন্তু দেখা যায় তার কাছে ঋণের টাকা যখন গিয়ে পৌঁছায় তখন মরসুম সিজন চলে গিয়েছে তার কাছে বীজ যখন গিয়ে পৌঁছায়, যখন বীজের আর প্রয়োজন নেই। এই ধরণের অবস্থা আমরা পশ্চিমবঙ্গে দেখছি। এই অব্যবস্থার ফলে ফুড প্রোবলেম বা খাদ্য সমস্যা আমাদের এখানে চিরকাল রয়েছে। আমরা খাদ্য, সেলটার, এবং এডুকেশন এর কথা বলেছিলাম। আমি বিশেষ করে খাদ্য এবং কৃষির দিক থেকে বলছি যে আজকে আমরা

কোথায় আছি? ১৬ বছর পরে স্যার, এটা সেভেনটিনথ ইয়ার-এর বাজেট পড়লো, আপনি দেখুন স্যার, এই সেভেনটিনথ ইয়ার-এতেও আমাদের কি অবস্থা। বিশেষ করে খাদ্যের কি অবস্থায় আমরা এসে পৌঁচেছি। স্যার, একটি কথা তবুও যে খাদ্য এখানে পায়, আজকে যদি এফিসিয়েণ্ট অ্যাডমিনিস্ট্রেশন হত, আজকে যদি শক্ত হাতে দমন করতে পারতেন—সেটা পরিষ্কার হয়ে গিয়েছে গত খাদ্য আন্দোলনে। এখানে যা খাদ্য আছে, সেটা আর্টিফিসিয়াল স্কারসিটি ক্রিয়েট করে, তাও ডিপ্রাইভ করে জনসাধারণকে, তার দাম অতিরিক্ত বাড়িয়ে দেওয়া হয়।

স্যার, এক শ্রেণীর লোক যারা সরকারের সাথে কনসাইভ্যান্স ক'রে হোর্ডারসরা আছে, তারা সাহসের সহিত হোর্ডিং ক'রে এবং মানুষের প্রধান জিনিষ যে খাদ্য তা, তারা চোরা-কারবারী ক'রে আজ জনসাধারণের উপর দুঃখের বোঝা চাপিয়ে দিচ্ছেন।

স্যার, আপনি দেখেছেন দমদম আন্দোলনের পর, যেটা এখানে বহুবার বলা হয়েছে দমদম দাওয়াই—তারপর খাদ্যের দাম হু হু করে নেমে গেল। আমাদের প্রোডাকসন পূর্বে যা ছিল, তাই থাকলো, অথচ দমদম দাওয়াই-এর পর খাদ্যের দাম পড়ে গেল। তখন আপনি স্যার, দেখেছেন এবং আমরাও দেখেছি যে বাজারে চাল পাওয়া যাচ্ছে কিন্তু চালের দাম অত্যন্ত বেশী। কেন? তার কারণ ঐ রকম কিছু লোক চাল অ্যাকুমুলেশন করে রেখেছে। ঐ যে স্যার, চোরা কারবারের স্বর্গরাজ্য তারা এটা মজুত করে রেখে, একটা আর্টিফিসিয়াল স্কারসিটি সৃষ্টি করে জনসাধারণের উপর অতিরিক্ত ব্যয়ের বোঝা চাপিয়ে দিচ্ছে। যে সরকারের হাতে আজ শাসন ব্যবস্থার ভার রয়েছে, তারা এর কোন প্রতিকার বা সুবন্দোবস্ত করতে পেরেছেন কিনা, স্যার, আপনি বলুন। সেকেণ্ডলি স্যার, আমি সেলটার সম্বন্ধে কিছু বলতে চাই। স্যার, এই সেলটার-এর কি ব্যবস্থা হয়েছে দেখুন। আজকে মধ্যবিত্তের কি অবস্থা দেখুন। তাদের বাসস্থানের সমস্যাটা একবার দেখুন? আমরা কি করছি? স্যার বিরাট বিরাট স্কিমের কথা আমরা বলছি, আমরা ওখানে সল্ট লেক এরিয়াতে বিরাট বিরাট বাড়ী তৈরী করবার পরিকল্পনা করছি। আমাদের মুখ্যমন্ত্রী, প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, সে দিন বলেছিলেন যে ভেটেরিনারি কলেজের কাছে ফ্লাট বাড়ী তৈরী করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন, আবার কালকে বললেন যে গোয়াবাগানে ফ্লাট তৈরী করছি। কিন্তু স্যার, অ্যাকচুয়ালি মধ্যবিত্তের হাউসিং প্রবলেম যেটা তার এতটুকুও কি আজ ১৬ বছরের মধ্যে সল্‌ভ করা হয়েছে। অধিকন্তু স্যার, ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট এবং হাউসিং ডিপার্টমেণ্ট এই কলকাতার জমি নিয়ে যে ভাবে ডিস্ট্রিবিউট করছেন তাতে দেখবেন স্যার, কলকাতার যারা সানস অব দি সয়েল, তাদের হাতে এই জমি আসবে না। স্যার, আপনি বেলেঘাটা স্কিমের কথা নিশ্চয় শুনেছেন, খবর যদি নেন, তাহলে দেখবেন এখানে এবং সল্ট লেক স্কিমের জমি যে দরে বিক্রয় করা হচ্ছে তাতে মধ্য-বিত্তরা জমি কিনতে পারবে না। সে জমি কিনবে ঐ বিড়লা, গোয়েঙ্কার দল। সে জমির যা দর করা হচ্ছে মধ্যবিত্তরা সে জমি কিনতে পারবে না। সে জমি কিনবে বিড়লা গোয়েঙ্কার দল। সুতরাং সেলটার এর ব্যাপারে নিম্নমধ্যবিত্তের একই অবস্থা। হয়ত সরকারের কাছ থেকে উত্তর আসবে আমরা ৮ হাজার টাকার লো ইনকাম গ্রুপ স্কীম করেছি। তোমরা বাপু টাকা নাও না কেন? স্যার, আজকে ৮ হাজার টাকা লোন দেবেন বলে খুব ফলাও করেছেন। অ্যাকচুয়াল পিকচার যদি আপনি জানেন তাহলে আপনি আশ্চর্য হবেন। সেটার এফেক্টিভনেস আজকে কয়জন মধ্যবিত্ত নিতে পারছে? তাই আজকে সরকার বলুক। কিন্তু সরকারের কাছ থেকে যেটা সংবিধানমতে আমরা বলতে পারি যে সরকারের যে দায়িত্ব বাসস্থানের যে দায়িত্ব মধ্যবিত্তের এবং নিম্নমধ্যবিত্তের এবং শ্রমিকশ্রেণীর সে দায়িত্ব সরকার কতটুকু পালন করেছে এই ১৬ বছরে? তারা আজকে বলুক। স্যার, অনুরূপ ভাবে শিক্ষার কথা অনেকে বলেছেন—আমি শিক্ষার কথা আর বলতে চাই না। তারপরে স্যার, আরেকটা কথা যেটা বিশেষভাবে বলতে হয় সে হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশন চালাতে গেলে—এই দিকে তো আমাদের স্যার, দুরবস্থা চলছে—সেটা হচ্ছে পুলিসের কথা। এইবার পুলিসের কতকগুলি জিনিষ আপনি দেখুন। শাসন ক্ষমতা চালাতে গেলে পুলিসের উপর জনসাধারণের কনফিডেন্স থাকা দরকার। এবং

পুলিসের ব্যবহারে —ঠিক যেমন বৃটিশের পুলিস ব্যবহার করত সেই ব্যবহারের এখন তারতম্য হওয়া দরকার। কিন্তু স্যার, আজকে বিভিন্ন জায়গায় আপনি দেখবেন—এবং এই হাউসেও আপনি শুনেছেন বিভিন্ন জায়গায় পুলিস যেখানে অ্যাকসন নেওয়া দরকার সেখানে অ্যাকসন নেয় না—আবার এমন জায়গায় ওভারজেলাস ভাবে হয়ত এমন ভাবে অ্যাক্সন নিল, সেখানে জনসাধারণকে এমন চাপ দিল, এমন প্রেসার দিল সেখানে জন সাধারণের আসল সমস্যা তাদের যে গ্রিভেনসেস তার সমাধান হল না। স্যার, আমি একটা ইনসটেন্স দিয়ে বলছি—স্যার বড়বাজারে পুলিস স্টেসন-এ একজন দারোগা আছে—স্যার, শুনি বড়বাজারে বদলি হবার জন্য ৩০ হাজার ৪০ হাজার টাকা পর্যন্ত নাকি দরাদরি হয় যেমন সীমান্তের পুলিশরা দরাদরি করে সীমান্তে বদলী হতে চায়—কারণ এক্সপোর্ট ইম্পোর্ট-এর যে চোরাকারবার চলছে তাতে তারা অত্যন্ত লাভবান হয়। এবং এই বিং কমিশনার থেকে আরম্ভ করে আই. জি. পর্যন্ত নাকি চলে। স্যার, আমি তিনটি জাজমেণ্ট ম্যাজিস্ট্রেট-এর পড়ে শোনাচ্ছি—স্যার, এরা কি ভাবে আউট অফ গ্রাজ ইনোসেণ্ট লোককে এনে দাঁড় করিয়ে দিয়ে তাকে স্কুইজ করার জন্য বিভিন্ন লোককে প্রেসার দিয়ে কোর্টে এনে মামলা খাড়া করে দেয়। তাতে সরকারের অর্থ তো অপচয় হয়ই অধিকন্তু জন-সাধারণের মধ্যেও পুলিসের উপরে একটা অবিশ্বাস ও ঘৃণার ভাব জাগে। আমি একটা লাইন শুধু পড়ে দিচ্ছি, স্যার ম্যাজিস্ট্রেট বলছেন ডিসকাসিং অল দি ফ্যাক্টস-এর মধ্যে আমি যাব না

"I have referred to all the facts simply to show how things are taking shap inside Burrabazar police-station."

তারপরে স্যার, বলেছেন কেন এদের প্রসিকিউট করেছেন। তারপরে আরেকটা জাজমেণ্ট পড়ছি দেখুন সেখানে প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট-এর কোর্ট-এ—এখানে f অ্যাকিউজড ওয়াজ ডিসচার্জড। আমি শুধু দেখাচ্ছি যে অকারণে অহেতুক অত্যাচা আউট অফ গ্রাজ—এই এটিচুড নিয়ে যদি শাসন কাজ চালায় তাহলে তার গোড়াটা দুর্বল হয়ে যায়। স্যার, এই সমস্ত ম্যাজিস্ট্রেট-এর রিমার্ক থাকা সত্ত্বেও এই সমস্ত পুলি অফিসার এখানে আনন্দে বসে আছেন।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

(কোন পুলিস স্টেশন-এ ?) বড়বাজার পুলিস স্টেশন-এ। তাহলে আমাকে খানিকটা পড়তে হ

Then I will have to read the relevant portions of the judgment. "Sant Ranjan Sarkar was favoured much by the officers of Burrabazar police station. He was a proclaimed offender. Proclamation was duly published on 26th December, 1962. It is astonishing to note how this proclaimed offender could go to Burrabazar police-station and lodge diary on 20th March, 1963. He was proclaimed an offender on 20th March 1963." Then he concludes—what is going on in the Burrabazar police-station.

স্টেবল তারা অনেস্টলি কাজ করছিল। সেখানে আমি পড়ে দিচ্ছি।

[5-10—5-20 p.m.]

From the trend of evidence it is found that the O.C., Assistant Commissioner and the D.C. wanted to set an example before the subordinate constable by prosecuting these two accused persons so that other constables may be careful before harassing the unnecessarily any innocent person. I appreciate such view of those officers but I would also expect that those officers should have been more careful before finally deciding to prosecute these two constables. I think if those officers were bit careful to scrutiny or to verify the report of the I.O. as well as other documentary evidence as stated above, it would have been clear to them that these two constables commited no offence and htey acted as they were required to do.

স্যার,আমি আর একটু সময় পেলে আমার কাছে বনগায়ের কতকগুলি রিপোর্ট আছে সেগুলি আমি বলতে পারতাম। যাই হোক, আমার শেষ কথা হচ্ছে, আপনি দেখেছেন যে এই প্রবলেম

সম্বন্ধে কালকে মুখ্যমন্ত্রী বলেছেন, দুঃখে আমাদের মন গলে যায়, যে বাংলাদেশে একটা রিফিউজীও রাখব না। আমি শুধু বারবার এই জন্য বলছি ইট ইজ এ বার্নিং প্রবলেম। মানুষ যদি মরে গেল, মানুষের মনুষ্যত্ব যদি চলে গেল তাহলে আমরা বাজেট আর টাকা নিয়ে কি করব। সেই মনুষ্যত্বের শিয়ালদহ স্টেশনে যে অবস্থা হয়েছিল তাতে, আজকে শৈলবাবু মন্ত্রী হওয়ার জন্য আই প্রেজ হিম, ৪৫ লক্ষ টাকা দিয়ে শিয়ালদহে যে লোকগুলি পড়েছিল তাদের জন্য বিশ্বচার্চের সাহায্যের ব্যবস্থা করে দিয়েছেন, সেটা আপনি জানেন স্যার। আমি বলছি এই রকম দুঃস্থ যদি আসে তাহলে তাদের জন্য আজকে চারুবাবু যেটা বলেছেন এখনও সুন্দরবন ডেভেলপ করা যায়। আমরা অপোজ করছি না দণ্ডকারণ্যে যাওয়ার। দণ্ডকারণ্যে যাক। কিন্তু বাঙালীর ছেলে যাতে বাংলাদেশে থাকতে পারে তার আগে ব্যবস্থা করা দরকার। আমি স্পেসিফিক্যালি বলেছি যে সুন্দরবন ডেভেলপ করলে এখানে বাঙালীরা রিহ্যাবিলিটেটেড হতে পারে, আজকে বাঙালীর ছেলেরা বাংলাদেশে বাস করতে পারে। আমি সেজন্য আপনাকে বলছি যে আমরা এমনই হৃদয়হীন যে যুক্তি তর্ক দিয়ে এই বাজেট ডিসকাসান করতে চাই না বলে আজকে এই কথাগুলি আপনার সামনে তুলে ধরলাম। আশা করি সরকারের তরফ থেকে আমাদের এই কথাগুলি বিচার করবেন।

Shri Rezaul Karim:

সভাপতি মহাশয়, আজকে আমার বিরোধী দলের বন্ধুরা বাজেট সম্বন্ধে অনেক আলোচনা করলেন। তাঁরা মনে করেন যে বাজেট সম্বন্ধে আলোচনা মানে কেবলই নিন্দা করা। বাজেটের মধ্যে যে কিছু গুণ আছে, কিছু গ্রহণ করবার জিনিস আছে, কিছু বৈশিষ্ট আছে এদিকে তাঁদের কোন নজর যায় না। সেজন্য আমি বাজেট সম্বন্ধে কয়েকটি বিষয়ের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে আমাদের বিরোধী বন্ধুরা অনেক কথা বলেছেন, তাঁরা অনেক অভিযোগ করেছেন। আমি দেখছি যতই অভিযোগ করুন তাঁদের বিরুদ্ধে এই অভিযোগ করতে পারবেন না যে তাঁরা বহুভাবে পশ্চিম বঙ্গের উন্নতির চেষ্টা করেন নি। তাঁরা পশ্চিমবঙ্গের উন্নতির জন্য বহুবিধ চেষ্টা করেছেন, হয়ত কোন কোন ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন, সফল হতে পারেন নি, নানা রকম বাধা বিপত্তি বিঘ্ন এসে তাঁদের এই মহান কাজকে ব্যাহত করার চেষ্টা করেছে। কিন্তু মোটামুটিভাবে তাঁরা যে বিশেষ সাফল্য অর্জন করেছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। পশ্চিমবঙ্গ আজকে কর্ম-যজ্ঞশালায় পরিণত হয়েছে। গ্রামে যান, শহরে যান, মাঠে যান, যেখানে যাবেন সর্বত্র দেখবেন এই সরকারের যে সমস্ত গঠনমূলক পরিকল্পনা আছে সেই গঠনমূলক পরিকল্পনার নিদর্শন তার পরিচয়, তার স্পষ্ট চিহ্ন। আমি বাজেটের কয়েকটি বিষয় নিয়ে আলোচনা করব। প্রথমতঃ বাজেটে দেখতে পাচ্ছি অর্থ মন্ত্রী মহাশয় কতকগুলি গঠনমূলক কাজের দিকে মন দিয়েছেন, যেমন সরকারী কর্মচারীদের মেডিক্যাল ট্রিটমেন্টের ব্যবস্থা করা হয়েছে। এইজন্য প্রায় ১ কোটি ৫ লক্ষ টাকা খরচ হবে। তারপর দেখতে পাচ্ছি মৃত কর্মচারীদের পরিবারকে ভাতা দেবার কথা চিন্তা করছেন এবং যেসব কর্মচারী আছে তাদের জন্য রিটায়ারিং বেনিফিটের ব্যবস্থা করছেন। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের হাতে খুব বেশী টাকা নেই। এত বেশী কর্মসূচী গ্রহণ করেছেন যে সেই পরিমাণ টাকা তাঁদের নেই। অথচ পশ্চিমবঙ্গ সরকারের বহু টাকা কেন্দ্রীয় সরকার নিয়ে থাকেন। সেজন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বরাবরের অভিযোগ আছে তারা যদি আমাদের ন্যায্য টাকা দিয়ে দেন তাহলে আমরা নানাভাবে পশ্চিমবঙ্গকে সকল দিক থেকে শিক্ষার দিক থেকে অন্যান্য গঠনমূলক কাজের দিক থেকে উন্নত করতে পারব।

ধরুন প্রথম শিল্পকরণের কথা বলা হল, এর কতকগুলি বাধা আছে প্রথম বাধা হচ্ছে পাওয়ার সটেজ অত্যন্ত বেশী হয়েছে, যার জন্য অনেক প্রোগ্রাম আমরা কার্যে পরিণত করতে পারছিনা। যেমন ধরুন ডিপ টিউবওয়েল, নদীয়া জেলার কয়েকটা জায়গায় ডিপ টিউবওয়েল হয়েছে এবং শুনতে পেলাম অনেক সময় কাজ বন্ধ হয়ে থাকে, তাঁরা বলেন পাওয়ার সটেজ। এই পাওয়ার যদি আমরা সৃষ্টি করতে পারি বা আমদানী করতে পারি তাহলে আমাদের পশ্চিম বাংলায় আরো বহু কাজ হবে। তারপরে ধরুন মোটামুটিভাবে অর্থ মন্ত্রী বলেছেন

in terms of planned outlay West Bengal's performance has been best

প্ল্যানের দিক থেকে পশ্চিমবাংলার কাজ যে উৎকৃষ্ট হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই এবং সেটা কেন্দ্রীয় সরকার বা প্ল্যানিং কমিশন অনেকটা স্বীকার করেছেন। বর্ত্তমানে কতকগুলি নূতন স্কীমও গ্রহণ করা হয়েছে, যেমন ধরুন দুর্গাপুরের চারিদিকে ইণ্ডাষ্ট্রীয়ালাইজেসন করার ব্যবস্থা হয়েছে এবং দুর্গাপুরে যিনি যাবেন তিনি দেখবেন পশ্চিমবাংলার কি রূপান্তর ঘটছে। দম দম সুপার হাইওয়ের ব্যবস্থা করা হচ্ছে, সল্ট লেক রিক্লামেসন এটার কাজ শেষ পর্য্যন্ত যদি সফলতা লাভ করে তাহলে দেখবেন যে পশ্চিমবাংলার একটা বিরাট কাজ হবে। এই সল্ট লেক যে ক্ষতি করতো সেকথা চিন্তা করলেও শিউরে উঠতে হয়—সেই সল্ট লেককে আবার নূতন করে পুনরুদ্ধারের ব্যবস্থা করা হচ্ছে। তারপরে দেখুন হলদিয়া পোর্ট ডেভেলপমেণ্টের ব্যবস্থা করা হচ্ছে। ফরাক্কা ব্যারেজ, যারা সেখানে গেছেন তারা দেখবেন সেখানে একটা নূতন যজ্ঞশালা তৈরী হচ্ছে। এটা একটা বিরাট কীর্ত্তি হবে—ফরাক্কার সংগে উত্তরবংগের যোগাযোগ স্থাপিত হবে এবং আরো অনেক কাজ হবে। কৃষির উন্নতি যে অনেক হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। পশ্চিমবাংলা আগে যে পরিমাণ খাদ্য উৎপাদন করতো এখন তার চেয়ে অনেক বেশী খাদ্য উৎপন্ন করছে। বিভিন্ন প্ল্যান কি ভাবে অগ্রসর হচ্ছে সে সম্বন্ধে কতকগুলি কথা আমাদের অর্থমন্ত্রী বলেছেন। ধরুন স্যার, প্রথম প্ল্যানে পশ্চিমবংগে ব্যয় ধরা হয়েছিল ৬৭ কোটী ৬০ লক্ষ টাকা, দ্বিতীয় প্ল্যানে সেটা বেড়ে হয়েছে ১৪৭ কোটী টাকা। প্রথম প্ল্যানের প্রায় দ্বিগুণ। তৃতীয় প্ল্যানে ২৯৩ কোটী টাকার ব্যবস্থা করা হয়েছে, দ্বিতীয় প্ল্যানের দ্বিগুণ। এই ভাবে প্ল্যানের ব্যাপারে আমরা যে ক্রমেই টাকা বাড়াচ্ছি এই টাকাগুলি যে নষ্ট হচ্ছে তা নয়, এই টাকাগুলি নানা দিক দিয়ে ছড়িয়ে গিয়ে পশ্চিমবাংলার উন্নতি করছে। এই প্ল্যানে যে ৪০০ কোটী টাকা ধার্য্য করা হয়েছে এতে দ্রুত উন্নয়ন হবে বলে আমরা আশা করি কিন্তু আমরা সেন্ট্রালীরেজড্ রেভিনিউর অংশ চাই। সেন্ট্রাল যদি সৎভায়ের মত আচরণ করেন তাহলে আমাদের উন্নতির পথে অনেক বাধা হবে। আমি সেজন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করছি আমাদের ন্যায্য পাওনা তাঁরা যেন দেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা প্রায়ই বলে থাকেন পশ্চিমবাংলার যত কিছু উন্নতি হচ্ছে সেটা কনসেনট্রেসান অব ওয়েল্থ ইন এ ফিউ হ্যাণ্ডস হচ্ছে। আমি বলি এটা ঠিক নয়। অবশ্য সত্যই গণতান্ত্রিক দেশে কিছু কিছু লোকের হাতে টাকা পয়সা কেন্দ্রীভূত হবে এতে কোন সন্দেহ নেই কিন্তু টাকা যে জনসাধারণের মধ্যে ছড়িয়ে পড়ছে এ কথাও সত্য। কিছু কিছু বড়লোক আরো বড়লোক হচ্ছে একথা আমি অস্বীকার করছিনা কিন্তু নিঃস্ব দরিদ্র সর্বহারা এমন লোক যে ক্রমে ক্রমে একটু একটু করে আর্থিক সঞ্চয় করছে, আর্থিক উন্নতির দিকে তাদের অগ্রগতি হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। মূল্য বৃদ্ধির অন্যতম কারণ হচ্ছে লোকের ক্রয় ক্ষমতা বেড়েছে। যেমন ধরুন আমাদের শিক্ষকরা বেতন বৃদ্ধির দাবী করছেন, সরকারী কর্মচারীরা বেতন বৃদ্ধির দাবী করছেন—দেশের চতুর্দিকে নানাভাবে উৎপাদন সৃষ্টি হচ্ছে, তারফলে মানুষের হাতে টাকা আসছে। কাজেই টাকা এলে ক্রয় ক্ষমতা বাড়বে এবং ক্রয় ক্ষমতা বাড়লে নিশ্চয়ই জিনিসের দামও বাড়বে এটা অর্থনীতির গোড়ার কথা। চাষীর যে অর্থনৈতিক উন্নতি হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কোন চাষীর ছেলে যে কোনদিন ম্যাট্রিক, আই. এ., বি. এ পাস করবে এ কল্পনাও করতে পারেনি। আজ পল্লীগ্রামে যান দেখবেন চাষীর ছেলে বি-এ পড়ে, কোন কোন বুদ্ধিমান ছেলে বি-এ অনার্স ক্লাসে পড়ে। এ জিনিস তারা আগে কল্পনাও করতে পারতো না। আজকে চাষীদের মধ্যে তাদের ছেলেদের শিক্ষাদেবার আগ্রহ অত্যন্ত বেশী বেড়েছে।

[5-20—5-30 p.m.]

বেকার সমস্যা পশ্চিমবঙ্গে দেখা দিয়েছে—সত্য কথা। কিন্তু আমি মনে করি পশ্চিমবঙ্গ সরকারের কোন ক্ষমতা নেই—এই সমস্যার সমাধান করা। আজ কংগ্রেসের হাতে ক্ষমতা আছে সত্য, কিন্তু, যদি অন্য কোন পার্টির হাতে ক্ষমতা থাকতো, সেও এই বিরাট বেকার সমস্যাকে সমাধান করতে পারতো না। ক্রমশঃ ক্রমবর্দ্ধমান হারে এই যে শিক্ষিত বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে, পশ্চিমবঙ্গ সরকারের কোন ক্ষমতা নেই, নিজস্ব চেষ্টায় এই বেকার সমস্যার

সমাধান করার। প্রত্যেক বারে হাজার হাজার ছেলেরা প্রবেশিকা পরীক্ষা, হায়ার সেকেণ্ডারী, বি-এ, এম-এ এবং অন্যান্য ছোট খাটো ব্যাপারে পাশ করে বেরিয়ে আসছে। ইতিমধ্যে হাজার হাজার ছেলে পাশ করে বসে আছে, চাকরী পাইনি। আবার লক্ষ লক্ষ ছেলে পাশ করে বেকারের সংখ্যা প্রত্যেক বছর বাড়িয়ে চলেছে। কি করে এই সমস্ত লক্ষ লক্ষ বেকার ছেলেদের সমস্যা সমাধান করতে পারবে আমাদের সরকার? এটা সরকারের পক্ষে অকর্মণ্যতার চিহ্ন নয়। এ ক্রমবর্দ্ধমান দেশে শক্তি, অর্থ, বিদ্যা বুদ্ধি হচ্ছে, তারই চিহ্ন স্বরূপ। এই বেকার সমস্যা সমাধান সম্পর্কে আমি একটা কথা বলবো এইযে সব চাষীর ছেলেরা লেখা পড়া শিখেছে, তাদের জন্য প্রথমে চাকরীর ব্যবস্থা করে দিতে হবে।

আমাদের দেশে যে খাদ্য সমস্যা দেখা দিয়েছে, তা সমাধান করা সরকারের পক্ষে কঠিন ব্যাপার। খাদ্যের দাম গত বছর সেপ্টেম্বর মাসে খুব বেড়েছিল। এটা অনেকেই জানেন যে পশ্চিম বাংলার ভাদ্র আশ্বিন ও কার্ত্তিক এই তিন মাসে খাদ্যের মূল্য কিছু বাড়ে। তারপর ধান উঠতে থাকে এবং খাদ্যের দাম ক্রমশঃ পড়তে থাকে। এবার পশ্চিমবঙ্গ সরকার যে ব্যবস্থা অবলম্বন করেছেন, তাতে আমার ধারণা পশ্চিমবাংলায় খাদ্য সমস্যা সমাধান হতে পারে। কিন্তু একটা কথা মনে রাখতে হবে পশ্চিমবঙ্গে খাদ্য সমস্যা কিছুতেই সমাধান হবে না, যদি না আমরা বিকল্প খাদ্য ব্যবস্থা করতে পারি। কেবল ধানের উপর নির্ভর করলে পশ্চিমবঙ্গ কখনও দাঁড়াতে পারবে না। ক্রমশঃই লোক বাড়ছে এবং জমির পরিমাণ কমে আসছে, সুতরাং বিকল্প ব্যবস্থা বা অন্য কিছু ব্যবস্থা না করলে বা গম খাওয়ানর ব্যবস্থা না করলে, কিছুতেই পশ্চিমবঙ্গকে দাঁড় করাতে পারবো না। আমার এক বন্ধু গত কাল বলেছিলেন গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার কথা। এটা গণতন্ত্রও নয়, সমাজ ব্যবস্থাও নয়। আমি মনে করি গণতন্ত্রের মধ্যে এই যে ব্যবস্থা আমরা চেষ্টা করছি, এ এক অদ্ভুত দৃশ্য এবং এ বিষয় যে আমরা সার্থক হব সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের প্রথমে প্রয়োজন ল এণ্ড অর্ডার ঠিক রাখা। আমাদের দেশে আইন, শৃঙ্খলা এমন ভাবে ভেঙ্গে যাচ্ছে, বিভিন্ন লোক, তাদের এতটুকু দাবীকে কেন্দ্র করে চারিদিকে বিভীষিকা সৃষ্টি করবার চেষ্টা করছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গে কোন দিন স্বাধীনতা থাকবে না, তা নষ্ট হবে। এ সম্বন্ধে একজন লেখক, পণ্ডিত যে কথা বলেছেন, সেটা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। তিনি বলছেন—

Great changes there must be, for a revolution cannot accomplish itself without great changes, yet order there must be, for without order a revolution cannot accomplish itself by due course of law. So whatever brings risks of tumult and disorder, multitudinous processions in the streets of our crowded towns, multitudinous meetings in their public places and parks-demonstration perfectly unnecessary in the present course of our affairs—our best self or right reason plainly enjoins us to set out faces against. It enjoins us to encourage and uphold the occupants of the executive power whoever they may be, in firmly prohibiting them.

এই ভাবে দেশকে রক্ষা করতে না পারলে পশ্চিমবঙ্গকে অরাজকতার পথে ঠেলে দেবো। সেইজন্য আমি আপনার মাধ্যমে বিরোধী পার্টির বন্ধুদের কাছে এই আবেদন করবো—পশ্চিমবাংলার সামনে আজ নানা সমস্যা এসে দেখা দিয়েছে। এই সমস্যা সমাধানের জন্য চাই সকলের সহযোগিতা, সকলের একাগ্রতা, চাই দেশের সকলের অকুণ্ঠভাবে এগিয়ে এসে সকলের মাধ্যমে দেশকে নূতন করে গড়ে তুলুন এবং দেশের বিভিন্ন সমস্যা সমাধান করুন। তাহলে আমরা পশ্চিম বাংলাকে জয়যুক্ত করতে পারবো, পশ্চিমবাংলার সকল সমাস্যার সমাধান করতে পারবো। পশ্চিমবাংলার সামনে নূতন যুগ আনতে পারবো। জয় পশ্চিমবাংলার জয়। পশ্চিমবাংলার ল এণ্ড অর্ডার আইন বিধির জয় হোক। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

Shri Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বাজেট আলোচনার প্রথমে দেখতে পাচ্ছি, অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৪৮–৪৯ সালে যেখানে বাংলায় মোট রাজস্ব ছিল ৩২ কোটী টাকা সেখানে ১৯৬৪–৬৫ সালে ওঁরা ১৩৬ কোটী টাকা রাজস্ব আদায় করছেন। এবং যেখানে ১৯৪৮–৪৯ সালে ২৯ কোটী টাকা খরচ করা হত রাজস্ব থেকে সেখানে আজকে ১৩০

কোটী টাকা ১৯৬৪–৬৫ সালে খরচ করছেন। এটা অবশ্যি খুব গৌরবের কথা নয়, টাকা জনসাধারণের কাছ থেকে এরা সব চেয়ে বেশী আদায় করেছেন এবং দেখা যাচ্ছে প্রতি বছর গড়ে ৬ কোটী থেকে ৭ কোটী টাকার উপর এরা রাজস্ব আদায় বেশী করেছেন। এবং খরচও সেই আন্দাজে বেশী করেছেন। কিন্তু অর্থমন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন তাতে এই অর্থগুলি যে ব্যয় করা হয়েছে সেই ব্যয়টা স্বার্থক হয়েছে কিনা—সে কথা কিন্তু তিনি উল্লেখ করেননি। এবং ব্যায়ের স্বার্থকতা যে আনুপাতিক ভাবে হয়নি সে কথা আমরা খুব পরিস্কার করে বলতে পারি। আমরা দেখতে পাচ্ছি অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণেই যে আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধির যে হার তা গত তিন বছর ধরে ক্রমশ হ্রাস পাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি, আমাদের জাতীয় আয় বৃদ্ধির যে হার সে বৃদ্ধির হার ক্রমশঃ হ্রাস পাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি মাথা পিছু আয় বৃদ্ধির যে হার তাও হ্রাস পাচ্ছে। এই সমস্ত দিক থেকে এত টাকা রাজস্ব আদায় করে এবং সেই রাজস্বের টাকা ব্যয় করেও যদি খাদ্যের দিক থেকে মানুষের আয়ের দিক থেকে সমস্ত বৃদ্ধির হার কমতে থাকে এবং জনসংখ্যা বৃদ্ধির হারের সঙ্গে তুলনা করি তাহলে এই কথা পরিস্কার বোঝা যায়, যে সামান্য জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে তাতে দেশের মাথাপিছু আয়ের কোন উপকার হয়নি। এবং তা আনুপাতিকভাবে বৃদ্ধি পায়নি বলে গরীব লোকের যে মাথাপিছু আয় তা আরও কমে গেছে। এবং সোজাসুজি দেখছি যে বেশীর ভাগ মানুষকে আজকে দৈনিক ৫ আনার উপর নির্ভর করতে হচ্ছে। যেখানে চালের দাম ২৯ টাকার কাছাকাছি সেখানে এবং অন্যান্য জিনিষের দাম অত্যন্ত বেড়ে গিয়েছে সেখানে তাদের ৫ আনার উপর নির্ভর করে তাদের দৈনন্দিন জীবন চালাতে হচ্ছে। কাজেই সামগ্রীক দিকে বাজেট আলোচনা করা যায়—বিশেষতঃ স্যার, আপনি যে সময় দিয়েছেন সেই সময়ের মধ্যে সম্ভবপর নয়, আমি আগেই যা বলেছি যে শিক্ষার সম্বন্ধে আলোচনাই আমার বিশেষ ক্ষেত্র —আমি শিক্ষা সম্পর্কে আমার আলোচনা সীমাবদ্ধ করতে চাই। আমরা দেখতে পাচ্ছি যে এবার—গতবারও স্যার, আমরা এই সমালোচনা করেছিলাম—এবারও দেখতে পাচ্ছি —যদিও আয়ও বেড়েছে ৬।৭ কোটী টাকার উপর এবং ব্যায়ের পরিমাণও বেড়েছে। কিন্তু শুধু এক খাতে অর্থাৎ শিক্ষার খাতে খরচ কমিয়ে দেওয়া হয়েছে। শিক্ষা যে কত বড় এঁরা অপ্রয়োজনীয় মনে করেন সেটা পরিষ্কারভাবে দেখা যাচ্ছে। যদিও সমস্ত দিক থেকে আয় ব্যয় বেড়েছে এবং অনেক খাতে ব্যায়ের পরিমাণ বাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু শিক্ষা খাতেই এই ব্যয়ের পরিমাণ কমান হয়েছে এই বছর—এবং সেটা হচ্ছে গত বছরের রিভাইজড্ বাজেট থেকে ৫৯ লক্ষ ৩৫ হাজার টাকা এটা কমিয়ে দেওয়া হয়েছে। এটা যে স্যার, শিক্ষার খাতে শুধু এবার কমান হল তা নয়—আমি ওদের বাজেট ফিগার যা দিয়েছেন তার থেকে দেখাচ্ছি—যে ৬২–৬৩ সালে একচুয়াল-এর পর ক্রমশঃ শিক্ষা খাতে খরচ কমে এসেছে। এটা শিক্ষামন্ত্রী মহাশয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এই সমস্যা তুলে ধরেছেন কিনা জানি না। কিন্তু শিক্ষার যে সমস্ত সমস্যা দেখা দিচ্ছে তা সবকিছু গোড়ার কারণ হচ্ছে ক্রমানুয়ে ৬২–৬৩ সাল থেকে দেখা যাচ্ছে শিক্ষা খাতে খরচ কমে আসছে। একচুয়াল ১৯৬২–৬৩তে আমরা দেখতে পাচ্ছি ৬৩ কোটী ৩৫ লক্ষ ৫৭ হাজার টাকা, ২৩ কোটী ৩৫ লক্ষ ৯৭ হাজার টাকা একচুয়াল খরচ হয়েছিল ১৯৬২–৬৩ সালে।

[5-30—5-40 p.m.]

১৯৬৩-৬৪ সালের রিভাইজড বাজেটে দেখছি সেটা এসে দাঁড়াল ২২ কোটি ৭৬ লক্ষ ২৯ হাজারে অর্থাৎ ওখান থেকে প্রায় ৫০।৬০ লক্ষ টাকা খরচ কমে গেল। তারপর এবারে বাজেটে দেখতে পাচ্ছি যে সেটা এসে দাঁড়াল ২২ কোটি ২৬ লক্ষ ৮৯ হাজারে। অর্থাৎ আগেই যা বলেছি ৪৯ লক্ষ ৩৫ হাজার টাকা শিক্ষা খাতে গত বছরের রিভাইজড বাজেট থেকেও কমিয়ে দেওয়া হল। কাজেই ১৯৬২-৬৩ সালের পর থেকে ডাঃ রায়ের হাত থেকে যখন বাজেট চলে গেল তারপর দেখা যাচ্ছে ক্রমানুয়ে শিক্ষা খাতে খরচ কমিয়ে দেওয়া হচ্ছে। অথচ শিক্ষা মন্ত্রী মহাশয় তার বিরুদ্ধে কখনও প্রতিবাদ করেছেন বলে বা প্রকাশ্যে কোন অভিযোগ করেছেন বলে আমরা জানিনা। তারপর শিক্ষা খাতে টাকা কমিয়ে দেওয়া হচ্ছে ঠিক এই সময়ে যেখানে আগে আমাদের এখানে দুটো বিশ্ববিদ্যালয় ছিল সেই জায়গায় ৭টা বিশ্ববিদ্যালয়কে ওঁরা এখানে স্থাপন করেছেন, যেখানে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা অন্ততঃ এই ৩ বছরে ৩ শো বেড়েছে, যেখানে উচ্চ বিদ্যালয়ের সংখ্যা

এই ৩ বছরে আরো ৩শো বেড়েছে এবং জুনিয়ার হাই স্কুলের সংখ্যা তার চেয়ে অনেক বেশী বেড়েছে এবং প্রাথমিক স্কুলের সংখ্যা ওঁদেরই পরিসংখ্যান অনুযায়ী কয়েক হাজার বেড়েছে। এই সমস্ত দায়িত্ব যত বাড়ছে দেখা যাচ্ছে শিক্ষা মন্ত্রীমহাশয়ের অর্থ বরাদ্দ সেই পরিমাণে কমে আসছে। অথচ শিক্ষা মন্ত্রীমহাশয় বারবার যখনই বিধান পরিষদে ভাষণ দেন তখনই তার এই যে দায়িত্ব বেড়েছে এই সমস্ত নতুন বিদ্যালয় হয়েছে তাই নিয়ে তিনি গর্ব করতে চান। আমরা বলতে চাই এই বিদ্যালয়গুলিকে স্থাপন করেছে কে? এই বিদ্যালয়গুলি তো জনসাধারণ এগিয়ে এসে স্থাপন করেছেন, তাঁরা রেকগনিসান দিয়েছেন মাত্র এবং সেই রেকগনিসান পাবার জন্য প্রতিষ্ঠাতাদের যে কি উদ্বেগ ভোগ করতে হয় তা শিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছে বলেছি। আমরা এইটুকু বলতে চাই যে অর্থের অভাব হচ্চে গোড়ার কথা। শুধু তাই নয়, আমার আর একটা কথা হচ্ছে এই অর্থের মধ্যে বিরাট একটা অংশের অপচয় হচ্ছে যা শিক্ষা মন্ত্রী মহাশয়কে বারবার বলা হয়েছে, তিনি সেদিকে দৃষ্টি দিচ্ছেন না। আমি মনে করি এমন একটা অবস্থায় পশ্চিমবাংলা এসে পৌঁচেছে যখন স্কুলের অর্থ ব্যয়ের দিক থেকে একটা কমিশান বসান উচিত যে বিভিন্ন বিদ্যালয়ে কত অর্থ এইরকম ভাবে অপচিত হচ্ছে, কত জায়গায় অর্থ আত্মসাৎ করেছে এবং তার সঙ্গে সরকারী কর্মচারীরা কতটা যুক্ত আছে। এই রকম একটা গুরুতর অবস্থার মধ্যে পশ্চিমবাংলার শিক্ষা জগৎ এসে পৌঁচেছে আজকে প্রশ্নোত্তরের সময় আপনি দেখেছেন যে গোরাবাজার আই সি ইনষ্টিটিউসান ওঁরা বলছেন যে ৪ হাজার কত টাকা সরকারকে ঠকানর চেষ্টা করেছে। কিন্তু এটা শুধু গোরাবাজারের কাহিনী নয়, কলকাতা থেকে কয়েকটি স্কুলের চিঠি পেয়েছেন কিনা শিক্ষা মন্ত্রী মহাশয় সেটা বলতে পারবেন, এখানে দক্ষিণ কলিকাতার মথুরা নাথ বিদ্যাতয়নের চিঠি নিশ্চয়ই শিক্ষা মন্ত্রী মহাশয় পেয়েছেন, সেখানে পুরাণ ভিতের উপর চুনকাম করে দিয়ে গভর্নমেণ্টের কাছ থেকে টাকা নিয়ে নিচ্ছে এবং এই অভিযোগ আমাদের একটা বিদ্যালয়ের বিরুদ্ধে নয়, আমাদের অভিযোগ কর্মচারীদের হয় নিজেদের যোগাযোগেই হোক বা তাঁরা চোখ বন্ধ রেখে প্রশ্রয় দিচ্ছেন বলেই হোক বা কংগ্রেসের বহু কর্মী ওর মধ্যে জড়িত আছে বলেই হোক বিদ্যালয়গুলি আজকে অর্থ অপচয়ের একটা বিরাট কেন্দ্র হয়ে দাঁড়িয়েছে। এবং আমরা প্রায়ই কলকাতায় দেখতে পাচ্ছি বিদ্যালয়ের বাড়ী হওয়ার সঙ্গে সঙ্গেই সেখানে সেক্রেটারী মহাশয়ের দু-একটা বাড়ী উঠে যাচ্ছে। আমি তার লিস্ট দিতে পারি দরকার হলে। স্যার, এর সঙ্গে যুক্ত হয়ে রয়েছে ম্যানেজিং কমিটি, সেখানে যখনই আমরা এই সমস্ত অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে যাই তখনই আমরা দেখেছি ওঁরা উপরতলা থেকে সেই ম্যানেজিং কমিটিকে সাহায্য করেন। শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে অনেকেই এই আবেদন নিয়ে গেছেন এবং তিনি অনেকের আবেদনে এই বিষয়ে আলাপ করেছেন, কিন্তু আজ পর্যন্ত অর্থ যে আত্মসাৎ করা হয়েছে তার বিরুদ্ধে কোনরকম শাস্তি শিক্ষা মন্ত্রী মহাশয় চেষ্টা করলেও পরিষদের মধ্য দিয়ে দেওয়াতে পারেন নি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনার অভিযোগ হচ্ছে ইউ আর কনভিকটিং দি বোর্ড—শিক্ষা মন্ত্রী মহাশয় চেষ্টা করলেও পরিষদের মধ্য দিয়ে করাতে পারেন নি। তাহলে যে বোর্ডকে সাপোর্ট করছেন সেই বোর্ড দোষী হল কি করে?

Shri Mohitosh Rai Chaudhuri:

মেনসান দি নেমস অব দি স্কুলস।

Shri Satya Priya Roy:

আজকে আমি নাম বলব না, পরে বলব, ১৫ মিনিট সময় পাচ্ছি, আমার নাম বলবার সময় নেই।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

নাম বলুন।

Shri Satya Priya Roy:

নাম পরে বলবো, আমার ১৫ মিনিটের বক্তৃতায় নাম বলার সময় নাই। আমি চেয়ারম্যানের কাছে নাম দিয়ে দেব। আমরা যেখানে আছি সেখানকার কথা নাকি বলিনি এবং ওদের পক্ষের শিক্ষকরা যেখানে আছেন সেখানকার কথা নাকি বলছি। আমরা ছাড়া দুটো পক্ষ হলে আমরা আর আপনারা থাকেন।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

আপনি বলছেন শিক্ষা মন্ত্রীমহাশয় চেষ্টা করেও পর্ষতের মধ্য দিয়ে করাতে পারেন নি। পর্ষৎ তো গভর্নমেণ্টের নয়, পর্ষৎ তো অফিসিয়াল ডিপার্টমেণ্ট।

Shri Satya Priya Roy:

পর্ষৎ কি সেটা শিক্ষা মন্ত্রীমহাশয় জানেন। ১৯৫৪ সালের পর থেকে পর্ষৎ শব্দটা মিসনমার হয়ে গেছে এবং সেটা যে কোন বোর্ড নয় এবং সেটা যে ওঁদেরই নিয়োজিত একজন অ্যাডমিনিস্ট্রেটর চালাচ্ছেন ১৯৫৪ সালের পর থেকে ১৯৬৩ সাল পর্যন্ত সেটাও মন্ত্রীমহাশয় জানেন। বোর্ডের অ্যাডমিনিস্ট্রেটর যেই হন সমস্ত কর্মচারীরা ঐ অ্যাডমিনিস্ট্রেটরের অধীনে কাজ করছেন। তার ফলে হচ্ছে কি—এটা মাননীয় মন্ত্রীমহাশয় নিজে জানেন এবং মুখ্যমন্ত্রী মহাশয়ও জানেন—ওঁদের কাছে অনেকে আবেদন নিয়ে গেছেন, অন্ততঃ পশ্চিমবাংলায় এক হাজার শিক্ষক আজকে বিনা কারণে কোন রকম ন্যাচারাল জাস্টিস যাকে বলে, অর্থাৎ তাঁদের কোনরকম বক্তব্য বলবার অধিকার না দিয়ে তাঁদের চাকরী থেকে বিদায় দেয়া হচ্ছে এবং তাঁদের কোনরকমে রক্ষা করার কোন উপায় শিক্ষা মন্ত্রীমহাশয় বের করতে পারেন নি এবং তাঁদের সিকিউরিটির প্রশ্নটা আজকে বড় হয়ে দাঁড়িয়েছে। আজকে স্যার, ওঁরা বাজেট করছেন কিন্তু দুঃখের কথাটা বারবার রিপিট না করে কি করবো যে তিন মাসের মধ্যে শিক্ষকরা বেতন পাচ্ছেন না এবং ১৯৬৪ সাল যে আরম্ভ হয়ে গেল, এর মধ্যে কোন সাহায্যের টাকা কোন বিদ্যালয়ে ওঁরা পাঠাতে পারেননি, এমন কি স্যার, ট্রেনিং কলেজে যাঁরা ডেপুটেসনে এসেছেন, এঁদের মধ্যে নভেম্বর মাসের বেতন শেষ পর্যন্ত পেয়েছেন, এই বেতনের ওপর নির্ভর করে তাঁরা বাড়ীতে নিজেদের পরিবার পোষণ করবেন, আবার এখানে ট্রেনিং-এর জন্য নিজেদের থাকার ব্যবস্থা করবেন—আজ পর্যন্ত নভেম্বর পর্যন্ত তারা যদি ডেপুটেসন অ্যালাউয়েন্স পেয়ে থাকেন তাহলে মানুষগুলি কি করে বেঁচে আছেন সে বিচার কিন্তু স্যার আমাদের শিক্ষা মন্ত্রীমহাশয় করছেন না বা তাঁর শিক্ষা দপ্তর এ সম্পর্কে মোটেই তৎপর হচ্ছে না। এদিক থেকে এই যে নূতন পর্ষৎ তিনি বসিয়েছেন এ সম্পর্কে আমাকে প্রশ্ন করতেই হবে—ওঁরা স্যার, শনিবার দিন গিয়ে কি করে ওপেন করে এলেন পর্ষৎ আমরা জানি না অথচ পেপারে রিপোর্ট দেখলাম ওখানে স্ট্যাণ্ডিং কমিটিগুলি ফর্মড হওয়ার জন্য রেগুলেসন তৈরী হয়ে গেছে। আমাদের এই বিধান পরিষদের সদস্য আজও নিযুক্ত হলেন না, শিক্ষকদের প্রতিনিধিরা নির্বাচিত হলেন না। বিধানসভার প্রতিনিধিরা নির্বাচিত হলেন না। তা সত্ত্বেও কি করে সেই কমিটির উদ্বোধন হল এবং সেই উদ্বোধনে মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী গেলেন এবং কি করে সেখানে রেগুলেসন তৈরী হল স্ট্যাণ্ডিং কমিটিগুলি তৈরীর জন্য তা আমরা বুঝতে পারছি না। এই যে ভ্যাকুয়াম একটা চলেছে, একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে এর ফলে শিক্ষকরা কবে যে সাহায্যের টাকা পাবেন, বিদ্যালয়গুলি কবে যে সাহায্যের টাকা পাবে তা কেউ জানে না।

[5-40—5-50 p.m.]

কিন্তু স্যার, এই যে একটা ভ্যাকুয়াম বা অচল অবস্থা সৃষ্টি হয়েছে, এর ফলে, কবে প্রাথমিক শিক্ষকরা সাহায্যের টাকা পাবে, তা জানি না। ডেপুটেসন এ্যালাউয়েন্স সম্বন্ধে ওঁরা আবার নাকি নূতন ব্যবস্থা করতে যাচ্ছেন যে, ছয় মাস চলে যাবার পর, আনএডেড স্কুলের টিচার্সদের কোন ডেপুটেসন অ্যালাউয়েন্স ওঁরা দেবেন না। জুলাই সেসন আরম্ভ হয়েছে। এই জুলাই মাস থেকে ডিসেম্বর পর্যন্ত ওঁরা বোর্ডের কাছ থেকে ডেপুটেসন অ্যালাউয়েন্স পেয়েছেন। কিন্তু ইতিমধ্যে সরকারের যে ইনসপেক্টরেট সেখান থেকে, অন্ততঃ মুখে বলে দেওয়া হয়েছে যে আনএডেড স্কুলে টিচার্সদের আমরা কোন রকম ডেপুটেসন অ্যালাউয়েন্স

দেবো না। এটা পর্যন্ত নাকি বে-আইনী ভাবে দিয়ে যাচ্ছিল। স্যার, এছাড়াও আমাদের আরও অভিযোগের অন্ত নেই। বাস্তবিক ওঁদের শিক্ষা দপ্তরে এমন কোন অভিজ্ঞ কর্মচারী নেই, যিনি সামগ্রিকভাবে আমাদের অভাব, অভিযোগগুলির জন্য সকলে মিলে বসে আলোচনা করতে পারেন, এবং তা করে একটা সামগ্রিক মীমাংসায় আসতে পারেন। শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে সেই সম্পর্কে বারবার করে অন্ততঃ চার পাঁচবার চিঠি দিয়েছিলাম দেখা করবার জন্য। অবশ্য এ সম্পর্কে গতকাল এখানে যে ঘটনা ঘটে, তার বিবরণ আমি পত্রিকায় দেখেছি। বিবরণের মধ্যে একটা জায়গায়, যেখানে বলা হয়েছে যে শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের কোন কথার উত্তর দেননি, সে কথাটি ঠিক নয়। বরং তার চেয়ে আরও গুরুতর এটা। আমরা তাঁর সঙ্গে দেখা করবার জন্য প্রার্থনা করে শিক্ষা মন্ত্রীমহাশয়কে যে কয়টি চিঠি দিয়েছিলাম, তার মধ্যে দুটার উত্তর তিনি দিয়েছিলেন। কিন্তু সে দুটার উত্তরের মধ্যে তিনি এই কথাই বলেছিলেন—(ইনটারাপসনস্)—আমি বলে দিচ্ছি। আমি পত্রিকা দেখেই বলছি। সেটা আরও গুরুতর। আমরা সেখানে বলেছিলাম মুখ্যমন্ত্রী মহাশয় যে চিঠি আমাদের দিলেন, তাতে ওঁদের সরকারী দপ্তরে যা হচ্ছে, তার নানারকম বিরোধী তথ্য উনি দিলেন, এবং আমরা ওঁর দৃষ্টি আকর্ষণ করে বললাম, আপনি একরকম বলছেন, আর আপনার সরকারী শিক্ষা দপ্তর, ইনস্পেক্টরেট বা ডি. পি আই. শিক্ষা অধিকর্তার দপ্তর, তাঁরা আর একরকম কর্ম করছেন। কাজেই আপনার এই চিঠিতে আমাদের কোন সমস্যার সমাধান হচ্ছে না। ওঁর দুটা চিঠিতেই ছিল যে যদি এ সত্ত্বেও আপনারা আমার সাথে দেখা করার প্রয়োজনীয়তা অনুভব করেন, তাহলে লিখলেই আমি সাক্ষাৎকারের দিন ধার্য করবো। আমরা তাঁর চিঠি দুটা পেয়ে উত্তর দিয়েছিলাম আমরা সাক্ষাৎকার নিতান্ত প্রয়োজন বলে মনে করি। কিন্তু তিনি তাঁর ঐ আশ্বাস দেওয়া সত্ত্বেও—সাক্ষাৎকারের দিন ধার্য করেন নি। দু-দুটো চিঠিতে যে আশ্বাস তিনি দিয়েছিলেন, তা তিনি লঙ্ঘন করেন। সুতরাং পত্রের উত্তর না দেওয়াতে আমার মনে হয়, এখানে তিনি পজিটিভ আশ্বাস দিয়ে, সেই পজিটিভ আশ্বাস তিনি ভঙ্গ করেছেন, এবং নিজের প্রতিশ্রুতি ভঙ্গে তিনি অপরাধী। এই কথা আমি এখানে পরিস্কার করে বলে যেতে চাই।

স্যার, পত্রিকা দেখবার পরই আমি বুঝেছি, তিনি যে দুটি চিঠিতে আমাদের উত্তর দিয়েছেন, সেই কথাটা সন্তোষ ভট্টাচার্জি মহাশয় বলেছেন। দিন ধার্য করবার জন্য আমরা যে চিঠি লিখেছিলাম, তার উত্তর বাবদ তিনি দিন ধার্য করেন নি। সেই কথাটাই তাঁকে বলবার জন্য, সন্তোষ ভট্টাচার্জী মহাশয় বলে ছিলেন যে তিনি পত্রের উত্তর দেন নি। এটা আমি তাঁর কাছ থেকে জিজ্ঞাসা করে জানতে পেরেছি। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় এই কথা বলতে পারেন কিনা, যে তিনি দুটো চিঠির প্রত্যেকটিতেই এই কথা বলেছেন কিনা, যে আমরা বলামাত্র তিনি সাক্ষাৎকারের দিন ধার্য করবেন? তারপর পাঁচ মাস চলে যাওয়া সত্ত্বেও এবং আমাদের কাছে চিঠি দেওয়া সত্ত্বেও এবং তাঁর নিজের ঐ রকম প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও তিনি সাক্ষাৎকারের দিন ধার্য করেন নি। একথা কি তিনি অস্বীকার করেন? এই প্রশ্ন আমি তাঁর কাছে করে যাচ্ছি, বসবার আগে। আমি আগেই বলেছি বেশী সময় নেবো না। শুধু একটা কথা বলতে হয়—আমরা রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের কাছ থেকে—গতকাল আমাদের আলোচনায় অংশ গ্রহণ করে যেটুকু বলেছেন, সেটুকু আমরা তাঁর কাছ থেকে আশা করিনি। আজ তিনি অনেক উচ্চে দায়িত্বশীল পদে অধিষ্ঠিত আছেন এবং ভবিষ্যতেও শুনছি, তিনি আরও উচ্চে দায়িত্বশীল পদ গ্রহণ করতে যাচ্ছেন।

কিন্তু প্রাথমিক শিক্ষকের সঙ্গে আলোচনা করতে গিয়ে, নির্বাচনকে একমাত্র লক্ষ্য রেখে এবং নির্বাচনের উদ্দেশ্যেই আলাপ করার বা না করার মনোভাব যদি সরকারের থাকে, তাহলে বলে দিতে পারি সরকারকে যে নির্বাচনের জন্য আমরা কখনও আলাপ আলোচনা করবার জন্য ব্যস্ত হইনি।

আজকে ১৯৫৪ সাল থেকে এই ১৯৬৪ সাল পর্যন্ত বহু নির্বাচনে ওঁরা অন্যান্য রাজ্যে কংগ্রেস যেখানে প্রতিনিধি দেয় না, শিক্ষক কেন্দ্রে, সেখানে শিক্ষকদের কাছেই শিক্ষকদের প্রতিনিধি নির্বাচনের দায়িত্ব রেখে দিয়েছে।

ওঁদের প্রতিনিধির জামানত জব্দ হয়েছে এই রকম উদাহরণ আছে, ওঁদের প্রতিনিধি স্যার, কোন বারই শতকরা ২০টির বেশী ভোট পান নি। কাজেই আমরা নির্বাচনের দিকে লক্ষ্য রেখে নির্বাচনকে এতবড় গুরুত্ব আমরা দিই নি। এবং ওটা যে উনি এই রকম ভাবে ইঙ্গিত করবেন তা আমাদের মনে কখনও ছিলনা। সেটা কিন্তু স্যার, আমরা ওঁর কাছ থেকে আশা করিনি। এবং এখানে ঘোষণা করে দিচ্ছি '৬৪ সালে যে নির্বাচন হবে তাতেও প্রমাণিত হবে। আমরা বিশ্বাস করি আলাপ আলোচনার মাধ্যমে সাফল্য আমাদের কাছে আসবে। আলাপ আলোচনা ওঁরা করুন আর নাই করুন—আমরা শিক্ষকদের জন্য সমিতি দাঁড় করিয়েছি—এবং সমিতি যে শিক্ষকদের সে কথার প্রমাণ বারবার নির্বাচনের মধ্যে দিয়ে দিয়েছি। আমরা যখনই বিধান পরিষদে আলোচনা করি কখনও নির্বাচনকে সামনে রেখে সে আলোচনা করি না। সেজন্য আমি বলছি কংগ্রেসের সভাপতি মহাশয় ঐ রকম একটা মনোভাব রাখবেন না—এইটুকু আশা শিক্ষকসমাজ কংগ্রেসের মত একটা প্রতিষ্ঠানের কাছে আশা করতে পারে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Suresh Chandra Paul:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অতি সংক্ষেপে আমার বক্তব্য আপনার কাছে নিবেদন করব। প্রথমে আমি আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আপনাদের সামনে রেখেছেন সে বাজেট খুব সুচারু ভাবে করা হয়েছে এবং তার জন্য অমি তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আর একটি কথা যে এই বাজেটে কোন নুতন কর ধার্য্য করবার প্রস্তাব নেই। সেইজন্য আমি তাঁকে সানন্দে অভিনন্দন জানাচ্ছি। দ্বিতীয় কথা এই যে আমাদের মুখ্যমন্ত্রী, ক্যালকাটা কম্যুনাল ডিসটারব্যান্স এবং তার আশেপাশে যে দাঙ্গা হাঙ্গামা হয়েছিল তা তিনি দৃঢ়হস্তে দমন করেছেন অতি অল্প সময়ের মধ্যে, সেইজন্য আমি তাকে অভিবাদন জানাচ্ছি। এখন কথা হচ্ছে এই যে আমাদের বাংলা দেশ, এই স্বাধীনতার পরে কি রকম দ্রুতভাবে উন্নতি করছে সে কথা সকলেই স্মরণ করলে আমি তাদের কাছে বলব এত অল্প সময়ের মধ্যে যে বাংলার চারিদিকে স্বাস্থ্যে, শিল্পে, কলকারখানায় শিল্প এবং প্রত্যেক বিভাগে দ্রুততর উন্নতি হয়েছে এ কথা কেউ অস্বীকার করতে পারবেন না। আজকে ধারণা করতে পেরেছিল যে দুর্গাপুর থেকে Grass grid কলকাতায় চালিত হবে? কে ধারণা করতে পেরেছিল যে অল্প সময়ের মধ্যে বাংলায় ৭টা ইউনিভারসিটি উদ্বোধন হবে। কে ধারণা করতে পেরেছিল যে বাংলায় নানা স্থানে সুদূর পল্লী অঞ্চলেও সমস্ত রাস্তাঘাটের প্রভূত উন্নতি হবে? বিদ্যুৎ শক্তি সুদূর পল্লীগ্রামেও পরিচালিত করা হবে। একথা কি কেউ ধারণা করতে পেরেছিল যে এত অল্প সময়ের মধ্যে এই বাংলা দেশের সরকার এইগুলি সম্পন্ন করতে পারবে? সুতরাং এদিকে দেখতে হবে যে আমরা কতদূর দ্রুতগতি ভাবে আমাদের দেশকে উন্নতির পথে নিয়ে যাচ্ছি। কিন্তু একটা কথা এই, যে দেশের এই যে সব উন্নতি, দেশের এইযে নানারকম শিল্প কারখানা প্রতিষ্ঠা এবং রাস্তা ঘাটের যে সুপরিকল্পিত চেষ্টা এইটাই কি দেশের সম্পদ? দেশের সম্পদ কি কেবল ঘরবাড়ী হিসেব করে শিল্পের উন্নতির হিসাব করে তার মান দেব? আমাদের অন্যদিকেও দৃষ্টি থাকা দরকার। দেশের সম্পদ হচ্ছে দেশের মানুষ।

[5-50—6 p.m.]

স্বাধীনতা লাভ করার পর দেশের মানুষের নৈতিক চরিত্র কতটা উন্নত হয়েছে সেটাও আমাদের লক্ষ্য করা দরকার। আজকে আমাদের দেশে জনসাধারণের আমি বলব নৈতিক চরিত্রের ক্রমশঃ অধঃগতি হয়েছে। আজকে দেশের চারিদিকে চোরাকারবারী ঘুষখোর, কালোবাজারী এবং মুনাফাখোরী ব্যক্তিরা ছড়িয়ে পড়েছে। এদিকে আমাদের বিশেষ করে লক্ষ্য করতে হবে এবং যাতে আমাদের দেশের মানুষের চরিত্রের মান উন্নীত হয় সেদিকে আমাদের আরো বেশী লক্ষ্য রাখতে হবে। মাননীয় সভাপতি মহাশয়, আজকে আপনার মারফত জানাতে চাই যে আমাদের দেশে উন্নতি হচ্ছে বটে, সরকার থেকে নানা প্রচেষ্টা চলেছে, কিন্তু এই উন্নতি যে শেষ হয়েছে তা বলা চলে না। দেশের লোকের ধন সম্পত্তি, দেশের লোকের শিক্ষা, স্বাস্থ্য আরো উন্নত হওয়া দরকার, এই বিষয়ে কেউ অস্বীকার

করতে পারবে না। কিন্তু আমাদের দেশের লোকের চরিত্রের দিকে আমাদের বিশেষ করে লক্ষ্য রাখতে হবে এবং সেই জন্য সরকারকে নিবেদন এবং অনুরোধ জানাচ্ছি যে তাঁরা যেন এই বিষয়ে কঠোর দৃষ্টি রাখেন। আজকে আমাদের দেশে একটা ঘুষের রাজত্ব চলেছে। এই রাজত্ব চলার জন্য আমরা জনসাধারণকে যত বেশী দোষ দিই, গভর্নমেণ্টকে তার চেয়ে বেশী দোষ দিই। কেননা জনসাধারণ আমাদের কোন সহায়তা করছে না, তার চেয়ে বরং তারা আমাদের দেশকে অধগতির পথে নিয়ে যাবার চেষ্টা করছে। কারণ, আপনারা জানেন ফুড এণ্ড সাপ্লাই বলে একটা ডিপার্টমেণ্ট আছে। এই ফুড এ্যাণ্ড সাপ্লাই ডিপার্টমেণ্টের থ্রু দিয়ে সিমেণ্ট, চিনি, চালের সমস্ত পার্মিট দেওয়া হয়। ফুড এ্যাণ্ড সাপ্লাই ডিপার্টমেণ্টে যদি কোন সিমেণ্টের দরখাস্ত আসে তাহলে প্রথমে সিমেণ্টের কার্য কতখানি লাগবে সেটা দেখবার জন্য ইনস্পেক্টরকে ভার দেওয়া হয়। যিনি ভার নেন তিনি প্রথমে ইনস্পেকসান রিপোর্ট দেওয়ার জন্য পার্টির কাছে গিয়ে ঘুষের কথা বলেন। তারপর ঘুষ দিলে তবে তিনি রিপোর্ট দেন। তারপর রিপোর্ট দেওয়ার পরে সিমেণ্টে-এর পার্মিট দেওয়া হবে। আবার সিমেণ্টের পার্মিট দেওয়ার আগে তারা প্রত্যেক বস্তায় ১ টাকা করে ঘুষ নেয়। এইগুলি আমাদের সরকারের কাছে তুলে ধরতে হবে যাতে এগুলি একেবারে নিবৃত্ত হয়। দ্বিতীয় কথা হচ্ছে, যারা চাকরি চায় তাদের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে প্রথমে নাম রেজিস্ট্রি করতে হয়। নাম রেজিস্ট্রি করবার পর দেখা যায় কেউ হয়ত ১৯৬০ সালে তার নাম রেজিস্ট্রি করেছে, কিন্তু তার কাজের কোন সন্ধান এলনা, কিন্তু যে ১৯৬৩ সালে নাম রেজিস্ট্রি করেছে তার কাজের সন্ধান এল। এই প্রেফারেন্সিয়াল ট্রিটমেণ্ট কি করে হয়? মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত এই কথা জানাই যে যারা কার্ড ডিস্ট্রিবিউট করেন এবং যারা কার্ড ইণ্টারভিউএর জন্য লিখেন সেই যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিসার আছেন যাঁদের উপর ভার আছে তাঁরা দেখেশুনে এবং সিরিয়াল নাম্বার অনুসারে ইণ্টার-ভিউর জন্য কার্ড ইস্যু করেন না। কারণ, যখন কাজ খালি হয় তখন তাঁরা সেখানকার সঙ্গে যোগাযোগ করে পরে যাদের কার্ড হয়েছে তাদের নিয়োগ করবার জন্য ব্যবস্থা করে দেন। এখানে একটা ঘুষের রাজত্ব চলছে। যেখানে কাজ হবে এবং যারা কার্ড ইস্যু করবে এই দুই জায়গার ভেতর দুস্কার্য চলছে। তারপর স্যার, আদালতে এই ঘুষের প্রবৃত্তি ক্রমশঃ ক্রমশঃ বেড়ে চলেছে। দেশে দ্রব্যমূল্য যত বেড়ে যাচ্ছে ততই ঘুষের পরিমাণ বেড়ে যাচ্ছে। আপনি স্যার, শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে সিভিল কোর্টের নাজীররা দখল দেবার জন্য ১ শো টাকা পর্যন্ত ঘুষ নেয়। এটা কি করে দূর হয় সেই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর স্যার, বিদ্যালয়ে শিক্ষা মন্দিরে ভর্তি হবার সময় দেখা যায় যে বহু ছেলে ভর্তি হবার জন্য দরখাস্ত করল, কিন্তু স্কুলে স্থান নেই। কিন্তু যে ঘুষ দিতে পারে তাকে ভর্তি করে নেওয়া হয়, যারা পারে না তাদের ভর্তি করে নেওয়া হয় না। সুতরাং পবিত্র যে বিদ্যা মন্দির সেখানেও ঘুষের রাজত্ব চলেছে।

শিক্ষকের মান পর্যন্ত নেমে গেছে। সেজন্য আমি বলি এই সমস্ত সামান্য সামান্য ব্যাপার নিয়ে দেখা যাবে যে একেবারে ঘুষের রাজত্ব হুবহু বেড়ে যাচ্ছে—সেদিক দিয়ে আমাদের দেশের লোক আমাদের চোর জোচ্চোর এই সমস্ত আখ্যা দিচ্ছেন কিন্তু করছে কারা? করছে যারা দেশের শত্রু, যাদের জাতীয়তাবোধ নেই, যাদের ধর্মজ্ঞান নেই, এ যাদের নৈতিক চরিত্রের অবনতি হয়েছে তারাই এই সমস্ত কাজে এগিয়ে আসছে। সেজন্য আমি নিবেদন করছি সরকারের কাছে যে এ বিষয়ে লক্ষ্য রাখতে হবে। যাঁরা চুরি করেন তাঁরাই আবার বলেন ঘুষের রাজত্ব। তাই আমি বলি ইংরাজীতে একটা কথা আছে দি বুট ইজ অন দি আদার লেগ এবং যারা এসব বলে তারাই চোর, জোচ্চোর বদমায়েশ—তারা কিন্তু কোনরকম শাস্তি পাচ্ছে না, কিন্তু তারাই হচ্ছে প্রকৃত-চোর, জোচ্চোর। আমি আপনার কাছে একথা বলতে চাই যে এই অপকার্য দূরীকরণের জন্য সরকার নানারকম আইনকানুন বেঁধে দিয়েছিল কিন্তু সেই সমস্ত আইনকানুন, খুব জোর দার করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দিল্লীতে আজকে অ্যাণ্টিকোরাপ-সনের এগেনস্টে কমিটি নিযুক্ত হয়েছে। ভিজিলেন্স কমিটি নিযুক্ত হয়েছে। সেটা আমাদের বাংলাদেশে নিশ্চয়ই আসবে। সেজন্য আমি বাংলাদেশের সরকারের কাছে নিবেদন জানাচ্ছি যে সেই কমিটি নিযুক্ত করবার সময় যেন ভাল লোক তাঁরা নিযুক্ত করেন এবং সেই কার্য যাতে ভালভাবে পরিচালিত হয় সেদিকে কঠোর দৃষ্টি রেখে যারা দুষ্কৃতকারী তাদের সাজা দিন

দেশে খাদ্যের সঙ্গে যে ভেজাল মিশানো হচ্ছে এদিকেও আমাদের বিশেষ দৃষ্টি নেই। সেজন্য আমি বলি সরকার সে বিষয়ে যেন বিশেষ করে সাবধান হন এবং দুস্কৃতকারী যারা রয়েছে তাদের যেন উপযুক্ত শাস্তি দেন। আমি একথা বলি যদি দেশকে আমরা এই সমস্ত দুস্কৃতকারীদের হাত থেকে বাঁচাতে না পারি তাহলে আমাদের দেশের মান ক্রমশঃ নেমে যাবে। সেজন্য সর্বতো-ভাবে এটুকু প্রার্থনা জানাই দুস্কৃতকারীদের যে লোভ অতি বেড়ে যাচ্ছে এবং এই যে ঘুষ নেয়া এই যাতে দমন হয় সে বিষয়ে তাঁরা যেন অবহিত হন, তা না হলে আমরা অনেক পশ্চাৎপদ হয়ে পড়বো।

Shri Jatindra Singha :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট আলোচনার জন্য আমাকে যে নির্দ্দিষ্ট সময় দেয়া হয়েছে তাতে বাজেটের সামগ্রিক আলোচনা করা আমার পক্ষে সম্ভব হবে না। সেজন্য শিক্ষক প্রতিনিধি হিসাবে আমার আলোচনা আমি শিক্ষার উপর নিবদ্ধ রাখবো। অবশ্য প্রথমেই আমি একটা কথা বলে যেতে চাই—আমার পূর্ববর্তী বক্তা ভর্তির ব্যাপারে মাস্টার মশাইদের বিরুদ্ধে যে অভিযোগ আনলেন আমি তার তীব্র প্রতিবাদ করি এবং আমি আশা করবো এই ধরণের ২।১ জন শিক্ষকের নাম অন্ততঃ তিনি এখানে উপস্থাপিত করবেন এই হাউসের সামনে আপনার মারফৎ। আর তা যদি না করতে পারেন তাহলে তিনি তাঁর এই যে অভিযোগ এই অভিযোগ প্রত্যাহার করে নেবেন এটাই আমি আশা করবো। এখানে কোন শিক্ষকমশাই বোধ-হয় নেই, আমি জানি না কার নাম তিনি বলবেন। আমি আশা করবো তিনি প্রমাণ সহযোগে যে মাস্টারমশাই এরকমভাবে ঘুষ নিয়ে ভর্ত্তি করেছেন তাঁদের নাম বা তাঁর নাম এখানে উপস্থাপিত করে প্রমাণ দেবেন। তা না হলে আমি আশা করবো অন্ততঃ ভদ্রতার খাতিরে তিনি তাঁর উক্তিটি প্রত্যাহার করে নেবেন।

[6—6-10 p.m.]

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিধান সভায় বাজেট উত্থাপনের সময় তাঁর ভাষণের শেষের দিকে, জনগণের মধ্যে অংশ গ্রহণের চেতনা, ব্যক্তিগত দায়িত্ববোধ সৃষ্টি, প্রথম পদক্ষেপ হিসাবে শিক্ষার গুরুত্ব উল্লেখ করেছেন। তিনি আরও বলেছেন যুদ্ধত্তরকালে জাপানে উল্লেখযোগ্য উন্নতি সাধন সম্ভব হয়েছিল, প্রধানত এই কারণেই যে সেখানে জনসংখ্যার শতকরা ৮৯ ভাগের বেশী লিখিতে পড়িতে জানে। শিক্ষার উন্নতির উপর যে জাতির উন্নতি নির্ভর করে এ বিষয়ে কারও দ্বিমত নেই, সকলেই একমত। কিন্তু দুঃখের বিষয়, এই কথা সত্যপ্রিয়বাবু বলে গিয়েছেন যে, বছরের পর বছর আমরা দেখছি শিক্ষার যে বাজেট, প্রতিবারই শিক্ষার খাতে ব্যয় হ্রাস করা হচ্ছে। শুধু যে শিক্ষার খাতে ব্যয়বরাদ্দ হ্রাস করা হচ্ছে তা নয়, যেমন ব্যয় বরাদ্দ হ্রাস করা হচ্ছে, তেমনি শিক্ষার মান উন্নয়নের পরিকল্পনা আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি না। তিনি আরও বলেছেন শিক্ষার ক্ষেত্রে সংখ্যা বৃদ্ধির সহিত গুণের দিকে যে মনোযোগ দেওয়া হইয়াছে তাহা সমতা রক্ষা করিতে পারে নাই এবং বৃহত্তর প্রচেষ্টায় এবং জাতীয় প্রচেষ্টায় প্রযুক্ত বিদ্যা এবং বৈজ্ঞানিক গবেষণার ভূমিকা উত্তমরূপে হৃদয়ঙ্গম করিতে হইবে। গুণগত যোগ্যতার সমতা রক্ষা করা যায়নি, একথা তিনি উল্লেখ করেছেন। কিন্তু কেন যায়নি, তার কারণ তিনি নির্দ্দেশ করেন নি। গুণগত, যোগ্যতা নির্ভর করে শিক্ষক সম্প্রদায়ের উপর। যারা শিক্ষা দান করছেন, অনেক অংশে তাদের উপর নির্ভর করে। আজকে মাস্টারমশাইয়ের অবস্থা কি? মাস্টারমশাইদের অবস্থা সম্পর্কে যদিও সত্যপ্রিয়বাবু উল্লেখ করেছেন, তবুও আমি বিশেষ করে কিছু বলতে চাই। আজকে ম্যানেজিং কমিটিগুলি হয়েছে—একটা কথা থেকে আমার মনে হয়, সেগুলি হয়ে উঠেছে দুর্নীতির কেন্দ্রস্থল, রাজনীতির আখড়া, অনাচার ও অত্যাচারের চরম লীলাভূমি। আজকে আমি তথ্য নিয়ে বলছি, কতকগুলি ম্যানেজিং কমিটির কথা আমি জানি, ম্যানেজিং কমিটির যাঁরা সেক্রেটারী তাঁদের তাঁবেদারী না করলে মাস্টার-মশাইদের চাকরী বজায় রাখা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।

(এ ভয়েস—নাম বলুন)

নাম বলছি আমি। আজকে যে দুটী ঘটনার কথা আমি উল্লেখ করছি—আমাদের এখানে

পশুপতিবাবু বসে আছেন, তিনি জানেন, তাঁর জায়গার কথা আমি বলছি। অক্রুমণি হাই স্কুলের কথা আমি উল্লেখ করছি, অক্রুমণি হাই স্কুলটি খুব নামজাদা হাই স্কুল। সেখানকার যিনি প্রধান শিক্ষকমশাই, তিনি সাম্প্রতিককালে অবসর গ্রহণ করেছেন, তার ৬৫ বৎসর বয়স হয়েছে বলে। অর্থাৎ তার ৬৫ বৎসর বয়স হয়ে যাওয়ার পরে, আর তাঁকে রাখা যায় না। কিন্তু তিনি ম্যানেজিং কমিটিকে হস্তগত করেছেন, বিশেষ করে সেক্রেটারীকে। আমার যতদূর ধারণা আছে, সেখানে শিক্ষা বিভাগ থেকে একটা সার্কুলার গিয়েছে যে রেক্টর রাখা আমরা অনুমোদন করি না। তখন করা হল কি? সেই ভদ্রলোককে যাঁর ৬৫ বৎসর বয়স হয়ে গিয়েছে, তাঁকে রেক্টর করে দেওয়া হল, এবং রেক্টরের যা বেতন তা নির্দিষ্ট করা হয়েছে আড়াইশো টাকা। শুধু সেই আড়াইশো টাকাটাই বড় কথা নয়, সেই টাকাটা কোথা থেকে ওঠাবেন, তা তাঁরা ঠিক করে ফেললো। এখানে দেখান হয়েছে যে শিক্ষা বিভাগ থেকে একটা ডেভলপমেণ্ট ফি এর ব্যবস্থা করা হয়েছে। এখন সেই ডেভলপমেণ্ট ফি বাড়িয়ে দেওয়া হয়েছে। যেখানে ৮ আনা ছিল, সেটাকে বাড়িয়ে ১২ আনা থেকে ১ টাকার মতন করা হয়েছে। এবং তা করে সেই হেডমাস্টারমশাইকে রেক্টর-এর পদে বসিয়ে দিলেন। এখন সেই হেডমাষ্টারমশাই করেছেন কি? সেখানকার দুজন শিক্ষককে ছাঁটাই করে দিয়েছেন, বিনা কারণে। কোন কারণ প্রদর্শন না করেই তিনি দুজন শিক্ষককে ছাঁটাই করে দিয়েছেন। তার জন্য আজকে কোর্টে মামলা ঝুলছে। গত আড়াই বছর ধরে মামলা চলছে, এখনও তার ফলাফল শেষ হয়নি। অতি সাম্প্রতিকালে রিটায়ারমেণ্ট-এর পরে তিনি রেক্টর হয়েছেন। তার কিছুদিন আগে, দু-তিন মাস আগে, আরও দু-তিন জন শিক্ষককে ছাঁটাই করা হয়, ঐ একই রকমভাবে, অর্থাৎ কোন কারণ প্রদর্শন না করে। ফলে ঐ তিনজন শিক্ষককে রেজিগনেশান দিয়ে যেতে হয়েছে।

পশুপতিবাবু একটা স্কুল করেছেন, নাজীরপুরে, খুব সম্ভব। সেই অক্রুমণি স্কুলের কোন শিক্ষক নিশ্চয়ই ওঁনার স্কুলে হেডমাস্টার হিসাবে গিয়েছেন, শুনেছিলাম, যদি তাঁর কাছে খোঁজ নেন তাহলে প্রকৃত তথ্য কি সেই স্কুলটা সম্বন্ধে, ভাল করে জানতে পারবেন। শুনেছিলাম তিনি নাজিরপুর হাই স্কুলে যোগ দেবেন। তিনি যোগ দিয়েছেন কিনা আমি জানি না। সুতরাং তার কাছে প্রকৃত তথ্যটা পাওয়া যাবে। এখন হয়েছে কি তারপরে সেই রিক্টর সাহেব চুপ করে থাকেন নি। তিনি তারই স্কুলে এ্যাসিস্ট্যাণ্ট হেড মাস্টার যিনি রিটায়ার করেছেন তাকে অবশ্য রেক্টর করা হয় নি। তিনি তারই অধিনস্থ একজন স্কুলের শিক্ষককে যিনি একজন এ্যাসিস্ট্যাণ্ট টিচার বয়স্ক এক্সটেনসন এ রয়েছেন তিনি বি. টি. অনার্স তাকে তিনি পারমানেণ্ট অবশ্য করেন নি—অফিসিয়েটিং হেডমাস্টার হিসাবে নিয়েছেন। অথচ সেই হেডমাস্টারসিপ-এর জন্য উপযুক্ত তিনটি এম. এ. ডিগ্রী বিশিষ্ট লোকের এ্যাপ্লিকেশন ছিল। তা সত্ত্বেও সেই রেক্টর মহাশয় তিনি এখন ম্যানেজিং কমিটির মেম্বার থাকতে পারেন না আইনতঃ তবুও তিনি ম্যানেজিং কমিটির মধ্যে থাকছেন এবং ঐ যে তারই অনুগত বশংবদ লোকটি তাকে যার কোন উপযুক্ততা নেই তাকেই হেডমাস্টার করে রেখেছেন এবং সমানে শিক্ষক বিতাড়ণ নীতি চলেছে। অথচ আজকে মান উন্নয়নের কোন রকম ব্যবস্থা নেই। যদিও বলা হয়েছে মান উন্নয়নের জন্য আমরা তিন জন শিক্ষককে ছাঁটাই করলাম। একজন এম. এ. উইথ অনার্স ইন ইংলিশ তিনি নাকি ঠিক মান রক্ষা করতে পারছেন না। আরেকজন অনার্স গ্রাজুয়েট তাও আবার ইকোনমিক্স, তিনিও নাকি মান উন্নয়ন করতে পারছেন না। এই অজুহাতে তাদেরকে ছাঁটাই করছেন। শুধু তাই নয় তিনি ওয়ার্নিং দিয়েছেন যে সব টিচারসদের পারমানেণ্ট বেসিসএ পার্মানেণ্ট পোষ্ট এ নিযুক্ত করা হয়েছে বলেই যে তাদের পার্মানেণ্ট করা হবে তার কোন মানে নাই। যদি স্বভাব চরিত্র তাদের—জানি না স্বভাব চরিত্র বলতে তিনি কি মনে করেন, যদি ঠিক না থাকে তাহলে তাদের বিতাড়িত করা হবে। এবং আই ওয়ারনড দেম। এই হল সেই রেক্টর সাহেবের আচরণ। তিনি পিছন দিক থেকে একটা রিজলিউসন পাশ করিয়ে মাস্টারমহাশয়দের ভিতরে সন্ত্রাসের রাজত্ব চালিয়েছেন। এবং তার ফল হয়েছে এই ঐ বশংবদ শিক্ষকটি ঐ যে রেক্টর সাহেব তাকে ম্যানেজিং কমিটির মধ্যে রেখেছেন। শুধু তাই নয়, ঐ স্কুলে নয়, প্রায়ই দেখা যাচ্ছে এই ধরণের রেক্টর দেখা যায়। এবং ম্যানেজিং কমিটির যিনি সেক্রেটারী তার বশংবদ থাকতে হবে। মাস্টারমহাশয়দের উপর যে অত্যাচার তা সমানে চলবে। আজকে

ডেভেলপমেণ্ট ফি বাড়িয়ে দিচ্ছেন। ম্যানেজিং কমিটি ডেভলপমেণ্ট ফি বাড়িয়ে দিচ্ছেন এবং মাস্টারমহাশয়দের মধ্যে ডিভিসন সৃষ্টি করছেন। কিছু সংখ্যক শিক্ষককে হয়ত কিছু বেশী দিল ঐ ডেভলপমেণ্ট ফি থেকে এই করে ডিভিসন করে দিল। যারা অনুগত মাস্টার মহাশয় যারা তাবেদারী করতে পারে তারাই ডেভলপমেণ্ট ফির জন্য কিছু বেশী পেল।

Shri Mohitosh Rai Chaudhuri:

এটাতে সরকারের স্যাংসান লাগে। হ্যাঁ সরকারের স্যাংসান লাগে কিন্তু ধরছেন না। সুতরাং এই নিরাপত্তা বোধ মাস্টারমহাশয়দের তা ব্যাহত হচ্ছে। আজকে শিক্ষক ছাঁটাই এর বিষয়ে প্রতি শিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আলীপুরদুয়ারের নিউ টাউন গার্লস স্কুল এর কথা বলছি সে সম্বন্ধে আমি আগেও উল্লেখ করেছিলাম—সেখানে তিন দিনের নোটিশে ১২ বছরের চাকুরী ছাঁটাই করে দেওয়া হয়েছে। আজকে আমি এই পরিষদে আসার আগে তার চিঠি পেয়েছি, আজ পর্যন্ত তার চাকরী জোগার হয় নি। এস. ডি. ও. কে আমি নিজে ব্যক্তিগতভাবে লিখেছিলাম। তিনি বলেছিলেন চেষ্টা করব কিন্তু আজ পর্যন্ত তার চাকরী জোটেনি। লো ব্লাড প্রেসার ভুগে ভুগে আজকে চিঠি দিয়েছে যে আমার মরণাপণ্ন অবস্থা কোনরকম জীবিকার উপায় নাই। তাতে কতকগুলি ফ্লিমজি গ্রাউণ্ড দিয়েছে। তার যে অপরাধ তা তাকে বলার সুযোগ দেওয়া হয়নি।

(The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

ম্যানেজিং কমিটির কাছে বলতে পারে না শুনলে বোর্ডএর কাছে এ্যাপিল করতে পারে।)

সবই ম্যানেজিং কমিটি করেছে। ৪ঠা মে-তে নোটিশ দিয়ে ৭ই মে-তে তাকে ছাঁটাই করেছে। তার অবস্থা হয়েছে আজ ৭ মাস হতে চলল সে জানে না কি করবে। আজকে লো ব্লাড প্রেসারএ ভুগে ভুগে একেবারে কাহিল হয়ে পড়েছে।

[6-10—6-20 p.m.]

মাস্টার মহাশয়ের সিকিউরিটি অব সার্ভিস কি রকমভাবে ব্যাহত হচ্ছে আমি তারই নিদর্শন হিসাবে আপনাদের কাছে উপস্থাপিত করছি। আমি শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই বিষয়ে একটা ব্যবস্থা গ্রহণ করার জন্য। এ্যাপিল কমিটির কাছে গিয়ে দীর্ঘদিন প্রতীক্ষা করে থাকতে হয় এবং সেখানে সুবিচার পেয়েছে বলে আমার জানা নেই। আমার যতদূর জানা আছে তাতে আমি বলতে পারি যে ১০।১২ জন মাস্টারমহাশয় এ্যাপিল কমিটির কাছে দীর্ঘ দিন বছরের পর বছর প্রতীক্ষা করেছেন, কিন্তু তাঁরা কোন প্রতিকার পান নি। আপনি কোর্টে যান সেখানেও ২/২।। বছর কেস ঝুলছে।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

তাহলে আপনিই বলুন কোর্টে যদি দেরি হয়, ম্যানেজিং কমিটিতে যদি দেরি হয়, এ্যাপিল কমিটিতে যদি দেরি হয় তাহলে আমি কি করব।

Shri Jatindra Singha:

কোর্টে আমরা যেতে চাই না, আমরা চাই আপনারা কোন একটা কিছু করুন। সিকিউরিটি অব সার্ভিসের জন্য আপনারা একটা কিছু স্টেডি ব্যবস্থা করুন। আজকে আমি কয়েকটা উদাহরণ দিলাম, যেখানে নাকি মাস্টারমহাশয়রা এই অবস্থায় এসে পৌঁছেছেন। মাস্টার মহাশয়রা যদি অভুক্ত, অর্ধাহারে এবং অনশনে থাকেন তাহলে তাঁরা কি মান উন্নয়ন করবেন? পশুপতিবাবু এখানে বসে আছেন, আমি বাঁশবেড়িয়া হাই স্কুলের কথা বলছি—উমেশ চন্দ্র বাস্তহারা বিদ্যাপীঠ, সেখানকার একজন মাস্টারমহাশয় গিরিশ চৌধুরী মহাশয়ের ১৬০ টাকা বেতন নির্ধারিত ছিল। সেই জায়গায় তিনি ৮০ টাকা করে মাসের পর মাস নিয়েছেন নিয়মিত সাহায্য স্কুলে যায়নি বলে। টালির খুবরি ঘর, জানালা নেই, সেখানে দিনের পর দিন টি. বি. তে ভুগে ভুগে তিনি মারা গেছেন, তাঁকে বাঁচান যায়নি এবং

তার একমাত্র কারণ অন্য কিছু নয়, তিনি নিয়মিত বেতন পাননি। আপনি খোঁজ করে দেখবেন অবস্থাটা কি। গিরিশ চৌধুরী টি. বি.তে ভুগে মারা গেছে এবং সেই শিক্ষিকা আজকে লো ব্লাড প্রেসারে মরণাপন্ন অবস্থায় এসে পৌঁছেছেন। সুতরাং আমাদের বক্তব্য হল এই যদি অবস্থা হয় যেখানে চাকরির নিরাপত্তা নেই, যেখানে নাকি মাস্টারমহাশয়রা নিয়মিত সাহায্য না পাওয়ার ফলে অর্ধভুক্ত অভুক্ত অবস্থায় রয়েছেন, আমি সব স্কুলের কথা বলছি না বেশির ভাগ স্কুলের এই অবস্থা চলছে, সেখানে কি করে মান উন্নীত হবে? এবারে আমি শিক্ষা দপ্তরের দুর্নীতি সম্বন্ধে দু-একটা কথা বলব। এডের জন্য নর্থ বেঙ্গল থেকে যেসব শিক্ষকরা আসেন, আমার জানা আছে যে শিক্ষা দপ্তরে যেসব কর্মচারী আছেন তাঁদের একটা হার দিতে হয়, তাঁরা বলেন যে মাথাপিছু ১০ টাকা করে দেবেন তাহলে তাড়াতাড়ি বের করে দেব। যদি তা না দেন তাহলে সেই এড যে কবে পাবে তা জানি না। আমি একটাও মিথ্যা কথা বলছি না, এই ধরণের সব চলছে। ধরুণ, নর্থ বেঙ্গলের জলপাইগুড়ি থেকে এডের জন্য এসেছেন, টাকা পাবার জন্য দীর্ঘদিন বসে থাকা তাঁদের পক্ষে সম্ভব নয়। অতএব তাঁদের কিছুটা দিয়ে যদি পারেন তো নিয়ে যাবেন, আর যদি না পারেন তাহলে ঘুরবেন। আমি মন্ত্রীমহাশয়কে দু-একটা উদাহরণ দিয়ে বলছি। আমি আমাদের স্কুলের কথা বলছি, মেকলিবাড়ী হাই স্কুল, এর একটা বিল্ডিং গ্রাণ্ট ছিল। এখন হেড মাস্টারমহাশয় এসেছেন গ্রাণ্টের জন্য। বহু তদবিরও তিনি করেছেন। কিন্তু বলছেন যে আপনাদের ফাইল খুঁজে পাওয়া যাচ্ছে না। তখন হেড মাস্টারমহাশয় বললেন এত বড় একটা স্কুলের ফাইল, এটা খুঁজে পাচ্ছেন না? দুবার তিনি ঘুরে এলেন কিন্তু পেলেন না তৃতীয়বার যখন এলেন তখন তিনি বললেন যে আমি ফাইল খুঁজে দেখব কোথায় কোন ফাইলের মধ্যে আছে। তারপর খুঁজতে খুঁজতে দেখা গেল, জানিনা কার কারসাজি হলদিবাড়ী স্কুলের ফাইলের মধ্যে মেকলীবাড়ী হাই স্কুলের ফাইল ঢুকিয়ে দেওয়া হয়েছে। তারপর আর একটা স্কুলের সেক্রেটারী আমাদের এখানে এসেছিলেন, তিনি এসে বললেন যে আমার স্কুলের বিল আসছে না। তখন তিনি দপ্তরে গেলেন, গিয়ে দেখলেন যে ফাইল খুঁজে পাওয়া যাচ্ছে না। তারপর দেখা গেল যে মিসলেনিয়াস ফাইলের মধ্যে সেটা ঢুকে আছে। ফাইলটা তারপর উদ্ধার করা হল।

এই ধরণের যদি ফাইল উদ্ধার করতে হয় তারপরে যদি সেই এড গিয়ে পৌঁছায় তাহলে কবে কি হবে জানি না। আমি জানি যে শিক্ষা মন্ত্রীমহাশয় বলবেন যে এগুলো বোর্ড করছে। এখন অবশ্য শুনছি এবার তাড়াতাড়ি হবে কিন্তু এখনো পর্যন্ত তো কোন সুরাহা আমরা দেখতে পাচ্ছি না। আজকে ধরুন নর্থ বেঙ্গলের কথা বলছি, আমি জানিনা তিনি কি গুরুতর পন্থা অবলম্বন করবেন যাতে নাকি কাজ ত্বরান্বিত হয়। উত্তরবঙ্গে যাতায়াত ব্যবস্থা অত্যন্ত দুর্বল। আমার মনে হয় যে ওখানে আঞ্চলিকভাবে যদি এডটা তাড়াতাড়ি পাওয়ার ব্যবস্থা করা যায় তাহলে শিক্ষকরা খুবই উপকৃত হবেন। আমি আর একটা কথা বলবো, আলিপুরদুয়ারের কথা—সেই অঞ্চলে জিনিসপত্র অত্যন্ত দুর্মূল্য। আমাদের চারুবাবু এখন নেই তিনি দেখিয়ে দিয়েছেন জলপাইগুড়ি অঞ্চলে এবং ঐ অঞ্চলে কিরকম দুরবস্থার মধ্যে মানুষকে থাকতে হয়। ওখানে একটা ডুয়ার্স অ্যালাওয়েন্স আমরা পেয়েছি, দীর্ঘদিন ধরে সেটা ভোগ করেছি। আমি একটা প্রশ্ন করেছিলাম একবার যে ডুয়ার্স অ্যালাওয়েন্স উঠিয়ে দেওয়া হয়েছে। অবশ্য আপনারা বলবেন পে কমিটি এটা করেছে কিন্তু জিনিসটা তা নয়। ওখানে মালটিপার্পাস সেকসনে যে সব টিচার তাঁদের কিন্তু ওটা দিয়ে দেওয়া হচ্ছে, তাঁদের বেলায় কোন রকম রেসট্রিকসন রাখা হয়নি। মালটিপার্পাজ সেকসনে, হাইয়ার সেকেণ্ডারী সেক্সনে যে সব মাস্টারমশাই আছেন তাঁরা ডুয়ার্স অ্যালাওয়েন্স নিয়মিতভাবে পেয়ে যাচ্ছেন। আমার বক্তব্য হল আজকে মাস্টারমশাইরা যাঁরা ক্লাস ১০ সেকসনে পড়াচ্ছেন, তাঁরা পেয়ে আসছিলেন তাদের সাসপেণ্ড করে রাখা হয়েছে, তারপরে তাঁরা আর কিন্তু পাচ্ছেন না কিন্তু ঐ মালটিপার্পাজ সেকসনে যাঁরা রয়েছেন এবং নিয়মিতভাবে পেয়ে যাচ্ছেন। আমি অনুরোধ করবো এই যে ডিসপারিটি রয়েছে এটা তুলে দিন এবং সমস্ত শিক্ষক যাঁদের ১৯৬০ সালের এপ্রিল থেকে সাসপেণ্ড হয়ে আছে যেহেতু তাঁরা মালটিপার্পজ সেকশানে চাকরী করছেন না তাঁদের সবাই যাতে ঐ ডুয়ার্স অ্যালাওয়েন্স পান সেই ব্যবস্থা করুন। সামান্য ছিটেফোঁটা থেকে মাস্টারমশাইদের বঞ্চিত করবেন না। অন্তত ঘরের আগে এই কাজটা

করে দেয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আর অনুরোধ জানাচ্ছি শিক্ষকদের সামগ্রিক যে যে মান উন্নয়ন তারই জন্য আমাদের দাবী এবং আমাদের আন্দোলন—আমি তাঁর কাছে আবেদন জানাতে চাই সমস্ত শিক্ষকসমাজের তরফ থেকে করণীক গ্রন্থ গারিকের তরফ থেকে যে আমাদের কথাটা বিবেচনা করবেন, আমাদের যাঁরা প্রতিনিধি তাঁদের সঙ্গে আপনারা মিলিত হন। মিলিত হয়ে একটা আলোচনার মাধ্যমে আমাদের যে সমস্যা সেই সমস্যাগুলি সমাধান করার চেষ্টা করুন, তার একটা সুরাহা করুন। অনর্থক আমাদের একটা আন্দোলনের পথে ঠেলে দেবেন না এই আমার আবেদন।

Shri Pashupati Jha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় যতীনবাবু তাঁর বক্তৃতায় আমার নাম যে টেনে এনেছেন আমি সে সম্বন্ধে কিছু বলতে চাই। উনি বলেছেন অক্রুমণি থেকে একজন টিচার নাকি আমাদের স্কুলে জয়েন করেছেন। আমি তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে তিনি এখনও জয়েন করেননি, পরীক্ষার্থীদের প্রতি মাস্টারমশাইদের যে কর্তব্য সেটা পালন করে ১লা এপ্রিল থেকে তিনি জয়েন করবেন। দ্বিতীয় কথা, অক্রুমণি স্কুলের রেক্টরের সম্বন্ধে তিনি বলেছেন। আমি ওখানকার লোক, তিনি হয়ত কারো কাছে ইনফরমেশন পেয়েছেন। ওখানে দুটো মাস্টারের দল আছে, এটা আমার জানা আছে—একটা লেফটিস্ট, একটা রাইটিস্ট—লেফটিস্টদের খবর উনি পেয়েছেন। সেখানকার রেক্টর অত্যন্ত উপযুক্ত লোক, যতদিন তিনি ঐ স্কুলে হেডমাস্টারী করছেন ততদিন কোন মাস্টার মশাই এক মিনিটও দেরী করে এলে তিনি তাসহ্য করেন না এবং স্কুলের রুলস অ্যাণ্ড রেগুলেসন তিনি খুব স্ট্রিক্টলি পালন করেন। আমি বলবো ঐ রকম হেডমাস্টারমশাই যে স্কুলে থাকেন সেই স্কুল এবং শিক্ষা বিভাগ তার জন্য গৌরব অনুভব করেন।

[6-20—6-25 p.m.]

Shri Lakshman Prodhan: Sir, in rising to support the budget proposal before this House I beg your permission to draw the attention of the Hon'ble the Education Minister to the educational problems facing the workers of the plantation area in North Bengal. Sir, it is true and it has to be admitted that the educational needs of the North Bengal districts, particularly, the districts of Darjeeling and Jalpaiguri, have been adequately met at the hands of the Government of West Bengal—it is heartening to see the pulsating situation in educational fields in these two districts. But somehow it has failed to create favourable impact in the plantation area. As you know, Sir, the plantation area in these two districts of Jalpaiguri and Darjeeling covers about one-third of the entire area and has also one-third of the population. 284 tea plantations are manned by the workers belonging mostly to the Scheduled Tribe and other backward classes of the community.

Sir, as regards the position of primary education as we find today, I was consulting Dr. Charu Chandra Sanyal, who is a very well-informed personality, he doubts, if the percentage of the children of school-going age, having primary education, would come to 15 per cent. I also happened to see a particular report of a sample survey conducted by the Tea Board in the hill plantations and they have arrived at a figure of 22.7 per cent. of the children having education in the age group of 7 to 18 years. Sir, it is true that since 1947, since we attained independence, schools are being provided in every tea plantation, but sixteen years of schooling has made no progress, and, as I have submitted, Sir, that the percentage of children having primary education in the tea plantation does not exceed more than 20 per cent. in all cases. The tea plantation schools are supervised by the District School Boards both in Jalpaiguri and in Darjeeling. These District School Boards have got no locus standi in the plantations. Still so much depends on the charity, on the goodwill of the employers who

are averse, apathetic and unconcerned to the idea of the workers' children getting education. In the particular circumstances—in the context of the Government's commitment to introduce universal free and compulsory primary education in the whole of the State, in the context of these people belonging to the Scheduled Tribe and other backward classes of community and Government's constitutional obligation and responsibility to work for the welfare of these people, in the context of this industry which is one of the major industries in the State and the necessity of industrial peace and stablity, and above all, in the context of the responsibility of the Government to help these backward classes of people to lead a full and happy life—I would request the Hon'ble Education Minister and the Government to take this situation into their serious consideration and do the needful to improve the position. Thank you, Sir.

Adjournment

The Council was then adjourned at 6-25 p.m. till 3 p.m. on Friday, the 28th February, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Acharyya, Shri Snehangshu Kanta
Banerjee, Dr. Srikumar
Bhattacharyya, Shri Sreepada
Bose, Shri Aurobindo
Chakravarti, Shri Tripurari
Ghose, Shri Kali Charan
Ghosh, Shri Ashutosh
Haldar, Shri Gopal
Khaitan, Shri G. N.
Majumdar, Shri Rajendranath
Mondal, Shri Dhajadhari
Mukherjee, Shri Sudhindranath
Prosad, Shri R. S.
Sanyal, Shri Sasanka Sekhar
Sen Gupta, Shri Dwijendralal
Singha, Shri Biman Behari Lall.

COUNCIL DEBATES

Friday, the 28th February, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 28th February, 1964, at 3 p.m. being the Thirteenth Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[3—3-10 p.m.]

Shri Mohitosh Rai Chaudhuri : Sir, before the proceedings begin may I make one request to you. Soon after the opening of this Chamber it was settled as a result of deep deliberation on the part of our able and amiable Whip, Mr. Jagannath Kolay, that this House will sit at half-past one and the Lower House at 12 O'clock. This practice has been followed all along, but all on a sudden we find the time is being altered, which is very disadvantageous to all of us, particularly, as at that time after the question hour press does not generally care to remain here for long after 4 O'clock. Therefore, nothing except things which are sensational—and much sensation is created by our friend Shri Jatin Chakravorty and others nothing except these things are reported. That is a very important matter. Of course, you cannot blame the press people. You cannot ask them to remain all along. Therefore, I would request you to see that the old time is kept and ask our Whip so that we can go back to the old timing.

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁর যা বক্তব্য তা আমরা সর্বান্তকরণে সমর্থন করি, এই জন্য যে, আমাদের বড়ই অসুবিধা হয় ৬টা/৬।।টা পর্যন্ত থাকতে হলে। এবং এটা খুব গোলমালের ব্যাপার কারণ উনি যে কথা বলেছেন যে এটা সত্যিকথা যে সাংবাদিকরা গিয়েছিলেন আমাদের মুখ্যমন্ত্রীর কাছে এবং চীফ হুইপের কাছে। আমরা চাই অন্ততঃ সেই ভাবে হউক। ওখানে যদি ১২ টায় হয় তাহলে এখানে ১।।টায় যেমন ছিল সেইভাবে হউক তাতে আমরা অনেক সময় পাই আমাদের বক্তৃতা দেবার।

Shri Biswanath Mukherjee :

আমি যতদুর জানি ঐ হাউস বিরোধী দলের সঙ্গে বসে ঠিক করেছেন যে একটায় বসবে তাহে আমাদের এখানে ১।। ঘণ্টা পরে অর্থাৎ ২।।টার সময় বসতে হয় তাহলে আবার রীসেস দিতে হয়। সেই জন্য আমরা ঠিক করেছি যে এই হাউস তিনটায় বসবে।

Mr. Chairman : Many members have come to me and have expressed their uneasiness about the present timings. Some of them even have suggested, let us go back to the old timetable in the morning. Of course, I know there are certain difficulties either way, but if general consensus of opinion of the members of this House is that we should begin at half-past one, I think we should revert to that and some accommodation must be made with regard to the work of the other House.

Shri Mohitosh Rai Choudhuri : Members of the other House may also be requested.

Shri Nirmalya Bagchi: It is better that we should sit at half-past two so that we can attend to our other business.

Shri Rabindralal Sinha :

পরিষদপাল মহাশয়, কোয়েশ্চেন আওয়ারের আগে কি এইরকম ডিসকাসান হবে? তবে আপনি যখন সম্মতি দিয়েছেন তখন হবে। আমি এইটুকু বলতে চাই সকলের সুবিধামত সময় হয় না। কেউ চাকরি করবেন, কেউ মাস্টারী করবেন আর অবসর সময়ে জনসেবা করবেন এই জিনিস আজকালকার দিনে চলবে না। আপনি বিবেচনা করে যে সময়টা সুবিধা হয় সেটা করুন।

Mr. Chairman : I must do it in consultation with the Minister of Parliamentary Affairs and other Ministers also. I wish to speak to them and will let you know the result.

Shri Syed Shahedullah :

সভাপতি মহাশয়, রবীন বাবু যেটা বললেন, তাঁর ধারণা যদি এটা হয় যে ওয়ার্কিং ক্লাসের কোন জনসেবা করবার অধিকার নেই তাহলে আমার আপত্তি আছে।

Mr. Chairman : We will discuss it at the meeting of the Business Advisory Committee.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Waterworks within the Berhampore Municipality

***73. Shri Nagendra Kumar Bhattacharyya :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any scheme under Third Five-Year Plan for repairs and renovation of the waterworks within the Berhampore Municipality; and

(b) if so, when the scheme is likely to be implemented?

The Hon'ble Purabi Mukhopadhayay : (a) Yes. The scheme is under execution.

(b) Very shortly.

Shri Nagendra Kumar Bhattacharyya : Will the Hon'ble Minister be pleased to state when the implementation will be commenced?

The Hon'ble Purabi Mukhopadhayay: The real position of the whole thing is this. There is one interim scheme which has been executed at a cost of Rs. 1 lakh 76 thousand and 8 hundred and there is another comprehensive scheme which would cost nearabout Rs. 12 lakhs 50 thousand. We are not going to tackle the comprehensive scheme at the moment. We have already taken up the interim programme which will be integrated with the comprehensive programme in the fourth plan period because under the third plan we do not have any money to take up Berhampore Water Supply Scheme.

Shri Nagendra Kumar Bhattacharyya : Will the Hon'ble Minister be pleased to state whether late Dr. B. C. Roy was pleased to make a statement on the floor of the House that the question of renovation and repairs of the waterworks within the Berhampore Municipality will be taken up?

The Hon'ble Purabi Mukhopadhayay : Yes. That is the interim scheme which we are already executing at a cost of Rs. 1 lakh 76 thousand and 8 hundred. But apart from this interim scheme we have a definite comprehensive scheme at a cost of Rs. 12 lakhs 50 thousand for the betterment, for the improvement of water-supply in Berhampore town. Because of the renovation we have already sanctioned Rs. 1 lakh 76 thousand and 8 hundred and that scheme is in progress. We are already executing the scheme.

Shri Nagendra Kumar Bhattacharyya : Will the Hon'ble Minister be pleased to state whether the comprehensive scheme was placed before the Government in 1948 ?

The Hon'ble Purabi Mukhopadhayay : No. The scheme was placed in the year 1962 only.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১ লক্ষ ৭৬ হাজার ৮ শত টাকার একটা অন্তর্বর্তীকালীন পরিকল্পনা ওয়াটার সাপ্লাই এর জন্য ওঁরা টেকেন আপ করেছেন। আমার জিজ্ঞাস্য এটার কাজ কতদূর অগ্রসর হয়েছে ?

Shri Hon'ble Purabi Mukhopadhayay :

নভেম্বর, ১৯৬১ সালে এই স্কীম এ্যাপ্রুভড করা হয়েছে এবং চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং তাঁকে এই স্কীমটাকে টেকেন আপ করে কাজ করতে বলা হয়েছে। তিনি সমস্ত কাজ সুরু করে দিয়েছেন। আশা করা যাচ্ছে আগামী কয়েক মাসের মধ্যে এটা শেষ হতে পারবে। এটা হচ্ছে রেনোভেসান স্কীম।

New pay-scales for clerks and employees of Secondary Schools

***74. Shri Santosh Kumar Bhattacharyya :** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether Government has been able to disburse the amounts of money due to all clerks and class IV employees of secondary schools in the State according to new pay-scales with retrospective effect from the 1st April, 1961; and

(b) if not, the reasons thereof?

[3-10—3-20 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) and (b). It was not the function of the Department to disburse the amount due to these employees of the Secondary Schools. Government orders regarding revision of pay scales for clerks and Class IV employees of aided High Schools were however communicated to the Board of Secondary Education, West Bengal, in October, 1963. The Board was also authorised to proceed with the implementation of the scheme for aided non-Government Secondary Schools. The Board could not calculate and fix the pay of the employees in the revised pay scales with retrospective effect and pay the difference to them. Now that the new West Bengal Board of Secondary Education has come into being, steps are being taken by the Education Directorate for making payment to the clerks and Class IV employees of non-Government aided High Schools according to the revised pay scales as early as possible after fixation of their pay in the revised pay scales.

Shri Santosh Kumar Bhattacharyya:

মন্ত্রী মহাশয় বল্লেন যে আগেকার যে বোর্ড তাকে ক্যালকুলেসন করার জন্য অক্টোবর মাসে বলেছিলেন—আমার প্রশ্ন হচ্ছে, এই নূতন পে স্কেল এটা কবে ওঁরা করেছিলেন সেটা জানাবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Cho dhuri:

আমরা অর্ডার দিয়েছিলাম নূতন পে-স্কেল সম্বন্ধে ১৫ই অক্টোবর ১৯৬৩ সালে, উইথ রেট্রস্পেক্টিভ এফেক্ট ফ্রম ফার্স্ট এপ্রিল ১৯৬১ দেবার আদেশ দেওয়া হইয়াছিল।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার প্রশ্নটা উনি ধরতে পারেননি—এই নূতন পেস্কেলটা অ্যাকচুয়ালী কবে ঘোষণা করেছিলেন ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

অ্যানাউন্সমেণ্টের কোয়েশ্চে তো অ্যারাইজ করে না। অ্যানাউন্সমেণ্ট তো নয়, আমরা অর্ডার দিয়াছিলাম বোর্ডকে, বোর্ডের দেবার কথা, বোর্ড পেমেণ্ট করবেন—বোর্ডকে অর্ডার দেওয়া হয় যে আপনারা নূতন পে-স্কেল অনুসারে ১লা এপ্রিল ১৯৬১ থেকে পে ক্যালকুলেট করে ওঁদের দিয়ে দেবেন য়্যাকর্ডিং টু দি নিউ স্কেল।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমি জিজ্ঞাসা করছি কোন্ তারিখে এই নূতন পেস্কেল ঘোষণা করা হয়েছিল ?

(No reply.)

Shri Satya Priya Roy:

এটা কি জুলাই মাসে ঘোষণা করা হয়নি বিধান পরিষদে যে নূতন পে-স্কেল দেয়া হবে ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

বিধান পরিষদে কোন ঘোষণা করার তো তারিখ সাব্যস্ত বা নোটিফিকেসানে করার কথা নয়। আমাদের departmental order was communicated to the Board by a letter

Shri Satya Priya Roy:

১৫ই অক্টোবর ওটা কি পূজোর আগে নয় ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি ঠিক ওটা বলতে পারছি না।

Shri Satya Priya Roy:

শিক্ষামন্ত্রী বলবেন কি যে বোর্ডকে ১৫ই ডিসেম্বরের মধ্যে কাজ গুটিয়ে ফেলবার নির্দেশ দেয়া হয়েছিল কিনা ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

এই অর্ডার ইমপ্লিমেণ্ট করে পে দিতে বলা হয়েছিল, ডিসেম্বরের মধ্যে কি সেপ্টেম্বরের মধ্যে তা তো নয়। তারা পে ক্যালকুলেট করবেন, বুঝে দেখুন ৩ বছর আগের থেকে স্কেলে ফিক্স্ করবেন প্রত্যেক ইণ্ডিভিজুয়ালের---প্রত্যেক ইণ্ডিভিজুয়ালকে তাঁর কি হবে, ক্যালকুলেট করে, পে নূতন স্কেলএ ফিকস করে পেমেণ্ট করতে হবে। বোর্ড সেটা করতে পারেননি যতক্ষণ পর্যন্ত আগেকার বোর্ড ছিল।

Shri Satya Priya Roy:

তখন তো যথেষ্ট সময় ছিল না—আমার প্রশ্ন হচ্ছে ডিরেক্টরেট কেন অক্টোবর থেকে নিজেরা হাতে নেন নি ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

তা তো নিতে পারেন না, তখন পেমেণ্টের সমস্ত ভার য়্যাকডিং টু দি এ্যাক্ট বোর্ডের হাতে ছিল।

Shri Satya Priya Roy:

ক্যালকুলেসনের ভারটা কি ডিরেক্টরেট নিতে পারতেন না?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

বোর্ড সকল বিষয়ে জানেন, টিচারস, নন-টিচার্স সকলের সম্বন্ধে কাজেই এই সমস্ত ক্যালকুলেসন্ করে দেবার ভার বোর্ডের ছিল, ডিরেক্টরেটের ভার ছিল না।

Shri Satya Priya Roy:

অধঃস্তন কর্মচারীদের ৪৫ টাকা নূন্যতম বেতন ধার্য করা হয়েছে—এতে সরকারের কতটাকা বেশী খরচ হবে সেটা শিক্ষা মন্ত্রী বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি একজ্যাক্ট অ্যামাউণ্টটা বলতে পারবো না।

Shri Satya Priya Roy:

এই যে স্কেল এটা যে আজকে একজন মানুষের পক্ষে যথেষ্ট নয় ৪৫ থেকে ৬০ টাকা এটা সম্পকে মন্ত্রীমহাশয় তার বক্তব্য বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri: That is a question of opinion.

Shri Satya Priya Roy:

এটা রিভিসন করার জন্য তাঁদের পক্ষ থেকে যে দাবী উঠেছে এবং আমাদের শিক্ষক সমিতির পক্ষ থেকে যে দাবী উঠেছে সেটা মন্ত্রীমহাশয় জানেন তো?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

কোন পে রিভিসন করার আগেও দাবী উঠে, পরেও দাবী উঠে।

Shri Jatin Chakravorty:

কলকাতার সরকারের অধস্তন, ক্লাস ফোর্থ, কর্মচারীরা কত মাইনে পান তা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

না। ঠিক জানি না।

Shri Satya Priya Roy:

রাজ্য সরকারের অধস্তন কর্মচারীরা কত বেতন পান, জানেন?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

না। ঠিক জানি না।

Shri Narendra Nath Das:

আপনার দপ্তরের পিয়নরা কত টাকা বেতন পায়, জানেন?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

ঠিক জানি না।

Shri Satya Priya Roy:

এদের স্কেল রিভিসন সম্বন্ধে পুনর্বিবেচনা করার কি কোন পরিকল্পনা নেই।

The Hon'ble Rai Harendra Nath Choudhury :

আমরা যে স্কেল ঠিক করেছি, সেটা ফাইন্যানস ডিপার্টমেণ্টের সঙ্গে পরামর্শ করে তাদের অ্যাপ্রুভ্যাল নিয়ে করা হয়েছে। কাজেই যে স্কিমটা সম্বন্ধে অর্ডার পাশ হয়েছে মাত্র কয়েকমাস আগে, সেটা আবার রিভিসন করবার কোন পরিকল্পনা নেই, এবং বাজেটেও এরূপ ব্যবস্থাও নেই।

Shri Satya Priya Roy:

ডাঃ বিধান চন্দ্র রায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, যে সমস্ত অধস্তন কর্মচারীদের সমান বেতন দেওয়া হবে, সেটা শিক্ষা মন্ত্রী মহাশয় করবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

ডাঃ রায় যে প্রতিশ্রুতি দিয়ে ছিলেন, ঠিক সেই প্রতিশ্রুতি অনুসারেই ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এই অর্ডার পাশ করেছেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বললেন এমন কি তিনি নিজেও জানেননা যে এডুকেশন ডিপার্টমেণ্টের অধস্তন কর্মচারীরা অর্থাৎ ক্লাস ফোর এমপ্লয়ীরা কত বেতন পান। তার ডিপার্টমেণ্ট সম্বন্ধে তিনি কিছুই জানেন না, it is strange something.

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

আমি প্রথম জিজ্ঞাসা করছি—Sir, can that question arise out of this question?

Mr. Chairman: I don't think so.

Shri Rabindralal Sinha: On a point of order, Sir. This is a question about the disbursement of new pay scales already declared and not about the pay scales. So the question about the scales and revision of scales cannot arise out of this.

Mr. Chairman: Yes, we are straying away from the question.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয় যে কথাটা বললেন, সেটা খুব পরিষ্কার হল না। যে ছিটেফোঁটা দিয়েছেন, তাঁতে কিছুই সুবিধা হয়নি। আমার প্রশ্নটা হচ্ছে উনি বললেন য়্যাজ আলি য়্যাজ পসেবল, উনি আরও বললেন যে এখন ক্যালকুলেশন ডাইরেক্টরেট থেকে করা হচ্ছে, সময় লাগবে। তবে অ্যাজ আলি অ্যাজ পসেবেল দেওয়া হবে। এই অ্যাজ আলি অ্যাজ পসেবল মানে কি? একটা স্পেসিফিক টাইম কয় মাস বলতে পারেন?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

না। আমি বলতে পারবো না, পারা সম্ভব নয়।

Shri Santosh Kumar Bhattacharyya:

গত বছর পূজার পূর্বে শিক্ষা বিভাগের রাষ্ট্রমন্ত্রী তিনি এই হাউসে দাঁড়িয়ে এই প্রতিশ্রুতিত দিয়েছিলেন যে পূজার পূর্বে ঐ সকল অধস্তন কর্মচারী এবং করণিক, যারা সামান্যতম বেতন পায়, তাদের মাহিনা বা বকেয়া বেতন পাবেন। এই প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন, এটা আপনি কি জানেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

তিনি কি প্রতিশ্রুতি দিয়েছিলেন জানি না। যদি তা দিয়ে থাকেন, কেমন করে দিলেন বুঝতে পারছি না। এ বিষয়ে অনেক হিসাব করবার রয়েছে। বহু স্কুলের বহু কর্মচারীর বেতনের হিসাব অনেকদিন আগে থেকে করতে হবে। কি স্কেলে তারা বেতন পাবেন, তিন বছর আগে ১লা এপ্রিল থেকে তা ক্যালকুলেট করে বেতন দিতে পেমেণ্ট করতে হবে। সৌরেন্দ্র মোহন মিশ্র মহাশয় কি করে বলেছেন যে পূজার আগে তাদের বকেয়া বেতন দেওয়া হয়ে যাবে তা আমি জানি না।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার আর একটা প্রশ্ন আছে। উনি ত পরিষ্কার করে বললেন যে টাইম-ফাইম দিতে পারবেন না,—আমার প্রশ্ন হচ্ছে তাদের ঐ তিন বছরের বকেয়া বেতন, তারা আদৌ পাবেন কিনা? সেটাতেও আমাদেব সন্দেহ হচ্ছে।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

নিশ্চয় পাবেন। কাবণ, গভর্নমেণ্ট অর্ডার দেওয়া হয়ে গিয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমাব প্রশ্ন হচ্ছে—ওঁরা স্বীকার করেছেন যে, শিক্ষকদের ফাইন্যাল গ্রাণ্ট এর টাকা এডেড স্কুলে পাঠাতে পারেননি, সেই জন্য ওঁরা একটা সিদ্ধান্ত করেছেন সম্প্রতি যে এডুকেসন ডাইরেক্টরেট থেকে এ্যাডহক বেসিসে একটা টাকা পাঠাবেন। এই সমস্ত কবণিক এবং হতভাগ্য ক্লাস ফোর এমপ্লয়িজ যারা কয়েক বছর ধরে তাদের বেতনের টাকা পাননি, তাদের অন্ততঃপক্ষে আগামী মার্চ মাসের মধ্যে, এপ্রিল থেকে পেণ্ডিং ক্যালকুলেসন করে য়্যাড-হক বেসিস-এ একটা টাকা দেবেন কিনা? কারণ, দেখা যাচ্ছে সমস্ত ক্যালকুলেসন কবে শেষ হবে, তা ঠিক নেই, তার উপর নির্ভর করলে হবে না।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

মার্চ মাসের মধ্যে কোনমতেই সকলেব প্রাপ্য মিটিয়ে দেওয়া সম্ভব নয়।

[3-20—3-30 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya:

তাহলে স্যার, আমাদের বুঝতে হচ্ছে শিক্ষা মন্ত্রী মহাশয় এই যে ৪৫ টাকা মাহিনা পায় অধস্তন কর্মচারীরা আর ৮০ টাকা মাহিনা কেরাণীরা এদের জন্য কিছুই করতে প্রস্তুত নন।

Shri Rabindralal Sinha :

স্যার, এটা কি একটা প্রশ্ন হল?

Shri Satya Priya Roy:

আমার প্রশ্ন হচ্ছে এটা ক্যালকুলেসন করবার জন্য ডাইরেক্টরেট থেকে কি নূতন লোক নিয়ে এসে সে ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

সত্যপ্রিয়বাবু জানেন কিনা জানি না, বোর্ডে যে সমস্ত কর্মচারী আছে তার মধ্যে কতক ডাইরেক্টরেট-এ নেওয়া হচ্ছে আর কতক অন্যত্র নেবার ব্যবস্থা করা হচ্ছে—কাজেই

ডাইরেক্টরেটএ লোক পাওয়া যাবে, যারা বোর্ডেই আছেন তাদের কতকগুলিকে ডাইরেক্টরেট-এ নিয়ে আসা হবে।

Shri Jatin Chakravorty:

এদের সংখ্যাটা কত, তাহলে আমরা বুঝতে পারি যে ১৯৬১ থেকে যেটা পড়ে আছে, এদের সংখ্যা কত যে ক্যালকুলেসন করতে এত দীর্ঘ সময় লাগছে?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

কর্মচারীদের সংখ্যা কত তা আমি ঠিক এখন বলতে পারব না।

Shri Satya Priya Roy:

বোর্ডের থেকে যাদের আনবেন তাদের কি ইতিমধ্যে নির্দেশ দেওয়া হয়েছে ডাইরেক্টরেট-এ এসে কাজ করবার জন্য?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

ইতিমধ্যে এ বিষয়ে বোর্ডকে ডাইরেকশন দেওয়া হয়েছে কিনা তা ঠিক বলতে পারবো না।

Shri Satya Priya Roy:

বোর্ডের কিছু কর্মচারীকে নিয়া আসা হবে ডাইরেক্টরেট-এ, আমি জিজ্ঞাসা করছি কাদের নিয়ে আসা হবে সে সম্পর্কে নির্দেশ গেছে কি না?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

গভর্নমেণ্ট থেকে ডাইরেক্টরেট-এ সে অর্ডার গেছে।

Homoeopathic College and Hospital

***75. Shri Nagendra Kumar Bhattacharyya :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government intend to establish any Homoeopathic College and Hospital in the near future : and

(b) if not, reasons therefor?

The Hon'ble Purabi Mukhopadhyay : (a) and (b) The question will be given due consideration in consultation with the Council to be constituted under Homoeopathic System of Medicine Act, 1963.

Shri Nagendra Kumar Bhattacharyya : Will the Hon'ble Minister be pleased to state whether there is any scheme before the West Bengal Government to establish a Homoeopathic College and Hospital in the near future?

The Hon'ble Purabi Mukhopadhyay: I will respectfully draw the attention of the honourable member to the provision under section 18(1) in which it is clearly stated—"with the approval of the State Government to establish institutions teaching the Homoeopathic system of medicine and to grant or refuse affiliation." So, it is entirely in the hands of the Board which will be constituted under the Act. They will decide whether any institution either teaching or professional will be established under the Act. It is too premature now for me to say that it will be established.

Shri Satya Priya Roy Has the Board been established?

The Hon'ble Purabi Mukhopadhyay : Rules have been sent to the Finance Department and the Legislative Department. They are reviewing the wholething After they vet, the rules will be published in the Gazette and placed before the Assembly. Then it will be established.

Shri Nagendra Kumar Bhattacharyya : Will the Hon'ble Minister be pleased to state whether the rules will be placed on the table of the Council ?

The Hon'ble Purabi Mukhopadhyay : If it is provided under the Act

Shri Monoranjan Sen Gupta : More than ten days back I put in question No. 13 but the answer has not yet been given

Mr. Chairman : I think answer has already been given but I will look into it. Probably the reply has not been received from the Government.

Calling attention to matters of urgent public importance

Mr. Chairman : Attention was drawn by Shri Jatin Chakravarty on 25th February 1964 to the strike resorted to by the conservancy workers of the Howrah Municipality.

The Minister concerned may please make the statement, if he is ready.

Shri Jatin Chakravorty:

স্যার, হাওড়ায় কি কাণ্ড হচ্ছে সেটা আপনি এবং সকলেই জানেন। হাওড়ায় নরক কুণ্ড হচ্ছে। লেবার মিনিস্টারকে দিয়ে সেটারও মীমাংসা করান হচ্ছে না। রবীন্দ্র লাল সিংহ মহাশয় আছেন, আপনি বলুন কি অবস্থা আপনাদের ওখানে হয়েছে।

Shri Rabindralal Sinha:

কনজারভেন্সি স্ট্রাইক হওয়ার ফলে কিছুটা নিশ্চয়ই অসুবিধা হয়েছে। তবে নরকের বাসিন্দা আমরা নই। যারা নরকের বাসিন্দা তারা নরক কুণ্ড ভাল দেখেন।

Shri Jatin Chakravorty:

আপনি চৌরঙ্গীর স্বর্গ রাজ্যের মহান অতিথি। কিন্তু যারা ওখানে আছে তারা দেখেন নরক কুণ্ড। আপনি তো নরকের ক্রিমি কীট নন।

Mr. Chairman: The Minister concerned is not present here.

Now, I have before me two notices of calling attention on the subjects of:

(1) alleged continuous smuggling of certain valuable commodities from Shri Monoranjan Sen Gupta; and

(2) retention of Pakistani nationals in the Calcutta Port from Shri Jatin Chakravorty.

Honourable members may please read the motions.

Shri Monoranjan Sen Gupta: Sir, my motion runs thus:

"A serious situation has developed in the unprotected border areas from Puranda pur under Gaighata P. S. to Gunarajpur under Swarupnagar P. S. in the distri of 24-Parganas due to undisturbed continuous smuggling of certain valuable comm dities from West Bengal to East Pakistan to the detriment of economic interest the people of West Bengal as published in the columns of the Ananda Bazar Patrik dated 26th February 1964."

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: A statement may be made earl next week by Tuesday.

Shri Jatin Chakravorty : Sir, my motion runs thus:

"The Union Home Minister, Shri Gulzarilal Nanda had made an announcemer on the floor of the Parliament recently during the current session that the Pakista nationals employed in the Calcutta Port have tendered their resignations recentl and these have been accepted. A dangerous move is reported to have been mad by some of the officials of the Shramik Union with the help of some Anglo India officials of the Port to persuade the Union Transport Minister Shri Rajbahadu during his visit to Calcutta on Sunday, the lst March 1964, to reinstate 1,000 Paki tani nationals since resigned. They have also met the Union Transport Minist recently at Delhi. This step, if materialised, will be against the interest of th State of West Bengal and pre-judicial to the interest of the Bengali boys trained unde the Inland Water Transport Training Scheme.

"The Port Authorities, including the Chairman, are very much perturbed an deeply concerned about such move.

"The Chief Minister is requested to make a statement assuring and enquirin into the matter and also to forestall this anti-national move or any other step t meet the situation."

স্যার, আমি কালকে দিল্লী থেকে ট্রাঙ্ক বল পেয়েছি এই রকম তাঁরা দেখা করেছিলেন এবং আজকে বাঙ্গালী ছেলেরা আমার কাছে এসেছে। আপনি জানেন পাকিস্তানী ন্যাশনাল ব্ল্যাকমেল করেছে, তারা রেজিগনেসানস্ সাবমিট করেছিলেন, তা এ্যাকসেপটেড হয়েছে, সেই আপদ বিদায় হয়েছে। সেই আপদকে আবার কেন রাখা হয়েছে? এ সম্বন্ধে চীফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Is it a question which can be answered by the State Government?

Mr. Chairman : I do not know but the Minister should consult and let us know.

[3-30—3-40 p.m.]

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, the whole question comes within the purview of the State Government and it is a matter to be decided by you.

Mr. Chairman : This certainly refers to the local condition and as such it can be raised in the House. I think the Minister has taken note of it.

There is a calling attention notice regarding the strike of the conservancy workers of the Howrah Municipality—notice given by Shri Jatin Cha Chakravorty. The Minister can make a statement if he has come prepared.

The Hon'ble S. M. Fazlur Rahman : Sir, I beg to state as follows: The general Secretary of the Howrah Municipal Employees Association served a strike notice on the 23rd December upon the Chairman of the Howrah Municipality on certain economic demands and other grievances of the workers, such as revision of wages, and dearness allowance, house-rent allowance etc. and uniform leave facilities to all categories of workers. Similar demands were also received from the Howrah Poura Karmachari Panchayat.

The matter was taken up by the Labour Directorate of the State Government and the unions were requested not to resort to any strike. On the 10th January last the Deputy Labour Commissioner met the parties and held discussions. On the 16th January another meeting was held at which the parties were advised to hold talks at bipartite level with a view to exploring possibilities of arriving at a settlement within a reasonable period.

Both the unions in their letter, dated 17th January 1964, deferred the strike in view of the communal trouble then prevailing. The Howrah Municipal Employees Association, however, it its letter, dated 7th February 1964, gave a notice of strike to start after 14 days. On the 17th February last the Dputy Labour Commissioner again met the parties and requested the unions not to proceed on strike. As no response was received from the unions the matter was discussed with the district and municipal authorities and the unions were requested by the Conciliation Officer on 21st February 1964 to say that the workers do not resort to strike as the matter was under consideration and a further meeting for discussion had been convened and as such the strike would be in contravention of the Industrial Disputes Act. Inspite of these workers resorted to strike from the 22nd February last and the General Secretary, West Bengal Municipal Employees Federation to which the Howrah Municipal Employees Association is affiliated was contacted and the matter was discussed with him on the 24th and 25th February. At this meeting it was agreed by the General Secretary that the strike would be called off from the 26th instant on the assurance of the municipal authorities to hold bi-partite discussion with Shri Ardhendu Basu, as General Secretary of the Howrah Municipal Employees Association.

Inspite of the above assurance the said Employees Association have not called off the strike and the workers have not resumed their normal work.

The Labour Minister himself held a discussion with the parties on the 26th instant and advised the union to call off the strike immediately and gave an assurance that the grievances of the employees would be looked into as soon as the strike was withdrawn. But the union did not agree to withdraw the strike even on such assurance and demanded immediate redress on the three points first before they would consider the question of withdrawing the strike. These are—

(1) withdrawal of suspension and charge-sheets on five workers including Shri Ardhendu Bose, General Secretary;

(2) payment of overtime allowance for clearance of accumulated garbage during the strike period; and

(3) increase of house-rent allowance and dearness allowance.

It may be mentioned in this connection that the suspension and the charge-sheets are for misconduct and for maintenance of discipline which have no connection with the strike notice. The municipal authorities are making arrangements for clearance of the garbage by alternative means. Government have also advised the district and municipal authorities to make immediate alternative arrangements to

remove the inconvenience of the public as far as possbile. The situation is bein carefully watched by the Labour Directorate as well as by Government's loc officers.

Ruling of Mr. Chairman

Mr. Chairman: Yesterday Shri Jatin Chakravorty requested me to refer particular matter to the Committee of Privileges. In that connection I would li to make the following statement.

On the 27th February, 1964, Shri Jatin Chakravorty raised a question of privile allegin g that the Hon'ble Chief Minister furnished an incorrect reply to his starr question No. 36 on the 17th February, 1964, relating to the alleged molestatic of a giraand a woman at village Koyagram, Gaighata P. S., district 24-Pargana Shri Chl kravorty raised the question ten days after the said reply was give He has simply mentioned that the reply is untrue, and thus the privilege of t House has been infringed. It has appeared to me to be a statement against a stat ment. I may observe here that in such cases neither the House nor the Committ of Privileges can function as a court of law going behind the statement of honourab membersand making shifting enquiries.

In this connection I may observe that on a similar question of privilege on supposed mis-statement of fact in reply to a supplementary question on starr question No. 115 answered on the 19th August, 1963, I gave a ruli on the 26th August, 1963. I reiterate what I observed on that occasion.

"In the British House of Commons there is no precedent for raising a point privilege on inaccuracies of replies to questions. In the Centre, there are two prec dents, one happening on the 23rd March, 1951 when Shri Mavalankar was in t Chair and the other on 13th February, 1958, when Shri Anantasayanam Ayyang was the Speaker. On both these occasions, the notices of privilege were n admitted. A procedure was laid down that in such cases, the member concern would draw the attention of the chair by a separate communication, and the Cha would call upon the Minister to explain. If the Minister concerned accepts t statement of the member, he would naturally come to the House and make a stat ment correcting his earlier statement.

"Accordingly, consent to raise this present matter as one of privilege is refused

The principle of the above ruling applies in this case also, and as such I do n think it is a fit case for reference to the Committee of Privilege.

General Discussion on the Budget for 1964-65

[3-40—3-50 p. m.].

Shri Nirmalya Bagchi:

মাননীয় সভাপতি মহাশয়, এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষ করছি ২৬এ ফেব্রুয়ারী তারিখে স্টেটসম্যান পত্রিকায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ে ক্যালকাটা রোটারী ক্লাব এর প্রদত্ত একটা বক্তৃতার সারাংশ প্রকাশিত হয়েছে তার প্রতি। সে বক্তৃতাতে তিনি দাবী করেছেন

"Enormous rise in State income এবার তিনি বলছেন West Bengal's income ro from 725 crores in 1951-52 to 1,007 crores in 1959-60, while maintaining the sam price level."

যে বক্তব্য তিনি বলেছেন তার সাথে আমাদের সম্মুখে যে ইকনমিক রিভিউ তিনি পেশ করেছেন তার কোন সম্পর্ক নেই। তিনি রোটারী ক্লাবে বলছেন, ১৯৫১-৫২ সালে ৭২৫ কোটি টাকা এবং ১৯৫৯-৬০ সালে ১,০৬০ কোটি টাকা বৃদ্ধির যে দাবী করেছেন সেই ১,০৬০ কোটি টাকা হচ্ছে সেই ১৯৫১-৫২ সালে মূল্যমানের হার অনুসারে। অথচ তিনি পুস্তিকায় বলছেন ১৯৫৯-৬০ সালের মূল্যমান অনুসারে ১,০৬০ কোটি টাকাই বৃদ্ধি পেয়েছে কিন্তু ১৯৫১-৫২ সালের মূল্যমান যদি হিসাব করা যায় তাহলে ১৯৫৯-৬০ সালে রাজস্ব বৃদ্ধি পেয়েছে ৯৭০ কোটি টাকা এই সম্পর্কে হয় তিনি এই পরিষদের সম্মুখে সঠিক বক্তব্য পেশ করুন আর যদি খবরের কাগজ তার বক্তব্যকে ভুল পরিবেশন করে থাকে সেই বক্তব্যকে তিনি সংশোধনের দাবি করে পাঠান। আমি দীর্ঘ সময় তার এই বক্তৃতা এবং তিনি ইকনমিক রিভিউতে যা তিনি পেশ করেছেন সেটা যত্ন সহকারে পাঠ করেছি। এবং পড়তে পড়তে আমার সেই য়্যালিস ইন ওয়ান্ডারল্যান্ড-এর কথা মনে পড়ছিল। য়্যালিস বলেছিল স্যার, আপনি জানেন।

In our Country you would generally get to somewhere else if you run very fast.''

দৌড়ালে পরে একজায়গায় থাকা যায় য়্যালিস বলছে আমাদের দেশে। রেড কুইন আশ্চর্য হয়ে বলছেন

A slow sort of a Country. Now, here you see, it takes all the running you can do to keep in the same place.''

অর্থাৎ উর্ধ্বশ্বাসে যতই দৌড়াও না কেন যতই চেষ্টা কর না কেন সেই একজায়গাতে দাঁড়িয়ে থাকতে হবে। এবং সমস্ত বাজেট সমস্ত পরিকল্পনার শেষে এই রেড কুইন যে কথাটা বলেছিল সেই গোড়ার কথায় আমাদের আসতে হয়। শিল্প সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমতঃ আমাদের অর্থমন্ত্রী খুব বড়াই করেছেন যে পশ্চিমবঙ্গে শিল্পের একটা বিরাট উন্নতি হয়েছে এবং সেখানে শ্রমিকদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ এবং বোম্বাই মহারাষ্ট্রের যদি একটা শ্রমিক সংখ্যার তুলনা করেন তাহলে দেখতে পাবেন ১৯২১ সাল থেকে ১৯৬০ সালের মধ্যে শ্রমিক সংখ্যা পশ্চিমবঙ্গে বেড়ে দাঁড়িয়েছে ৫·১৬ লক্ষ থেকে ৭·২৩ লক্ষ। অর্থাৎ শতকরা ৪০ ভাগ বৃদ্ধি পেয়েছে। এবং সেখানে মহারাষ্ট্র, বোম্বাই সমেত সেখানে ১৯২১ সালে ছিল ৩·৭২ লক্ষ সেটা ১৯৬১ সালে বেড়ে দাঁড়িয়েছে ১১·৩০ লক্ষ। অর্থাৎ বোম্বাইতে শতকরা ২০০ ভাগের বেশী সেখানে শ্রমিক সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এবং পশ্চিমবঙ্গে সেখানে ৪০ বছরে শতকরা ৪০ ভাগের বেশী বৃদ্ধি হয়নি। আজকে একথা আমরা স্বীকার করি যে ভারত ইউনিয়নে বহু রাষ্ট্র রয়েছে যেখানে শিল্পে সুষম বিকাশ হয়নি এবং বহু পশ্চাৎপদ রাজ্য রয়েছে। এবং সেই পশ্চাৎপদ রাজ্যগুলি যাতে এগিয়ে যেতে পারে সেটাই হচ্ছে আমাদের লক্ষ। কিন্তু শিল্প বিকাশের দ্বারা এটা হতে পারে না যে ৪০ বছর আগে যে পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে সমগ্র ভারতবর্ষকে নেতৃত্ব দান করতো আজ ৪০ বছর পরে সেই দেশ পিছিয়ে পড়বে। আমাদের অর্থমন্ত্রী তার ইকনমিক রিভিউর ২২ পাতায় খুব গর্ব সহকারে বলেছেন যে ৫৫ সাল থেকে ৬২ সাল পর্যন্ত শ্রমিকদের সংখ্যা শতকরা ২২ ভাগ বৃদ্ধি পেয়েছে। এটা আংশিকভাবে সত্য কিন্তু পুরা সত্য নয়। ৫৫ সাল থেকে ৬২ সালের মধ্যে একথা ঠিক যে ১·২৭ লক্ষ শ্রমিকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। কিন্তু ১৯৪৮ সাল থেকে ৫৪ সাল পর্যন্ত শ্রমিকের সংখ্যা হ্রাস পেয়েছে ৫৩ হাজার। এবং ৪৮ সাল থেকে ৬২ সাল পর্যন্ত এই ১৪ বছরে শ্রমিক সংখ্যার বৃদ্ধির হিসাব যদি গ্রহণ করেন তাহলে দেখতে পাবেন যে এই সংখ্যার মধ্যে ১ লক্ষ ২৭ হাজার থেকে যদি ৫৩ হাজার বাদ দেওয়া যায় তাহলে সত্যিকারের বর্দ্ধিত সংখ্যা সেটা হচ্ছে ৮৪ হাজার। এবং যদি পরিক হিসাব করেন তাহলে দেখবেন প্রতি বছরে এই পশ্চিমবঙ্গে মাত্র ৬ হাজার শ্রমিক নিয়োগ বৃদ্ধি পেয়েছে। এটা কোন সরকারের পক্ষে কোন রাজ্যের পক্ষে কখনও গৌরবের কারণ হতে পারে না। এবং জনসংখ্যার সাথে শ্রমিকের অনুপাত যদি আপনি হিসাব করেন তাহলে দেখতে পাবেন ১৯৫১ সালে ছিল ভারতবর্ষে ৩৯·১ এবং সেটা ১৯৬১ সালে বেড়ে দাঁড়িয়েছে ৪৩·০। কিন্তু পশ্চিমবঙ্গে শ্রমিকের সংখ্যা জনসংখ্যার অনুপাতে হ্রাস পেয়েছে। যেখানে পশ্চিমবঙ্গে ১৯৫১ সালে ছিল ৩৪·৫, সেটা হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৩৩·২ এবং ইকনমিক রিভিউ-এর মধ্যে স্বীকার করা হয়েছে যে ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলির মধ্যে যদি আনুপাতিক হিসাব করা যায় তাহলে পশ্চিমবঙ্গে সবচেয়ে কম শ্রমিক নিযুক্ত হয়েছে। অথচ

একদিন পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় গর্ব করে বলেছিলেন যে পশ্চিম বঙ্গে লোক নিয়োগের যেটা ক্ষেত্র সেটা হচ্ছে শিল্পের ক্ষেত্র। অথচ আজকে সেই শিল্পের কি পরিস্থিতি দাঁড়াচ্ছে, কিভাবে আমরা পশ্চাদপদ হয়ে যাচ্ছি সেটা আপনি লক্ষ্য করুন। এক একটা করে শিল্পের যদি আমরা হিসাব করি তাহলে দেখতে পাব যে বস্ত্রের ক্ষেত্রে ১৯৬২ সালে যেখানে ১৫৮·৮ মিলিয়ান মিটার উৎপাদন হয়েছিল ১৯৬৩ সালে সেই উৎপাদন হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১৪৩ মিলিয়ান মিটারে এবং পশ্চিমবঙ্গে ৫ হাজার তাঁত অব্যবহৃত হয়ে রয়েছে। চা আমাদের একটা অন্যতম গুরুত্বপূর্ণ শিল্প এবং ফরেন এক্সচেঞ্জ আর্ন করতে আমাদের যথেষ্ট সাহায্য করে। ১৯৬১ সালে যেখানে উৎপাদন হয়েছিল ৮৬ মিলিয়ান কিলোগ্রাম, ১৯৬২ সালে সেটা দাঁড়িয়েছে ৮৪ মিলিয়ান কিলোগ্রাম অর্থাৎ ২ মিলিয়ান কিলোগ্রাম আমাদের চায়ের ক্ষেত্রে ঘাটতি হয়েছে। কয়লা আমাদের পশ্চিমবঙ্গের আর একটি উন্নত শিল্প এবং এই কয়লার ক্ষেত্রে রাষ্ট্রীয় যে অংশ টার্গেট ছিল সেই টার্গেটে আমরা পৌঁছাতে পারিনি। কয়লার চাহিদা আজকে কমে গেছে এবং চাহিদা যে কমে গেছে সেটা এইজন্য নয় যে কয়লার ওয়াগন পাওয়া যাচ্ছে না, কারণ হচ্ছে পশ্চিমবঙ্গে শিল্পে আগের মত আর তেজি মনোভাব নেই। পাওয়ারের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি একটা বিরাট সঙ্কট পশ্চিমবঙ্গে চলছে। প্রায়ই সেখানে লোড সেডিং হচ্ছে এবং এই লোড সেডিং-এর ফলে কতকগুলি শিল্প লাভবান হচ্ছে। কোথায় তার ফলে শিল্পে উৎপাদন হ্রাস হবে, না, মালিক শ্রেণী সেখানে লাভবান হচ্ছে। জুট শিল্পের ক্ষেত্রে যদি বিদ্যুৎ চলা চল থাকত তাহলে অনেক ক্ষেত্রে কারখানা বন্ধ করে দিতে হত, সিফট বন্ধ করে দিতে হত, লে অফের দিকে যেতে হত। কিন্তু এই বিদ্যুৎ উৎপাদনে যে সঙ্কট তাতে তাঁদের এই সমস্যার হাত থেকে রক্ষা করা গেছে। পশ্চিমবঙ্গের আর একটি অন্যতম শিল্প সেটা হচ্ছে ফাউণ্ড্রি ইণ্ডাস্ট্রি। এই ফাউণ্ড্রি ইণ্ডাস্ট্রিজ হাওড়া এবং কলকাতার চারিপাশের ইঞ্জিনীয়ারিং শিল্পকে পরিপুষ্ট করে থাকে। যেখানে তাদের ২·৫ মিলিয়ান টন পিগ আয়রনের প্রয়োজন সেখানে তাদের সরবরাহ করা হয় মাত্র ১ মিলিয়ান টন। এ্যালকোহল পশ্চিমবাংলায় দুষ্প্রাপ্য হয়ে উঠেছে, এবং মেথিলেটেড স্পিরিট আজকে দুষ্প্রাপ্য হয়ে উঠেছে এবং সিমেন্টের সরবরাহ বহু পরিমাণে হ্রাস করা হয়েছে এবং এমনই দুর্ভোগ যে আজকে গুড়ের সরবরাহ অভাব হওয়ায় পশ্চিমবঙ্গে এই সমস্ত শিল্পে সঙ্কট দেখা দিয়েছে। এমনই হবু চন্দ্র রাজার দেশ যেখানে চিনির থেকে গুড়ের দাম অনেক বেশী এবং পুস্তিকার ৩ পাতাতে আমাদের অর্থমন্ত্রী স্বীকার করেছেন যে

tempo of industrial production is slowing down.

পশ্চিমবঙ্গে শিল্পের ক্ষেত্রে যে উত্থান সেই উত্থান ক্রমশঃ পড়তে আরম্ভ করেছে। মাননীয় সভাপতি মহাশয়, আমি এবারে শিল্পের ক্ষেত্র থেকে কৃষির উপরে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কৃষির ক্ষেত্রে ফুড এ্যাডভাইসারি অর্গানাইজেসান ছিল যে বিশ্বখাদ্য এবং কৃষি সংস্থা ছিল তাঁরা একটা রিপোর্ট আমাদের কাছে পাঠিয়েছিলেন। তাতে তাঁরা বলেছিলেন যে কৃষির ক্ষেত্রে টেকনোলজিক্যাল উন্নতি করা যায়, বৈজ্ঞানিক উন্নতি যদি করা যায় তাহলে ব্রহ্মপুত্র উপত্যকা এবং নিম্ন গাংগেয় উপত্যকাতে এই খাদ্য উৎপাদন চতুর্গুণ বৃদ্ধি করা যায়। কৃষি উৎপাদনের ক্ষেত্রে দুটি দিক আছে—একটি হচ্ছে টেকনিক্যাল দিক, আর একটা হচ্ছে মানবিক দিক যে মানুষ উৎপাদন করে তার উৎপাদন সম্পর্কে একটা গুরুত্বপূর্ণ দিক। যদি টেকনিক্যাল দিকটা আমরা আলোচনা করি তাহলে দেখতে পাব স্টেট এ্যাকুইজিসান আইন যেটা ১৯৫৩ সালে পাশ হয়েছিল সেই আইনকে ফাঁকি দিয়ে যারা বড় বড় জমিদার জোতদার তারা প্রচুর জমি নিজেদের আত্মীয় স্বজনের মধ্যে বেনামী করে ফেলেছেন।

[3-50—4-00 p. m.]

এবং অ্যাসেম্বলীতে ২৯-৭-৬৩ তারিখে মন্ত্রীমহাশয় উত্তর দিয়েছিলেন এই বেনামী জমি সম্পর্কে যে ১,৭৮,৬৫৩টা ঘটনার কথা সরকারের গোচড়ে এসেছে এবং যেটুকু জমি সরকারের হাতে এসেছে সে সম্পর্কেও আজ পর্যন্ত সেটেলমেন্ট পুরোপুরি হতে পারে নি, যে জমি ভেস্টেড হয়েছে তার মধ্যে ১২·৩ শতাংশ মাত্র ভেস্টেড ল্যান্ড কৃষকদের মধ্যে সেটেলড হয়েছে এবং তার ফলে দাঁড়াচ্ছে এই যে অধিকাংশ জমি এখনও যে সরকারের হাতে পড়ে রয়েছে সেগুলির কোন বিলি ব্যবস্থা করা হয়নি। এরপর আমি সার সম্পর্কে একটু আলোচনা করবো সেদিন মালদহের সদস্য পশুপতিবাবু দুঃখ করে বলেছিলেন মালদহ জেলাতে ফার্টিলাইজার পাওয়া যায় না। আজ পর্যন্ত ভারতীয় ইউনিয়নের অন্যান্য রাজ্যে রাষ্ট্রায়ত্ত ফার্টিলাইজার

ফ্যাক্টরী গড়ে উঠেছে কিন্তু পশ্চিমবাংলায় সেই আশা সুদূর পরাহত। এই ফার্টিলাইজার কেনার জন্য কৃষকদের যে সমস্ত লোন দেয়া হয় এমনই আমাদের দুর্ভাগ্য সেই লোন গিয়ে পৌঁছায় চাষবাস যখন শেষ হয়ে যায় সেই সময়। সেই লোন বৈশাখ জ্যৈষ্ঠ মাসে গেলে ফার্টিলাইজার কিনে তারা জমির ক্ষেত্রে ব্যবহার করতে পারে কিন্তু সেই লোন পান আগস্ট এবং সেপ্টেম্বর মাসে, তখন অল্পদামে সেই যে টাকার পরিমাণ সেটা ডিলারদের হাতে ছেড়ে দিয়া বাকী টাকা তারা জমির উন্নতির জন্য ব্যবহার করতে বাধ্য হন। আমি একটা প্রশ্ন করেছিলাম, সেই প্রশ্ন থেকে জানা গেছে যে ১৯৬২-৬৩ সালে ৬৯,৫৯০ মেট্রিক টন সার পশ্চিমবাংলার জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন কিন্তু এই সার পশ্চিমবঙ্গ সরকার ব্যবহার করতে পারেন নি এবং ২২,৪১৮ মেট্রিক টন তারা অব্যবহৃত অবস্থায় ফেরৎ দিয়েছেন এবং পশ্চিমবাংলার চাষীরা এই সমস্ত নূতন বৈজ্ঞানিক সারের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন এবং যে সময় কৃষকরা ব্যবহার করতে পারেন নি সেই সারের একটা বিরাট অংশ চোরাবাজারে চলে যায় এবং চোরা-বাজারের পথে চা বাগানে সেগুলি গিয়ে পৌঁছায়। আমি আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি—জমি উন্নত করার জন্য অন্যতম উপায় হচ্ছে সেচ ব্যবস্থা কিন্তু পশ্চিমবঙ্গের এমন দুর্ভাগ্য যে, যে সমস্ত এলাকা আজকে চাষের উপযোগী তার মাত্র ৪ ভাগের ১ ভাগ এলা-কাতে সেচের ব্যবস্থা করা গেছে এবং তার ফলে বাংলাদেশের কৃষককে আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়, প্রকৃতির উপর নির্ভর করতে হয় এবং যে ইরিগেসন পোটেনসিয়াল যত এলাকায় আজকে সেচের জল সরবরাহ করতে পারা যায় সেই সমস্ত শক্তির পূর্ণ ব্যবহার করা হয় নি, মাত্র ৬৮ শতাংশ সেখানে পূর্ণ ব্যবহার করা হচ্ছে এবং অসময়ে দামোদর পরিকল্পনা থেকে জল ছাড়া হচ্ছে তার ফলে গত নভেম্বর মাসে যে জল ছাড়া হয়েছিল তাতে হুগলী জেলায় এক কোটি টাকার ফসল ক্ষতি হয়েছে এবং পশ্চিমবাংলায় সেখানে এত খাদ্যাভাব সেখানে পতিত জমির পরিমাণ রয়েছে ১৫ লক্ষ ১০ হাজার একর। আমি আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে মানবিক দিক, সেটা হচ্ছে কৃষকদের সম্পর্কে—কৃষক যে উৎপাদন করে সে তার উপযুক্ত মূল্য পায় না এবং সমস্ত রকম ফসল সেখানে কেন্দ্রীভূত হয়ে বড় বড় জোতদারের হাতে, বড় বড় ব্যবসায়ীর হাতে, বড় বড় চালকল মালিকদের হাতে। একদিকে জমির উৎপাদনে সে বঞ্চিত হচ্ছে তার ন্যায্য মূল্য থেকে, অন্যদিকে ক্রেতাকে উচ্চহারে খাদ্যশস্য কিনতে হচ্ছে। ১৯ পাতায় বলা হচ্ছে

index number of agricultural production which declined 1.3 per cent. in 1961-62 registered a furthr fall of 6.9 per cent. during the year.

এই কি আশার কথা যে ১৯৬১-৬২ সালে শতকরা ১·৩ সেখানে হ্রাস পেয়েছিল সেটা বর্তমান বৎসরে ৬·৯ পারসেন্ট হ্রাস পেতে সুরু হয়েছে।

আমাদের অর্থমন্ত্রী মহাশয় জনসাধারণের কাছে এই অভয়বাণী দিচ্ছেন যে ১৯৬৩ সালে যেভাবে মূল্যমান বাড়তে সুরু করেছে, তাতে সারা দেশের তুলনায় পশ্চিম বাংলায় জীবন যাত্রার ক্ষেত্রে সঙ্কট দেখা দিতে আরম্ভ করেছে। যে পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে, তাতে বাংলা দেশের সাধারণ মানুষের কি অবস্থা, তার একটা ছোট উদাহরণ দিয়ে আমার বক্তব্য শেষ করবো।

আমাদের সেন্সাস সুপারিণ্টেণ্ডেণ্ট একটি সমীক্ষা গ্রহণ করেছেন, তাতে হুগলী জেলার একটা গ্রাম সম্পর্কে বলেছেন যে মোট ১৫টি ঘর, যার মধ্যে ৯৩টি ঘরের মাটির মেজেতে শয্যা পাতা হয়। ১৩৬টি বাড়ীতে কোন রকম আসবাবপত্র নেই। ১৫০টি বাড়ীতে আয়নার মুখ দেখা নেই। ৯৮টি পরিবার যে খাদ্য গ্রহণ করে, তাতে দেহের পুষ্টি সম্ভব নয়। ১১৯টি পরিবার দেনায় ডুবিয়া আছে। সেন্সাস কর্তৃপক্ষের মতে এই গাঁয়ে শতকরা ছয় ভাগের অবস্থা সচ্ছল। ৯.৩ ভাগের অবস্থা প্রায় সচ্ছল, অর্থাৎ অর্দ্ধেকের বেশী, ৬৩.৪ ভাগ গরীব এবং ২১·৩ ভাগ না গরীব, না ধনী। এই হচ্ছে আজকে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থা। তারপরে যতই আপনারা সাইনবোর্ড পালটান, লেবেল বদলান, সেই কল্যাণ রাষ্ট্র থেকে সমাজতান্ত্রিক ধাঁচ এবং সমাজতান্ত্রিক ধাঁচ থেকে ডিমোক্র্যাটিক সোসিয়ালিজম করুন, বাংলা দেশকে একটা গভীর সঙ্কটের মুখে আপনাদের এই যে দীর্ঘ দিনের দেউলিয়া নীতির দ্বারা ঠেলে দিচ্ছেন।

Shri Sudhir Kumar Banerjee :

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থ মন্ত্রী ১৯৬৪-৬৫ সালের জন্য যে বাজেট এই সভায় উপস্থাপিত করেছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি।

আমাদের কৃষি খাতে এ বছরে গত বৎসরের তুলনায় অধিক বরাদ্দ করা হয়েছে ৯ কোটি ৭০ লক্ষ টাকা, এবং অন্যান্য উন্নয়ন খাতে ৩ কোটি ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। সমস্ত উন্নয়ন এবং কৃষি খাতে ১৩ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। তাছাড়া কৃষি লোন, সার খরিদের জন্য লোন এবং গবাদি পশুর জন্য লোন, ইত্যাদি বাবদে আরও টাকা বরাদ্দ করা হয়েছে। আজ বড় বড় পরিকল্পনার মাধ্যমে চাষে উন্নতি সাধন করা হচ্ছে। ফারাকা ব্যারাজ, কংশাবতী প্রভৃতি এই রকম বড় বড় জলাধার দিয়ে যেমন সেচনের জন্য সরকার থেকে প্রচেষ্টা করছেন, সেই রকম ছোট ছোট ক্ষুদ্র পরিকল্পনা বা ব্লক থেকে পুষ্করিণী খনন ও সংস্কারের মাধ্যমে যাতে সেচনের ব্যবস্থা করা যায়, সেদিকে সরকারের দৃষ্টি রেখে ব্যবস্থা করছেন।

তাছাড়া আমাদের জেলাতে ফোর্ড ফাউণ্ডেসন এর তরফ থেকে পুষ্করিণী সংস্কারের কাজও কিছু কিছু হচ্ছে। এইভাবে সেচনের কাজ এক দিক দিয়ে যেমন এগিয়ে চলেছে, তেমনি অন্য দিক দিয়ে থানায় থানায় বীজ খামার প্রতিষ্ঠা করে যাতে ভাল বীজ চাষীদের সরবরাহ করা যায় তার ব্যবস্থাও করা হয়েছে। চাষীরা যাতে চাষের জন্য ঠিক সময় মত সার পায় তার জন্য থানায় থানায় দোকানে সার রাখা উচিত, এবং আমাদের সমবায় সমিতির মাধ্যমে যাতে বিতরণ করা যায়, সেই ভাবে সরকার থেকে ব্যবস্থা করা দরকার। যেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আছে, সেখানে বিদ্যুতের সাহায্য নিয়েও যাতে সেচনের ব্যবস্থা করা যায় তারজন্য সরকারের চেষ্টা করা উচিত। পুরুলিয়া থেকে হুড়া পুঞ্চা ও মানবাজার এলাকায় ইলেকট্রিকের লাইন হয়েছে। কিন্তু এখনও সেখানে ইলেকট্রিসিটি সরবরাহ করা হয়নি। সেই ইলেকট্রিসিটির সরবরাহ করা হলে, তা থেকে সাহায্য নিয়ে সেচের কাজ করা যেতে পারে। সেইজন্য যাতে সেখানে তাড়াতাড়ি ইলেকট্রিসিটি সরবরাহ করা যায় তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা খাতে সরকার অনেক ব্যয় বরাদ্দ বাড়িয়েছেন। পশ্চিমবঙ্গে কলেজ শিক্ষা ও উচ্চতর বিদ্যালয় প্রভৃতি স্থাপন করা হয়েছে। পল্লীগ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে বালক বালিকাদের শিক্ষা দেবার ব্যবস্থা করা হয়েছে। যেখানে কোন শিক্ষার আলো ছিল না, সেখানে আজ শিক্ষা দেওয়া হচ্ছে। বাস্তবিকই এই দিক দিয়ে পল্লীগ্রামে শিক্ষার যথেষ্ট উন্নতি হয়েছে। আমাদের জেলাতে ২,২৪৯টি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে, কিন্তু সেখানে মাত্র ৪৪টি উচ্চ বিদ্যালয় আছে। আমাদের এখানে প্রাথমিক বিদ্যালয়ের তুলনায় উচ্চ বিদ্যালয় খুবই কম, সেইজন্য আরও উচ্চ বিদ্যালয়ের প্রয়োজনীয়তা আছে। উচ্চ বিদ্যালয়ের অভাবে অনেক ছেলে প্রাথমিক শিক্ষার পর আর উচ্চ শিক্ষার সুযোগ পায় না। আমাদের ওখানে দু তিনটি থানা আছে যেমন সাঁতুড়িয়া, মিতুড়িয়া, আর্চা, সেখানে একটিও হাই স্কুল নেই। সেই জন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের এদিকে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করি যে পুরুলিয়া জেলার এই অনুন্নত অঞ্চলে যাতে অন্ততঃ একটি করেও উচ্চ বিদ্যালয় স্থাপিত হয় তার জন্য যেন তিনি ব্যবস্থা করেন।

[4—4-10 p. m.]

তাছাড়া আমাদের সমাজ শিক্ষার ক্ষেত্রে কয়েকটা রুর‍্যাল লাইব্রেরী হয়েছে কিন্তু অন্যান্য যে সমস্ত রিক্রীয়েসন এর জন্য গ্র্যাণ্ট দেওয়া আছে গত বছর থেকে স্যার, তার শতকরা ৫০ ভাগ কমিয়ে দেওয়া হয়েছে। সেই সমস্ত সোস্যাল এডুকেশন এর খাতে তারা যেটুকু গ্র্যাণ্ট দেন সেটা যাতে দিতে পারেন এবং পল্লীগ্রামে যে সাহায্য সহানুভূতি তারা করেন সেটা যাতে দেওয়া হয় সেজন্য তাকে আমি অনুরোধ করব। যদিও আমাদের সরকার তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে আমাদের সর্ব বিষয়ে উন্নতির প্রচেষ্টা করছেন বা উন্নতি হচ্ছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে যে রকম ক্রমবর্দ্ধমান জনসংখ্যা তার তুলনাতে এখনও আমাদের প্রত্যেক জিনিষেরই প্রয়োজনীয়তা আরও বেশী আছে।

সেইজন্য আমাদের সরকার থেকে যাতে আরও বেশীভাবে প্রত্যেক কাজে অগ্রগতি হয় সেই দিকে বিশেষ চেষ্টা করা উচিত। আমাদের এই পশ্চিমবঙ্গে সকলের চেয়ে বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা। আজকে মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তের অবস্থা খুবই খারাপ। যাতে আমাদের এই পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সমাধান হয় সেইজন্য সরকার থেকে কোন ভাল পরিকল্পনা নেওয়া উচিত। আমাদের এই পশ্চিমবঙ্গে বেকার সমস্যা শুধু পশ্চিমবঙ্গের সরকারই নয় এটার জন্য কেন্দ্রীয় সরকারও দায়ী। দেশবিভাগজনিত আমাদের এই পশ্চিমবঙ্গের উপর যে চাপ পড়েছে, জনসংখ্যা যেভাবে বাড়ছে, যেভাবে আমাদের রিফিউজ সমস্যা বাড়ছে, এবং আরও রিফিউজী আমাদের এখানে আনতে হবে—এবং তার উপর সীমান্ত অঞ্চলে যে রকম উপদ্রব হচ্ছে। এই সব ব্যাপারে কেন্দ্রীয় সরকার ঠিকভাবে সর্ববিষয়ে পশ্চিমবঙ্গকে সর্বভাবে সাহায্য করা উচিত। এক দিকে যেমন আমাদের প্রতিরোধ ক্ষমতা যাতে বৃদ্ধি পায় তার ব্যবস্থা করা উচিত অন্যদিক দিয়ে পাকিস্তানী গুপ্তচরদের প্রতি লক্ষ্য দেওয়া উচিত। তেমনি আবার এখানে যে সমস্ত শিক্ষিত যুবক বেকার রয়েছে তাদের যাতে ভাল ভাবে কর্মের সংস্থান হয় সে বিষয়েও কেন্দ্রীয় সরকারের লক্ষ করা উচিত। আজকে আমাদের দেশে অভাব অন্যদিকে নানা প্রকার দুর্নীতি কালোবাজারী হচ্ছে সে বিষয়ে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। আজকে আমাদের এই খাদ্য অভাবের দিনে যাতে খাদ্য নিয়ে চোরাকারবার না করতে পারে পুঁজিবাদীরা যাতে সেই সুযোগ গ্রহণ করতে না পারে সেইজন্য সরকারের এখন থেকে সচেতন হওয়া দরকার। আমাদের মুখ্যমন্ত্রী বিভিন্ন রাজনৈতিক নেতাদের সঙ্গে আলাপ আলোচনা করে নির্দ্ধারিত দর ঠিক করেছেন কিন্তু চালের রকমফের নিয়ে নানাভাবে ব্যবসায়ীরা উচ্চ্য মূল্য নেবার চেষ্টা করছে। এইজন্য সরকার থেকে বিশেষ লক্ষ্য দেওয়া উচিত। এবং মজুতদার ব্যবসাদারদের যে যে লাইসেন্স প্রথম প্রবর্তন করেছেন সেগুলি কঠোর দৃষ্টি দিতে হবে। যাতে মজুতদাররা আবার গতবছরের মত কোন প্রকার দুর্যোগ সৃষ্টি করতে না পারে। আমাদের দীর্ঘ পরাধীনতার ফলে দেশের জনসাধারণের নৈতিক চরিত্র নষ্ট হয়ে গেছে তার দিকে আমাদের সকল রাজনৈতিক দলকে এবং সরকারকে চেষ্টা করে যাতে আমাদের নৈতিক মান উন্নত হয়, যাতে আমাদের নৈতিক সুস্থতা আসে তার জন্য চেষ্টা করতে হবে। তা না করলে আমাদের যতই অগ্রগতি হউক দুর্নীতির মধ্যে থেকে আমাদের কোন সুস্থ সবল সমাজ গড়ে উঠতে পারে না। আজকে সমাজের মধ্যে দেখা যায় যে মেয়ের বিয়ে দিতে গেলে সেখানে একটা বেট-এর মধ্য দিয়ে যেতে হয়, আজকে যারা যত বেশী টাকা দেয় সেখানে ছেলের বিয়ে দেওয়া হয়। এইভাবে সমাজ আমাদের নষ্ট হয়ে গিয়েছে। সেই সমাজকে আমাদের সুস্থ সুন্দর করতে হবে সেদিকে আমাদের লক্ষ্য করা দরকার। যেমন স্কুলের শিক্ষা বা কলেজের শিক্ষা হলেই প্রকৃত শিক্ষা হয় না। যাতে প্রকৃত শিক্ষা হয় যার মধ্যে দিয়ে সুস্থসমাজ প্রকৃত সমাজ গড়ে উঠবে তার দিকে দৃষ্টি দিতে হবে।

সমবায়ের অগ্রগতি আমাদের পশ্চিমবাংলায় যদিও হচ্ছে তাহলেও অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম। সেজন্য সমবায়ের অগ্রগতির দিকে বিশেষ লক্ষ্য দেওয়া দরকার। আমাদের সরকার থেকে কনজিউমারস কো-অপারেটিভ স্টোর্স করবার যে পরিকল্পনা তা খুব কম হয়েছে। যে দু'একটা হয়েছে তারা ডেভেলপমেণ্টের কাজ করতে পারছে না। সেজন্য কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্সএর যাতে প্রত্যেকটি সহরে এবং প্রত্যেকটি থানায় এক একটা হেড কোয়াটার হয় এবং তারা যাতে ন্যায্যমূল্যে সমস্ত জিনিস দিতে পারে এবং সরকারের যে সমস্ত কণ্ট্রোল্ড জিনিস আছে সেগুলি যাতে সমবায় সমিতির মাধ্যমে দেওয়া হয় সেজন্য সরকারকে আমি বিশেষভাবে অনুরোধ করব। আশা করি এই সব কাজ যদি করা হয়, সরকারের যত পরিকল্পনা আছে প্রত্যেকটি খাতে যেসমস্ত টাকা বরাদ্দ করেছেন সেগুলি যদি ডেভেলপমেণ্টের কাজে সময়মত খরচ হয় তাহলে নিশ্চয়ই পশ্চিমবাংলার অগ্রগতি হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kali Charan Ghose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমেই যেটা চোখে পড়ে সেটা হচ্ছে বাজেটের পিছনে যে একটা সুষ্ঠু নীতি থাকা দরকার সেই নীতি নেই।

সেই মূলধন বিনিয়োগ, মূল্য, মজুরী কর নির্ধারণ এই সবকিছু নিয়ে একটা সুসামঞ্জস্য ভিত্তির উপর যে বাজেট গড়ে তোলা দরকার প্রথমেই দেখতে পাই এইরকম কোন নীতির বালাই এই বাজেটে নেই। কারণ, যে মূলধনের উপর নির্ভর করে দেশকে শিল্পোন্নত কৃষিকে উন্নত এবং বিশেষ করে কর্মসংস্থান দিয়ে ওরিয়েন্টেড ইকনমি গড়ে তোলা যায় তার কোন পরিচয় আমরা এই বাজেটের মধ্যে পাইনি। আমাদের দেশে বর্তমান বেকার অবস্থায় দ্রুত শিল্পায়নের বিশেষ দরকার। কিন্তু আমরা দেখতে পাচ্ছি গত বছরের তুলনায় এবারে শিল্পায়নের দিক থেকে মাত্র কয়েক লক্ষ টাকা বেশী ধরা হয়েছে। তারপর টাকা যেখানে থেকে আসতে পারে আমাদের অর্থমন্ত্রী সেখানে জোর দেননি, দিতে ব্যর্থ হয়েছেন। ১৯৬৩-৬৪ সালের বাজেট পেশ করার সময় ততকালীন অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের বিমাতাসুলভ মনোভাবের জন্য প্রচুর আক্ষেপ করেছিলেন। কিন্তু সেই আক্ষেপের ফলে কোন ফল হয়েছে বলে আমরা দেখতে পাচ্ছি না। তাঁরা কেন্দ্রীয় কর শুল্ক খাতে এই রাজ্যের যে ন্যায় সঙ্গত প্রাপ্য অর্থ তা আজো ও দেননি। অন্যান্য সাহায্যের ব্যাপারে তাঁরা যতটা কম দিতে পারেন তার চেষ্টা করছেন। পরিকল্পনা কমিশন দেখিয়েছেন যে কেন্দ্র ৩৮ কোটি ৮০ লক্ষ টাকা দেননি। পশ্চিমবঙ্গের মত এই রকম একটা সমস্যাসঙ্কুল রাজ্যের প্রতি তাদের এইভাবে আচরণের দিক থেকে আমাদের অর্থমন্ত্রী কি যে করছেন তার জবাব এই পরিষদে আমরা পেতে চাই। তাঁরা দেখিয়েছেন যে, আমরা কর বসিয়ে আবার নতুন করে টাকা আদায়ের চেষ্টা করিনি। এখানে কর বসানর আর সুযোগ আছে কিনা সেটা আমাদের দেখা দরকার। অবশ্য মাঝপথে যে আর বাড়াবেন না এমন কোন প্রতিশ্রুতি দেননি। আমাদের এই পশ্চিমবঙ্গে এক মহারাষ্ট্র বাদে মাথাপিছু করের চাপ সবচেয়ে বেশী। আমাদের এখানে মাথাপিছু করভার হচ্ছে শতকরা ১৫.৩ অথচ সরকারী খরচ সেদিক থেকে মাথাপিছু অন্যান্য রাজ্যের তুলনায় আনুপাতিক হারে সবথেকে কম। সেজন্য আমি বলতে চাই এ অবস্থায় আমাদের যেটা দরকার সেটা হচ্ছে কর্মসংস্থানের জন্য দ্রুত শিল্পায়নের ব্যবস্থা করা। স্যার, কর্মপ্রার্থীর তুলনায় কর্ম সংস্থান হচ্ছে আজকে মুষ্টিমেয় মানুষের। ১৯৬০-৬১ সালের ৩০এ জানুয়ারী থেকে আজ পর্যন্ত এই ৩।। বছরে ৩ লক্ষ ৭৫ হাজার শিক্ষিত বেকার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছে। এই পৌণে ৪ লক্ষ লোকের মধ্যে মাত্র ১৫ হাজার লোক চাকরি পেয়েছে।

[4-10—4-20 p. m.]

এই তথ্য থেকে আমাদের পশ্চিমবাংলায় শিক্ষিত বেকারের উদ্বেগজনক সমস্যার তীব্রতা বিশেষভাবে প্রতিফলিত হচ্ছে। একসচেঞ্জে নাম লেখায় নি বা লিখিয়া তিক্ত অভিজ্ঞতার পর নাম কাটিয়ে চলে এসেছে এর সংখ্যা অন্তত তিনগুণ হবে, যারা এক্সচেঞ্জে বসে আছেন এই তাঁদের ধারণা তারপর এখানে ছেলেমেয়েরা যাতে কারিগরী শিক্ষা পায় তারও ব্যাপক কোন ব্যবস্থা এই বাজেট বক্তৃতার মধ্যে আমরা পাইনি। আমাদের দেশের ট্যালেণ্ট নষ্ট হচ্ছে যারা উচ্চ শিক্ষায় যেতে পারছে না তাদের যাতে ব্যাপকভাবে কারিগরী শিক্ষা দিতে পারা যায় এবং সঙ্গে সঙ্গে শিল্পায়ন করে সেই সমস্ত কারিগরী শিক্ষিত ছেলেদের যাতে তার মধ্যে অ্যাবসর্ব করে নেয়া যায় তার কোন পরিকল্পনা আমরা দেখতে পাচ্ছি না। তারপর বারবার প্রতিশ্রুতি দেয়া হয়েছে যে যাঁরা আমাদের দেশে শিল্প সম্পদ গড়ে তুলছেন তাঁরা আমাদের এখানকার ছেলেমেয়েদের কাজে নেবেন কিন্তু আমরা সেই প্রতিশ্রুতি পালনের কোন নমুনা দেখতে পাচ্ছি না। আমি এক্সচেঞ্জের হিসাব থেকে আপনাকে দেখাচ্ছি যে এক্সচেঞ্জ থেকে প্রেরিত কর্মী দিয়া গড়ে ১১টা শূন্য পদের মধ্যে ৪টা মাত্র পূরণ করা হয়েছে। বেসরকারী ও সরকারী সকল সংস্থার হিসেব ধরে। কিন্তু সরকারী ক্ষেত্রে প্রতি ১০টা শূন্য পদের মধ্যে এক্সচেঞ্জ থেকে প্রেরিত একজনের বেশী চাকরী পায় না ; আরো বহু সংস্থা এক্সচেঞ্জের কাছ থেকে কর্মীই চান না এবং কোন ক্ষেত্রে লোক পাঠানো হলে ইণ্টারভিউ না করে ফেরত পাঠানো হয়েছে এই ভাবে এক্সচেঞ্জের প্রয়াস ব্যর্থ হচ্ছে। তাই এবিষয় একটা সরকারী গ্যারাণ্টি করার দরকার হয়ে পড়েছে। গ্রামীন বেকারের সংখ্যা কোন হিসাবের মধ্যেই পাওয়া যায় না। আর এই বিরাট শ্রমশক্তির কোন ব্যবহার না করতে পারায় পশ্চিমবাংলায় মাথাপিছু আয় বাড়ছে না বল্লেই হয়, বাড়লেও তার গতি এত মন্থর যে সেটা একই জায়গায় দাঁড়িয়ে আছে বল্লেই হয়। তারপর স্যার, আমি

সরকারের শ্রমনীতি সম্বন্ধে কিছু বলবো। আমরা দেখছি সরকারের ইমার্জেন্সী ডিক্লেয়ারের পর প্রতিরক্ষার ব্যাপার নিয়ে আমাদের দেশের শ্রমিকশ্রেণী তাদের দেশপ্রেমের কর্তব্য হিসাবে সমানে কাজ করে গেছে তারা চাঁদা দিয়াছে রক্ত দিয়াছে, তাদের নিজেদের যা কিছু অবদান তারা দিয়েছে কিন্তু তার ফলে সে মালিকশ্রেণীর কাছ থেকে কি পেয়েছে? আজকে শ্রমিক কল্যাণ কেন্দ্র। আদর্শ কল্যাণ কেন্দ্র তৈরী করা হচ্ছে বলে আমাদের বাজেট বক্তৃতার বলা হয়েছে, আমাদের রাজ্যপালের বক্তৃতায় বলা হয়েছে, সেটা আজকে আমাদের বিচার করে দেখা দরকার। স্যার, আমাদের পশ্চিমবাংলায় শ্রমিক শ্রেণীকে এই পশ্চিমবাংলা সরকার প্রতারণার মধ্যে দিয়া চালিয়েছেন। ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস আজকে শ্রমিকশ্রেণীর উপর প্রয়োগ করা হচ্ছে—বিশেষভাবে এই অগ্নিমূল্যের দিনে যখন সে নিজের অতি নিম্ন মজুরী আজকে পাচ্ছে, লিভিং ওয়েজেস তার কাছে স্বপ্ন, ফেয়ার ওয়েজেসও সে ভাবতে পারে না। সে অতি মিনিমাম ওয়েজেস নিয়ে যখন দাড়াচ্ছে আজকে এই অগ্নিমূল্যের দিনে যখন তার মহার্ঘ ভাতা আনুপাতিক হারে বাড়াতে চাচ্ছে, যখন শ্রম দপ্তরের কাছে এসে বারবার আবেদন নিবেদন করছে তখন তাকে ফিরিয়ে দেয়া হচ্ছে, তাকে বাধ্য করা হচ্ছে শেষ পর্যন্ত ধর্মঘটের রাস্তায় যেতে। ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস হয়েছিল শ্রমিক মালিক সকলে মিলে কিন্তু সেই ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস ভেঙ্গে যখন মালিকপক্ষ আজকে লক আউট ঘোষণা করে তখন এই ডি আই আর নিয়ে একজনও মালিককে ধরতে দেখিনি অথচ ডিফেন্স অব ইণ্ডিয়ার রুলস নিশ্চয় শ্রমিকদের উপর পুলিসের আক্রমণ গ্রেপ্তার চলেছে, লাঠি চার্জ চলেছে, সেখানে তাদের জেলে পাঠানো হচ্ছে কিন্তু আমরা দেখছি এক তরফা জিনিস, সেখানে সরকারের পুলিস মালিকতোষণ নীতি নিয়ে চলেছে।

আজকে আমরা দেখছি জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস-এর ব্যাপারে সেখানে মালিক শ্রেণী তাদের শ্রমিকদের ন্যায্য দাবী না দিয়ে চুপচাপ বসে আছে, মিল বন্ধ করে দিয়ে। তাদের সে ক্ষমতা আছে এই ভাবে বসে থাকবার। কারণ ইমারজেন্সীর সময়, তারা প্রতিরক্ষার নাম করে লক্ষ লক্ষ টাকা তুলে নিয়েছে শ্রমিকদের বেশী করে খাটিয়ে, উৎপাদন বাড়িয়ে, তার একটি কানা কড়িও দিতে হচ্ছে না, চুপচাপ বসে রয়েছে। আর এই সরকার শ্রমিক কল্যাণের নামে তাদের উপর চাপ দিতে ভয় পাচ্ছেন। আজকে ট্রাম কোম্পানী কোটি কোটি টাকা আমাদের দেশ থেকে শুষে নিয়ে যাচ্ছে, অথচ তার কাছ থেকে ট্রাম শ্রমিকরা যখন কিছু চাইছে, তখন সে আবদার ধরেছে ট্রামের ভাড়ায় উসুল করে নেবে। অর্থাৎ মাছের তেলে মাছ ভাজবে। অথচ আমাদের সরকারের মালিক তোষণ নীতি নিয়ে চলার ফলে, তারা এই বিলাতী কোম্পানীকে বাধ্য করতে পারছেন না তাদের ঐ মুনাফার কিছু অংশ শ্রমিকদের দিতে। আজকে তারা আবদার ধরে ভাড়া বাড়াবে। কিন্তু আজকে এই অগ্নিমূল্যের দিনে মানুষকে যদি তার পকেট থেকে এই বাড়তি ভাড়া দেবার জন্য চাপ দেওয়া হয়, তাহলে এইটাই প্রমাণিত হবে যে সরকার এর পিছনে আছে, এবং তারজন্য নিশ্চয়ই বিপুল প্রতিরোধের সম্মুখীন এই সরকারকে হতে হবে। জয় ইঞ্জিনিয়ারিং এর ব্যাপারে আজকে তাদের শ্রমিকদের জন্য যদি একটু সুষ্ঠু ও বলিষ্ঠ দরদ নিয়ে এগিয়ে যেতেন, তাহলে এত দীর্ঘ দিন ধরে এই যে হাজার হাজার শ্রমিক ও তাদের পরিবারবর্গ অনাহারে বা অর্দ্ধ উপবাসে দিন কাটাচ্ছে, তা থেকে তারা রক্ষা পেতো। তাদের প্রতি যদি সরকারের এতটুকু দরদ থাকতো, তাহলে সরকার তাদের নিশ্চয়ই তাদের পিছনে গিয়ে দাঁড়াতো।

স্যার, এই শ্রমিকদের সম্পর্কে আমি একটু বলবো। আজকে শ্রমিকদের মামলাবাজীর মধ্যে ফেলে রাখা হয়েছে, এবং সেই মামলা করতে গিয়ে, শ্রমিকদের যাদের অর্থবল নেই যাদের সংস্থা দুর্বল, তারা আজকে নিম্ন আদালতে থেকে হাই কোর্ট বা সুপ্রীম কোর্টে যেতে পারে না। একটা আপিল আদালত ছিল, সেটাকেও মাঝ থেকে তুলে দেওয়া হয়েছে। এখন এমন একটা অবস্থা সৃষ্টি করা হয়েছে, যে ডোমেস্টিক এনকোয়ারী বলে একটা কল খাড়া করা হয়েছে, যার ফলে শ্রমিকদের অবাধে ছাঁটাই চলেছে। তাদের সিকিউরিটি অফ সার্ভিস এর দিক দিয়ে, আইনের মধ্যে কোন কিছু ধারা নেই। সরকারের শ্রম দপ্তর এমন কোন আইনের ব্যবস্থা করতে পারেন নি যাতে করে শ্রমিকদের চাকরীর নিরাপত্তার ব্যবস্থা করা যেতে পারে।

সময় হয়ে যাওয়ায় আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

Shri Bijay Bihary Basu :

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এই বাজেটে আগামী বৎসরের আয়-ব্যয়ের হিসাব দিয়ে সরকার জানিয়ে দিচ্ছেন একটা আভাস যে দেশবাসী কিরূপ সুখে স্বচ্ছন্দে থাকবে। প্রতিবারই এই রকম ভাবে বাজেট পেশ করা হয় এবং আমরা আয়-ব্যায়ের হিসাব সম্পর্কে আলোচনা করি ও গঠনমূলক কতকগুলি সাজেশন আমরা দিই। কিন্তু শেষকালে গিয়ে দেখতে পাই কি? দুর্গত জনসাধারণ আরও দুর্গতির মধ্যে এসেছেন, এবং যারা ধনিক, যারা মিল-মালিক, কারবারী, তারা অধিকতর ধনী হয়েছে। উদাহরণস্বরূপ আমি বলতে পারি গতবৎসর মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ের এক দায়িত্বহীন উক্তির ফলে চালের দাম ৩১।৩২ টাকা থেকে বেড়ে, দু-তিন সপ্তাহের মধ্যে ৫০।৫৫ টাকায় গিয়ে ঠেকেছিল। আবার দমদম দাওয়াই এর ফলে সেই দাম নেমে চলে এলো ঐ ৩২।৩৩ টাকায়। কি করে এটা সম্ভব হয়? নূতন ফসলত ফলেনি, যা ফসল হয়েছিল, তাই আড়তদারদের গোলাতে ছিল। তিন সপ্তাহ ধরে তারা খুব বেশী দামে বিক্রয় করে নিলো, তারপর আবার দাম কমে গেলো। তারা টাকা করে নিলো, তা করে নেবার পর, দাম কমে এলো। এখন আমি বলতে চাই এই যে মিল-মালিকরা বা আড়তদাররা এত টাকা এক সপ্তাহের মধ্যে অর্জন করলো, তারা শুধু এই টাকাই অর্জন করলো না, আবার দু-চার বিঘা জমির মালিক যারা, তারা তাদের পোষ্য পালনের জন্য ঐ জমির কিছু কিছু অংশ বিক্রয় করে দিতে বাধ্য হল খুব কম দামে এই সমস্ত মজুতদারদের কাছে, অর্থাৎ দু-দিক দিয়ে তারা মেরে দিলো।

[4-20—4-30 p. m.]

তারপর মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের এই ঘাটতি বাজেট—আমরা ঘাটতি বাজেটের জন্য কোন রকম আপত্তি করিনা, কারণ জনহিতকর কার্য্য করতে গেলে টাকার দরকার। টাকা যদি আমাদের না থাকে ঋণ করতেই হবে। আমরা সকলেই এটা জানি। ঘাটতি বাজেটের জন্য আমরা কিছু বলতে চাইনা। আমি দেখছি সরকার এবারে একটা কর্ত্তব্য চ্যুতি করেছেন, বাজেটের মধ্যে যেটা আনা উচিত ছিল সেইটা বাজেটে আনেননি, সেটা হচ্ছে বর্তমানে পূর্ববঙ্গের যে সমস্ত দাঙ্গা বিধ্বস্ত হিন্দু সম্মান ইজজত সব হারিয়ে এসেছেন শুধু প্রাণটা নিয়ে তাদের জন্য কোন ব্যবস্থা করা দরকার মনে করেননি। কেন্দ্রের দোহাই দিয়ে সমস্ত ছেড়ে দেওয়া হয়েছে। দণ্ডকারণ্যে যদি যান তাহলেই কেন্দ্র সাহায্য করবে আর বাংলা দেশে থাকলে কেন্দ্র সাহায্য করবেনা। এ সকলের জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি যে ছাত্রছাত্রীদের জন্য কি ব্যবস্থা হয়েছে তা যখন তিনি না বললেন এবং বেশ একটি আত্মতৃপ্তির ভাব এখানে দেখালেন, তখন আমরা অত্যন্ত দুঃখিত হয়েছি। আমাদের মায়ের জাতী একজন ত্রাণ মন্ত্রী তিনি একটু দরদ দিয়ে একটু মমতা দিয়ে এই প্রশ্নটা দেখলেননা। তিনি কি বলতে পারেন যে এই ছাত্রছাত্রীর মধ্যে একটি মেঘনাদ সাহা বা জগদীশচন্দ্র বোস নেই? এই সম্পূর্ণ একটা শিক্ষার অভাবের অবস্থায় এই সব ছাত্রছাত্রীরা সেখানে চলে যাচ্ছে। তাদের মধ্যে জ্যোতি সেখানে গিয়ে সব শুকিয়ে যাবে। এ পাপ কার হবে? বর্ত্তমানে আমরা আত্মতৃপ্তি লাভ করতে পারি দণ্ডকারণ্যে পাঠিয়ে কিন্তু ভবিষ্যৎ আসছে সে কারুকে ক্ষমা করবে না। এখনও সময় আছে সে সময় অন্তত সকলকে না পারি শুধু ছাত্রছাত্রীর জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার একটা ব্যবস্থা করুন। মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয় অত্যন্ত মমতাহীনভাবেই সেদিন বলেছিলেন, যে আমি নোটিশ চাই—সেখানে বাঙালী ছাত্রদের শিক্ষার কি বব্যস্থা আছে এই প্রশ্নে। আমি বলব এটা শুনে আমরা অত্যন্ত দুঃখিত হয়েছি। আমাদের বাঙালী ভাই বোন তারা মানুষ হবে আমাদের দেশের মুখ উজ্জল করবে সেখানে তাদের দিলেন দণ্ডকারণ্যে পাঠিয়ে। সেখানে শিক্ষার কোন ব্যবস্থা নেই। তিনি জানেননা যে সেখানে কি ব্যবস্থা আছে। তারপর দ্বিতীয় কথা যারা দণ্ডকারণ্যে যেতে চাইবে না, তাদের আমাদের পশ্চিম বংগে থাকার জায়গা আছে, সরকারী হিসাবে বহু পতিত জমি আছে যেখানে থাকতে দেবেন না। সমস্ত সীমান্ত অঞ্চলে পূর্ব পাকিস্তান এবং পশ্চিম বাংলার সীমান্ত অঞ্চলে বহু হাজার হাজার উদ্বাস্তুদের বসানো যায়। খাদ্যের জন্য কেন্দ্রের কাছে আদায় করতে হবে। আজকের কেন্দ্র দয়া করে আমাদের যেটুকু দিচ্ছে আমরা শুধু সেইটুকু নিয়ে সন্তুষ্ট থাকবো এ কখন হতে পারে না। আমাদের দাবী জানাতে হবে। তারপর দ্বিতীয় কথা এই যে উদ্বাস্তু এখানে বসানো হবে। পশ্চিম বাংলায় এদের জন্য

পশ্চিম বংগ সরকার কিছু করতে পারবেন না। জমি নেই, জানি দিতে পারবেন না। কিন্তু যতদিন পর্য্যন্ত এদের সুষ্ঠু ব্যবস্থা না হয়, একটা ভাল রকম পরিকল্পনা গ্রহণ করুণ।

পশ্চিমবাংলা যত ইউনিয়ন বা অঞ্চল পঞ্চায়েত আছে তাদের প্রত্যেককে লিখুন যে তোমার ইউনিয়নে বা অঞ্চলে ২ জন, ৩ জন যেমন যেমন আকার সেই আকারে উদ্বাস্তুদের বসাতে হবে এবং ধীরে ধীরে তাদের ব্যবস্থা করে দিতে হবে। এখনও সময় আছে, পশ্চিমবঙ্গ সরকার এ বিষয়ে অবহিত হন এবং আমাদের এই যে গঠনমূলক সাজেসান এটা গ্রহণ করুন। আমরা কেন্দ্রের কাছে দাবি করব, তাদের দেওয়া ভিক্ষার উপর নির্ভর করব না। আমাদের দেশের অধিবাসী কি চায়? তারা রাজনীতি চায় না, তারা চায় অন্ন, বস্ত্র শিক্ষা, স্বাস্থ্য। আমরা প্রত্যেকবার দেখে আসছি যে অন্নের সমস্যা ভীষণ। নিম্ন মধ্যবিত্ত দরিদ্র ক্ষেতমজুর যারা তারা যে কি কষ্টে দিন যাপন করছে সেটা সরকার হয়ত জানেন না। তারপর শিক্ষা, আমি প্রধানতঃ প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলি। প্রাথমিক শিক্ষা ফ্রি এণ্ড কম্পালসারি, বিদ্যালয়ে মাইনে দিতে হবে না। কিন্তু বই বা অন্যান্য শিক্ষার সরঞ্জাম খাতাপত্র প্রভৃতি এগুলি ফ্রি দেওয়া উচিত তা না হলে ফ্রি এডুকেশান নাম হতে পারে না। অতএব এই যে পল্লীবাসী যাদের জন্য ফ্রি এণ্ড কম্পালসারি এডুকেশান হয়েছে তাদের অভিভাবকদের আর্থিক উন্নতি না হলে আমাদের কম্পালসারি এডুকেশান কোন দিনই হবে না। প্রতি বছর এই প্রাথমিক বিদ্যালয় থেকে অধিক ছেলে পাশ করে। পাশ করে তারা মাধ্যমিক স্কুলে ভর্তি হতে পারে না, ওখানেই তাদের পড়াশুনা সমাপ্ত করতে হয়; সুতরাং মাধ্যমিক স্কুলের সংখ্যা বাড়াতে হবে। এযাবতকাল সমস্ত মাধ্যমিক স্কুলগুলি প্রাইভেট এণ্টারপ্রাইজে হয়েছে, সরকার কিছু করেন নি। বর্তমানে সরকার হায়ার সেকেণ্ডারী প্রভৃতি এই সমস্ত করেছেন, কিন্তু স্কুল স্থাপন প্রভৃতির ব্যাপারে সমস্ত প্রাইভেট এণ্টারপ্রাইজে হয়েছে। বর্তমানে এমন একটা দিন এসে পড়েছে যে সাধারণ লোক বলছে যে আমাদের স্বাধীন সরকার আমাদের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা গঠিত সরকার আমাদের প্রয়োজন বোধে স্কুল নিজে থেকে কেন করবে না। স্কুলের সংখ্যা অনেক বেড়েছে বটে কিন্তু বহু ছাত্র-ছাত্রী প্রাথমিক এডুকেশানের পর আর মাধ্যমিক শিক্ষা পেতে পারছে না। এই বিষয়ে সরকারকে অবহিত হতে হবে। তারপর মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে যে কতবড় অব্যবস্থা আছে সেটা সকলেই স্বীকার করেছেন। শিক্ষা খাতে বেশী ব্যয়-বরাদ্দ হয়েছে এতে আমি অত্যন্ত আনন্দিত এবং আমরা বহুবার আবেদন নিবেদন করে এসেছি যে সারা জীবন শিক্ষকতা করে শেষকালে যাদের রিক্ত হস্তে বিদায় গ্রহণ করতে হয় তাঁদের জন্য পেনসান বা গ্র্যাচুইটির ব্যবস্থা এখনই করা হোক। কিন্তু এই বিষয়ে আমরা কিছু দেখলাম না। তারপর বিদ্যালয়গুলিতে নৈতিক শিক্ষার কিছুমাত্র ব্যবস্থা নেই। আজকে দেশ দুর্নীতে ভরে উঠেছে, এ্যাণ্টি-সোসাল এ্যাক্টিভিটিতে দেশ ভরে উঠেছে। কিন্তু স্কুল কলেজগুলিতে নীতি শিক্ষার কি ব্যবস্থা হয়েছে? আমরা কতভাবে কতবার সরকারের কাছে নিবেদন করেছি যে যেকোনভাবে হোক নীতি শিক্ষার একটা ব্যবস্থা করতেই হবে। বিদ্যালয়গুলি কিছুমাত্র নীতি শিক্ষার ব্যবস্থা করতে পারছেনা। আমি আর একটা কথা বলে শেষ করব যে আজ আমাদের প্রতিরক্ষার ব্যবস্থা করতে হবে। দেশ আজ বিপণ্ন। সরকারী রিপোর্টেও আছে, প্রতিদিন খবরের কাগজেও আমরা দেখতে পাচ্ছি যে পূর্ব পাকিস্তান থেকে আমাদের মানষ গরু প্রভৃতি ধরে নিয়ে যাচ্ছে, আমাদের সীমান্তে প্রচুর সৈন্য সমাবেশ হয়েছে। আর আমাদের বাঙালী যুবকরা একেবারে সমর-বিদ্যা কিছুমাত্র জানে না, দুঃখের সঙ্গে বলছি যে শতকরা ১ জনও হয়ত রাইফেল ধরতে জানে না। আজকে এন সি সি হয়েছে, কিন্তু তাদের রাইফেল ট্রেনিং-এর কোন ব্যবস্থা নেই।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

কে বললে আপনাকে? এন সি সি'র রাইফেল ট্রেনিং এর ব্যবস্থা করা হয়েছে।

Sri Bijay Biharay Basu :

সম্প্রতি একটা ব্যবস্থা করা হয়েছে, আগে এন সি সি তে রাইফেলের ব্যবস্থা ছিল না, তবে এখনও রাইফেল হাতে পায়নি।

(দি অনারেবল রায় হরেন্দ্র নাথ চৌধুরী : পেয়েছে) আমাদের ছেলেরা পড়ছে, এন সি সিতে আছে, এখনও তাদের হাতে রাইফেল দেয়নি।

স্যার, আমি বলি আমার দুটো ছেলে এন সি সিতে যোগ দিয়েছে কিন্তু তাদের রাইফেল এখনও হাতে দিতে পারে নি। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম কি করে রাইফেল ধরতে হয়, তারা বল্লেন আমরা এখনও রাইফেল পাইনি, এবার দেবে।

(নির্দ্দিষ্ট সময়ে পৌঁছাইয়া যাওয়ায় বক্তা তাহার আসন গ্রহণ করেন)

[4.30—4.40 p. m.].

Dr. Biswaranjan Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় অর্থ মন্ত্রী এই পরিষদের সম্মুখে যে বাজেট উপস্থাপিত করেছেন তা আমি সমর্থন করছি। স্যার, বিরোধিপক্ষের বন্ধুরা এই বাজেটের মধ্যে কেবল সমালোচনার জিনিসই পাচ্ছেন কিন্তু একটু নিরপেক্ষ দৃষ্টিতে দেখলে আমরা সহজে বুঝতে পারবো যে এই বাজেটের মধ্যে প্রশংসা করবার মত অনেক জিনিস আছে। অবশ্য আমি একথা বলি না যে এই বাজেট দ্বারা আমাদের দেশের সমস্ত দুঃখ দারিদ্র চলে যাবে, আমাদের সব সমস্যার সমাধান হবে কিন্তু তা হলেও এতে একেবারে যে কেবল নিন্দার খোরাকই আছে একথা আমি স্বীকার করি না। স্যার, ১৯৪৮-৪৯ সালে সেখানে রেভিনিউ রিসিট ছিল ৩২ কোটি টাকা সেখানে ১৩৬ কোটি টাকা হয়েছে। আগামী বৎসরের বাজেটে এবং সরকারের ব্যয় করবার যে ক্ষমতা সেটাও ২৯ কোটি থেকে এই কয়েক বৎসরে ১৩০ কোটিতে দাঁড়িয়েছে। আমাদের কোন কোন বন্ধু এর মধ্যে কোন কৃতিত্ব দেখতে পাননি, তাঁরা বলেছেন যে টাকা তো আমরা দিচ্ছি কিন্তু সরকারের রেভিনিউ সর্বদাই দেশের জনগণই দিয়ে থাকেন—আর কোথা থেকে টাকা আসবে তা আমি বুঝতে পারি না। স্যার, যদি প্রোডাকসন ট্রেড থেকে দেখা যায় তাহলে দেখবো যে সর্ব বিষয়ে আমাদের দেশ প্রোডাকসনের দিক দিয়ে উন্নত হচ্ছে। যেটা আজকের দিনে সবচেয়ে বড় সমস্যা বলে মনে হয় সেই কৃষির কথা যদি ধরা যায় তাহলে আমরা দেখবো অর্থমন্ত্রী মহাশয়ের বিবৃতি থেকে যে ১৯৪৯-৫০ সালের যে কৃষি উৎপাদন হয়েছিল সেটাকে ১০০ ধরলে ১৯৬২-৬৩ সালে যে বৎসর উৎপাদন সবচেয়ে খারাপ হয়েছে সেটাও ১২১.০৮ হয়েছে। অর্থাৎ শতকরা ২১ ভাগ বেড়েছে। মাঝখানে সেটা ১৩১ ভাগ পর্যন্ত বেড়েছিল। কাজে কাজেই সাময়িকভাবে কিছুটা ব্যাহত হলেও উৎপাদন যে বরাবর বেড়ে চলেছে এবং ভবিষ্যতে আরো বাড়বে সে বিষয়ে কোন সন্দেহ নেই। অন্যান্য বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ যদি দেখা যায় তাহলেও দেখা যাবে প্রায় প্রত্যেকটা গঠনমূলক কাজের মধ্যে ব্যয় বরাদ্দ অনেক বাড়ানো হয়েছে। শিক্ষা খাতে অবশ্য আপাত দৃষ্টিতে দেখা যাচ্ছে ব্যয় বরাদ্দ কমেছে—এবার রিভাইজড বাজেটে ২২ কোটি ৭৬ লক্ষ টাকা ধরলেও আগামী বৎসরে সেখানে ধরা হয়েছে ২২ কোটী ২৬ লক্ষ টাকা কিন্তু বর্তমান বৎসরের যে প্রাথমিক বাজেট হয়েছিল সেখানে ১৯ কোটি টাকা ধরা হয়েছিল। কাজে কাজেই সেই তুলনায় দেখতে গেলে এডুকেশনে যেখানে আপাত দৃষ্টিতে ব্যয় কমেছে বলে মনে হচ্ছে সেখানে প্রকৃতপক্ষে ব্যয় বাড়ানো হয়েছে মেডিকেল, পাবলিক হেলথ, এগ্রিকালচার, পাব্লিক ওয়ার্কস প্রতিটি গুরুত্বপূর্ণ বিষয়ে দেখলে দেখা যাবে যে ব্যয় বরাদ্দ সব জায়গায় বাড়ানো হয়েছে। এগ্রিকালচারের ব্যাপারে দুই বৎসর আগে যা ছিল ৫ কোটি টাকা তা এবার ১০ কোটি ৩০ লক্ষ টাকায় বাড়ানো হয়েছে এবং এগ্রিকালচারে বিভিন্ন দিক দিয়ে কৃষকদের যে বহু সুযোগ সুবিধা দেয়া হচ্ছে এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে যে উন্নত সেচ ব্যবস্থা এগিয়ে চলেছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

স্যার, মোটামুটি ভাবে দেখতে গেলে বাজেটের মধ্যে অনেক উন্নতির ইঙ্গিত রয়েছে। তথাপি, যে কয়েকটি বিষয় আমরা কিছু কিছু অসুবিধা ভোগ করছি, সেই রকম কিছু কিছু

অসুবিধার বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি প্রথমে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে বলছি। উচ্চ বিদ্যালয়গুলিকে টেন ক্লাশ এবং ইলেভেন ক্লাশ স্কুল—দু-রকম ভাগ করা হয়েছে। এই জিনিসটা যত তাড়াতাড়ি হয়ে যায় ততই ভাল, অর্থাৎ যত তাড়াতাড়ি প্রতিটি বিদ্যালয় ইলেভেন ক্লাশএর পর্যায়ে উন্নত হয়, সেটা দেখা সরকারের কর্তব্য। অবশ্য শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয় যথাসম্ভব সুব্যবস্থা করেছেন এবং দ্রুত গতিতে তাকে এগিয়ে নিয়ে চলেছেন, তথাপি আমরা বলবো যদি সম্ভব হয়, তাকে আরও দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা দরকার। এই কথা স্যার, আমি আগে বলেছিলাম এবং আজও বলছি যে শ্রদ্ধেয় মনোরঞ্জন বাবু একবার বলেছিলেন—সেটা হচ্ছে এ্যানুয়েল ইন্সপেকসান অব স্কুলস সম্বন্ধে। স্যার আমাদের স্বাধীনতার আগে যখন ডিভিসানেল ইন্সপেকটোরেট ছিল, তখন প্রতিটি হাই স্কুলে, প্রতিটি বিদ্যালয়ে অন্ততঃ বৎসরে একবার করে পরিদর্শকরা গিয়ে দেখতেন যে কি ভাবে সেখানে পড়াশুনা হচ্ছে, কি ভাবে স্কুল পরিচালনা করা হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় বর্তমানে এই ব্যবস্থাটা প্রায় উঠেই গিয়েছে বললেই চলে। ডিসট্রিক্ট ইন্সপেকটার অব স্কুলস যাঁর উপর এই ভার দেওয়া হয়েছে তাঁর অধিকাংশ সময়, সরকারী টাকা, যে সমস্ত অনুদান আছে, সেগুলির বিলি বণ্টনের ব্যবস্থা করতে করতেই কেটে যায়। সরকারের গ্র্যাণ্ট নানান রকম বেড়েছে। তাদের কাজ অনেক বেড়েছে, স্কুলের সংখ্যাও বেড়েছে। কাজে কাজেই তাঁদের দোষ দিচ্ছি না। কিন্তু এই সব হিসাব পত্রের কাজ করতে, করতেই তাদের সময় চলে যায়। কাজেই স্কুল পরিদর্শন করা যেটা ইন্সপেক্টর অব স্কুলস এর প্রধান কর্তব্য, সেটা আজকাল হচ্ছে না। এই জন্য আমি মনে করি ইন্সপেক্টরেট অব স্কুলসকে আরও শক্তিশালী করা দরকার। দরকার হচ্ছে আরও অধিক সংখ্যক অফিসার নিয়োগ করা এবং এ্যানুয়েল ইন্সপেকসান অব স্কুলস যাতে হতে পারে তার ব্যবস্থা করা দরকার। এটা করা একান্ত ভাবে প্রয়োজন। এ

স্যার, গত কয়েক বৎসরের মধ্যে আমার মনে হয়, শিক্ষকদের স্কেল অব পে তিনবার রিভাইজড হয়েছে। শিক্ষকদের পে যে খুব ভাল হয়ে গিয়েছে, সেখানে আর কিছু উন্নতি করবার নেই একথা আমি বলছি না। কিন্তু আমি বলছি ক্লার্কস বা অন্যান্য ক্লাশ ফোর কর্মচারী যারা আছে, তাদের পে অন্ততঃ হারাহারিভাবে আজ পর্যন্ত বাড়েনি। বর্তমানে যে শেষ বিভিসান হয়েছে, এদের যে পরিকল্পনা হয়েছে, যা এখনও কার্যকরী হয়নি সর্বত্র, সেখানেও তাদের দেওয়া হচ্ছে ৮০ টাকা থেকে ১৫০ টাকা, মেট্রিকুলেট ক্লার্কসদের কথা আমি বলছি। কিন্তু আগে ছিল ৫৫টাকা থেকে ১৩০ টাকা, আর ২০ টাকা করে ডিয়ারনেস এলাউন্স পেতেন। ১০ টাকা সরকারী এবং ১০ টাকা স্কুলেরডিয়ারনেস অ্যালাওয়েন্স ছিল—তাতে তখন ছিল ৭৫ টাকা থেকে ১৫০ টাকা। এখন সেটা বেড়ে হয়েছে ৮০ টাকা থেকে ১৫০ টাকা। অর্থাৎ বিশেষ কিছুই বাড়েনি, যদিও গোড়ার দিকে ৫ টাকা বেশী দেওয়া হচ্ছে। কিন্তু যারা দু-চার বছর কাজ করেছেন তারা ৮৬৲ টাকার পর্যায় চলে গিয়ে গিয়েছেন। কাজে কাজেই তাদের দিক থেকে সত্যিকারের কিছুই বাড়েনি। আমি আরও বলবো ক্লাশ ফোর এমপ্লয়িজ যারা আছে, তাদের জন্য ব্যবস্থা হচ্ছে ৪৫৲ থেকে ৬০৲ টাকা। কিন্তু অনুরূপ গভর্নমেণ্ট চাকুরীয়াদের ক্ষেত্রে বেতন অনেক বেশী। সেই জন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো যে এদের জন্যও ব্যবস্থা অন্যান্য জায়গার সমপর্যায়, যেমন সরকারী কর্মচারীদের বেলায় আছে, সেই রকম বা তারই কাছাকাছি নিয়ে যাবার চেষ্টা করা উচিত।

স্যার, এই মাইনের কথাতে আর একটি ব্যাপারে আসছি। সেটা হচ্ছে পঞ্চায়েত এরিয়ার সেক্রেটারীদের কথা। পঞ্চায়েত এরিয়ার ইউনিয়ন সেক্রেটারী যারা ছিলেন, এখন যারা পঞ্চায়েত সেক্রেটারী হিসাবে কাজ করছেন, তারা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ করে থাকেন। তাদের মিনিমাম কোয়ালিফিকেসানস হচ্ছে—মেট্রিকুলেসান বা স্কুল ফাইন্যাল পাশ, এবং যারা এক্সটেনসান ট্রেনিং নিয়ে থাকেন। গ্রাম সেবক, যাদের অনুরূপ যোগ্যতা আছে, তাদের মধ্যেও কেউ কেউ এক্সটেনসন ট্রেনিং নিয়ে থাকেন, আর কেউ কেউ নেন না, অর্থাৎ কিছু ট্রেণ্ড এবং কিছু আনট্রেণ্ড আছেন। কিন্তু এই সকল গ্রামসেবকদের যে মাইনে দেওয়া হয় বা অন্যান্য বিভাগের লোয়ার ডিভিসান ক্লার্ক দের যা মাইন দেওয়া হয় এই পঞ্চায়েত সেক্রেটারীদের এদের চেয়ে অনেক কম মাইনে দেওয়া হয়। এদের মাইনে বোধ হয় ৮০৲

টাকা থেকে আরম্ভ হয়। কিন্তু একজন লোয়ার ডিভিসন ক্লার্ক আরম্ভ করেন ১২০৲ টাকা থেকে।

[4-40—4-50 p. m.]

কাজে কাজেই যাদের উপরে গ্রামের উন্নয়ণের ভার রয়েছে যারা পঞ্চায়েতের মাধ্যমে নানান রকম গ্রামের উন্নয়ণমলক কাজের সহায়তা করেন তাদের এই রকম মাহিনার দিক দিয়ে তাদের কম করে রাখা, তাদের যোগ্যতা থাকা সত্তেও, ভাল নয় বলেই আমি মনে করি। এই বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের আমি দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, বিভিন্ন সময়ে আমাদের বিধান পরিষদ থেকে অনেক কিছু আইন তৈরী হয়ে যায়, আইনগুলি জনকল্যাণের জন্য হয়, এবং ভাল ভাল আইন হয় বলেই আমি মনে করি। কিন্তু দুঃখের বিষয় সেই সব আইন অনেক সময় কার্য্যকরী করতে এমন দেরী হয় যে তার মধ্যে যে সমস্ত মঙ্গলজনক ব্যবস্থা ছিল সেগুলি ঠিক কার্য্যে পরিণত হয় না। আমি একটা উদাহরণ দিচ্ছি। গত ১৯৬২ সালে সেপ্টেম্বর মাসে একটী অডিন্যান্স প্রোমলগেটেড হয়েছিল ওয়েষ্ট বেঙ্গল পাবলিক এভিকসন অব আন-অথরাইজড অকুপেন্টস অডিনেন্স। অডিনেন্স হয়েছিল এই জন্যই যে এটার নিশ্চয়ই খুব একটা জরুরী প্রয়োজন ছিল। তারপরে ১৯৬২ সালে ডিসেম্বর মাসে তা বিধান মণ্ডলী থেকে আইন হিসাবে পাশ হয়েছিল। কিন্তু এই আইন অনুসারে যে সকল ম্যাজিষ্ট্রেট কেশ-এর হিয়ারিং করতে পারবেন, উপযুক্ত ক্ষমতা তাঁদের কাছে এক বছরের মধ্যে পৌঁছায় নি। একটা ক্ষেত্রে ৬৩ সালের ডিসেম্বর মাসে সেই ক্ষমতা দেওয়া হয়েছে পুরো এক বছর পরে। তা ছাড়া এমন সব ম্যাজিষ্ট্রেট এর কাছে এই সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে যে তাঁরা অন্যান্য কার্য্যের মধ্যে ব্যস্ত থাকেন বলে তাঁরা এইসব কেস সত্বর করতে পারেন না। যে সমস্ত জায়গায় অন্যান্য লোক সাধারণের জমি জবর দখল করে নিয়ে রেখেছেন সেই সমস্ত লোককে উচ্ছেদ করবার জন্য এই আইন হয়েছিল। কিন্তু ক্ষমতা-প্রাপ্ত ম্যাজিষ্ট্রেটএর এই সব কেস শুনবার সময় নেই—কারণ তিনি অন্যান্য কাজে ব্যস্ত থাকেন। কাজে কাজেই আলাদা ম্যাজিষ্ট্রেট নিযুক্ত করা যে ম্যাজিষ্ট্রেট অন্ততঃ কিছু সময় এই সব কাজের জন্য দিতে পারবেন—তার ব্যবস্থা করা একান্ত কর্ত্তব্য।

পৌর এলাকায় কমপালসারি প্রাইমারী এডুকেসান অ্যাক্ট এর যে ব্যবস্থা করা হল—সেই ব্যবস্থার জন্য মিউনিসিপ্যালিটির কাছে নির্দেশ গিয়েছে, বোধ হয় ঐ অ্যাক্ট এর তিন নম্বর ধারা অনুযায়ী তারা ষ্টেটমেন্ট দেবেন। কিন্তু এখানে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে সবিনয়ে বলছি যে প্রত্যেক মিউনিসিপ্যালিটি যদি এই সমস্ত ষ্টেটমেন্ট পাঠায় তাহলে অনেক সময় এর মধ্যে ভুল থাকবে। কারণ সব মিউনিসিপ্যালিটি কলকাতা বা হাওড়ার মত বড় মিউনিসি-প্যালিটি নয়, মফঃস্বলে এমন অনেক ছোট ছোট মিউনিসিপ্যালিটি আছে যাদের মধ্যে সে রকম উপযুক্ত যোগ্যতা সম্পন্ন কর্ম্মচারী নেই। যদি ডিষ্ট্রীক্ট ইনসপেক্টর অব স্কুলসকে বলা হয় যে একজন তাঁদের বিভাগীয় লোক পাঠিয়ে পৌর কার্য্যালয়ে গিয়ে বসে থেকে এই ষ্টেটমেন্ট করিয়ে নেন, তাহলে হয়ত এতে একদিনের বেশী সময় লাগবে না। নিশ্চয়ই মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ তাদের সাহায্য করবেন। কিন্তু এই রকম ভাবে ব্যবস্থা করলে ভুল রিটার্ণ আসা এবং তার জন্য যে বিলম্ব তা থেকে রেহাই পাওয়া যাবে।

মিউনিসিপ্যালিটি সম্বন্ধে একটা মস্তবড় সমস্যা দেখা গিয়েছে যার উল্লেখ হাওড়া মিউনিসি-প্যালিটি সম্বন্ধে একটু আগে হয়েছিল। সেটা হচ্ছে সমস্ত মিউনিসিপ্যালিটিতে ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এমপ্লয়িজ ফেডারেসান থেকে প্রায় ১৬।১৭ টা দাবী দিয়ে একটী চার্টার অব ডিমাণ্ড দেওয়া হয়েছিল।

এবং আগামী ৩রা মার্চ তাঁরা একদিন টোকেন স্ট্রাইক করবেন এবং ২৩শে মার্চ থেকে বরাবর স্ট্রাইক চালিয়ে যাবেন। কিন্তু তার মধ্যে এমন সমস্ত দাবি রয়েছে যে দাবি কোন মিউনিসিপ্যালিটির পক্ষে পূরণ করা সম্ভব নয়। এবং তার মধ্যে এমন অনেক দাবী আছে যার জন্য আইন সম্পূর্ণভাবে পরিবর্তন করা প্রয়োজন। কাজে কাজেই যতক্ষণ পর্যন্ত আইন পরিবর্তন না করা হচ্ছে, যতক্ষণ পর্যন্ত তাদের দাবি মেটাবার জন্য টাকার সংকুলান না হচ্ছে ততক্ষণ

পর্যন্ত স্ট্রাইক বন্ধ করা সম্ভব নয় যদি তারা স্ট্রাইক করার যে সঙ্কল্প সেই সঙ্কল্পে দৃঢ় হয়ে থাকেন। সেজন্য আজকে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করব যে গভর্নমেন্টের সংশ্লিষ্ট বিভাগ এমপ্লয়িজ ফেডারেশনের প্রতিনিধি এবং মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েসানের প্রতিনিধি নিয়ে যাতে সত্বর একটা আপস মীমাংসা হয়, যাতে এই স্ট্রাইক সত্যিকারে কার্যকরী না হয় যাতে সারা বাংলাদেশের নাগরিক জীবন বিপর্যস্ত না হয় তার জন্য আশু চেষ্টা করা দরকার। এটা যেহেতু ওরা মার্চ থেকে হবে সেহেতু সেটা এখনই চেষ্টা করা দরকার। এতে এতটুকু বিলম্ব হলে চলবে না। এরপর, মেডিক্যাল বিভাগ সম্বন্ধে আমি কিছু বলব। আমি মফঃস্বলের কথা বলছি, গ্রামে অনেকগুলি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার হয়েছে, প্রত্যেক থানাতে প্রাইমারী হেলথ সেণ্টার হয়েছে, এই বিষয়ে সরকারের যে কাজ সেটা নিশ্চয়ই প্রশংসনীয়। কিন্তু একটা জিনিস যা আমরা বহুবার বলেছি এবং যা সরকার জানেন সেটা হচ্ছে এই সব হেলথ সেণ্টারে ইলেকট্রিসিটির কোন বন্দোবস্ত নেই। হেলথ সেণ্টারের কাছ দিয়ে ওভারহেড লাইন গেছে কিন্তু তবুও সেখানে ইলেকট্রিক লাইট দেওয়া হয়নি। বর্তমান যুগে রাত্রি বেলায় যদি একটা ডেলিভারি কেস করতে হয় তাহলে কেরোসিন ল্যাম্প দিয়ে করতে হয়। অপারেসান করতে হলে কেরোসিনের ল্যাম্প দিয়ে করতে হয়। এটা কত অসুবিধাজনক সেটা আপনারা সকলেই জানেন। ৫০ বছর আগে দেশ হয়ত এইভাবে অভ্যস্ত ছিল। কিন্তু বর্তমান যুগে ইলেকট্রিসিটি গ্রামের অভ্যন্তরে চলে গেছে, হেলথ সেণ্টারের সম্মুখ দিয়ে চলে গেছে, অথচ এই সমস্ত রোগীদের সেবার জন্য যদি ইলেকট্রিসিটি না পাওয়া যায় তাহলে খুব দুঃখর বিষয়। এই বিষয়ে আমি সরকারের মনোযোগ আকর্ষণ করছি। আমার শেষ কথা বলছি, এটা হচ্ছে শান্তিপুর মিউনিসিপ্যালিটির কথা। সেখানকার জন্য একটা ওয়াটার সাপ্লাই স্কীম গভর্নমেণ্ট থেকে মঞ্জুর হয়ে আজ ৬।৭ বছর পড়ে আছে। তার পাইপ ও সাজসরঞ্জাম জোগাড় হয়েছে কিন্তু কাজ আরম্ভ হচ্ছে না। এই ওয়াটার সাপ্লাই স্কীম যাতে তাড়াতাড়ি চালু করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। বহু সরঞ্জাম সেখানে রয়েছে, সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে অনেক কাল পড়ে থাকার ফলে। সেজন্য আমি সরকারের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে কয়েকদিন আগে এখানে প্রেস রিপোর্ট ঠিকভাবে হয়না এই রকম একটা অভিযোগ এসেছিল বলে একটা বিতর্কের ঝড় বয়ে গিয়েছিল। আমি এটা দুঃখের সঙ্গে জানাচ্ছি, যে এখানে যে সমস্ত সদস্যরা ভাষণ দেন কোন কোন ভাল ভাল কাগজ, যেসব কাগজের খুব সার্কুলেশান হয়, সেই সদস্যদের নামগুলি ঠিকভাবে ছাপা হয় না। আমি উদাহরণস্বরূপ বলছি—কালকে যতীন্দ্র সিংহ মহাশয় বলেছেন, একটা খুব বড় কাগজে ছাপা হয়েছে শ্রীযতীন সাহা। এই জিনসগুলি বন্ধ হওয়ার দরকার হয়েছে। যতীন বাবু এখানে ৬ বছর বা বেশী আছেন, তার নামটা রিপোর্টারদের কাছে পরিচিত হয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু তা যদি ভুল ছাপা হয় তাহলে এটা খুব দুঃখর কথা। আমি স্যার, আপনার মাধ্যমে এই বিষয়ে সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি পুনরায় এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 p.m.]

Shri Syed Shahedullah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমেই আমাদের এই যে ইকনমিক রিভিউ বলে একটা জিনিস দেয়া হয়েছে সেটার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই ইকনমিক রিভিউতে একটা অংশে দেখানো হয়েছে যে সরকার দাবী করছেন, তাঁরা ভারতের তরফ থেকে দাবী করছেন যে সেখানে ট্যাক্সের হার, ইনকাম ট্যাক্সের হার অতি উচ্চ। এখন ধরে নিন পুরানো একটা কথা আছে ড্যাম লাই স্ট্যাটিস্টিক্স। এর মধ্যে স্ট্যাটিস্টিক্স সব চেয়ে বড় সে কথাটা দেখে আরো মনে পড়ে যে এই পরিসংখ্যান দেয়া—আজকে তাঁরা ভুবনেশ্বরে দাবী করেছেন যে তারা সমস্ত সাম্য এনে দেবার চেষ্টা করছেন বা সমস্ত গণতান্ত্রিক সমাজতন্ত্র স্থাপন করতে চান এই সব যে ঘোষণা করছেন, তার পর সেখানে একটা উদ্দেশ্যমূলক ভাবে পরিসংখ্যান দেয়া হয় সেই জিনিসটা তার সঙ্গে দেয়া সঙ্গত

হয় না এটাই আপনার মাধ্যমে তাঁদের ভাল করে বলবো। সেখানে তাঁদের এই পরিসংখ্যান দেবার সময় অন্ততঃ বৈজ্ঞানিকভাবে দেয়া উচিত। ইনকাম পিরামিড দেয়া উচিত—ইনকাম পিরামিড কোন দেশে কি রকম হয় তার উপরই নির্ভর করবে ট্যাক্সের হারটা উচ্চ কি না। আমেরিকায় একটা লোক যে, ২৬ হাজার টাকা রোজগার করে সেখানে সেটা ইনকাম পিরামিডের উচ্চ নয়। সাধারণতঃ ১৫ হাজার ১৬ হাজার টাকা যেখানে অ্যাভারেজ ওয়ার্কারের বছরে ইনকাম সেখানে ২৬ হাজার টাকা যার ইনকাম সে এমন কিছু ইনকাম পিরামিডের উঁচু নয় কিন্তু এখানে যে ২৬ হাজার টাকা আয় করে সে ইনকাম পিরামিডর অনেক উচুতে থাকে। সুতরাং তাদের কাছে অনেক বেশী আদায় করা উচিত এই হল নিয়ম। এখানে প্যার্সোনাল সার্ভিস এত চিপ, ২৬ হাজার টাকায় এখানে এত বেশী চাকর বাকর রাখা যায়, এত বেশী কমফোর্টে থাকা যায় যা কিনা আমরিকাতে থাকা যায় না। সেখানে লোকে একটা গাড়ী কিনলে তাকে নিজেকে ড্রাইভ করতে হয়, একজন ড্রাইভার রাখতে পারে না। কিন্তু এখানে ২৬ হাজার টাকার ইনকামের লোক হয়ত দুটো ড্রাইভার রাখতে পারে। সুতরাং এখানে কমফোর্টস অ্যাণ্ড লাকসারীজ সে পরিমাণ ২৬ হাজার টাকায় ম্যানেজ করা যায় তাদের অনেকখানি নিয়ে এসে স্টেটে দেয়া যায়। ২৬ হাজার টাকা দূরের কথা, যাদের ৯৩ হাজার টাকা আছে তাদের অনেকখানি পাব্লিকের কাজে আনা যায়। কাজেই ইনকাম পিরামিডটা বিবেচনা করা উচিত। এটা আমার বক্তব্য নয়। যাঁদের কাছে তাঁরা ভিক্ষা-পাত্র নিয়ে হাজির হন সেই ইণ্টার ন্যাশনাল মনিটারী ফাণ্ডের যিনি কর্মকর্তা ব্রুস্টিন তিনি বার বার করে ভারত গভর্নমেণ্টের দুর্বলতার প্রতি তাঁর বই-এ দৃষ্টি আকর্ষণ করছেন যে ভারত গভর্নমেণ্টের যাঁরা প্রবক্তা তারা বারবার বলেন যে এখানে ইনকাম ট্যাক্স খুব উঁচু লেভেলে আছে। কিন্তু তাঁরা আমেরিকা এবং বৃটেনের ইনকাম পিরামিডের সঙ্গে ভারতের ইনকাম পিরামিড লক্ষ্য করেন না—এটা বারস্টিনের বই খুল্লেই দেখা যাবে। তারপর এইভাবে দেয়াটা আমি মনে করি খুবই অসঙ্গত হয়েছে। তারপরে বাংলা গভর্নমেণ্ট এখানে দেখাতে চেয়েছেন অন্যান্য রাজ্যের চেয়ে মাথাপিছু ট্যাক্সের হার এখানে কম এবং গণমঙ্গলের কাজ এখানে বেশী করা হয়। এক্ষেত্রে আমি বলবো নেসান বিল্ডিং-এ তাঁরা কি কি ধরেছেন এবং ট্যাক্সের আইটেমে তাঁরা কি কি ধরেছেন। এই রকম তুলনামূলকভাবে দিলে আমরা কিছুই বুঝতে পারিছ না। কারণ আমারা দেখবো যে সব সহরে প্রাথমিক শিক্ষা অনেক দিন আগে প্রবর্তন হয়েছে এবং রাজ্য সরকার সেখানে অনেক খরচ বহন করে থাকেন, এখানকার সদরে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হয় নি এবং এখানে রাজ্যসরকার সেই দায়িত্ব ইনকামট্যাক্স পেয়ার বা অন্যান্য ট্যাক্স দাতার উপর দিচ্ছেন না, সেটা কেবল রেট পেয়ার, ভাড়াটেদের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন—এই ভাবেই তাঁরা আইন করেছেন। তাই সেক্ষেত্রে এইভাবে গণ মঙ্গলের কাজে বাংলাদেশের দাবী যতক্ষণ পর্যন্ত এই রকমভাবে নেসান বিল্ডিং-এর কাজে দেখানো না যায় ততক্ষণ পর্যন্ত কিছুই বলা হয় না এটাই আমি আপনার কাছে নিবেদন করবো। আমাদের যেটা আজ সঙ্কট দাঁড়িয়েছে কৃষির ব্যাপারে সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলবো ফসল ঘাটতির ব্যাপারে দেখা যাচ্ছে যে আমাদের সে সময় ১৯৬১ সালে ঘাটতি ছিল ৩৯ লক্ষ টন সে সময় মন্ত্রী মহাশয় বলেছেন যে ঘাটতি ছিল ২২ লক্ষ টন। আজকে এ বছর বলছেন ফসল ভাল হয়েছে তারা আশা করেন। যাহোক তার ভেতর আমি যাচ্ছি না কিন্তু যদি আশা করেন এবং ১৯৬১ সালের মত যদি ধরে নেন ফসল যদি আশানুযায়ী ৪৮ লক্ষ টন হয় তাহলে আজকে ১৩।১৪ লক্ষ টন ঘাটতি রয়েছে। সুতরাং এই জিনিসটা চিন্তার বিষয়, এটা বাজেটে রয়েছে সেখানে তাঁরা এটা দূর করবার কি ব্যবস্থা করলেন? এক একটা আইটেম যদি আমরা এখানে ধরি সেখানে আমাদের কি মনে হয়—ধরুণ সমাজতন্ত্রের ব্যাপার আমরা এই গভর্নমেণ্টের কাছ থেকে আশা করি না এবং সেই দাবীও করি না—আমরা যেটার সঙ্গে তুলনা করবো সেটা হচ্ছে একটা সভ্য গভর্নমেণ্ট এবং ধনতান্ত্রিক সমাজেও যেগুলি করা উচিত বলে বিবেচিত হয় সেই কাজও তাঁদের দ্বারা হচ্ছে কিনা।

সেচের ব্যবস্থায় দেখা যায় যে আমাদের এখানে সেচের যে পরিমান জমিতে সেচ পাচ্ছে তার মেজর ইরিগেসান স্কিমে সেখানে টার্গেট ছিল ১৪ লক্ষ একরের মত। কিন্তু সে জায়গায় হয়েছে কত? ৫ লক্ষ ৮৮ হাজার একর, এই রকম সেখানে আমরা দেখতে পাচ্ছি। কিন্তু এখানে আমরা কি দেখছি? যেখানে আজকে নূতন কৃষি ব্যবস্থা করা উচিত ছিল, তার জায়গায় কি দেখছি? তেনুঘাট ডেমএ তে কি দেখছি? ডি. ভি. সির স্কিমে

সেখানে ১ লক্ষ টাকা ধরা হয়েছে, তেনুঘাট থেকে ১১০০ কিউসেক জল, ডেম তৈরী করে তারা দামোদরের জল সংগ্রহ করে নিয়ে যাবেন বোকারো স্টীল এর জন্য। এখানে সেচের ব্যবস্থা করা যাচ্ছে না। সামান্য জল দিচ্ছেন। সেখানে ২৫ লক্ষ একর জমিতে ফসল বোনা হয়েছে কিউন এরিয়াতে সেখানে মাত্র ১০ লক্ষ টার্গেট ছিল, তার ফুলফিল করতে পারেন নি মেজর ইরিগেসান এর দ্বারা। সেখানে যেটুকু ইরিগেশনের ব্যবস্থা হয়েছে তার থেকে ১১০০ কিউসেক জল সরিয়ে নিয়ে বাংলা দেশ থেকে বোকারো স্টীল এ দেওয়া হচ্ছে। দামোদর স্কিম থেকে এখানেই জল পাওয়া যাচ্ছে না ১০ লক্ষ একরের জন্য, সেই ক্ষেত্রে এই জল যদি আবার সরিয়ে নিয়ে বোকারো স্টীলএ দেওয়া হয়, তাহলে আমাদের কি অবস্থা দাঁড়াবে তা আপনারা সবাই বুঝতে পারছেন। এটা যে শুধু চাষের পক্ষে সঙ্কট জনক তা নয়। এই যে দামোদর থেকে জল নিয়ে যাওয়া হচ্ছে, তার ফলেতে, তার সাথে কনেকটেড যে সব নদীগুলি আছে, সেগুলি স্পুরিং হচ্ছে না, পরিস্কার হচ্ছে না, এবং ক্যালকাটা পোর্টের যথেষ্ট ক্ষতি হচ্ছে এবং অন্যান্য দিক থেকেও ক্ষতি হচ্ছে। এই স্কিম যেখানে হতে যাচ্ছে, সে সম্বন্ধে বাংলা সরকার আপত্তি করেছেন আমরা শুনেছি কিন্তু যাতে এটা সম্পূর্ণরূপে বাধা দেওয়া যায়, তার ব্যবস্থা করা উচিত। ডি. ভি. সি. স্কিমে দেখা যাচ্ছে অলরেডি তারা বাজেট করে, সেই তেনুঘাট স্কিম গ্রহণ করেছেন এবং তাই এঁরাও চাইছেন। এ থেকে বোঝা যাচ্ছে তাদের এই সব আপত্তি, এমনি মামুলী আপত্তি, আসলে সেটার কোন আপত্তি নেই, অর্থাৎ বাধা দেওয়া যেটার উচিত, তারা করছেন না। সারা বাংলা দেশের মানুষকে কনফিডেন্সএ নিয়ে এসে, যাতে এ সম্বন্ধে একটা ব্যবস্থা করা যায়, তা তারা করছেন না। বাংলা দেশের মানুষকে বঞ্চিত করে, এখান থেকে জল নিয়ে গিয়ে অন্যত্র এই যে স্কিম করা হচ্ছে, এর আমি তীব্র প্রতিবাদ করছি আপনার মাধ্যমে।

এ ছাড়া অন্যান্য যে সমস্ত ছোটখাটো সেচ ব্যবস্থা আছে, তাতে আগের চেয়ে কিছু বেশী টাকা এবারের বাজেটে ধরা হয়েছে সত্য, কিন্তু সেটা এমন কিছু বেশী নয়। সাড়ে নয় লক্ষ টাকার জায়গায় আঠারো লক্ষ টাকা ধরা হয়েছে, এমন কিছু বৃদ্ধি নয়। ডিপটিউবওয়েল স্কিম ও এই রকম অন্যান্য আইটেমের জন্য টাকা ধরা হয়েছে। কিন্তু এই ডিপ টিউবওয়েল স্কিমের কি অবস্থা হয়েছে দেখুন আমি ফিগার দেখাচ্ছি ওঁদের ঐ ইকনমিক রিভিউ এবং এস্টিমেটস কমিটির রিপোর্ট থেকে। তারা ডিপ টিউবওয়েল সিঙ্ক করেছেন ১৭০টি, সেখানে মাত্র ৬৪টি অপরেট করছে। এই ভাবে যদি কাজ হয় তাহলে কি করে সেচের উন্নতি হবে।

বাংলাদেশের যে সমস্ত অঞ্চলে সেচের ব্যবস্থা নেই, যেখানে সামান্য সামান্য জলের উৎস আছে, সেখানে সেগুলি নিয়ে তাড়াতাড়ি ডেভেলপ করে, এক সঙ্গে একটা বিরাট পরিমাণ জমি আমরা উদ্ধার করে, সেখানে সেচের ব্যবস্থা সুনিয়ন্ত্রিত করতে পারি, এবং সেচের ব্যবস্থা সুনিয়ন্ত্রিত হলে, সেখানে মূলধন বিনিয়োগ হবে এবং তাতে চাষীরা ভাল করে সার দিয়ে ফসল উৎপন্ন করতে পারবে। চাষের উন্নতির জন্য সেচ যে প্রধান অবলম্বন, তার উন্নতি করতে গেলে সরকারে প্রথম যে ব্যবস্থা করা দরকার, তা হচ্ছে ছোট ছোট সেচ পরিকল্পনা সম্বন্ধে দৃষ্টিভঙ্গী নিয়ে কাজে করা। দ্বিতীয়তঃ তারা যেখানে তাদের এই সমস্ত দপ্তরের দ্বারা কাজ করতে যাচ্ছেন, সেখানে হয়ত রং সাইট সিলেকসান-এর জন্য এবং অন্যান্য নানারকম দিক থেকে তাদের এমন ভাবে পঙ্গু করে দিচ্ছেন, যে সেখানে সমস্ত টাকাটা নষ্ট হয়ে যাচ্ছে।

[5-00—5-10 p. m.]

সেখানে দেখা যাচ্ছে পাম্প ষ্টেশান করবার সম্বন্ধে পুরানো—কৃষি দপ্তরে যখন দেখা যাচ্ছে গাঁয়ের কৃষকরা যারা বিপন্ন হয়েছে আবাদের সময় জল না পেয়ে ছুটে এসেছে কৃষি-দপ্তরে, পাম্পএর জন্য—তখন কৃষিদপ্তর থেকে জানান হয়েছে পাম্প ভাড়া দেবার কোন ব্যবস্থা করা হয়নি। তারা বলেন যে আমাদের পাম্প নষ্ট হয়ে যাবে। আবার এদিকে বলা হয় যে আমরা অনেক রকম ব্যবস্থাই করেছি। তারপরে সারের ব্যাপারে আসুন আমরা শুধু দেখছি খবরের কাগজে প্রবন্ধ বেরুচ্ছে যে সরকার সারের জন্য অনেক টাকা খরচ

করছে। এটা সংবাদপত্রে এবং মন্ত্রীদের বক্তৃতার মধ্যে শুধু পাওয়া যায়। যাই হোক চাষীদের যখন এই রকম অবস্থা এবং আবাদ হচ্ছে না জলের অভাবে মাঠ যেখানে শুষ্ক হয়ে আছে সেখানে ইমারজেন্সী পাম্প এর ব্যবস্থা না করা হলে চাষ করা অসম্ভব। আজ পর্যন্ত সরকারের তরফ থেকে ঐরূপ ব্যবস্থা অর্থাৎ ইমারজেন্সী পাম্প ভাড়া দেওয়ার ব্যবস্থা সেগুলি এখনও পর্যন্ত হলো না এবং আমাদের মনে হয় সেগুলো করলে অনেক কিছু উপকার হবে। এই সব করলে খাদ্য সমস্যার অনেকখানি সমাধান হবে। ঋণের দিক থেকে আমাদের মাননীয় নগেন বাবু যা বললেন সেটা বাস্তবিকই প্রণিধানযোগ্য। সমবায়ের মধ্যে দিয়ে না গেলে এই সমস্যার সমাধান হওয়া কঠিন। রুরাল ইকনমিক সার্ভে করে দেখা গিয়েছিল যে সরকার যা চাষীদের ঋণ দেন তা প্রয়োজনের তুলনায় শতকরা মাত্র ৩ ভাগ পায়। এবং কো-অপারেটিভ যা দেন তা হচ্ছে শতকরা ৩ ভাগ। বাকী ৯৪ ভাগের জন্য কৃষককে গ্রামের মধ্যে হাতড়িয়ে বেড়াতে হয়। যা হোক বন্ধক দিয়ে বা অন্য উপায়ে তাকে সেই ঋণ সংগ্রহ করতে হয়। একটা জিনিষ এখানে লক্ষণীয় এই যে চাষীকে যখন এই ঋণ করতে হয় তা সারা বছরের জন্য করতে হয়। তার বৈশাখ মাস থেকে শুখনো চাষ শুরু হয় আবার মাঘ ফাল্গুন না হলে তার ফসল ওঠে না। তাকে সারা বছর ধরে প্রতীক্ষা করতে হয়। চাষ কার্য্যে যারা নিযুক্ত তাদের মধ্যে শতকরা ৭২ ভাগ গরীব অথচ এদের জন্য ঋণ পাওয়া যাচ্ছে না। কিন্তু এদিকে দেখুন ব্যাঙ্কএ যা ইকনমিক রিভিউতে রয়েছে প্রায় ১৪ শো কোটি টাকা ব্যাঙ্ক এ ক্রেডিটএ কাজ করছে। আবার কেউ প্রায় ১৭ শো কোটি টাকা খাটাচ্ছে। সেই ১৭ শো কোটি টাকা কল কারখানায় যারা আজকে লোন নিয়ে কালকে মাল বেচে শোধ করেন এই সর্ট টার্ম লোন যারা নেন তারাই সেগুলি ব্যবহার করতে পাচ্ছেন মাত্র। অতএব বড় বড় পুজিপতিরাই তাদের প্রয়োজন মেটাতে পাচ্ছেন। কিন্তু চাষী যে সবচেয়ে গরীব যাকে গোটা বছর অপেক্ষা করতে হয় তাদের উৎপাদন নিয়মই এই রকম যা ১ বছর না হলে ফিরে আসে না। কল কারখানার উৎপাদনের মত নয় সেই চাষীকে সাহায্য করবার জন্য কৃষি ঋণ ব্যবস্থা কোন রকম নেই সাহায্য করবার কোন ব্যবস্থা নেই তাহলে কি করে তারা উৎপাদন করবে। এখানেতে একটা কথা বলার দরকার, কো-অপারেটিভে যেমন লোন দেওয়া হয় যেটা অন্য সদস্যরা বলেছেন তা সময়মত দেওয়া হয় না এবং নানারকম অসুবিধা আছে। তা ছাড়া যা করা হয়েছে এবারে আমার জেলায় বর্দ্ধমান জেলার মধ্যগ্রাম ইউনিয়নের একটি উদাহরণ দিয়ে দেখাবো যে সেখানে ইণ্টারিম লোন-এর নাম করে জমি মর্টগেজ দেওয়া হয়েছে বা কারবারনামা পর্যন্ত করা হয়েছে। কারবারনামা রেজিস্ট্রি পর্যন্ত হয়েছে। অথচ তাকে লোন দেওয়া হয়নি। সেখানকার যারা কো-অপারেটিভ ওয়ার্কার প্রসঙ্গত তাদের মধ্যে অনেকে কংগ্রেসের ওয়ার্কার আছে, বিপর্যস্ত বিব্রত লোকে তাদের প্রশ্ন করে, তারা অস্থির হয়ে যায়। তারা এখন পর্যন্ত ইণ্টারিম লোন পায়নি। যাই হোক আমি কতকগুলি অন্য কথা এখানে বলতে চাইছি। একটা হচ্ছে এখানেতে যে কারমাইকেল মেডিকেল কলেজ হোস্টেল আছে সেই সম্বন্ধে একটি কথ বলবো।

এখন ছাত্রদের সেই হোস্টেল থেকে এই দাঙ্গার সময় বেরুতে হয়েছিল এবং সেই দাঙ্গার সময় সেই হোস্টেল লুঠ হয়ে গেছে। আমি যা শুনেছি তাতে বলতে পারি এখানকার একজন শিক্ষক সদস্যের সাক্ষাতে পুলিসের হাতে সেই হাস্টেলের চাবি দেওয়া হয়েছিল এবং তাদের রক্ষণাবেক্ষণের ভার দেওয়া হয়েছিল। প্রথমতঃ ছাত্রদের সরে যাবার ব্যবস্থা পুলিস থেকে করা হয়নি। তাদের কোন রকমে আত্মরক্ষা করে উত্তেজিত অবস্থার মধ্যে ব্রাউডের ভেতর দিয়ে পালিয়ে যেতে হয়েছিল। সেই ঘর যা পুলিসের হেফাজতে রেখে দেওয়া হয়েছিল ছাত্রদের সেই ঘর লুণ্ঠন হয়ে গেল। সেই ছাত্রদের বিছানাপত্র, বই, খাতাপত্র সমস্ত জিনিস চলে গেছে, তারা কলকাতায় আশ্রয় পাচ্ছে না। ১০।১২ জন ছেলের সরকার ব্যবস্থা করেছিলেন, তারা দিনকতক রামকৃষ্ণ মিশন না কোথায় ছিল আমি সম্পূর্ণ জানি না, কিন্তু অন্যান্য ছেলেরা জানত যে আমাদের সেই জায়গায় ফিরিয়ে দেবে, কিন্তু সে ব্যবস্থা হয় নি। তারা কি করবে, কোথায় গিয়ে উঠবে কিছুই বুঝতে পারছে না, এই রকম একটা শোচনীয় অবস্থা চলছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে নিবেদন করব যে তাড়াতাড়ি তাদের যাতে একটা সুরাহা হয় এবং ঐ

হোস্টেলে তারা যাতে ঠিকমত থাকতে পারে তার একটা ব্যবস্থা করুন। আর একটা কথা আমি বলব। আমি দীর্ঘ দিন প্রেসিডেন্সী জেলে ছিলাম। এই প্রেসিডেন্সী জেল অত্যন্ত ইনস্যানিটারী কনডিসানের মধ্যে পড়ে রয়েছে, গোটা জেলময় ইউরিনের গ্যাস। এটার রিফর্মের চেষ্টা করা উচিত। নতুন পরিকল্পনা নিয়ে এটা রিপেয়ার করা উচিত। যারা জেলে আছে সে কয়েদী হোক আর অন্য যে কেউ হোক তাদের এবং এমন কি এমপ্লয়ীদেরও সেই ইনস্যানিটারী কণ্ডিসানের মধ্যে থাকতে হচ্ছে। অত্যন্ত মিডিওভ্যাল কণ্ডিসানের জিনিস। বিদেশের যদি কোন রাষ্ট্রীয় অতিথি এখানকার জেল দেখতে আসেন তাহলে অত্যন্ত লজ্জার পরিস্থিতি হবে এটা আমি আপনার কাছে নিবেদন করছি।

Shri Biswanath Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার বাজেট অধিবেশন আমাদের সামনে অভিসম্পাত নিয়ে এসেছে। ১০ই ফেব্রুয়ারী অধিবেশন প্রথমে আরম্ভ হল, রাজ্যপাল উভয় পরিষদে ভাষণ দিলেন, সেই ভাষণের মাঝখানেই আমাদের শ্রদ্ধেয় হেমন্ত বাবু পার্লামেণ্টারী কনভেনসান ভঙ্গ করে রাজ্যপালের সামনে দাঁড়িয়ে অভিযোগ তুললেন। বিরোধী পক্ষের সদস্যরা জনসাধারণের ভোটে নির্বাচিত, তাঁরা সভায় বলতে পারেন। তারপর কলকাতার আবহাওয়া ভাল। ভুবনেশ্বরে কংগ্রেস অধিবেশনে যোগদান করবার জন্য মুখ্যমন্ত্রী ৫ই জানুয়ারী যাত্রা করলেন। সেই যাত্রা খুব ভাল ছিল না। সেদিন অগস্ত্য যাত্রা ছিল। যেদিন ফিরে এলেন, আমার মনে আছে ৮ই ফেব্রুয়ারী সকাল থেকে চেষ্টা করছেন ফিরবার জন্য, সকাল ৮টায় ফিরে আসবার কথা, কিন্তু কলকাতা কুয়াশাচ্ছন্ন, ৮টা বাজল, ৯টা বাজল, ১০টা বাজল, ১১টা বাজল, ১২ বাজল, সেই জাহাজ ফিরে এল রাত্রি ১২ টার পরে, এসে দেখলেন কলকাতা শহরের মধ্যে হাঙ্গামা সম্পূর্ণভাবে আরম্ভ হয়নি, টুকটাক আরম্ভ হয়েছে। কিন্তু তারপরে কাশ্মীরে হজরত বাল চুরি যাওয়ার ফলে খুলনাতে যখন বহুসংখ্যক হিন্দু নিধন আরম্ভ হয়ে গেছে তখন কলকাতায় এই পরিবেশে বাঙালীরা এটা সহ্য করতে পারল না। যতই আমরা সেকুলারিজমের কথা বলি তার ফলে কিছু কিছু ঘটনা চারিদিকে হতে আরম্ভ করল। যে পুলিসের যোগ্যতা অযোগ্যতা সম্বন্ধে আমাদের বিরোধী পক্ষের যতীনবাবু চিৎকার করে থাকেন সেই শচীন ঘোষের অপদার্থতার জন্যই এই জিনিসটা হয়েছে। আজকে কলকাতার পুলিস কমিশনার যদি পি, কে, সেন, কি রায় বাহাদুর সত্যেন মুখার্জী থাকতেন তাহলে দাঙ্গা এতদূর বাড়তে পারত না। আমি পি, কে, সেন সম্বন্ধে কথা বাড়িয়ে বলছি না, ক্যালকাটা পুলিসের নাড়ী নক্ষত্র তাঁর জানা আছে। তাঁকে বসালে আজকে আমি ডাকতে হত না।

[5-10—5-20 p. m.]

কোথায় কোন গুণ্ডা বাস করে, কোন গুণ্ডা কলাবাগান বস্তীতে বাস করে, কোন গুণ্ডা বিবিবাগান, বাবুবাগান বস্তীতে বাস করে সব নাড়ীনক্ষত্র তাঁর জানা আছে, তাঁর যোগ্যতা অযোগ্যতা সম্বন্ধে আমি একথা নিশ্চয় করে বলতে পারি কোলকাতায় এই দাঙ্গাহাঙ্গামা থামাবার যোগ্যতা তাঁর মধ্যে ছিল। আজকে আমি ডাকা হয়েছে—১০ই রাত্রে মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করলেন প্রথমে আমির চীপের সঙ্গে কথা বলতে, তিনি বল্লেন আমির যে ক্ষমতা আছে সেই ক্ষমতা আইনগত ক্ষমতা নয়। আমাদের সঙ্গে সঙ্গে বিচার করতে হবে ম্যাজিস্ট্রেট অর্ডার না দিলে আমরা ফায়ার করতে পারি না। এই গোলমালের মধ্যেও তাঁকে দাঙ্গা দমন করতে হয়েছিল এবং ঈশ্বরের কৃপায় আমি বলবো সেই দাঙ্গা সেদিন দমন হয়েছে। আজকে আমি একটা কথা বলবো, বিরোধিপক্ষের মাননীয় সদস্য বহরমপুর নিবাসী শ্রীশশাঙ্ক স্যান্যাল মহাশয় এখানে নেই, তিনি যে প্রচার করেছেন, আমার মনে হয় ১৯৩৯ সালে হিন্দু মহাসভা যে সাম্প্রদায়িক বিষ ছড়িয়েছিল সেই বিষই তিনি আজ ছড়িয়ে গেছেন। তিনি বিরোধিপক্ষের সদস্য, বিরোধিপক্ষের প্রত্যেক সদস্যকে বলতে হবে কিন্তু আমরা যদি এ ব্যাপারে কিছু না বলি তাহলে আমাদের পক্ষে অন্যায় হবে। তিনি যে সাম্প্রদায়িক বিষ ছড়িয়ে গেছেন সেই বিষ তিনি মুর্শিদাবাদ জেলা যেটা মুসলমান প্রধান দেশ সেখানেও ছড়িয়েছেন এ খবর আমার কাছে এসেছে। সাম্প্রদায়িক দাঙ্গা লাগিয়ে তাঁর যে কি লাভ হবে তা জানি না, তবে আমার মনে হয় তার লাভ হচ্ছে "এলোমেল

করে দেমা লুটে পুটে খাই", তিনি বিরোধিপক্ষে আছেন, তাঁর গদী থাকুক, আর নাই থাকুক তিনি কথায় কথায় বলেন আপনারা পদত্যাগ করুন। যা হক এই পরিষদে অর্থমন্ত্রী যে বাজেটই রচনা করুন না কেন আর একজন অর্থমন্ত্রী ছিলেন ১৯৪৮ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত, তিনিও বাজেট করে গেছেন, তারপরে ১৯৬২-৬৩ সালে এলেন মাননীয় শ্রীশঙ্করদাস ব্যানার্জি মহাশয়, তিনি এলেই গোলমাল সুরু হয়, এই পরিষদের মধ্যেও গোলমাল হয়ে গেছে। তারপর শৈলবাবু নিয়ে এলেন। প্রথমে আইন সভা বন্ধ হয়ে গেল এক দিন, এখানে যতীন বাবুও খুব পাকা ঝুনো পার্লামেণ্টারীয়ান হিসাবে চেষ্টা করেছিলেন, অবশ্য পারেন ন। আমার একটা কথা বলবার ইচ্ছে ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় ১২ আনা পয়সা থেকে ১৩৪ কোটি টাকার বাজেট করেছিলেন। তারপরে সাইদুল্লাসাহেব যা বল্লেন আমি তার সঙ্গে একমত যে এবারে বাংলা-দেশে যা জল হয়েছিল একটু চেষ্টা করলেই বহু ফসল করতে পারা যেত কিন্তু এত জল জমে গিয়েছিল যে তা কাটাবার বন্দোবস্ত ছিল না। বাঁধ কাটাবার ব্যবস্থা নেই। আমি সেচ মন্ত্রীর কাছে নিজে দরবার করেছি, সেই বাঁধ কাটাবার বন্দোবস্ত আমরা করতে পারি না, সেখানে অনুমতি নিতে হবে এখান থেকে। তারপর আমাদের দেশে খড়গুলি পর্যন্ত জ্বালানীর জন্য কেটে নেয়া হয়, তারপর জলের অভাব রয়েছে, এই অবস্থার মধ্যে আমাদের চাষ হয়। মৎস্য সম্বন্ধে বলবো, আমাদের দেশে মৎস্যের অভাব রয়েছে কিন্তু একটু চেষ্টা করলেই আমাদের দেশে মৎস্য বাড়ে অথচ সরকারী লালফিতার জন্য আমরা কিছু করতে পারি না। আমাদের ক্যানিং অঞ্চলে যে মতিলা রিভার আছে তাতে প্রচুর মাছ ছিল কিন্তু এখন কিছু নেই। আমাদের ডিরেক্টোরেট বসে আছেন, যে লালফিতার যুগ তাতে মন্ত্রীমহাশয় কি করবেন। আমি একটা ঘটনা বলি আমার সামনে স্মরজিৎ বাবু লিখে দিয়েছিলেন ফাইলের মধ্যে একটা খালের ব্যাপারে কিন্তু সেই ফাইলটা কেবলই ঘুরছে। আমাদের এই সব মন্ত্রীরা জনগণের দ্বারা নির্বাচিত কিন্তু আমাদের যারা কর্মচারী আছেন তাঁদের যদি আমরা পুরোপুরি ডিফেণ্ড করি তাহলে কোন কাজই হবে না। একটু চেষ্টা করলেই ইরিগেসন দ্বার আমাদের ফলন বাড়ানো যায়।

পরিশেষে আমি এখানকার পরিবহন ব্যবস্থা সম্পর্কে দু-চারটা কথা বলতে চাই। আজ দেশের মানুষ সরকার বিরোধী হতে বাধ্য, কারণ তাদের যে রকম দুর্ভোগ ভোগ করতে হয় যাতায়াতে তা অবণনীয়। আমরা বাল্যকালে ওয়াগনে করে গরু, ছাগল, ভেড়া প্রভৃতি আসতে দেখতাম। আজ মানুষকে ঠিক সেই ভাবে গরু, বাছুরের মত ট্রামে, বাসে যাতায়াত করতে হয়, তার ভিতর দিয়ে কি করে যে তারা বেঁচে বাড়ী ফিরে যায় আশ্চর্য। আজ ১৭ বছর হল আমরা স্বাধীনতা পেয়েছি। আজ আমরা ভারতীয় নাগররিকের মান পেয়েছি। আমাদের ভবিষ্যৎ নাগরিক যারা তারা যেন পুরা মাত্রায় পূর্ণ নাগরিকত্ব পেয়ে যায়। তারা যেন সম্প্রদায় মুক্ত থাকে, এই যেন আমরা দেখতে পাই, এবং শিক্ষক সম্প্রদায়ের মধ্যে, শুধু শিক্ষামন্ত্রী নয়, অন্যান্য শিক্ষক যারা আছেন, তাঁরা যেন রাজনীতি ছেড়ে দিয়ে শুধু শিক্ষাই দেন। ভবিষ্যৎ ভারতবর্ষের দিকে তাকিয়ে, বাঙ্গালী জাতির দিকে তাকিয়ে তাঁরা যেন সৎ শিক্ষা দেন, তবেই বাংলা দেশ বাঁচবে, ভারতবর্ষ বাঁচবে, আমার এই বক্তব্য রহিল। আমি এই বাজেট সমথন করছি।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের অংক নিয়ে আমি চুল-চেরা বিচার করতে চাই না। কারণ, বাজেটে লেখা আছে, দেশের কল্যাণের জন্য, সমাজের কল্যাণের জন্য এই বাজেট তৈরী হয়েছে,। দেশের ও সমাজের কল্যাণের যে রূপটা আমরা দেখছি, সেটা দেখলেই আমাদের বাজেট বিচার করা হবে। আমরা দেখতে পাচ্ছি যে বিদেশীর দিকে আমাদের সরকার হাত বাড়িয়ে বসে আছেন, যে সেখান থেকে টাকা আসবে। আজ আমাদের সরকার বিশ্ববিদ্যালয়কে যে ভাবে টাকা দিচ্ছেন, তাতেও তারা বিদেশের দিকে হাত বাড়াতে বাধ্য হচ্ছেন। আমরা দেখতে পাচ্ছি যাদবপুর ইউনিভার্সিটি বিদেশের বহু দান নিয়েছে এবং সেই সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে বিদেশের দান কোন বিদ্যালয় যেন সরাসরিভাবে নিতে না পারে। সেই দান যদি একসেপ্ট করতে হয় তাহলে সেটা সরকারের মাধ্যমে করতে হবে। কারণ এতে একটা রং ওয়ে

সৃষ্টি হয় এবং শনি সব সময় রন্ধ্র পথে আসে, এতে যে কতখানি অনিষ্ট হতে পারে তা সরকার পরে বুঝতে পারবেন এবং তখন তাঁর আইন পরিবর্তন করতে হবে। আজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ও বিদেশীর কাছ থেকে টাকা নেবার জন্য হাত বাড়িয়েছেন এবং তার জন্য সেখানে রেগুলার অফিস বসে গিয়েছে। দিনের পর দিন তারা ৯টা থেকে ৫টা পর্যন্ত অফিস চালিয়ে যাচ্ছেন এবং ইউনিভার্সিটির সমস্ত খাতাপত্র তারা বিচার করে দেখছেন, এবং মাসখানেক পরে তাঁরা হয়ত একটা কিছু মোটা দান করবেন। কিন্তু আমাদের সরকার যখন কোন একটা প্রতিষ্ঠানকে টাকা দান করেন, তখন তার উপর একটা কণ্ডিসান আরোপ করে থাকেন, বিনা সর্তে কোন দান আজ পর্যন্ত তারা করেন নি। সুতরাং আজকে যে বিদেশী সরকার আনকণ্ডিসনাল কোন দান করবেন এটা ভাবতে পারি না, অন্ততঃ আমাদের সরকারের মতিগতি দেখে। সুতরাং কলকাতা বিশ্ববিদ্যালয় ভারতের স্বাধীনতার জন্য দেশপ্রেমের জন্য বিখ্যাত এবং ভারতে যতগুলি স্বদেশী গণআন্দোলন হয়েছে দেশ মুক্তির উদ্দেশ্যে আন্দোলন হয়েছে তার প্রধান, প্রধান নেতাদের সৃষ্টি করেছে—এই কলিকাতা বিশ্ববিদ্যালয়। স্যার, আশুতোষ মুখোপাধ্যায় কালকাতা বিশ্ববিদ্যালয়ের যে একটা ট্রেডিসান স্থাপন করে গিয়েছেন, আজকে সেই ট্রেডিসান নষ্ট করছেন আমাদের বর্তমান সরকার।

[5-20—5-30 p. m.]

কারণ সেখানে এ পর্যন্ত যারা ভাইস-চেন্সেলার হতেন তারা অবৈতনিক ভাইস-চেন্সেলার হতেন, তাদের নিজেদের স্বাধীন মত প্রচার করতে পারতেন। যখন থেকে সেই ভাইস-চেন্সেলারকে রজত শৃঙখলে বাঁধা হয়েছে সরকারী দপ্তরের সঙ্গে তখন থেকে সেই ভাইস-চেন্সেলাররা তাঁদের স্বাধীনতা হারিয়ে ফেলেছেন। আমাদের শেষ ভাইস-চ্যান্সেলার শম্ভুনাথ বাবু তিনি টাকা নিতে প্রত্যাখ্যান করেছিলেন এবং অবৈতনিক ভাবেই কাজ করেছিলেন। তিনি তার স্বাধীন বিচারবুদ্ধি প্রয়োগ করেছিলেন। আজকে আমি এই দিকে সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। তারা যেন সরাসরি কোন বিশ্ববিদ্যালয়কে বিদেশী কোন সরকারের দান নিতে অনুমতি না দেন। এবং আজকে ইউনিভার্সিটি আইন পরিবর্তনের কথা আসছে এবং সেখানে আমি বলব যে আমার কানে এসেছে যে সেখানে এক নায়কত্বের প্রতিষ্ঠা হতে চলেছে নতুন পরিবর্তনের মাধ্যমে। সেখানে ভাইস-চ্যান্সেলার এর হাতে সমস্ত ক্ষমতা তুলে দেওয়া আমি মনে করি অত্যন্ত বিপদজনক হবে। কারণ ভাইস-চ্যান্সেলার সব সময় যে ভাল লোক হবেন এর কোন গ্যারাণ্টি নেই। সে গ্যারাণ্টি সরকারও দিতে পারেন না, কেউ দিতে পারেন না। পৃথিবীতে এমন কোন লোক আছে যে গ্যারাণ্টি দিতে পারে যে সমস্ত ভাইস-চেন্সেলার ইউভার্সিটির ভাল লোক হবেন। সুতরাং সেই অকুণ্ঠিত ক্ষমতা যদি তার হাতে তুলে দেওয়া হয় তাহলে বিশ্ববিদ্যালয়ের অনিষ্ট ঘটতে পারে—এটা আমি সরকারের কাছে বিশেষভাবে দৃষ্টিগোচর করতে চাই। তারপরে আমি বলব যে বাংলাদেশে শিক্ষা ব্যবস্থা যেটা হয়েছে অনেক নতুন স্কুল অনেক টাকা সরকার দিয়েছেন বটে কিন্তু জাতীয় সরকারের যে জিনিষটা করা দরকার যে সরকারী শিক্ষক বা সরকারী বিদ্যালয় বা সরকারী কলেজের শিক্ষক এবং বেসরকারী বা সরকারের সাহায্যপুষ্ট যে সমস্ত স্কুল আছে তার যে শিক্ষক তাদের মধ্যে কোন প্রভেদ যেন না থাকে। এ জিনিষটা যদি আমরা না করতে পারি তাহলে আমাদের জাতীয় সরকার শিক্ষার উন্নতি টা কি করলেন—এটাই তাদের বোঝা প্রয়োজন। সুতরাং আজকে সরকারী শিক্ষক বলতে গেলে, সরকারী কলেজ বলতে গেলে কি বোঝায়—সরকার কেন গোটা-কতক কলেজকে বেছে নেবেন? এবং বেছে নেবার মত অধিকার আছে কিনা—সেই অধিকারের প্রশ্নই আমি এখানে জিজ্ঞাসা করব। কারণ স্বাধীন দেশ আমার, আমার স্বাধীন দেশেতে এই রকম বিভাগ থাকা উচিত নয়। আজকে গভর্নমেণ্ট কলেজে যে সমস্ত শিক্ষকদের বেতন তাঁরা বাড়িয়েছেন, স্পনসর্ড কলেজএর শিক্ষকদের ঠিক সেই রকমভাবে সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে না। তাদের টাকা হয়ত আংশিক ভাবে দেওয়া হয়, কিন্তু সেটা পরে দেওয়া হয়। এই সমস্ত অনিয়মগুলি ছিল যখন গ্র্যাণ্ট কমিশন টাকা দিত। যখন সরকার সরাসরি এর ভার নেবেন তখন সেই সমস্ত

পদ্ধতি বদলে যাবে বলে বলেছিলেন। কিন্তু এ পর্যন্ত সেই পদ্ধতি বদলে যায় নি। এবং এটা কবে বদলাবে সেটা আমি জানতে চাই। স্কুলের বেলায় ঠিক সেই কথাই আমি বলব। কারণ আজকে আমি জানি আমাদের মন্ত্রীমহাশয়ের প্রিয়ছাত্র এবং তারা কংগ্রেস চাঁই তারা পর্যন্ত মিষ্টার অমিয় সেন যিনি সিটি কেলেজের রেক্টর তিনি পর্যন্ত আমাকে বলেছেন যে সরকারের টাকা পেতে এমন বিলম্ব হচ্ছে যে তাঁহার কলেজের কাজ পরিচালনা করা পর্যন্ত কঠিন হয়ে উঠেছে। সুতরাং অন্য লোকের কথা ছেড়ে দিলাম। এই রকম সমস্ত স্তরেতে এই অসুবিধা হচ্ছে। তারা অডিট করে দেবেন, অডিট করে দেখবেন, অডিটর প্রম্পটলি কাজ করে যেখানে দুর্নীতি হচ্ছে তা কঠোর হস্তে দমন করুন। এই কথা আমি বলব। আজকে সেকেণ্ডারী বোর্ডে যাঁকে সেক্রেটারী করা হয়েছে তাঁর গুণাপণা কি আছে? আমি একটা স্কুলের নাম করে বলছি সোনালী গার্লস স্কুল জলপাইগুড়ি, সেখানে ক্যাপিট্যাল গ্রাণ্টস দেওয়া হয়েছে। সেই স্কুলের কোন নামে পরীক্ষার ফল বেরোয়, ছাত্র-ছাত্রীরা পাশ করে, সেই স্কুলের নামটা তখন কি দাঁড়ায় সেই খোঁজটা কি তাঁরা রেখেছেন? আজ আমি জিজ্ঞাসা করি সেই খোঁজটা রাখা কার কাজ? সেক্রেটারী এমনই অপদার্থ যে সেদিকটা পর্যন্ত দেখেন না। অথবা তাঁর মুখ চেপে দেওয়া হয় সরকারী থাবায়। কারণ, সেখানে যারা ইলেকসান বৈতরণীর খেয়া মাঝি তাঁরাই সেই সমস্ত স্কুলের ম্যানেজিং কমিটিতে আছেন, তাঁদের বিরুদ্ধে কথা কইবার শক্তি এঁদের নেই। তারপর আমি আপনাদের কাছে অন্য বিষয় তুলতে চাই। বেঙ্গল লাইব্রেরী এ্যাসোসিয়েসান অর্থাৎ গভর্নমেণ্ট স্পনসোর্ড যতগুলি লাইব্রেরী আছে তাদেব যে সমস্ত লোক কাজ করে তাদেব চাকরি সম্বন্ধে কোন সুব্যবস্থা হয়নি এবং তারা সে সম্বন্ধে গভর্ণমেণ্টের কাছে বহুদিন ধরে আবেদন নিবেদন করছে। সরকারের সে সম্বন্ধে মত কি সেটা আমি জানতে চাই। তাদের কণ্ডিসান অব সার্ভিস কি তাও তারা এ পর্যন্ত জানে না। তাদের লিভ রুলস আছে কিনা তাও তারা এ পর্যন্ত জানে না। তাদের বেতনের যে সমস্ত স্কেল তাও এখনও দেওয়া হয়নি, একটা ফিক্সড পে দেওয়া হয়েছে। তাদের কার্য যদি বিবেচনা করে দেখা যায় তাহলে দেখা যাবে তাদের কার্য কোন গভর্নমেণ্ট লাইব্রেরীয়ান, অন্যান্য ওয়ারকার তাদের সঙ্গে সমান দায়িত্বপূর্ণ, বরং তাদের অনেক সময় বেশী কার্য করত হয়। তাদের বই অন্যত্র নিয়ে গিয়ে দিতে হয়। তারপর রিলিফ এণ্ড রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট। সেখানে যে সমস্ত সরকারী কর্মচারী আছে তাদের স্কেল যদি অন্যান্য সমস্ত বিভাগের সঙ্গে তুলনা করে দেখা যায় তাহলে দেখা যাবে তার মধ্যে অত্যন্ত অসংগতি এবং অসামঞ্জস্য রয়েছে। তারাও বহুবার সকারের কাছে আবেদন নিবেদন করেছে, সরকার একটা স্বীকৃতিও দিয়েছিলেন যে এইভাবে তাঁদের স্কেল করা হবে। কিন্তু এই পর্যন্ত সেই স্কেলটা চালু করা হয়নি কেন সেটা আমি জানতে চাই? এবং সরকার সে সম্বন্ধে শীঘ্র বিবেচনা করে সদুত্তর দেবেন বলে আমি আশা করব। তারপর আমি দেখতে পাচ্ছি যখনই মিউনিসি-প্যালিটিকে সুপারসিড করা হয় তখনই সেখানে একজন এগজিকিউটিভ অফিসার বসিয়ে দেন এবং তারা খুব ভাল কাজ করে বলে সরকারের ধারণা আছে। আমি সম্প্রতি দেখতে পাচ্ছি ভাটপাড়া পৌরসভার নির্বাচন হতে চলেছে। সেখানে যে ভোটার লিস্ট তৈরি হয়েছে সেই ভোটার লিস্টের দাম হয়েছে ১০ টাকা। আমি প্রশ্ন করেছিলাম এটা আপনারা সংগত মনে করেন কিনা? তাতে স্বায়ত্বশাসন মন্ত্রী উত্তর দিয়েছিলেন হ্যাঁ, আমি এ কমাতে চাই না, এটা ঠিকই হয়েছে। আমি জিজ্ঞাসা করি যে এই রকম ১৯টা ওয়ার্ড নিয়ে এ্যাসেম্বলীর একটা সিট হয়, সেই এ্যাসেম্বলী সিটের জন্য যে ভোটার লিস্ট হয় তার চেয়ে তো বেশী হতে পারে না? তার দাম হচ্ছে ২০ টাকা। তাহলে এই ১৯টা ওয়ার্ডের যদি ভোটার লিস্ট নেওয়া যায় তাহলে এর দাম হবে ১৯০ টাকা। যে সমস্ত এগজিকিউটিভ অফিসার রেখেছেন তাঁরা যা করেছেন ঠিকই করেছেন বলে সরকারের ধারণা। এতবড় বেআইনী কাজ শুধু এই কংগ্রেস সরকারের আমলেই হতে পারে। যে বেআইনী কাজ তাঁরা করছেন সেটা তাঁরা বুক ফুলিয়ে বলছেন যে হ্যাঁ ঠিকই হচ্ছে। আ আমরা দেখছি যে এই ২০ পাতা কি ২১ পাতার দাম হচ্ছে ১০ টাকা। আর আগে যখন আমাদের একটা করে ওয়ার্ড ছিল, এখন একটা ওয়ার্ড ভেঙ্গে ৫।৬টা করে ওয়ার্ড হয়েছে, সেই এক একটা ওয়ার্ডে ইলেকটোরেটের সংখ্যা সামান্য কিছু কম ছিল, তখন তার দাম ছিল ছিল ২ টাকা।

[5-30—5-40 p. m.]

এবং ইলেকসনের জন্য যে খরচ এ পর্যন্ত হয়েছে তাতে ৫০ হাজার টাকা তারা খরচ করেছেন। সেখানে সমস্ত ইলেকসান আগে ৮।১০ হাজার টাকার মধ্যে হয়ে যেত। (শ্রীমহীতোষ রায় চৌধুরীঃ মেম্বার কজন?) কমিশনার ২৫ জন, ২৫টা ওয়ার্ড—তাহলে ২৫০ টাকা হয়েছে আর অ্যাসেম্বলীতে সেখানে হচ্ছে ২০ টাকা গোটাটা, তাতে ১৯।২০টা ওয়ার্ড থাকে এরকম ওয়ার্ড। তারপরে এবারে বি, এ ডিপ্লোমা যেটা দেয়া হয়েছে তাতে ভাইস-চ্যান্সেলারের সহি নেই, কারে সহি নেই কেবল রবার স্ট্যাম্প দেয়া আছে। প্রত্যেকবারে সিগনেচার দেয়া হত। এই সহিটা যে উঠে গেছে এতে অন্য ইউনিভার্সিটিতে জালিয়াতী হবার সম্ভাবনা আছে এবং অন্য ইউনিভার্সিটি এটা গ্রাহ্য নাও করতে পারেন এবং বিদেশে গেলে পর কি হবে তাও বলা মুস্কিল। চিরকাল যেটা হয়ে আসছিল তার যে ব্যতিক্রম ঘটেছে সেটা সব ইউনিভার্সিটিকে জানানো হয়েছে কিনা যে এরকমভাবে নূতন ডিপ্লোমা দেয়া হচ্ছে এই জিনিসটা আমি জানতে চাই এবং সেটা ভ্যালিড কিনা? তারপর একজামিনের সংখ্যা যেরকম বাড়ছে তাতে একজামিনেসনের জন্য সমস্ত কলেজ রিকুইজিসন করতে হয় এবং তার ফলে পড়াশুনা প্রায় বন্ধ হয়, এমন কি ইউনিভার্সিটির পড়াও প্রায় ২ মাস বন্ধ রাখতে হয়। সেজন্য আমি সরকারকে বলবো যে কোলকাতায় ৩টা অন্ততঃ একজামিনেসন হল করা উচিত—একটা সাউথে, একটা নর্থে, একটা সেণ্ট্রাল ক্যালকাটায় এবং তাতে অন্ততঃ ২০ হাজার ছেলে যাতে একসঙ্গে পরীক্ষা দিতে পারে তার ব্যবস্থা করা উচিত। তারপরে গভর্নমেণ্ট যখন মাগগী ভাতা দিচ্ছেন তখন দেখছি ৫ টাকা ১০ টাকা করে দিচ্ছেন—এটা কোন হিসাবে দিচ্ছেন সেটা জানালে বাধিত হব। আজ ওঁরা প্রাইস কণ্ট্রোল করতে পারেন না। অথচ আমাদের বলা হচ্ছে যে সব ট্যাক্স দিতে হবে।

তাদের এমন শক্তি নেইকো যে দ্রব্যমূল্য রোধ করেন। তাঁদের এমন শক্তি নেইকো যে সাধারণ মানুষ, যারা গভর্নমেণ্ট সার্ভিসে আছেন তাদের বাসস্থান দিতে পারেন না স্বল্প ভাড়ায়। তাদের কোন রকম সুযোগ সুবিধা দিতে পারছেন না, অথচ তাঁরা চাচ্ছেন যে তারা বেশী করে কাজ করুক। তাদের কাছে বেশী কাজ প্রত্যাশা করছেন, অথচ তাঁদের দুর্গতির দিকে সরকারের লক্ষ্য নেই। তাদের পাচ টাকা ১০ টাকা মাগ্‌গি ভাতা দিয়ে সরকার যথেষ্ট সুমতির পরিচয় দিচ্ছেন।

তারপর আমি বলতে চাই রিটায়ার্ড বা সুপারএন্যুয়েটেড যে সমস্ত লোক রিএপয়েণ্টটেড হয়ে আছেন, তাদের সম্বন্ধে। এই সমস্ত লোকদের এই ভাবে চাকরী দিয়ে আর কতদিন পর্যন্ত রাখবেন? তাদের সময় বৃদ্ধি করে পুনর্নিয়োগ করছেন, তার ফলে পিছনের লোক যারা আছেন, তারা কখনও এইসব সুযোগ পাবেন না, তাদের কাজে উন্নতি লাভ করতে। সুতরাং তাতে কাজ বেশী পাওয়া যাবে না, এবং কাজে বিশৃঙ্খলা দেখা দেবে। আজকে যদি শিক্ষামন্ত্রী মহাশয় মনে করেন যে, তারা তাঁর খুব প্রিয় বন্ধু তাদের অনেক কাজ তারা করেছেন, তাহলে তাঁদের এডভাইসার বোর্ডে নিন। কিন্তু তাঁদের পরে, নীচের দিকের লোকের পথ এইভাবে রোধ করবেন না, কারণ, এতে সরকারী কাজ, পণ্ড হবে, এইটাই আমার তাঁর কাছে অনুরোধ। এই বলে আমার বক্তব্য এখানে শেষ করলাম।

Shrimati Abha Chatterjee :

মাননীয় সভাপতি মহাশয়, অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণে জন-শিক্ষার বিষয় কিছু উল্লেখ করা হয়েছে।

আমি মুখ্যত প্রাথমিক শিক্ষার আলোচনা করবো। ছোট, ছোট ছেলে মেয়েরা হচ্ছে ভবিষ্যৎ সামাজিক জীবনের বণিয়াদ। তাদের মধ্যে উন্নততর বীজ বপন করতে পারলে ভাল স্বাস্থ্য, সমাজ গড়ে উঠবে। ছেলে মেয়েদের স্বাস্থ্যের উন্নতির জন্য যে মধ্যাহ্ন আহারের ব্যবস্থা করা হচ্ছে এটা খুবই সুখের বিষয়। বিগত যুদ্ধের পরে অল্প দিনের মধ্যে জাপান সবদিকে এত উন্নতি করতে পেরেছে, তার প্রধান কারণ, জাপানের শতকরা ৯১জন লেখাপড়া করতে জানে।

শিক্ষার খাতে এবার প্রায় ১৪ কোটি টাকা ব্যয় হবে। প্রাথমিক শিক্ষার খাতে ৬৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। মেয়েদের শিক্ষার জন্য ২২ লক্ষ টাকা বরাদ্দ আছে। মফঃস্বলে মহিলা শিক্ষকদের বাসস্থানের জন্য মাত্র ১ লক্ষ টাকা ব্যয় করা হবে। মফঃস্বলে মহিলা শিক্ষকদের বাসস্থান এক বিরাট সমস্যা। এদিকে আরও কিছু বেশী টাকা বরাদ্দ হলে ভাল হতো। সকল বালক, বালিকাদের প্রাথমিক শিক্ষা বাবদ দেড় কোটি টাকা বরাদ্দ হয়েছে। পৃথিবীর সকল দেশে প্রাথমিক শিক্ষা ও বুনিয়াদি শিক্ষার ক্ষেত্রে অধিকাংশ শিক্ষকই হচ্ছেন মহিলা। আমার মনে হয় আমাদের এখানে এই কাজে মহিলা শিক্ষকের সংখ্যা বাড়ান উচিত। প্রতি ৫০টি স্কুলের জন্য একজন করে পরিদর্শক নিযুক্ত করবার কথা আছে, যাতে তিনি ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। কিন্তু ৩০ হাজার প্রাথমিক স্কুলের জন্য মাত্র ৮০ জন সাব-ইনস্পেক্টর নিযুক্ত হয়েছেন। এদের সংখ্যা যতশীঘ্র সম্ভব বাড়ান উচিত। তাছাড়া মহিলা পরিদর্শক কিছু নিযুক্ত করতে পারলে ভাল হয়। তারা প্রতি সপ্তাহে পাচ মাইলের মধ্যে কাজ করবেন, যতদিন না, তাদের যাতায়াতের ভাল ব্যবস্থা হয়। আমার মনে হয় পরিদর্শকদের মধ্যে অভিজ্ঞ শিক্ষক ও শিক্ষিকা এবং ইনজিনিয়ার ও কৃষিবিদ থাকা খুবই দরকার। তারা শিক্ষক ও অভিভাবকদের কলকবজা ও উন্নতর কৃষি বিষয় শিক্ষা দান করতে পারেন। পুরাতন শিক্ষক ও শিক্ষিকার অভিজ্ঞতা নূতনদের অনেক কাজে লাগবে। জাতির ভিত্তি দৃঢ় করতে হলে, সর্বপ্রথম শিশুদের শিক্ষা, স্বাস্থ্য, আচরণ প্রভতির দিকে বিশেষ লক্ষ্য দিতে হবে। শিশু যাতে সবল ও সুস্থ হয়ে জন্মগ্রহণ করে, এজন্য শিশুর জন্মের পূর্ব থেকে তত্ত্বাবধান সুরু করতে হবে শিশু মঙ্গলের মাধ্যমে। শিশু কল্যাণ যোজনা, এই বিশেষ কর্মসূচী নিয়ে অ জও পশ্চিমবঙ্গে কোন কাজ সুরু হয়নি। কিন্তু ভারতের বিভিন্ন রাজ্যে এই কর্মসূচী নিয়ে কাজ সুরু হয়ে গিয়েছে।

5-40—5-50 p. m.]

সরকার যদি বিশেষভাবে পরিকল্পনাটি কার্যকরী করেন তাহলে শিশু কল্যাণের কর্মসূচী পশ্চিমবঙ্গে বিশেষ কল্যাণকর হয়ে উঠবে। সুযোগ হলে ছবি চলচিত্রের সাহায্যে বাচচাদের উৎসাহিত করা যেতে পারে। এবং সেই থেকে তারা অনেক শিক্ষালাভ করতে পারে। দেশ বিদেশের শিশুদের যেভাবে শিক্ষা দেওয়া হয়ে থাকে তাও শিক্ষিকাদের দেখা বিশেষ প্রয়োজন বলে আমি মনে করি। শিক্ষা পেলেই যে চাষের কাজ ছাড়তে হবে এই ধারণা দূর করতে হবে। লেখা পড়া শিখলে ভাল চাষী হওয়া যায় ও চাষের চেহারা রদলান যায় এটা গ্রামের ছেলেমেয়েদের মনে গেঁথে দিতে হবে। শ্রমের প্রতি মর্য্যাদা শিশুকাল থেকে তাদের মনে গেঁথে দিতে হবে। লেখাপড়া শিখে চাকরীর দিকে ঝুঁকে পড়লে বেকারের সংখ্যা বাড়বে বই কমবে না। আর শিক্ষা হয়ে যাবে বন্ধ্যা। যদি উচচ আদর্শ না থাকে তাতে ব্যাপক শিক্ষাদান বৃথা হয়ে যাবে। আমার মনে হয় প্রথম দুই বছর বই হাতে না দিয়ে মুখে মুখে শিক্ষা দেওয়া ভাল। এতে স্মরণশক্তি বাড়বে এবং ছেলে মেয়েদের উৎসাহ বাড়বে। এখন দেখা যাচ্ছে প্রথম বছরে যত ছেলে ভর্ত্তি হয় ৪ বছর বাদে তার শতকরা ১০ জনও থাকে না। এই বিরাট অপচয় বন্ধ করতে হবে। প্রথম দুই বছর মেয়েদের হাতে প্রাথমিক শিক্ষার ভার থাকলে প্রায় অধিকাংশ ছেলেমেয়ে স্কুলে থাকবে—এই বিষয়টি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা যত সহজ ও সরল হবে পারিপার্শ্বিক অবস্থাও সাথে তত যোগ থাকবে। ভবিষ্যৎ জীবনে একটা ধারা থাকবে এবং তাতে শিক্ষা স্বার্থক হবে। বই এর চাপ অতিরিক্ত হলে শিক্ষার উৎসাহ নষ্ট হবে। বিরোধী পক্ষের অনেকে বলেন যে পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু যারা আসছেন তাদের ঠিকমত দেখা হচ্ছে না, আমি বলি এটা তাদের ভুল ধরণা। আমি জানি রিলিফ ডিপার্টমেণ্ট-এর যা কাজ হচ্ছে সত্যি তা প্রশংসার যোগ্য। কারণ এই ব্যাপারটা ঘটে গেছে হঠাৎ কাজেই একটু সময় নেবে। সেটা আমার বিরোধী পক্ষের বন্ধুদের বোঝা উচিত। তা না বুঝে অযথা মন্ত্রিমহাশয়কে গালাগালি করেন এবং ডিপার্টমেণ্ট-এর নামে বদনাম দেন। এটা ঠিক নয়। আমি মাননীয় অর্থমন্ত্রীকে তাঁর ভাষণের জন্য স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Subodh Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট পেশ করা হয়েছে, সেই বাজেটের সঙ্গে সংশ্লিষ্ট যে পুস্তিকা দেওয়া হয়েছে, "ইকনমিক রিভিউ", তাতে কতকগুলি অর্থনৈতিক ঝোঁক লিপিবদ্ধ করা হয়েছে। সেই ঝোঁকগুলি যদিও প্রধানতঃ কেন্দ্রীয় সরকারের বিবেচ্য, তাহলেও অর্থ মন্ত্রী মহাশয় যেহেতু সেগুলি লিপিবদ্ধ কচ্ছেন, তাই তিন আমাদের সুযোগ দিয়েছেন সে সম্বন্ধে উত্তর দেবার। এই ঝোঁকগুলির মধ্যে আপনি লক্ষ্য করবেন যে ৭,৮,৯ এই পৃষ্ঠাগুলিতে যেসব লেখা হয়েছে, যেসব মন্তব্য করা হয়েছে, তা থেকে আমাদের অর্থনীতিতে একটা বিরাট ভাঙ্গনের লক্ষণ ফুটে উঠেছে। আপনি দেখবেন ইণ্ডিয়ার ফরেন এক্সচেঞ্জ রিজার্ভের বক্তব্যে এবং তার পরে যেগুলি রয়েছে তাতে কি বলা হয়েছে? তাতে বলা হয়েছে, যে, আমাদের দেশ, যাকে শিল্পায়ন করতে হবে, যাকে গড়ে তুলতে হবে, যে দেশ এখনও উন্নতির পথে পোছাতে পারেনি, সেই দেশের বাজারে ইতিমধ্যে সঙ্কট সৃষ্টি হয়েছে। অর্থ মন্ত্রী মহাশয় আগে বলেছেন যে আভ্যন্তরীণ বাজারে কাপড় চলছে না, কাপড় মিলে স্টেলমেট দেখা দিচ্ছে। কয়লা খনির পিট হেডে স্টেলমেট দেখা দিচ্ছে। আর বহির্বানিজ্যের ব্যাপার কি—বহির্বানিজ্যের বাপারে তিনি বলছেন

The terms of trade of the developing countries had been worsening owing partly to the increasing use of synthetics and partly to the trade barriers imposed by the advanced countries for the protection of their output of foodstuffs, raw materials and manufactured goods.

অর্থাৎ ভারতবর্ষ শিল্পায়নের মধ্যে প্রবেশ করতে না করতে বহির্বাণিজ্যে ভারতবর্ষের প্রোডাক্টসের বিরুদ্ধে টেরিফ ওয়াল করা হচ্ছে। 'টেরিফ ওয়াল' কারা করছেন, করছেন ইউরোপের উন্নত দেশগুলি। টেরিফ ওয়াল কারা করছেন, করছেন মার্কিন উন্নত দেশ। টেরিফ ওয়াল কারা করছেন, করছেন ইউরোপিয়ান ইকনমিক কমিউনিটির দেশ। তারপর আবার দেখুন, তার পরের প্যারায় বলা হচ্ছে প্রাইমারি প্রোডাক্টসের ব্যাপারে অনুন্নত দেশে, ঔপনিবেশিক দেশে, যেমন সাম্রাজ্যবাদীরা কাঁচা মালের দাম কম দেয় এবং পাকা মাল বেশী দরে বিক্রি করে, আজ ভারতবর্ষে স্বাধীন হওয়ার পরেও এখানে সেই অবস্থা চলছে। তাই বলা হচ্ছে—

Some idea of the worsening of terms of trade for the developing countries may be obtained from the fact that after the Second World War from 1948 to 1960 the world trade in primary products rose by 95 per cent. in volume but only by 61 per cent. in value whereas the world trade in industrial products rose by 140 per cent. in volume and by 158 per cent. in value.

অর্থাৎ স্বাধীন হওয়ার পরে প্রাইমারী প্রোডাক্টস যারা করে, সেই আমাদের মত দেশের দ্রব্যের প্রাইস ফিক্সেসানের ব্যাপারে, দর দেওয়ার ব্যাপারে, বহির্বাণিজ্যের ব্যাপারে, আমাদের "প্লাণ্ডার" করা হচ্ছে যেরকম ঔপনিবেশিক দেশে করে এবং আমরা ভলিউম ৯৫ পার্সেণ্টের দর পাই ৬১ পার্সেণ্ট আর সামাজ্যবাদী দেশ যে সব বিক্রি করে তারা ১৪০ পার্সেণ্টের উপর ১৫৮ পার্সেণ্ট দর পায়। এই লুণ্ঠন আজো চলছে। তারপরের প্যারায় দেখুন সেখানে ইউরোপিয়ান কমিউনিটি মার্কেটের কথা আছে। সেখানে বলা হচ্ছে—

Though the necessity of helping the under-developed countries to export manufactures has now been generally accepted in academic circles all over the world and also by spokesmen of International Organistions administration in the advanced countries generally has not yet shown sufficient awareness in this matter so far at least as practical steps are concerned. The European Economic Community which was ready in principle in August 1962 to conclude a comprehensive trade agreement with India was found a year later to be reluctant even to discuss the same. The concessions which they finally granted in November 1963 had been negotiated the year before by Britain and related to only 3 per cent. of India's total exports to the community. Even the agreement to suspend the tariff on all hand-loom products which was reached during the negotiations with Britain will not now be effective. The nil tariff on tea cannot do much because the Common Market

onsumes a very small amount of tea. India cannot also appreciably increase her export earnings by sales of spices such as corriander and ginger or of mango chatney or tobacco-seed oil or of items like polo sticks or cricket bats. The six are in practice refusing to help solve the problem of India's growing trade deficit. They are reluctant to make concessions on items like jute good, carpet, partly tanned leather, leather goods and textiles. Concessions are particularly required in respect of manufactured and semi-manufactured goods and it is here that India is meeting with the stoutest possible resistance in practice.

তাহলে অবস্থা কি হচ্ছে, না, যাদের উপর নির্ভর করে আমরা উন্নতির সোপান বেয়ে যাব বলে মনে করছি তারা আজকে ইউরোপিয়ান কমিউনিটি মার্কেটে টেরিফ ওয়াল করে দিয়েছে এবং সেখানে আমাদের প্রবেশ নিষিদ্ধ। তারপর দেখুন 'কনসোর্টিয়াম' এডের কথা কি বলা হচ্ছে। কনসোর্টিয়াম এডের কথা বলা হচ্ছে যে

The use of credits tied to specific projects depends on the progress of the projects and also on the manufacture and delivery of the machinery and equipment.

এবং তারপর বলছেন এই যে এড দেওয়া হচ্ছে এই এডের ব্যর্থতার একটা প্রধান কারণ হচ্ছে এই

This introduces an element of uncertainty and delay, factors which have been mainly responsible for the painfully slow use of tied loans by India, the total of unused aid standing at over Rs.1,500 crores at the end of 1962. Lately there has been a growing appreciation abroad of the need for united aid. About 38 per cent. of the total aid of the Consortium for the current year will be in non-project form. The largest contribute, the U. S. A., has promised half of its assistance in the form of non-project loans. The tendency to tie credits to purchases in the donor countries, however, continues mainly due to idle industrial capacity in the aid-giving countries.

This is easy to understand but it is not very helpful for countries like India which like to have the freedom to use and funds for purchases from the cheapest source

[5-50—5-53 p. m.]

এবং তার আগে বলা হয়েছে

The general tendency to tie credits to purchases in the donor countries, however continues, mainly due to idle industrial capacity in the aid-giving countries.

অর্থাৎ যারা দান করছেন, দাতা যারা আমাদের কাছে সেজেছেন তাদের বাজারে সঙ্কটের জন্য এই এডের নামে আমাদের দেশকে ডাম্পিং গ্রাউণ্ড হিসাবে সৃষ্টি করা হচ্ছে। মাননীয় অধ্যাক্ষ মহাশয়, এগুলি ঔপনিবেশিক অর্থনীতির লক্ষন, এগুলি স্বাধীন অর্থনীতির লক্ষণ নয়। আমরা স্বাধীনতার পর যে দেশকে গড়ে তুলেছি তাতে এই ঔপনিবেশিক লক্ষণ যদি থাকে ঔপনিবেশিক সাম্রাজ্যবাদীদের উপর যদি আমরা নির্ভর করি, তাহলে আমরা কিছুতেই উন্নতি করতে পারবো না, অথচ দুঃখের কথা, যে, এই অভিব্যক্তি থাকা সত্বেও, এই ডিফিকাল্টিজ হৃদয়ঙ্গম করা সত্বেও মন্ত্রী মহোদয়া আরো বেশী পরিমাণে বিদেশী পুঁজিকে আহ্বান করেছেন এবং বিদেশী পুঁজির উপর আরো বেশী করে নির্ভরশীল হতে বলেছেন। এই যখন অবস্থা তখন আমার সুস্পষ্ট বক্তব্য হচ্ছে, ঐ সাম্রাজ্যবাদী গোষ্ঠী, ঐ আমেরিকা, ঐ 'এড ইণ্ডিয়া' ক্লাব, ঐ ইউরোপীয়াণ কমন মার্কেট—ওদের উপর নির্ভর করে আমাদের দেশকে গঠন করা যাবে না। আমরা মনে করি, আজকে ইউ, এ, আর আছে, আরব জাতি আছে আফ্রিকার ঐ দূর প্রাচ্যের জাতি আছে, সিলোন, বার্মা, পাকিস্তান, চীন, জাপান আছে এই সমস্ত দেশ যারা আজকে উন্নতির দিকে যাচ্ছে তাদের সঙ্গে আমাদের বাণিজ্য সম্বন্ধের সূত্রপাত করতে হবে। আত্মবিলাপের ভেতর দিয়ে আমাদের আত্মবিলোপের পথ দিয়ে যাওয়া হচ্ছে এবং সেদিকে দৃষ্টি রেখে আমি বলবো, অত্যন্ত দুঃখের কথা যে ভারতবর্ষের প্রতিবেশী দেশ বার্মার সঙ্গে মাঝে মাঝে আমাদের সম্পর্ক খারাপ হয়, নেপাল আমাদের প্রতিবেশী দেশ সেখানে আমাদের বাজার হতে পারে—নেপালের সঙ্গে মাঝে মাঝে অবস্থা খারাপ হয়। (গণ্ডগোল) এটা যদি কেন্দ্রীয় সরকারের বাজেট হত তাহলে ওঁর এখানে অবতারণা করা ভুল হয়েছে—উনি যখন অবতারণা করেছেন তখন আমাকে যেন সুযোগ করে দিয়েছেন

বলবার এবং সেই সুযোগ নিয়ে আমি বলছি, যে, মাঝে মাঝে দেখছি নেপালের সঙ্গে খারাপ অবস্থা আমাদের হচ্ছে, দুদিন পর আবার দেখছি ভাল অবস্থা হচ্ছে। আজকের কাগজে দেখেছেন সিলোনে এয়ার স্পেস ভায়লেশান হয়েছে আমাদের সরকারের বিরুদ্ধে তারা নাকি জানাবে।

আমাদের বক্তব্য হচ্ছে, অর্থনীতিতে যে লক্ষণ ফুটে উঠেছে সেটা স্বাধীন অর্থনীতির লক্ষণ নয়, সেটা ঔপনিবেসিকবাদকে জিইয়ে রাখার লক্ষণ। সেজন্য আমি পরিস্কারভাবে জানতে চাই ঐ ই. সি. এম. ঐ এড ইণ্ডিয়া ক্লাব, ঐ আমেরিকা ঐ ইউরাপ যারা আমাদের 'ট্যারিফ ওয়াল' দিয়ে বন্ধ করে রেখেছে তাদের বর্জন করতে হবে।—এশিয়া, আফ্রিকার নূতন স্বাধীন দেশের সঙ্গে আরবের নূতন স্বাধীন দেশের সঙ্গে আমাদের সৌহার্দ্যপূণ সম্পর্কের সূত্রপাত করতে হবে—এই আবেদন জানিয়ে আমি শেষ করছি।

Mr. Chairman : The House stands adjourned till 10 a. m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 5.53 p.m. till 10 a.m. on Saturday, the 29th February, 1964, at the Legislative Building, Calcutta.

Members absent

Acharyya, Shri Snehangshu Kanta.

Bhattacharyya, Shri Sreepada.

Bisi, Shri Promotho Nath.

Bose, Shri Aurobindo.

Chakravarti, Shri Tripurari.

Ghosh, Shri Ashutosh.

Haldar, Shri Gopal.

Majumdar, Shri Rajendranath.

Moitra, Shri Mohit Kumar.

Mukherjee, Shri Sudhindra Nath.

Musharruf Hossain, Shri.

Prasad, Shri R. S.

Rezaul Karim, Shri.

Roy, Shri Chittaranjan.

Roy, Shri Surendra Kumar.

Sanyal, Shri Sasanka Sekhar.

Sen Gupta, Shri Dwijendralal.

Singha, Shri Biman Behari Lall.

COUNCIL DEBATES

Saturday, the 29th February, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chember of the Legislative Buildings, Calcutta, on Saturday, the 29th February, 1964, at 10 a.m. being the fourteenth day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[10-00—10-10 a.m.]

General Discussion on the Budget for 1964-65

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট প্রস্তাব পেশ করেছেন তা এক কথায় বলতে গেলে

it is a pedestrian

বাজেট, এর ভিতরে নূতন কোন কথা নেই। আমি অর্থমন্ত্রীর এই বাজেট প্রস্তাব পড়তে পড়তে, আমার এই ধারণা হয়েছে যে অর্থমন্ত্রীর সামনে পশ্চিম বাংলার চিত্র ছিল না। দার্জিলিং থেকে সুন্দরবন পর্যন্ত যে সমস্ত পশ্চিম বাংলা এবং এর যে অর্থনৈতিক আর্জেন্ট ডেভলপমেন্ট, তার সম্পর্কে চিত্র অর্থমন্ত্রী মহাশয়ের সামনে ছিল না। তাঁর বাজেট বক্তৃতায়, অর্থমন্ত্রী মহাশয় তা ভুলে গিয়েছিলেন, উত্তর বঙ্গের কথা তিনি ভুলে গিয়েছিলেন, মেদিনীপুর, বাঁকুড়া, বিশেষ করে পুরুলিয়ার কথা তিনি ভুলে গিয়েছিলেন। যে পুরুলিয়া বিহার থেকে আমাদের এখানে এসেছে, তার আর্থিক ব্যবস্থাকে আরও সমৃদ্ধিশালী করবার কি বন্দোবস্ত তিনি করেছেন, তার ইসারা এই বাজেটের মধ্যে নেই। স্যার, তিনি এই কথাও ভুলে গিয়েছিলেন যে আমাদের পশ্চিম বাংলার আর কোন অঙ্গ শীর্ণ, তার কোন অঙ্গ প্রত্যঙ্গ পক্ষাঘাতগ্রস্থ, তার কোন অঙ্গ এ্যানিমিক, কোন অঙ্গ মেদবহুল। এখন তার শীর্ণতা দূর করা, পক্ষঘাতগ্রস্থকে, তার পক্ষাঘাত ব্যাধি থেকে মুক্ত করা ; এ্যানিমিককে রক্ত সঞ্চারণ করা, এবং মেদবহুলের মেদ কিছু কমিয়ে দেওয়া, তার ইসারা যদি এখানে থাকে তাহলে আমি মন্ত্রীমহাশয়ের কাছে পরাজয় স্বীকার করে নেবো।

স্যার, তারপরে তিনি বলেছেন যে আমাদের পশ্চিম বাংলার যে অর্থনৈতিক অবস্থা, তা ক্রমেই দৃঢ়তর হচ্ছে, ক্রমেই নাকি শক্তিশালী বেদের উপর এসে দাঁড়াচ্ছে। স্যার, এখানে আমার জিজ্ঞাসা, আমাদের কৃষি প্রধান দেশে যদি কৃষির উৎপাদন কমে যায়, যেখানে ৪৯ পারসেন্ট হচ্ছে কৃষি থেকে আমাদের ন্যাশনাল ইনকাম, যেখানে ৫৫ পার্সেন্ট হচ্ছে, আমাদের কৃষির উপরে রাজ্যের মানুষ নির্ভর করছে, সেখানে যদি কৃষি উৎপাদন কমে যায়, তাহলে কেমন করে যে ইকোনমিক সিস্টেম সেটা, আরও দৃঢ়তর ভিত্তির উপর স্থাপিত হচ্ছে, এ কথা আমি ওঁর কাছে জানতে চাচ্ছি। আমাদের পশ্চিম বাংলার উন্নয়ন সম্বন্ধে উনি যা বলেছেন, এগুলি যদি শক্তির ভিত্তি হয়, তাহলে আমি খুব আনন্দিত হবো। ওঁর বই, ইকনমিক রিভিউতে উনি বলছেন

according to the census of 1961, the percentage of workers to total population decreased in West Bengal, but in India as a whole it showed a rise from....

ইত্যাদি। ইণ্ডিয়াতে ওয়ার্কিং পপুলেশন বেড়েছে, কিন্তু, আমাদের পশ্চিম বাংলায় ওয়ার্কিং পপুলেশন কমেছে, অতএব শক্তির পরাজয় কোথায়? তারপর মূল্য নিয়ন্ত্রণ সম্বন্ধে মাননীয় টি টি কৃষ্ণমাচারীকে ২৬এ ডিসেম্বর একটি প্রশ্ন করা হয়েছিল যে মূল্য নিয়ন্ত্রণ, ভ্যালুয়েশন প্রাইসেস, এটার দায়িত্ব তুমি কেন নিচ্ছ না? ভারত সরকার কেন নিচ্ছেন না? তার জবাবে তিনি, ফাইন্যান্স হিসাবে, বলছেন

price control was primarily the responsibility of the States and there was little that the Centre could do about it.

এখন এই হচ্ছে, যে যদি প্রাইস আমাদের বেড়ে যায়, এবং বেড়ে গিয়েছে, তা আমাদের অর্থমন্ত্রী মহাশয় তাঁর ইকনমিক রিভিউতে বলেছেন এবং স্বীকার করেছেন যে অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে অনেক বেশী বেড়ে গিয়েছে।

তারপরে স্যার, আমাদের যে ইকনমিক রিভিউ দেওয়া হয়েছে তাতে একথা বলা হয়েছে যে পশ্চিম বাংলায় যে

rate of growth of per capita income

অন্যান্য রাজ্যের তুলনায় এক্সট্রিম লো। এটা কি শক্তির লক্ষণ? স্যার, আমি আপনাকে বলছি লাস্ট ইয়ার হিসাবে, লাইফ ইন্সুরেন্স হয় পশ্চিম বাংলায় তা আগের বারের চেয়ে কমে গিয়েছে। এটা কি শক্তির লক্ষণ? যদি লাইফ ইন্সুরেন্স কমে যাওয়া শক্তির লক্ষণ হয় তাহলে আমি নাচার। তারপরে ন্যাশনাল ইনকাম যে কমে গিয়েছে তা সর্ববাদীসম্মত, ২·৫ ন্যাশনাল ইনকাম হয়েছে। আমি এদের

latest bulletin, National Council of Applied Economic Research

তারা যা বলছেন, তারা বলছেন যে আমাদের ন্যাশনাল ইনকাম যেটুকু বেড়েছে কিন্তু সেকেন্ডে ইয়ার প্ল্যান-এর শেষ বছরের তুলনায় তা মানি ইনকাম-এর দিক দিয়ে কমে গিয়েছে। টাকার ইনকাম এর দিক দিয়ে বেড়েছে কিন্তু টাকার ভ্যালু-এর দিক দিয়ে সেটা কমে গিয়েছে। এগুলি যদি তিনি মনে করেন যে এটা একটা শক্তির লক্ষণ তাহলে আমার আর কিছু বলার নাই। স্যার, তারপরে তিনি দেখাতে চেষ্টা করেছেন অর্থমন্ত্রী আমার ধারণা ছিল আরও কয়েক বছর এক্স-পেরিয়েন্স হয়ে কিছু তথ্য দেবেন। ট্যাক্সেশন এবং স্পেণ্ডিং পলিসি সম্বন্ধে বলছেন, সেখানে তিনি শুধু মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি

Per Capita taxation in Rupee

মাদ্রাজে কত? এবং সেখানে আমাদের তুলনায় বেশী কি না? আমাদের হয়েছে ১৫·৩ আর এরা খরচ করছেন ১৭·৬ আর মাদ্রাজে হচ্ছে ১৪ আর সরকার খরচ করছেন ২১·৩। ১৪ টাকা তারা ট্যাক্স দিচ্ছে আর সরকার তাদের পিছনে খরচ করছে ২১ টাকা। গুজরাটে ১২ টাকা ট্যাক্স দিচ্ছে তারা ১৭·৬ মাথা পিছু খরচ করছে। আর আমাদের ১৫·৩ আর খরচ করছেন ১৭.৬। এই হচ্ছে অবস্থা। উনি শুধু মহারাষ্ট্রের একটা ইলাস্ট্রেশন দিয়ে দেখিয়েছেন যে আমরা বেশী। স্যার, আপনি জানেন বোম্বে ট্রান্সপোর্টটা সরকারের অধীনে নয়। বেস্ট অর্গানাইজেশন-এর অধীনে রয়েছে সেটা যদি এখানে দেখান হত তাহলে বোম্বের পজিসন আমাদের চেয়ে ভাল হত। স্যার, আমার বক্তব্য হচ্ছে যে উনি তার বক্তৃতার শেষ দিকে ডেমোক্র্যাটিক সোসালিজম-এর কথা বলেছেন, আমি তার মধ্যে যাচ্ছি না। আমার প্রশ্ন হচ্ছে সাধারণ মানুষের ডাল ভাতের তিনি কি ব্যবস্থা করেছেন?· রামমোহন লোহিয়া ৬০ পারসেণ্ট-এর তিন আনার একটা হিসাব দিয়েছিলেন। প্রধানমন্ত্রী যেদিন বুঝতে পারলেন যে তিনি ভুল বলেছেন সেই যে ধাক্কা তিনি খেয়েছিলেন তার থেকে আজ পর্যন্ত তিনি উঠতে পারলেন না। কিন্তু একথা তো ঠিক যে তিন আনা না হক ৫ আনার বেশী নয়। গুলজারীলাল নন্দ দেখিয়েছেন যে সাড়ে সাত আনা। স্পেণ্ডিং ক্যাপাসিটি সাড়ে সাত আনা। স্যার, আপনি জানেন যে গরীব মানুষেরা সব সময় ধার করে চলে। অতএব স্পেণ্ডিং দিয়ে ইনকাম বোঝা যায় না। আমার প্রশ্ন হচ্ছে এই যে ৬০ পারসেণ্ট লোক যাদের তিন আনা হক কি ৫ আনা হক ইনকাম তাদের জন্য বেশী অর্থাগমের কি সুবিধা তিনি করেছেন। বাজেটের মধ্যে তার নির্দেশ কোথায় আছে। স্যার, বাজেটটা তো মুদীখানার স্টেটমেন্ট অফ অ্যাকাউন্ট নয়।

It is a dynamic sign of social change.

সমাজকে কিভাবে নিয়ন্ত্রিত করবে, সমাজের সমস্ত দেহে কি ভাবে অঙ্গ প্রত্যঙ্গের সমানভাবে ব্যালান্সড ডেভলপমেন্ট হবে সেটাই হচ্ছে বাজেট। গত ৭ বছরে আমি যেভাবে দেখেছি ঠিক সেই-ভাবেই সামান্য কিছু উনিশ বিশ রয়েছে সেটা হচ্ছে ফিগার্স-এর আর কিছুতেই নয়। অতএব

আমার বক্তব্য হচ্ছে যে যদি এই বাজেটকে স্টেপ টুওয়ার্ডস্—আমি সোসালিজম-এর কথা বলছি না শুধু ডাল ভাতের কথা বলছি। তার কি প্রচেষ্টা এখানে আছে—যে একজন লোক সস্তায় সে খেতে পারবে, সস্তায় সে থাকতে পারবে, সস্তায় সে ঘুরে বেড়াতে পারবে, আর কিছুই চাচ্ছি না।

[10-10—10-20 p.m.]

তারপর আমি আসছি আমাদের এখানকার যে ল এণ্ড অর্ডার অর্গানাইজেসান তার সম্বন্ধে। এর আগে আমাদের পশ্চিমবঙ্গে যে দাংগা হয়েছে সে সম্বন্ধে এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত থাকলে আমার কথা শুনতে পারতেন, আমি আশাকরি অর্থমন্ত্রী যদি সে সম্বন্ধে জবাব দিতে পারেন দেবেন, না হলে এটা যাতে প্রপার কোয়ার্টারে গিয়ে পেঁছায় তার চেষ্টা করবেন। আমি স্যার, এবারকার রায়টের একটা গ্র্যাফ করেছি। তাতে এই দেখিয়েছি যে কলকাতা শহর হোক বা মফঃস্বল হোক, প্রথম ৩ দিন রায়ট রয়েছে, পুলিশকে কোথাও দেখা যায়নি। পুলিশ ওয়াজ নোহয়ার ফাউণ্ড। ৩ দিন পরে পুলিশ এসেছে। স্যার, আপনি জানেন যে আমি কোন খবর না জেনে বলিনা, আমি দায়িত্ব নিয়েই এই কথা বলছি যে মঙ্গলবার আমার কাছে কিছু খবর এসেছিল। আমি এখান থেকে পেট্রাপোল পর্যন্ত গিয়ে ১৮ ঘন্টা কাটিয়ে পার্সোন্যালি সমস্ত খবর নিয়েছি। রায়টের সময় আমি কি দেখি, না, রায়ট প্রথম দিকে যারা করেছেন পুলিশ তাঁদের গ্রেপ্তার করেছিলেন আমি বলছি, গোবরডাঙ্গা রায়টের জন্য গ্রেপ্তার করেছিলেন ওখানকার মণ্ডল কংগ্রেস কমিটির সভাপতি শ্রীশম্ভুনাথ বিশ্বাসকে। মণ্ডল কংগ্রেস কমিটির গোপাল বিশ্বাসকেও গ্রেপ্তার করেছিলেন। ৩ দিন পরে কিভাবে তাঁরা খালাস পেয়েছেন তাতেও আমি আসছি। বনগাঁতে গ্রেপ্তার করেছে জনবন্ধু বলে মণ্ডল কংগ্রেস কমিটির প্রেসিডেণ্ট, মিউনিসিপ্যালিটির ভাইস-চেয়ারম্যানকে। নরেন অধিকারী, কংগ্রেসের মিউনিসিপ্যালিটির কাউন্সিলার এবং জোতিশ বক্সি, অনন্ত টিকাদার এঁরা সমস্ত কংগ্রেস কর্মী। তারপর হাবড়ার রায়ট করেছেন মাণিক মুখার্জী বলে একজন ইটনা মণ্ডল কংগ্রেস কমিটির প্রেসিডেণ্ট, তাঁকে গ্রেপ্তার করা হয়নি। তার কারণ তরুণ বাবু খুব কাছে ছিলেন বলে তাঁকে গ্রেপ্তার করা হয় নি। এঁরা সব গ্রেপ্তার হন, কিন্তু গ্রেপ্তার হবার ৩ দিন পরে এঁরা সব রিলিজড হন। রিলিফের জন্য আমাদের ত্রাণমন্ত্রী রয়েছেন, আমাদের শিশু মন্ত্রী তরুণ কান্তি ঘোষ রয়েছেন, শিশু নায়ক, সতী নায়ক, এইসব বহু রয়েছেন এবং হংসধ্বজ ধাড়া এই ৩ জন মিলে এঁদের খালাস করেছেন। রায়ট হয়েছিল, এজন্য কংগ্রেস কর্মীরা গ্রেপ্তার হয়েছে, খুব অন্যায়ের কথা, তবে কে রায়ট করেছে—ইনডিসক্রিমিনেট এ্যারেষ্ট করেছে, লাঠি চার্জ করেছে এবং এণ্ডারসনের রাজত্ব, ব্ল্যাক এণ্ড টেরর সেখানে সৃষ্টি করেছে। আমি জানি না, কালকে খবরের কাগজে দেখেছি যে ৭ জন কংগ্রেস কর্মী নাকি গিয়েছিলেন আশ্রফাবাদ ক্যাম্পে। আমিও সেখানে গিয়েছিলাম, আমিও বলব। স্যার, কি রকম অপ্রেসান হয়েছে দেখুন। আশ্রফাবাদ ক্যাম্পে ঐ মানিক মুখার্জী রায়টের পরে যিনি প্রতিভা ইউনিয়নের চাষীদের দিয়ে ধান বয়ে বয়ে তাঁর বাড়ীতে নিয়ে গেছেন, তিনি ১২ তারিখে রাত্রি ১টার সময় ঢুকে যা খুসী অত্যাচার করেছেন বহু লোককে গ্রেপ্তার করেছেন। তারা জেলে চলে গেছে। তারপর ১৬ তারিখে ৪টার সময় গিয়ে আবার ৩।৪ লরি পুলিশ নিয়ে তাদের গ্রেপ্তার করেছে। স্যার, অত্যন্ত লজ্জার কথা এই যে সেখানকার গোলাপী বালা অধিকারী বলে একটি প্রেগন্যাণ্ট মহিলাকে তারা লাথি মেরেছে, তার বাচ্চা ছেলেকে বুট দিয়ে মাড়িয়ে দিয়েছে। এই ধরনের অত্যাচার আজ স্বাধীন বাংলায়, স্বাধীন ভারতবর্ষে হচ্ছে। পরের দিন ১৭ তারিখে হাবড়া থানাতে যখন ১৩।১৪ বৎসরের ছোট ছোট ছেলেরা রুটি খাচ্ছে তখন তরুণ বাবু তাঁর প্রসাধন শেষ করে ৭।৮ টার সময় সেখানে গিয়ে উপস্থিত। তিনি গিয়ে বলছেন এরা কোথাকার যখন বলা হল আশ্রফাবাদ ক্যাম্পের, তখন তিনি বললেন এদের এখনও ধোলাই দেওনি? তারপর সুরু হল ধোলাই। স্যার, আমি আপনাকে বলছি যে জুডিসিয়াল এনকোয়ারী করা হোক। স্যার, আপনি সেখানে গিয়ে খবর নিন, আমার একটা কথা যদি মিথ্যা হয় তাহলে আমি নতজানু হয়ে আমার অপরাধ স্বীকার করব। তরুণবাবু নিজেকে বাঁচাবার জন্য পরিতোষ সরকার নামে প্রজাসোসালিস্ট পার্টির লোকের একটি চিঠি মুখ্যমন্ত্রীর কাছে দিয়েছেন। আমাদের মুখ্যমন্ত্রীর বৃদ্ধ বয়সে এমন অবস্থা হয়েছে যে যা বলেন সেই চিঠি তিনি পড়ে যান। স্যার, এখন প্রজাসোসালিস্ট পার্টির লোক বলে তাঁর নাম করা হয়েছে। পরিতোষ

সরকার প্রজাসোসালিস্ট পার্টির লোক নয়। পরিতোষ সরকার প্রজাসোসালিস্ট পার্টির লোক এটা যদি কেউ প্রমাণ করে দিতে পারে তাহলে আমি আবার বলছি এখান থেকে পদত্যাগ করব। কিন্তু তিনি সেই চিঠি মুখ্যমন্ত্রীর হাতে দিয়েছিলেন। পরিতোষ সরকার তরুণবাবুর লোক, প্রজাসোসালিস্ট পার্টির মধ্যে তাকে প্ল্যান্ট করতে চেষ্টা করেছেন বহুদিন যাবত তরুণবাবু। স্যার, মমতা পালের ব্যাপারে মুখ্যমন্ত্রীর নাক থোবড়া হয়ে গেছে, এখানেতেও তেমনি যে চিঠি দেওয়া হল সেই চিঠি তিনি পড়ে গেলেন। স্যার, এই হল হাবড়ার অবস্থা। তারপর আসুন মেদিয়া বলে একটি জায়গায়। সেখানেও একজন জনপ্রিয় মুসলমানকে হত্যা করা হয়েছে।

সেখানে মেদিয়ার কাছে বনগাঁ, তার গ্রেপ্তারের কথা বল্লাম এবং সেখানে একজন জনপ্রিয় মুসলমানকে হত্যা করা হয়েছে। সেখানে গ্রেপ্তার করার পর তো ছেড়ে দিলেন, তারপরে সেখানে যে নানারকমভাবে অত্যাচার হয়েছে। যে শত বিঘার জমির মালিক তার গোলা থেকে ধান তুলে নিয়ে যে তোমরা ধান চুরি করেছো। আমাকে যদি ডাকেন আমি সাক্ষী দেব। একজন মানুষের বাড়ী থেকে ২৭ মণ ধান তার মরাই থেকে তুলে নিয়েছ। একজন ইউনিয়ন বোর্ডের ভদ্রলোক, নলিনীরঞ্জন সরকার, তিনি সৎসঙ্ঘের লোক, নিরামিষ খান—ঐ ভদ্রলোকের বাড়ীতে একটা পুলিশ আউটপোস্ট হয়েছে। সেখানে পুলিশ গিয়ে সেই সৎসঙ্ঘের মানুষ নিরামিষ ভোজী, অত্যন্ত ধার্মিক লোক, তার বাড়ীতে পুলিশকে মুরগীর মাংস খেতে হবে। সুতরাং সেই বাড়ীতে খায় সেই মহিলাকে দিয়ে যে কোন দিন মাংস খায় না, তাকে দিয়া ৫ দিন যাবৎ মুরগীর মাংস রান্না করিয়েছে। খেজুরের রস খাবেন, সকাল বেলায় রস খেতে পারেন কিন্তু রাত ১১ টার সময় য়্যারোমেটিক রস তুলে এনে মিস্টান্ন খাওয়াতে হচ্ছে, তার কারণ নলেন গুড়ের গন্ধ থাকবে এই হচ্ছে পুলিশের ব্যাপার? আমার বক্তব্য হচ্ছে যে কংগ্রেসের লোক যখন গ্রেপ্তার হল তখন অন্য জনসাধারণের উপর অপ্রেসান হল। আমার স্যার, ফ্রেডারিক দি গ্রেটের একটা গল্প মনে পড়ে যাচ্ছে। ফ্রেডারিক দি গ্রেটের একটা ছেলে ছিল, সেই ছেলেটা লেখা পড়ায় ভাল ছিল না। তার একজন টিউটার ছিল, সেই টিউটারটা স্যাডিস্ট ছিল আমাদের মন্ত্রীদের মত। যখন সে পড়া পারত না তখন তার মারতে ইচ্ছা হত কিন্তু কিভাবে মারবে, রাজার ছেলেকে তো আর মারতে পারে না। তাই সে একটা বাচ্ছাকে ডেকে আনতো এবং যখন সে পড়া পারতোনা তখন সে ঐ বাচ্ছাটাকে মারতো হুইপিং বয় হিসাবে। এখানে সেই হুইপিং বয় হচ্ছে জনসাধারণ, আর কাজ করছেন আমাদের কংগ্রেস। স্যার, এই হল এখানকার অবস্থা। তারপরে স্যার, আসুন বর্ডার সিকিউরিটি—এই বর্ডার সিকিউরিটি সম্বন্ধে আমি বলেছি। আমার শেষ কথা এই বর্ডার সিকিউরিটি সম্বন্ধে—আমি যখন মঙ্গলবারে আসি, পেট্রাপোলে যখন আমার গাড়ীটা এসেছে তখন দেখতে পাই ২৫০।৩০০ লোক, মাথায় বোঝা রয়েছে, তারা আসছে, হঠাৎ গাড়ীটা থামার ফলে সমস্ত লোকগুলো রাস্তা থেকে মাঠে নেমে গেল—আমি বল্লাম আপনাদের ভয় নাই, আপনারা কারা, বল্লেন পাকিস্তান থেকে আসছি। কিভাবে এসেছেন, বল্লেন জয়ন্তিপুর ইউনিয়নের ভেতর দিয়া আমরা এসেছি। আপনাদের কেউ আটকায়নি, বল্লেন না, কোথায় যাচ্ছেন, বল্লেন গোপালনগরে যাচ্ছি। কেন গোপাল নগরে যাচ্ছেন, বল্লেন আমরা গোপালনগরের অধিবাসী ছিলাম। তারপর আরও ধোপদুরস্ত কাপড় পড়া লোক তাদের জিজ্ঞাসা করলেন যে আপনারাও কি যশোর থেকে আসছেন, কেননা আমরা তাঁদের রিসিভ করতে গিয়েছিলাম। স্যার, আমার বক্তব্য হল যশোর টাউন হলে তারা ছিলেন তাদের এখান থেকে লোক রিসিভ করতে যাচ্ছেন, আমি বলছি না পাক ন্যাশনালরাই এসেছেন কিন্তু যদি এসে থাকে তাহলেও কোন চেক নেই, এই হচ্ছে অবস্থা। আপনাকে আরো বলছি,—কালকে মনোরঞ্জনবাবু যে প্রশ্নটা তুলেছিলেন, আমি অন্ততঃ একটা জায়গার কথা বলবো সে স্বরূপনগর থানার পুরন্দরপুর চেক পোস্ট থেকে গুনরাজপুর চেক পোস্ট পর্যন্ত এই যে এরিয়া এখানে মোষের গাড়ী, গরুর গাড়ী করে ধান পাকিস্তান যাচ্ছে আসছে। তেমনিভাবে উইদাউট এনি কোয়েশ্চেনিং বা অবস্ট্রাকসন লোক চলে আসছে। আমি বিশেষ করে বলবো ১৬-২-৬৪ তারিখে সন্ধ্যা ৫-৩০ মিঃ-র সময় স্বরূপনগরের অধীন গুনরাজপুরের একটা চেক পোস্টে গিয়ে দেখি একখানি মোটর গাড়ীতে করে ভারতের সংখ্যালঘুদের পাকিস্তানে পরিবহন করা হচ্ছে।

[10-20—10-30 p.m.]

এই গাড়ীর নম্বর হচ্ছে ডবলিউ বি এ ৪৮১৯। এই গাড়িটি কার? তারা পাকিস্তানে যেতে সাহায্য করেছে। এ সম্বন্ধে আপনি অনুসন্ধান করলে বাধিত হবো।

স্যার, তারপরে আরও কথা আছে। সে কথা হচ্ছে আমাদের যাঁরা কংগ্রেস এম-এল-এ, ঐ গফুর সাহেব, স্বরূপনগর থানার গফুর সাহেব, তিনি বলে বেড়াচ্ছেন যে হাবড়াতে ৭ খানা গ্রাম একেবারে উৎখাত হয়ে গিয়েছে, সেখানে মুসলমান আর থাকতে পারবে না। অতএব তাঁর সেই বিথার ইউনিয়ন বলে, একটা ইউনিয়ন রয়েছে সেখানে তোমরা সব এসে থাকো। অন্যান্য বিভিন্ন স্থান থেকে তাদের সরিয়ে নিয়ে আসা হয়েছে। এবং তিনি কেয়াবাসা হাটে বক্তৃতা দিয়েছেন, কাজুরীয়া থানাতে বক্তৃতা দিয়েছেন, সেখানে এস-ডি-পি'ও এবং এস-ডি-ও'রা উপস্থিত ছিলেন, তিনি বলছেন যে শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের পুলিশ মুসলমানদের মেরেছে; আমরা এই সরকারকে বিশ্বাস করি না। এই হচ্ছে কংগ্রেস পার্টির এম-এল-এ-দের বক্তৃতা। তারপর বাদুলিয়া থানাতে এক সভায়--১৯-১-৬৪ তারিখে, হুমায়ুন কবীর উপস্থিত, বিজেন সেন মহাশয় উপস্থিত, দীনবন্ধু দাস মহাশয় উপস্থিত, সেখানে দে-গঙ্গার যিনি এম-এল-এ তিনি বক্তৃতা দিচ্ছেন এবং ঐ কথাই বলছেন যে প্রফুল্ল সেনের পুলিশ আমাদের উপর দাঙ্গা করেছে, এখানে কোন সেকিউলারিজম নেই। এই হচ্ছে কংগ্রেস এম-এল-এ-দের বক্তৃতা। কংগ্রেস এম-এল-এ'রা এইভাবে ল এন্ড অর্ডার বলুন বা সেকিউলারিজম-এর গুণকীর্তন বলুন তারা করছেন। যাদের আপনারা অ্যাপিজ করছেন, তারাই এইসব করছেন।

স্যার, আর একটি কথা বলবো।- হরিদাসপুর চেকপোস্ট-এ গিয়ে দেখলাম আমাদের সিপাহী, যারা সেখানে পাহারায় থাকেন, তারা অত্যন্ত দায়িত্বপূর্ণ ঝুঁকি নিয়ে কাজ করছেন। তাঁরা এই ঝুঁকি নিয়ে কাজ করছেন, কিন্তু তাদের থাকবার অবস্থা কি? তাদের বাসস্থান দেখলাম, তাদের মাঠের উপর টিনের ঘর, কাঠের খুঁটির উপর করা হয়েছে। সে ঝাঁকি দিতে লাগলো, আর একটু জোরে ঝাঁকি দিলেই সেই ঘরটা পড়ে যেত। উইতে তার সমস্ত খুঁটি নষ্ট হয়ে গিয়েছে। চারিদিকের বেড়া ভাল নেই, সাপ আসে। ঐ ধরনের জায়গায়, তারা আমাদের লাস্ট চেক পোস্টে রয়েছে, তাদের জন্য এই ব্যবস্থা হয়েছে। এই হচ্ছে আমাদের সিগফ্রিড লাইন বা ম্যাজিনো লাইন—সেখানে এমন বন্দোবস্ত করা হয়েছে, যে সিপাহীরা যে ঘরে থাকে, সে ঘর বাসোপযুক্ত নয়। তারপর নো ম্যান্স ল্যান্ড-এর দিকে এগিয়ে গিয়ে দেখলাম, পাকিস্তানের সিপাহীরা, যারা থাকে, তাদের ঘরগুলি দেখলাম, তা দেখে অত্যন্ত লজ্জায় আমার মাথা হেঁট হয়ে গেল—তাদের বাসস্থানের জন্য এত সুন্দরভাবে ব্যবস্থা করা হয়েছে। কিন্তু ওখানে আমাদের সিপাহীরা, যারা তাদের জীবন বিপন্ন করে এত ঝুঁকি নিয়ে পাহারায় থাকছেন, তাদের জন্য আমরা কোন ভাল ব্যবস্থা করতে পারিনি। এখানে অর্থমন্ত্রী মহাশয় রয়েছেন, তিনি যদি তাদের কথা বিবেচনা করে, সেখানে ১৫।২০ হাজার টাকা ব্যয় করে কনক্রিট-এর ঘর করে দেন, তাহলে তারা ভাল ভাবে থাকতে পারে। এই রুমের ওয়ান থার্ড যদি একটা ঘর করে দেন, তাহলে তারা সেখানে ভাল ভাবে থাকতে পারে। কিন্তু সে ব্যবস্থা নেই। বিদেশীরা যখন এখানে আসে, তখন তারা পাকিস্তানের সঙ্গে, আমাদের ব্যবস্থাকে তুলনামূলকভাবে বিচার করে দেখে এবং ভাবে যে আমাদের কর্মচারীদের উপর আমরা এই রকম ব্যবহার করি। এতে আমাদের লজ্জিত ও দুঃখিত হতে হয়।

স্যার, এরপর আমি অর্থমন্ত্রী মহাশয়ের নিকট আর একটি কথা বলবো। হাবড়া থানাতে একটি রেফিউজি সম্মেলন ডাকা হয়। সেই রেফিউজি সম্মেলনে ডাঃ ত্রিগুণা সেন, সৌমিন্দ্র নাথ ঠাকুর, ডাঃ ভূপাল বোস, এঁদের বক্তৃতা দেবার কথা ছিল, এঁরা কলকাতা থেকে যাবেন। কিন্তু তার আগের দিন রাত্রে সেখানে ১৪৪ ধারা জারী করা হল এবং তা জারী করে বলা হয় যে শুধু শনিবার ও রবিবার ১৪৪ ধারা জারী থাকবে। অর্থাৎ সম্মেলনের দুদিন এই ১৪৪ ধারা সেখানে জারী থাকবে, আবার সোমবার থেকে সেটা উঠে যাবে। এই ধরণের যদি আমরা ডেমোক্রাসির কথা বলি, আমরা যদি এটাকে একটা গণতান্ত্রিক রাষ্ট্র বলি, তাহলে আমরা দাঁড়াবো কোথায়? আমরা নন-ভায়লেন্স-এ বিশ্বাস করি, এখানে শুধু চেঁচামেচি করে আমাদের বক্তব্য জানাই। কিন্তু এখানেও যদি এই ধরণের প্রতিদ্বন্দ্বিতা হয়, তাহলে আমাদের দাঁড়াবার কোথাও স্থান থাকে না।

তারপরে স্যার, আমার শেষ বক্তব্য হচ্ছে প্রশাসনিক ব্যবস্থা সম্বন্ধে। আমাদের ক্যাবিনে এর রেসপনসিবিলিটি ত নিশ্চয় রয়েছে, কিন্তু এখানে মুখ্য মন্ত্রী হচ্ছেন সবার উপরে। আমি মোটামুটি জানি ক্যাবিনেটের যে সমস্ত মন্ত্রীরা আছেন, তাঁরা মুখ্যমন্ত্রীর অধিনস্ত, তাঁর কথা তাঁদের চলতে হয়।

স্যার, আমরা এখানে কি দেখছি, আমি ওদের গোচরে আনার জন্য বলছি। স্যার, আমি বলছি মুখ্যমন্ত্রীকে তারা ঠিক মত মর্য্যাদা দিচ্ছেন না। আমি দুটো উদাহরণ আমি দেখাচ্ছি এখানে দেখুন মোসান ফর পেপারস আলোচনা হচ্ছিল তখন আমাদের মুখ্যমন্ত্রী সমস্ত দায়িত্ব নিয়ে বলেছেন যে ৩৫ হাজার ৫০০ পাক নেশান্যাল-দের আমরা এখান থেকে সরিয়ে দিয়েছি তারপরে আমাদের ওখান থেকে একজন নায়েবমন্ত্রী খগেন্দ্রনাথ দাসগুপ্ত, খুব চিন্তাশীল লোক তিনি এবং এখন অধুনা বিজয়বাবু—তার একটু পাকিস্তান প্রীতি রয়েছে কারণ তার কন্সটি টুয়েন্সি-তে মুসলমান বেশী, একটা খবর পাঠালেন যে আমি যখন শেষে বলতে উঠব তখন যে প্রেসকে বলে দিই এই যে ফিগারটা যেন প্রেস এ না যায়। একথা যখন আমার একটি বন্ধু মাধ্যমে বলা হচ্ছে, কার তা নাম বলবো না। কিন্তু সে ঐ পার্টীরই একজন বন্ধু। তারপর আবার যখন একথা বলছেন তখন আবার মুখ্য মন্ত্রী তার পুনঃ উক্তি করলেন যে ৩৫ হাজার ৫০০ লোককে সরিয়ে দেওয়া হয়েছে। এখন একাজে আমাদের ভারত রাষ্ট্রের কাছে খুব খারাপ কথা এটা ডিসাইড করলেন খগেনবাবু এবং ডিসাইড করলেন বিজয়বাবু, মুখ্য মন্ত্র ডিসাইড করছেন না তিনি শুধু বলে যাচ্ছেন। তার মুখ্যমন্ত্রী যখন বলা শেষ করলেন এব আপনি যখন হাউস শেষ করলেন তখন এখান থেকে চিৎকার করে প্রেসকে বলা হচ্ছে "এটা যে প্রেসে না যায়"। তাই আমি জিজ্ঞাসা করি এতে কি আমাদের যে মুখ্যমন্ত্রী, যে কংগ্রেস পার্টীর লিডার -তাতে কি তার ইজ্জত বাড়ল? মুখ্যমন্ত্রী একটি ঘোষণা করলেন, পাবলিককে জানাবার জন্য ঘোষণা করলেন অর্থাৎ দায়িত্ব নিয়ে ঘোষণা করলেন, কিন্তু তা জানাতে তাদের আপত্তি হোল। তারপরে ৩১ তারিখে সেদিন ক্রীকেট খেলা ছিল আমি খেলা পাগল লোক তা সত্বেও চীফ মিনিষ্টারের সঙ্গে অল পার্টি ডেলিগেট আমরা গিয়েছিলাম সেখানে হেমন্ত বাবু ও জ্যোতি বসু মশাই এনারা সবাই ছিলেন। আমরা গিয়ে দেখি আমাদের চীফ মিনিষ্টারের সঙ্গে ত্রাণ মন্ত্রী সেখানে বসে আছেন। আপনাকে স্যার কি বলব লজ্জায় মাথা নত হয়ে যায়। যে মুখ্যমন্ত্রী তো কিছু বলতে পারছেন না সমস্ত বক্তব্য ঐ ত্রাণমন্ত্রী বলছেন। কোন একটা সেন্স অব এটিকোয়েট নাই সেন্স অব প্রোটোকল নাই। তখন মুখ্যমন্ত্রী বলছেন আমি বলি আমাকে বলতে দাও—এইভাবে সেখানে এলবোয়িং হচ্ছে এবং এইভাবে চীফ মিনিষ্টারের সঙ্গে তার আচরণ হচ্ছে। ডাঃ রায় যখন ছিলেন তখন তো কেউ যেতে সাহস করতেন না। দূর থেকে রাজার মত দেখতেন। এখন চীফ মিনিষ্টার ডেমোক্র্যাটিক কিন্তু তার যে কোন ব্যক্তিত্ব রয়েছে তার যে নেতৃত্ব রয়েছে এই জিনিষ আজ তারা দেখাচ্ছেন না। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। তাদের নেতা তারা সম্মান করুক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Khagendra Nath Das Gupta :

মাননীয় সভাপতি মহাশয়, এইমাত্র আমি এখানে আসার সঙ্গে সঙ্গে শুনলাম যে আমি নাকি কোথায় বলেছি যে সমস্ত পাকিস্তানী নেশানাল এখান থেকে পাঠিয়ে দেওয়া হয়েছে তাদের সংখ্যা আমি একরকম বলেছি, আমাদের মাননীয় চীফ মিনিষ্টার আরেক রকম বলেছেন। আমি কোথাও কোন সংখ্যা বলিনি। এ্যাসেম্বলী-তেও নয় কাউন্সিল-এ নয় বা বাহিরের কোন সভাতেও নয়।

Shri Narendra Nath Das :

আমি বলছি চীফ মিনিষ্টার ৩৫ হাজার ৫০০ লোককে বিতাড়ণ করেছেন এই কথা বলেছেন। সেটা বলা হয়েছে যে চীফ মিনিষ্টার কথা যেন প্রেসে না যায়, সেই ইন্সট্রাকসনটা খগেনবাবু, বিশ্বনাথ বাবুর মাধ্যমে আমার কাছে বলেছেন যে আপনি প্রেসকে বলুন যাতে এটা ছাপা না হয়।

The Hon'ble Khagendra Nath Das Gupta :

কোন কথা আমি এ সম্পর্কে বলিনি।

Shri Biswanath Mukherjee :

এটা আমার ব্যক্তিগত কথা।

[10-30—10-40 p.m.]

Shrimati Anila Devi :

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের অর্থমন্ত্রী উন্নয়নের বিবিধ চিত্র দিয়ে বাজেট বক্তব্য পেশ করেছেন, সেই প্রসঙ্গে আমি শিক্ষার বিষয়ে দুই একটী কথা উল্লেখ করতে চাই। শিক্ষা খাতে যে বরাদ্দের হিসাব দিচ্ছেন তিনি, তাতে দেখছি ১৯৬২-৬৩ সাল থেকে পর পর শিক্ষা খাতে ৫০ হাজার করে টাকা কমিয়ে এক কোটী টাকা কম বরাদ্দ করা হয়েছে। ফলে শিক্ষা সর্বস্তরের সমস্যাও তীব্রতর হচ্ছে। মন্ত্রীমহাশয়ের মুদ্রিত বাজেটে ভাষণখানি দেখে আমার মনে হচ্ছিল যে এর উপরটায় বেশ স্বর্ণের ঔজ্জ্বল্য কিন্তু, পৃষ্ঠা ওলটালেই ভিতরে দেখছি রাংতা।

আরো ভেতরে যত অগ্রসর হচ্ছি দেখছি পরিসংখ্যানের পাথর, একসঙ্গে মনে হয়েছে ভাষণখানি যেন সোনার পাথরবাটি। প্রাথমিক শিক্ষার শিক্ষার্থীর শতকরা হিসাবে পশ্চিমবাংলা কিন্তু আজও অনগ্রসর রাজ্যগুলির সমপর্যায়ভুক্ত হয়েই রয়েছে ; তা সরকার পক্ষ থেকে প্রাথমিক শিক্ষার দ্রুত বিস্তারের যতই বর্ণনা দেওয়া হোক না কেন। আমি মনে করি দ্রুততর প্রাথমিক প্রয়োজন যথেষ্ট রয়েছে। বিশেষ করে শহরাঞ্চলীয় প্রাথমিক শিক্ষা আইনের জন্য সরকারের উপর নতুন আর্থিক দায়িত্ব এসে পড়েছে। এই বাজেটে দেখছি সর্বজনীন আবশ্যিক শিক্ষার জন্য চলতি বছরে সংশোধিত বাজেটে ১ কোটি ৪৪ লক্ষ ৬২ হাজার টাকা রয়েছে। আর এই ১৯৬৪-৬৫ সালের বাজেটে ১ কোটি ৪৬ লক্ষ ৩০ হাজার টাকা মাত্র বরাদ্দ! ঐ ১ লক্ষ ৬৮ হাজার বরাদ্দ বেশী করে যতই কেন আমরা বলতে চাই না মাত্র এই কয়েক হাজার টাকার কি সার্থকতা আছে এটা অবশ্য আমার মত নগণ্য লোকের পক্ষে বোঝা দুষ্কর। সভাপতি মহাশয়, এঁরা যাত্রা করেছেন গরুর গাড়ীতে, কিন্তু গতির বেগ দেখাতে চাইছেন একেবারে দ্রুতগামী মোটর গাড়ীর। নতুন বিশ্ববিদ্যালয় সুষ্ঠুভাবে গড়ে উঠতে পারছে না। বর্ধমান, উত্তরবঙ্গে যে বিশ্ব-বিদ্যালয় হয়েছে সেখানে আজও ফ্যাকাল্টি বা এ্যাকাডেমিক কাউন্সিল গঠিত হয়নি। আমার মনে আছে সেকেণ্ডারী বোর্ডের আলোচনা প্রসঙ্গে আমরা যখন প্রশ্ন তুলেছিলাম যে তাঁরা বর্ধমান, উত্তরবঙ্গ, কল্যানী প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে যে ডীনদের আমদানী করবেন সেই ডীন কোথায়, ফ্যাকাল্টি সেখানে হয়নি, তখন অবশ্য তাঁরা প্রমাণ করবার চেষ্টা করেছিলেন যে ফ্যাকাল্টি হব হব করছে। কিন্তু তারপর দীর্ঘ দিন কেটে গেছে, সেখানে ফ্যাকাল্টি বা এ্যাকা-ডেমিক কাউন্সিল এখনও হয়ে উঠেনি। আর কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাজেটের যা রিপোর্ট সেখানে পরিষ্কারভাবে বলা আছে যে অর্থের অভাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কাজের ক্ষেত্রকে সম্প্রসারিত করা সম্ভবপর হচ্ছে না। কলেজ শিক্ষকরা বিক্ষুব্ধ। তাঁদের সমিতি সম্প্রতি ন্যায়সঙ্গত বেতন হারের দাবি তুলেছেন। কিন্তু অর্থমন্ত্রী মহাশয় ইমপ্রুভমেণ্ট অব সার্ভিস কণ্ডিসান ফর টিচার যা বরাদ্দ করেছেন সেখানে দেখতে পাচ্ছি কলেজিয়েট এডু-কেশানের শিক্ষকদের জন্য ব্যয় বরাদ্দ হচ্ছে ২ লক্ষ ৫২ হাজার টাকা। কাজে কাজেই এখানে বলতে গেলে বলতে হয় যে কলেজীয় শিক্ষকগণ যা চাইছেন সেরকম বেতন হার তো নয়ই, তার কাছাকাছিও বেতন হার প্রবর্তনের সম্ভাবনা সুদূরপরাহত। ১৯৬৩ সালের মাধ্যমিক আইনকে সম্প্রতি দেখছি বেশ বেআইনীভাবে প্রয়োগের চেষ্টা চলেছে। বিভিন্ন কমিটিগুলি গঠিত হতে না পারায় বিশ্ববিদ্যালয়ের সাহায্য মঞ্জুরী, আসন্ন পরীক্ষা পরিচালনার ব্যাপারে বিশৃঙ্খলতা দেখা দিয়েছে। পরীক্ষা নির্দিষ্ট দিনে হবে কিনা এই সম্বন্ধে ঠিক কোন খবর আমরা সংগ্রহ করতে পারছি না। কখনও শুনছি পরীক্ষা পিছিয়ে যাবে, কখনও শুনছি না পরীক্ষা ঐ দিনে হবে, জিজ্ঞাসা করলে দেখছি সবই অন্ধকারে রয়েছি। ফলে দেখা যাচ্ছে শিক্ষকরা অনুমোদন ছাড়া বেতন বৃদ্ধির সুযোগটুকু পান না। সেই অনুমোদনের ব্যবস্থা, ম্যানেজিং কমিটিগুলির অনুমোদন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ম্যানেজিং কমিটির স্থানে পরি-চালক নিয়োগ এমন কি শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড ফিরিয়ে দেবার ব্যবস্থার জন্য যেসব নির্দেশ সেই নির্দেশগুলিও সম্পূর্ণরূপে ব্যাহত হচ্ছে।

অথচ ১লা জানুয়ারী বোর্ডের একটা সার্কুলারে কিন্তু দেখা যাচ্ছে সেই ৩১-১২-৬৩ সালের যে সমস্ত সার্কুলার সব বিদ্যালয়ে প্রেরিত হয়েছে বা ঘোষিত হয়েছে সেগুলি কার্যকরী হবে কিন্তু কেন জানিনা সেগুলিকে কার্যকরী করবার কোনরকম ব্যবস্থা আমরা করতে পাচ্ছি না। সেক্রেটারী এডুকেশান

improvement of service conditions for teachers,

সেখানে দেখছি ১ কোটি ৪১ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে, অবশ্য সেখানে মন্ত্রীমহাশয় ঐ ৫ টাকা ১০ টাকার একটা মহার্ঘ ভাতার কথা বলেছেন, যদিও তিনি যে নীতির কথা বলেছেন যে ১৫০ টাকা পর্যন্ত ৫ টাকা আর ১৫০ টাকার উপর থেকে ৩০০ টাকা পর্যন্ত ১০ টাকা এই যে বৈষম্য, সেই নীতি আমাদের মত অভাজনের কাছে বোধগম্য হয়নি, তবুও তার কথা শুনতে শুনতে মনে হচ্ছিল যে ১৫০ টাকা পর্যন্ত যাঁরা বেতন পান তাঁদের চালের দাম বুঝি ৩৫ টাকার কম, তারপর ঐ ১৫০ টাকার উপর যাঁরা বেতন পাচ্ছেন ৩০০ টাকা পর্যন্ত তাঁদের কাছে চালের মূল্য কিছু বেশী, আর ৩০০০ উপর যাঁরা তাঁদের কাছে চালের মূল্য কিছুই নেই—এমন তো বিচিত্র ব্যবস্থা করেছেন, তারপরে দেখতে পাচ্ছি অদ্ভুত ব্যবস্থা। সভাপতি মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের দেশের শিক্ষকেরা গুণগত মান উন্নয়নের জন্য শিক্ষণ শিক্ষার ব্যবস্থা চলছে। এ পর্যন্ত আমরা দেখেছি সরকারী ব্যবস্থাপনায় সাহায্যপ্রাপ্ত এবং সাহায্য-বিহীন বিদ্যালয় নির্বিশেষে শিক্ষকদের ডেপুটেসান য়্যাপণ্ট যেগুলি দেয়া হত কিন্তু আমার কাছে কিছু কিছু তথ্য রয়েছে সেখানে আমি দেখতে পাচ্ছি যে সাহায্য-বিহীন বিদ্যালয়ের যাঁরা ডেপুটেড শিক্ষক তাঁদের নভেম্বর মাস থেকে ডেপুটেসান য়্যাপণ্টমেণ্ট বন্ধ করে রাখা হয়েছে। জানিনা নীতি গ্রহণ করেছেন কিনা ঐ অপূর্ব পরিসংখ্যানের থিওরীতে যে এডেড স্কুলের শিক্ষকদের শিক্ষণকালে ডেপুটেসন য়্যালাউন্সের প্রয়োজন রয়েছে, আর সাহায্য বিহীন বিদ্যালয়ের ডেপুটেড শিক্ষকদের শিক্ষণ শিক্ষা কালীন অবস্থায় তাঁদের অর্থের কোন প্রয়োজন নেই—সেই নীতিতে ঐ নভেম্বর মাস থেকে তাঁদের ডেপুটেসন য়্যালাউয়েন্স বন্ধ হয়েছে কিনা জানিনা—আমি আশা করবো যে শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই এসম্পর্কে সহৃদয়তার পরিচয় দিয়া তাঁদের যে নভেম্বর মাস থেকে ডেপুটেসন য়্যালাউন্স বন্ধ করে রাখা হয়েছে তা অবিলম্বে রিলিজ করে দেবেন, কারণ নভেম্বর মাস পর্যন্ত তাঁরা টাকা দিয়ে আসছেন, যে নীতি বিঘোষিত ছিল এবং যেকথা ঐ জানুয়ারীর ১লা তারিখের সার্কুলারে ছিল, যার কথা আমি উল্লেখ করেছি সেখানে পরিষ্কারভাবে লেখা রয়েছে

all previous orders passed by the Board of Secondary Education, West Bengal and communicated to School Board on 31st December, 1963, will hold good until further orders.

অবশ্য আমি জানিনা সরকারী দপ্তর থেকে আবার কোন ফার্দার অর্ডার এই ক্ষণে হয়েছে কিনা যে ওঁদেরকে দেয়া হবে না। গেলে কেন তাঁরা তাঁদের প্রাপ্য বরাদ্দ পাননি এটা আমি অর্থমন্ত্রী মহাশয় কিম্বা শিক্ষা মন্ত্রীর কাছ থেকে জানতে চাই। এখানে বেশী বলবার সময় আমার নেই. সেই আলোচনার মধ্যেও আমি প্রবেশ করছি না। সভাপতি মহাশয়, আমার রবীন্দ্রনাথের একটা কবিতা মনে পড়ছে, আমি তার থেকে ২।১ লাইন তুলে ধরতে চাচ্ছি। এই যে সুন্দর বাজেট বরাদ্দ এবং বাজেট বক্তৃতা এ দেখতে গিয়ে চারিদিকে তাকিয়ে মনে হচ্ছিল—

কোন খানে নাহি পায় অর্থ কোন রূপ
পরিসংখ্যানের খাতিরে যে বেড়ে উঠে
সুন্দর কি স্বর্গের সুধা,
ভুইফোড় তত্ত্ব যেন ভূমিতলে খোঁজে
সব যেন বসে গেছি নিরাকার ভোজে
এরী শক্তি রাত্র স্বরূপ প্রবন্ধে প্রকট
সংক্ষেপে বলিতে গেলে হিং টিং ছট।

[10-40—10-50 a.m.]

Shri Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, while discussing the budget that has been presented to the House by the distinguished Minister of Finance, we can discuss anything that comes within the scope of governmental activity, and since frequent references have been made to a particular matter, I shall take that up that—I mean the recen communal flare up in West Bengal. Sir, with regard to this we have discussed a lot and we have made our suggestions. Even at the risk of repetition I shall try to put before the House the results of my mature thought. Sir, I believe that our first duty at this stage and also in the future should be to declare to the minorities that their rights are absolutely safe. Our second duty is to comb out the disloyal elements in West Bengal—whether they are Hindus or Muslims—and they should be effectively dealt with under the law of the land. Sir, I also think that it is our duty to exclude the Pakistanis employed in essential services in West Bengal. Some of us have advocated this policy for a very long time. Unfortunately, this policy has not been taken up in right earnest. Sir, I am making special mention of the essential services. In the essential services Pakistanis should not be employed for the simple reason that these Pakistanis might at any time create great difficulties for the State, and the essential services might be placed in a position of jeopardy. It is for this reason I believe that it is essential to exclude the Pakistanis from the essential services. The Chief Minister the other day said that there were some difficulties. He did not explain to us what the difficulties were. Sir, if there are any legal difficulties, special legislation ought to be undertaken for the purpose of excluding the Pakistanis from the essential services in West Bengal. I understand, Sir, about six to seven thousand Pakistanis, Pakistani citizens, who were working in the dock, resigned and the Chief Minister said that their resignation had been accepted. A movement is on foot for the purpose of reinstating them. I believe, Sir, that the Government of India, particularly the Port authorities ought to be firm in this regard.

Sir, the next question that disturbs me very much is that a section of the people has been infected with what I would call the communal virus. That is a very unfortunate part of the present disturbances. Sir, people, who always thought on non-communal lines, are thinking today on communal lines. What is the reason? The reason certainly is that certain very undesirable incidents have taken place across the border. But that is not the only reason. Sir, I have questioned about 50 persons who are highly educated. They assign another reason. They say, the principal reason is that Government has not been impartial in the treatment that they meted out to the Hindus and the Muslims during riots. Sir, it requires enquirying into. I do not vouch for the truth of this demand, but it is necessary that there should be an enquiry into the matter. Sir, while I was discussing certain problems of the State in connection with Her Excellency's excellent address delivered to the joint session of the two Houses, I said that it was necessary that we should enquire into the genesis of the riots and its causes. It is absolutely necessary and, I believe, the Government of West Bengal will take adequate steps in the matter.

The next point that I would like to emphasise in connection with the communal flare up is that our border must be properly guarded. Sir, unfortunately, we are not spending enough for guarding our borders and as a result Pakistanis with evil intent have infiltrated into our territory. The other day no less a person than the Treasurer of the Indian National Congress at a press conference gave certain figures which are very revealing. He said that in Punjab for a border of 500 miles Rs. 3 crores were being spent. In

Rajasthan for a border of 400 miles Rs. 90 lakhs were being spent. In West Bengal, for a border of 1359 miles Rs. 1 crore 25 lakhs are being spent. Sir, we ought to spend more for guarding our border. The distinguished Treasurer of the Indian National Congress also added that it was necessary that the distance between the checkposts should not be more than 5 miles. Sir, these steps ought to be taken.

Sir, everybody is aware of the fact that Government of India do not disburse to the full extent so far as the expenditure on border defence is concerned. We should request the Government of India to pay us adequate sums. Although we have to spend for guarding the border, after all it is a matter that really falls within the sphere of the Government of India.

Sir, I will next come to the budget that has been presented to us by the Hon'ble Saila Kumar Mukherjee. The first thing that strikes me is that it is a deficit budget. I am not alarmed by a deficit budget because I feel that a State that is engaged in planned activities has to undertake deficit budget at times. So, that is not a matter that should be regarded is an alarming sign for budgeted allotments for 1964-65.

[10-50—11-00 a.m.]

Sir, we have to recognise that the Education Minister as well as the Minister for Finance are more or less helpless in the matter of securing revenues for the State because nearly all the expanding sources of revenue belong to the Government of India, and the only expanding source of revenue that has been left to the States is, perhaps, sales tax.

With regard to sales tax, it is a matter of satisfaction that the revenue under that head is going up from year to year. In this respect I have to make one suggestion. Last year and possibly year before last I suggested that multipoint sales tax might be given a trial as it might bring us larger revenue. I am not an expert on taxation. The Minister for Finance, perhaps, knows much more than I do and he has his advisers. I hope, Sir, he will go into the whole question whether multipoint sales tax would be of greater benefit to us or not.

Sir, I am a humble student of Economics and as such I am fond of figures and, therefore, I would like to congratulate the Finance Minister for producing the excellent brochure viz. the Economic Review for West Bengal. He is really helping us who are interested in figures and who think in terms of figures for the purpose of judging the progress or regression. In the economic sphere, we feel, it is of great advantage to us.

Sir, the Finance Minister in the Economic Review and in his budget speech has said that taxation and spending policy of the State is very desirable and that he is giving the people much more than he is taking out of their pockets. That is true. It is a fact that we are better placed, taking his figures as correct, than some of the other States. In a State like Maharastra, for example, the per capita expenditure on nation building departments is 15.5 whereas by way of taxation they realise 18.1. If you look at Madras you will find that the position is very much better than the position we enjoy. Therefore, though there is a matter of satisfaction, taking his figures as correct, still we are much worse off than Madras. I do not challenge the figures that he has given us in connexion with taxation and spending policy of the State but I would like to know the basis of his calculation of per capita nation building expenditure in rupees. What are the items that have been

included in the nation building expenditure that he has referred to in the second column of the figures under taxation and spending policy of the State. What he gains in this way is taken away from our pocket by the Government of India. He has stated on page 7, para. 1, that the incidence of Central taxation in West Bengal is much greater than that of State taxation and we get very little out of the Government of India. In this connexion I will refer to the decreasing grants we receive as share of Centrally levied taxes from the Government of India. In 1962-63 the percentage of total receipts to the total budget was 18.4. In 1963-64 it was 18.0 but in 1964-65 it will be 16.2, that is to say, the contribution of the Government of India under share of Centrally levied taxes is decreasing. Sir, so long as we cannot get sufficient money out of the Government of India, out of the total fund that accrues to the Government of India by way of income tax, we shall not in fact be able to rehabilitate our finances in the State. Sir, I will not enter into the justice and injustice of the whole question because that is a question by itself and will take long time but I feel that we are getting much less under the head "Taxes on Income" than what we ought to get.

Sir, it is a matter of some satisfaction that by way of grants in aid we are getting more from the Government of India. Between 1962-63 and 1964-65 the percentages have gone up from 9.1 per cent. to 13.2 per cent. The trend of the Finance Minister's speech is that Bengal is progressing economically. Here I would most humbly say that I join issue with him. He has said that national income has increased. I do admit that national income has increased but how has the national income been distributed? Sir, I am a simple man and I will give a homely analogy. Supposing that 3 cakes are given to myself and my friend Shri Saila Mukherjee for distribution. He eats up all the 3 cakes but the statistician will say that 'you have got 1½ cakes'. That is the position. Let us look at the distribution of national income. Just before the Republic Day of 1963 the Planning Commission made certain calculations as regards the extent of concentration of wealth. It came to the conclusion that more than 33 per cent. of the national income at present goes to 10 per cent. of the people who account for 25 percent of national income. Sir, this is a terrible position. Sir, the Economic Review published by the A.I.C.C. declared in 1960 that 20 percent of the people received 50 percent of the national income. According to another calculation—that of the well-known Shri K. N. Raj of Delhi 5 per cent. of the people appropriated 25 per cent. of the national income. Sir, together with this let us look at the position of the unprivileged section of the community judged from the point of view of real income. Sir, I am relying on Government statistics. Sir, the Second Pay Commission appointed in 1955 calculated the real earnings of salaried employees in India and the earnings actually registered a fall in 1959 taking 1939 as the base. The real earnings of salaried class in 1956 was 97; in 1957 it stood at 95; in 1958 it fell to 94.

The agricultural labour likewise has not fared any better than the middle. Between 1950-51 and 1956-57—those are the years with regard to which the agricultural labourers' income figurers are available. The daily wages of male, female and child labour showed a decrease by 13.5, 15.2 and 32.0 respectively. At the same time the consumption expenditure on an average per household increased 34 percent and 87.2 percent respectively. Sir, I am relying on national sample survey of the Central Statistical Organisation. The real income of factory workers constitutes 0.86 percent registered a slight increase between 1939 and 1954 but if we take into consideration the tremendous rise of prices during this time it will appear that they also have fared almost in the same way as the agricultural labourers and the middle-class. So the

[11-00—11-10 a.m.]

middle-classes, the agricultural labourers and the factory workers have in fact suffered on account of the nature of distribution of national income and the nature of the labour policy—the wages policy in particular—pursued by the Government of India. Sir, what is then the overall position? Sir, the overall position of the people of India may be summarised in the words of the distinguished writer of the Census Report of 1951. Sir, on behalf of the Socio-Economic Research Institute of which I happen to be the General Secretary, we have made certain surveys and our survey is supported by the Census Report of 1951. Ten years have elapsed but there has been no change in the position. If there has been any change, it has been for the worse. Sir, in 1951 the distinguished writer of the Census Report on page 531 said: "The statistics indicate that the aggregate livelihood of the people has certainly not kept pace with the population and is lagging far behind. The gap is widening more in the rural than in the urban areas, proving that a greater and greater proportion of the rural population is being compelled to fall back upon the land. In the urban areas a big share of employment and sustenance available is appropriated by persons born outside the State and there also except for certain expanding mills and factories, employment is scarce and disputed. The crisis in employment is gradually intensifying both in the agricultural and non-agricultural sectors and an increasing population is being thrown upon a decreasing number of earners". Sir, that is the position—an increasing number of people are being thrown upon a decreasing number of earners. That is the situation. In spite of this the Finance Minister says that Bengal is making economic progress. What is then the remedy? Industrialisation. The pressure of population on land is tremendous. What have the Government done in that sphere? Sir, before I come to this, I will refer just for a moment to a very important need of agriculture, namely, fertiliser. Dr. Roy made nearly all arrangements for the establishment of a fertiliser factory in Bengal. The Government that succeeded him has not been able to do anything up till now. Take for example, electricity. The Estimates Committee—the Finance Minister possibly knows about it—on the 24th February last submitted a report and they referred in particular to the State Electricity Board. Sir, I refer to the activities of the State Electricity Board because electricity is one of the primary necessities for industrial development. Sir, the report points out that supply of electricity in rural areas is extremely meagre. There was a scheme that for the development of agriculture 314 deep tubewells would be sunk. Only 80 could be sunk and commissioned because electricity could not be supplied to them.

Sir, if electricity could be supplied to the rural areas, silk industry in Murshidabad, Malda, Bankura and Birbhum and handloom industry in 24-Parganas, Nadia, Howrah and Hooghly might have improved considerably and they would have been able to withstand competition of other States. But on account of the utter failure of the Electricity Board to supply electricity in the rural areas it is not possible for them to do so. Take for instance, the Jaldhaka Scheme with which the Hon'ble the Finance Minister was connected for some time before he became Finance Minister. Even now possibly he is. The Jaldhaka Scheme could not be finished within the time stipulated and in spite of that the same contractor has been asked to carry on the work in his dilatory way. Sir, stricturers have been passed by the Estimates Committee upon the activities of the Electricity Board. The cost per unit is much less than that of the Calcutta Electric Supply Corporation, but still the price that is realised by the Electricity Board from the consumers is larger. The Estimates Committee, therefore, recommended that the Electricity Board should be fully reorganised.

Sir, in spite of this state of affairs of electricity, electricity is being supplied to the Aluminium Corporation of India near Asansol, controlled by Sir Lakshmipat Singhania, at a rate much lower than the cost of production and as a result we are losing nearly Rs. 20 lakhs every year. The contract was concluded, so far as I remember, in 1958, and it will continue up to 1970. So, every year we shall be losing Rs. 20 lakhs × 12, i.e., Rs. 2 crores 40 lakhs will be lost by the State. We are not in a position to supply electricity to the villages to improve the village industries, to improve the small scale industries, but we are favouring—or I do not know what it is—we are favouring Sir Lakshmipat Singhania by supplying electricity to his factory at a rate much lower than the cost of production.

Sir, that is the economic picture in Bengal that the Finance Minister will have to face and I hope he will stand up to it.

Shri Manoranjan Sen Gupta: On a point of order, Sir.

মাননীয় সভাপতি মহাশয়, এবারে এই বাজেটে ওল্ড এজ পেনসন সম্বন্ধে কোন কিছু নাই। অথচ বলা হয়েছে ফাস্ট জানুয়ারী থেকে এটা কার্যকরী হয়েছে এবং অ্যাপ্লিকেশান রিসিভ করা হচ্ছে। এটা আমি অর্থ মন্ত্রীর কাছে জানতে চাই কোন প্রভিশন করা হয় নি কেন ফর ১৯৬৪-৬৫এ।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, I would like to begin with the comments that have been made by my friend Shri Nanda Kishore Ghosh. He has appealed for larger grants to the Calcutta University, as his impression is that the Calcutta University is unable to meet all the demands that are made on it. Sir, you are aware that the Calcutta University had no statutory grant before. It was only in the year 1951 when the new Calcutta University Act was passed that we provided for a statutory grant of Rs. 16 lakhs to the Calcutta University. For the first time the Calcutta University was given a statutory grant under the Act of 1951. Before

[11-10—11-20 a.m.]

that the Calcutta University was given another grant under another Act of the West Bengal Legislature, namely, the West Bengal Board of Secondary Education Act. Under that Act the Calcutta University was provided with a grant of Rs. 5.5 lakhs every year—if I remember aright. So the Calcutta University is now getting Rs. 21.5 lakhs as statutory grants from the State Government. Apart from that, Sir, the Calcutta University is given matching grants for financing their different development schemes approved by the University Grants Commission. So we are not slow to provide the Calcutta University with sufficient funds even for its developmental purposes. If I may refer to the budgetary position of the Calcutta University, Sir, you will find that whatever the budget of the Calcutta University may be year after year, at the end of the year, it is seen the budget is generally balanced and there is hardly any deficit. I am very sorry to say—I do not know if I am correctly informed or not—that the Calcutta University has not been able even to utilise all the grants offered to it my the University Grants Commission. Therefore, Mr. Nanda Kishore Ghose's point that the Calcutta University should be provided with larger amount of grants carries no meaning. It is no doubt a very good appeal, and I may say that we are prepared to provide the Calcutta University with sufficient grants not only to carry on its programme but also to effect necessary developments. But after all we ought to know what are the grants which the Calcutta University would like to have and for what specific purposes they would like to spend the monies. Otherwise, it may be very difficult even to persuade my friend to the right, the Finance Minister, to make him agree to the grants even if proposed by my Department. In other words they have got to make out a case.

As regards the other point of Mr. Nanda Kishore Ghose that there should be an integrated library system and suitable scale for the library workers, I may state that there are 19 district libraries, 24 area libraries and 504 rural libraries, which are sponsored by the State Government. But there are as many as 4,000 libraries in this State. It is very difficult for the Government to provide suitable scales of pay for the library workers of all these 4,000 and more libraries. So far as the sponsored libraries are concerned, librarians of the district libraries are paid at the rate of Rs. 250 per month and the librarians of the rural libraries get Rs. 75 per month. So far as the introduction of scales for the workers of the sponsored libraries are concerned, I may tell the house that this matter is under consideration.

We may now pass on to the comments made by my friend Shri Monoranjan Sen Gupta. He has said that the N. D. C. scheme should be popularised. There is no doubt about it. We are quite conscious of it. That is a very good scheme indeed and; it ought to be popularised and the physical training teachers of the schools ought to get training under the N. D. C. scheme. Perhaps he is not aware that we have placed Habra Homes at the disposal of the Government of India to provide for training of the school teachers in service and the Government of India is going to start that scheme here at Habra in the Barasat subdivision.

So far as the N. C. C. is concerned, Bijoy Babu made a mistake the other day by saying that those who are receiving N. C. C. training cannot handle rifle. That is not true. After all there are rifle divisions in the N. C. C. in West Bengal and cadets not only acquitted themselves very well in the competition that was held in Delhi on the Independence Day but also secured almost all the prizes.

So far as the strength of the N. C. C. cadets is concerned there were only about 15,000 or so in the Senior Devision in 1948 and their total number has now exceeded even one lakh.

Now, Sir, as regards the criticisms offered by Shri Santosh Bhattacharyya. He said that four letters were written to me by the A. B. T. A. but they did not receive any reply. Sir, this has been contradicted by our friend Shri Satya Priya Roy who admitted that he received two replies from my department. What probably I did not concede was that I could not appoint any date for the interview. So Santosh Babu's allegation stands contradicted. Sir, what was the reply that was given to the letters that were written to us by the A.B.T.A. In June 1963 a personal note was sent to Shri Satya Priya Roy in reply to the points raised by him in his letter—new points if any now raised of course could not be covered by our reply—and the points raised in his letter were answered as follows:

আপনার ৩১-৫-৬০ তারিখের পত্র প্রাপ্ত হইয়া লেখা যায় যে লিখিত বিষয়ে বিভাগীয় আলোচনায় জানা গেল—

(১) ম্যাট্রিকুলেট পরীক্ষোত্তীর্ণ করনীক গ্রন্থাগারিক ও চতুর্থ শ্রেণীর কার্যকারীদিগের বেতনের যে নূতন হার ঘোষণা করা হয়েছিল তাহা প্রবর্ত্তিত হইবে। ইহার জন্য তৃতীয় পরিকল্পনা কালের মধ্যে প্রায় অতিরিক্ত ৪৫ লক্ষ টাকা ব্যয়ের কারণ হইবে সুতরাং বেতনের হার আরো বেশী বৃদ্ধি করা সম্ভব নয়;

(২) ১৯৫৫ সালের ২১এ জানুয়ারী তারিখের ৫৫২নং সরকারী আদেশ অনুসারে অতীত অভিজ্ঞতা অনুসারে শিক্ষকদিগের নূতন হারে বেতন বৃদ্ধি পাওয়ার বাধা হইবে না।

(৩) উপাধীপ্রাপ্ত গ্রাজুয়েট ও মধ্য পরীক্ষায় উত্তীর্ণ আণ্ডার গ্রাজুয়েট শিক্ষক যাঁহারা শিক্ষণ-শিক্ষা প্রাপ্ত হন নাই তাঁহাদের বেতন এবং নিয়োগ সম্পর্কে নিম্নলিখিত সিদ্ধান্ত জানানো যাইতেছে—

(ক) যাঁহারা ১-৪-৬১ তারিখে বা তৎপরে নিযুক্ত হইয়াছেন তাঁহারা শিক্ষক-শিক্ষা প্রাপ্ত শিক্ষকদের নিম্নতম ধার্য্য বেতন প্রাপ্ত হইতেছেন।

Large numbers of huts of Muslims were burnt in these villages. Looting and arson were also extensive. It has been reported by the villagers of the affected villages that most of the rioters came from Asrafabad camp. On 12th January 1964, 17 persons were arrested. On 16th January 1964 another 47 persons were arrested from the camp. The allegation that during arrest police surrounded the Asrafabad camp and made indiscriminate arrests is false. In all 64 persons have been arrested so far out of an approximate population of 2,000 in the camp. Considering the number of rioters who took part in the rioting from Asrafabad camp, the number of persons is not at all large. There were no police excesses and none was beaten after being brought to thana. When the police went for arrest at Asrafabad camp, many persons ran away and some of them might have received injuries at that time by falling down. Besides, it has now been found that at the time of looting and arson some of the rioters had been resisted. It is very likely that they had received some injuries at that time.

Some names, namely, Panchu Bala Sarkar, Bashi Rani Biswas and others have been mentioned. Allegations have been made in the news item that marks of injuries were found on their persons. Some photographs also have been published to prove that those persons received injuries at the hands of the police. The photographs by themselves prove nothing. It is worth mentioning here that no complaint was lodged in court when the arrested persons were forwarded. It has also been alleged that the police fired a few rounds in Asrafabad camp. That is absolutely untrue. The allegation that the Police caused havoc in Asrafabad camp by cutting down banana trees etc. and pulling down the huts is false. It is true that some properties were seized from Asrafabad camp but seizure was made on the ground that they were looted properties. Bharatinagar colony is at a distance of about 8 miles north-east of Habra P.S. The adjacent Muslim villages of Boyerghata, Sonakania, Abad, Mahisha, Maslandapur, Kumra and Kashipur were affected in this area. Looting and arson also were extensive. Police arrested 12 persons from the colony. No woman has been arrested in Habra P.S. Some refugees who, although being aged, led the rioters, had to be arrested. Their number, however, is very small. In Asrafabad camp the number of such persons, over 50 years of age, has so far been only 4. If an impartial observer goes to the aforesaid villages, sees for himself the devastation, hears the accounts, he will realise how some of the miscreants acted. It is apparent that the news item published in the newspaper was based on the story given by the aggressors, not by the aggrieved. The interior villages which are difficult to reach still bear marks of havoc caused by those who are being represented to be victims of police excesses.

With reference to the calling attention notice of Shri Manoranjan Sen Gupta regarding arrest of Shrimati Bela Dutta I rise to make the following statement :

The District Magistrate of Nadia issued an order on 16th January, 1964 under section 3(2) of the Preventive Detention Act, 1950, directing that Shrimati Bela Dutta of Dhubulia camp, dstrict Nadia, be detained with a view to preventing her from acting in any manner prejudicial to the maintenance of public order. Shrimati Bela Dutta was lodged in the Berhampore Central Jail. The order of the District Magistrate detaining Srimati Bela Dutta was duly approved by the Government on 24th January, 1964. As is required under the Preventive Detention Act the case was subsequently placed before the Advisory Board along with all relevant papers. Shrimati Bela Dutta forwarded a representation to the Advisory Board and was heard personally by the Advisory Board. On the advice of the Advisory Board the detention order was revoked on 21st February, 1964.

Shrimati Bela Dutta was detained as the Government was satisfied that she was indulging in activities prejudicial to the maintenance of public order and at the time when many areas of Nadia district were the scene of communal disturbance on a overwhelming scale.

It is not true that rude and barbarous treatment was meted out to her. She made no such complaint to the Magistrate, Jail authorities or the Advisory Board, which had heard her personally.

The Hon'ble Saila Kumar Mukherjee : Sir, in reply to Shri Jatin Chakravorty's motion to find out whether there has been any move to reinstate Pakistani nationals who have resigned from the Port Commissioners, I beg to make the following statement :

The Transport Commissioner had a discussion with the Chairman of the Port Trust on the subject who informed him that he was not aware of any such move to reinstate the Pakistani nationals. He also gathered from the Chairman that more than 1000 Pakistani nationals working in the Port Commissioners had resigned and Bengali boys who are passing out from the Inland Water Transport Training School were being recruited by the Port Commissioners against those vacancies. More information yesterday was gathered from the Central Transport Minister, Shri Raj Bahadur, on the subject and he categorically denied any information of any move to withdraw resignation or to reinstate the Pakistani nationals. Moreover, there is no difficulty now of recruiting Indian nationals in the vacancies caused by the resignation of the Pakistani nationals from our own trainees.

[3-30—3-40 p.m.]

Mr. Chairman : I have before me two notices of calling attention on the subjects of :

(i) appointment of the Commissioner of the Corporation of Calcutta from Shri Monoranjan Sen Gupta; and

(ii) alleged lathi-charge and arrest of persons holding conference at Kalyangarh, P.S. Habra, District 24-Parganas from Shri Narendra Nath Das.

Members concerned may please read the motions.

Shri Monoranjan Sen Gupta: Sir, my motion runs thus: "The rate payers of the Calcutta Corporation view with alarm the situation that has arisen in consequence of the resignation tendered by the present Commissioner who has earned reputation of one and all as being a strong, able, impartial and honest officer and also in consequence of the decision of the State Government that the Councillors will elect a new Commissioner it is apprehended that the Calcutta Corporation as a result of the situation will lapse into the former state of corruption and nepotism which the State Government wanted to eradicate."

The Hon'ble S. M. Fazlur Rahman : Sir, with reference to calling attention motion of Shri Monoranjan Sen Gupta, I may state as follows.

Shri S. B. Roy has been, on his own request, withdrawn from the Corporation of Calcutta and his appointment as Commissioner of the Calcutta Corporation terminated with effect from 2nd March, 1964 under sub-section 3 of section 19 of the Calcutta Municipal Act, 51. Public Service Commission, West Bengal is being moved for recommending a person for appointment as a Commissioner under sub-section 1 of section 19 of the Act. Pending the appointment of the Commissioner through the Public Service Commission, Shri Binoy Jiban Ghose, Secretary of the Corporation, has been appointed to officiate as Commissioner for a period of four months under section 21 of the Act.

Shri Narendra Nath Das : Sir, my motion runs thus. "A two-day conference of displaced persons was convened at Kalyangarh, P.S. Habra, District 24-Parganas on 29th February, 1964. The conference was scheduled to be addressed by persons like Dr. Triguna Sen, Rector, Jadavpur University, Shri Dakshina Bose of Jugantar Patrika, Dr. Bhupal Bose, Shri Kashi Kanta Maitra, M.L.A. of the P.S.P., Shri Swaraj Bhattacharyya of the Bastuhara Sammelan but on the eve of the conference section 144 of the Cr. P.C. banning public meetings and processions was promulgated in the areas for February 29 and March 1 only. As good citizens the organisers decided to hold the delegates meeting behind the closed doors inside Kalyangarh Girls' School. In spite of this discreet precautionary step taken by the organisers of the conference, police in large numbers broke open the walls of the schools, dispersed the delegate of the session, arrested President Dr. Bhupal Bose and inaugarators Shri Bose and 25 others. In course of these operations police beat the President, tore his clothes, beat others and manhandled the women delegates and later on lathicharged the crowd outside causing injuries to 10 persons At the top of that a photographer of the Jugantar was forcibly prevented from taking any snap of the conference proceedings and arrested and manhandled. Prima facie there are serious allegations against 24-Parganas police which includes special mention of Shri Dutta, additional S.P., 24-Parganas (North), Shri Salil Chatterjee of Eastern Frontier Rifles. The naturally agitated minds needs to be disabused of all avoidable misgivings arising out of the police conduct. This has become urgently necessary in the context of my appeal on the floor of the Legislative Council at 10 a.m. on 29th February in course of the budget discussions when I informed the leader of the House to bring the matter of promulgation of section 144 Cr. P.C. at Habra to the notice of Hon'ble Chief Minister. I never knew whether the matter was at all brought to his notice, a step which might have avoided the police atrocities.

The peaceful performance of the public meeting of 15,000 persons on the following day bears this out. Hence the following needs clarification by the State Government:—

(i) Attitude of the Government towards the conduct of police in tackling the situation arising out of the two-day conference of refugees at Habra, police behaviour of breaking open into private place like school building for dispersing a closed door meeting held out of consideration for promulgation of Section 144;

(ii) whether the Government proposed to withdraw the case against the arrested persons now in Jail or released on bail;

(iii) whether the Government propose to hold any judicial enquiry into these police excesses which come in close proximity of police excesses in Bongaon and Barasat Subdivisions of 24-Parganas during the third week of January last;

(iv) whether the Government propose to suspend the Addl. S.P., 24-Parganas, North and Salil Chatterjee of Eastern Frontier Rifles pending investigation;

(v) whether the Government propose to compensate the losses undergone by the school.

স্যার, একটা কথা আমি বলতে চাচ্ছি, সেদিন আমার বাজেট স্পীচে দশটার সময় একথা বলেছি যে হাবরায় আননেসেসারিলি করেছে। কালকে সকালে আমি যখন চীফ্ মিনিষ্টারকে ফোন করেছিলাম তখন তাঁকে সব ব্যাপার বলেছিলাম কিন্তু কালকে ১৫ থেকে ২০ হাজার লোকের একটা মিটিং হয়েছে পিসফুলি। আগের দিন এই ব্যাপারটা যদি যেত তাহলে এটা হত না। আমি ১২টার আগেই এটা দিয়েছি যাতে আজকেই এর জবাব পেতে পারি। কারণ এর পরে হাউস অনেক দিন বসছেনা। তাই আমি জানতে চাচ্ছি জবাবটা কবে পাবো।

Mr. Chairman : The matter has been placed before the Hon'ble Minister and I think suitable and convenient time will be fixed for the purpose.

The Hon'ble Jagannath Koley :

আজকের মধ্যে হবে না, কালকেও হবে না।

Shri Jatin Chakravarty :

স্যার, ১৪৪ ধারা জারী করেছেন ঘরের মধ্যে মিটিং করেছে, তা সত্বেও বে-আইনীভাবে এই সমস্ত করা হয়েছে। স্যার, আমরা মগের মুল্লুকে বাস করছি না কি বুঝতে পারছিনা। ওখানকার সমস্ত গার্লস ডেলিগেটদের চুলের ঝুঁটি ধরে নিয়ে গেছে। আপনি দেখুন সমস্ত সংবাদপত্রে বেরিয়েছে এই ব্যাপারটা।

Mr. Chairman : Your feelings have been brought to the notice of the Hon'ble Minister. I think he will do the needful.

Shri Narendra Nath Das :

ট্রাংককল করে খবরটা নিন না। রাইটার্স বিল্ডিংসে ১২ টার সময় এর কপি গেছে। আজকে কেন আমরা পাবোনা?

Mr. Chairman : The matter has been given before the House just now.

Shri Jatin Chakravorty:

১লা তারিখে যুগান্তর, আনন্দবাজারে বেরিয়েছে এবং এটা ওঁদের জানা উচিৎ যে আজকে কাউন্সিলে একথা উঠবে এবং এ সম্পর্কে ওঁদের তৈরী হওয়া উচিৎ ছিল। এটা মগের মুল্লুক চলছে কেন বুঝতে পারছি না। ১৪৪ ধারা তারা ব্রেক করেনি তারা হাউসের মধ্যে সম্মেলন করেছিল। সেখানে মেয়েদের চুলের ঝুঁটি ধরে নিয়ে গেছে। এই জিনিসটা সম্পর্কে নিশ্চয়ই বক্তৃতা হবে।

Shri Rabindralal Sinha :

আমি স্যার বলতে চাই এটা কি আইনসংগত।

I am on a point of order whether any speech is allowed at this stage.

The Hon'ble Jagannath Koley :

আমি মন্ত্রীমহাশয়কে ডাকছি, তিনি এসে বলবেন কবে দিতে পারবেন।

Shri Sasanka Sekhar Sanyal: Sir, may I intervene. Mine is not a point of order but it is a suggestion for expendiency. You know, Sir, there is a practice in the British House of Commons that whenever any urgent thing has to be mentioned it is referred to in the House. It is the practice for the Governmnt to come ready with the papers as the Opposition may demand for papers. Here the same practice may be taken up particularly because we are deprived of the privilege of moving an adjournment motion.

Therefore, whenever a matter of momentous importance is referred to by the Opposition, it is not proper—I won't say it is not right—it is not proper or fair for the Government to say that they want time. They ought to anticipate that these things might come up before the House and they ought to come ready with the answer.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: How can it be anticipated?

Mr. Chairman: From the reports of papers—that's one way of looking at it.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: But how can it be anticipated that a calling attention notice is coming up?

Shri Sasanka Sekhar Sanyal: Even without giving any notice a momentous matter can be referred to in the House.

[3-40—3-50 p.m.]

The Hon'ble Jagannath Kolay:

রাইটার্স বিল্ডিং-এ সাড়ে এগারটার সময় পাঠিয়েছেন। আমাদের কাছে এখনও পর্যন্ত কোন নোটিস আসেনি। আমি পার্লিমেণ্টারী এফেয়ার্স সম্পর্কে বলতে পারি কোন কপি আমরা পাইনি।

Shri Narendra Nath Das :

এই ঘটনাত শনিবারে ঘটেছে।

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

এ সম্বন্ধে এনকোয়ারী চলছে। এই অবস্থায় এখন রয়েছে। সুতরাং এখন সে সম্বন্ধে কিছু বলা সম্ভব নয়।

Shri Narendra Nath Das:

পুলিশ ঘরের মধ্যে ঢুকে জার্ণেলিস্ট-দের মেরেছে, এর আবার এনকোয়ারী কি?

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, আপনার কাছে আর একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষণ করবার জন্য ইন্‌ডাল্‌জেন্স নিচ্ছি। If you say that I have not given notice, I should say that a notice is only directive and not mandatory

আপনি কাগজ পড়েন, সেটা আলাদা কথা। সবাই কাগজ পড়েন—এটা আশা করা যায়। খবরের কাগজে আপনারা নিশ্চয়ই দেখেছেন যে যারা আসছেন ওপার থেকে প্রত্যেকদিন, তারা সংবাদ-পত্রের প্রতিনিধিদের কাছে বলছে যে তাদের ন্যাংটা করে ছেড়ে দিচ্ছে,—এক্ষেত্রে আমি উইদাউট গিভিং এনি প্রিভিয়াস নোটিশ, আমি মেম্বার্স অব দি কেবিনেট, পার্টিকুলারলি টু দি লিডার অব দি হাউস-এর কাছে জানতে চাচ্ছি যে তার এটেনসান কি ড্র হয়নি টু দিজ নেফোরিয়াস থিংস, এবং তাঁরা কি প্রিপেয়ার্ড নন

to make a statement on what the Govt. is going to do to give relief to these reliefless people.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, at this disturbed time many things are appearing in the columns of newspapers. How can it be anticipated that on this particular subject a calling attention notice will be given? It cannot be anticipated.

Shri Sasanka Sekhar Sanyal: May I make an appeal to the Leader of the House? Has he not read in the paper that such things are happening, has he not applied his mind to these things and has he not any fact to give the House?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: You have read in the paper asmuch as I have read. But after all, it is not my subject. As regards the appropriate Department which will answer your calling attention motion, it may have affected their attention already but the question is how can it be anticipated that a calling attention notice would be given today? Many such reports are appearing in the papers.

Shri Tripurari Chakravarti: Sir, I am not convinced by the explanation which has been given by the Hon'ble the Leader of the House. The calling attention notice is not merely a formal one or ordinary one. The event that has taken place might have formed a subject-matter of an adjournment motion which is tantamount to want of confidence in the Ministry. From the occurrence that has appeared in so many papers everybody in West Bengal today knows what has happened at Kalyangarh. So in these circumstances the Government ought to have been prepared. . .

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: With everything that has appeared in the papers?

Shri Tripurari Chakravarti: Certainly. It is a matter of urgent public importance. Government ought to have anticipated this. Sir, I leave this matter to you to decide.

Mr. Chairman: I cannot decide on a matter like this.

Shri Jatin Chakravorty:

আমি একটা ভায়া মিডিয়া সলিউসান দিচ্ছি। আমাদের লিডার অব দি হাউস বলছেন তিনি কি করে এণ্টিসিপেট করবেন। কিন্তু যখন আমাদের এই হাউসে শ্রীনরেন দাস কলিং এ্যাটেনসান তুলে কলিং এ্যাটেনসান মোসান-এর মারফৎ তাদের দৃষ্টি আকর্ষণ করেছেন, আমি বলতে চাচ্ছি এই, যে এটা যখন অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার,—কালকে কাগজে যখন বেরিয়েছে যে হলের মধ্যে মিটিং করা সত্ত্বেও তাদের গ্রেপ্তার করা হয়েছে, হলের মধ্যে পুলিশ ঢুকে মেয়েদের চুলের ঝুঁটি ধরে নিয়ে গিয়েছে! আমি বলছি, আমার সলিউসান হচ্ছে এই যে আজকে আমাদের হাউস চলছে, সেখানে মুখ্যমন্ত্রীর দায়িত্ব আছে যে, তিনি আমাদের এখানে এসে যে কোন সময়, এই সম্পর্কে তাঁর যা বক্তব্য সেটা রাখুন। আজকে উনি যেটা টেক্‌নিক্যাল পয়েন্ট-এর কথা বললেন —যে কি করে আমি এণ্টিসিপেট করবো। বেশ ভাল কথা এণ্টিসিপেট যদি না করে থাকেন, এখনত কলিং এ্যাটেনসান তোলা হয়েছে এবং তার কপি রাইটার্স বিল্ডিংস-এ গিয়েছে, তিন ঘন্টা বাদে আপনি স্টেটমেণ্ট দিন, সেইটা আমরা দাবী করছি। স্যার, এতো মগের মুল্লুক চলছে, কি আশ্চর্য্য ব্যাপার।

Shri Narendra Nath Das:

স্যার, চীফ মিনিষ্টার-এর সংগে এ সম্বন্ধে অন দি টেলিফোন কথা বলেছি, তিনি বলেছেন আমি সব কাগজ দেখিনি, সব খবর পাইনি। অতএব

Chief Minister was forewarned about this.

কালকে যে মিটিং হবে—আমি একথাও বলেছি, আমার বন্ধু কাশীকান্ত মৈত্র সেখানে যাচ্ছে, সেখানে যদি ১৪৪ ধারা থাকে তাহলে পাবলিক মিটিং এড্রেস করতে পারবে না। আমার মনে হয় চীফ মিনিষ্টার নিশ্চয়ই ইণ্টারভিন করছেন যার জন্য সেখানে কোন গ্রেপ্তার হয়নি, অতএব চীফ মিনিষ্টার জানতেন, যদি তিনি না জানতেন তাহলে এখানে বলেননি কেন? ঘরের ভিতরে এরেষ্ট করেছে, যেখানে ১৪৪ এপ্লাইড নয় সে সম্বন্ধে তিনি আজকে একটা স্টেটমেণ্ট দিতে পারতেন।

Mr. Chairman: Explanation has been given by the Leader of the House.

The Hon'ble Jagannath Kolay:

স্যার, আমাদের হাউস-এর লিডার উনি বলেছেন এবং যতীন বাবু যেটা বলছেন সেখানে দেখছি রুলস-এর কোন বালাই নেই। কেন না এত রুল এখানে ভাঙ্গা হচ্ছে যে আমরাও ব্যতিব্যস্ত হয়ে যাচ্ছি। কলিং এ্যাটেনসান যেটা যতীনবাবু বললেন, সেই কলিং এ্যাটেনসান আমাদের ধরে নিতে হবে যে তা দেওয়া হবে। আমি তো এন্টিসিপেট—তবে এত সব জিনিস আসছে তা ঠিক করে উঠতে পাচ্ছি না যে কোনটা উঠবে। এখন কোশ্চেন হচ্ছে নরেন বাবু যেটা বলেছেন যে চীফ মিনিষ্টার-কে টেলিফোন করেছেন এবং জানতে পেরেছেন ও তাঁকে বলেছেন। তার সংগে আলাপ আলোচনা হয়েছে তখন চীফ মিনিষ্টার এইটা মনে করতে পারেন না যে নরেন বাবু সে বিষয়ে আবার কোন কলিং এটেনসান দেবেন। এবং চীফ মিনিষ্টার যদি নোটিশ পেতেন ঠিক সময়ে—কারণ তারজন্য একটা রিপোর্ট ডিপার্টমেন্ট থেকে আনতে হবে এবং একটা বাজে রিপোর্ট দিলে তো হবে না। কারেক্ট রিপোর্ট দিতে হবে। এনকোয়ারী করে জানাতে হবে। সেই জন্য আমরা যেটা উনি বললেন যে ১২॥· টার সময় দিয়েছেন—স্যার আপনি জানেন যে ও হাউস ১টা থেকে আরম্ভ হয়েছে উনি দিয়েছেন রাইটার্স বিল্ডিং-এ এখনও পর্য্যন্ত চীফ মিনিষ্টার বা আমাদের মিনিষ্টার অব দি ষ্টেট তিনি এখন অবধি জানেন না কোনও কলিং এ্যাটেনসান আছে কি না। এবং আমি আপনাকে বলছি যে আমি এ্যাজ মিনিষ্টার ফর পার্লিয়ামেণ্টারী এফেয়ার্স আমায় একটা কপি দেওয়া দরকার তা আমি এখন পর্য্যন্ত পাইনি, অফিসে আমি খোঁজ করছি, তবে এ কথা বলতে পারি ৩ টার আগে পর্য্যন্ত আমার কাছে আসে নি। এত শর্ট নোটিশ কলিং এ্যাটেনসান এতে আমাদের পক্ষে অসম্ভব হয়ে পড়ে।

Shri Sasanka Sekhar Sanyal: That shows the efficiency of your department

আজকে বিকালের দিকে দিন না মিঃ নস্কর এখানে আছেন, যদি তিনি পারেন, তাহলে দেবেন বা কবে তিনি জানাবেন। কিছুক্ষণ পরে আপনাদের জানাবেন।

Mr. Chairman: We come to the next item.

Lying of the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1964-65

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to lay before the Council the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1964-65.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বিজনেসের যে প্রোগ্রাম দেওয়া হয়েছে, তাতে দেখছি যে আজকেই শেষ। কিন্তু স্যার, আপনার কাছে বলছি, আপনি দেখেছেন যে আমাদের যে বুলেটিন বেরিয়েছিল ২০এ ফেব্রুয়ারী তাতে আমার নো ডে ইয়েট নেম্ড মোশান ছিল যেটা আপনি এ্যাডমিট করেছেন। আমার সেই মোশানটা আণ্ডার রুল ১৬৫ অব দি রুলস অব প্রোসিডিওর এণ্ড কণ্ডাক্ট অব বিজনেস অব আওয়ার হাউস এ্যাডমিটেড হয়েছে। কমনওয়েলথ থেকে বেরিয়ে আসার জন্য আমাদের ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট কেন্দ্রীয় সরকারের কাছে এখনই বলুক এটাই আমার মোশান। সেটা আপনি এ্যাডমিট করেছেন। আমি আজকে জানতে চাই। আমার কাছে এ্যাসেম্বলীর প্রোগ্রাম আছে, তাতে দেখছি যে ৩ তারিখে ইরিগেশান গ্রাণ্টের উপর সেখানে আলোচনা হবে, তা যদি হয় তাহলে আমাদের চীফ মিনিষ্টার সেদিন এখানে থাকতে পারেন। আগামীকাল যদি আমাদের হাউস ডাকা হয় তাহলে স্পেশাল মোশান সম্পর্কে আলোচনা হতে পারে। আগামীকাল যদি দিন ঠিক করা হয় তাহলে তাতে গভর্ণমেণ্ট বিজনেস কোনরকমভাবে এ্যাফেক্টেড হচ্ছে না। তারিখ ঠিক করাটা আপনার অথরিটি, আপনি ডেট ফিক্স করে দিন। আমরা এখান থেকে ডিমাণ্ড করছি যে আগামীকাল আমাদের দিন ঠিক করে দেওয়া হোক।

দি অনারেবল জগন্নাথ কোলেঃ স্যার, যতীন বাবু যে আজকে এটা বলবেন সেটা আমি এ্যাণ্টিসিপেট করেছি। কিন্তু এটাও এ্যাণ্টিসিপেট করেছিলাম যে যতীন বাবু ২৩ তারিখের পর দিন চাইবেন, কালকে চাইবেন এটা আমি এ্যাণ্টিসিপেট করিনি। ২৩ তারিখের পর এটার যদি ডিসকাসান হয় তাহলে ভাল হয়।

Mr. Chairman: In this matter I have got to consider the convenience of both sides.

শ্রীযতীন চক্রবর্তীঃ স্যার, কালকে এ্যাসেম্বলীতে ইরিগেশান গ্রাণ্ট হবে, চীফ মিনিষ্টার এখানে ইজিলি থাকতে পারেন।

Shri Sasanka Sekhar Sanyal: May I appeal to the Hon'ble Minister for Parliamentary Affairs to agree to the holding of discussion tomorrow?

দি অনারেবল জগন্নাথ কোলে ঃ স্যার, আমি ডেট দিতে রাজী আছি। আমি আপনার উপর এটা ছেড়ে দিচ্ছি, আপনি যদি মনে করেন যে কাল হবে তাহলে কাল হবে। আর আপনি যদি মনে করেন যে ২৩ তারিখের পর হবে তাহলে ২৩ তারিখের পর হবে। এটা আপনার উপর ছেড়ে দিচ্ছি।

Mr. Chairman: Shri Kolay, if you are ready for tomorrow in the interest of general satisfaction on the part of the other side, I think you would like to agree.

The Hon'ble Jagannath Kolay: I bow down to your decision. There may be no question tomorrow and the discussion continue for two hours.

[3-50—4 p.m.]

Non-official Resolutions

Shri Monoranjan Sen Cupta: Sir, I beg to move that this Council is of opinion that a male teacher serving in any recognised and aided girls' high school or higher secondary school for two years or more should be deemed permanent and his deputation to a training college should be sanctioned by the appropriate authorities with all the privileges enjoyed by a permanent teacher when so deputed from a recognised high or higher secondary school.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই যে এই হাউস কয়েকদিন ধরে মাধ্যমিক শিক্ষকদের অনেক অভাব অভিযোগের কথা শুনেছেন। তাঁরা শুনেছেন যে শিক্ষকরা সময় মত বেতন পান না। তাঁরা শুনেছেন যে গ্রন্থাগারিক, করণিক এঁদের সকলেরই কত রকমের গ্রিভ্যান্স রয়েছে। আমি আর এক রকমের গ্রিভ্যান্স অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আপনাদের কাছে উপস্থাপিত করছি। আপনারা অনেকেই জানেন না যে কি রকম একটা ইনইকুইটেবল এণ্ড আনফেয়ার ব্যবস্থা দীর্ঘকাল ধরে স্কুলে প্রচলিত রয়েছে। বালিকা বিদ্যালয়ে প্রয়োজনবশতঃ অপ্রয়োজন নয়, যদি কোন মেল টিচার নিযুক্ত হন তাহলে তাঁর সেখানে স্থায়ী পদ লাভ করবার সম্ভাবনা নেই। এই হচ্ছে বর্তমান ব্যবস্থা। কিন্তু সাধারণ নিয়ম হচ্ছে ২ বছর কাজ করলে একজন শিক্ষক বয়েজ বা গার্লস স্কুলে পার্মানেণ্ট হতে পারবেন। কিন্তু যদি মেল টিচার কোন গার্লস স্কুলে কাজ করেন, তিনি ২।৩।৪।৫।৬ বছর কাজ করলেও তাঁর সেখানে স্থায়ী পদ লাভ করবার কোন আশা নেই। তার ফলে তিনি ট্রেনিং ফেসিলিটিজ, যে ট্রেনিং সব শিক্ষকের পাওয়া দরকার কি পুরুষ শিক্ষক কি গার্লস শিক্ষক এবং এই ট্রেনিং পেলে কোনও গার্লস স্কুলে হোক বা বয়েজ স্কুলে হোক কাজ করতে পার বন এবং সেই ব্যবস্থা সরকার করে থাকেন, পান না।

কিন্তু এসব দুর্ভাগা শিক্ষক যাঁরা গার্লস স্কুলে চাকরী করেন তাঁরা ট্রেনিং ফেসিলিটিজ পাবেন না ২ বছর ৩ বছর ৫ বছর যতদিন কাজ করুন না কেন তাঁরা ট্রেনিং ফেসিলিটিজ পাবেন

না এবং বর্তমান আইনানুযায়ী ট্রেনিং ফেসিলিটি যদি না পান তাহলে পরে তাঁরা গ্রেড পাবেন না, ইনক্রিমেণ্ট পাবেন না। শুধু তাই নয়, তাঁরা কোন প্রভিডেণ্ট ফাণ্ডের অংশীদার হতে পারবেন না। তার মানে গার্লস স্কুল যদি কোন মেল টীচার কাজ করেন তাহলে একরকম পারিয়ার মত অবস্থা হয়, আউট কাস্টের মত অবস্থা হয়। এটাই তো গার্লস স্কুলে পুরুষের পক্ষে কাজ করা অনেকটা অসুবিধাজনক। তা সত্বেও সেখানে যদি কাজ করতে কোন স্কুলের প্রয়োজনে এবং তিনি যতই কম্পিটেণ্ট টীচার হোন না কেন, সাধারণ বিদ্যা যথেষ্ট পরিমাণে থাকুক না কেন, তিনি ডিসিপ্লিন রাখতে পারেন, সব কিছু নিতে পারেন কিন্তু তাঁর সেখানে পার্মানেণ্ট হবার কোন নিয়ম নেই। এই যে ব্যবস্থা এটা ইনইকুইটেবল, আনকেয়ার য়্যাণ্ড আনকনষ্টিটিউসনাল। যখন দেশে বালিকা বিদ্যালয় স্থাপন হয় তখন প্রথম অবস্থাতে মেল টীচারের আবশ্যকতা থাকে, কেন না ফিমেল টীচার আনতে গেলে বেশী মাইনা তাঁদের দিতে হবে। সুতরাং প্রয়োজনবশতঃ নেয়া হয় কিন্তু যেই অবস্থা ভাল হয়, যেই অর্থনৈতিক অবস্থা স্বচ্ছল হল তখনই এই নিয়মানুযায়ী তাঁকে বিদায় নিতে হবে এবং তাঁর জায়গায় একজন মেয়ে শিক্ষক আসবেন। এই জিনিসটা আমাদের কাছে অত্যন্ত আনফেয়ার এ্যাণ্ড ইনএকুইটেবল বলে মনে হয়। আজকাল ইকুয়াল রাইটসের যুগে মেয়েরা অফিসে বা কারখানায়, বা টেলিগ্রাফে বা রেলওয়ে যেখানেই বলুন না কেন তাঁরা পুরুষের সঙ্গে সমানভাবে প্রতিযোগিতা করে চলেছে এবং চাকরী পাচ্ছে বিনা সর্তে, কোন অসুবিধা কিছু নেই এবং আমি জানি যে আমেরিকায় সেকেণ্ডারী স্কুলে মেয়েদের সংখ্যা খুব বেশী, পুরুষের সংখ্যা খুব কম সেখানে এরকম কোন ডিসক্রিমিনেটিং ব্যবস্থা নেই। সেখানে স্কুলে সমান অধিকারে কাজ করে যান। ইউ, কে-তে বরং মেয়েদের কিছু অসুবিধা ছিল, তাঁরা কিছু কম বেতন পেতেন কিন্তু বর্তমানে সেই অসুবিধা তাঁরা দূর করে দিয়েছেন। এখন পুরুষ এবং মেয়েদের সমান অধিকার। আমাদের দেশে কলেজে তো আমরা দেখতে পাই—বেথুন কলেজের কথা ধরুন না কেন, সেখানে অনেক মেল অধ্যাপক আছেন, সমান অধিকার আছে কিন্তু এই যে ব্যবস্থা রয়েছে গার্লস স্কুলের বেলায় মেল টীচার সম্বন্ধে এটা অত্যন্ত আনফেয়ার এ্যাণ্ড ইনএকুইটেবল এবং এটা থাকা উচিৎ নয় বর্তমান যুগে। আমাদের কনস্টিটিউসনে আমরা দেখতে পাই

under Article 15, fundamental rights—The State shall not discriminate against any citizen on grounds only of religion, race, caste, sex, place of birth or any of them.

[4—4-10 p.m.]

আরও আমরা দেখতে পাই আণ্ডার আর্টিকেল ১৬, ফাণ্ডামেণ্টাল রাইটস সম্বন্ধে বলা হচ্ছে বলছে

"There shall be equality of opportunity for all citizens in matters relating to employment or appointment to any office under the State". Article 29 —"No citizens shall be denied admission into any educational institution maintained by the State or received aid out of State funds on ground only of religion, race, caste, language or any of them."

সুতরাং আমাদের কনস্টিটিউসান-এ যে ব্যবস্থা রয়েছে, তার পরিপন্থী হচ্ছে আপনাদের এটা। কনস্টিটিউশন কে লঙ্ঘন করে এই ব্যবস্থাটা এখনও পর্যন্ত চালান হচ্ছে, এবং এর ফলে অনেক শিক্ষক এই সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। যে কেসটা সম্বন্ধে আমি এখন বলছি, যেটা আমার নোটিসে এসেছে—, সে কেসটা হচ্ছে পুরুলিয়ার একটি স্কুলের একজন শিক্ষক, সেই শিক্ষকটিকে স্কুলের প্রয়োজনবশতঃ, বিজ্ঞানের শিক্ষক না পাওয়া যাওয়ায়, তাঁকে নিযুক্ত করা হয়েছিল। তিনি খুব ধীর স্থির প্রকৃতির লোক, এবং শিক্ষা বিষয় তাঁর খুব অনুরাগ আছে। তিনি আগে পোষ্টাল ডিপার্টমেণ্টে চাকরী করতেন। সে চাকরী ছেড়ে দিয়ে তিনি এই স্কুলটাতে চাকরী গ্রহণ করেন। এই শিক্ষার প্রতি তাঁর বিশেষ অনুরাগ থাকায় এবং তিনি এখন দক্ষতার সহিত কাজ করে যাচ্ছেন যে ম্যানেজিং কমিটি চান যে তিনি সেখানে ট্রেনিং নিয়ে কাজ করুন। দুবার তাঁকে সুপারিশ করে পাঠান হয়েছে ষ্টেট ও বোর্ডের কাছে। (এ ভয়েস—তিনি কয় বছর সেখানে আছেন?) এই স্কুলে দুই বছর চাকরী হয়ে গিয়েছে তাঁর। আমি নিজে চেষ্টা

করেছি এবং বোর্ডের কর্তৃপক্ষদের কাছে গিয়ে, তাদের সঙ্গে কথাবার্ত্তা বলেছি এবং শিক্ষা বিভাগের যাঁরা কর্মচারী, তাঁদের সঙ্গেও কথাবার্ত্তা বলেছি, তারা বলেছেন আমাদের এ সম্বন্ধে কিছু করবার ব্যবস্থা নেই। একটা টেকনিক্যাল গ্রাউণ্ড এতে তাঁরা এই কেসটা রিফিউজড করে দিচ্ছেন। সেই টেকনিক্যাল গ্রাউণ্ডটা কি? ট্রেনিং এখন নিতেই হবে সব শিক্ষককে। এডেড স্কুল হোক, আন-এডেড স্কুল হোক, শিক্ষক মেল হোক, ফিমেল হোক, সবাইকে ট্রেনিং নিতে হবে। এবং ট্রেনিং পেলে পরেতে, সেই শিক্ষক যদি গার্লস স্কুলে না থাকেন, তাহলে তিনি বয়েজ স্কুলে চাকরী করতে পারবেন। তাছাড়া ট্রেনিং সম্বন্ধে যে বাজেট করা হয়েছে, তাতে ফিমেল ট্রেনিং বা মেল ট্রেনিং বলে, কোন আলাদা ব্যবস্থা কিছু নেই। সুতরাং এখানে এই যে ডিসক্রিমিনেটিং ব্যবস্থা করা হয়েছে, এটা খুব অন্যায় বলে আমরা মনে করি এবং কনস্টিটিউসান-এর বিরোধী বলে আমরা মনে করি। এর দ্বারা আমার মনে হয় মেল টীচার-দের সার্ভিস-কে এক্সপ্লয়েট করা হচ্ছে। এক্সপ্লয়েট করা হচ্ছে বলছি, এইজন্যই যে যতদিন পর্যন্ত প্রয়োজন রহিল, ততদিন পর্যন্ত তাকে গার্লস স্কুলে রাখা হল, তারপরে তাকে সেখান থেকে বিদায় নিতে বাধ্য করা হয়, যে মুহূর্ত্তে একজন ফিমেল টীচার পাওয়া যায়। এইরকম একটা ডিসক্রিমিনেসান থাকা উচিত নয়। আপনারা সকলেই স্বীকার করবেন, বর্ত্তমানে যে ব্যবস্থা রাখা হয়েছে যে ট্রেইণ্ড না হলে, তাকে কোন রকম সুযোগ সুবিধা দেওয়া হবে না, এটা খুব অন্যায়। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বলবো তিনি এই ব্যবস্থাটা দূর করে দিন। তিনি এখন বিদায় নিচ্ছেন, তাঁর যাবার আগে এইটুকু আশ্বাস দিয়ে যান যে যাতে এই ইনইকুইটি না থাকে তার জন্য তিনি চেষ্টা করবেন। ওঁদের কি যুক্তি আছে জানি না। কি যুক্তিতে এইসব সুপারএনুয়েটেড লোকদের নিযুক্ত করে রেখেছেন তা আমি জানি না।

Shri Mohitosh Rai Choudhuri: Does the honourable member insist on this, even in the case of teachers who have reached the age of superannuation?

Shri Monoranjan Sen Cupta: Not superannuated

নূতন তিনি ঢুকেছেন, দু বৎসর মাত্র, তিনি ইয়ংম্যান। সুপারএনুয়েটেড লোকদের কথা আমি তুলতে যাবো কেন? তবে, আমি বলছি সরকার কি যুক্তিতে সুপারএনুয়েটেড লোকদের চাকরীতে বহাল রাখছেন, সেটা আমরা বুঝতে পারি না। এখানে আমি যাঁর কথা বলছি, তিনি সুপারএনুয়েটেড নন, তিনি নূতন ঢুকেছেন। যদি বলেন যে মেয়েদের স্কুলে পুরুষ শিক্ষক রাখা বাঞ্ছনীয় নয়, তাতে দুর্নীতি হতে পারে সে ক্ষেত্রে আমি বলবো—এটা মেয়েদের বেলায়ও প্রযোজ্য। মেয়েরা যদি দুর্নীতি করে, তাহলে মিসকণ্ডাক্ট রুলে ফেলে দিয়ে বিদায় করে দেওয়া যায়। সুতরাং এখানে এই যে ব্যবস্থা রাখা হয়েছে, যেটা ফাণ্ডামেণ্টাল রাইটস-এর এগেনষ্ট-এ এবং টীচার্স সার্ভিসকে এক্সপ্লয়েট করা হয়েছে। আমাদের পশ্চিমবাংলাকে বলা হচ্ছে ওয়েলফেয়ার স্টেট, এই ওয়েলফেয়ার স্টেট এতে সকলকেই সুযোগ, সুবিধা সমান ভাবে দেওয়া হবে। এ ক্ষেত্রে সেই সুযোগ, সুবিধা দেওয়া হচ্ছে না বলেই, আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের মনোযোগ আকর্ষণ করছি, যে তিনি যেন এ বিষয়ে একটা সুব্যবস্থা করেন। আমরা আশা করি তিনি এখান থেকে চলে যাবার আগে, এখানে এই যে ডিসক্রিমিনেসান রয়েছে এবং এক্সপ্লয়েট, হচ্ছে, সেটাকে দূর করে দিয়ে যাবেন। আমি বিশেষ করে তাঁর কাছে এইটুকু অনুরোধ জানাচ্ছি।

Shri Nanda Kishore Ghose: Sir, this resolution is objectionable because it suggests that male teachers engaged in recognised and aided girls' high schools or higher secondary schools, should be made permanent. It further suggests that deputation of such teachers to Training School should also be sanctioned. It is well known, Sir, that because of the dearth of qualified women teachers male teachers are appointed in girls' schools with the permission of the Board as a temporary measure from time to time. It is a purely temporary measure. If any period is now fixed and male teachers are made permanent in girls' schools there will be unemployment among qualified women teachers. For now the number of qualified women teachers is increasing gradually. I believe, the policy of

Government is not to encourage appointment of male teachers in girls' schools except as a very temporary measure and where it becomes unavoidable or where it is not practicable for the management to appoint female teachers. In such cases with the permission of the Board such appointments are made.

Sir, I quite appreciate that there will be difficulty for the male teachers that cannot be helped because if they are made permanent, there will be if they are asked to go away after two or three years. But, I am afraid, unemployment ultimately among the qualified women teachers. Sir, in many parts of the world I have seen secondary school teaching, specially so far as girl students are concerned, is in the hands of women teachers. I feel, Sir, these male teachers in their own interest should transfer themselves as early as possible to other institutions. I, therefore, feel that acceptance of the resolution will not be in the best interests of the girls' education in the State, and hence I oppose it.

Shri Nirmalya Bagchi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীমনোরঞ্জন সেনগুপ্ত যে প্রস্তাব আপনার সম্মুখে উত্থাপন করেছেন সে প্রস্তাবকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি মনে করি প্রাথমিক বিদ্যালয়ে সাধারণতঃ শিক্ষিকাদের নিযুক্ত করা উচিত এটা নীতি হিসাবে আমি স্বীকার করি। এবং পৃথিবীর যে সমস্ত সভ্য দেশগুলি আছে সেখানে শিক্ষণ ব্যবস্থা বিশেষ করে প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে শিক্ষিকাদের উপর ন্যস্ত রয়েছে। কিন্তু বাংলাদেশে নারী-শিক্ষার অগ্রগতি আশানুরূপ না হওয়ায় এবং নারী শিক্ষার দিক থেকে পশ্চিমবাংলা যে পিছিয়ে রয়েছে তার জন্য আজকে প্রয়োজন আছে যে পুরুষ শিক্ষকদের এই সমস্ত বিদ্যালয়ে নিযুক্ত করা। এবং বাংলাদেশে কর্ম নিয়োগের ক্ষেত্র এত সংকীর্ণ যার ফলে পুরুষদের ব্যাপক সংখ্যায় শিক্ষকতার ব্রত গ্রহণ করতে হয় মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে। তাছাড়া উপযুক্ত সংখ্যায় শিক্ষিকা পাওয়া যাচ্ছে না। উচ্চ যোগ্যতা-সম্পন্ন শিক্ষিকা বহু ক্ষেত্রে পাওয়া যায় না। এই সমস্ত কারণে এখনও পুরুষ শিক্ষক তাদেরকে এই প্রাথমিক ও মাধ্যমিক ক্ষেত্রে যোগদান করতে হয়। এবং মেয়েদের শিক্ষাদানের দায়িত্ব তাদের গ্রহণ করতে হয়। তাই আমি নিজে মনে করি যে নীতিগত হিসাবে যদিও নারীদের প্রাধান্য দেওয়া উচিত, কিন্তু যদি একবার পুরুষদের নিযুক্ত করা হয় তাহলে পরে আর কোন বৈষম্যমূলক ব্যবহার করবার কোন যুক্তি থাকে না। কোন ডিসক্রিমিনেসান করবার যুক্তি থাকে না। এবং তখন তারা শিক্ষক এবং শিক্ষিকার একই কর্তৃপক্ষের অধীনে কাজ করে যাচ্ছেন, শিক্ষকদের সম্পর্কে যে সব সুযোগ সুবিধা রয়েছে সেগুলি তারা ভোগ করবার সমান অধিকারী। সুতরাং এই যে তারতম্য করা হচ্ছে বৈষম্য সৃষ্টি হচ্ছে যেটা বিদ্যালয়ের সুষ্ঠু কর্ম পরিচালনার দিক থেকেও ক্ষতিকর। সেই শিক্ষক যদি সব সময় মনে করেন যে কর্তৃপক্ষ তার প্রতি অবহেলা করছেন তাকে অন্য দৃষ্টিতে দেখছেন তিনি আনওয়ানটেড ও ষ্টপ গেপ। তিনি কখনও তার কর্ত্তব্য সম্পর্কে আগ্রহ নিতে পারেন না। এবং সব সময় তাঁর মনের মধ্যে একটা অসন্তোষ জেগে থাকে। সুতরাং এই অবস্থা দূর করা উচিত এবং শিক্ষামন্ত্রী এখানে বসে আছেন, তাঁকে এই সম্পর্কে জবাব দিতে হবে যে কেন আজকে বাংলাদেশ এই মেয়েদের শিক্ষার দিক থেকে এত পিছিয়ে রয়েছে, এত অনগ্রসর হয়ে রয়েছে? আজকে যখন পৃথিবীর সুসভ্য দেশগুলি নারীদের নিযুক্ত করছে প্রাথমিক শিক্ষক হিসাবে এবং মাধ্যমিক স্তরেও নারীরা এই দায়িত্ব গ্রহণ করেছেন তখন পশ্চিমবাংলায় এই সামান্য অগ্রগতি কেন সম্ভব হয়েছে, আরো বেশী কেন পশ্চিমবাংলা এগিয়ে যেতে পারল না এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের পক্ষে লজ্জার কারণ। সুতরাং বাস্তব অবস্থার সম্মুখীন আমাদের হতে হবে এবং বাস্তব অবস্থা অনুযায়ী আর যখন আমাদের কোন উপায় নেই, যখন দেখা যাচ্ছে যে নারী বিদ্যালয়ে পুরুষ শিক্ষকদের নিযুক্ত করতেই হচ্ছে তখন তাঁদের সম্পর্কে কোন বৈষম্য করা চলে না। যে সুযোগ সুবিধা সকলের পক্ষে প্রযোজ্য সেই সুযোগ সুবিধা তাঁরাও পাবেন এই নীতি আশা করি পশ্চিম বঙ্গ সরকার অন্ততঃ যতদিন পর্যন্ত না পরিস্থিতির পরিবর্তন করতে পারেন ততদিন গ্রহণ করবেন।

[4-10—4-20 p.m.]

Shri Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য শ্রীমনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় যে আকারে এই প্রস্তাবটা পরিষদে পেশ করেছেন সেই আকারে এই প্রস্তাবটা গ্রহণযোগ্য বলে আমার মনে হয় না। কেন মনে হয় না সে সম্বন্ধে আমি প্রথমে বলব। কিন্তু বলবার আগে একটা কথা আমি নিবেদন করতে চাই সেই কথা হচ্ছে এই যে আমরা সকলেই মনে করি যে স্ত্রী শিক্ষার প্রসার হোক এবং আমরা এটাও মনে করি যে স্ত্রী শিক্ষা স্ত্রীলোক শিক্ষিকার দ্বারা দেওয়া হোক। সেখানে যত কম সংখ্যক পুরুষ শিক্ষক নিযুক্ত হয় ততই সেটা সমাজের পক্ষে মঙ্গল। সেজন্য আমি এই কথাই বলব যে একবার যদি পুরুষ শিক্ষককে সেখানে নিযুক্ত করা হয় এবং তাঁদের যদি ২ বছর রাখতে হয় তাহলেই যে তাঁদের স্থায়ীভাবে গ্রহণ করতে হবে তার কোন মানে নেই। এখন দেখুন মনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় বলেছেন যে মেল টীচার। কিন্তু তিনি সেখানে বলছেন না যে মেল টীচারের কত বয়স। আমরা সাধারণতঃ দেখি আমাদের ওখানে যেসব স্কুল আছে সেখানে সায়েন্স টীচার পাওয়া যায় না। সেজন্য রিটায়ার্ড টীচারদের সেখানে রাখা হয় যতক্ষণ পর্যন্ত স্ত্রী শিক্ষিকা না পাওয়া যায়। এখন যদি এই রেজলিউসান গৃহীত হয় তাহলে তার মানে হবে এই একজন রিটায়ার্ড শিক্ষক যদি সেখানে কাজ করেন ২ বছর ধরে তাহলে তাঁকেও কনফার্ম করে নিতে হবে এবং তাঁকেও পাঠাতে হবে ট্রেনিং-এর জন্য। সুতরাং যে আকারে এই প্রস্তাবটা এসেছে সেই আকারে প্রস্তাবটা গ্রহণযোগ্য বলে আমার মনে হয় না। তা ছাড়া মাননীয় সদস্য শ্রীনির্মাল্য বাগচী মহাশয় তাঁর বক্তৃতাতে এই প্রস্তাবটা প্রাথমিক বিদ্যালয়েও প্রযোজ্য এই কথা বলেছেন। কিন্তু মনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় যে প্রস্তাব করেছেন তাতে তিনি তা বলেন নি। তিনি বলেছেন

serving in any recognised and aided girls' high school or higher secondary school.

কিন্তু ব্যাপক করবেন কি করে? আপনার রেজলিউসানে যদি দিতেন তাহলে ব্যাপক করা চলত। কিন্তু এখন যে প্রস্তাবটা আছে প্রশ্ন হচ্ছে সেই প্রস্তাবটা গ্রহণযোগ্য কিনা? আমরা প্রস্তাবের বাইরে যেতে পারি না। অবশ্য আপনারা বিচার করবেন প্রকৃত প্রস্তাবে এর সঙ্গে প্রাইমারী স্কুলকেও ঢুকিয়ে দেওয়া চলবে কিনা। এখন এই কথা সত্য যে পুরুষ শিক্ষকরা গার্লস স্কুলে শিক্ষকতা করেন স্ত্রী শিক্ষক পাওয়া যায় না বলে এবং আস্তে আস্তে যেমন পাওয়া যায় সেই ভাবে গ্রহণ করা হয়। কিন্তু ২ বছর একজন শিক্ষক যদি কাজ করেন এবং তারপর যদি তাঁকে স্থায়ীভাবে নিতে হয় তাহলে তিনি সারা জীবন ওখানে কাজ করবেন এবং তার ফলে যখন শিক্ষিকা পাওয়া যাবে তখন সেই শিক্ষিকাকে নেওয়া চলবে না। এই জিনিসটা খুব শুভ হবে বলে আমার মনে হয় না। তারপর আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে এই এতে বলেছেন সংবিধানে যেসব কথা বলা আছে এইভাবে চললে সেটা লঙ্ঘিত হবে। আমার বক্তব্য হচ্ছে সেই রকম কোন সিদ্ধান্তে আসা সমীচীন হবে না। কারণ, যে ক'টা আর্টিকেল মনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় পড়েছেন সেই ক'টা আর্টিকেলের মধ্যে এই জিনিসটা আসে বলে মনে হয় না। সুতরাং এইসব কারণে আমি এই আবেদন করছি যে এই প্রস্তাব শুভ প্রস্তাব নয়, এবং আমরা এটা গ্রহণ করতে পারি না।

Shri Mohitosh Rai Choudhuri:

সভাপতি মহাশয়, আমি এই প্রস্তাবে কোন অংশ গ্রহণ করবো না বলে স্থির করেছিলাম কিন্তু প্রস্তাবক এবিষয়ে যে সমস্ত কথা বলেছেন সেকথা শোনার পরে আমার মনে হচ্ছে যে আমি যদি এবিষয়ে সম্পূর্ণ চুপ করে থাকি তাহলে শিক্ষা সম্বন্ধে এতদিন পর্যন্ত আমি যে অনুরাগ দেখিয়ে এসেছি এবং যে ইণ্টারেস্ট নিয়ে এসেছি সে সম্বন্ধে অবহেলা করা হবে সেজন্যই আমি বলছি। আমি প্রথমেই বলে রাখি যে এই প্রস্তাবের উদ্দেশ্যের সঙ্গে আমার সম্পূর্ণ সহানুভূতি আছে কিন্তু সহানুভূতি থাকলেও যে আকারে এই প্রস্তাবটা এসেছে সেটা আমি আমার পূর্ববর্ত্তী বন্ধুবর নগেনবাবুর মতই বলবো যে এই আকারে থাকলে এটা গ্রহণ করা অত্যন্ত কষ্টকর।

প্রথমতঃ প্রস্তাবকের বক্তৃতার সময় আমি প্রথমেই জিজ্ঞাসা করেছিলাম এটা সুপারয়্যানুয়েটেড টীচার সম্বন্ধে প্রযোজ্য কিনা। বাস্তবিকই যদি সুপারয়্যানুয়েটেড টীচারদের সম্বন্ধে প্রযোজ্য হয় তাহলে এই প্রস্তাবটা আজকে গ্রহণযোগ্য নয়, কারণ অনেক বালিকা বিদ্যালয়ে দেখা যায় যে রিটায়ার্ড মেল টীচারকে য়্যাপয়েণ্ট করা হয় নানা কারণে এবং তাঁদের কিছুদিন ধরে রাখা হয়। অতএব দুবছর পর্যন্ত যদি কোন সুপারয়্যানুয়েটেড টীচার রাখার পরে তাকে পার্মানেণ্ট করতে বলা হয় তাহলে সেটা য়্যাবসার্ড হয়ে পড়ে। কারণ তার সুপারয়্যানুয়েসন এজ হয়ে গেছে। সুতরাং তা হতে পারে না এবং আমার মনে হয় প্রস্তাবকেরও এই উদ্দেশ্য নয়। বোধ হয় ভাষার ত্রুটীর জন্য প্রস্তাবটা এই রকম হয়েছে, তিনিও বোধ হয় এটা চান না, বোধ হয় কেন, নিশ্চয়ই তিনি চান না। ওঁর উদ্দেশ্য যে সুপারয়্যানুয়েটেড টীচার নয় সেটা আমি প্রশ্ন করে তাঁর কাছ থেকে জেনেছি। যাহোক প্রস্তাবটা যেভাবে আছে ঠিক এইভাবে থাকলে এটা গ্রহণ করা যায় না। দ্বিতীয় কথা হচ্ছে আর একটা জিনিস—আমিও নগেনবাবুর মত প্রাচীনপন্থী, সুতরাং আমারও ইচ্ছা যে বালিকা বিদ্যালয়ে যথাসম্ভব ফিমেল টীচার থাকাই বাঞ্ছনীয় বলে আমি মনে করি যদিও এবিষয়ে বিশেষ মতভেদ আছে। সুতরাং বালিকা বিদ্যালয়ে ফিমেল টীচার যদি না পাওয়া যায় তাহলে আমাদের অস্থায়ীভাবে মেল টীচার রাখতেই হবে, এ না রেখে উপায় নেই। নতুবা তার পরিবর্তে বিদ্যালয়কে বন্ধ করে দিতে হবে। বিশেষতঃ আমি দেখছি আমার মেয়ে, নাতিনীরা বহু বিদ্যালয়ে পড়ে থাকে—তারা বলে যে অঙ্ক এবং বিজ্ঞান বিষয়ে মেয়ে টীচার দ্বারা ভাল কাজ হয় না, তারা বুঝতে পারে না, পুরুষ টীচারই তারা পছন্দ করে। যদিও তারা পছন্দ করে তবুও আমার নিজের মনে হয় যে বালিকা বিদ্যালয়ে যথাসম্ভব মেয়ে টীচার থাকা উচিৎ। যাহোক সেটা যখন সম্ভব হচ্ছে না তখন আমাদের পুরুষ টীচার রাখতে হবে কিন্তু রাখলেও এটা আমাদের দেখতে হবে যে একজন পুরুষ টীচার তিনি দুবছর কাজ করার পরে যে মুহূর্ত্তে একজন লেডি টীচার পাওয়া গেল সেই মুহূর্ত্তে যদি তাকে সরিয়ে দেয়া হয় তাহলে তার উপর ঘোরতর অবিচার করা হয়- এক্ষেত্রে কি করা যেতে পারে? আমি মন্ত্রী মহাশয়ের কাছে এই অনুরোধ করি যেমন প্রাইমারী স্কুলে যে সমস্ত উচ্চতর গুণ সংযুক্ত স্পেশাল কেডার টীচার আছে তিনি তাঁদের আদেশ দিয়েছেন যথাসম্ভব এঁদের জুনিয়ার হাইস্কুলে ট্রান্সফার করে দেয়া উচিৎ, তেমন আমিও বলি যে এডেড হাইস্কুল বা হাইয়ার সেকেণ্ডারী স্কুলে বালিকা বিদ্যালয়ে যে সমস্ত মেল টীচারকে নেয়া হবে অনিবার্য্য কারণে তাঁরা যদি ভাল হন তাহলে অন্ততঃ ২ বছর শিক্ষকতার পরে তিনি তাঁদের কর্মচ্যুত যেন না করেন, ফিমেল টীচার পেলে তাঁদের সরিয়ে দিয়ে অন্য কোন জুনিয়ার বা সিনিয়ার হাই স্কুলে দেবার জন্য যেন ব্যবস্থা করেন।

তা যদি করেন, তাহলে আমার প্রস্তাবের যে মূল উদ্দেশ্য, সে উদ্দেশ্য সিদ্ধ হবে এবং কারও উপর অবিচার হবে না। যাইহোক, যখন এই প্রস্তাবের মধ্যে কথাগুলি ভালভাবে নেই, প্রস্তাবটি যে আকারে এসেছে, তাতে আমি মনে করি মনোরঞ্জনবাবুর উচিত তাঁর এই প্রস্তাবটি উইথড্র করা। আমি আশা করি তিনি তা করবেন। এবং আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করি, যে এর ভিতর জাস্ট যেটা, ন্যায়সঙ্গত যেটা, প্রপার যেটা, সে বিষয় তাঁর ডিপার্টমেণ্ট থেকে যাতে ব্যবস্থা হয়, সেটা তিনি করুন।

এই কথাগুলি বলে, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের বক্তৃতার পর, আমি অনুরোধ করবো—মাননীয় সদস্য মনোরঞ্জনবাবুকে যে তিনি যেন তাঁর প্রস্তাবটি প্রত্যাখ্যান করেন।

[4-20—4-30 p.m.]

Shri Bijay Bihary Basu:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের শ্রদ্ধেয় বন্ধু মনোরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন, আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করতে গিয়ে সামান্য দু-একটা কথা বলবো।

আমাদের দেশে স্ত্রী শিক্ষার প্রচলন খুবই নীচে আছে। আজ আমাদের দেশে কম্পালসারি ফি প্রাইমারী এডুকেশান আরম্ভ হয়েছে, এবং প্রতি বৎসরই আমাদের প্রাইমারী স্কুলের ছাত্র,

ছাত্রীদের সংখ্যা বেড়ে চলেছে। যে পরিমাণে ছাত্র, ছাত্রীদের সংখ্যা বাড়ছে, সেই পরিমাণে মাধ্যমিক বিদ্যালয় নেই, এবং পরে কবে, তাও আমরা কল্পনা করতে পারছি না।

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন—বর্তমানে স্ত্রীশিক্ষার চাহিদা অনুসারে আমাদের মাধ্যমিক স্তরের বহু বালিকা বিদ্যালয় করে নিতে হবে। কিন্তু এতে স্ত্রী শিক্ষিকা, ফিমেল টীচার্স, আমরা উপযুক্ত ভাবে সংগ্রহ করতে পারছি না, এটা দেখে আসছি। আমরা দেখছি সহরাঞ্চলে স্ত্রী শিক্ষিকা পাওয়া যাচ্ছে, কিন্তু মফঃস্বল অঞ্চলে মিউনিসিপ্যাল অঞ্চলে উপযুক্ত স্ত্রী শিক্ষিকা পাওয়া যাচ্ছে না। অবশ্য তারজন্য ত আমরা স্কুলগুলি উঠিয়ে দিতে পারি না, স্কুলগুলি স্থাপন করতেই হবে এবং ধীরে ধীরে তার উন্নতি করতে হবে এবং সেই সমস্ত বালিকা বিদ্যালয়ে আমরা মেল টীচার নিচ্ছি এবং কতকাল ধরে নিতে হবে, এর কোন ঠিকানা নেই। আমার মনে হয় এখনও ২৫ বৎসর নিতে হবে। কতকাল আরও নিতে হবে, সেটা আমরা হিসাব করে উঠতে পারছি না। পুরুষ শিক্ষক আমরা নিতে বাধ্য হচ্ছি, কিন্তু তাদের উপর আমরা অত্যন্ত অবিচার করছি। সে অবিচার হচ্ছে চাকরীর যে সকল সুযোগ, সুবিধা মেয়েরা পায়, সেই সব সুযোগ, সুবিধা পুরুষরা পাবে না কেন? সবচেয়ে বড় জিনিষ হচ্ছে, যে শিক্ষণ শিক্ষার এই সুযোগ পুরুষ শিক্ষকদের বেলায়, তাদের বঞ্চিত করে রাখা হবে কেন? তারাত ট্রেনিং পাওয়ার পর অন্য জায়গায় ভাল চাকরী পেতে পারেন। উপযুক্ত মেয়ে শিক্ষক পাওয়া গেলে পর পুরুষ শিক্ষকদের সরিয়ে দেওয়া হবে, এবং সরিয়ে দিলে পর, তারা ট্রেনিং নিয়ে অন্য জায়গায় যেতে পারবেন। এই যে সেক্স হিসাবে একটা অবিচার হচ্ছে, এটা রোধ করবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট আবেদন জানাই।

তারপর দ্বিতীয় কথা হচ্ছে—আমরা চাই কি? স্ত্রী এবং পুরুষের, অন্য দিকে, যেমন চাকরীর ক্ষেত্রে ভেদাভেদ আমরা করি না, ঠিক কোয়ালিফাইড হলেই আমরা নিই, তেমনি স্কুলের শিক্ষক শিক্ষিকার বেলায়ও সেই নীতি প্রযোজ্য হওয়া উচিত। আমরা স্কুলের বেলায়, বালকের স্কুল ফিমেল টীচার নেবো না, এবং গার্লস স্কুলে মেল টীচার নেবো না,—এর কারণ আমরা খুঁজে পাই না। আমরা এটা চাচ্ছি, আমাদের স্টেটই বলছে যে কর্মক্ষেত্রে সেক্স হিসাবে কোন ডিসক্রিমিনেশান থাকবে না, তাহলে শিক্ষার ক্ষেত্রে আমরা এটা কেন রাখবো? আর একটা কথা মহীতোষ রায়চৌধুরী মহাশয় বলেছিলেন প্রাইমারী স্কুলের টীচার্সদের সম্বন্ধে। (এ ভয়েস—উনি বলেননি, নগেনবাবু বলেছিলেন।) আচ্ছা, তাই হবে। আমরা জানি প্রাইমারী স্কুলের মেল এবং ফিমেল টীচার্স উভয়েই কাজ করেন এবং তাঁরা উভয়েই পার্মানেণ্ট।

প্রাইমারী স্কুলে মেন এবং উইমেন তারা কাজ করেন, এবং তারা উভয়ে পার্মানেণ্ট। উভয় শিক্ষকই সমবেত ভাবে কাজ করেন। এবং প্রাইমারী বোর্ড এবং গভর্ণমেণ্ট তাদের অনুমোদন করেন। আমাদের সেক্রেটারী বা হায়ার সেকেণ্ডারী স্কুলে এই বৈষম্য রাখা হবে কেন? যদিও আমরা চাই বা অন্য সভ্য দেশে আছে যে এই দুটো প্রাইমারী এবং সেকেণ্ডারী দুটো স্টেজ-এ মেয়েরা যদি শিক্ষক হয় তাহলে ভালই হয়। কিন্তু যতদিন সেটা আমাদের দেশে সম্ভব না হয় ততদিন সেটা হবে না কেন? আরও একটা জিনিষ আমি এখানে বলে রাখি যে আমাদের দেশে মেয়েদের শিক্ষার যে চাহিদা সেই চাহিদা পূরণ করতে গেলে আমাদের প্রত্যেকটী স্কুলে কো-এডুকেশান-এর ব্যবস্থা করতে হবে। এবং তা কোন কোন জায়গায় হচ্ছেও। কিন্তু তার এমন বাধা বিপত্তি বোর্ড দেয় যে অনেক স্কুল অথরিটি কো-এডুকেশান স্কুল করতে পারেন না। কিন্তু কো-এডুকেশান না করলে পল্লী অঞ্চলে মেয়েদের শিক্ষার যে একটা বাধা আসছে সে বাধা যদি কো-এডুকেশান করা আমাদের অবশ্য প্রয়োজনীয় হয় তাহলে প্রত্যেকটি স্কুলে স্ত্রী শিক্ষিকা কিসে দরকারীভূত হবে? সরকার নিজের চেষ্টায় কোন স্কুল করবেন না। যত স্কুল প্রাইভেট এণ্টারপ্রাইজ-এ হচ্ছে তার উপরে বাধাগুলি সব সরিয়ে নিয়ে তাদের উৎসাহ দিতে হবে। এই রকম যদি কো-এডুকেশন করা আমাদের অবশ্য প্রয়োজন হয় তাহলে প্রত্যেকটি স্কুলে স্ত্রী শিক্ষিকা এবং পুরুষ শিক্ষক রাখতে হবে। এখন থেকে যেন সেই পথ আমরা বেছে নিই। যদি তারা না পারেন তাহলে সরকার এই ব্যবস্থা করুন যে এখন থেকে যেন প্রত্যেকটী এই বালিকা স্কুলগুলিতে যে পুরুষ শিক্ষক আছেন তাদের ট্রেনিং ফেসিলিটিগুলি দেন।

Dr. Charu Chandra Sanyal:

মাননীয় সভাপতি মহাশয়, মনোরঞ্জনবাবু যে প্রস্তাবটী এনেছেন সেই প্রস্তাবটী প্রথম পড়লে ভালই মনে হয়, কিন্তু ভাল করে দেখলে মনে হয় যেভাবে আনা হয়েছে, এভাবে এটা অচল। মনোরঞ্জনবাবু নিজে শিক্ষক, শিক্ষকদের প্রতি তাঁর সহানুভূতি থাকা স্বাভাবিক। এই জন্য

আমি তাঁকে অভিনন্দন জানাই। একটা কথা হচ্ছে, এই ডেপুটেসান-এ পাঠান বর্তমানে মেয়ে স্কুলে যারা মেয়ে টীচার তারা ১ বছর শিক্ষিকার কাজ করলেই তাকে আমরা ডেপুটেসান-এ দিই। এবং পুরুষ স্কুলে পুরুষ শিক্ষক দুই বছর কাজ করলে তাকে ডেপুটেসান-এ দেওয়া হয়। কিন্তু ইনি যেটা বলছেন সেটা একটু অন্য রকম হয়ে গেল। মনোরঞ্জনবাবু বললেন যে কনস্টিটিউসান-এর ১৬ নম্বর ২৯ নম্বর ধারায় সকলকে সমান ভাবে দেখা উচিত। আইনে একটা জিনিষ থাকে কিন্তু কাজ করবার সময় তার কিছু এধার ওধার করতে হয়। তা নাহলে চলে না, যেমন কো-এডুকেশান-এর কথা বিজয়বাবু বলেছেন পৃথিবীর সব দেশেই সুরু হয়েছিল, এখন ধীরে ধীরে সেটা ছেড়ে দেওয়া হচ্ছে। অনেক অভিজ্ঞতার ফলে দেখা যাচ্ছে যে এটা সব সময় চলে না।

[4-30—4-40 p.m.]

এমন কি সেদিনও ক্রুশ্চেভ বক্তৃতা দিচ্ছিলেন যে সোভিয়েট রাশিয়ায় যেখানে সকলের সমান অধিকার সেখানেও ধীরে ধীরে তাঁরা কো-এডুকেশান বন্ধ করে দিচ্ছেন। রিসার্চের বেলায় করেছেন, সেখানে যথিষ্ট বয়স হয়েছে। আমাদের দেশে কোন কোন জায়গাতে এমন হয়েছে যে একটিমাত্র স্কুল খোলা সম্ভব হয়েছে, দুটি স্কুল খোলা যাচ্ছে না। সেখানে যে পড়ান হয় ছেলে আর মেয়েদের সেটাকেও বলতে হবে এ টেম্পোরারী মেজার। যখনই একটা মেয়ে স্কুল খোলা সম্ভব হয় তখনই খুলে মেয়েদের নিয়ে আসা হয়। সেরকম মেয়ে স্কুলে যে পুরুষ টীচার রাখা হয় সেটা পিওরলি টেম্পোরারী মেজার। কারণ, মেয়েরা পাশ করছে, মেয়ে স্কুলে পুরুষ শিক্ষককে নেওয়া হয় কোন রকমে স্টপ গ্যাপ হিসাবে। তিনি যদি কোন রকমে দুই বছর কাজ করেন আর ওখানে চেপে বসেন তাহলে যেসব মেয়েরা পাশ করবে তারা জায়গা পাবে না, বেকার হয়ে যাবে। কিন্তু যে স্কুলে শুধু ছেলেরা পড়ে সেখানে কিন্তু মেয়ে মাষ্টার বেশী দেখিনি। হায়ার সেকেণ্ডারী এবং সেকেণ্ডারীতে খুব কম দেখা যায়। আমরা যদি মেয়েদের দূর করে দিই তাহলে মেয়েরাই বা কেন আমাদের দূর করে দেবেনা? সমান সমান হওয়া দরকার। আর পুরুষ শিক্ষক যাঁরা পড়াচ্ছেন মনোরঞ্জনবাবু বলেছেন—এক্সপ্লয়টিং দি সার্ভিসেস অব মেল টীচারস। পুরুষ শিক্ষক যাঁরা পড়াচ্ছেন তাঁরা মেয়েদের ভালবাসেন, সন্দেহ করেন, তাদের প্রতি কৃপাপরবশ হয়ে পড়াচ্ছেন। ২ বছর কোন রকমে পার হলেই যে তাঁকে ওখানে দিতে হবে সেটা সব সময় নাও হতে পারে। এটা ধরুন পুরুষ মানুষের একটা সিভ্যালরি তাঁরা মেয়েদের জন্য ত্যাগ স্বীকার করতে রাজী আছেন। সেটা করে দিলেন, তাতে আমাদের দুঃখ করবার কিছু নেই। অবশ্য যাঁরা শিক্ষক আছেন তাঁদের আর্থিক ক্ষতি হচ্ছে এটা সত্য কথা। কোন কোন সময় ক্ষতি স্বীকার করতেই হয় যারা উঁচু হয়ে উঠেছে তাদের বড় করে দেওয়ার জন্য। সকলেই এটা করে থাকেন। আমি সেদিন ২ দিন আগে পোস্ট গ্র্যাজুয়েট-এর একটা রি-ইউনিয়নে গিয়েছিলাম। তাঁরা একটা সুভেনির দিয়েছিলেন, সেটা দেখলাম যে একটা সাবজেক্টে ফিজিওলজিতে গ্র্যাজুয়েট হবার পর, এম-এস-সি পাশ করবার পর শতকরা ২৫ জন অন্যান্য ব্যবসা করছে। কাজেই দেখতে পাই যারা পাশ করে বেরুচ্ছে তারা ঠিক নিজেদের উপযুক্ত মত কাজ পাচ্ছে না, অন্যান্য কাজে চলে যাচ্ছে। মেয়েরাও পাশ করে উঠছে, তাদের পড়াশুনায় উৎসাহ দেখা যাচ্ছে খুব বেশী। সেজন্য স্কুলে মেয়েদের পাশের হার বেশী। তাদের উৎসাহ দেবার জন্য আমরা যদি একটু ক্ষতি স্বীকার করি তাতে দোষের কি আছে? পুরুষরা শিক্ষকতার কাজ একচেটিয়া করে রেখেছিলেন প্রায় ১ শো বছর। এখন সেই একচেটিয়া ব্যবসা আস্তে আস্তে যাবেই সেটা স্বাভাবিক। নির্মাল্যবাবু একটা কথা বলেছেন যে এটা আরো ব্যাপক করে প্রাথমিক বিদ্যালয়েও করা হোক। প্রাথমিক বিদ্যালয়ে ছোট ছোট বাচ্ছারা পড়ে, সেখানে পুরুষ টীচার পড়ান আর মেয়ে টীচার পড়ান তাতে কিছু যায় আসে না। তবে আভা চ্যাটার্জী মহোদয়া যে কথা বলেছেন আমি তাঁর সঙ্গে একমত যে পাঠশালাতে, প্রাইমারী স্কুলে যত মেয়ে শিক্ষিকা দেওয়া যায় ততই ভাল। তাঁদের হাতে ছোট ছোট বাচ্ছারা সত্যই ভাল শিখবে। আর মহীতোষবাবু বলেছেন যে মেয়েরা ভাল পড়াতে পারেন না। এটা আমি বিশ্বাস করি না। আমি অনেক স্কুলের সঙ্গে যুক্ত আছি, আমি দেখেছি মেয়ে শিক্ষিকা অনেক জায়গায় অতি ভাল পড়ান, বোধ হয় পুরুষ শিক্ষক অত ভাল পড়াতে পারেন না। সেটা হচ্ছে ব্যক্তিগত ব্যাপার, কেউ ভাল পড়ান, কেউ মন্দ

পড়ান। এখানে সেক্স নিয়ে কোন প্রশ্ন নেই। আর বিজয়বাবু একটা প্রশ্ন তুলেছিলেন যে শহরে মেয়ে স্কুলে একরকম মেয়ে শিক্ষিকা পাওয়া যায়, কিন্তু মফঃস্বলে তো বেশী পাওয়া যায় না। সত্য কথা, মফঃস্বলে পাওয়া যায় না। তার প্রধান কারণ হচ্ছে এই যে যে শিক্ষিকা যান তাঁর থাকবার উপযুক্ত ব্যবস্থা নেই। এরজন্য এবারে বাজেটের ভেতর দেখলাম অনেক টাকা বরাদ্দ করা হয়েছে। মফঃস্বলে মেয়ে শিক্ষিকাদের বাসস্থানের জন্য অনেক টাকা সরকার বরাদ্দ করেছেন। এই জিনিসটা আমাদের সরকার অনেক দিন ধরে বুঝতে পেরেছেন, প্রতি বছর কিছু কিছু চেষ্টাও করে যাচ্ছেন। যদি তাঁদের থাকবার জন্য ঘরবাড়ী দিতে পারি তাহলে বোধ হয় মেয়ে স্কুলে মেয়ে শিক্ষিকার অভাব হবে না। সর্বশেষে আমি এটা বলতে চাই যে বিজয়বাবু মনোরঞ্জনবাবুর মতো এই জাতীয় লোক নিজেরা অতি সৎ লোক। তাঁরা সর্বদাই মনে করেন সবাই বুঝি তাঁদের মত সৎ। কিন্তু পৃথিবীতে তা হয় না। তাই আমি অনুরোধ করি মনোরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন এটাকে যদি তিনি তুলে নেন, এটার আলোচনা যথেষ্ট হয়ে যাচ্ছে, তাহলে খুব ভাল হয়। অতএব এই প্রস্তাবটা আমি তুলে নিতে বলি, এটার আর প্রেস করার দরকার নেই। তবে যদি এটা উনি জোর করেন তাহলে বাধ্য হয়ে আমাকে আপত্তি করতে হবে।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখন এখানে আলোচনা হচ্ছে সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে স্ত্রী শিক্ষক বা পুরুষ শিক্ষক এই ভাবে আমাদের বিচার করা অন্ততঃ আমার মনে হয় সমীচীন নয়। স্ত্রী শিক্ষক ভাল না পুরুষ শিক্ষক ভাল, কে বেশী ভাল পড়াতে পারেন, কে ভাল পড়াতে পারেন না, কার যোগ্যতা কম, কার যোগ্যতা বেশী আমাদের দৃষ্টিভঙ্গী এটা হওয়া উচিৎ নয় এবং বিশেষভাবে আজকের দুনিয়ায় স্ত্রী এবং পুরুষের যোগ্যতা এভাবে বিচার করা আমার মনে হয় সঠিক দৃষ্টিভংগীর পরিচয় নয় কাজেই আমার মনে হয় যে এই ভাবে ভেদ আমরা করবো না এবং ভেদ করাটাও অন্যায়। স্ত্রী এবং পুরুষের মধ্যে এভাবে মাঝখানে দেয়াল তুলে দিয়ে আমরা যদি আলোচনা করতে যাই তাহলে আমার মনে হয় যে আমরা ঠিক জায়গায় গিয়ে এবং লক্ষ্যে বোধ হয় পৌঁছাতে পারবো না, তবে এখানে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই আবেদন জানাবো যে বাংলাদেশে বর্তমানে কতকগুলি বাস্তব সমস্যা শিক্ষা জগতে আছে, তার মধ্যে খুব একটা বিরাট সমস্যা না হলে এটাও একটা সমস্যা যে বহু বালিকা বিদ্যালয় আমাদের পশ্চিমবঙ্গে আছে পুরানো এবং নূতন সেখানে কিছু সংখ্যক পুরুষ শিক্ষক আছেন—এরকম ঘটনা নিশ্চয়ই ওঁদেরও জানা আছে এবং আমরাও জানি। যেমন একটা ঘটনা দৃষ্টান্তস্বরূপ আমি বলতে পারি, যে একজন শিক্ষকের কথা, মাসখানেক আগে যিনি আমাদের কাছে এসেছিলেন। ১৫ বৎসর ধরে একটা বালিকা বিদ্যালয়ে তিনি কাজ করে আসছেন, তাঁর সুপারয়্যানুসেন এজ ৬০ বছর বয়স সেটা এখনও হয় নি, প্রায় কাছাকাছি হয়েছে, ৫৯ বছর বয়স হয়েছে কিন্তু হঠাৎ বিদ্যালয় কর্তৃপক্ষ—আমি খুব সাম্প্রতিককালের কথা বলছি, সেই বিদ্যালয়ের নামও আমি করে দিতে পারি, মফঃস্বলের একটা বিদ্যালয়, এই রকম অনেক বিদ্যালয় আছে, সব বলার এখানে কোন প্রয়োজন নেই, তিনি ১৫ বছর ধরে সেখানে শিক্ষকতা করছেন, স্থায়ী শিক্ষক, অনুমোদিত শিক্ষক এবং তিনি প্রভিডেন্ট ফাণ্ড এবং অন্যান্য যা কিছু সুখ সুবিধা তা ভোগ করে আসছেন কিন্তু হঠাৎ বিদ্যালয় কর্তৃপক্ষ তাদের মাথায় একটা খেয়াল হল যে এই ভদ্রলোক যিনি ঐ বিদ্যালয়ের একজন অন্যতম প্রতিষ্ঠাতাও বটে কিন্তু যেহেতু তিনি পুরুষ শিক্ষক সেইহেতু তাঁকে এখন থেকে বলা হল—ইওয়র সার্ভিসেস আর নো লঙ্গার রিকয়ার্ড—এই রকম ঘটনা ঘটছে, এগুলি খুব খারাপ। আমি নাম করে দিই, শিক্ষামন্ত্রী মহাশয় খোঁজ নিন—মুর্শিদাবাদ জেলায় কাঁদি মহকুমায় কাঁদি সহরের যে বালিকা বিদ্যালয় রাজা মণীন্দ্রচন্দ্র বালিকা বিদ্যালয় সেই বালিকা বিদ্যালয়ের প্রবীণ শিক্ষক শ্রীসহস্রাক্ষ উপাধ্যায় তাঁর নাম, তিনি সেদিন খুব কাতরভাবে আমাদের কাছে এসেছিলেন এবং বল্লেন এর কি কোন প্রতিকার নেই? আমি ১৫ বছর ধরে এই বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য অক্লান্ত পরিশ্রম করলাম এবং বিদ্যালয়ের যে রেকর্ড তাতে দেখা যাবে যে বারবার এই উপাধ্যায় মহাশয়ের যে অবদান সেই অবদান বিদ্যালয়

কর্তৃপক্ষ স্বীকার করেছেন কিন্তু আজকে তাঁর চাকরী নেই, গত ৩০শে জানুয়ারী থেকে তিনি বেকার।

(4-40—4-50 p.m.)

এর কোন প্রতিকার হচ্ছে না। এই রকম উপাধ্যায় মহাশয়ের মত কিছু সংখ্যক বৃদ্ধ, প্রাচীন শিক্ষক আছেন, তাদেরকে এই রকম একটা অজুহাতে সরিয়ে দেওয়া হচ্ছে। যেহেতু বালিকা বিদ্যালয়ে পুরুষ শিক্ষকের প্রয়োজন নেই, এই একটা অজুহাতে এই রকম বৃদ্ধ ও বহুদিনের যারা পরীক্ষিত অভিজ্ঞ শিক্ষক, তাদেরকে বিদায় দেওয়া হচ্ছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো, আবেদন জানাবো যে বিভিন্ন বালিকা বিদ্যালয়ে এই রকম ধরণের যে সব ঘটনা ঘটেছে সেগুলি সম্বন্ধে তিনি যদি দৃষ্টি দেন এবং কোন বিষয় তাঁর গোচরীভূত করা হ'লে, তার যদি তিনি প্রতিকার করেন, তিনি তাঁর জীবনের শেষ প্রান্তে এসে, তাহলে এই সব বৃদ্ধ হতভাগ্য শিক্ষকদের অন্ততঃ কিছুটা উপকার হতে পারে।

দ্বিতীয় কথা হচ্ছে যে যোগ্যতা অনুসারে বিচার করতে হবে। আমার সঙ্গে হয়ত অনেকে একমত হবেন যে এমন কি ছেলেদের স্কুলেও প্রয়োজন যদি হয় এবং যদি দেখা যায় যে সেখানে মহিলা শিক্ষিকা নিয়োগ করা চলে, তাহলে সেখানে মহিলা শিক্ষক নিয়োগ করাতেও কোন রকম আপত্তি থাকা উচিত নয়। বাস্তবিক পক্ষে কলকাতা সহরে যে সমস্ত প্রাইভেট স্কুল আছে, যেমন লা মার্টিনিয়ার স্কুল, যেখানে ধনিকদের সন্তানরা পড়েন, সেখানেতে আপনি দেখতে পাবেন স্যার, এবং শিক্ষামন্ত্রী মহাশয়ও জানেন যে ঐ ধরণের বিদ্যালয়ে পুরুষ শিক্ষক আছেন, আবার স্ত্রী শিক্ষিকাও আছেন, এবং তারা পাশাপাশি থেকে ছেলে মেয়েদের লেখাপড়া শিখিয়ে চলছেন। আমি স্যার, সাউথ ক্যালকাটার, যে পাড়াতে থাকি, সেখানে সাউথ পয়েন্ট স্কুলে প্রচুর পরিমাণে স্ত্রী শিক্ষক আছেন, এবং তাঁরা অত্যন্ত যোগ্যতার সঙ্গে ছেলেদের হাইয়ার ক্লাশে পড়াচ্ছেন। সেখানকার কিছু সংখ্যক শিক্ষক ও শিক্ষিকার সঙ্গে আমার ব্যক্তিগত পরিচয় আছে, আমি সেখানে দেখেছি যে হাইয়ার সেকেণ্ডারী ক্লাসেতে একজন শিক্ষিকা অত্যন্ত যোগ্যতার সঙ্গে ইকনমিকস সম্বন্ধে পড়াচ্ছেন। তিনি সেখানে অর্থনীতির অধ্যাপিকা হিসাবে হাইয়ার সেকেণ্ডারী ক্লাসে পড়াচ্ছেন। সেখানে শুধু ইকনমিকস নয়, ইংরাজী, ইতিহাস এবং বিভিন্ন বিষয় ছেলেদের শিক্ষিকারা পড়াচ্ছেন, এবং ছেলেরা যে তাতে উপকৃত হচ্ছে না, তা মোটেই নয়, ছেলেরা তাতে যথেষ্ট লাভবান হচ্ছে। কাজেই প্রয়োজন যদি হয়, এবং যোগ্যতা অনুসারে যদি দেখা যায় যে সেই রকম অভিজ্ঞ শিক্ষিকাকে ছেলেদের বিদ্যালয়ে নিয়োগ করা যেতে পারে, তাহলে তাদের নিয়োগ করাতে, আজকের দিনে কোন আপত্তি থাকা উচিত নয়, বিশেষ করে সহরাঞ্চলে ও অপেক্ষাকৃত শিক্ষিত অঞ্চলে আমরা বুঝতে পারি। কাজেই স্ত্রী ও পুরুষ শিক্ষকের মধ্যে ভেদাভেদের রেখা টানাটা আমি মনে করি অত্যন্ত অবাঞ্ছিত। তারপর দেখুন—আমার ভগ্নী আভা চ্যাটার্জী বলেছেন যে ছোট ছোট ছেলে মেয়েদের যে সব বিদ্যালয় সেখানে মেয়ে শিক্ষকরা বেশ ভাল ভাবে ছেলে মেয়েদের লেখাপড়া শেখান। এটা ঠিক, এ বিষয়ে কোন সন্দেহ নেই। এবং মেয়েদের ঐ যে মাদারলি ভাব, ঐ যে মাতৃ স্নেহ শিশুদের প্রতি, তারজন্য তারা ছোট, ছোট ছেলে মেয়েদের লেখাপড়া শেখানর ব্যাপারটা খুব ভাল ভাবেই করতে পারেন। আজকে যে সমস্যাটা বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে দেখা দিয়েছে, বিশেষ করে আমাদের হাই ও হায়ার সেকেণ্ডারীটা হবার পর থেকে অর্থাৎ ১৯৫৭ সাল থেকে, এই কয় বছর ধরে বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে একটি বিশেষ সমস্যা দেখা দিয়েছে—সে সমস্যাটা হচ্ছে—ডাইভারসিফাইড কোর্স, যেগুলি ইনট্রোডিউস করা হয়েছে। এখন বিভিন্ন বিষয় যা পড়ান হচ্ছে, দেখা যাচ্ছে যে সে কোর্সগুলি মেয়েদের পক্ষে উপযুক্ত নয়। যে কথা মহীতোষবাবু বলেছেন যে এটা একটা বিশেষ সমস্যা, এবং এর সমাধান করা একান্ত প্রয়োজন। এর সমাধান আমাদের করতেই হবে। টেম্পোরারী মেজার্স নিয়ে এই ভাবে আর কত দিন চালাতে পারবেন, আমি জানি না। আমাদের এখানে বালিকা বিদ্যালয়ে শিক্ষা সংক্রান্ত ব্যাপার নিয়ে যে সমস্যার উদ্ভব হয়েছে তার সমাধান একান্ত প্রয়োজন। সকলের সমবেত প্রচেষ্টার দ্বারা এর সমাধান করতে হবে। দেখতে হবে মেয়েদের

মধ্যে যাতে বিজ্ঞান শিক্ষার প্রসার লাভ করে। মেয়েরা যাতে বিজ্ঞানের দিকে বেশী করে আকৃষ্ট হয়, সে দিকে আমাদের সব সময় লক্ষ্য রাখতে হবে। কিন্তু আজকের দিনে বাস্তব অবস্থা হচ্ছে এই যে মেয়েরা সাধারণত বিজ্ঞানের দিকে বেশী আকৃষ্ট হয় না, অপেক্ষাকৃত ছেলে-দের তুলনায় মেয়েরা বিজ্ঞান কম পড়েন। সেইজন্য যে সমস্ত বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান খোলা হয়েছে, সেখানে দেখা যাচ্ছে যে যথেষ্ট সংখ্যক উপযুক্ত বিজ্ঞানের শিক্ষিকা পাওয়া যাচ্ছে না। এবং ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এটা আমরা বলতে পারি এবং ওরাও জানেন যে বেশীর ভাগ বালিকা বিদ্যালয়ে ফিজিক্স পড়ানর জন্য কেমিস্ট্রি পড়ানর জন্য, হায়ার মেথেমেটিক্স পড়াবার জন্য এই সমস্ত বিষয় পড়ানর জন্য মেয়ে শিক্ষিকা দুর্লভ। এবং এমন কি কলাবিদ্যা যেটা আর্টস হিউমেনিটিশ সেখানেও বিশেষ করে অর্থনীতি—ইতিহাস বাংলা এ পড়াবার জন্য শিক্ষিকার অভাব নেই, কিন্তু সংস্কৃত পড়াবার জন্য কিছু কিছু শিক্ষিকা পাওয়া যেতে পারে। তবুও অপেক্ষাকৃত ইতিহাস বাংলার চেয়ে কম। মেয়েদের ইতিহাস আর বাংলার দিকে ঝোঁকটা খুব বেশী। কাজেই অর্থনীতি পড়াবার ক্ষেত্রেও দেখছি যে মেয়ে শিক্ষিকার অভাব হচ্ছে। যদিও বা তা পাওয়া যায় কিন্তু বিজ্ঞানের ক্ষেত্রে আমরা পাচ্ছি না। এটাই হচ্ছে বাস্তব সমস্যা। এবং সেখানে ফিজিক্স কেমিস্ট্রি এবং মেথেমেটিক্স ইত্যাদি বিজ্ঞানের বিষয়গুলি পড়াতে গেলে সেখানে দেখতে পাচ্ছি পুরুষ শিক্ষক ছাড়া আর গতি নাই। এখন এটাই হচ্ছে সমস্যা। এখন এখানে চাই পার্ট টাইম করে আপনারা রাখেন, টেম্পোরারি মেজার্স দিয়ে আপনারা চালাতে পারেন। আমার নীতিগত ভাবে কোন দ্বিমত নেই, সেটা হচ্ছে বালিকা বিদ্যালয়ে যতদূর সম্ভব স্ত্রী শিক্ষিকা নিয়োগ করা উচিত। এই যে একটা নীতি হিসাবে ওঁরা ঠিক করেছেন এটার সঙ্গে খুব বেশী কলহ আমাদের সঙ্গে নেই। এটা আমি পরিস্কার করে বলে দিতে চাই। কিন্তু আসলে যেটা আমাদের লক্ষ্য রাখতে হচ্ছে এই ছাত্রীদের কোন ক্ষতি হচ্ছে কি না। এখন এই ভাবে যদি টেম্পোরারি মেজার্স হিসাবে আপনারা এটা চালান—যেমন ধরুন ফিজিক্স-এর আপনারা স্ত্রী শিক্ষিকা পাচ্ছেন না—এখন এখানে আপনি একজনকে টেম্পোরারি ভাবে নিয়োগ করলেন সেই টেম্পোরারি টীচার কি করলেন—এ প্রতি ক্ষেত্রে দেখা যাচ্ছে—এটার প্রতি শিক্ষা মন্ত্রীমহাশয় নজর দিন। সেই ব্যক্তিগত শিক্ষকের কি ক্ষতি না হল তার চেয়ে বড় ক্ষতি হল ছাত্রীদের সেটা হচ্ছে এই আপনি নিয়োগ করলেন, নিয়োগপত্র দিলেন টেম্পোরারি হিসাবে একজন পুরুষ শিক্ষককে। তিনি ১।। বা ২ মাস পড়ালেন, তিনি জানেন তিনি অস্থায়ী, অন্য জায়গায় সমানে তিনি দরখাস্ত করে যাচ্ছেন। এখন ফিজিক্স-এর এম-এস-সি কেমিস্ট্রি-র এম-এস-সি বা মেথেমেটিক্স-এর এম-এ বা এম-এস-সি তারা টেম্পোরারি ভাবে ওখানে পড়াচ্ছেন এবং দরখাস্ত ছাড়ছেন—যেই সুযোগ পাচ্ছেন,—আমি এই রকমও জানি ১৫ দিন সেখানে চাকরি করার পরেতে বেটার চান্স পেয়ে অন্য জায়গায় চলে গেছে। কাজেই ঐ যে টেম্পোরারি এ্যারেঞ্জমেন্ট আপনারা করছেন তাতে দেখা যাচ্ছে যে এক বছরের মধ্যে ৪।৫ জন শিক্ষক বদল হয়ে গেছে কোর্স আন-ফিনিসড থেকে যাচ্ছে। কারণ টেম্পোরারি টিচার-এর যে নিষ্ঠা, সে জানে আমি অস্থায়ী, সুতরাং যে মুহূর্তে বেটার চান্স পাবে সে চলে যাবে। বছরের মধ্যে দেখা যাচ্ছে তিনবার ফিজিক্স-এর টীচার বদল ৪ বার কেমিস্ট্রি-র শিক্ষক বদল হল—তাতে ব্যক্তিগত শিক্ষকদের—তিনি তো চলে গেলেন বেটার চান্স পেয়ে তার যে একটা খুব ক্ষতি বৃদ্ধি হল তার চেয়ে বড় যেটা ক্ষতি হচ্ছে সেটা হচ্ছে ছাত্রীদের। টেম্পোরারি মেজার্স-এর এই হচ্ছে কুফল। সেই জন্য আজকে হায়ার সেকেণ্ডারি স্কুলে বিজ্ঞান পড়া প্রায় একেবারে বন্ধ হয়ে গেছে। এবং আর্টস ও অর্থনীতি ক্ষেত্রেও এই সমস্যা দেখা যাচ্ছে। কাজেই এই সমস্যার দিকে আমি আপনাদের বিশেষভাবে দৃষ্টি দিতে বলি। এখানে পুরুষ শিক্ষক ভাল কি স্ত্রী শিক্ষক ভাল এই নিয়ে আলোচনা করে কোন সুফল হবে বলে আমার মনে হয় না। যোগ্যতাই হবে একমাত্র মানদণ্ড। কাজেই আমার যেটা মনে

[4-50—5 p.m.]

হয় টেম্পোরারি মেজার আমি সাপোর্ট করতে রাজী আছি, সমর্থন করতে রাজী আছি কিন্তু যতদিন পর্যন্ত না ঐ কয়েক শত বালিকা বিদ্যালয়কে উচ্চতর ১১ ক্লাসে পরিণত করতে পারছি এবং যেখানে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা করেছেন সেখানে যতদিন পর্যন্ত ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথেমেটিক্স, ইত্যাদি বিজ্ঞান বিষয়ে এবং অর্থনীতি, অন্যান্য হিউম্যানিটিজ বিষয়ে যথেষ্ট সংখ্যক স্ত্রী শিক্ষিকা না পাচ্ছি ততদিন পর্যন্ত এটা টেম্পোরারি মেজার হিসাবে চলতে পারে। ততদিন পর্যন্ত এই সমস্ত বিদ্যালয়ের পুরুষ শিক্ষকদের আপনারা যদি পার্মানেণ্ট করেন তাহলে তাতে মহাভারত অশুদ্ধ হবে না। কাজেই বাস্তব অবস্থার প্রতি দৃষ্টি রেখে আমাদের এই জিনিসটাকে বিচার করতে হবে। আমি শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানাব যে এই দৃষ্টিভঙ্গী নিয়ে তিনি বিচার করুন যাতে করে আমাদের বোনেরা, আমাদের ঘরের মেয়েরা আগামী দিনে উচ্চ শিক্ষিত হয়ে বেরিয়ে এসে পুরুষদের পাশে সমানভাবে যোগ্যতার পরিচয় দিয়ে জাতীয় উন্নয়নের ক্ষেত্রে এগিয়ে যেতে পারেন। তাদের প্রতি যাতে সুবিচার করতে পারি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করুন। স্যার, তাঁরা আলোচনা করুন। এটা কোন বিতণ্ডার বিষয় নয়, এটা কোন তর্কের বিষয় নয়, এটা আলোচনার বিষয়। সম স্বার্থে, সম প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে আমাদের ভবিষ্যত যারা গড়ে তুলবে তাদের কল্যাণের দিকে লক্ষ্য রেখে, জাতির সামগ্রিক কল্যাণের দিকে লক্ষ্য রেখে, বাস্তব বিচার বুদ্ধি দিয়ে সমস্যা বিবেচনা করে এটা বিচার করুন। ইফ উই পুট আওয়ার হেডস টুগেদার—যদি আমরা সকলে একসঙ্গে বসি তাহলে নিশ্চয়ই এই সমস্যার সমাধান অন্ততঃ আমরা ভালভাবে করতে পারব। এটাই হচ্ছে আমার আবেদন এবং আমি আশা করি শিক্ষামন্ত্রী মহাশয় এটা দয়া করে বিবেচনা করে দেখবেন।

Dr. Biswaranjan Roy:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় মনোরঞ্জন বাবুর প্রস্তাবটির আমি বিরোধিতা করছি। এই প্রস্তাবটির বিরোধিতা এই পক্ষ থেকে শ্রদ্ধেয় শ্রীমহীতোষ রায়চৌধুরী এবং শ্রীচারু সান্যাল মহাশয় করেছেন। কিন্তু আমার মনে হয়েছে যে বিরোধিতা করবার সময়ও তাঁরা যেন ঠিক প্রাণ খুলে বিরোধিতা করতে পারেন নি, যেন কতকটা দ্বিধাগ্রস্তভাবে এর বিরোধিতা করেছেন। কিন্তু স্যার, আমি সম্পূর্ণ অকুণ্ঠ চিত্তে এর বিরোধিতা করছি। বিরোধিতা করছি এইজন্য যে এর পিছনে যে নীতি আছে সেই নীতিগতভাবে এর বিরোধিতা করছি; এজন্য আমার মনে এতটুকু সংকোচ নেই। কোন কোন সদস্য এই কথাও বলেছেন যে সুপারএ্যানুয়েটেড টীচারদের বেলায় প্রযোজ্য হয়ে যেতে পারে বা অন্যান্য জায়গায় প্রযোজ্য হয়ে যেতে পারে সেজন্য যেরকম ভাষায় এই প্রস্তাবটা এসেছে সেই ভাষাটা আপত্তিকর। সেজন্য এই ভাষায় এই প্রস্তাবটা গ্রহণ করা যেতে পারে না। কিন্তু আমি বলছি এর ভাষা যদি পরিবর্তনও করা যায় তাহলেও এটা সমর্থনযোগ্য নয়। আমি যে নীতির উপর এটার বিরোধিতা করছি সেই নীতি হচ্ছে যে নীতির বশে বালকদের এবং বালিকাদের বিদ্যালয় আলাদা করা হয়েছে, যে নীতির বশে সরকারের ফিমেল এডুকেশানের একটা বিভাগ আলাদা হয়েছে এবং বালিকাদের উচ্চ শিক্ষার ভার আলাদা কর্তৃপক্ষের হাতে দেওয়া হয়েছে, সেই নীতি। সেই নীতি থেকেই বুঝতে হবে যে বালকদের এবং বালিকাদের শিক্ষার জন্য আলাদা বন্দোবস্ত করা প্রয়োজন এবং সেই প্রয়োজনটা নীতিগতভাবে স্বীকৃত হয়েছে। অবশ্য প্রাথমিক শিক্ষার পর্যায়ে কিংবা আরও উচ্চ শিক্ষার পর্যায়ে, যেমন কলেজীয় শিক্ষার পর্যায়ে হয়ত কো-এডুকেশন চলতে পারে এবং কো-এডুকেশান চললে সেখানে শিক্ষক শিক্ষিকাও পাশাপাশি একসংগে কাজ করতে পারেন কারণ, কলেজীয় শিক্ষার পর্যায়ে ছাত্ররা অপেক্ষাকৃত পরিণত বয়স্ক, সেখানে ভালমন্দ বুঝবার বুদ্ধি তাদের হয়েছে। কাজে কাজেই তাদের যেখানে ছেড়ে দেওয়া যেতে পারে সেখানে এই সেকেণ্ডারী বা হায়ার সেকেণ্ডারী স্কুলের ছাত্রী, যারা অপেক্ষাকৃত অপরিণত বয়স্ক, যাদের অপরিণত বুদ্ধি, তাদের ছেড়ে দেওয়া যায় না। এবং ছেড়ে দিলে বহু রকম বিপদের আশংকা আছে বলে আমি মনে করি। আমার মনে হয় ওঁরা সেটাকে বিবেচনা করে দেখবেন এবং এই আশংকাটা অমূলক নয় বলে স্বীকার করবেন।

স্যার, একথা বলা হয়েছে যে অনেক জায়গাতে উপযুক্ত শিক্ষিকা পাওয়া যায় না। আমার যা অভিজ্ঞতা তাতে বলতে পারি এখন মেয়েরা শিক্ষায় খুব অগ্রসর হয়ে গেছেন, এত মেয়ে স্নাতক পাওয়া যায় যে সাধারণভাবে শিক্ষিকার অভাব হয় না, কেবলমাত্র বিজ্ঞানের ক্ষেত্রে ছাড়া। বিজ্ঞানের ক্ষেত্রে যে শিক্ষিকা পাওয়া যায় না এটা শিক্ষকদের সম্বন্ধেও সমানভাবে প্রযোজ্য। আজকে হায়ার সেকেণ্ডারী বালকদের স্কুলেও বিজ্ঞানের মেল গ্রাজুয়েট, অনার্স গ্রাজুয়েট বা এম-এস-সি পাওয়া যায় না। কাজে কাজেই বিজ্ঞানের শিক্ষাদানে যে অসুবিধা আছে সেটা বালকদের বিদ্যালয়ের ক্ষেত্রে যেমন আছে, মেয়েদের বিদ্যালয়ের ক্ষেত্রেও তেমন আছে। সেজন্য বাধ্য হয়ে সাময়িকভাবে হয়ত বালিকা বিদ্যালয়ে মেয়ে টীচার না পাওয়ার জন্য পুরুষ টীচার নেবার প্রয়োজনীয়তা দেখা যেতে পারে। কিন্তু এখন পাওয়া যাচ্ছে না বলে যদি আইনের দ্বারা এই সাময়িক নিয়োগ স্থায়ী বলে স্বীকার করে নেয়া যায় সাময়িকভাবে নিয়োগ করা হল বলে সেই শিক্ষক তার অবসর গ্রহণের সময় পর্যন্ত সেই মেয়ে স্কুলে থাকবেন এই নিয়ম হয় তবে সেটা কিছুতেই বাঞ্ছনীয় হবে না। একজন নূতন পুরুষ গ্রাজুয়েটকে ২৫ বছর বয়স যদি ঐ রকম একটা অসুবিধার জন্য সাময়িকভাবে নিয়োগ করা হয় এবং আরও ৪০ বছর সেখানে থাকার আইনতঃ অধিকার যদি তার জন্মায় তাহলে এই যে সাময়িক ব্যবস্থা এটা কোনদিন পরিবর্তন করা যাবে না, অর্থাৎ চিরকাল সেই মেয়েদের স্কুলে একজন পুরুষ টীচার দিয়ে চালিয়ে যেতে হবে—যেটা অবাঞ্ছিত হলেও সাময়িক অসুবিধা দূর করার জন্য আমরা করতে বাধ্য হয়েছি, সেটা চিরস্থায়ী হয়ে থাকবে। কাজে কাজেই এই প্রস্তাবটা যেভাবে এসেছে এই সভার সম্মুখে তা কিছুতেই গ্রহণযোগ্য হতে পারে না। তার পরে মেয়েদের মধ্যে অনেকে গ্রাজুয়েট যে হচ্ছে না তা নয়, বরং যথেষ্ট হচ্ছে। এবং মেয়েদের মধ্যে অনেকে গ্রাজুয়েট হয়ে শিক্ষিকা ছাড়া অন্য কাজে যেতে পারে না। ছেলেরা যেমন কলকারখানায় ও নানারকম জায়গায় কাজ করতে চলে যেতে পারে, তাদের প্রসপেকটা আরো ভাল হতে পারে, তেমন মেয়েরা কিন্তু যেতে পারে না। মেয়েদের সায়েন্স গ্রাজুয়েট হলে মোটামুটি শিক্ষিকার পদেই থাকতে হয় কিম্বা যদি আরো ভাল হয় তাহলে তাঁরা বড় জোর অধ্যাপকের কাজ করতে পারেন। কোন শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের সাধারণতঃ নিয়োগের স্থান। কাজে কাজেই যেখানে দশ বছর পরে নিশ্চয়ই উপযুক্ত সংখ্যক মেয়ে সায়েন্স গ্রাজুয়েট পাওয়া যাবে সেখানে তাদের রাস্তা যদি এরকমভাবে এখন থেকে বন্ধ করে দেয়া হয় তাহলে মেয়েদের ভবিষ্যতের দিক থেকে চিন্তা করলেও এই প্রস্তাব সমর্থনযোগ্য নয়। যে সমস্ত সুপারয়্যানুয়েটেড টীচারদের কথা বলা হয়েছে সেই সুপারয়্যানুয়েটেড টীচার ও সায়েন্সের ক্ষেত্রে পাওয়া যায় না। আমি আমার বক্তব্যটা সাধারণতঃ সায়েন্স টীচারদের সম্পর্কে নিবদ্ধ রাখছি, এজন্য যে সায়েন্স টীচারের জন্যই সাধারণতঃ মেয়েদের স্কুলে পুরুষ টীচার য়্যাপয়েণ্ট করা হয়। কারণ বাংলা, অংক বা সংস্কৃতের শিক্ষিকা পাওয়া যায় কিন্তু বি-এস-সি শিক্ষিকার অভাব সবচেয়ে বেশী দেখা যায়। সুপারয়্যানুয়েটেড টীচারদের রাখবার প্রশ্ন কোন কোন মাননীয় সদস্য যে তুলেছেন সেটাও এখানে প্রযোজ্য হয় না, কারণ সুপারয়্যানুয়েটেড সায়েন্স টীচার পাওয়া যায় না। আজকাল হায়ার সেকেণ্ডারীতে সায়েন্স টীচার হতে গেলে সায়েন্সে অনার্স গ্রাজুয়েট বা এম-এস-সি হতে হবে - এই রকম সুপারয়্যানুয়েটেড টীচার খুব কম। কলেজ থেকে পার্ট টাইম অল্পক্ষেত্রে হয়ত পাওয়া যেতে পারে কিন্তু সাধারণভাবে পাওয়া যায় না। কাজে কাজেই সুপারয়্যানুয়েটেড টীচার এনে বা তাদের পার্মানেণ্ট করা যে বিশেষ কিছু সুবিধা হবে তা হবে না। এই বিষয়ে যে সাময়িক অসুবিধা রয়েছে, মেয়েদের স্কুলে পুরুষ শিক্ষক নিয়োগ না করলে তখনকার মত কাজ চালানো যাচ্ছে না বলে তারজন্য যে সাময়িক ব্যবস্থা আছে এটা মন্দের ভাল কিন্তু এটাকে চিরস্থায়ী করবার জন্য কোন আইনগত স্বীকৃতি দেয়া কিছুতেই উচিত নয়।

[5—5-10 p.m.]

বরং আমি বলবো যে মেয়েদের মধ্যে আরও যাতে বিজ্ঞান শিক্ষার প্রসার হয় তার জন্য চেষ্টা করতে হবে, এবং সাময়িক ভাবে এই রকম করা যেতে পারে যে হায়ার সেকেণ্ডারীর ক্ষেত্রে, মেয়েদের মধ্যে যে সব শিক্ষিকা বি-এস-সিতে ভাল ফল করেছেন তাঁদের সেখানে নিয়ে সাময়িক ভাবে অনার্স গ্রাজুয়েট-এর মর্যাদা দেওয়া যেতে পারে এবং পরে তাদের কনটেন্টস কোর্স-এ ট্রেনিং দিয়ে নিয়ে স্থায়ীভাবে কাজে লাগান যেতে পারে। কিন্তু সেই জায়গায়, মেয়েদের বদলে পুরুষ টীচার এনে, তাদের চিরস্থায়ী করে দেওয়া, তাদের পার্মানেণ্ট করে দেওয়া, অর্থাৎ ৩০।৪০

বছর তাদের আটকে রেখে কোন সুবিধা হবে না, বলেই আমার মনে হয়। তারপর কনফার্মেসান সম্বন্ধে সন্তোষবাবু বলেছেন যে টেম্পোরারী টীচার হয়ে থাকেন বলে, তারা অনেক সময় স্কুলের চাকরী ছেড়ে অন্যত্র চলে যান এবং তাতে ছাত্র, ছাত্রীদের শিক্ষার অসুবিধা হয়। আমি বলবো তা নয়, পার্মানেণ্ট টীচার-রাও চলে যান। বিশেষ করে সায়েন্স-এর টীচাররা, এঁরা কোন দিনই থাকতে চান না। তাঁদের মধ্যে এই যে চলে যাবার একটা প্রবণতা আছে, এই প্রবণতা যেমন ভাবে টেম্পোরারী টীচারদের মধ্যে আছে তেমনি পার্মানেন্ট টিচারদের মধ্যেও সমান ভাবে আছে। সেইজন্য আমি মনে করি এমন ভাবে আইন করা দরকার এমন ভাবে সমস্ত নিয়ম হওয়া দরকার যাতে করে হঠাৎ টেম্পোরারী শিক্ষকের এক জায়গা থেকে আর এক জায়গায় চলে যেতে না পারেন। আজকাল যা মাইনে ঠিক হয়েছে তা যথেষ্ট নয়। এক জায়গা ছেড়ে আর এক জায়গায় গেলেও ভাল মাইনে পাবেন না। অথচ এক জায়গা থেকে আর এক জায়গায় চলে যাবার প্রবণতা রয়েছে। এই প্রবণতা যাতে বেড়ে না যায়, তারজন্য একটা নিয়ম রাখা উচিত।

Shri Santosh Kumar Bhattacharyya:

টেম্পোরারী টীচার্সদের কি আটকে রাখতে চান?

Dr. Biswaranjan Roy:

তাদের আটকেও রাখা হচ্ছে না। আপনি বলেছেন টেম্পোরারী টীচাররা চলে যান। আমার বক্তব্য হচ্ছে টেম্পোরারী টীচাররা যেমন চলে যায়, পার্মানেণ্ট টীচাররাও ঠিক তেমনি চলে যায়। আমার অভিজ্ঞতা হচ্ছে তাই, আমি বহু স্কুলের সঙ্গে জড়িত আছি। এই চলে যাওয়ার প্রবণতাটা তাঁদের মধ্যে আছে। সেই রোলিং ষ্টোন-এর মত তাঁরা থাকতে চান না এক স্কুলে। সুতরাং এটা টেম্পোরারী বা পারমানেণ্ট টীচার্স-এর প্রশ্ন নয়। (এ ভয়েস—চলে ত একদিন সকলকেই দুনিয়া থেকে যেতে হবে।) সে কথা আলাদা। এখানেও আধ্যাত্মিক আলোচনা করার প্রয়োজন নেই। এটা হচ্ছে কর্মস্থলের ব্যাপার। যাইহোক, তারা চলে যাবেই, এক জায়গায় থাকবে না। এটা ব্যক্তি বিশেষের স্বভাবের কথা, এর মধ্যে টেম্পোরারী বা পার্মানেণ্ট টীচার-এর কোন প্রশ্ন নেই। কাজে, কাজেই আমি মনে করি, কোন কারণেই বালিকা বিদ্যালয়ে পুরুষ টীচার্সকে কনফার্ম করে দিয়ে, সেখানে পরে শিক্ষিকা নিয়োগের রাস্তাটা চিরকালের জন্য রুদ্ধ করে দেওয়াটা উচিত নয়। সেইজন্য আমি এই প্রস্তাবের প্রতিবাদ করছি।

Shri Tripurari Chakravarti:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ পরিষদ ভবনে শিক্ষা নীতি নিয়ে আলোচনা হচ্ছে। অনেক বছর প্রায় অর্দ্ধশতাব্দিকাল শিক্ষকতা করছিলাম, তাই মনে হয় এ সম্বন্ধে কয়েকটা কথা আমার বলা উচিত। আমি সর্ব প্রথম বলতে চাই আমার বন্ধু শ্রীসন্তোষ ভট্টাচার্জী মহাশয়ের বাক্য সমর্থন করে যে শিক্ষার ক্ষেত্রে যোগ্যতাই হওয়া উচিত একমাত্র মানদণ্ড। স্ত্রী বা পুরুষ, এই প্রশ্ন না তুলে যোগ্যতাকে একমাত্র মানদণ্ড করা উচিত। এই হচ্ছে শিক্ষা নীতি। অধ্যাপক হেরল্ড লাস্কীর একটা প্রবন্ধ পড়েছিলাম শিক্ষক সম্বন্ধে, অপূর্ব সে উক্তি—

a good teacher is the rarest of human beings. He fill his subject with personality.....

ভাল শিক্ষক বেশী মেলে না। আমি মনে করি আমাদের মেয়েদের বিদ্যালয়েও যদি ভাল পুরুষ শিক্ষক পাওয়া যায় তাঁকে নেওয়া উচিত এবং ছেলেদের স্কুলে যদি ভাল মেয়ে শিক্ষক পাওয়া যায় তাঁকে নেওয়া উচিত। আমি বলতে পারি আমার একজন কৃতী ছাত্রী শ্রীমতী শিপ্রা সরকার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক। ১৯৫০ সালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস পরীক্ষায় প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার করেছিলেন। তাঁর মত উপযুক্ত টীচার আমি কমই দেখেছি। এমনই তাঁর যশ—তাঁর যশ চতুর্দিকে বিকীর্ণ হয়েছে। ছেলেদের তিনি পড়িয়েছেন সুরেন্দ্রনাথ কলেজে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছেলেদেরও তিনি পড়াচ্ছেন। অনেক উদাহরণ দিতে চাই না—আমার ছাত্র নির্মাল্য বাগচি এখানে আছেন, তিনি মুরলীধর গার্লস কলেজে অধ্যাপনা করেন। আমার আর একজন ছাত্র অধ্যাপক নরহরি কবিরাজ। তাঁরা কমিউনিস্ট পার্টির সভ্য, সেজন্য কারোর কারোর মনে কিছু বিদ্বেষ থাকতে পারে কিন্তু শিক্ষক হিসাবে তাঁরা যে খুবই উপযুক্ত এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। আমি তাঁদের অধ্যাপক ছিলাম

তাঁদের কৃতিত্ব এবং তাঁদের গুণ আমি জানি। সেই কথাটা আমি বলছিলাম। আর একটা কথা বলতে ইচ্ছা করছে। শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, অক্সফোর্ডের বেলিয়ন কলেজের মাষ্টার বেঞ্জামিন জুয়েট, তাঁর বায়োগ্রাফি পড়বার মত। তিনি একটি কথা বলেছিলেন, সেটা তাঁর বায়োগ্রাফিতে উদ্ধৃত রয়েছে। তিনি বলেছিলেন—

A good teacher knows, like Moses, how to strike living water from the rocks.

কি সুন্দর কথা। যাঁরা বাইবেল পড়েছেন তাঁরা বুঝতে পারবেন ভাল করে এই উক্তিটির যথার্থ মাহাত্ম্য—পাথর থেকে জল বের করা যায়। আমরা যাকে জটিল মনে করি, আমরা যাকে বুদ্ধিহীন ছাত্র, মূঢ়ধী, হতধী ছাত্র মনে করি তাকেও সুধী করা যায়, ভাল শিক্ষক করতে পারেন, মোজেস যেমন পাহাড়ের মধ্য থেকে জল বের করেছিলেন। তাঁর হাতে একটা দণ্ড ছিল, তা দিয়ে তিনি আঘাত করছেন আর জল বেরিয়ে আসছে।

A good teacher knows, like Moses, how to strike living water frim the rocks.

আর একটা কথা বলতে চাই, নগেনবাবু এবং মহীতোষবাবু বলেছেন যে তাঁরা প্রাচীন পন্থী। আমি তাঁদেরই মত প্রাচীন পন্থী। কিন্তু প্রাচীন পন্থা কি ছিল? প্রাচীন পন্থায় যদি আমরা একটু ফিরে যাই তাহলে দেখব পুরাকালে রামায়ণের যুগে, মহাভারতের যুগে, উপনিষদের যুগে, অধ্যাপকের চতুষ্পাঠীতে পুরুষ এবং নারী একসঙ্গে অধ্যয়ন করত। ভবভূতির উত্তর রাম চরিত্রের একটি শ্লোক মনে পড়ছে। দ্বিতীয় অঙ্কে আত্রেয়ী এবং বাসন্তী দণ্ডকারণ্যে প্রবেশ করেছেন, দণ্ডকারণ্যের বনদেবতা তাঁদের জিজ্ঞাসা করছেন যে তোমরা এখানে কেন এলে। তখন তাঁরা বলছেন যে বাল্মীকির চতুষ্পাঠীতে অধ্যয়ন করছিলাম, সেখানে দুটি ছেলে এসে জুটেছে লব এবং কুশ, তাদের সঙ্গে পেরে উঠিনা, তাল রাখতে পারছি না, তাই আজ বাল্মীকি পার্ষাত ইহ পর্যটামি। আপনি তো সার, সে সব কথা জানেন। এই যে বিধান ছিল ভালই ছিল এইসব বিধান। আর একটা কথা মনে পড়ছে, মহাভারতের শান্তি পর্বে সুলভার উপাখ্যান—তিনি ভিক্ষুকী হয়েছেন, সন্ন্যাসিনী হয়ে ঘুরে বেড়াচ্ছেন অধ্যাপনা করে। জনকের সভায় গিয়েছিলেন, সেখানে বিতর্কে যোগদান করে সমস্ত পুরুষদের হারিয়ে দিলেন, তাঁর কাছে পরাজিত হয়ে পুরুষ দার্শনিক পণ্ডিত। তখন জনক তাঁকে বললেন তোমার এই রূপ এবং যৌবন, তুমি বিবাহ করছ না কেন? তখন সুলভা তার উত্তর দিয়ে ছিলেন যে বিবাহ করবার উপযুক্ত পুরুষ সমস্ত ভারতবর্ষে খুঁজে পেলাম না। মেয়েদের মধ্যেও সেই মুনিব্রত রয়েছে, তারাও সন্ন্যাস নিয়েছে, তারাও অধ্যাপনা করেছে। তাই আমি বলছিলাম আমার নীতি হচ্ছে যেখানে যোগ্যতা সেখানে আমরা যাব। সন্তোষবাবু যে কথা বলছিলেন যে যোগ্যতা হবে একমাত্র মাপদণ্ড, আমি সে কথা বলতে চাই না, এ অত্যন্ত খুটি-নাটির কথা। সভায় যে বিতর্ক হল তাতে আমার বলতে ইচ্ছা করে এটা পেটিফগিং ডিসকাসন বলে মনে হল। কিন্তু সেটা তো কথা নয়। আমি এই কথা বলছি না যে সুপারএ্যানুয়েটেড শিক্ষকদের রাখতে হবে, বয়স সীমা যার অতিক্রম করে গেছে তাকে রাখতে হবে। তাহলে তো আমিও দাবি করতে পারতাম। কারণ, এখনও আমি মনে করি যে আমি খুব ভাল পড়াতে পারি।

[5-10—5-20 p.m.]

আমি ৭০-এর কোটায় পা দিচ্ছি, আমি কারো কাছে দাবী করি না যে আমাকে চাকরী দাও কিন্তু আমি মনে করি ৭০ হোক ৮০ হোক তখনও রাখা উচিৎ যাঁরা পড়াতে পারবেন তাঁদের। এযদি না হয়, দেশ বঞ্চিত হচ্ছে, এ টাকা পয়সা হিসাব নয়, শিক্ষা জগতে যাঁরা টাকা পয়সার হিসাব করেন তারা শিক্ষা বুঝেন না। সেই য়্যাডাম স্মীথের বড় কথা

nation cannot be governed on the maxim of the counter.

বণিকের তুলা দণ্ডে শিক্ষার বিচার হয় না এটা সবচেয়ে বড় কথা। সেজন্য আমি বলবো যেন সেগ্রিগেসনের নীতি কখনও না হয়। আমরা তো অনেক সর্বনাশ করেছি দেশের—কমিউনাল য়্যাওয়ার্ড করেছি, চাকরীর ক্ষেত্রে করছি, আর যেন না করি। শিক্ষা ক্ষেত্রে সকলের অবাধ প্রবেশ থাকবে ছাত্র এবং শিক্ষকের যাকে আমরা বলি কেরিয়ার ওপেন টু ট্যালেণ্টস, এই স্কুলে হবে, কলেজে হবে, শিক্ষকের প্রবেশ হবে। আমি এই নীতি সমর্থন করি এবং মাননীয় শিক্ষা মন্ত্রী তিনি শুনেছি সকলেই বলছেন অবসর গ্রহণ করছেন, যাবার পূর্বে তিনি এই ব্যবস্থা

বলে যান যে যোগ্য শিক্ষক যেখানে পাওয়া যাবে নিয়ে আসবেন—মেয়েদের স্কুলে নিয়ে আসতে পারেন, পুরুষদের স্কুলে নিয়ে আসতে পারবেন, এটা খুব ভাল কাজ করা হবে, বড় কাজ করা হবে, দেশের মঙ্গল হবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ras Behari Pal:

মাননীয় সভাপাল মহাশয়, মনোরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন তাতে দেখা যাচ্ছে যে যথেষ্ট সংখ্যক শিক্ষিকার অভাব, উচ্চ এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিতে যেসকল পুরুষ শিক্ষক নিয়োগ করা হচ্ছে তাঁদের শিক্ষণ ব্যবস্থা করা হোক এবং তাঁদের স্থায়ীভাবে নিয়োগ করা হোক। এই প্রস্তাব আমি কতকগুলি কারণে সমর্থন করতে পারছি না। প্রথম কথা হচ্ছে এই যে আজকে দেখতে পাচ্ছি প্রাথমিক বিদ্যালয়গুলিতে যথেষ্ট সংখ্যক বালিকাদিগকে শিক্ষাদানের ব্যবস্থা করতে হলে অভিভাবকদের কাছে তাঁদের মেয়েদের যাতে প্রাথমিক বিদ্যালয়ে ঠিকমত পাঠাতে পারেন তজ্জন্য একথা আমরা অনুভব করছি যে প্রাথমিক বিদ্যালয়গুলিতে যথেষ্ট সংখ্যক মহিলা শিক্ষক নিয়োগ করা হোক এবং সরকার গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়-গুলির সঙ্গে যথেষ্ট সংখ্যক শিক্ষিকাগণের থাকবার জন্য যাতে বাসস্থানের ব্যবস্থা করা যায় সেই ব্যবস্থা করছেন এবং আমরা এতে দেখতে পাচ্ছি যেসব অঞ্চল শিক্ষায় অনগ্রসর, বিশেষতঃ দারিদ্র অঞ্চল, এমন অনেক অঞ্চল আছে সেখানে প্রাথমিক শিক্ষা অধিকাংশ বালক বালিকা পাচ্ছে না সেই সব জায়গাতে যদি যথেষ্ট সংখ্যক বালিকাকে আনতে হয় তাহলে প্রাথমিক বিদ্যালয়ে এই রকম মহিলা শিক্ষক নিয়োগের আবশ্যকতা আছে। গ্রামাঞ্চলে যে বালিকা বিদ্যালয় আছে সেখানে স্থায়ীভাবে পুরুষ শিক্ষক নিয়োগের দ্বারা স্ত্রীশিক্ষা প্রসারের পরিবর্ত্তে একটা প্রতিকূল আবহাওয়া সৃষ্টি হবে কিনা সেটা আমাদের চিন্তা করে দেখতে হবে। আমার মনে হয় মহিলা শিক্ষিকার যে অভাব অনুভূত হচ্ছে তার কারণ দূর করার দিকে আমাদের অধিকতর মনোযোগ দেয়া উচিৎ। আমরা দেখতে পাচ্ছি গ্রামাঞ্চলে এপর্য্যন্ত ৮ম শ্রেণী পর্য্যন্ত বালিকা-দের বিনা বেতনে পড়াবার ব্যবস্থা ছিল, সহরাঞ্চলেও সেই ব্যবস্থা প্রসারিত হচ্ছে এবং আমার মনে হয় অল্পদিনের মধ্যেই একাদশ শ্রেণী পর্য্যন্ত বালিকাদের সহরে এবং গ্রামাঞ্চলে বিনা বেতনে পড়াবার ব্যবস্থা করা হবে এবং যেসব বালিকা স্নাতক হয়েছে তাদের যদি অনার্স এবং উচ্চশিক্ষার ব্যবস্থা করা যায়, এম-এ, এম-এস-সি শিক্ষার ব্যবস্থা করা যায়, তাদের জন্য যদি অধিক সংখ্যক আসনের ব্যবস্থা করা যায় বিশ্ববিদ্যালয়ে তাহলে অল্পদিনের মধ্যে আমাদের যে শিক্ষিকার অভাব আছে ঐ সমস্যার সমাধান হতে পারে। নতুবা আমরা যদি স্থায়ীভাবে শিক্ষক নিয়োগ করি তাহলে আমাদের স্ত্রী শিক্ষার প্রসারতা মন্দীভূত হবে বলে আমি বিশ্বাস করি।

আমি এবিষয় আর বিশেষ কিছু বলতে চাই না। তবে, একটা কথা বলতে পারি যে সব শিক্ষক স্থায়ী ভাবে আছেন তাদের জন্য শিক্ষণ শিক্ষার ব্যবস্থা করলে কোন ক্ষতি হবে না। কারণ, যখন ঐ বিদ্যালয়ে মহিলা শিক্ষক পাওয়া যাবে, তখন তারা সহজে অন্য বিদ্যালয়ে গিয়ে কাজ করতে পারবেন, এবং শিক্ষণ প্রাপ্ত যারা শিক্ষক তারা বালিকা বিদ্যালয়ে থাকলেও, যতটুকু সময় তাঁরা থাকবেন, যে কয় বছর তারা সেখানে থাকবেন, সেখানে অধিকতর শিক্ষা জ্ঞান অর্জন করার ফলেতে তাঁরা অন্য জায়গায় গিয়ে কাজ করতে পারবেন। এতে আমার অন্য কোন মত নেই, এটা হতে পারে। অর্থাৎ তাদের শিক্ষণ ব্যবস্থা হতে পারে। কিন্তু স্থায়ীভাবে তাদের নিয়োগ করা চলবে না।

Shrimati Labanya Prova Dutt:

মাননীয় পরিষদপাল মহাশয়, শ্রীমনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় যে প্রস্তাব এনেছেন তার বিরুদ্ধে আমি দু-চারটে কথা বলতে চাই। তিনি বলেছেন যে সমস্ত পুরুষ শিক্ষকরা মেয়েদের স্কুলেতে ও হায়ার সেকেণ্ডারী স্কুলেতে শিক্ষকতা করছেন দু-বছর পরে তাদের যেন ট্রেনিং দেওয়া হয়, এবং ট্রেনিং-এর পর, তাদের যেন আবার সেই স্কুলেতেই পার্মানেণ্ট বেসিস-এ নিয়ে নেওয়া হয়। যারা ট্রেনিং পাবেন এবং যারা ট্রেনিং নিয়ে পাশ করবেন, আমারত মনে হয় না সেই সব পুরুষ শিক্ষকদের কোন কাজের অভাব হবে। আমরা দেখছি আমরা যখন মেয়েদের জন্য হায়ার সেকেণ্ডারী স্কুল করছি তখন নিশ্চয় যাদের হাতে এই ভার দেওয়া হচ্ছে তারা বিচক্ষণ-তার সহিত নিশ্চয় বিবেচনা করে দেখেছেন যে কেন মেয়েদের জন্য আলাদা করে হায়ার সেকেণ্ডারী স্কুল করা দরকার! বিদেশেও এই এক্সপেরিমেণ্ট করে দেখা গিয়েছে যে প্রাইমারী স্কুলেতে এবং কলেজগুলিতে যদি ছেলে

ও মেয়েদের এক সংগে লেখাপড়ার ব্যবস্থা করা যেতে পারে এবং তাতে কোন রকম বিপদ দেখা যায় না। কিন্তু এই এডোলেসেন্স পিরিয়ড-এ ছেলে, মেয়ে তারা যদি একত্রিত ভাবে পড়াশুনা না করে, তাদের জন্য যদি আলাদা ব্যবস্থা করা যায়, তাহলে তাদের পক্ষে ভালই হবে। আমরা চাই আমাদের ছেলে, মেয়েরা বলিষ্ঠ ভাবে তাদের চরিত্র গঠন করে, তারা শিক্ষার দিকে পরিপূর্ণ ভাবে মন দিয়ে তারা যেন লেখাপড়া শিখে, তারা যেন সুন্দর ভাবে তাদের ভবিষ্যৎ জীবনে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে। সেইজন্য যখন এই প্রয়োজন আমরা মনে করছি, তখন আমার মনে হয় এই যে সব হায়ার সেকেণ্ডারী ও সেকেণ্ডারী স্কুলেতে মেয়ে টীচার্সরা রয়েছেন —আমার কথা হচ্ছে অনেকেই বলেছেন যে ভাল শিক্ষিকা পাওয়া যায় না। ফিজিক্স, কেমেস্ট্রি ও ম্যাথেমেটিক্স এর জন্য শিক্ষিকা পাওয়া যায় না। কিন্তু একটা জিনিষ ত সুরু করতে হবে আমাদের। হয়ত প্রথম, প্রথম আমরা শিক্ষিকা পাবো না। কিন্তু পরে আমরা দেখবো ঐ যে সমস্ত মেয়েরা আজকালকার দিনে, যারা সাইন্স গ্র্যাজুয়েট হচ্ছেন, যারা অনার্স নিয়ে বা ডিস্টিংসন নিয়ে, ভাল করে কৃতিত্বের সংগে পাশ করছেন, তাঁরা যখন এই সমস্ত সেকেণ্ডারী ও হায়ার সেকেণ্ডারীতে সায়েন্স সাবজেক্টস পড়াতে চাইবেন, তখন তাদেরকে কেন সেখানে শেখাতে দেওয়া হবে না? যোগ্যতার কথা আসে সেখানে তখনই, যখন ছেলে এবং মেয়ে সমান ভাবে পাশ করবে। তাদের সমান অধিকার দেওয়া হয়েছে, তারা যখন ভাল ভাবে স্নাতক হয়ে, তারা যখন বেরিয়ে আসতে পারবেন, তাদের যখন স্কুল কর্তৃপক্ষ নিয়োগ করবেন, তখন ত তাদের যোগ্যতা দেখেই ত তাদের নিয়োগ করবেন। এখানে কথা উঠেছে যে পুরুষ শিক্ষকরা এই সব মেয়েদের স্কুলেতে কাজ করবেন, ভাল কথা। নিশ্চয় তাঁরা যতদিন প্রয়োজন বোধ করবেন, ততদিন করবেন। কিন্তু এমনও দেখা গিয়েছে যে প্রথম, প্রথম যখন মেয়ে ল-ইয়ার ছিল না, যখন কোন মেয়ে ডাক্তার ছিল না, তখন আমরা সব সময় পুরুষদেরও নিয়েছি।

[5-20—5-30 p.m.]

কিন্তু এখন যখন সমান অধিকার পাওয়া গেছে এবং যখন দেখা যাচ্ছে যে মেয়েরা তাদের যোগ্যতা অর্জন করছে তখন এইসব মেয়েরা যদি শিক্ষিকার পদে তাদের যোগ্যতা দেখায়, তাহলে এইসব জায়গায় তাদের নেওয়া হবে না কেন? আর একটা কথা হচ্ছে মেল টীচারদের পার্মানেণ্ট করার কথা বলা হয়েছে। একবার যদি তাদের পার্মানেণ্ট করা যায় তাহলে তাদের ছাড়াবার প্রশ্ন উঠতে পারে না। সেজন্য বলছি পার্মানেণ্ট করবার আগে তাদের যদি আমরা কিছু দিন টেম্পোরারীভাবে রাখি এবং তাঁরা অন্যত্র চেষ্টা করে যেতে পারেন এবং ইতিমধ্যে মেয়েরা যদি শিক্ষা লাভ করে এইসব স্কুলে কাজ করতে পারেন তাহলে কেন তাদের সেই চান্স দেওয়া হবে না সেটা আমি আপনাদের কাছে বলতে চাই। আর এই কথা আমরা বিশ্বাস করব না যে চিরকালের জন্য ফিজিক্স বলুন, কেমেস্ট্রি বলুন, ম্যাথেমেটিক্স বলুন, এরজন্য আমরা মেয়ে টীচার পাবনা। শুধু মেয়েরা হিউম্যানিটিজ পড়াতে পারবে তাই বা কেন হবে? সেজন্য তিনি যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাব সমর্থন করছি না এবং তাদের পার্মানেণ্ট করবার যে কথা বলেছেন সেই বিষয়ে আমাদের চিন্তা করে দেখবার আছে। কারণ, একবার পার্মানেণ্ট করলে আর তাদের কাজ থেকে তাড়াতে পারব না, তখন নানা রকম গোলমাল উপস্থিত হবে। সেজন্য আপনার কাছে অনুরোধ আপনি এটা প্রত্যাহার করুন। আমরা নিশ্চয়ই চেষ্টা করব যতদিন পর্যন্ত মেয়ে স্কুলে হায়ার সেকেণ্ডারী স্কুলে সায়েন্স পড়াবার জন্য মেয়ে টীচার পাব না ততদিন পুরুষদের আমরা গ্রহণ করব। কিন্তু যখন মেয়েরা ধীরে ধীরে এই লাইনে আসবেন তখন তাঁদের যেন এই ক্ষেত্রে নিয়োগ করা হয় এই কথাই আজকে আমি আপনাদের কাছে পেশ করতে চাই।

Shri Krishna Kumar Chatterjee:

সভাপাল মহাশয়, শ্রীমনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় যে প্রস্তাব আমাদের সামনে উপস্থিত করেছেন সেই প্রস্তাবের আমি তীব্র বিরোধিতা করছি। একদিকে শিক্ষক সম্প্রদায়ের যাঁরা বাংলাদেশে খ্যাতি লাভ করেছেন তাঁদের মধ্যে অনেক শ্রদ্ধেয় অধ্যাপক ও শিক্ষক বিরোধী পক্ষ থেকে এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে নানা কথা বলেছেন। তাঁদের কথাগুলি আমরা খুব শ্রদ্ধার সংগে শুনেছি। যদিও আমি নিজে একজন শিক্ষক নয় বটে কিন্তু শিক্ষকের পুত্র বলে দাবি রাখি

এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করবার সুযোগও আমার হয়েছে। ছেলেদের হায়ার সেকে ণ্ডারী স্কুল এবং মেয়েদের সেকেণ্ডারী রেকগনাইজড স্কুল, হায়ার সেকেণ্ডারী স্কুল আ পরিচালনা করতে পেরেছি। আমার প্রতিষ্ঠানটি দেখে আমার মনে একটা সন্দেহ জেগেছে আমার বিরোধী বন্ধুরা যেন মনে না করেন যে আমি কোন ইপ্সিত রচনা করবার জন্য এই ক বলছি। আজকের দিনে যখন মেয়েরা দ্রুত শিক্ষার দিকে এগিয়ে চলেছে এমনকি আমরা অনে মেয়েকে দেখেছি যারা ফিজিক্স কেমিস্ট্রিতে ফার্স্ট হয়েছেন, কেউ সেকেণ্ড হয়েছেন বি-এসসিতে যখন খুব দ্রুত গতিতে তাঁরা বিজ্ঞান, অর্থনীতি, অন্যান্য সমস্ত বিভাগে কৃতিত্বের সঙ্গে শিক্ষ লাভ করছেন তখন কি আমাদের শিক্ষক বন্ধুরা যাঁরা আজকে এই প্রস্তাব আনয়ন করেছে তাঁরা বিচলিত হয়েছেন, একটু ভীত হয়েছেন? এবং ভীত হয়ে আজকে তাঁদের এই পার্মানেণ্ট করবার প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন। এতে পরিষ্কার বোঝা যাচ্ছে যে মেয়েদের শিক্ষ সর্বদিকে এমনভাবে প্রসার লাভ করছে যে এটা আজকে ভেস্টেড ইন্টারেস্টের কাছে কায়েম স্বার্থের কাছে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। আমার নিজের পুত্র সম্প্রতি একটি মহিল কলেজে অধ্যাপক হিসাবে নিযুক্ত হয়েছে। আমি তৎসত্ত্বেও বলছি যে এই প্রস্তাব নীতিগত ভাবে অত্যন্ত অন্যায়।

এই কারণেই আমি নীতিগতভাবে বলছি—এখানে ত্রিপুরারী চক্রবর্তী মহাশয় শ্রদ্ধেয় ব্যক্তি তাঁর অভিমতকে আমি খুব শ্রদ্ধা করি তথাপি আমি একথা বলতে চাই যে এখানে শিক্ষাগত যোগ্যতার বিষয়বস্তু নয় এই প্রস্তাবের। নিশ্চয়ই অনেক কৃতী শিক্ষকের কথা আমরা জানি যাঁদের কাছে দেশ সত্যই ধন্য হয়ে গেছে, শিক্ষাজগতে তাঁদের অবদানের কথা অস্বীকার করা যায় না কিন্তু একথাও স্বীকার করতে হয় যে আমাদের মেয়েদের মধ্যে এমন প্রতিভার বিকাশ আমরা দেখতে পাচ্ছি এবং শিক্ষাজগতে সেই প্রতিভার বিকাশ একটুও ম্লান হয় নি, তাঁরাও কৃতিত্বের সঙ্গে এই দায়িত্ব পালন করতে পারেন একথা আমি বিশ্বাস করি। সেজন্য আমি এই প্রস্তাবের বিরোধিতা করতে দাঁড়িয়েছি। এছাড়াও অনেক সামাজিক এবং নৈতিক প্রশ্ন এর ভেতর আছে। আমি অত্যন্ত আশংকা এবং লজ্জার সঙ্গে একথা বলছি সেগুলি সম্প্রতি সংবাদপত্রে আপনি দেখেছেন যে একটা ৯।১০ বছরের ছেলেকে হত্যা করা হয়েছে, এটা কাগজে বেরিয়েছে এবং তার কারণ অনুসন্ধান করে দেখা গেছে যে সেই ছেলেটা যখন স্কুলে এসেছি সেই সময় দেখা গিয়েছিল একজন পুরুষ শিক্ষক এবং একজন মহিলা শিক্ষকের আচরণ আমি আর বেশী খুলে বলতে চাই না কিন্তু সেই ছেলেটা সেটা দেখে ফেলেছিল ফলে সে শিক্ষক সেই ছেলেটাকে হত্যা করেছেন বলে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এটা মামলায় যাবে কাজেই আমি আর বলতে চাই না সংবাদপত্রে যেটুকু প্রকাশিত হয়েছে সেটুকুর আভাষ মাত্র আমি দিলাম। যেহেতু এই ঘটনা ঘটেছে বা যেহেতু এই ঘটনার মধ্যে সত্যতা আছে সেহেতু আমি একথা বলছি না কিন্তু তবুও বলছি কতকগুলি জিনিষ আমাদের নিশ্চয়ই আজকের দিনে চিন্তা করার প্রয়োজন আছে, বিশেষ করে আমাদের বিরোধীপক্ষের মধ্যে যাঁরা শিক্ষার সঙ্গে সংযুক্ত আছেন তাঁদের কাছে বিশেষ অনুরোধ—তাঁরা আজকে শিক্ষক প্রতিনিধি হিসাবে এখানে এসেছেন একথা স্বীকার করে নেয়া হয়েছে। এবং সেজন্য তাঁদের যে মতামত সেই মতামতকে নিশ্চয়ই আমরা ততটুকুন শ্রদ্ধা দিতে রাজী আছি কিন্তু যখন রাজনীতি তাদের মতামতকে বিষাক্ত করে তুলছে তখন তাদের মতকে আমরা নিতে পারছি না। কাজেই রাজনীতির প্রশ্ন এখানে আছে আজকে সকলেই জানেন যে স্কুলের একটা ভয়ংকর চিন্তার কারণ হয়েছে সম্প্রতি ওয়েষ্ট বেঙ্গল হেডমাষ্টার এ্যাসোসিয়েশন একটা প্রস্তাব গ্রহণ করেছেন, তাঁরা বলেছেন যে রাজনীতির খেলা এসে দেখা দিয়েছে এই ম্যানেজিং কমিটিতে রাজনীতির খেলা হয়েছে বলে তাঁরা আশংকা প্রকাশ করেছেন। আমি সেটা বলতে চাচ্ছি না, আমি বলতে চাচ্ছি আজকে এই যে পুরুষ শিক্ষকের পার্মানেণ্ট করার প্রস্তাব এটা রাজনৈতিক প্রস্তাব। এর মধ্যে একটা কায়েমী স্বার্থকে এই মেয়েদের স্কুলে আসবার প্রচেষ্টা চলেছে বলে আমি এর বিরোধিতা করতে চাচ্ছি। কেননা আজকে দেখুন মেয়েরা যখন বিভিন্ন শিক্ষার দিকে এগিয়ে চলেছেন তখন তাঁরা ঝাঁক ঝাঁকে সকলে সকল দোষ করে বেরিয়ে আসছেন, তাঁরা যদি বোঝেন মেয়েদের স্কুলে পুরুষ শিক্ষক রাখবার বন্দোবস্ত হচ্ছে তাহলে কেন তাঁরা এই শিক্ষার মধ্যে যাবেন? আমাদের একজন মাননীয় সদস্যের কন্যা, তিনি কেমিস্ট্রিতে অনার্স নিয়ে বি-এস-সি পাশ করেছেন কিন্তু তাঁর এম-এস-সি পড়বার উপায় নেই। আমাদের শিক্ষামন্ত্রী অবশ্য উচ্চশিক্ষার প্রসার লাভের জন্য চেষ্টা করছেন কিন্তু আমি জানি ইউনিভার্সিটির দরজায় দরজায় ঘুরে তিনি পড়বার সুযোগ পান নি। আজকে একথা

বলে চলবেনা শিক্ষক ছাড়া শিক্ষামন্ত্রী কি করে পারেন, তাই তাদের পার্মানেণ্ট করে দেয়া উচিৎ —এটা বাস্তব অবস্থার অপব্যাখ্যা বলে আমি মনে করি আজকের দিনে আমরা যদি আরো সুযোগ সুবিধা খুলে দিই, অর্থাৎ মেয়েরা যদি দেখেন যে মেয়েদের স্কুলে তাদের অবাধ স্থিতি লাভের সুযোগ আছে তাহলে নিশ্চয়ই আমাদের মেয়ে শিক্ষকের অভাব দেখা দেবেনা। কিন্তু মেয়েরা যদি দেখেন যে গ্রামাঞ্চলে বা অন্যান্য অঞ্চলে মেয়েদের বাসস্থানের অভাব আছে, সুযোগ সুবিধার অসুবিধা আছে থাকার তাহলে তাঁরা সেখানে যেতে পারবেন না।

[5-30—5-40 p.m.]

এর সঙ্গে সঙ্গে আমাদের যারা শিক্ষার ব্যবস্থা করছেন, শিক্ষার দায়িত্ব যাদের, তারাও দেখেন যে গ্রামাঞ্চলে এবং অন্যান্য অঞ্চলে যেখানে মেয়েদের বাসস্থানের অভাব আছে এবং অন্যান্য অনেক রকম অসুবিধা আছে থাকবার, সেখানে তারা যেতে পারেন না। কিন্তু তার মানে এই নয় যে আজকের দিনে যে সমস্ত পুরুষ শিক্ষকদের মেয়েদের স্কুলে নিয়োগ করা হয়েছে, যেহেতু সেখানে মেয়ে শিক্ষক পাওয়া যায় নি বলে, সেই জন্য তাদের সেখানে পারমানেন্ট ভাবে, কায়েমী ভাবে রাখবার চেষ্টা করা উচিত, এই প্রস্তাবের আমি বিরোধীতা করছি। আপনারা জানেন যে সরকার পক্ষ থেকে এমন কোন নির্দেশ দেওয়া হয়নি যে কাউকে পারমানেন্ট করতে পারবেন না। আমি আজকে বিরোধী পক্ষকে এই প্রশ্ন করতে চাচ্ছি আজকে আমি হলে, অর্থাৎ আমি যদি বিরোধী পক্ষের সদস্য হতাম তাহলে কখনও এই ধরণের প্রস্তাব আনতাম না। কারণ আমি জানি এটা ওপেন রাখা খুব প্রয়োজন আছে। যদি আমরা এটা ওপেন রাখি— এটা আমরা যদি খোলা রাখি, এই প্রস্তাব যদি ভোটে দেওয়া হয়, আমরা যদি এই প্রস্তাবের বিরোধিতা করি, এই প্রস্তাব যদি পাশ না হয়, তাহলে রাস্তা বন্ধ হয়ে যাবে। মনোরঞ্জনবাবুর এই প্রস্তাবটি আনা খুব সমীচীন ও বুদ্ধিমানের কাজ হয়নি। আমরা এর বিরোধিতা করছি এই জন্য যে এটা নীতিগত প্রশ্ন। পশ্চিম বাংলার সরকার যারা পরিচালনা করছেন, তারা নীতিগত ভাবে বিশ্বাস করেন যে মেয়েদের এই অধিকারে হস্তক্ষেপ করা উচিত নয়। কারণ মেয়েদের স্কুলে ছাত্রীদের মনস্তাত্বিক এবং অন্যান্য সমস্ত প্রয়োজনীয় বিষয় মেয়ে শিক্ষিকা যেমন করে বুঝবেন, তা পুরুষ শিক্ষক বুঝবেন না। যেমন শ্রদ্ধেয় ত্রিপুরারীবাবু বলছিলেন যে শিক্ষকের সঙ্গে ছাত্র, ছাত্রীদের মনের সম্বন্ধ এমন ভাবে রচনা হলে, তবে হ্যারোল্ড লাক্‌সির মত শিক্ষক হতে পারে। সেই শিক্ষকই ঐ হ্যারল্ড লাক্‌সির মত হতে পারে, যিনিই এই সাব্‌-জেক্ট-এর সঙ্গে ওতপ্রোতভাবে তাঁর মনের যোগ স্থাপন করতে পারেন। যদি সেখানে বেরিয়ার না থাকে, তবেই সে হতে পারে। যদি একটি ভাল মেয়ে শিক্ষিকা তার ছাত্রীর সঙ্গে তার মনের সম্বন্ধ রচনা করতে পারেন, এবং তার যে ঘনিষ্ঠ সম্বন্ধ ছাত্রীর সঙ্গে হওয়া সম্ভব, তা যতবড়ই উপযুক্ত পুরুষ শিক্ষক হউক না কেন, ছাত্রীর সঙ্গে তাঁর সেই ঘনিষ্ঠ সম্বন্ধ হওয়া সম্ভব, নয়। আমি একথা পরিস্কার করে ঘোষণা করতে দ্বিধাবোধ করছি না। আমি চ্যালেঞ্জ করতে প্রস্তুত আছি। কেননা, আমি জানি মেয়েদের বা ছেলেদের কাছে যারা ছাত্র, ছাত্রী—

Shri Nirmalya Bagchi: It is irrelevant.

Shri Krishna Kumar Chatterjee: It may be irrelevant according to you because it does not suit you.

যাই হোক, সে প্রশ্ন নয়। এই কথা আমি বলতে চাচ্ছি যে হয়ত কয়েকটি আদর্শ শিক্ষক হতে পারে, যারা ঘনিষ্ঠ সম্পর্ক রচনা করতে পারেন ছাত্র, ছাত্রীদের সঙ্গে। কিন্তু সেই আদর্শ শিক্ষকের কথা কয়েক জন মাত্র। একসেপসান্‌স ডু নট প্রুভ দি রুলস। আমি রুলের কথা বলছি। সেটা স্বাভাবিক ভাবে হওয়া সম্ভব নয়। কাজেই আমরা এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করছি। আমরা মনে করি এই কায়েমী স্বার্থ প্রতিষ্ঠা করবার এই প্রচেষ্টায় মেয়েদের বিজ্ঞান এবং অন্যান্য বিভাগে সে বিষয় শিক্ষা প্রাপ্তা শিক্ষিকা কম আছে সেখানে এইরূপ ব্যবস্থা গ্রহণ করলে, আমরা ঐ পথে আরও শিক্ষায় প্রতিবন্ধকতা রচনা করবো। আমরা দেখেছি যখন ইন্‌জিনিয়ারিং শিক্ষা মেয়েদের জন্য খুলে দেওয়া হল, তখন শিবপুর বি. ই. কলেজে স্থানের অভাবে মেয়েরা জায়গা পেল না। কাজেই এ কথা ঠিক নয়। সমস্ত

স্বার্থ যদি উন্মুক্ত থাকে, তাহলে মেয়েরা প্রতিযোগিতার মধ্য দিয়ে, প্রতিভার মধ্য দিয়ে সমস্ত প্রতিবন্ধকতা তারা দূর করতে পারে, এ বিষয় কোনরূপ সন্দেহ নেই। কাজেই এইভাবে প্রস্তাব আনা, আমার মনে হয় যে কোন আতঙ্ক থেকে এনেছেন। হয়ত, তাঁরা মনে করছেন যে একদি মেয়ে শিক্ষিকা এরূপ আকারে দেখা দেবে যে তখন আর সেখানে পুরুষ শিক্ষকের প্রয়োজ হবে না। সেই ক্ষেত্রে, তাদের হয়ত উদ্দেশ্য বিফল হতে পারে, তাই এই প্রস্তাব আনীত হয়েছে আমি এই প্রস্তাবের বিরোধীতা করে, এই প্রস্তাব যাতে প্রত্যাহার করেন, তারজন্য আমি মনে রঞ্জনবাবুকে সনির্বন্ধ অনুরোধ করছি।

Shri Jatin Chakravorty:

মাননীয় সভাপতি মহাশয়, এতক্ষণ ধরে আমি এই বক্তৃতা শুনছিলাম, উভয় পক্ষের, এব ভেবেছিলাম এই সম্পর্কে কিছু বলবো না। কারণ সাধারণতঃ শিক্ষকদের ব্যাপার হলে আমি শত হস্ত দূরে থাকি। ওদিকে লিডার অব দি হাউস আছেন, আমাদের এদিকে উপযুক্ত শিক্ষক প্রতিনিধিরা আছেন। কিন্তু স্যার, এই বক্তৃতা শোনবার পর, একজন ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে আমি দু-চারটে কথা বলতে চাই।

আমি আমার শ্রদ্ধাভাজন, এককালে আমার রাজনৈতিক দাদা, শ্রীকৃষ্ণকুমার চ্যাটার্জি মহা শয়ের বক্তৃতা শুনছিলাম। উনি যে যুক্তিটা দিলেন, সেই যুক্তিটা অদ্ভুত। কোথায় কে এ শিক্ষক এবং শিক্ষিকা তাদের কি অধঃপতন হয়েছে, সেই কুৎসিত চিত্রটা তুলে ধরে উনি এ প্রস্তাবের বিরোধিতা করেছেন, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। স্যার, এইরকম কুৎসি ব্যাপারটাই যদি একমাত্র পুরুষ এবং নারীর অন্যান্য ক্ষেত্রে মিলনের পথে বাধা হয়ে থাকে তাহলে তো স্যার ওঁদের চৌরঙ্গী ভবনের কংগ্রেস সেবাদল রাখার কোন অর্থ হয় না কারণ, আজকে যেখানে পুরুষ এবং নারী একসংগে এগিয়ে চলেছে, বিভিন্ন, বামপন্থী দলে মধ্যে নারী সদস্য রয়েছেন, কংগ্রেসের মধ্যে আছে, এম, এল, সি'র মধ্যে আছে, মন্ত্রীমণ্ডলী মধ্যে আছে এবং কোথায় কখন কি হয়ে যায় তারজন্য আমরা একেবারে ওয়াটার টাইট কমপার্ট মেন্ট রেখে দেব এটা উপযুক্ত যুক্তি নয়। এটা অত্যন্ত বাজে তর্ক। সেজন্য আমি বলছিলা আজকে যখন আমাদের সহ-শিক্ষার প্রথা প্রচলিত হচ্ছে, যখন আমরা একসংগে পুরুষ এব নারী তালে তালে এগিয়ে চলেছি, যখন আজকে আমাদের সমাজের অগ্রগতি হচ্ছে তখ সেইসব জায়গায় আমাদের উপযুক্ত শিক্ষক রাখতে হবে। কৃষ্ণকুমার চ্যাটার্জী মহাশয়ের পু শার্লস স্কুলে চাকরি পেয়েছেন। তাঁর পুত্রের উপর যদি তাঁর আস্থা না থাকে তাহলে তাঁ সরিয়ে দিন। পিতার উপযুক্ত পুত্রের উপর যদি পিতার আস্থা না থাকে তাহলে তাঁকে রাখবে না, পার্মানেন্ট করবেন না। কিন্তু সেটাই কি একটা কারণ হয়ে দাঁড়াতে পারে? যে শিক্ষক ২ বছর কাজ করেছেন তিনি যদি চরিত্রবান এবং আদর্শে বিশ্বাসী হন তাহলে তাঁকে কেন রাখ হবে না? যেহেতু মেয়ে স্কুল, সুতরাং তাঁকে রাখবেন না। কোথায় কোন মন্ত্রী কি করেছে, সুতরা মন্ত্রীমণ্ডলীতে আমি কোন মহিলা সদস্য রাখব না এটা কোন যুক্তি নয়। উপযুক্ত শিক্ষক আদর্শবান শিক্ষক, চরিত্রবান শিক্ষক আমরা চাই। আজকে শিক্ষকের মত শিক্ষক যদি পাই তাহলে তিনি নিশ্চয়ই সেখানে থাকবেন। ত্রিপুরারীবাবুর মত যদি শিক্ষক পাই, আপনাদের মত আদর্শ বান শিক্ষক যদি আমরা পাই তাহলে সেখানে নিশ্চয়ই আপনাদের রাখতে হবে। স্যার, আপনি জানেন যেসব মেয়েরা সেকেন্ডারী স্কুলে পড়ে বা সেকেন্ডারী স্ট্যান্ডার্ডে যারা পড়ে তাদের জন্য অনেক জায়গায় বাড়ীতে প্রাইভেট টিউটর রাখা হয়। এবং সেই প্রাইভেট টিচার হচ্ছে মেল প্রাইভেট টিচার। কোচিং ক্লাসে টিউটর রাখা হয়। কিন্তু তাতে তো সাধারণ ঘটনা ঘটে যেতে পারে এবং সমাজের প্রতি স্তরে এই রকম ঘটনা ঘটছে। তা দিয়ে তো আমি আমার সমাজকে বিচার করব না, মন্ত্রীমণ্ডলীকে বিচার করব না, বিধান পরিষদের সদস্যদের বিচার করব না আমি বিচার করব আমার মানদণ্ড। সাধারণভাবে আমি দেখব যাতে এই রকম ঘটনা কম ঘটে। আর বাধা দিলে যেখানে ঘটবার সেখানে ঘটে যাচ্ছে। গাই বাছুরের ভাব থাকলে সে জংগলে গিয়েও দুধ দেয় এ তো চলতি প্রবাদ আছেই। সুতরাং বাধা দিলেও আপনি আটকাতে পারবেন না। আমি ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে এই প্রস্তাব সমর্থন করছি এইজন্য যে ২ বছর যদি একজন শিক্ষক চাকরি করে থাকেন তাহলে তাঁকে পার্মানেন্ট করা উচিত। এই আমরা ট্রেড ইউনিয়নের দৃষ্টিভংগী দিয়ে দেখছি যে মহিলা স্কুল হলেও একজন শিক্ষক যদি ২ বছর কাজ করে থাকেন তাহলে তাঁকে পার্মানেন্ট করা উচিত। আমি জানি অনেক স্কুলের ম্যানেজিং কমিটি ব্যবসার ক্ষেত্র হিসাবে দাঁড়িয়েছে। কৃষ্ণকুমার চ্যাটার্জী মহাশয় শ্রদ্ধাভাজন ব্যক্তি

তিনি জানেন যে কিরকমভাবে স্কুল পরিচালিত হয়। তিনি জানেন কেমনভাবে স্কুলকে ব্যবসা ক্ষেত্রে পরিণত করা হয়। বহু ক্ষেত্রে তিনি এটা দেখেছেন। এবং সেই সব ক্ষেত্রে শিক্ষকদের এবং শিক্ষিকাদের আমরা জানি বছরের পর বছর পার্মানেন্ট করা হয় না, শোষণ করা হয় এবং তাঁদের যে সমস্ত সুযোগ সুবিধা পাওয়া উচিত সেগুলি দেয় না।

[5-40—5-50 p.m.]

সুতরাং আজকে আমি একথা বলতে চাই যে যদি উপযুক্ত শিক্ষক হয়, যদি সমাজের অন্য স্তরে পুরুষ এবং নারী এর মধ্যে কোন প্রভেদ না করা হয়, আমাদের সংবিধানে যখন পুরুষ এবং নারীকে সমান চক্ষে দেখা হচ্ছে তখন গার্লস স্কুলে পুরুষ রাখতে পারবো না—২ বছর আমরা রাখতে পারছি, ঐ রকম ঘটনা যদি ঘটবার মত হয় তাহলে ২ বছর স্যার, সার্টিফিসেন্ট, উনি যে উর্বর মস্তিষ্কের পরিচয় দিলেন এই যুক্তি দেখিয়ে তাতে ওঁকে চাষ করতে হয় দেখছি স্যার, ২ বছরের মধ্যে সেই ঘটনা ঘটে যেতে পারে। তাই আমার বক্তব্য হচ্ছে ২ বছর হলে তাঁকে পার্মানেন্ট করা হোক এবং যদি তাঁকে সেখানে রাখার পক্ষে অনুপযুক্ত মনে করেন ম্যানেজিং কমিটি তাহলে তাঁকে অলটারনেটিভ এমপ্লয়মেণ্ট দিন। আজকে যেখানে শিক্ষকদের সমস্যা দেখা দিয়েছে, আমরা শিক্ষক পাই না, ২ বছর মেয়েদের স্কুলে শিক্ষকতা করেছি বলে আমাকে পার্মানেন্ট করা হবে না, অলটারনেটিভ এমপ্লয়মেণ্ট দেয়া হবে না এবং আমাকে টেম্পোরারী রেখে ঝুলিয়ে রাখবেন সেটা ঠিক নয়। আমি সব থেকে আশ্চর্য হয়ে গেলাম আমার শ্রদ্ধাভাজন শ্রীমতী লাবণ্য-প্রভা দত্ত মহাশয়া কি করে এই প্রস্তাবের বিরোধিতা করছেন, কারণ আমিতো তাঁকে জানি, তিনি অত্যন্ত প্রগতিশীলা, আমি তাঁকে বহুদিন ধরে দেখেছি। আজকে যেখানে সমাজ এগিয়ে চলেছে, নারী এবং পুরুষ একসংগে এগিয়ে চলেছে সেখানে এই রকম ঊনবিংশ শতাব্দীর সেই গণ্ডীর মধ্যে থেকে এই রকম ক্ষীণ, সংকীর্ণ দৃষ্টিভংগীর পরিচয় আমি ওঁর কাছ থেকে আশা করিনি। সুতরাং আজকে প্রগতিশীলতার যুগে এবং একজন ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে আমি বলবো যে দু বছর শিক্ষকতা করবার পর যদি সেই শিক্ষক উপযুক্ত হন, যদি তিনি আমাদের শ্রদ্ধাভাজন কৃষ্ণকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের পুত্রের মত উপযুক্ত না হন, তাহলে তাঁকে পার্মানেন্ট করা হোক, অলটারনেটিভ চাকরী তাঁকে দেয়া হোক। আমি সর্বান্তঃকরণে এই প্রস্তাব সমর্থন করছি।

Shri Nirmal Chandra Bhattacharyya:

সভাপাল মহাশয়, যে প্রস্তাব শ্রদ্ধেয় মনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় উত্থাপন করেছেন সেই প্রস্তাব নিয়ে এখানে যে ঝটিকার সৃষ্টি হবে আমি তা মনে করিনি কিন্তু দেখতে পাচ্ছি তাই হয়েছে। এই প্রস্তাবের প্রতি সুবিচার করতে হলে কতকগুলি নীতির দিকে আমাদের দৃষ্টিপাত করা প্রয়োজন। প্রথমে আমি সংবিধানের কথা উত্থাপন করবো—আমাদের সংবিধানে ডাইরেক-টিভ প্রিনসিপল অব ষ্টেট পলিসি-তে লিখিত আছে যে যাঁরা মহিলা তাঁদের জীবনে জীবিকার্জনের সুযোগ সুবিধা করে দিতে হবে এবং তাঁদের প্রতি বিশেষভাবে সমস্ত প্রকারের সামাজিক সুবিচারের ব্যবস্থা রাখতে হবে। আজকে আমরা কি দেখতে পাচ্ছি—আমরা দেখতে পাচ্ছি যে মেয়েরা খুব বেশী সংখ্যায় পাশ করছেন, শুধু তাই নয়, কৃতিত্বের সংগে তাঁরা পাশ করছেন এবং আরো দেখতে পাচ্ছি, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, অনেক ছাত্রীরা আমার কাছে আসে, তা থেকে বুঝতে পারি যাঁরা এম, এ বি, এ পাশ করেছেন, অনার্স নিয়ে হন বা পাশকোর্সে হন তাঁরা পরিবার পালনের ভার নিয়েছেন। তাঁদের জীবনের সুযোগ সুবিধা সংকুচিত করা কতদূর সমীচীন সেটা আমাদের বিবেচনা করে দেখা প্রয়োজন। দ্বিতীয় কথা হচ্ছে এই যে বিদ্যালয় স্তরে, বিশেষ করে প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয় স্তরে মেয়েদের শিক্ষাদান করবার একটা বিশেষ পটুতা আছে, এটা সর্বত্র স্বীকৃত হয়ে থাকে সমস্ত দেশে। সেজন্য, নীতিগত হিসাবে আমার মনে হয় যে মেয়েদের কেবল প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্য-মিক বিদ্যালয়ে চাকরীর ব্যবস্থা করা উচিৎ। আর একটা দিকে আমাদের নজর রাখতে হবে—কলংকের কথা বলা হয়েছে, আমি নিজে জানি দক্ষিণ কলিকাতার কতকগুলি স্কুলে, আমার জানা একটা কলেজে পর্যন্ত নানারকম দুর্নাম রটেছে, কারণ ছেলে এবং মেয়ে দুই রকম শিক্ষক সেখানে রয়েছে। এটা অনেক জায়গায় হয় এবং আমাদের শিক্ষা মন্ত্রীমহাশয় বলতে পারেন যে অনেক সময় গভর্ণিং বডির ভেতর গোলযোগের সৃষ্টি হয়েছে এবং সরকারকে পর্যন্ত হস্তক্ষেপ করতে হয়েছে। সব স্কুলেই যে হয় তা আমি বলছি না কিন্তু এরকম যদি পরিস্থিতি

হয় তাহলে সেটা একটা ভাল আদর্শ দেখানো হবে না বলে আমি নিজে মনে করি ছাত্রীদের কাছে।

সেইজন্য সেদিক থেকে সতর্ক হওয়া উচিত। তবে আমার মনে হয় যদি কোন শিক্ষক দীর্ঘকাল কাজ করছেন একটা বিদ্যালয়ে, তাঁকে সেখান থেকে ছাড়িয়ে দেওয়া বোধহয় অন্যায় হবে। হয়ত তিনি দশ বছর কাজ করছেন সেখানে, কিম্বা সাত, আট বছর সেখানে কাজ করছেন, সেক্ষেত্রে নীতিগত হিসাবে তাঁকে বাকী চাকরী সেখানে করতে দেওয়া উচিত বলে আমি মনে করি। কিন্তু এইগুলি হচ্ছে একসেপসনাল। নীতিগত হিসাবে বিদ্যালয়ে এবং প্রাথমিক বিদ্যালয়ে ও মাধ্যমিক বিদ্যালয়ে যাতে করে মেয়েদের বেশী করে নিয়োগ করা যায়—সেদিকে আমি খুব বিশেষ ভাবে জোর দেবো। আজকাল কৃতিত্বের সঙ্গে পাশ করা বহু মেয়ে পাওয়া যাচ্ছে, এইরূপ ক্ষেত্রেতে মেয়েদের সকল প্রকার সুযোগ, সুবিধা দেওয়া উচিত বলে আমি মনে করি। কিন্তু আমি আবার বলি দীর্ঘকাল ধরে যে সকল পুরুষ শিক্ষক কাজ করছেন মেয়েদের স্কুলে, তাদের তাড়িয়ে দেওয়া অত্যন্ত অন্যায় হবে। আমি আশাকরি সরকার তা করবেন না। এটা বিশেষভাবে বিবেচনা করবার জন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, বৈশাখ মাস এখনও দূরে, আজ যে কাল বৈশাখীর ঝড় উঠবে এই সামান্য প্রস্তাবটাকে আশ্রয় করে আমি তা মনে করতে পারিনি। আজকে যে প্রস্তাব শ্রদ্ধেয় মনোরঞ্জনবাবু উপস্থাপিত করেছেন, এই প্রস্তাবটি সম্বন্ধে সমর্থিত ও বিরোধিত হয়েছে। কিন্তু বর্তমানে আমাদের সমস্ত দেশের অবস্থাটা বিবেচনা করা উচিত। ত্রিপুরারী চক্রবর্তী মহাশয়ের উক্তি সম্বন্ধে আমার কোন দ্বিমত নেই। সেটা হচ্ছে যোগ্যতাই প্রকৃত মানদণ্ড হওয়া উচিত, সে বিষয় কাহারও কোন সংশয় থাকতে পারে না—সকলেই স্বীকার করবেন যে যোগ্যতাই শিক্ষার ক্ষেত্রে প্রকৃত মানদণ্ড হওয়া উচিত। কিন্তু দেশের অবস্থা আমাদের একটু বুঝতে হবে। একদিন বটে আমাদের দেশে আমরা মেয়েদের খুব শ্রদ্ধার চোখে দেখে থাকতাম এবং এ কথা অতীব সত্য যে মহাভারত, রামায়ণ শুধু কেন, যদি আমরা বৈদিক যুগে ফিরে যাই, আমরা দেখতে পাবো অনেক সময় মেয়েদের উক্তিকে আমরা খুব সম্মানের সঙ্গে গ্রহণ করে নিয়েছি। আজও চণ্ডীপাঠ করছি। চণ্ডীপাঠ করতে গেলে, অম্ভৃণ ঋষির কথায় বাকের রচিত, দেবীসূক্ত পড়ে তবে চণ্ডীপাঠ করতে হয়, একথা অনেকেই জানেন। কাজেই আমাদের দেশে শিক্ষিত মেয়েরা যে খুব শ্রদ্ধাভাজন, এ বিষয় কোন সন্দেহ নেই। এখন কথা হচ্ছে আমাদের দেশের বর্তমান অবস্থায় বিদ্যালয়ে শিক্ষার ক্ষেত্রে মেয়েদের শিক্ষা যে ছেলেদের থেকে পিছিয়ে আছে, এটা আমাদের স্বীকার করতেই হবে, ইট ইজ এ ফ্যাক্ট। তাই বলে যে মেয়েদের শিক্ষা সম্বন্ধে আমরা উদাসীন হয়ে আছি তাও নয়। নির্মালা বাগচী মহাশয় যেটা বলেছেন, তাতে বোঝায় আমরা এ বিষয় যেন একেবারে উদাসীন হয়ে আছি, এ কথা ঠিক নয়। প্রথম যখন আমরা কার্যভার গ্রহণ করি ১৯৪৮ সালে, তখন এই মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে গার্লস স্কুল ছিল ২৪০টি, আর তাতে ছাত্রীর সংখ্যা ছিল প্রায় ৬৫ হাজার, আর ছেলেদের বিদ্যালয় ছিল ১৬৬৩টি, আর তাতে ছাত্রের সংখ্যা ছিল সাড়ে চার লক্ষের কিছু বেশী। অর্থাৎ ৪ লক্ষ ৫৭ হাজারের মত। আজকে ১৯৬১ সালে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে, সেখানে হয়েছিল আড়াই হাজার প্রায় ছেলেদের স্কুল, আর সাড়ে আট হাজারের উপরে মেয়েদের স্কুল। অর্থাৎ মেয়েদের স্কুলের সংখ্যা এই কয়েক বছরে ১৯৪৮ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে হয়েছে প্রায় চতুর্গুণ।

[5-50—6 p.m.]

অর্থাৎ মেয়েদের স্কুল এই কয়েক বছরে ১৯৪৮ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে বেড়ে হয়েছে চতুর্গুণ, ছেলেদের স্কুল ৩।। গুণের বেশী বাড়েনি। যেখানে ১৯৪৮ সালে মেয়েদের ২৪০টি স্কুল ছিল সেখানে ১৯৬১ সালে ৮৫৯টি হয়েছে। আর ছাত্রীর সংখ্যা ১৯৪৮ সালে ছিল ৬৫ হাজার মাত্র সেখানে ১৯৬১ সালে হয়েছে ২ লক্ষ ৫৫ হাজার ১৯১। ১৯৪৮ সালে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ছেলেদের অনুপাতে মেয়েদের সংখ্যা ছিল ১ জন মেয়ের স্থলে ৭ জন ছেলে, আজকে সেখানে একটি মেয়ের স্থলে ৩ জন বালক। আগে ছিল একের সাত

রা, আর এখন ৪। কাজেই মেয়েদের শিক্ষায় আমরা অগ্রসর যে কিছু হচ্ছি না বা হতে পারছি া এই কথা ঠিক নয়। যেভাবে অগ্রসর হচ্ছি মেয়েদের শিক্ষার ব্যাপারে তাতে এটা প্রমাণিত হয় ব সে বিষয়ে আমরা উদাসীন নই, আমরা বরং এই সম্বন্ধে আরো দৃষ্টি দিচ্ছি। এখন মাধ্য- ক শিক্ষা যা মেয়েরা পাচ্ছে সেটা দুই শ্রেণীর স্কুলে—এক হচ্ছে কো-এডুকেশানাল স্কুলে, ার এক হচ্ছে গার্লস স্কুলে। কো-এডুকেশানাল স্কুলে আজকাল মেয়েরা পড়তে বাধ্য হচ্ছে। ুধু কলকাতা নয়, শহরের বাইরে যেখানে মেয়েদের স্কুল স্থাপিত হয়নি সেখানে ছেলে য়েরা একসংগে পড়ছে এটা অনেকেই জানেন। সেখানেও আমাদের মেয়ে টিচার রাখা হয় বং সেখানে কোন কোন বিষয়ে এ্যাকোমোডেসানের পৃথক ব্যবস্থাও করা হয়। আর হচ্ছে লস স্কুল যেটা মেয়েদেরই স্কুল। আমরা সকলেই জানি যে গ্রামাঞ্চলের লোকেরা মেয়েদের কুলে মেয়েদের পড়ান বেশী পছন্দ করেন এটা অস্বীকার করবার উপায় নেই। এমন কি াথমিক ক্ষেত্রে মাধ্যমিক ক্ষেত্র তো দূরের কথা, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে পর্যন্ত মেয়েদের কুলে আনবার জন্য পৃথক চেষ্টা করতে হচ্ছে। অনেক জায়গায় সেজন্য মেয়েদের স্কুলে শিক্ষ- য়ত্রী নিযুক্ত করতে হচ্ছে। যেখানে শিক্ষয়িত্রী নেই সেখানে গ্রামাঞ্চলে অভিভাবকরা তাদের য়েদের স্কুলে পাঠাতে চান না। এমন কি শিক্ষক এবং শিক্ষয়িত্রী থাকলেও মেয়েদের স্কুলে ানবার জন্য গ্রাম সেবিকার সাহায্য অনেক ক্ষেত্রে আমাদের নিতে হচ্ছে। এটা সত্য কথা যে াথমিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষয়িত্রীর উপযোগীতা ঢের বেশী। নির্মলবাবু যে কথা বলেছেন সই কথাটা সত্য। ইংরাজীতে একটা কথা আছে সেটা হচ্ছে মাদার্স ওয়েতে শিক্ষা দেওয়া। কছুদিন পূর্বে আমার মনে আছে ডাঃ জ্ঞান ঘোষ যখন জীবিত ছিলেন তখন তিনি দিল্লী থেকে আমার কাছে একটা চিঠি দিয়েছিলেন। ডাঃ পেনিফিল্ড বলে কানাডা থেকে একজন বিশেষজ্ঞ এসেছিলেন শিক্ষা সম্বন্ধে ভাষণ দেবার জন্য। ডঃ পেনিফিল্ড দিল্লীতে কতকগুলি লেকচার দিয়েছিলেন, সেই লেকচারের কপিগুলি ডঃ জ্ঞান ঘোষ মশাই আমার কাছে পাঠিয়ে দেন। তাতে আমি দেখলাম ডঃ পেনিফিল্ড বলছেন এই কথা যে ভাষা শিক্ষার দিক থেকে ইন দি মাদার্স ওয়েতে শিক্ষা দেওয়াটাই দরকার। ধরুণ, আমাদের বাড়ীতে ছোট ছোট শিশুরা মায়ের সংগে কথা কয়ে কয়ে ভাষা শেখে। অথচ তাদের কম্পোজিসান ভুল হয় না। কোন ছোট শিশু এই কথা বলে না যে আমি খেয়েছে, বলে আমি খেয়েছি। এই যে শিক্ষা লাভটা হয় সেটা হয় মায়ের মুখ থেকে, সেটা বর্ণ পরিচয় থেকে হয় না। এটা কেমন করে হয়, না, এটা মাদার্স ওয়েতে শিক্ষা পেয়ে হয়। এইজন্য প্রাথমিক স্কুলে শিক্ষয়িত্রীর খুব বেশী প্রয়োজন আছে মাদার্স ওয়েতে শিক্ষা দেবার জন্য।

স্যার, পি. কে. সেন একদিক থেকে এদের প্রশ্রয় দিচ্ছে। স্যার, এম. সি. সর্বাধিকারী, পুলিস ম্যাজিস্ট্রেট শিয়ালদা, তিনিও আজ দাক্ষিণ্য দেখাচ্ছেন। রোজ স্যার, আখতার হোসেনের বাড়ী থেকে যে কোন ফাংসান হউক মোগলাই খানা যাচ্ছে আমাদের পুলিস কমিশনার-এর বাড়ীতে। কে কে নিয়ে যায় তাও আপনাকে বলছি, পটলা বলে একজন কনষ্টেবল আছে, শান্তিরাম হালদার বলে একজন কনস্টেবল আছে ঐ স্পেশাল কনস্টেবল সেকসান লিডার আরেক দিকে মধুচক্রের আরেক মধুকর হলেন শ্রী এম সি সর্বাধিকারী, পি. কে. সেন-এর জন্য পুলিস ওঁর গায়ে হাত দিতে সাহস করে না। আর এম. সি. সর্বাধিকারী রোজ রোজ সন্ধ্যাবেলা গাড়ীতে করে ঐ মধুচক্রে আসে। সেখানে ভাগের বন্দোবস্তও আছে। এদের বাঁচিয়ে রেখেছে—টাকা পয়সা কিভাবে দেওয়া নেওয়া হয় তা শুনুন। শেয়ালদহ কোর্টে যান স্যার, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি আখতার হোসেন যে কোন আসামী ঘরে বসে থাকবে—হাজির হতে হবে না কোর্ট-এ এমন কি মার্ডার চার্জ হলেও সে বেল পেয়ে যাবে। এই ভাবে টাকা পয়সার লেনদেন চলছে। এবং টাকা উপায়ের আর একজন সাহায্যকারী ঐ মধুচক্রের আরেক মধুকর। তার নাম হচ্ছে বি. ডি. ব্যানার্জী, সার্টিফিকেট অফিসার আলিপুরের। রোজ ইনিও এখানে মধু খেতে আসেন। আগে ফুড ডিপার্টমেণ্ট-এ ছিলেন, প্রমোসন-এর পি. সি. সেন জানেন অন্ততঃ ১০০ বার ১০০টা দরখাস্ত করেছেন। বেশ ভাল জায়গায় আছেন আলিপুর-এ সার্টিফিকেট অফিসার আখতার হোসেনের সাথে যোগসাজসে লক্ষ লক্ষ টাকা সার্টিফিকেট কেস-এর মারফৎ আজকে আদায় করে চলেছেন। ভাগাভাগি চলছে। এবং ঐ বি. ডি. ব্যানার্জী ক্যামাক ষ্ট্রীটে এখন ২॥ লাখ টাকা খরচ করে বাড়ী করেছেন। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই কলকাতায় পাক গুপ্তচরদের ঘাঁটী যদি বন্ধ করতে হয় দুইজন সালাউদ্দীনকে ধরে হবে না। তার প্রমাণ—আজকে এদের ধরুন ট্রানসমিটার বেরুবে, আই এ এফ প্লেন ক্রাস-এর তদন্ত হবে এবং তার সূত্র তারা পেয়ে যাবে। স্যার, এই সঙ্গে আশ্চর্যের কথা হচ্ছে—আমি অনেকবার এখানে বলেছি—বলেছি যে কোন কেন্দ্রীয় মন্ত্রী এবং পুলিস কমিসনার যিনি আগে ছিলেন তাকে সরিয়ে এই পি. কে. সেনকে বসাবার জন্য চেষ্টা করেছিলেন। সে কথা স্যার সত্যি—আমি সে দিন দিল্লী থেকে ঘুরে এলাম, আমি সেখান থেকে একটা দলিল জোগাড় করে এনেছি। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি, সেই কেন্দ্রীয় মন্ত্রী হুমায়ুণ কবির সাহেবের কথা আমি বলেছিলেম যে তিনি সমর্থন করেন এই এবং তিনি প্রধান মন্ত্রীর কাছে একটা রিপোর্ট দাখিল করেন। সেই রিপোর্ট-এর মধ্যে এই কথা আছে যদি সত্যি না হয় আমি তার জন্য যে কোন শাস্তি পেতে রাজী থাকব। তাতে তিনি বলছেন

Chief Minister himself told me that he had sensed the trouble as early as 8th January and on the 10th January he had asked the Commissioner of Police to take storing preventive action. For some strange reasons the Police Commissioner did not take this action. This inefficiency on the part of the Police Commissioner affected the morale of the service and the result was that during the first 24 hours of the riots the Police was almost completely ineffective. The importance of an effective head was clearly seen when the Police Commissioner was removed and a new Commissioner appointed. Within a few hours several miscreants were rounded up and the whole tone of the Police changed

স্যার হোল টোন অব দি পুলিস যা চেঞ্জ করেছে এই স্টেটসম্যান এডিটরিয়াল লিখে সেটা বলেছে। যখন পাকিস্তান গুপ্তচর চক্রের ইঙ্গিতে কলেজে মিশনারী স্কুলগুলিতে যখন দাঙ্গা হাঙ্গামা চলছিল সেই সময় তারা এক্সপেরিমেণ্ট করছিল। এবং তারা কটাক্ষ করেছেন

এর যে কর্মতৎপরতা সেই সম্পর্কে। যার সম্পর্কে আমাদের এই কেন্দ্রীয় মন্ত্রিমহাশয় তিনি অনেক সার্টিফিকেট দিয়েছেন। আমি আগেই বলেছিলাম যে যোগাযোগ আছে এই পুলিস কমিশনারকে এখানে বসানর ব্যাপারে। এবং এই রিপোর্টের মধ্যে এও আমরা দেখেছি যে বাংলাদেশের সংবাদপত্র সম্পর্কে অনেক কথা আছে, দুটো কাগজ, সেই কাগজ বুঝবে তাদের কথা। কিন্তু অবস্থা কি দেখুন—

Some of the Bengali newspapers in particular Ananda Bazar and the Jugabani, have been carrying persistent campaign for raising communal passion.

কিন্তু স্যার, জিজ্ঞাসা করতে পারি কি কলকাতায় যে উর্দু সংবাদপত্রগুলি সাম্প্রদায়িকতার বিষ ছড়াচ্ছে, পযগম যে বিষ ছড়াচ্ছে তাদের সম্পর্কে তো একটা কথা তিনি উল্লেখ করেন নি? শুধু তাই নয়, বামপন্থী সম্পর্কে অত্যন্ত প্রগতিশীল বলে তাঁকে মনে করা হয়, কি কথা তিনি লিখেছেন সেটাও পড়ে দেওয়া দরকার—

Another factor responsible for the riots was the machination of political interests which went to discredit the Congress. In particular there has been attack on P. C. Sen, Chief Minister of West Bengal. This attempt to discredit the Government politically became evident some months ago. The first issue chosen was a demand to reduce the price of articles.

বামপন্থীরা খাদ্যের আন্দোলন করছে, দর কমাবার চেষ্টা করছে এবং তার জন্য আমি বলছি যে বামপন্থীরা নাকি কংগ্রেসকে ডিসক্রেডিট করবার জন্য দাঙ্গা বাধিয়েছে। আমার শেষ কথা, এই চিঠির মধ্যে আছে যে তিনি কাউকে বাদ দেন নি—চীনপন্থী অনেকে আছে যারা তখন ধরা পড়েছিল তাদের সম্বন্ধেও কটাক্ষ আছে। আমাদের এখানকার বহু সদস্য বিনা বিচারে গ্রেপ্তার হয়েছিল, ঐ হাউসের বহু লোক বিনা বিচারে গ্রেপ্তার হয়েছিল, তাদের বিরুদ্ধে একটা অভিযোগ ছিল তাদের সম্পর্কেও কটাক্ষ আছে যে

There may be other factors as well and it is possible that some treacherous elements in sympathy with China attacked on the factories which were supplying the defence forces, indicates this possibility and it should be investigated carefully.

স্যার, এদেরই আশীর্বাদ নিয়ে আমাদের পুলিস কমিশনার বসে আছে। মুখ্যমন্ত্রী আজকে তাঁকে আশীর্বাদ করছেন এবং এঁদের প্রশ্রয়ে পুষ্ট হয়ে ঐ ম্যাজিস্ট্রেটের প্রশ্রয়ে পুষ্ট হয়ে পাকিস্তানের গুপ্তচর চক্র চলছে, ট্রান্সমিটার ব্যবহার করা হচ্ছে এবং তারাই যোগাযোগ করে আজকে আই এ এফ আমার যে বিমান আজকে তারই দুর্ঘটনা ঘটাতে বন্দোবস্ত করেছে। এর কি কোন প্রতিকার আজকে এখানে হবে না? সেই প্রতিকার আমি দাবি করি এবং সরকারকে কঠোরভাবে ব্যবস্থা অবলম্বন করে দাঙ্গাকারী এই সমস্ত পাকিস্তানী চক্রকে এখান থেকে কলকাতা থেকে নিশ্চিহ্ন করে দেওয়ার জন্য আমি বার বার আবেদন জানাচ্ছি। এবং আমি বলছি যারা পাকিস্তানকে সাহায্য করে, হিন্দু মুসলমানের প্রশ্ন নেই, পি. কে সেনের মত লোক আজকে তাদের প্রশ্রয় দেয়, এম. সি. সর্বাধিকারীর মত লোক যিনি গুরুত্বপূর্ণ পদে বসে আছেন, তিনি তাঁদের সমর্থন দিয়ে থাকেন। সুতরাং তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয় মঞ্জুরী বিল আমাদের সামনে এনেছেন সেই বিলের বিরোধিতা করবার জন্য আমি এখানে দাঁড়িয়েছি। বিরোধিতা করছি এই জন্য যে ১৮ মাস আগে পশ্চিমবাংলার সাধারণ মানুষ এই মন্ত্রী মণ্ডলীকে এবং এই মুখ্যমন্ত্রীকে নিজেরা স্বেচ্ছায় যে অধিকার দিয়েছিল আপতকালীন জরুরী অবস্থার ভেতর দিয়ে সেই অধিকার কিভাবে অপপ্রয়োগ করা হয়েছে তার নজীর ইতিহাসে নেই। একটা জাতীয় জাগরণকে কি রকম করে দিনের পর দিন একটা জাতীয় অবমাননার পর্যবসিত করা যায় তার সাক্ষী আমাদের পশ্চিমবঙ্গ সরকার। স্যার, জরুরী অবস্থায় আমরা রাজ্য সরকারের কাছ থেকে আশা করেছিলাম যে দেশরক্ষার প্রথম এবং প্রধান কাজ হিসাবে সাধারণ মানুষের নিয়ন্ত্রিত মূল্যে খাদ্যদ্রব্য মিলবে।

5-25—5-35 p.m.]

কিন্তু স্যার, আপনি জানেন যে গত অক্টোবর মাসে নিয়ন্ত্রিত মূল্য তো দূরের কথা এখানে একটা ফেমিন কণ্ডিসন সৃষ্টি হয়েছিল এবং আমি এখানে দাঁড়িয়ে সেদিন পশ্চিমবাংলার খাদ্য নীতি সম্বন্ধে বলেছিলাম এবং বিশেষ করে আমি মুখ্যমন্ত্রীকে দায়ী করেছিলাম—সেই অভিযোগের আমি পুনরাবৃত্তি করছি। স্যার, দ্বিতীয় কাজ হল যে যুদ্ধকালীন অবস্থায় সাধারণ মানুষ ষ্টেট গভর্নমেণ্টের কাছ থেকে যে আশা করে সে হচ্ছে প্রাইস লাইন বেঁধে দেয়া। স্যার, আপনি জানেন আমাদের সরকার কিভাবে প্রাইস লাইন বেঁধেছেন তার নজির আমি আপনার সামনে রাখছি। কালকের আমার একটা প্রশ্নের লিখিত জবাবে মুখ্যমন্ত্রী জানিয়েছেন—আমি সামান্য কয়েকটা কথা আপনার সামনে তুলছি যে অত্যাবশ্যকীয় যে সকল জিনিস তা কিরকমভাবে এক বছরে বেড়েছে। সুগার এক বছরে বেড়েছে ৮·৭, গুড় বেড়েছে ৯৫·৪, কেরোসিন বেড়েছে ৩১·৮, ওয়াশিং সোপ বেড়েছে ৭·৫, মুসুর ডাল বেড়েছে ১১·৮, মুগডাল ২৪·৭, অরহর ১৫·৭, মোটর ডাল বেড়েছে ৩০·৩, এবং চাল বেড়েছে, গত বছর ফেব্রুয়ারী মাসে ছিল ১১৭·৫ সেটা এখন ১১৯·৫ দাঁড়িয়েছে। এই যে নিত্য প্রয়োজনীয় দ্রব্য, এর যদি প্রাইস লাইন বাঁধা না হয়, এ যদি দিনের পর দিন স্কাই স্টারে উঠতে থাকে তাহলে দেশ-রক্ষার কাজ হচ্ছে একথা বলা যায় না। তারপরে অস্বাভাবিক প্রতিরক্ষা সিভিল ডিফেন্সের কি কাজ হয়েছে সে সম্পর্কে আমরা এখানে বহু অভিযোগ করেছি। এখানে সিভিল ডিফেন্সের প্রতি যেরকম অবহেলা বা এই সাবজেক্টের উপর যতটা অবহেলা করা হয়েছে তার আর কখনও হয়নি এবং তার ফল আমরা কি দেখেছি, আমরা দেখেছি একটা যুদ্ধরত দেশ তার সিভিল ডিফেন্স অর্গানাইজেসান রেখেছে; অথচ জানুয়ারী মাসে এখানে যখন তিন দিনের হাঙ্গামা হল এবং ৫টা থানায় যখন সেই হাঙ্গামা সীমাবদ্ধ ছিল তখন সমস্ত কোলকাতার নাগরিক জীবন বিপর্যস্ত হয়েছিল, হাট-বাজার ট্রামবাস বন্ধ হয়েছিল। এমন কি বাইনার্স বিল্ডিংসে পর্যন্ত আসা যাওয়া বন্ধ হয়েছিল, বর্পোরেশন সার্ভিসেস বন্ধ হয়েছিল। তাহলে সিভিল ডিফেন্সের যে সংগঠন সেটা কি হল? ১৯৬২ সালের অক্টোবর মাসে যখন অতর্কিত ভাবে চীন আক্রমণ করলো তখন যদি সিভিল ডিফেন্স অর্গানাইজেসন না থাকতো তাহলে আমরা কিছু মনে করতাম না কিন্তু ১৫ মাস সিভিল ডিফেন্স অর্গানাইজেসন থাকা সত্ত্বেও তারপরে যদি কোলকাতায় সিভিল ডিফেন্স অর্গানাইজেসন বলে কিছু না থাকে বা সম্পূর্ণভাবে সেটা ব্রেকডাউন করে তাহলে সরকারের উপর সে দায়িত্ব ন্যস্ত রয়েছে, সরকারের হাতে ইমার্জেন্সীর যে সমস্ত পাওয়ার তুলে দেয়া হয়েছে—তার সম্বন্ধে ধিক্কার ছাড়া আর কি দেয়া যায়। স্যার, তারপরে অন্তর্ঘাতী ষড়যন্ত্রের কথা এখানে বিশেষ করে যতীনবাবু উল্লেখ করেছেন, আমি তার পুনরাবৃত্তি করতে চাই না, তবে একটা কথা আমি বলছি যে এটা সর্বভারতীয় ক্ষেত্রে প্রযোজ্য কিন্তু একথা তো আজ স্বীকার করা হয়েছে যে শুধু এয়ার ক্র্যাসের মাধ্যমে আমাদের ৩৭ জন অফিসার প্রাণ হারিয়েছেন, যুদ্ধে হয়ত ৩৭ জন এয়ার ফোর্স অফিসার প্রাণ হারাতেন না কিন্তু শুধু এয়ার ক্র্যাসের ভেতর দিয়া ৩৭ জন প্রাণ হারিয়েছেন। এখানে নিশ্চয়ই স্যাবটেজ হয়েছে এটাই আমি আপনার মাধ্যমে সরকারের কাছে রাখছি। তারপরে ইমার্জেন্সীকে কিভাবে ব্যবহার করা হয়েছে—দলগত স্বার্থে ব্যবহার করা হয়েছে, সমস্ত পোষ্টিং অর্গানাইজেশানকে দখল করার চেষ্টা হয়েছে। লিবারেটী অর্গানাইজেসানকে দখল করার চেষ্টা হয়েছে। এমন কি থিংকারদের পর্যন্ত প্রভাবান্বিত করার চেষ্টা হয়েছে। অধ্যক্ষ মহাশয়, আপনি বিদগ্ধ মানুষ, আপনি কি কখনও শুনেছেন রোমা রোলা বা রবীন্দ্রনাথের মত লোককে বক্তৃতা দিয়ে বা পাম্প করে চিন্তাশীল করা যায় কিন্তু পশ্চিম বাংলায় সেই অ্যাটেম্পট হয়েছে, তার কারণ সরকারী শাসনযন্ত্র হাতে রয়েছে, অতএব থিংকার সৃষ্টি করার জন্য এখানে এই ধরণের প্রচেষ্টা হয়েছে।

স্যার, আজ দলীয় দুর্নীতি কোথায় দাঁড়িয়েছে? দলীয় দুর্নীতি দাঁড়িয়েছে রিলিফ বণ্টনের ব্যাপারে। আপদকালীন অবস্থার কথা এখানে তুলছি না। কিন্তু পাকিস্তান থেকে যখন মানুষ দলে দলে চলে আসতে সুরু করলো, তখন ভারত সেবাশ্রম সংঘ থেকে সেবার কাজ চালান হয়। স্যার, আপনি জানেন ভারত সেবাশ্রম সঙ্ঘ, একটি সেবা প্রতিষ্ঠান। একজন ভদ্রলোক তাদের একটি বাড়ী ছেড়ে দেয় এই কারণে, যে বিনা ভাড়ায় সেখানে থেকে তারা সেবার কাজ করবেন। কিন্তু আমাদের এখানকার ত্রাণ মন্ত্রী একেবারে বাজপক্ষীর মত সেখানে

গিয়ে তাঁকে আক্রমণ করলো, বললেন কেন সে বিনা ভাড়ায় ঐ বাড়ীটি ভারত সেবা সঙ্ঘকে দিলেন? কেন সেই বাড়ী কংগ্রেসকে দেওয়া হল না?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনাকে এই কথা জানাচ্ছি যে ত্রাণ হচ্ছেন ত্রাণের জন্য, তিনি আর্তের ত্রাণ করবেন। কিন্তু তিনি তা না করে, যেখা সেবা প্রতিষ্ঠান সেবা কাজ করছে, সেখানেতে তিনি প্রতিদ্বন্দ্বিতা করতে দাঁড়িয়েছেন। তি আপত্তি তুলেছেন সেই বাড়ীটি ভারত সেবাশ্রম সঙ্ঘকে দেওয়াতে, তিনি বলছেন কংগ্রে প্রতিষ্ঠানকে সেটি কেন দেওয়া হল না?

স্যার, আর একটি কথা বলবো আজ পার্টি এবং অর্গ্যানাইজেসান কি অবস্থায় দাঁড়িয়ে —এই দুটা মিলে সরকারী যন্ত্রের যে কুশাসন বা তার যে দুর্নীতি তা পার্টিকে প্রভাবান্বি করছে। পার্টির যে দুর্নীতি তা সরকারী যন্ত্রকে সংক্রামিত করছে। এই রকম এক অবস্থা দাঁড়িয়েছে। আমি তাঁদের এ্যাপীল করবো, জগন্নাথ বাবু এখানে উপস্থিত আছে আমি তাঁর কাছে এ্যাপিল করবো যে তাঁরা এটা বন্ধ করুন। বাঁকুড়াতে ২৫শে কি ২৬ এপ্রিল তারিখে পশ্চিমবঙ্গ কংগ্রেসের প্রাদেশিক সম্মেলন হতে যাচ্ছে। আমি আপন কছে জানাচ্ছি সেই প্রাদেশিক সম্মেলনের ডেলিগেট ক্যাম্প হিসাবে ব্যবহার করবার জ ওখানে ৫০০ বেড এর যে একটা হাসপাতাল তৈরী হয়েছে, সেটা নেওয়া হয়েছে। এ হাসপাতালটি এক মাস আগে তৈরী হয়ে, রুগীদের ব্যবহারের জন্য রেডি হয়ে আছে কিন্তু সেই হাসপাতালটি এখনও পর্যন্ত সাবমিট করা হয়নি মেডিকেল ডিপার্টমেণ্টের কা যেখানে কংগ্রেসের যে কনফারেন্স হবে, তার ডেলিগেটরা সেখানে থাকবেন বলে স বন্দোবস্ত হয়েছে। সেই কনফারেন্স শেষ হয়ে যাবার পর, মে কি জুন মাসে ঐ হাসপাতাল সমর্পণ করা হবে মেডিকেল ডিপার্টমেণ্টের কাছে। এটা কি দুর্নীতি নয়? একে দুর্নী ছাড়া আর কি বলবো? সরকারের পি. ডব্লিউ. ডি. বা খগেন বাবুর ডিপার্টমেণ্ট বাড়ী তৈরী করেছে, সেই বাড়ী আজ ব্যবহৃত হবে কংগ্রেস পার্টির প্রভিনসিয়াল পলিটিক্যা কনফারেন্স এর জন্য। স্যার, এ থেকে বেশ স্পষ্ট বোঝায় যে কংগ্রেস পার্টি তার দলগ উদ্দেশ্য সিদ্ধির জন্য এই সব করছেন। এটা কি নীতির দিক থেকে অন্যায় নয় (এ ভয়েস—এতে লাভ করবেন।) এটা লাভ করবার প্রশ্ন নয়। আজ যদি কংগ্রেস পার্টি এটা দেওয়া হয়, তাহলে অন্যান্য পার্টিরা যদি চায়, তখন কি আপনারা সেই বাড়ী তাদের ভাড়া হিসাবে দেবেন? আমি বলছি সেই বাড়ীটি সরকার ডেলিবারেটলি আট রাখছেন, তাঁর নিজের কাজের জন্য, কংগ্রেস পার্টির দলগত উদ্দেশ্য সিদ্ধির জন্য। জনসাধারণের সুবিধার্থে সেই বাড়ীটি ব্যবহৃত হতে পারবে না, যতক্ষণে পর্যন্ত না এ কনফারেন্স শেষ হচ্ছে।

স্যার, দলীয় চক্রান্ত কি রকম ভাবে ধর্মাধিকরণকে বিপণ্ন করে বা বিপর্যস্ত কর তা আমি বলবো। বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। এখানে সিরাজুদ্দিনের কে জজ বা ম্যাজিষ্ট্রেট কেন বদল হল? কারণ, যে বিজয় নন্দ পট্টনায়ক এবং বীরেন্দ্র মিত্রে প্রভাবে এখানকার মুখ্যমন্ত্রী প্রভাবান্বিত হয়ে তাঁকে বদল করা হয়েছিল। এই হচ্ছে আজকে অবস্থা, এই হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের স্বরূপ। স্যার, আমি আপনাকে জিজ্ঞাসা করি আজকে আমরা কি অবস্থায় এসে দাঁড়িয়েছি। আজ আমরা এমন একটা অবস্থায় এ দাঁড়িয়েছি, যে মুখ্যমন্ত্রীর এক, একটা অদ্ভুৎ কাজে, আমাদের বিপণ্ন করে তুলেছে। আ মুখ্য মন্ত্রী মহাশয় যেন একটা ফুটবল খেলার আম্পায়ার হয়ে বসেছেন। মুখ্যমন্ত্রী একটি স্টেটমেণ্ট দিলেন যে পশ্চিমবঙ্গে যে দাঙ্গা হয়েছে, তা রিফিউজিরা করেছে। এই রক কথা তিনি বলেছেন এবং প্রদেশ কংগ্রেসের অতুল্য ঘোষ মহাশয়ও বলেছেন। কারণ যে রিফিউজিদের পশ্চিম বঙ্গে রাখা উচিত নয়, যদি থাকে তাহলে তারা এখানে দুর্ঘটনা ঘটাতে পারে, অতএব ভারতবর্ষের অন্যত্র তাদের সরিয়ে দাও। কিন্তু আমি জিজ্ঞাসা করি জামসেদপুরে বা রুরকেল্লায় বা রায়গড়ে যারা রায়ট করেছে তারা কারা? তারাত বাঙ্গালী ও নয়, রিফিউজিও নয়। অতএব মুখ্যমন্ত্রী মহাশয় যে খিওরি ফরমুলেট করলেন, যে অসত্য ভাষণ করলেন, তা প্রমান হয়ে গেল, তাঁর মুখের উপরই বিহার এব উড়িষ্যার মানুষরা এটা ছুড়ে মেরে দিয়েছেন।

[5-35—5-45 p.m.]

কিন্তু সেদিন যখন কমিউনিস্ট পার্টি স্পোকসম্যান বললেন যে ওখানে মুশলমাননিধন হয়েছে ঠিকই। কিন্তু তার প্রতিক্রিয়া পাকিস্তানে কি হতে পারে সে সম্বন্ধে তিনি কথা বলার পরে মুখ্যমন্ত্রীকে যে ব্রিজ থ্রো করেছিলেন সেই ব্রিজ থেকে মুখ্যমন্ত্রী পেরিয়ে এলেন। তিনিও বললেন হাঁ৷ পাকিস্তানে এর সাংঘাতিক প্রতিক্রিয়া হবে। কিন্তু আজ আমি জিজ্ঞাসা করি যে মুখ্যমন্ত্রীর মত মানুষ যদি বলেন যে বেলঘরিয়ায় যে ঘটনা হয়েছে সেই ঘটনা পাকিস্তানে দারুণ প্রতিক্রিয়া হবে এবং তা যদি পাকিস্তান রেডিও বলে। এবং আজ যদি মুখ্যমন্ত্রী সেখানে থেকে রিগ্‌ল আউট করতে চান যদি দুটি ইউনিয়ন কম্যুনিস্ট ইউনিয়ন ও কংগ্রেস ইউনিয়নের ঝগড়া তাহলে সেদিনকার সেটেলমেণ্ট-এর সঙ্গে আর আজকের রিগল আউটের যে ব্যবস্থা তার কোথায় মিল রইলো স্যার? এই হচ্ছে আমার মুখ্যমন্ত্রী সম্বন্ধে অভিযোগ, আজ কোথায় আমরা এসে দাঁড়িয়েছি আজ একটা সাংঘাতিক অবাবস্থার ভিতর দিয়ে যাচ্ছি আমরা। স্যার আপনি জানেন আমাদের যে ইণ্টারন্যাল সিস্টেম সে ভেঙ্গে যাওয়ার মত আজকে অবস্থা। আমরা যেন একটা ভলক্যানোর সামনে এসে দাঁড়িয়েছি। আজ সরকারের উপরে আমি এখানে যারা মন্ত্রীমণ্ডলীর ভিতর রয়েছেন তাদের আমি ইনকগনিসিও যেতে বলি যে দেখুন তারা সরকারের পক্ষে কতগুলো লোক বলে। কংগ্রেস পার্টি ১৯৬২ সাল ভোট পেয়েছে তাদের মিসরুল কবার কনসটিটিউশান্যাল রাইটকে আমি অধিকার করি না। কারণ সে রাইট তাদের রয়েছে। কিন্তু তা সত্বেও আমি জিজ্ঞাসা করি যে এই দুবছরের ভিতরে কতটা পরিবর্তন হয়েছে। জিজ্ঞাসা করুন যে সাধারণ মানুষের বিশ্বাস তাদের রয়েছে কিনা? জিজ্ঞাসা করুন যে সরকারী কর্মচারীদের বিশ্বাস এই সরকারের উপরে রয়েছে কিনা? পুলিসী জুলুম এমন একটা জায়গায় এসেছে সে কথা বলে বোঝানো যায় না। আজ যেন মনে হয় পুলিস মন্ত্রী কথা অনুযায়ী চলেন না, মনে হয় সরকারের কোন নীতি নেই। আমি হাবড়ার কথা আবার তুলি। হাবড়াতে একটা উদ্বাস্তু সম্মেলন হল, সেই উদ্বাস্তু সম্মেলনে যারা খুব পরিচিত মানুষ তারা গেলেন যেমন পরিচিত সাংবাদিক, পরিচিত রাজনৈতিক কর্মী সমাজ সেবী তারা সকলে গেলেন কিন্তু সেই সম্মেলনকে ভেঙ্গে দেওয়া হল। সম্মেলনের ওখানে ১৪৪ ধারা জারী করে ভিতরে যে ক্লোজড ডোর মিটিং সেই মিটিং ভেঙ্গে দেওয়া হল। মেয়েদের চুল ধরে টেনে বের করে দেওয়া হল। সেখানে একজন বিশিষ্ট সাংবাদিককে গ্রেপ্তার করা হল, যুগান্তর পত্রিকার ফটোগ্রাফারকে এ্যারেস্ট করা হল। কিন্তু আমি জিজ্ঞাসা করি যারা এই ধরণের আইনসঙ্গতভাবে ১৪৪ ধারাকে মেনে নিয়ে তারা যে ক্লোজড ডোর মিটিং করতে যাচ্ছিল সেখানেও তারা অত্যাচার করেছে। কিন্তু হাবড়াতে যখন সুভাষবাদী জনতা আজ সেখানে পাবলিক মিটিং করে বলে যে এখানে পশ্চিমবাংলা সরকার নাই—এখানে আজাদ হিন্দ সরকার প্রতিষ্ঠা হয়েছে এই যে সামনে দাঁড়িয়ে রয়েছে প্রফুল্ল সেন—কুকুর এদের আমরা মানি না। আমি জিজ্ঞাসা করি এই ধরণের কথা এই ধরণের দম্ভউক্তি যারা করেন সেখানে আচরণের ভিতরে তারতম্য দেখা দিচ্ছে কেন? হয় এই সুভাষবাদী জনতা তারা যে কাজ গুলি করছে সে কাজগুলির সরকারের সমর্থন রয়েছে, তাকে তারা লেলিয়ে দিচ্ছেন অথবা এদের দমন করতে তারা অক্ষম। এখানে আমি আরেকবার যখন হাবড়াতে বোধ হয় আনন্দবাজার কাগজ তারা পুড়িয়ে দিয়েছিল বলে অভিযোগ করেছিলাম। তখন এখান থেকে বলা হয়েছে যে আমরা সে সম্বন্ধে কিছুই জানি না। কিন্তু এখানে আনন্দবাজার কাগজের অফিস আক্রমণ করেছিল তখন কোথায় ছিল পুলিস। এখানে দাঁড়িয়ে যখন যতীন বাবু প্রশ্ন তুলেছিলেন মুখ্যমন্ত্রী তার জবাবে বলেছিলেন যে এটা একটা ল এ্যাণ্ড অর্ডারএর যদি প্রশ্ন হয় তাহলে আমি দেখব। কিন্তু তার পরে ৬ মাস চলে গেল। স্যার, আজ ছাত্রদের ভিতরে অসন্তোষ শ্রমিকদের ভিতরে অসন্তোষ, শিক্ষকদের ভিতরে অসন্তোষ রয়েছে—এমনি একটা জায়গায় এসে দাঁড়িয়েছি যে সব দিকে অসন্তোষ। একটা হিংসায় উন্মত্ত কুইমেট চারিদিকে গড়ে উঠেছে। আজ এমন একটা জায়গায় আমরা এসে দাঁড়িয়েছি। আমাদের এই অব্যবস্থার জন্য যে মন্ত্রী সভা দায়ী সেই মন্ত্রী সভার যে বিল আমাদের সামনে এসেছে তাঁদের সেই এ্যাপ্রোপ্রিয়েসান বিলকে আমি স্বীকার করতে পারছি না। আর একটা কথা বলে আমি আসন গ্রহণ করব সেটা হচ্ছে সংসদীয় গণতন্ত্র সম্বন্ধে যার উপর ডেমোক্র্যাসি দাঁড়িয়ে থাকে। এ একটা ফিটিশ, যেমন কুমোর তার প্রতিমা গড়ে তুলে

সেই প্রতিমা যখন মন্ত্রপুতঃ হয় তখন সে তার কাছে বর চায়। আমাদের এই সংসদীয় গণতন্ত্র পার্লামেণ্টারী ডেমোক্র্যাসিও এই ধরণের একটা ফিটিশ। স্পীকারের উপর সম্মান দেখান উচিত। কিন্তু আজ অত্যন্ত লজ্জার কথা যে মুখ্যমন্ত্রী বা বিজয় সিং নাহারের মত মন্ত্রী স্পীকারের সঙ্গে, আমি সেদিন ওখানে বসেছিলাম, যে দুর্ব্যবহার করেছেন তা অত্যন্ত পরিতাপের বিষয় এবং আমি এতে মনে করি যে সংসদীয় গণতন্ত্রের উপর মানুষের বিশ্বাস কমিয়ে দিলেন।

Mr. Chairman: You should not make any reference to the Speaker of the other House.

The Hon'ble Jogannath Kolay: Reference to the Speaker should be expunged.

Shri Narendra Nath Das:

তারপর স্যার, আমরা গান্ধীজীর কাছ থেকে হরতালের কথা শুনেছি বা শিখেছি। যখন জালিয়ানওয়ালাবাগের উপর হরতাল হল তখন এটাকে একটা সলেম ডে হিসাবে গ্রহণ করা হয়েছিল। আজ এখানে একটা খাওয়ার আনন্দ উৎসব হয়েছে। আনন্দ উৎসব হয়েছে এইজন্য যে মুখ্যমন্ত্রী যখন মাংস বিতরণ করতে যান তখন এটা বোঝা যাচ্ছে যে এটা সলেম ডে নয়, এটা শোক দিবস নয়, এটা আনন্দ দিবস। এটা যখন পুরাতন কংগ্রেস কর্মী করেন তখন লজ্জায় মাথা নত হয়ে যায়। আজ আমি আবার বলছি যে তাদের কনস্টিটিউসন্যাল রাইট রয়েছে টু মিসরুল এবং আমাদের মোরাল রাইট রয়েছে টু বিজেক্ট দ্যাট মিসরুল। যদিও আমার কনস্টিটিউসন্যাল রাইট নেই কিন্তু রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Gopal Halder :

শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, আজকে এই অর্থ মঞ্জুরী বিলের আলোচনায় যোগদান করতে গিয়ে স্বভাবতঃই আমি সঙ্কুচিত এবং দ্বিধাগ্রস্ত হচ্ছি। কারণ, অনেক দিন আমি দেশে ছিলাম না। তা ছাড়াও এমন উত্তপ্ত আবহাওয়ার মধ্যে আলোচনা চলছে যেখানে আরো উত্তাপ সঞ্চারিত না করাই ভাল, আর যেন বিপদ না ঘটাই সেজন্য সাবধান থাকতে চাই। আমার নতুন কোন স্ক্যাণ্ডেলএর কথা নতুন করে উৎথাপন করার নেই কোন গোপন তথ্যও আমি ফাঁস করতে পারব না। শুধু সাধারণভাবে এই বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে সরকারের কাছে আপনার মাধ্যমে কতগুলি কথা নিবেদন করতে চাই এবং আমি আশা করব তাঁরা সে সম্বন্ধে অবহিত হবেন। আমি যাবার সময় দেখে গিয়েছিলাম যে দেশের মধ্যে একটা বিপুল উদ্দীপনা এসেছে। সেই উদ্দীপনা ক্রমশঃ কোন সুপথ না পেয়ে আস্তে আস্তে স্তিমিত হয়ে আসছে। তখনই হরত প্রমাদ গুণেছিলাম যে ভাল লক্ষণ নয়। এবারে আমি আমার নিজের কথাটা একটু বলি। বিদেশে থাকতে যা অনুভব করেছিলাম সেটা হচ্ছে গত ১৩ই জানুয়ারী আমি লেলিনগ্রাদ থেকে প্রত্যাবর্তন করার পথে দেশের দিকে ফিরতে থাকি। ১২ তারিখে সন্ধ্যা বেলায় আমার প্রতিবেশী একটি রুশ যুবক, তিনি সেখানকার ইতিহাসের শিক্ষক, আমাকে বললেন মিঃ হালদার, ভেরি ব্যাড নিউজ ফর ইউ, বি বি সি কাল সন্ধ্যায় জানিয়েছে যে কলকাতা শহরে হিন্দু মুসলমানের মধ্যে বিরাট সংঘর্ষ চলেছে এবং সেখানে মাশাল ল জারি হয়েছে। ১৯৪৬ সালেও আমরা মাশাল ল দেখিনি। কাজেই আমি বিশেষভাবে চমকিত হলাম এবং অত্যন্ত শংকিত হলাম। তাঁকে আমি জিজ্ঞাসা করলাম তোমাদের রেডিওর কোন খবর আছে? তিনি বললেন সাধারণতঃ পাকিস্তান হোক আর আমাদের ভারতবর্ষই হোক সেখানকার হিন্দু মুসলমানের দাঙ্গা সম্পর্কিত কোন ব্যাপার আমাদের দেশের লোকের কাছে আমাদের সরকার পরিবেশিত করতে চান না। কারণ, তাতে দেশের লোকের মনে ভারতবর্ষ এবং ভারতবর্ষের লোকের সম্বন্ধে একটু শ্রদ্ধার অভাব ঘটতে পারে। তারপর ১৩ তারিখে আমি মস্কো এলাম। সেখানে আমার দেশীয় বন্ধুদের সঙ্গে সাক্ষাত হল, এবং রুশীয় বন্ধুদের সঙ্গেও সাক্ষাত হল।

[5-45—5-55 p.m.]

এবং তাদের থেকে আমি কিছু কিছু দেশীয় কাগজ অমৃতবাজার প্রভৃতি দেখার সৌভাগ্য লাভ করেছিলাম এবং তাতে করে জানতে পারলাম যে কোলকাতায় অনেকগুলি ভাল ভাল জায়গায় কারফিউ রয়েছে। মিলিটারী রয়েছে এবং হয়ত অনেক রকম গোলযোগ রয়েছে কিন্তু সেই সংগে আমি যা জানতে পারলাম তা হচ্ছে আমাকে জিজ্ঞাসা করলেন রুশ বন্ধুরা, হয়ত পাকিস্তানের রেডিও কোট করে তাঁরা বলছেন যে পশ্চিমের রেডিও বলছে

one-third of Calcutta has been burnt down

এবং one lakh of Muslims have been killed in Calcutta

আমি বিশেষ রকমের শঙ্কিত হলাম এবং আমার বুঝতে দেরী হল না যে এটা অত্যন্ত পরিকল্পিত এবং বিকৃত খবর কিন্তু তখনও পর্যন্ত অন্য কোনরকম সংবাদ সংগ্রহ করার আমার সামর্থ ছিল না। সেখান থেকে আমি বার্লিনে এসে শুনলাম যে ১৫ দিন যাবৎ ওয়েস্ট জার্মাণীর রেডিও, টেলিভিশান দেখানো হচ্ছে কোলকাতায় বাড়ী ঘর পুড়ছে এবং তাতে বলা হচ্ছে সিস্টার তেরেসায় যে লেপার এ্যাসাইলাম রোগীদের জন্য আশ্রয় তৈরী করা যাচ্ছিল ক্যালকাটা কর্পোরেশন তা বন্ধ করে দিচ্ছে এই রকম প্রচার ১৫ দিন যাবৎ ওয়েস্ট জার্মাণী রেডিও করে যাচ্ছে বোনে এবং টেলিভিশানে সেই সব বার্ণিং-এর দৃশ্য দেখানো হচ্ছে। এর পরে আমি লণ্ডনে গিয়ে শুনলাম, আমার ভারতীয় বন্ধুরা বল্লেন যে আমরা শেষ পর্যন্ত হাই কমিশনারের অফিসে গিয়ে প্রতিবাদ করতে বাধ্য হয়েছিলাম। আমার ভারতীয় বন্ধুরা বল্লেন যে ১৫ দিন যাবৎ বি বি সিতে শুধু একথা জানা যাচ্ছে যে কোলকাতায়, পশ্চিমবাংলায় একটা বড় রকমের নিধন যজ্ঞ চলেছে এবং স্বভাবতঃই সেই নিধনে বলি হচ্ছে সাধারণভাবে সংখ্যালঘু সম্প্রদায়। ১৫ দিন যাবৎ এই প্রচার চলেছে, অবশ্য ভাগ্যক্রমে ঠিক তখনই ভারতবর্ষ এবং পাকিস্তানের অধিবাসীরা একত্র হয়ে একটি সভা লণ্ডন শহরে আহ্বান করেছিলেন এই দাঙ্গাহাঙ্গামার ব্যাপারে এবং গোলযোগের প্রতিবাদে এবং এ্যাক্সিডেণ্টালী আমাকে সেই সভায় সভাপতি হতে হয়। সেই সভায় ভারতবাসী যাঁরা ছিলেন তারাও বক্তৃতা করেন এবং পাকিস্তানীরাও বক্তৃতাও করেন সেই বক্তৃতায় প্রথম আমি জানতে পারি আমার পাকিস্তানী বন্ধুদের মুখে যে তাঁদের বন্ধুরা পূর্ববাংলায় সংখ্যালঘু সম্প্রদায়ের জীবন রক্ষার জন্য আমীর হোসেন প্রভৃতি তাঁদের বন্ধুরা যাঁরা এক সময়ে লণ্ডনে ছিলেন, তাঁরা কিভাবে জীবন দান করেছেন। ক্ষোভের সংগে দুঃখের সংগে অভিমানের সংগে এবং লজ্জার সংগে আমার পূর্ব বাংলার পাকিস্তানী বন্ধুরা যে ভাষণ দেন সেই ভাষণে বিস্মিত হলাম। তাঁদের সংগে আলাপে বুঝতে পারলাম যে ব্যাপারটা কতখানি পর্যন্ত গড়িয়েছে। মস্কোতে আমি শুনতে পেলাম যে খুলনা থেকে এই দাঙ্গা সুরু কিন্তু আমার পাকিস্তানী বন্ধুরা আমাকে জানালেন যে সমগ্র পূর্ব পাকিস্তানে এই দাঙ্গা বিস্তৃত হয়ে পড়েছে এবং সেখানে সংখ্যালঘুদের রক্ষার জন্য পূর্ব পাকিস্তানের বন্ধুরা জীবন বিপন্ন করেও অনেক কিছু করবার চেষ্টা করেছেন। ক্ষোভের সংগে তাঁরা বল্লেন যে আয়ুবশাহীর বিরুদ্ধে আমাদের সংগ্রাম। বারবার যদি সেই সংগ্রাম বিপর্যস্ত হয়ে যায় তাহলে আমরা কি করে দাঁড়াবো? পাকিস্তানে হত্যাকাণ্ড বেশী হয়েছে। সেজন্য আমাদের পশ্চিমবাংলায় হত্যাকাণ্ড করবার অধিকার আছে এটা কিন্তু আমার বক্তব্য নয়। বরং আমার বক্তব্য হচ্ছে এই যে পশ্চিমবাংলার একটিও যদি সংখ্যালঘু সম্প্রদায়ের লোক উপদ্রুত হয়ে থাকেন, একজনও যদি নিহত হয়ে থাকেন তাহলে আমাদের পক্ষে লজ্জার কথা শোকের কথা, এবং মর্মদাহ উৎপাদনের কথা—আমার মনে হয় কোন ভারতবাসী বোধ হয় এবিষয়ে দ্বিমত হবেন না। আমার বক্তব্য হচ্ছে, সমস্ত পশ্চিম ইউরোপ ব্যাপী আমাদের ভারতবর্ষের বিরুদ্ধে যেভাবে প্রচার হয়েছে এই দাঙ্গাকে কেন্দ্র করে, ভারতবর্ষের জীবনযাত্রা, ভারতবর্ষের রাজনীতি, ভারতবর্ষের আদর্শ সমস্ত কিছুকে বিকৃত করে দেখাবার যে চেষ্টা চলেছে তার বিরুদ্ধে কি আমাদের সরকারের কোন কিছু করার নেই। একমাত্র আমি লণ্ডন ত্যাগ করবার পূর্বমুহূর্তে শুনলাম যে বি বি সি রেডিও হতে আমাদের হাই কমিশনারের কথাতে বলতে বাধ্য হয়েছে সে ঢাকাতে দাঙ্গাহাঙ্গামা এবং অনেক রকম দুর্ঘটনা ঘটছে। যাহোক আমার বক্তব্য এইসব বিদেশী সংবাদ যাঁরা সরবরাহ করেন তাঁরা অনেকেই কোলকাতায় থাকেন এবং এই বি বি সি বা ওয়েস্ট জার্মাণ টেলিভিসন বা রেডিও তাদের যাঁরা সংবাদ সরবরাহ করে

যান, চিত্র সরবরাহ করে যান, কোলকাতার জন্য চিত্র সেখানে দেখানো হয়েছে। বি বি সি টেলিভিসনে ব্যাকগ্রাউণ্ড চিত্র হিসাবে এই সমস্ত কোলকাতার রিপোর্ট দেয়া হয়েছিল—এই সব চিত্র লণ্ডনে দেখানো হয়েছে। এই সব চিত্র যাঁরা সংগ্রহ করে যান, এসব সংবাদ যারা কোলকাতা থেকে সংগ্রহ করেন আমাদের সরকার কি তাঁদের বিরুদ্ধে কিছুই করতে পারেন না? অন্য দেশে আমি জানি যে এই রকম সাংবাদিকদের দেশ থেকে বিতাড়িত করা হয় পার্সোনালী ননগ্রাটা বলে বিতাড়িত করা হয়। আমাদের সরকার কি এ বিষয়ে অবহিত আছেন বা একটু চিন্তা করে দেখেছেন যে কি করে এই রকম কোলকাতার সংবাদ অতিরঞ্জিত হয়ে বিকৃত হয়ে বিষোদ্‌গারিত হয়ে অন্যান্য দেশের কাছে পরিবেশিত হচ্ছে, যার দ্বারা আমাদের মানসম্ভ্রম শুধু নয়, আমাদের আদর্শ পর্যন্ত ভূলুণ্ঠিত হয়ে যাচ্ছে।

আমি জানি আমরা আমাদের দেশের মধ্যে গর্হিত কাজ না করলে এমন সুযোগ তাঁরা পেতেন না। কিন্তু, তথাপি আমাদের সরকারের ত একটা কর্তব্য আছে, তাঁদের ত দেখার প্রয়োজন আছে,—এই সঙ্গে সঙ্গে আমার বলার প্রয়োজন যে আমাদের সরকারের এই প্রচারের ও প্রকাশের দিকটা যেটা বিদেশে গিয়ে প্রচারিত হচ্ছে, প্রকাশিত হচ্ছে, তা যেমন তাঁদের দেখা প্রয়োজন,—শুধু মাত্র কেন্দ্রীয় সরকারের উপর ভার অর্পণ করে থাকা উচিত নয়, তেমনি আমাদের দেশের মধ্যেও কি প্রকাশিত হচ্ছে, কি প্রচারিত হচ্ছে, সেটাও তাদের দেখা দরকার।

আজ অত্যন্ত ভয়ানক অবস্থার কথা, আমার বন্ধুরা বলেছেন, আমি আর তার মধ্যে বিশেষণ যোগ করে কঠিন করে দেখাতে চাই না। সত্যিই আজ দেশের লোক বিভ্রান্ত বলে আমার মনে হয়। কেউ জানে না যে কোন দিকে, কোন বিষয়, কোন মিথ্যার মধ্যে তিনি জড়িত হয়ে পড়ছেন। এমন সময় যদি সত্যিই আমরা আমাদের রাষ্ট্রকে রক্ষা করতে চাই, এবং আমাদের আদর্শকে রক্ষা করতে চাই, আমাদের ডেমক্রেসির যে আদর্শ, তাকে রক্ষা করতে চাই, তাহলে আমাদের প্রয়োজন অত্যন্ত গভীর দৃষ্টির সঙ্গে দেখা যে কোথায় কোন কাজে ত্রুটিগুলির অভাব এখনও থেকে যাচ্ছে।

হঠাৎ কোনখানে, কোন জায়গায়—হজরতবল মসজিদে একটা ঘটনা ঘটলো বা খুলনায় তার প্রতিক্রিয়া স্বরূপ একটা ঘটনা ঘটলো, এবং তার সঙ্গে সঙ্গে চারিদিকে যে হত্যাকাণ্ড সংঘটিত হয়ে যাবে, অত্যাচার চলবে—এই যদি চলে তার কারণটা কি? কারণটা এই যে তার পূর্ব মুহূর্ত পর্যন্ত সারা দেশের মধ্যে এমন সব কথাবার্তা প্রচারিত হয়ে দেশের আবহাওয়া তৈরী হয়ে থাকে, যার দ্বারা দুর্বৃত্তরা এই রকম সব কাজ করবার জন্য প্রশ্রয় লাভ করে থাকে, বা সুযোগ লাভ করে থাকে, আমার তাই বক্তব্য, আজ আমাদের সংবাদপত্রে যেরূপ সংবাদ পরিবেশিত হয়, তার প্রতি কি আপনারা নজর রাখেন? আপনারা কি লক্ষ্য রাখেন যে কি ভাবে সংবাদপত্রগুলি পরিচালিত হচ্ছে? আমি অবশ্য সংবাদপত্রের স্বাধীনতার পক্ষপাতী, একথা আমি বারবার বলি। যদিও আমি সাংবাদিক হিসাবে জানি যে আমাদের এখানে সংবাদপত্রের স্বাধীনতার অর্থ হচ্ছে—এই সব দেশের সংবাদপত্রের মালিকের স্বাধীনতা, এটা সাংবাদিকের স্বাধীনতা নয়, দেশের জনসাধারণের স্বাধীনতা নয়, এবং যেটা সত্য, তা জানবারও দেশের লোকের স্বাধীনতা নেই। তথাপি আমি বলবো, সংবাদপত্রের উপর যে সরকার হস্তক্ষেপ করবেন, তা আমি চাই না। কিন্তু এমন কি, আপনারা করতে পারেন না, যে একটি কমিটি নিযুক্ত করুন, যে কমিটি হয়ত আপনারা এখানকার সভ্যদের নিয়ে গঠন করতে পারেন, যাঁরা দেখবেন যে দেশের মধ্যে যাতে সত্যি, সত্যি সংবাদপত্রের মারফৎ কিম্বা অন্যান্য প্রচারের যে সব যন্ত্র আছে, তার মারফৎ কোন রকম অন্যায় আবহাওয়া সৃষ্টি হতে না পারে, যাতে আবহাওয়া বিষাক্ত হয়ে উঠতে না পারে, সেদিকে তাঁরা সব সময় দৃষ্টি রাখবেন। আমার বিশেষ করে একথা বলবার কারণ এই—গত সপ্তাহের একটা সাপ্তাহিক পত্রে একটা গল্প বা একটা ধারাবাহিক উপন্যাসের এই জিনিষটুকু আমি পাঠ করলাম। আমি কারও নাম বলবো না। কারণ আমি কারও বিরুদ্ধে প্রচার করতে চাই না। লেখকের নামও বলবো না। তিনি হয়ত সুলেখক হতে পারেন, তা আমি স্বীকার করি, এবং সাহিত্য যে সাহিত্যই এটাও আমি স্বীকার করি। কিন্তু তাতে যখন দেখান হয় যে একজন নিষ্ঠাবান হিন্দু ব্রাহ্মণকে মোল্লাচক বা মোল্লাদহ নাকি একটি গ্রামে মুসলমানরা তাকে জোর

করে ধরে তার মুখে গরুর মাংস পুরে দিয়ে, তার পেতে ছিঁড়ে দিয়ে, এবং নানা রকম ভাবে তাকে বিপর্যস্ত করে তাকে হেনস্থা করা হচ্ছে, তখন এ থেকে দেশবাসীর মনে কি ভাবধারা উপস্থিত হতে পারে, সে কথা আপনারা একবার চিন্তা করে দেখুন। এই রকম সব গল্পের মাধ্যমে যদি এই রকম ধরণের দৃষ্টান্ত পরিবেশন করা হয়, তাহলে কি মনোভাব দেশের মধ্যে সৃষ্টি হতে পারে? সে বিষয় আপনারা কি অবহিত হবেন না? কোন্ বারুদের সামনে দাঁড়িয়ে আমরা আগুণের ফুলকি নিয়ে খেলা করছি, তা কি আপনারা বুঝতে পারেন না? সে বিষয় আপনারা কি অবহিত হবেন না? আমার এই শুধু বক্তব্য যে এটা অত্যন্ত কঠিন কাজ, অত্যন্ত দুর্দৈব কাজ, কোন দেশ, কোন দল, সে কংগ্রেস দলই শুধু নয়, কোন দলই টিকবে কিনা সন্দেহ, এমন কাল সমাগত হচ্ছে। আজ সেই দৃষ্টি কোণ সম্মুখে রেখে, আমি গভর্নমেণ্টের কাছে আবেদন করবো আপনারা দেশের আবহাওয়া পরিবর্তনের জন্য বিদেশে কি প্রচারিত হচ্ছে এবং স্বদেশে কি প্রচারিত হচ্ছে সে সম্বন্ধে অবহিত থাকুন। সমস্ত দেশের দলকে একত্রিত করে, সুষ্ঠু সংলোককে একত্রিত করে আপনারা চেষ্টা করুন যাতে আজকে এদেশে সত্যি সত্যি আমাদের যে আদর্শ, তা রক্ষিত হতে পারে। এবং যাতে আমাদের সেকুলার রাষ্ট্রের আদর্শও সম্মান রক্ষিত হতে পারে, তার জন্য আপনারা চেষ্টা করুন। ডেমোক্রেসির আদর্শ আমাদের রাষ্ট্রে যা স্থাপিত হয়েছে, তা যেন ধ্বংস হয়ে না যায়, তা যেন বিপর্যস্ত হয়ে না যায়। এই রকম অবস্থা যেন দিনের পর দিন এখানে সৃষ্টি না হয়, সেটা আপনারা দেখবেন। এই আলোচনা উপলক্ষে, আপনাদের কাছে শুধু এইটুকুই নিবেদন করতে এসেছি, কাউকে সমালোচনা করবার জন্য নয়।

[5-55—6-5 p.m.]

Shri Janaki Ballabha Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে এই বিল সম্বন্ধে কতকগুলি প্রয়োজনীয় জিনিষ বলতে চাই। আপনার ২ নম্বর আইটেম-এ রয়েছে ৫ কোটি টাকার উপর জমিদারী এ্যাবোলিসান-এর ফলে খেসারত দেবার ব্যবস্থা হয়েছে। কিন্তু এই বিভাগের কাজ যে শম্বুক-গতিতে হচ্ছে তা আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি। সুতরাং এ সম্বন্ধে আমি সরকারকে বিশেষ অবহিত হবার জন্য বলছি। জমিদারী খেসারতী যে দেওয়া হচ্ছে তার সম্বন্ধে যারা পরিচালনা করছেন, তারা এত ধীরে ধীরে পরিচালনা করছেন যে তাতে তারা অনেকেই জীবদ্দশায় খেসারত পাবেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। অথচ এত টাকার কেন ব্যবস্থা করা হচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে পুলিসের সম্বন্ধে, যেটা হচ্ছে প্রায় ১১ কোটি টাকার মত দেওয়া হচ্ছে, আমি পুলিসের কার্যকলাপ আমার ওখানে যা দেখি, চোর ধরতে পারে না, খুনী আসামী ধরতে পারে না। তারা ঘুষ খায়, ঘুষ খেয়ে খুনী আসামীকে খালাস দেবার চেষ্টা করে। এবং চোখের সামনে দিনের বেলায় চুরী হচ্ছে তাও সেখানে তারা ধরতে পারে না। অথচ পুলিসের প্রশংসায় পঞ্চমুখ আমাদের সরকার। তারপরে আমার তৃতীয় কথা হচ্ছে এডুকেশন সম্বন্ধে। আমি দেখছি এডুকেশন—এর জন্য ২৩ কোটি টাকার উপরে দেওয়া আছে। কিন্তু চারদিকে শিক্ষক-দের যে আন্দোলন হচ্ছে এবং প্রথম যেটা আমি দেখতে পাচ্ছি যে এডুকেশন—এর জন্য যে খরচ হচ্ছে—এই বারে হায়ার সেকেণ্ডারীতে রবীন্দ্রনাথের "তোতাপাখী" পাঠ্যের মধ্যে আছে। সেই তোতাপাখীই পোষা হচ্ছে। বড় বড় সোনার খাঁচা তৈরী করা হয়েছে এবং সেইটা দেখান হচ্ছে। চারদিকে মামার দল তার প্রশংসা করছেন আর ছেলেদের এমন বই-এর চাপ দেওয়া হয়েছে তাদের কাগজ গেলান ছাড়া আর কোন কাজ নাই। সুতরাং তাদের এই ভবিষ্যৎ দৃষ্টি যেটা সেটা আমার প্রফেটিক দৃষ্টি বলেই আমার মনে হচ্ছে—তারা তোতা পাখী পুষছেন, এবং মন্ত্রীরা তাদের প্রশংসা শুনে বেশ আনন্দ অনুভব করছেন। পাবলিক হেলথ-এ মেডিক্যাল-এ যে সমস্ত খরচ হচ্ছে—আমি জিজ্ঞাসা করতে চাই যে সরকারী যত হাসপাতাল আছে সেখানে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়েছে কি না? আমি আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি এবং আমি নিজে গিয়ে সমস্ত ঘুরে খবর নিয়ে দেখেছি যে সেখানে কোন হাসপাতালে প্রয়োজনীয় ঔষধ এবং যন্ত্রপাতি

নাই। মফঃস্বলের সরকারী হাসপাতালগুলির কথা বলছি। আমি বলছি শ্রীরামপুরের হাসপাতাল, চুঁচুড়ার হাসপাতাল—এই রকম হাসপাতালে প্রয়োজনীয় ঔষধ তাঁরা পান না। অথচ এঁরা বলছেন যে আমরা খুব উন্নতি করেছি, চিকিৎসার সুব্যবস্থা করেছি। কিন্তু হাসপাতালে রোগীর সংখ্যা কত তা তারা খবর নেন কি? আজকে দেখা যায় যেখানে ৭০টি বেড সেখানে ১৭০টি রোগী পড়ে আছে। অধিকাংশের কোন বেড-এর ব্যবস্থা নাই। যারা অত্যন্ত সদয় চিকিৎসক তারা রোগীদের হাসপাতালে নেন—এই ভাবে নরক গুলজার করে হাসপাতালগুলি রয়েছে।

তার পরে আমি এগ্রিকালচার সম্বন্ধে কিছু বলতে চাই। টাকা অনেক দেওয়া হয়েছে। কিন্তু এগ্রিকালচার—এর যেটা প্রথম কথা সেটাই আমি বলতে চাই। চেষ্টার বাল্‌স্ যে বই যে মেকিং অফ এ জাস্ট সোসাইটি তাতেই বলছেন যে আগে জমি ভাল করে ভাগ না দেওয়া হয়। প্রত্যেক চাষীকে অন্ততঃ এভারেজ ও 'একরস—জমি না দেওয়া হয় তাহলে পরে কোন কালে এগ্রিকালচার উন্নত করা যাবে না। সেটা জাপানের দৃষ্টান্ত দিয়ে তিনি দেখিয়েছেন। জাপান কতবার চেষ্টা করেছে যাতে চাষের উন্নতি হয় কিন্তু তারা পারে নি। পরে যখন তার ল্যাণ্ড ডিস্ট্রিবিউশান ভাল হয়, জমি সম্যকভাবে ভাগ করে দিতে পারল তখনই সেটা সম্ভবপর হয়েছে। সেই কথাটার প্রতি আমি তাদের বিশেষকরে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটা বিশেষ জিনিস বলতে চাই সেটা হচ্ছে হুগলী মহসীন কলেজের প্রিন্সিপ্যাল যে নীতি আরম্ভ করেছেন তাতে ছাত্রদের বধ করবার জন্য আমার মনে হয় আর পুলিস অফিসারের দরকার নেই। একজন পুলিস অফিসারকে সেখানে বসান হয়েছে। তিনি ছাত্রদের বিতাড়িত করেছেন ধর্মঘটের অজুহাতে। কিন্তু যারা ধর্মঘটে যোগ দিয়েছে—একদল ছাত্রের পক্ষ হয়ে যারা একদল ছাত্রকে তিনি কলেজ থেকে তাড়াচ্ছেন এবং যারা অযোগ্য বলে বিবেচিত হয়েছে, যে সব ছাত্র পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছে তাদের তিনি পাশ করিয়ে দিয়েছেন এবং তাদের এ্যালাও করেছেন এবং যেসব ছাত্র সত্য পরীক্ষা দিতে পারেনি তাদের তিনি বিরোধী পক্ষের ছাত্র বলে মনে করে কোন ক্রমে পরীক্ষা দেবার অনুমতি দিচ্ছেন না। এইভাবে তিনি কলেজের মধ্যে শিক্ষকদের মধ্যে বেশ ভেদ নীতি চালিয়েছেন। এই হুগলী মহসীন কলেজে একবারে বঙ্কিম চন্দ্র অধ্যাপনা করেছিলেন। সেই কলেজ আজ কি অবস্থায় এসেছে সেটা দেখবার মত আজকে খবরের কাগজে পত্রে সে সম্বন্ধে নানা লেখা, প্রবন্ধ বেরিয়েছে। আমি বিশেষভাবে শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি এই সম্বন্ধে ভাল করে অনুসন্ধান করে দেখুন যে হুগলী কলেজের ব্যাপারটা কি চলেছে।

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল উপলক্ষে আমি কিছু বলতে চাই। শ্রীযুক্ত শশাঙ্ক শেখর সান্যাল মহাশয় যে বিপদের সঙ্কেত দিয়েছেন সে সম্বন্ধে আমাদের মন্ত্রী মণ্ডলী যাতে অবহিত হন এবং যাতে বর্ডার প্রান্তের নিরাপত্তা রক্ষা করবার ব্যবস্থা করেন সেজন্য আমি তাঁদের অনুরোধ জানাচ্ছি। আমরা সংবাদপত্রে যেভাবে সংবাদ পাই তাতে জানতে পারি যে আমাদের শিয়রে বিপদ উপস্থিত হয়েছে। কিন্তু আজকে অর্ধেন্দু নস্কর মহাশয়ের উল্লেখ থেকে যেটা বুঝতে পারলাম সেটা হচ্ছে এই যে তাঁরা এই বিষয়ে সজাগ নন। আমি আগেই বলেছি ভিজিলেন্স ইজ দি প্রাইস অব লিবার্টি। কিন্তু এখানে আমরা দেখতে পাই নিজেদের ঘর না সামলে আজকে শিক্ষকদিগের মধ্যে, শ্রমিকদিগের মধ্যে, ছাত্রদিগের মধ্যে সরকারের বিরুদ্ধে নানা রকমের অসন্তোষ সৃষ্টি করা হচ্ছে। আজ যেখানে বর্ডার সম্পর্কে সতর্ক হওয়া উচিত সেখানে সেই বিষয়ে সতর্ক না হয়ে ঘরের মধ্যে বিপদের সম্ভাবনা সৃষ্টি করছে। এটা রাজনৈতিক নয়, এটা মোস্ট অরাজনৈতিক ব্যাপার বলে আমি মনে করি। আজকে যাঁরা শাসন তন্ত্রায় বসে আছেন তাঁদের মধ্যে একজনেরও রাজনৈতিক বুদ্ধি আছে কিনা সেই বিষয়ে সন্দেহ রয়েছে। আমার মনে হয় বুদ্ধির বিপর্যয় এঁদের মধ্যে ঘটেছে। তা না হলে আজকে সংবাদপত্রে দেখতে পাচ্ছি যেভাবে পাকিস্তান চীনের সহযোগিতায় ভারতবর্ষকে বিপর্যস্ত, বাংলা আসাম এবং ত্রিপুরা এই সমস্ত রাজ্যগুলিকে বিপদাপন্ন করবার চেষ্টা করছে, তাদের মধ্যে যেভাবে আজ

প্রস্তুতি চলেছে, যেভাবে তারা সৈন্য সংগ্রহ করছে তাতে আমাদের দিক থেকেও সেই প্রস্তুতি চলত। কিন্তু সেই প্রস্তুতি নেই। অতুল্য ঘোষ মহাশয় নাকি মালদহ, মুর্শিদাবাদ জেলায় গিয়ে সেখানে সীমান্ত বাহিনী করবার চেষ্টা করছেন। তিনি মুখে বলছেন, কিন্তু সে সম্পর্কে আমাদের সরকার কোন ব্যবস্থা করছেন কিনা আমরা জানি না। আমার কথা শুনে আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহাশয় হাসছেন। কিন্তু আমাদের এই বিপদ সম্পর্কে তাঁরা মোটেই সজাগ নন। আজ দেশের মধ্যে একটা বিপদ রয়েছে, যাদের উপর শাসন ভার রয়েছে. নিরাপত্তার ভার রয়েছে তাঁরা সে সম্বন্ধে সজাগ নন। আজ ৪ কোটি লোকের জীবন বিপদাপন্ন। গভর্নমেণ্ট এই বিষয়ে কোনরকম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা অনুভব করছেন না।

[5-5—6-15 p.m.]

আজ আপনি যে কোন লোককে জিজ্ঞাসা করুন, সকলেই বুঝতে পারছেন আমাদের মধ্যে বিপদের ভয়ঙ্কর ঝুঁকি রয়েছে অথচ আমাদের সরকার, যাদের উপর শাসনের ভার রয়েছে, নিরাপত্তা গ্রহণের ভার রয়েছে তারা কোন রকম আয়োজন করছেন না। বর্ডারে পাকিস্তানের যে সংবাদ পাই সংবাদপত্রের মাধ্যমে সেখানে দেখতে পাই কি, আজকে আনন্দবাজার, অমৃতবাজার, যেগুলি কংগ্রেসী পত্র সেগুলি পড়লে পর দেখতে পাই আজ একদিক থেকে হিন্দু বিতাড়ন হচ্ছে পাকিস্তান থেকে আর এক দিক থেকে কোন-রকম প্রস্তুতির আয়োজন নেই, যেন মনে হয় আমরা হিন্দু যারা হাজার বৎসর ধরে পরাধীন ছিলাম, আমাদের মধ্যে রাজনৈতিক বোধ কিছু নেই। বরং আমি আয়ুবখানকে প্রশংসা করি, এজন্য প্রশংসা করি তিনি বলেছেন আমি সৈনিক, আমি প্র্যাকটিকাল ম্যান

I am a practical man. I am not a theoratician, I am not a religious preacher. I am a practical man.

আমি দেশের কল্যাণ যা বুঝবো সেইভাবে কাজ করে যাবো, অথচ আমাদের এখানে সেকুলারিজমের ধোঁকা দিয়ে আজ এমনভাবে অগ্রসর হচ্ছে যে সেকুলারিজম জিনিসটা আছে বলে আমাদের মনে হয় না। আমি জানি ইংলণ্ড, আমেরিকা সেকুলার স্টেট—আমি জানি সেখানে যে শিক্ষা দেওয়া হয় তার মূলমন্ত্র হচ্ছে খৃষ্টান জেণ্টলম্যান তৈরি করা এবং আমরা রাজনৈতিক পার্টি দেখি খৃষ্টান ডেমোক্রাটিক পার্টি। তারা নিজের দেশকে, কৃষ্টিকে, সাংস্কৃতিকে রক্ষা করে। আর আমরা আমাদের সাংস্কৃতিকে, ধর্মকে, কৃষ্টিকে বিসর্জন দিয়ে সেকুলার হতে চাচ্ছি। আমরা চাই একদিকে থেকে পাকিস্তান তোষণ নীতি, আর এক দিক থেকে হিন্দু নিপীড়ন নীতি এবং এটাই হচ্ছে আমাদের সেকুলারিজম। ১৭ বছর ধরে এই ভাবে আমাদের দেশকে শাসন করা হচ্ছে, অথচ এই ১৭ বছর শাসনের ফলে আমরা কি শক্তি সঞ্চয় করতে পেরেছি? চীন আমাদের চোখ খুলে দেখিয়ে দিয়ে গেল যে আমরা কত দুর্বল। আজকে লোকসভায় যে সমস্ত আলোচনা চলেছে তাতে দেখতে পাই যে আজকে আমাদের দেশরক্ষার জন্য যে সমস্ত ব্যবস্থা করা হচ্ছে—যন্ত্রপাতি যুদ্ধাস্ত্র তৈরি করার যে ব্যবস্থা তা অত্যন্ত ডিফেকটিভ এ বিষয়ে আমরা একেবারেই সজাগ নই। এখনও পর্যন্ত আমাদের প্রস্তুতির আয়োজন চলেছে। চীনের হাঙ্গামা ২ বছর হয়ে গেল কিন্তু আমাদের অস্ত্রসস্ত্র বা দেশের মধ্যে একটা যুদ্ধের প্রস্তুতি বা প্রেরণার সাড়া জাগাবার কোন আয়োজনই দেখতে পাচ্ছি না। আমি শিক্ষামন্ত্রীকে বলছি যে পাকিস্তানে আজকে প্রত্যেকটা ছেলেকে রাইফেল শিক্ষা দেয়ার ব্যবস্থা হচ্ছে। আমি এখানে শিক্ষামন্ত্রীর কাছে প্রস্তাব করেছিলাম যে আমাদের দেশে ব্যায়ামকে বাধ্যতামূলক করা হোক কিন্তু তিনি বলেছিলেন আমাদের সঙ্গতি নেই। আজকে ব্যায়ামকে বাধ্যতামূলক করার দরকার হয়ে পড়েছে প্রত্যেক স্কুলে। ছাত্রেরা যাতে সবল হয়ে দেশকে রক্ষা করতে পারে সে বিষয়ে আমি বরাবর চেষ্টা করে এসেছি। আমাদের যে এন সি সি গঠিত হয়েছে সেও ভাল ভাবে গঠিত হয়নি। তাদের জন্য বিশেষ সুযোগ থাকা দরকার। তারা ভাল করে খেতে পায় না। তাদের অ্যালাউয়েন্স দেয়া হয় না। তাদের স্বাস্থ্য পরীক্ষা করা দরকার। আমি যতদূর জানি তাদের স্বাস্থ্য পরীক্ষার এবং তাদের খাদ্যের কোন ব্যবস্থা নেই। এই সমস্ত দেখে কি মনে হয় আমরা দেশ শাসনের উপযুক্ত? আমরা যে পরাধীন ছিলাম সেই পরাধীনতার বুদ্ধির যারা আমরা

পরিচালিত হচ্ছি কিন্তু পাকিস্তান তাদের দেশকে বড় করে দেখে এবং সেইভাবেই তারা দে শাসন করছে। আর আজকে আমরা ফল্‌স্ সেকুলারিজমের নাম দিয়ে দেশের স্বাধীনতাবে বিপণ্ন করে ফেলেছি—এই আমার বক্তব্য।

Shri Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচনার শেষ পর্যায়ে আমি যোগদান করতে চাচ্ছি এজন্য যে শিক্ষক দের প্রতিনিধি হিসাবে শিক্ষার যে দুরবস্থা হচ্ছে সে সম্পর্কে এই আলোচনার সময় সকলের দৃষ্টি আকর্ষণ করাটা আমার বিশেষ কর্তব্য বলে আমি মনে করি। আজকে স্যার, আপনি শুনে ছিলেন যে ৫ হাজার প্রাথমিক শিক্ষক বিভিন্ন জেলা থেকে সমবেত হয়েছিলেন শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবার জন্য তাঁর কাছে তাঁদের স্মারকলিপি পেশ করবার জন্য এবং আপনি ঐও জানেন যে ২৬এ ফেব্রুয়ারী মাধ্যমিক শিক্ষকরা এসেছিলেন, আপনি জানেন ৩রা এপ্রিল কলেজ এবং ইউনিভার্সিটি টিচাররা ঠিক এমনি রাস্তায় এসে দাঁড়াবেন। তাহলেই আপনি বুঝতে পারছেন এই বাজেটে যে অবস্থা সৃষ্টি করা হয়েছে তাতে কলেজ টিচার হোন, মাধ্যমিক টিচার হোন, প্রাথমিক টিচার হোন কারো দাবী কোন অংশে মেটেনি এবং প্রত্যেককেই আজ রাস্তায় এসে দাঁড়াতে হচ্ছে এবং প্রত্যেকেই আজ আন্দোলনের কথা ভাবতে বাধ্য হচ্ছেন। কেন হচ্ছে সেকথা অর্থমন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী মহাশয় আজ পাশাপাশি বসে আছেন, সেই জন্য আমি বলছি। ১৯৬২-৬৩ সালের বাজেটে যত টাকা বরাদ্দ করা হয়েছিল, তার থেকে দেখা গেল, এই এক কোটি টাকা আমাদের আগামী বছরের বাজেটে কমে গেল, অর্থাৎ প্রতি বছর ৫০ লক্ষ টাকা করে। এর কারণ কি? ক্রমশঃ বিশ্ব বিদ্যালয়ের সংখ্যা বাড়লো, ক্রমশঃ আমাদের কলেজের সংখ্যা বাড়লো, হায়ার সেকেণ্ডারী বিদ্যালয়ের সংখ্যা বাড়লো এবং প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যাও বেড়ে গিয়েছে। ক্রমশঃ যেখানে ব্যয় বরাদ্দ বাড়িয়ে যাওয়া উচিত, সেখানে ঐ ১৯৬২-৬৩ সালের একচুয়াল-এর হিসাব করে, আজকে আগামী বছরের ১৯৬৪-৬৫ সালের বাজেটে ১ কোটি টাকা কেন কমে গেল, সেই প্রশ্ন শিক্ষামন্ত্রী মহাশয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে করেছেন কি?

রিভাইজড বাজেটে বা সাপ্লিমেণ্টারি বাজেটে তিন কোটি টাকা দেখান হয়েছে। কিন্তু এই কথা অর্থমন্ত্রী মহাশয় ভুলে গিয়েছিলেন যে যখনই জাতীয় সঙ্কট বলে ঘোষণা করা হল, তখনই প্রথম বলি দেওয়া হয়েছে শিক্ষাকে। শিক্ষাখাতে দুই কোটি টাকা কমিয়ে দেওয়া হয়েছিল। পরে রিভাইজড বাজেটে সেই টাকার কিছুটা যুগিয়ে দেওয়া সত্ত্বেও, দেখা গেল আমাদের ১৯৬২-৬৩ সালের বাজেট থেকে, ঐ ১৯৬৩-৬৪ সালের রিভাইজড বাজেটে ৫০ লক্ষ টাকা কমে যায়, এবং ১৯৬৪-৬৫ সালের বাজেটে আরও ৫০ লক্ষ টাকা কমে, ক্রমশঃ এক কোটি টাকা খরচ কমে গেল। এর ফলে আজ বিদ্যালয়গুলির সমস্যা কোথায় এসে দাঁড়িয়েছে, সে কথা ভাবতে আমি অর্থমন্ত্রী মহাশয়কে বলছি। আরও বিশেষ করে পরলোকগত ডাঃ রায়, তাঁর কাছে ওঁরা এই সংসদীয় রাজনীতি শিক্ষা করেছেন, যাঁর পদতলে বসে ওঁরা মন্ত্রীত্ব করেছেন, তাঁর প্রতিশ্রুতগুলির কি কোন মূল্য নেই? আজকে এই কথা তাঁরা কি করে বাজেটে প্রকাশ করেছেন এবং অ্যাপ্রোপ্রিয়েশন বিলে কি করে আসছে তা আমরা জানি না। (এ ভয়েস: বেঁচে থাকতে উনি এ কথা বলেনি নি।) ১৮-৯-৬১ সালের এ্যাসেম্বলী প্রসিডিং খুলে দেখবেন। তিনি বেঁচে থাকতে, তাঁর সঙ্গে আমরা ঝগড়া করেছি, কিন্তু এ্যাজ এ নোবেল অ্যাডভারসারী, আমরা দেখেছি তাঁর মধ্যে প্রচুর উদারতা ছিল, একথা আজকেই বলছি না, এ কথা তাঁর পরলোক গমনের পর, এখানে দাঁড়িয়ে বলেছিলাম যে একটা তাঁর স্মরণচিহ্ন এই বিধান সভার কোথাও প্রতিষ্ঠিত হল না। এই অভিযোগ আমরা করেছিলাম। তাঁর সঙ্গে আমরা সংগ্রাম করেছি এবং যঁকে উদার শত্রু বলে আমরা মনে করেছিলাম, তাঁর একটা স্মরণ চিহ্ন, কিছু বাংলায় আপনারা রাখেন নি। অন্ততঃ এখানে যে একটা কিছু করবেন, যা আমরা বলেছিলাম, সেটুকুও আপনারা করেননি। যাইহোক, তাঁর যা প্রতিশ্রুতি ছিল, তার প্রতি আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছিলেন বিদ্যালয়ের যত অধস্তন কর্মচারী, যাদের আমরা বেয়ারা বলি, যাদের উদয়াস্ত বিদ্যালয়ে কাজ করতে হয়, উনি বিদ্যালয়ের সম্পাদক হিসাবে জানেন সেটা, কতকগুলি বিদ্যালয়ের সঙ্গে যেহেতু ওর যোগ আছে। তিনি

বলেছিলেন যে গভর্নমেণ্টের ঐ ধরণের কর্মচারীদেব বেতনের কোন সাব্যস্ত হয়নি—১৮-৯-৬১ সালের তারিখে, তাঁর বক্তৃতায়, তিনি পরিষ্কার এই কথা বলেছিলেন যে আমাদের গভর্নমেণ্টের কর্মচারীদের বেতনের হার নির্দ্ধারিত হয়ে গেলেই তারপর বিদ্যালয়ের এই ধরণের কর্মচারীদের জন্য, আমি তদ্রুপ সবকারী কর্মচারীদেব মত বেতন নির্দ্ধারিত করবো। এই যে দুর্ভাগা, যারা দু মুঠো খেতে পাচ্ছে না, উদয়াস্ত পরিশ্রম করে যাচ্ছে যারা, যারা বিদ্যালয়গুলিকে চালু রেখেছে, তাদের জন্য আমি আজকে অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এই আবেদন জানাবার জন্য দাঁড়িয়েছি। এঁদের প্রতি অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রী মহাশয় যেন বিশেষ দৃষ্টি রাখেন এবং বিদ্যালয়ের অন্যান্য সমস্যাগুলিব প্রতিও যেন তাঁরা দৃষ্টি দেন। শোনা যাচ্ছে শিক্ষামন্ত্রী মহাশয় চলে যাচ্ছেন, তিনি অবসব গ্রহণ করবেন। কিন্তু উনি স্যার, কতকগুলি মানুষের অভিশাপ পুঁজি কবে নিয়ে মন্ত্রীত্ব ছাড়ছেন কেন, জানি না। এতগুলি শিক্ষকের অন্ততঃ একটা আশীর্বাদও তিনি পেতেন। তাঁদের একটা শ্রদ্ধা তিনি অর্জন করে যেতেন, যদি অন্তত তাঁদের স্মারকলিপিগুলি নিয়ে তিনি সে বিষয় বিবেচনা করবেন, এই আশ্বাসটুকু দিতেন। অথচ তিনি তা না করে, তাঁর জীবনেব শেষ সীমায় এসে, কেন যে তিনি অভিশাপ পুঁজি কবে নিয়ে যাচ্ছেন, এটা আমি আমাব জীবনেব শেষ প্রান্তে এসে, বুঝতে পারছি না।

যাইহোক, আমি আশা করি যে সব সমস্যাপূর্ণ বিদ্যালয়গুলি আছে, সে দিকে শিক্ষামন্ত্রী মহাশয় ও অর্থমন্ত্রী মহাশয় উভয়েই দৃষ্টিপাত করবেন। আমার পাঁচ মিনিট সময়ের মধ্যে সমস্ত সমস্যার কথা বলা যায় না বলে, যা আমাদের শিক্ষা জগতে সবচেয়ে বড় পীড়াদায়ক, সেইটাকেই আমি উল্লেখ করলাম। আপনাকে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-15—6-29 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman:

অন এ পয়েণ্ট অফ পারসোনাল এক্সপ্লানেশান, স্যার, আমি যখন এখানে ছিলাম না, মাননীয় সদস্য যতীন চক্রবর্ত্তী মহাশয়, একটা গুজব ভিত্তিক বিষয়ে প্রকাশ করে বা লেখিয়ে আমার কৃষ্ণনগর যাওয়া সম্বন্ধে দুই একটা কথা বলেছেন। আমি যখন ফিরে এসেছিলাম, আমি যখন যাই সেখানে আমি কোন গুজব শুনিনি এবং তিনি সেখানে তৎকালে নদীয়া জেলাতে যে একটা টেনশান ছিল বলে উল্লেখ করেছেন সেটা সর্বৈব মিথ্যা। আমি বাণাঘাটে বহু জনপ্রতিনিধির সম্মুখে মোক্তার লাইব্রেরী বা বারলাইব্রেরীর পিস কমিটির সম্মুখে ৩।৪ ঘণ্টা ধরে সভা করেছি। সেখানে কোনরকম গুজব ছিল না।

Shri Jatin Chakravorty:

স্যার, অন এ পয়েণ্ট অফ অর্ডার আমি একটা চিঠি পড়েছি, তার নম্বর দিয়েছি, আমি এখনও বলছি ২২৬(সি) চীফ সেক্রেটারীর কাছে লেখা—সেই চিঠি থেকে পড়েছি। লেট হিম এ্যাসারটেন—আমি তাকে এখনও চ্যালেঞ্জ করছি।

Let him ascertain from the Chief Secretary, whether it lies with the Chief Secretary Mr. R. Gupta, 29th January, 1964.

The Hon'ble S. M. Fazlur Rahman:
explanation.

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমি আপনার চিঠিতে কি আছে জানি না, চিঠির উল্লেখ করে আমাকে জড়িত করা হয়েছে। সেখানে আপনি একটা গুজব এবং টেনশান-এর কথা উল্লেখ করেছেন। সেখানে কোন গুজব বা কোন টেনশান ছিল না। আমি কৃষ্ণনগরে গিয়েছি সার্কুইট হাউস-এ থেকেছি,

অসংখ্য জনপ্রতিনিধি, শিক্ষিত, অর্দ্ধশিক্ষিত এবং নেতৃস্থানীয় ব্যক্তিদের সাথে ঘণ্টার পর ঘণ্টা ধরে তাদের সাথে আলোচনা করেছি কোন গুজব বা কোন টেনশান শুনিনি। সর্বোপরি স্যার, ২৩শে তারিখে নেতাজী দিবসে ন্যাকাচোকা থানায় সাধারণ সভা করেছি এবং সেখানে ১০।১৫ হাজার লোক ছিল সেখানে কোন গুজব বা টেনশান দেখিনি। নদীয়া জেলায় করিমপুর থানায়, তেহট্ট থানায়, নাদালীপাড়া থানায়, চাপড়া থানায়, কেষ্টগঞ্জ থানায়, হাঁসখালি থানায় এবং রাণাঘাট থানায়, শান্তিপুর থানায় কোন জায়গায় কোন গুজব ছিল না। সম্পূর্ণ শান্তি বিরাজ করছিল। এবং গুজব ভিত্তিক চিঠিগুলি প্রকাশ করেছেন তার কোন সত্যতা নাই।

Shri Jatin Chakravorty: On a point of personal explanation

হচ্ছে এই, আমি যে চিঠিখানি পড়েছি আমি সেই চিঠি জাজমেণ্ট দেবার পর পি. বি. মুখার্জির কোর্ট থেকে তার সার্টিফায়েড কপি এনে দিলে উনি যে অসত্য কথা বলছেন সেটা প্রমাণ হবে।

Mr. Chairman: I am not going to decide that.

Shri Jatin Chakravorty: I will produce the certified copy of the letter after the judgment is delivered. The file is with Justice P. B. Mukherjee.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দ আমাদের পশ্চিমবঙ্গের সামগ্রিক অর্থ ভাণ্ডারে অন্তর্ভুক্তির জন্য যে আইনের খসড়া আনা হয়েছে তার এই বিতর্কের উত্তর দেবার সময় আমার কাজ মাননীয় বিরোধী দলের সদস্যরা অত্যন্ত সহজ ও লঘু করে দিয়েছেন। কেন না সংসদীয় গণতন্ত্রের নীতি অনুসারে এ্যাপ্রোপ্রিয়েসান বিলের ধারা সম্বন্ধে বিতর্কের যে রীতি আছে সকল সদস্যই সেই রীতি বহির্ভূত বক্তৃতা দিয়েছেন। এখানে দীর্ঘদিন বিভিন্ন বিষয়ের দাবির আলোচনা হয়েছে। সকল সদস্যের প্রত্যেক বিভাগের সুযোগ ছিল সেই বিষয়ে আলোচনা করবার।

Shri Jatin Chakravorty:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার। আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে আপনি চেয়ারে বসে আছেন, আমরা যদি কোন রীতি বহির্ভূত বক্তৃতা দিয়ে থাকি তাহলে you could pulled us up. Is it not an aspersion on the chair?

The Hon'ble Saila Kumar Mukherjee: No.

Mr. Chairman : Not at all.

Shri Nirmalya Bagchi:

The Hon'ble Minister has stood up and said that it is not. It is an aspersion on the chair.

Shri Jatin Chakravorty: You are here to pull us up Who is the Minister to refer to the matter? You did not pull us up.

The Hon'ble Saila Kumar Mukherjee: I have never said that.

Shri Jatin Chakravorty:

স্যার, আমরা নীতি বহির্ভূত বক্তৃতা দিতে পারি আপনি বসে থাকা সত্ত্বেও ? Is it not an aspersion on the chair ?

Mr. Chairman :

নীতি-বহির্ভূত বললে কিছু ক্ষতি হয় না। নীতি is a very eloquent word in Bengali.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয়, আমি যখন আজকে মাননীয় সদস্য যতীন চক্রবর্তীর দীর্ঘ এবং উত্তেজনাপূর্ণ বক্তৃতা শুনছিলাম তখন আমার মনে হচ্ছিল যে আজকে হাউসে বোধ হয় পুলিস গ্রাণ্ট হচ্ছে। সেজন্য আমি মনে করি এগুলির কোন জবাব দেওয়ার প্রয়োজন নেই। কেন না কেউ বলেননি যে এ্যাপ্রোপ্রিয়েসান বিলে এই এই খাতে বেশী অর্থ খরচ করুন। এইজন্য আমি বলছিলাম যে পার্লামেণ্টারী রীতি বহির্ভূত। এ্যাপ্রোপ্রিয়েসান বিলের স্কোপই হচ্ছে অন্য রকম। মাননীয় সভাপতি মহাশয় আপনার নিশ্চয়ই অধিকার আছে অনুমতি দেবার এবং আমারও পার্লামেণ্টারী কনভেনসান অনুসারে বলবার অধিকার আছে। দ্বিতীয়তঃ আজকে মাননীয় সদস্য যতীন চক্রবর্ত্তী মহাশয় তাঁর অধিকাংশ বক্তৃতায় বিশেষ করে উচ্চ পদস্থ পুলিস কর্মচারীর বিরুদ্ধে একটি একটি নাম করে বলেছেন। হ্যাঁ, এটা সত্য যে বিধানসভার রুদ্ধদ্বার কক্ষের অধিকারের সুযোগ নিয়ে বিষোদ্‌গার করবার অধিকার তাঁর আছে। একটি বিষয়ে তিনি যা বলেছেন তার তীব্র প্রতিবাদ করা দরকার। তিনি বলেছেন যে মাননীয় মন্ত্রী ফজলুর রহমানের জামাতাকে প্রশ্রয় দেবার জন্য মাননীয় মুখ্য-মন্ত্রী বিচার বিভাগীয় তদন্ত করছেন না। আমি যতীন চক্রবর্তী মহাশয়কে জানাতে চাই যে মাননীয় মন্ত্রী ফজলুর রহমানের জামাতার সঙ্গে পশ্চিমবঙ্গের পুলিসের কোন সম্পর্ক নেই। (ভয়েস : মুখ্যমন্ত্রীকে ডিফেণ্ড করবার জন্য ওকালতি করতে দাঁড়িয়েছেন ?)

It is my primary duty to defend my colleague, the Hon'ble the Chief Minister.

Shri Jatin Chakravorty:

না।

The Hon'ble Saila Kumar Mukherjee:

I am here to be guided by the Chairman and not by you, Mr. Chakravorty. It is my primary duty to protect my leader and dispel the aspersion cast on it.

স্যার, তিনি বলেছেন যে ফজলুর রহমানের জামাতাকে প্রোটেক্ট করবার জন্য তিনি বিচার বিভাগীয় তদন্ত করছেন না। যাদবপুরে যে ঘটনা ঘটেছিল সেটার সঙ্গে ফজলুর রহমানের জামাতার কোন সম্পর্ক নেই, সমস্ত হচ্ছে পশ্চিমবঙ্গের পুলিস কর্তৃপক্ষের। তাঁর জামাতা কলকাতা পুলিসের একজন সার্জেণ্ট। তাঁর ডিউটি হচ্ছে ব্যাঙ্কশাল পুলিস কোর্টের থ্রিজনারদের আনা এবং নিয়ে যাওয়া। দাঙ্গার সময় তাঁর জামাতাকে দাংগা সম্পর্কিত কোন কর্ত্তব্য দেওয়া হয়নি। সুতরাং তিনি তাঁর অলীক উদ্ভাবনীশক্তি থেকে নানারকম অসত্য তথ্য উপস্থিত করতে পারেন, কিন্তু আমি তাঁকে বলছি যে এই সংবাদটি সম্পূর্ণ অসত্য। অন্যান্য কর্মচারীদের সম্বন্ধে তিনি যা বলেছেন পার্লামেণ্টারী ভদ্রতা হচ্ছে যাঁদের এখানে হাউসে এসে রিপ্লাই দেবার সুযোগ নেই তাঁদের বিরুদ্ধে এইরকম অধিকার প্রয়োগ করা অসংগত।

সুতরাং আমি আপনাকে অনুরোধ করবো আজকে যে সমস্ত উক্তি আপনি করেছেন আপনার যদি সদিচ্ছা থাকে বাংলার কল্যাণে প্রত্যেকটা লিখিত বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগগুলি পাঠিয়ে দিন, নচেৎ এই সভায় বাহিরে গিয়ে এ বিষয়ে প্রচার করুন, তখন সুযোগ পাবে সেই সমস্ত কর্মচারীরা যাঁদের এই বিধানসভার রুদ্ধ কক্ষদ্বারে আপনি অযথা আক্রমণ করছেন, আপনার বিরুদ্ধে অভিযোগগুলি আদালতে প্রমাণ করবার। এখানে গোপাল হালদার মহাশয় যা বলেছেন আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। দেশের মধ্যে একটা বিশৃংখলার সৃষ্টি হয়েছে। এক বছর

পূর্বে যখন আমাদের চীন আক্রমণ করে তখন সমস্ত দেশ রুখে দাঁড়িয়েছিল। আজকে চীন ও পাকিস্তানের আঁতাতে তার চেয়েও দারুণ দুরবস্থার সৃষ্টি হয়েছে। দুঃখের কথা পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের প্রাণকেন্দ্র কোলকাতায় রাজনৈতিক দলাদলীর উর্দ্ধে উঠে আমরা সমবেতভাবে শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টা না করে এই সমস্ত উত্তেজনাকে জিইয়ে রাখছি—এটা দেশের পক্ষে কল্যাণকর নয়। আমি মাননীয় গোপাল হালদার মহাশয়ের সঙ্গে একমত যে পাশ্চাত্য দেশগুলি পাকিস্তানে যে জঘন্য ঘটনা ঘটেছে সেগুলি প্রচার না করে আমাদের বিরুদ্ধে তারা প্রচার করছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা দরকার এবং আমাদের কেন্দ্রীয় সরকারের ফরেন অ্যাফেয়ারস ডিপার্টমেণ্ট এ বিষয়ে যথাযথ ব্যবস্থা করছেন এবং আমাদের রাজনৈতিক দূতাবাসে তাদের সচেতন করে দেওয়া হয়েছে যাতে তারা আমাদের তথ্যগুলি পরিবেশন করেন কিন্তু পশ্চিমবঙ্গ বিধানসভাগুলী মাননীয় গোপাল হালদার মহাশয়ের এই প্রশ্নের জবাব দিতে পারেন না। আমরা তাঁদের কাছে জানিয়েছি যা সংবাদ আসছে আমরা সঙ্গে সঙ্গে তা কেন্দ্রীয় সরকারের কাছে পরিবেশন করছি। আজ কেন্দ্রীয় সরকার এটা সর্বভারতীয় সমস্যারূপে গ্রহণ করেছেন এবং এটা স্বীকার করে নিয়েছেন এবং তার প্রমাণ পাচ্ছেন যে ভারতবর্ষের প্রত্যেকটা প্রদেশকে আজকে আমাদের এই ছিন্নমূল উদ্বাস্তুদের পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করার জন্য কেন্দ্রীয় সরকার সবরকম অর্থ এবং সাহায্য করতে প্রস্তুত। অন্যান্য বিষয় আলোচনার মধ্যে আমি অংশ গ্রহণ করতে পারি না। এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল যেটা আমি উপস্থাপিত করেছি সেটা সকলের অনুমোদনের জন্য আমি আপনার কাছে প্রার্থনা করছি।

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Appropriation Bill, 1964, as passed by the Assembly be taken into consideration, was then put and agreed to.

Clauses 2, 3 and the schedule, preamble and title and Clause 1

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) The Planning Commission has set the target at 80 per cent. of the children in the age-group 6—11 being brought to schools within the 3rd Plan period.

(b) Yes.

(c) In rural areas 1,594 and in urban areas 155.

(d) (i) Yes, according to a phased programme, beginning with schools in areas where there is no secondary schools offering facilities for study in Class V standard. .

(ii) By the end of the Fourth Five-Year Plan, approximately because the entire amount that was provided by the Planning Commission for development of education will be exhausted by the end of the fourth year of the Third Five-Year Plan and there will be hardly any resources left in the last year of the Third Five-Year Plan. Therefore, we expect that by the end of the Fourth Five-Yar Plan approximately, this will be completed.

Shri Nirmalya Bagchi:

শিক্ষামন্ত্রী কি বলবেন যে অন্যান্য রাজ্যে ৬ থেকে ১১ বছরের বালক বালিকাদের শতকরা ৮০ ভাগ প্রাথমিক শিক্ষার ভার তৃতীয় পরিকল্পনা কালের মধ্যে শেষ করবেন। পশ্চিমবঙ্গ ৪র্থ পরিকল্পনায় তাও বলছেন অ্যাপ্রোকসিমেট, অর্থাৎ ৫ম পরিকল্পনায় যাবেন...

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান পিড়িয়ড-এ।

Shri Nirmalya Bagchi:

অ্যাপ্রকসিমেট বলার জন্য ৫ম প্ল্যানটা আনছি, কারণ আপনি ৫ম প্ল্যান পর্যন্ত যাবেন। সমস্ত ভারতবর্ষে শিক্ষা ব্যবস্থা একধারাতে চলছে এবং পশ্চিমবংগে ১০ বছরে এসে শেষ করছে—এই যে তারতম্য ঘটছে এটার কারণ কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কারণ হয়েছে

the huge additional influx of population in West Bengal.

ওয়েষ্ট বেঙ্গল যে ইনফ্লাক্স অব পপুলেসন হয়েছে, সেটাকে অনেকে পপুলেসন এক্সপ্লোসান

বলে, অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গলে ১৯৫১ সালের সেন্সাসে পপুলেসান ছিল ২ কোটি ৬৩ লক্ষ সেটা ১৯৬১ সালের সেন্সাসে হয়েছে ৩।। কোটি এবং বাই দিস টাইম বোধ হয় ৩ কোটি ৭৫ লক্ষ এই রকম জনসংখ্যা বৃদ্ধি আর কোন প্রদেশে হয়নি ওয়েষ্ট বেঙ্গল ছাড়া। অতএব ওয়েষ্ট বেঙ্গলকে পার্সেণ্টেজ হিসাবে পিছিয়ে যেতে হয়েছে এবং যাওয়ার কারণ (১) পপুলেসান ইমফ্লাক্স, (২) টীচারস স্কেল অব স্যালারী রিভিসনের জন্য। টীচারস স্কেল অব স্যালারী রিভিসনের জন্য ওয়েষ্ট বেঙ্গলে যে টাকা লেগেছে সেটা আর কোন ষ্টেটে লাগেনি।

Shri Nirmalya Bagchi:

মন্ত্রীমহাশয় কি বলবেন, পপুলেসন এক্সপ্লসানের জন্য আমাদের অগ্রগতির হার কমে যেতে পারে কিন্তু গ্রামাঞ্চলে আমরা দেখতে পাচ্ছি আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ করতে যাচ্ছি, এতে ১৫৫টা মাত্র প্রাথমিক বিদ্যালযকে ৫ম শ্রেণীতে উন্নতি করা হয়েছে অথচ পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালযের সংখ্যা হচ্ছে ৩২ হাজার এটা কি কারণে? এটা শুধু তো পপুলেসনের ঘাড়ে চাপালে চলবে না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কারণটা বলা হয়েছে, আপনি বুঝতে পারেন নি কেন বুঝি না। বলা হয়েছে আরবান এরিয়ায় সেকেণ্ডারী স্কুল বেশী আছে রুরাল এরিয়ায় চেযে; সেজন্য আরবান এরিয়ার সেকেণ্ডারী স্কুল বেশী থাকায় ক্লাস ৫এ পড়বার সুযোগ আর্বান এরিযায় স্টুডেণ্টদের বেশী আছে, সে সুযোগ রুরাল এরিয়ায় স্টুডেণ্টদের নেই। সেজন্য আপনি দেখবেন রুরাল এরিয়ার সংখ্যা দেওযা হয়েছে ১৫৯৪ আর আরবান এরিয়ায় ১৫৫।

Shri Nirmalya Bagchi:

আপনি বলছেন ১৫৯৮ রুরাল এরিয়ায়–আমাদের প্রাইমারী স্কুলের সংখ্যা ৩২ হাজার আপনি যে ফিগার দিয়েছেন পঞ্চম শ্রেণীতে পড়াতে হলে সেখানে কি অবৈতনিক পড়তে পারছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

পঞ্চম শ্রেণীতে যতক্ষণ পর্যন্ত প্রাইমারী স্কুলে পড়বেন ততক্ষণ পর্যন্ত অবৈতনিক হবে তা ছাড়া অবৈতনিকভাবে এখন হচ্ছে না বটে; সেখানে সেকেণ্ডারী স্কুলে পড়তে পারে সেখানে অবৈতনিক করা হচ্ছে একথা আমি বলিনি, আমি এটুকু বলেছি আমাদের এখন ক্লাস ফোর প্রাইমারী স্কুলস রয়েছে।

Shri Nirmalya Bagchi:

৬ থেকে ১১ বছর ক্লাস ৫।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

১১ বছর পর্যন্ত যেতে পারিনি, ১০ বছর পর্যন্ত আমরা গেছি, তার কারণ নিম্ন শ্রেণীর ব্যবস্থা না করে উচচ শ্রেণীতে যাওয়া যায় না।

Shri Nirmalya Bagchi: I have some misunderstanding about the question. Still time is left. If the Hon'ble Minister kindly repeats the reply it will be a matter of satisfaction.

Mr. Chairman: You will have from the proceedings.

Unstarred questions
(to which written answers were laid on the Table)

Small-scale industries in West Bengal

26. Shri Narendra Nath Das and Shri Amar Prasad Chakrabart (a) Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Sca Industries Department be pleased to state—

(i) the number of small-scale industries registered in West Beng since 1948 year by year basis up to 1963;

(ii) the total number of industries on December 31, 1963;

(iii) the total investment in such industries on December, 1963; an

(iv) percentage of production of small-scale industries as compared total industrial production during last fifteen years since 19 showing the pattern of progress year by year?

(b) Will the Hon'ble Minister be further pleased to state—

(i) the number of applications received for registration during the la five years;

(ii) the number of applications rejected during the same period;

(iii) the reasons in general for such rejection; and

(iv) whether the Government consider the desirability of simplifyi the procedure of registration of small-scale industries?

Minister for Cottage and Small-Scale Industries (The Hon'ble Tar Kanti Ghosh: (a) (i) Registration of small-scale industries in We Bengal was introduced in December, 1960. The number of small-sca industries registered during 1961-62, 1962-63 and 1963-64 is as follows:

1961-62	...	3,577
1962-63	...	1,323
1963-64	...	1,693
(up to 16th March, 1964)		

(ii) The actual number of industries is not known. The number o small-scale industries including household units is about 3,77,000.

(iii) The total investment is not known. The total block capital inves ment for the registered units is about Rs. 40 crores.

(iv) Full particulars are not available with Government. The value of th products of the large-scale factories in the State during 1961 was abou Rs. 189.5 crores. The corresponding figure for the small-scale industri units including household units is estimated to be about Rs. 114.5 crores

(b) (i) The figure for the year 1963-64 (up to 16th March, 1964) is onl available. It is 1,849.

(ii) The figure for the year 1963-64 (up to 16th March, 1964) is onl available. It is only seven.

(iii) The rejections have been made either because the units do not com under the purview of small-scale industries or they are not bona fid manufacturing units.

(iv) The procedure of registration is simple. Application forms, are given free of cost and no registration fee is charged. After an application is received an inspection is made and thereafter a registration certificate is issued provided the unit is a genuine small-scale industry. A simpler application form has been introduced very recently. No further simplification is considered necessary.

Advertisements regarding National Defence

27. Shri Nirmalya Bagchi: Will the Hon'ble Minister-in-charge of the Home (Publicity) Department be pleased to state—

(a) whether Government-sponsored advertisements regarding National Defence were published free of charge from October, 1962, in different newspapers and journals;

(b) if so, the names of those newspapers and journals; and

(c) if the answer to (a) be in the negative—

(i) names of those newspapers and journals who published the advertisements with full charge, and

(ii) the amount of expenditure incurred for each such newspaper since October, 1962?

Minister for Home (Publicity) (The Hon'ble Bijoy Singh Nahar): (a) Advertisement space for National Defence was donated by commercial houses.

(b) Amrita Bazar Patrika, Loke Sevak, Jugantar, Hindusthan Standard, Ananda Bazar Patrika, Statesman, Jana Sevak, Viswamitra, Capital and Eastern Economists.

(c) Does not arise.

Calling attention to matters of urgent public importance

Mr. Chairman: I have before me one notice of calling attention matter on the subject of apprehended insecurity due to Pak propaganda conveyed through letters to individuals, etc., by Shri Manoranjan Sen Gupta.

Shri Manoranjan Sen Gupta: Sir, I hereby give notice of my intention to call the attention of the Minister-in-charge of the Home (Police) Department on 26th March, 1964, to the following matter of urgent public importance and to request that the Minister may make a statement thereon:—

The peace and security of the city of Calcutta and of other places in West Bengal are in danger in consequence of the propaganda by Pakistan Government urging upon the members of the minority community through individual letters in large scale and also in consequence of the 'masterly' inactivity on the part of the Government as evident from a news in columns of the Ananda Bazar Patrika, dated 25th March 1964, under the caption of

"গোলযোগ সৃষ্টির উস্কানি"।

The Hon'ble Prafulla Chandra Sen: The statement will be made sometime next week.

The Hon'ble Prafulla Chandra Sen: Mr. Chairman, Sir, with your permission I would like to make the following statement.

Shri S. M. Ghosh, Commissioner of Police, had had a very busy time after the outbreak of communal frenzy in Calcutta in January 1964 especially during the first few days when the disturbances were at their peak. During those days he worked ceaselessly in tackling the situation and badly needed some rest. By the 14th January, 1964, the situation had considerably improved and there were no incidents on that day. In the afternoon of that day Shri Ghosh submitted an application for one month's leave for taking rest. He was granted one month's leave with effect from the 15th January, 1964.

Normally after a short period of leave an officer comes back to the same post that he was holding at the time of his going on leave unless he is transferred to some other post on the expiry of his leave. Shri Ghosh is a confirmed Commissioner of Police and holds a lien in that post. He could normally expect to return to that post unless it was decided to transfer him to a higher or equivalent post. As matters stood in the first part of February 1964, when Shri Ghosh was still on leave, it was expected that he would come back to his previous post of Commissioner of Police. It was in these circumstances that I gave a reply to the honourable member Shri Jatin Chakravorty's starred question No. 14 in this House to which the honourable member has referred. Subsequently, however, Shri Ghosh applied for an extension of leave by one month with effect from the 15th February, 1964, i.e., up to the 14th March, 1964. This was allowed to him. Before expiry of the extended leave, however, it was decided that Shri Ghosh should assume responsibilities in higher post which the Government decided to create for the following reasons.

West Bengal is a problem State. In view of the numerous and complex problems arising since partition it has been necessary to increase the strength of the police force from time to time during the last 16 years. The strength of the force in the West Bengal Police was 22,309 on 31st December, 1947. The present strength is 40,544—almost double. Since the outbreak of the Chinese aggression great responsibilities have devolved on the Police Directorate. Current strained relations between India and Pakistan have resulted in further increase in work not only within the State but also on the East Pakistan border. Again, as the result of the recent communal disturbances the police strength will have to be reorganised in different directions and additional battalions will also have to be raised.

For reasons explained just now the responsibilities of the Inspector-General of Police have tremendously increased. It was accordingly felt that he should be relieved of a substantial portion of his work by another superior officer of the same status. It may be pointed out that for giving relief to the Inspector-General the post of Additional Inspector-General was created in some other States, for example, in Madras, Rajasthan, Orissa, Andhra Pradesh and Assam. In the first part of March, 1964, it was decided to create a post of Additional Inspector-General of Police in this State for the aforesaid reasons. Accordingly a post of Additional Inspector-General of Police was created with effect from the 15th March, 1964 and Shri S. M. Ghosh was appointed to it on the expiry of his leave. The post is higher in status than the post of Commissioner of Police of Calcutta and also carries higher emoluments. Shri Ghosh was in the scale of Rs. 2,300—Rs. 2,500 as Commissioner of Police but as Additional Inspector-

General of Police he would be in the scale of Rs. 2500—Rs. 2750. Shri Ghosh who is next below the present Inspector-General of Police is the senior most officer entitled to be appointed as the Additional Inspector-General of Police in the normal course. Certain duties have already been entrusted to the Additional Inspector-General of Police. The question of entrustment of more duties to him is under Government's active consideration.

[12-40—12-50 p.m.]

Shri Jatin Chakravorty:

মান য় **অধ্যক্ষ মহাশয়**, আমি যে মোশান ফর পেপার্স আপনার কাছে দিয়েছিলাম তার মধ্যে আমি বলেছিলাম যে আমাদের এই হাউসে মুখ্যমন্ত্রী কতকগুলি ক্যাটিগোরিক্যাল প্রশ্নের জবাবে কমিটমেণ্ট করেছিলেন। এবং তার সঙ্গে সঙ্গে আমি এও বলেছিলাম যে বর্তমান অবস্থায় যখন স্টেট অব এমারজেন্সি চলছে সেই সময় এই রকম একটা পোস্ট নতুন করে ক্রিয়েট করার কি প্রয়োজনীয়তা ছিল যেটার জন্য এখন রেকারিং এক্সপেণ্ডিচার হবে, সেটা আমি বুঝতে পারিনি। আমি মুখ্যমন্ত্রীর কাছে, উনি এই সিদ্ধান্ত গ্রহণ করার আগে মার্চ মাসের ৯ তারিখে একটা চিঠি দিয়েছিলাম। বাইরে ব্যক্তিগত জীবনে তিনি যেহেতু আমার থেকে বয়ঃজ্যেষ্ঠ সেহেতু নিশ্চয়ই তাঁকে আমি যথেষ্ট শ্রদ্ধা করি এবং তিনিও আমাকে যথেষ্ট স্নেহ করে থাকেন। কিন্তু প্রশ্ন হচ্ছে আমি তাঁর কাছে এই চিঠি লিখেছিলাম এবং তাঁর হাতে দিয়েছিলাম। তিনি আমাকে আমার ডাক নাম ধরে ডাকেন বাইরে, সেই হিসাবে আমি তাঁকে এটা দিইনি, আমি এই বিধান পরিষদের একজন সদস্য হিসাবে তাঁর হাতে সেই চিঠি দিয়েছিলাম এবং সেই চিঠিতে সমস্ত প্রোসিডিংস দেখে এইগুলি লিখে দিয়েছিলাম কিন্তু দুর্ভাগ্যের বিষয় অনেক ক্ষেত্রে আমরা দেখেছি তিনি চিঠির উত্তর দেওয়াটা আবশ্যক মনে করেন নি, সাধারণ যে সৌজন্যবোধ আছে সেটুকু থেকে পর্যন্ত অনেক সময় আমরা বঞ্চিত হয়ে থাকি। স্যার, আমার দ্বিতীয় কথা হচ্ছে এই এই সম্পর্কে তিনি কোন জবাব দেননি। আজকে আপনি যখন তাঁকে এই মোশান ফর পেপার্স এর জবাব দেবার জন্য নির্দেশ দিয়েছেন বা যখন অনুরোধ জানিয়েছেন যখন তিনি এই বিবৃতি দিলেন। এই বিবৃতির মধ্যে এখন তিনি কি বলেছেন, না, আমাদের এটা একটা প্রবলেম স্টেট; যেন এতদিন পর্যন্ত এটা প্রবলেম ষ্টেট ছিল না এবং এ্যাডিশন্যাল আই জি'র পোস্ট ক্রিয়েট করার যেন এতদিন প্রয়োজনীয়তা দেখা দেয়নি। যেহেতু তিনি এস এম ঘোষকে এখান থেকে সরাবেন এই সিদ্ধান্ত করে রেখেছেন সেহেতু তাঁকে প্রোমোশান দিয়ে হোক, যেভাবে হোক তাঁকে এখনে থেকে সরাচ্ছেন। এই স্টেট যদি প্রবলেম স্টেট থাকত তাহলে এই এ্যাডিশন্যাল আই জি'র পোস্টটা তিনি অনেক আগেই ক্রিয়েট করতে পারতেন। স্যার, গতকাল আপনি জানেন আমি এখানে একটা প্রশ্ন করেছিলাম যে পুলিস কমিশনারের জন্য এই এ্যাডিশন্যাল আই জি'র পোস্ট সৃষ্টি করার জন্য রেকমেণ্ড করেছেন কিনা, সে সম্পর্কে কোন জবাব তিনি দিতে পারলেন না। মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত ছিলেন এবং রাষ্ট্রমন্ত্রী উপস্থিত ছিলেন, রাষ্ট্রমন্ত্রী জবাব দেন নি এবং মুখ্যমন্ত্রী এ সম্পর্কে কিছু বলেন নি। অথচ আজকে রাতারাতি কি প্রয়োজন দেখা দিল যে এ্যাডিশন্যাল আই জি'র পোস্ট ক্রিয়েট করা হচ্ছে? স্যার, মুস্কিল হচ্ছে এই যে এতে আরো কতকগুলি নানা রকমের কমপ্লিকেসান দেখা দিচ্ছে। স্যার, আপনার মনে আছে রাষ্ট্রমন্ত্রী একটা প্রশ্নের জবাবে এখানে বলেছিলেন যে যাঁকে এখন এ্যাকটিং পুলিস কমিশনার করা হয়েছে তাঁকে এখানে এ্যাকটিং পুলিশ কমিশনার করার ফলে কোন সুপারসেসান হয় নি। সুপারসেসান হয়নি ঠিকই, ৬ সপ্তাহ পর্যন্ত সুপারসেসান হয় নি। কিন্তু ২ মাস হয়ে গেছে, ২ মাস পরে নিয়ম অনুযায়ী আজকে সুপারসেসান হচ্ছে। কারণ, যাঁকে এখন পুলিশ কমিশনার হিসাবে বসান হয়েছে তাঁর উপর আরো দুজন রয়েছেন।

শ্রীদুর্গাগতি ভট্টাচার্য ডি. আই. জি এবং শ্রীমাসুদ ডি. আই. জি.—স্যার, পুলিশ কমিশনারের পদে আজকে এস এম ঘোষকে বসানো হোক কি না হোক সে প্রশ্ন বড়

নয়। যাঁকে এখন বসানো হয়েছে সেখানে সুপারসেসনের প্রশ্ন আসছে, এবং মজা হচে স্যার, আপনি বলুন যে দুর্গাগতি ভটটাচার্য মহাশয়, ইতিমধ্যে ছুটি নিয়েছেন এবং আমা খবর সত্য কিনা জানি না, মুখ্যমন্ত্রী জানাবেন, তিনি ভারতবর্ষের প্রেসিডেণ্টের কাছে এ সুপারসেসানের বিরুদ্ধে অ্যাপীল করেছেন এবং আমার এও সন্দেহ হচ্ছে সেই অ্যাপীলে ড্রাফট করেছেন একজন সিনয়ার কাউনসিল, একজন অভিজ্ঞ ব্যবহারজীবী যিনি আমাদে এই হাউসর মধ্যে উপস্থিত আছেন এবং তার সাথে সম্পর্ক আছে।

Mr. Chairman: You are straying from the point

Shri Jatin Chakravorty:

আজকে সুপারসেসনের বিরুদ্ধে অ্যাপীল হচ্ছে। এখানে কমিটমেণ্ট করেছেন, কমিটমেণ্টের করা সত্ত্বেও আজকে সেটা তিনি ভায়লেট করেছেন। কনটেম্পটের খ্ যদি ছেড়েও দিই, আরো কতকগুলি শাসনতন্ত্রীকে ডিফেক্ট দেখা দিচ্ছে...

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Is the supersessio question under discussion?

Mr. Chairman: No.

Shri Jatin Chakravorty:

অ্যাডিসন্যাল আই জির যে পোস্ট উনি বলছেন পার্লামেণ্ট এবং আমার প্রসিডিংসে কি সেটা আমি দেখাচ্ছি। প্রথমে আমাদের মুখ্যমন্ত্রী আমাব প্রশ্নের জবাবে বলেছিলেন যে পার্লামে কনফারমড পুলিশ কমিশনার মিঃ ঘোষ তাঁর ছুটির পরে যদি জয়েন করতে চান তো সেই পদে তি জয়েন করতে পারবেন এবং তাঁর সেখানে আসা উচিত। তারপরে সাপ্লিমেণ্টারিতে প্রফে ত্রিপুরারী চক্রবর্তী যখন জিজ্ঞাসা করেন তখন তিনি বলেন তিনি পুলিস কমিশনার ছিলেন তিনি আবার পুলিস কমিশনার হিসাবেই জয়েন করবেন আমি বলেছি। তারপরে বলছেন এখ পরিস্কাব করে দিলাম যে তাঁর ডিউটিজ মানে কমিশনাব অন পুলিশ হয়ে, অথচ সেই প্রতিশ্রুতি তিনি ভঙ্গ করেছেন।

Mr. Chairman: He has explained why this change has been necessar

Shri Jatin Chakravorty:

আজকে যদি তাঁকে সরাতে হয় বা প্রমোশন দিতে হয় সেই প্রমোশন তিনি দুদিন পরে দি পারতেন তাঁকে সেখানে দুদিনের জন্য এনে। স্যার, আপনি জানেন আমাদের এখানে যে অ্যাসীওরেন্স কমিটি নেই, লোকসভায় আছে এবং লোকসভায় যখন অ্যাসীওরেন্স কমিটি হ তখন হাউস অব কমন্সের অনেক মেম্বার বিদ্রূপ করে বলেছিলেন যে মন্ত্রীরা যেকথা হাউসে সেটা তাঁরা পালন করেন না কেন সেটা তো আমরা বুঝতে পারি না—তার জন্য অ্যাসীওরে কমিটি করতে হয়। আমাদের এখানে মুখ্যমন্ত্রী পরিস্কারভাবে বলেছেন। শুধু এটা নয় বহব এরকম হয়েছে। আমার কথা হচ্ছে মুখ্যমন্ত্রী এখানে কি কথাগুলি বলেছিলেন তিনি কথার খেলাপ করেছেন এবং সে কথার খেলাপ হচ্ছে এই যে.....

Mr. Chairman: There is no question of

খেলাপ

He has given the reason.

Shri Jatin Chakravorty:

এবং আমার মনে হয় মুখ্যমন্ত্রীর অবচেতন মনে একটা ক্রিয়া প্রতিক্রিয়া আছে—সেটা হচ্ছে সেন এ ঘোষের মধ্যে যে দ্বন্দ সেই দ্বন্দে ঘোষ পরাজিত হল, সেন জিতলো, তার অবচেতন মনে আ

কিন্তু এইরকম একটা দ্বন্দ্ব আর একটা বৃহত্তর ক্ষেত্রে যে চলছে সেন আর ঘোষের মধ্যে সেই বৃহত্তর ক্ষেত্রে এই বড় সেনের পরাজয় বড় ঘোষের কাছে হবে এটাই আমার বক্তব্য এবং খুব শীঘ্রই তা হবে। তাঁর অবচেতন মনের প্রতিক্রিয়া হিসাবে তিনি খুশী হতে পারেন কিন্তু স্যার, আসল ক্ষেত্রে বড় ঘোষের কাছে বড় সেনকে পরাজিত হতেই হবে।

Mr. Chairman: Professor Bhattacharyya, would you speak?

Shri Nirmal Chandra Bhattacharyya: No, Sir, I do not want to take part in the discussion.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, I have made absolutely clear all the points except the irrelevant ones raised by my friend. I have nothing further to add.

Ruling of Mr. Chairman

Mr. Chairman: With reference to the question of privilege raised by Shri Sasanka Sekhar Sanyal on the floor of the House on the 23rd March last that contempt of the House has been committed because the Chief Minister, who in the course of replying to questions in the House had stated that an executive enquiry would be held in the matter of death of Bhudeb Sen, had subsequently gone back upon his assurance, I would observe that at the wish of the House the Chief Minister made a statement yesterday explaining the supervening circumstances necessitating a change of position.

I have held in a previous case that unless there is a violation or neglect of any order of the House, there is no breach of privilege or contempt of the House. The executive Government has the right to change or modify its decision and policy if circumstances so require. I, therefore, hold that there is no prima facie case of breach of any privilege of the House.

The West Bengal Appropriation (No. 2) Bill, 1964.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

Sir, only yesterday this House discussed thoroughly the Supplementary Estimates for 1963-64 in which a demand for Rs. 34,22,82,335 towards defraying the charges which will come in the course of payment during the year ending 31st March, 1964, was made according to the provisions of the Constitution. This grant by the Legislative Assembly has to be approved by the Council in accordance with law as provided in the Constitution. The Assembly has already passed the Appropriation (No. 2) Bill, and it is now before this House. Sir, I have nothing further to add except to say that all the items of the demand were thoroughly discussed yesterday and it was only a formal discussion. Of course, members are again entitled to raise the question of propriety as to the amount of expenditure, whether it is properly incurred, whether it should be curtailed or it should be increased and whether it should not be increased and so on. These questions are certainly there within the scope of the discussion.

With these words, Sir, I pray that the Bill be taken into consideration.

Shri Nirmalya Bagchi:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে এ্যাপ্রোপ্রিয়েসন বিল নম্বর-টু, সম্পর্কে আলোচনা সুরু করতে গিয়ে আমার মনে এই প্রশ্নটা প্রথমেই উঠছে যে এই বিল সম্পর্কে আলোচনার পরিসর কতটুকু। কারণ, গত পরশুদিন যখন এ্যাপ্রোপ্রিয়েসন বিল নম্বর-ওয়ান, আলোচনা হচ্ছিল তখন আমি লক্ষ্য করছিলাম যে বিরোধী পক্ষের সদস্যরা যখন বিষয় থেকে বিষয়ান্তে যাচ্ছিলেন, তখন সরকার পক্ষ থেকে নানারকম ভাবে বাধা হচ্ছিল এবং বিরক্তি প্রকাশ করা হচ্ছিল এই বলে যে বাজে বিষয়ের ভিতর তাঁরা চলে যাচ্ছেন। কিন্তু এই বিষয় আমি আপনার কাছে মেজ পার্লিয়ামেণ্টারী প্র্যাকটিসএর বক্তব্য তুলে ধরতে চাই, তাহলে দেখতে পাবেন যে এ্যাপ্রো-প্রিয়েসন বিলের যে আলোচনা, সেই আলোচনার স্কোপ কত প্রশস্ত। মেজ পার্লামেণ্টারী প্র্যাকটিসের ৭৪৬এর পাতাতে বলা হচ্ছে যে এই সব আলোচনা চলবে।

Conduct of action of those who receive or adminster the grants specified in the Bill, in the case of an Appropriation Bill.

আমাদের প্রাক্তন সুযোগ্য সচিব মিঃ এ, আর, মুখার্জী তিনি যে বইখানা লিখেছেন ঐ পার্লামেণ্টারী প্র্যাকটিস ইন ইণ্ডিয়া বলে, তাতে তিনি আপার হাউসে এবং এ্যাপ্রোপ্রিয়েসন বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বলেছেন

In the debate all questions of administrative policy of the Government involved in the grants are relevant.

সুতরাং আমি প্রথমে এই কথা বলতে চাই যে এ্যাপ্রোপ্রিয়েসান বিলের আলোচনা কতকগুলি অঙ্কের হিসাবের মধ্যে সীমাবদ্ধ রাখবার কোন যুক্তি নাই? আলোচনা হবে সরকারের পলিসি নিয়ে আলোচনা হবে রাজনৈতিক আলোচনা। সুতরাং এই মুখ বন্ধ করে আমি আমার আলোচনা সুরু করতে যাচ্ছি। আমার দুর্ভাগ্য যে ঠিক যখন আলোচনা সুরু করতে যাচ্ছি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় অনুপস্থিত। এবং শিক্ষামন্ত্রী মহাশয় উপস্থিত না থাকলেও আমাদের অর্থমন্ত্রী মহাশয় আছেন নিশ্চয়ই আমাদের বক্তব্য শিক্ষামন্ত্রীকে জানাতে পারবেন। আমি প্রথমেই সভাপতি মহাশয় আপনার কাছে একটা পুস্তিকা তুলে ধরতে চাই, এই সুসমাচার আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বিধান সভার সদস্যদের মধ্যে বিতরণ করেছেন, কিন্তু আমাদের দুর্ভাগ্য শিক্ষা নিয়ে আমরা জীবন কাটাই, আমরা কিন্তু এই বক্তৃতার কোন রকম বই এখানে পাইনি। এটা যদি তিনি দিতেন তাহলে এখানকার সদস্যদের সুবিধা হত। এটা আমি কোন প্রকারে সংগ্রহ করতে পেরেছি। অতিসুন্দর ছাপা স্যাব, চমৎকার কাগজ এবং ব্লু কালিতে এটা ছাপা হয়েছে, এবং বিবাহে উপহার দেবার মত এই পুস্তিকা খানি। এটা আপনার কাছে পাঠিয়ে দিচ্ছি। এই এক বছরে পশ্চিমবঙ্গের গতি এবং প্রকৃতি সম্পর্কে এই বইটিতে তিনি আলোচনা করেছেন। এই বইটার একটি অংশ হচ্ছে বিশ্ববিদ্যালয় সম্পর্কে সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে তিনি মাত্র ৪টা বিশ্ববিদ্যালয়ের কথা বলেই তাঁর দায়িত্ব শেষ করেছেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় এবং রবীন্দ্রভারত বিশ্ববিদ্যালয় সম্পর্কে—কিন্তু নেই তার মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্যা, নেই তার মধ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উঠে যাবার উপক্রম হয়েছে আমেরিকান সাহায্য বন্ধ হবার ফলে সেই আশঙ্কার কথা। নেই তার মধ্যে বাংলা দেশে বেসরকারী ১২৮টি কলেজ রয়েছে এবং সেখানে শিক্ষাকার্য্য কর্মরত যে ৫ হাজার অধ্যাপক আছেন তাদের সমস্যার কথা। যে ৩ ইয়ারস ডিগ্রী কোর্স প্রবর্ত্তিত হয়েছে তার ফলে বাংলাদেশে এই উচ্চ শিক্ষার ক্ষেত্রে যে সব গুরুতর পরিবর্তন এসেছে তার ফলাফল সম্পর্কে কোন আলোচনা নেই। কলকাতা বিশ্ববিদ্যালয়ের পিছনে একটা অশুভ ছায়া কাজ করতে আরম্ভ করেছে। ফোর্ড ফাউণ্ডেসান কয়েক বৎসর ধরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করেছেন। রাজ্য সরকার সে সম্পর্কে কোন খোঁজ রাখেন কি না জানি না। পূর্বে আমি যখন প্রশ্ন করেছিলাম এ সম্পর্কে তাদের কোন খবর নেই এই কথাই তারা বলেছিলেন। এই ফোর্ড ফাউণ্ডেসান কলকাতা বিশ্ববিদ্যালয়ে ডাক্তার সুবোধ মিত্র যখন ভাইস চেনচেলার ছিলেন তখন থেকে কাজ সুরু করেছিলেন। উদ্দেশ্য ছিল পরীক্ষা বিষয়ে একটা সংস্কার তারা করবেন। পরীক্ষা সংস্কার থেকে অগ্রসর হয়ে তারা কলকাতা বিশ্ববিদ্যালয়ের শাসনপ্রণালীর মধ্যে তারা

মনোযোগ দিতে আরম্ভ করলেন। সেখান থেকে অগ্রসর হয়ে তারা বলছেন যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের গোটা আইনটাকে পরিবর্তন করতে হবে। আইনই যদি পরিবর্তন করতে হয়, সে আইন পরিবর্তনের কথা আমাদের শিক্ষামন্ত্রী বলুন, আমাদের সিনেটের সদস্যরা বলুন, কিন্তু এই উপদেশ একটা বিদেশী সংস্থা আমাদের সরকারের মাথা ডিঙ্গিয়ে সিনেটের সদস্যদের মাথা ডিঙ্গিয়ে তারা বলছেন ঠিক আমেরিকার নিউ ইয়র্ক ইউনিভার্সিটি প্যাটার্নএ—এখানকার আইনটি পরিবর্তন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের যে শিক্ষা ব্যবস্থা তাকে নতুন করে নতুন ছাঁচে তাকে ঢালাই করতে হবে। এবং তার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের সম্মুখে ৫ কোটি টাকার প্রলোভন প্রথম কিস্তিতে তুলে ধরেছেন। যদি এই পরিকল্পনা তোমরা গ্রহণ কর, সেই অনুসারে আজকে বিধান সভা এবং বিধান পরিষদ আইন পাশ করে দেয় তাহলে নগদ ৫ কোটি টাকা প্রথম কিস্তিতে দেওয়া হবে। সেই সম্পর্কে কোন বক্তব্য নেই। তারপরে কল্যাণী বিশ্ববিদ্যালয়—সেখানে আমেরিকার সাহায্য কি পাওয়া যেত তার একটু ক্ষীণ আভাষ বইটির মধ্যে রয়েছে। কিন্তু খবরের কাগজে কয়েক দিন ধরে বিস্তৃত খবর বের হচ্ছে যে কল্যাণী বিশ্ববিদ্যালয় আমেরিকান সদস্যদের মনমত না হবার ফলে সেটাকে বন্ধ করে দেবার উপক্রম হচ্ছে। টাকাকড়ি তারা আর সাহায্য করবেন না। এই যে বিরাট একটা আশঙ্কা চলছে সেই সম্পর্কে কোন উল্লেখ তিনি করেন নি। সমস্ত বিধান সভা এবং বিধান পরিষদকে তারা অন্ধকারে রাখবার চেষ্টা করেছেন। বাংলাদেশে এই যে ৫ হাজার কলেজের অধ্যাপক আছেন তাদের যে চাকরীর যে সর্ত তারা কি মাহিনা পান, এবং তাদের সম্পর্কে যে ইউনিভার্সিটি কোড কমিশন নিযুক্ত হয়েছিল, যে ইউনিভার্সিটি কমিশন কোড পরিচালনা করেছিলেন সুযোগ্য বিচারপতি ফণীভূষণ চক্রবর্ত্তী তাঁর কি সিকমেণ্ডেসান সে সম্পর্কে কোন উল্লেখ এই সভাতে কোন দিন শুনিনি।

এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে যে সমস্ত বেসরকারী কলেজগুলি আছে তাদের অধ্যাপকদের সংখ্যা আমি আগেই বলেছি যে ৫ হাজার। তারা দীর্ঘ দিন ধরে সরকারের কাছে সুবিচারের জন্য প্রার্থনা করেছিলেন। তারা ধৈর্য ধরে অনেক দিন অপেক্ষা করেছিলেন এবং তারা ভেবেছিলেন যে পশ্চিমবঙ্গ সরকার এই অধ্যাপকদের যোগ্য সম্মান দিতে পারবেন। তাঁরা যে বেতনের হার পান সেই বেতনের হারের একটা সংস্কার তাঁরা করবেন কিন্তু ধৈর্য্যের একটা সীমা আছে বরফ গলতে সুরু করেছে। সেদিন প্রাথমিক শিক্ষকরা এসেছিলেন আমাদের এই আইন সভা ভবনের সম্মুখে মাধ্যমিক শিক্ষকরা তার পূর্বে এসেছিলেন, আবার কলেজের শিক্ষকরা তাঁদের পুরাতন দিনের লজ্জা এবং ভীরুতা ছেড়ে দিয়ে রাজপথে নামবেন, আগামী এপ্রিল মাসে ঠিক হয়েছে যে সুরেন্দ্র মল্লিক স্কোয়ারে প্রবীন এবং নবীন অধ্যাপকরা দলবদ্ধভাবে নীরব শোভা যাত্রা করে আইন সভার দিকে অগ্রসর হবেন এবং যদি কোন কারণে আইন সভা বন্ধ থাকে তাহলে তাঁরা রাইটার্স বিল্ডিংসএর সম্মুখে বিনম্রভাবে অপেক্ষা করবেন যে এই পশ্চিমবঙ্গ সরকার তাঁদের ভাগ্য সম্বন্ধে কোন সুবিচার করতে রাজী আছেন কিনা। যে বেতন তাঁরা পেয়ে থাকেন সেই বেতন এত সামান্য যে তা উল্লেখ করা যায় না। ১৯৬১ সালে বেতন হারের যে সংস্কার হয়েছিল মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে তার থেকেও কম বেতন পান কলেজের শিক্ষকরা। সরকার পরিচালিত যে স্পনসোর্ড কলেজগুলি রয়েছে সেই স্পনসোর্ড কলেজের একজন এম এ পাশ অধ্যাপকের প্রথম নিযুক্তি হচ্ছে ১৫০ টাকাতে। সেখানে মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে তাঁরা স্থির করেছেন ২১০ টাকাতে তাঁকে নিযুক্ত করতে হবে। ২ বছর ধরে তাঁদের অস্থায়ীভাবে রাখা হয় এবং তারপর তাঁদের যখন পার্মানেণ্ট করা হয় তখন যেদিন থেকে চাকরি সুরু হয়েছে সেদিন থেকে নয়, যেদিন সিলেকসান কমিটি তাদের মনোনীত করেছেন সেদিন থেকে তাঁদের স্থায়ী করা হয়। আমাদের ফণি ভূষণ চক্রবর্ত্তী মহাশয় যে বিরাট রিপোর্ট লিখেছেন, বাংলাদেশের সমস্ত কলেজের অবস্থা মন্থন করে যে ইতিহাস উদ্‌ঘাটিত করেছেন তার একটা অংশ দেখবার আমার সুযোগ হয়েছিল যেটা আমাদের সমিতির কাছে পাঠান হয়েছিল এবং তাতে তিনি বলেছেন যে এখানকার কলেজের শিক্ষকদের বেতনের হার শোচনীয়। আনডিউলি লে[1]

এই সব বিশেষণ তিনি ব্যবহার করেছেন। ১৯৫৮ সালে বেতন হারের সংস্কার হয়েছিল, তারপর তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে বহু রকমের পেশাতে বহু রকমের মাহিনা পরিবর্তিত হল, কিন্তু কলেজের শিক্ষকদের ক্ষেত্রে কোন রকম পরিবর্তন কিছু হল না। ইউনিভার্সিটি গ্রাণ্টস কমিশন এর যিনি চেয়ারম্যান ছিলেন ডঃ সি ডি দেশমুখ, তিনি বলেছিলেন যে ইউনিভার্সিটি গ্রাণ্টস কমিশনের রেকমেণ্ডেশান হিসাবে কলেজের শিক্ষকদের বেতন সরকারের প্রথম শ্রেণীর কর্মচারীদের বেতন হওয়া উচিত। সেই হিসাবে কলেজের অধ্যাপকরা দাবি করেছেন যে তাঁদের বেতনের হার হবে ৩৫০ থেকে ৯৫০ টাকা। আজকে যদি কলজের শিক্ষা ব্যবস্থাকে সুষ্ঠু ভিত্তির উপর গড়ে তুলতে হয় তাহলে আজকে আপনাদের একটু কল্পনা শক্তি ব্যবহার করতে হবে এবং একটু দূরদৃষ্টির পরিচয় দিতে হবে। যে মাহিনা দিচ্ছেন এতে কোন ভদ্রলোক তার পেশার প্রতি সুবিচার করতে পারেন না। আজকে অবস্থা দাঁড়াচ্ছে এই যাঁরা ট্যালেণ্ডেড পিপল তাঁরা, এই শিক্ষার দিকে আকৃষ্ট হচ্ছেন না, অন্য দিকে ঝুঁকে পড়ছেন। এই যদি অবস্থা হয় তাহলে বলতে হবে যে পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রে একটা ঘোরতর দুর্দিন নেমে আসছে। সেদিন প্রাথমিক শিক্ষকরা এসে কলকাতার জনসাধারণের কাছে যে বক্তব্য রেখেছিলেন সেটা শুধু তাঁদের নিজস্ব বিভাগের বক্তব্য নয়, সেটা হচ্ছে সমগ্র শিক্ষা ব্যবস্থার উন্নতি তাঁরা দাবি করেছিলেন। কলকাতার সাধারণ মানুষকে, নাগরিককে তাঁরা প্রশ্ন করেছিলেন, আইন সভার সদস্যদের কাছে তাঁদের বক্তব্য বিনয় সহকারে পোছে দিয়েছিলেন যে পশ্চিমবঙ্গে ৩৮ হাজার গ্রাম, আর ৩২ হাজার প্রাথমিক বিদ্যালয়, ১০ হাজার গ্রামে প্রাথমিক বিদ্যালয়ের কোন চিহ্ন নেই এবং এই ৩৮ হাজার গ্রামের মধ্যে এই ১৬ বছরে পশ্চিমবঙ্গ সরকার মাত্র ১৪ হাজার গ্রামে নামকোয়াস্তে কম্পালসারী প্রাইমারী এডুকেশান করেছেন। তাঁদের প্রশ্ন বাকি ২৪ হাজার যে গ্রাম অবশিষ্ট থাকল সেখানে কতদিন লাগবে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, সার্বজনীন এবং বাধ্যতামূলক করতে?

আজকে পশ্চিমবাংলায় যে ৩২ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে তাতে বেসিকের সংখ্যা হচ্ছে মাত্র ১৮ শো। সুতরাং আজকে প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কোন নীতি অনুসারে চলছে—বেসিক শিক্ষা এখানে চলবে, না সেই পুরানো সাবেকি শিক্ষা ব্যবস্থা চলবে এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারকে মনস্থির করতে হবে, দুই নৌকায় পা দিয়ে চল্লে চলবে না এবং আমাদের শিশুরা গিনিপিগ নয়, কাঁচামাল নয় যে ল্যাবরাটরীতে নিয়ে তাদের পরীক্ষা করবে। এই বুনিয়াদী শিক্ষা সম্পর্কে আজকে পরীক্ষা নিরীক্ষার পর দেশের সর্বশ্রেষ্ঠ শিক্ষাবিদ যাঁরা তাঁরা বলতে আরম্ভ করেছেন এটা ভ্রান্ত এবং আমাদের যিনি ভাইস প্রেসিডেণ্ট ডাঃ জাকির হোসেন তিনি মন্তব্য করেছিলেন এই বেসিক এডুকেসন সম্বন্ধে বাই এণ্ড লার্জ এ ফ্রড একটা জুয়াচুরি চলছে। আমি শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করবো এই বুনিয়াদী স্বপ্ন বিলাসের নাম করে আর কত অর্থের অপচয় করবেন এবং প্রাথমিক শিক্ষার অগ্রগতিকে টেনে রাখবেন? আমি আর একটা প্রশ্ন আপনার কাছে তুলছি, আমাদের পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ে বৎসরে ছাত্রপিছু ২৬ টাকা খরচ করা হয়, অর্থাৎ যদি ৩০০ দিন হিসাব করেন তাহলে পরে দেখতে পাবেন ১০ নয়া পয়সা প্রতিদিন প্রাথমিক শিক্ষার জন্য ছাত্রপিছু ব্যয় করা হয় না এর সেখানে ২৬ টাকা বছরে খরচ করা হচ্ছে ঐ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের জন্য সেখানে বুনিয়াদী বিদ্যালয়ের ছাত্রদের জন্য বছরে ৪২ টাকা খরচ করা হচ্ছে, এই ডিসক্রিমিনেশান কেন? যেখানে খরচ করতে পারেন না সেখানে একজন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রের জন্য মাত্র ১০ নয়া পয়সাও প্রতিদিন খরচ করেন না সেখানে বুনিয়াদীর নাম করে এই স্বপ্নবিলাস, এই অর্থের অপচয় কেন এবং আপনার কাছে আর একটা প্রশ্ন আমি তুলবো যে আমাদের শিক্ষামন্ত্রী একটা ভূত আবিষ্কার করেছেন সেটা হচ্ছে জনসংখ্যার ভূত, তার ঘাড়ে সমস্ত দোষ চাপিয়ে তিনি নিজেকে অব্যাহতি দিতে চান। আমার প্রশ্ন হচ্ছে যে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে কিন্তু শিক্ষার বাৎসরিক বৃদ্ধির হারটা কেন সেই তালে বাড়তে পারছে না? পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগ সেই অনুসারে কেন নিজেদের শক্তি এবং তাদের যে অর্থ তাকে কেন নিযুক্ত করে না। কেরালায় জনসংখ্যার সমস্যা আছে, সেখানে তারা ১০০ ভাগ ছাত্রছাত্রীকে প্রাথমিক বিদ্যালয়মুখী করতে পেরেছেন কিন্তু পশ্চিমবাংলার দুর্ভাগ্য হচ্ছে আমরা ক্রমেই পেছনের সারি থেকে নেমে আসতে আরম্ভ করেছি

এবং মাননীয় সদস্যরা এটা জানলে পর বিস্ময়ে হতবাক হয়ে যাবেন যে এমন দিন হয়ত পশ্চিমবাংলায় আসছে যখন দেখা যাবে স্বাক্ষরতার হার বাড়ছে না, নিরক্ষরতার হার বাড়ছে এবং এই যদি অবস্থা হয় তাহলে শিক্ষা মন্ত্রীর উচিত হচ্ছে এখনই পদত্যাগ করা। যে শিক্ষকরা এসে ছিলেন তাঁরা বলে ছিলেন যে বাংলাদেশে প্রাথমিক শিক্ষাকে কলেজ ষ্ট্রীটের চোরাকারবারীদের কাছে বন্ধক দেয়া চলবে না। আজকে বাংলাদেশের লক্ষ লক্ষ প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের লেখাপড়া বন্ধ হয়ে গেছে এবং এই রাজ্যে আজকে বিরাট নৈরাশ্য চলছে, বিশৃংখলা চলছে—তার হাত থেকে প্রাথমিক শিক্ষকে উদ্ধার করতে হবে। সহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটা আইন পাশ করেছেন ১৯৬৩ সালে আর্বান প্রাইমারী এডুকেসন অ্যাক্ট যা নিয়ে আমাদের শিক্ষামন্ত্রী পরম সন্তোষ লাভ করেন কিন্তু এটা থোড়বড়ি খাড়া, মিউনিসিপ্যালিটির ঘাড়ে সমস্ত দায়িত্ব চাপিয়ে দিয়ে বসে আছেন, শিক্ষা পরিচালনায় সমস্ত দায়িত্ব সেইটুকু আদায় করলে কিছু অর্থ দেবেন কিন্তু শিক্ষা পরিচালনায় দায়িত্ব তাদের ঘাড়ে রয়ে গেছে। এরই নাম হচ্ছে মিউনিসিপ্যালাইজেসন অব প্রাইমারী এডুকেসন কিন্তু আজকে এত বছর হয়ে গেল ৩টা মাত্র মিউমিউনিসিপ্যালিটি সাড়া দিয়েছে। সুতরাং বুঝতেই পারছেন যে আপনি ঘোড়াকে জলের কাছে নিয়ে আসতে পারেন কিন্তু ঘোড়াকে আপনি জল খাওয়াতে পারেন না। মিউনিসিপ্যালিটি করেনি করবে না—তাদের সাধ্য নেই। সুতরাং আমারা যে কথা বলেছি, আজকে সমস্ত বাংলাদেশের গ্রামে এবং সহরে সমস্ত প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে নুতনভাবে ঢেলে সাজান এবং একটা সংস্থা গঠন করুন, যেমন বোর্ড অব সেকেণ্ডারী এডুকেসন করেছেন, মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে ঠিক তেমন প্রাইমারী এডুকেসনে কেন করবেন না? ১৯৩০ সালের আইন রয়েছে যে আইন সম্পর্কে আপনার অদ্ভুৎ মমত্ব আছে এই আইনের মধ্যে একটা অংশে আছে সেণ্ট্রাল প্রাইমারী এডুকেসান কমিটি, আপনি কি তা গঠন করেছেন? বরং আমার বন্ধু মহীতোষবাবু এ সম্পর্কে বহুদিন ধরে চেষ্টা করছেন যে একটা সংস্থা হোক—যে সংস্থার মধ্য দিয়ে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পরিচালিত হবে।

আজকে আপনারা জানেন, একটু আগে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় উত্তর দিলেন যে পশ্চিমবাংলায় ছয় থেকে এগার বৎসর শিশুদের জন্য শিক্ষা প্রবর্তন করতে পারেন নি। তিনি করেছেন ছয় থেকে দশ বৎসর পর্যন্ত। এই দশ বৎসর পূর্ণ হলে পর, তার কাছে শিক্ষার দ্বার রুদ্ধ হয়ে যাচ্ছে। সুতরাং আজকে ভেবে দেখুন যে পশ্চিম বাংলায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে কি নৈরাশ্য, কি অরাজকতা সৃষ্টি হচ্ছে। এবং তারই বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য আজকে বাংলা দেশের পাঁচ হাজার শিক্ষকরা এসে ছিলেন। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করে ছিলাম—যান, চলুন, তাঁদের মুখ থেকে আপনি শুনুন। কিন্তু—তাতে তিনি সম্মত হননি।

আমি আর একটা প্রশ্ন সম্পর্কে কিছু উত্থাপন করতে চাই। আপনাকে আমি একটা বৈধতার প্রশ্ন জিজ্ঞাসা করছি যে আমাদের নদীয়া জেলায় স্কুল বোর্ডের সভাপতি হচ্ছেন মাননীয় মন্ত্রী ফজলুর রহমন সাহেব,—মন্ত্রী হয়ে কি কোন স্বায়ত্ব শাসন সংগঠনের সভাপতি হতে পারেন? এই রকম ধরণের প্রতিষ্ঠানের সভাপতি বা চেয়ারম্যান হওয়া তাঁর পক্ষে চলে কিনা? স্যার, এটা আপনি একবার বলবেন এ সম্পর্কে আপনার মত কি,—যে মন্ত্রী মন্ত্রী হয়ে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান হওয়া যায় কিনা? বা কেন স্কুল বোর্ডের প্রেসিডেণ্ট হওয়া যায় কি না? কলিকাতা সহরে রাজভবনে তিনি থাকেন এবং নদীয়া থেকে প্রত্যেক দিন বহু লোক আসছে তাঁর কাছে থেকে সই নেবার জন্য এবং তিনি চিন্তাহীন কতকগুলি সই করে দেবেন। তাঁর কাছে অর্থ ব্যয় করে এই সমস্ত কর্মচারীরা আসছেন এবং তার জন্য আপনার প্রচুর অর্থ ব্যয় হচ্ছে, টি, এ দিতে হচ্ছে। কিন্তু এখনও এখানে এমার্জেন্সী চলছে, এই এমার্জেন্সীর সময় ফাইন্যান্স ডিপার্টমেণ্টের রুল রয়েছে যে নন এসোসিয়েল জার্নি উইল বি কমপ্লিটলি এলিমিনেটেড সেখানে আজকে এই ধরণের ব্যাপারে অর্থের অপচয় হচ্ছে। ফজলুর রহমন সাহেব একজন জবরদস্ত প্রেসিডেণ্ট, তিনি কলকাতা সহরে থাকলেও তিনি যে ভাবে সেই ট্রান্সফারের চাবুক ব্যবহার করছেন, সেটা শুনলে অবাক হয়ে যাবেন।

Mr. Chairman: Has the President taken any emoluments?

Shri Nirmalya Bagchi: No, but it is a question of propriety. It is a matter of constitution. A Minister is a Government servant.

The Hon'ble Saila Kumar Mukherjee: Ministers are not Government servants.

Shri Nirmalya Bagchi:

অলরাইট সে সম্পর্কে ডিসকাসান পরে হবে।

Shri Rabindra Lal Sinha:

এই সম্পর্কে লিগ্যাল ওপিনিয়ন কি চেয়ারম্যান দেবেন?

Shri Nirmalya Bagchi:

এই সম্পর্কে প্রশ্ন আমি চেয়ারম্যানকে ছাড়া আর কাকে করবো। আপনাকে করবো?

Shri Rabindra Lal Sinha:

আপনি লিগ্যাল এডভাইস নেবেন।

Shri Nirmalya Bagchi:

আমাদের এখানে চেয়ারম্যানই হচ্চেন এপিটস অব অল উইসডম টু মি সুতরাং চেয়ারম্যানের কাছে আমি জিজ্ঞাসা করবো।

এখানে দেখুন স্যার, এই ট্রান্সফার-এর চাবুক কি ভাবে ব্যবহৃত হচ্ছে। নিত্যানন্দ বর্মন' তাকে ট্রান্সফার করা হয়েছে ৪৭ মাইল দূরত্বে। জব্বর আলি মোণ্ডল, তাকে ট্রান্সফার করা হয়েছে ৫০ মাইল দূরত্বে। অমর রায় তাকে ৫৮ মাইল দূরত্বে ট্রান্সফার করা হয়েছে। ব্রজেন মজুমদার, তাকে ট্রান্সফার করা হয়েছে ৪১ মাইল দূরত্বে, এবং অচ্যুতানন্দ বিশ্বাস, তাকে ৫৮ মাইল দূরত্বে ট্রান্সফার করা হয়েছে। ৫০ মাইলের নীচে কাউকে ট্রান্সফার করা হয়নি।

(Here Red Light was lit.)

স্যার, আর একটু বাকী আছে। আমি বলবার আগে শুধু আর কয়েকটি কথা বলে যাচ্চি। আমাদের সাথে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের ২৮এ জানুয়ারী তারিখে সাক্ষাৎ হয়েছিল। তখন তিনি ঐ সাক্ষাৎকারের সময় বলেছিলেন যে আপনাদের ১০০ টাকা মাইনে এবং ২৬ টাকা মাগ্গিভাতা প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে করতে পারবো না। কিন্তু তিনি কতকগুলি প্রতিশ্রুতি দিয়েছিলেন। তাতে তিনি বলেছিলেন যে পুরুলিয়া জেলার শিক্ষকরা ১৭ মাস,—সেই ১লা নভেম্বর, ১৯৫৬ সাল থেকে ৩১এ মার্চ, ১৯৫৮ সাল পর্যন্ত, পশ্চিমবঙ্গের হারে যে মাইনা পেলেন না, সে সম্বন্ধে তিনি বিবেচনা করবেন যদি সরকারের অন্যান্য শ্রেণীর কর্মচারীদের ঐ ১৭ মাসের মাইনা পশ্চিমবঙ্গের হারে দেওয়া হয়। এখানে মাননীয় শিক্ষা মন্ত্রী ও অর্থমন্ত্রী উভয়েই উপস্থিত আছেন, তাঁদের আমি দৃষ্টি আকর্ষণ করছি ফাইন্যান্স ডিপার্টমেণ্টের ২৮এ জন, ১৯৬১ সালের একটি সার্কুলারের প্রতি তাতে বলা হচ্ছে যে—

Governor has been pleased to decide that with effect from 1st March, 1958 mentioned in G.O. quoted above 1st November 1956 should now be read

আমার মনে হয় যে শিক্ষা মন্ত্রী মহাশয় এবার একটা সিদ্ধান্ত গ্রহণ করত পারেন, তাহলে পরে পুরুলিয়া জেলার প্রাথমিক শিক্ষকরা এবং ইসলামপুর মহকুমার প্রাথমিক শিক্ষকরা দীর্ঘ

দিনের একটা অবিচারের হাত থেকে বেঁচে যাবে। তিনি বলেছিলেন যে প্রাথমিক শিক্ষকদের জীবন বিষময় হয়ে উঠেছে—এই ট্রান্সফারের জন্য, এবং তিনি এর প্রতিকারের জন্য আশ্বাস দিয়েছিলেন। আমরা যা বলি, তা তিনি কিছুটা পরিমানে স্বীকার করেছিলেন এবং তিনি বলেছিলেন যে ঐ সার্কেলের মধ্যে এঁরাও যাতে সীমাবদ্ধ থাকে তার জন্য চেষ্টা করবেন। তিনি বলেছিলেন যে জলপাইগুড়ির প্রাথমিক শিক্ষকরা, যারা ১৪।।০ টাকা মাত্র মাইনা পেতো, তাদের ৪৫৲ ও ৫০৲ টাকা মাইনেতে উন্নীত করেছেন। কিন্তু তার ফলে একটা নতন শ্রেণী সৃষ্টি হচ্ছে।

তিনি বিবেচনা করেছিলেন যে এরা "গ" শ্রেণীর শিক্ষক এদের "গ" শ্রেণীর যে বেতন সেই ৬৫-১-৭০ সেই মাহিনা দেবার তিনি ব্যবস্থা করবেন। এবং তিনি আরও প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বাংলাদেশে স্পেশ্যাল কেডার শিক্ষক আই. এ. এবং বি. এ. যারা রয়েছে তাদের মোট সংখ্যা হচ্ছে ৮৪১ জন তাদেরকে তিনি মাধ্যমিক বিদ্যালয়ে উপযুক্ত বেতনে এবজর্ব করবার চেষ্টা করবেন। আমি সেজন্য বলছি আমাদের শিক্ষা মন্ত্রীকে এবং পশ্চিম বঙ্গের শাসকগোষ্ঠীকে এই শিক্ষকদের নিয়ে আপনারা ছিনিমিনি খেলবেন না। এই শিক্ষকদের অযথা উত্তেজিত করবেন না। তাদের যে দাবী ন্যায়সঙ্গত এটা স্বীকার করে নিন। সুতরাং এদের দাবী সম্পর্কে আপনারা বিবেচনা করুন এবং এদেরকে যদি ঠেলে দেন আপনারা আরও সক্রিয় আন্দোলনের পথে তাহলে সারা দেশ আপনাদের দায়ী করবে।

Shri Nanda Kishore Ghose: Mr. Chairman, Sir, I had no intention to take part in the discussion on the West Bengal Appropriation (No. 2) Bill, but since some statements have been made by Shri Nirmalya Bagchi on the subject of the work of the Ford Foundation in connection with the Calcutta University, I feel called upon to say something. Sir, being a member of the Syndicate, I claim to know what is going on in the University. It is true, Sir, that at the invitation of the Vice-Chancellor the Ford Foundation were pleased to send some consultants to study the problems of the Calcutta University and nothing more. The consultants from the Ford Foundation have been at their work. Everybody acquainted with the working of the Calcutta University knows that the University has its own problems just as any other institution like administration, examination and other things. So there is no harm if we get experts from other countries to come and study our problems entirely at their own cost and give us their valuable suggestions for our consideration. It is entirely a labour of love that the Ford Foundation has undertaken. Sir, I make this categorical statement that there is no promise of any financial help from the Ford Foundation administration. It is incorrect to say that they have promised to pay Rs. 5 crores. There is no such promise. The University on its part has not spent a single farthing for the Ford Foundation consultants who are working at the University; we do not even offer them a cup of tea. It is entirely a labour of love they have undertaken, though they have submitted a report to the Vice-Chancellor. The Vice-Chancellor has already circulated to the members of the Senate and the Syndicate copies of the report of the Ford Foundation consultants, together with the Vice-Chancellor's own recommendations regarding certain revisions of the Act. All these aspects will come up for consideration at the meeting of the Senate on the 30th March, 1964 and it will be for the Senate to consider if any of them would be acceptable. I believe on this matter the Senate is the appropriate authority to make recommendations.

Sir, my only object in pointing out these things is that there is no collusion, as suggested by some members of the House, between the University authorities and the Ford Foundation consultants. It would be a disservice to the organisation like the Ford Foundation to suggest that it

is influencing the University for revision of the Calcutta University Act in the light of their recommendations. In fairness to this organisation it must be said that they have submitted their report and it is for the University to accept it or not.

Thank you, Sir.

[1-20—1-30 p.m.]

Shri Subodh Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই দ্বিতীয় এ্যাপ্রোপ্রিয়েসান বিলের আলোচনা প্রসঙ্গে কতকগুলি নীতির উপর অত্যন্ত বিনীতভাবে সরকার পক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। প্রধানতঃ আমি ভূমি সংস্কার আজকে কি অবস্থায় এসেছে সেদিকে ওঁদের দৃষ্টি আকর্ষণ করি এবং আমি ওঁদের বলি যে ওঁরা যদি গ্রামাঞ্চলে খোঁজ নেন তাহলে দেখবেন যে ১০ বছর ভূমি সংস্কার আইন পাশ হলেও—আমরা আগেই বলেছি যে জমি বেনামী হয়েছে, অন্য নামে এমন কি হাতির নামে পর্যন্ত জমি বেনামী হয়েছে, কিন্তু তারপরে যে অবস্থা আজকে এসেছে সেটা হচ্ছে জমি পরিস্কারভাবে উদ্বৃত্ত রেকর্ড হয়ে গেছে, তারপরে সেই জমি নিয়ে কি করা হবে সেই জায়গায় একটা অচল অবস্থা এসে দাঁড়িয়েছে। আমি বিশেষ করে মন্ত্রী মণ্ডলীকে অনুরোধ করব যে ওঁরা শুধু কাগজপত্রের উপর নির্ভর না করে যদি গ্রামে গ্রামে যান তাহলে দেখতে পাবেন যে অধিকাংশ জমি যেগুলি উদ্বৃত্ত হয়ে গেছে সেগুলি আজ পর্যন্ত প্রাক্তন জোতদারদের দখলে রয়েছে। ওঁরা ১০(২) ধারা প্রয়োগ করছেন না, জমি নিচ্ছেন না এবং সেগুলি নিয়ে নানা প্রকারের লিটিগেশান সুরু হচ্ছে, মামলামোকদ্দমা হচ্ছে, খুন জখম হচ্ছে এবং সমস্ত কৃষি ব্যবস্থার মধ্যে একটা অনিশ্চয়তা দেখা দিচ্ছে দিনের পর দিন। আমি ওঁদের এই কথা বলতে পারি যে এইসব জোতদাররা যারা পরিস্কারভাবে অন্যের নামে জমি রাখত এখন দেখছি তারা আবার প্রত্যেকটি প্লটের মধ্যে ডেসিম্যাল ডেসিম্যাল করে এমন ভাবে রাখছে যে যে জমির হয়ত শতকরা ৯৯ ভাগ খাস হয়ে গেছে সেই জমির উপর হয়ত ১ পার্সেণ্ট রিটেণ্ড ল্যাণ্ড রয়েছে। তার ফলে সেই জমির উদ্বৃত্ত ফসল কার হাতে যাবে, ৯৯ পার্সেণ্ট খাস সেটা কৃষক নেবে, না .১ পার্সেণ্ট যেটা রিটেণ্ড করে রেখে দিয়েছে সেই অধিকার বলে জোতদাররা সেই জমির ধান জোর করে নিয়ে যাবে? এবং সেই জমি নিয়ে মামলা মোকদ্দমা হলে জোতদারা পুলিশ প্রোটেকসান পান এবং এই রকম একটা অবস্থার মধ্যে খাস মহল এবং ল্যাণ্ড রিফর্ম ডিপার্টমেণ্ট সম্পূর্ণ অসহায় অবস্থার মধ্যে বসে আছে। তাদের আমরা যখন বলি যে তোমরা ঐ জমি ১০(২) করছ না কেন তখন তারা বলে যে ঐ জমির পার্টের .১ পার্সেণ্ট রিটেণ্ড হয়েছে, আমরা কিভাবে দখল নিই। কাজেই আমি ওঁদের কাছে অনুরোধ করব যে যদি এখনও ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টের ফুল প্রুফ করা না হয়ে থাকে তাহলে এমন একটা কিছু এ্যারেঞ্জমেণ্ট করুন যাতে যেখানে বদমৎলবে এবং ফাঁকি দেবার জন্য জোতদাররা এইভাবে ডেসিম্যাল ডেসিম্যাল করে প্রত্যেকটি প্লটের মধ্যে কিছু কিছু রিটেণ্ড করে পজেসান নিতে চাচ্ছেন সরকারের দ্বারা এবং ভাগচারীদের হাতে জমি আসছে না সেই জায়গায় ফুল প্রুফ করে এ্যাকোয়ার করতে পারেন। আমি জানি যে জমি খাস হয়ে গেছে তার মধ্যে হয়ত .১ পার্সেণ্ট, ১ একরের মধ্যে হয়ত ১ কাঠাও নয়, এইটুকু রিটেণ্ড করে রেখেছে। সরকার থেকে ১০(২) করে পজেসান নিচ্ছেন না, এর জন্য নতুন ধরণের কমপ্লিকেশান সুরু হচ্ছে এবং কৃষিতে একটা অনিশ্চয়তা দেখা দিচ্ছে যে, এর ফসল কে পাবে। খাস হয়ে গেছে অথচ কৃষককে জমি দেওয়া হচ্ছে না ৫ বৎসর ধরে। খাস ডিপার্টমেণ্ট বলছে কি করে নিই মহাশয়, জোতদারদের পার্ট রয়েছে, আমরা ১০(২) করতে পারছি না। জোতদাররা ফসল নিয়ে যাচ্ছে, মামলা মোকদ্দমা হচ্ছে। এই দিকে আমি ওঁদের একটু দেখতে বলি এবং এই অনুরোধ করে আমি শেষ করছি।

Shri Narendra Nath Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ঐ ২নং অ্যাপ্রোপ্রিয়েসন বিল আলোচনা প্রসঙ্গে আমি গ্রাণ্ট নং ১৫ পুলিশ সম্পর্কে আপনার মাধ্যমে কয়েকটি কথা রাখতে চাচ্ছি। স্যার, পুলিশ সম্পর্কে

এখানে আমরা গত অ্যাপ্রোপ্রিয়েসন বিলেও কিছুটা আলোচনা করেছি, তবে আমি আজকের এই আলোচনা প্রসঙ্গে বিশেষ করে সেদিন বেলঘরিয়ায় যে অত্যন্ত নিদারুণ ঘটনা ঘটেছে সে সম্পর্কে পুলিসের যে ভূমিকা সেটা সম্বন্ধে আপনার কাছে কয়েকটা কথা রাখতে চাচ্ছি। স্যার, এই বেলঘোরিয়ায় যে রাস্তায়, অর্থাৎ ওল্ড নিমতা রোডে রোজই গত জানুয়ারী থেকে পেট্রোল পুলিশ রাত্রে তহল দিত কিন্তু আশ্চর্য্যের বিষয় যে ১৬ তারিখের রাত্রে যেদিন এই দুর্ঘটনা ঘটলো ৯ কি ৯।।০ টার সময় সেদিন ওখানে কোন পেট্রোল পুলিশ ছিল না। সেদিন একবারের জন্যও বেলঘরিয়ার থানার পেট্রোল পুলিস সেখানে যায় নি। আমি এই দাঙ্গা সম্পর্কে আলোচনা করতে গিয়ে স্যার, একটা কথা আপনার মাধ্যমে গোড়ায় তুলবো এবং একটা জেনারেল থিওরী হিসাবে যে যখন প্রথম দাঙ্গা হয় তখন প্রথম ২।৩ দিন পুলিশকে দেখা যায় নি। কিন্তু ২।৩ দিন পরে তারা রুদ্রমূর্ত্তি ধরে লোকের উপর ঝাঁপিয়ে পড়ে, সেখানেও ঠিক তাই হয়েছে। সেদিন পেট্রোল পুলিশ ছিল না কিন্তু যখন ঘটনাটা ঘটলো তারপরে তারা এসে অত্যাচার করেছে এবং নিরীহ নাগরিকদের উপর অত্যাচার করেছে সেকথাই বলছি। ৯।।টার সময় বিভা সিনেমার সেকেণ্ড শো যখন বন্ধ হয়ে গেল তখন কাউকে সেখান থেকে বের হতে দেয়া হয়নি। ৯।। থেকে ৪।। পর্যন্ত শুধু মেয়েদের যেতে দেয়া হয়েছে, আর সমস্ত লোককে আটকে রেখে দেয়া হয়েছে। সেখানে ২৪ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে এবং তাদের সবারই হাতে টিকিট ছিল। গ্রেপ্তার কি রকম ভাবে হয়েছে তা শুনে আশ্চর্য্য হবেন—আমি যতদূর শুনেছি ওখানে যখন দুর্ঘটনা ঘটে তার সঙ্গে নাকি সেখানে বোম ফেলা হয়েছিল, তারপরে হত্যালীলা চলেছে। আপনি জানেন যে সহরতলী অঞ্চলে সমস্ত সিনেমার সমনে কিছু কিছু বাদাম বিক্রেতা থাকে তারমধ্যে একজন চিন্তাহরণ দে বলে বাদাম বিক্রেতা—তার হাত নেই সেখানে একটা হাত নেই যে মানুষের তাকে সেদিন গ্রেপ্তার করা হয়েছে ওখান থেকে যে যে হত্যালীলায় সাথে এই বলে যুক্ত ছিল। তারপরে স্যার, আরো আশ্চর্য্যের বিষয় যে কাদের গ্রেপ্তার করা হয়েছে? সেখানে রণজিৎ দাস, ১৩ বছর বয়স, ক্লাশ ৯-এ পড়ে তাকে গ্রেপ্তার করা হয়েছে; মনোরঞ্জন বারুই, ক্লাশ ৯-এ পড়ে তাকে গ্রেপ্তার করা হয়েছে; রবীন্দ্র দেবনাথ, তাকে গ্রেপ্তার করা হয়েছে। পরের দিন ছেলেরা বেড়াতে গেছে, তারা জানতো না দুর্ঘটনা ঘটেছে সেসব ছেলেদের গ্রেপ্তার করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে যখন পুলিশের থাকা উচিত তখন পুলিস সেখানে থাকছে না কিন্তু ছোট ছেলে এক হাত নেই, গরীব যে হকার তাকে নিয়ে গ্রেপ্তার করছে।

[1-30—1-40 p.m.]

তারপর আরও আশ্চর্যের বিষয় যে ব্যাপারটাকে এই রকম করে ঘোরালে করা হল। আজ দেখা যাচ্ছে সেখানে মনি কাঞ্জিলাল বলে একজন কংগ্রেস কর্মী গ্রেপ্তার হয়েছেন। আশ্চর্যের বিষয় এই যে, যখন মনি কাঞ্জিলাল গ্রেপ্তার হলেন, তখন থেকেই এই যে ঘটনাটা, সেটা দুটা ইউনিয়নের দুর্ঘটনায় রূপান্তরিত হল। এই মনি কাঞ্জিলাল বাবুর গ্রেপ্তারের আগে পর্যন্ত বলা হচ্ছিল যে এই দুর্ঘটনাটি হচ্ছে কমিউন্যাল ডিসটারবেঞ্চ-এর ব্যাপার। কিন্তু যে মুহূর্ত্তে ঐ কংগ্রেস কর্মীটি গ্রেপ্তার হলেন, তখন থেকে এটার রূপ বদলে গিয়ে হল ইউনিয়নের রাইভ্যালরি ব্যাপার। এটা কম্যুনিষ্ট ইউনিয়ন এবং কংগ্রেস ইউনিয়ন এর রাইভ্যালরির ব্যাপারের পর্যায় দাঁড় করান হল। স্যার, আমার বক্তব্য হচ্ছে সরকার এখানে আগে থেকে সতর্ক হতে পারতেন। এক মাস আগে মোহিনী মিলের ভিতরে দুজন সংখ্যালঘু সম্প্রদায়ের লোক, তারা ডেগার হাতে গ্রেপ্তার হয়েছিল। তাদের পুলিশ যেখান থেকে গ্রেপ্তার করে সেখানে একটা থমথমে ভাব বহুদিন থেকে চলছিল। কিন্তু তা থাকা সত্ত্বেও, যেদিন ঐ দুর্ঘটনা ঘটলো, সেদিন সেখানে কোন পুলিশ ছিল না। আমি আপনার মাধ্যমে এইটাই অনুসন্ধান করতে বলছি যে সেদিন ঐখানে সেই সময় কোন পুলিশ কেন উপস্থিত ছিল না?

স্যার, তারপরে আমি গ্র্যাণ্ট নাম্বার ১৩ লেবার সম্বন্ধে বলতে গিয়ে, বলছি যে সপ এ্যাসিস্টেণ্টস বিল আমরা এখানে ১৯৬৩-তে পাশ করি। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় সেই ১৯৬৩-র যে সপ এসিস্টেণ্টস বিল বা এ্যাক্ট, সেই অনুযায়ী কোন কাজ, আজ পর্যন্ত চলছে না। সেই ১৯৪০ সালের বস্তাপচা যে পুরাণ বিল, যেটা মুসলীম লীগে মিনিস্ট্রীর আমলে এ্যাক্ট

হয়, সেই এ্যাক্ট আজও বলবৎ রয়েছে। তার ফলে হচ্ছে কি? স্যার, সেই এ্যাক্ট অনুসারে যিনি লেবার কমিশনার, তিনি চিফ ইন্সপেক্টার হিসাবে পরিগণিত।

স্যার, আপনি জানেন বর্তমানে ফ্যাক্টরী ও তার ইউনিয়নের সংখ্যা অনেক বেড়ে গিয়েছে। সেখানে একজন লেবার কমিশনারের পক্ষে, সমস্ত ফ্যাক্টরীতে গিয়ে, সেখানকারে সব কিছু দেখা সম্ভব নয়। স্যার, এইজন্য একজন উপ-প্রধান পরিদর্শক হিসাবে এপয়েণ্টেড হয়েছেন এবং এই ভদ্রলোকের উপর সপ এসিস্টেণ্টস সম্বন্ধে যাবতীয় বিষয় দেখবার ভার দেওয়া হয়েছে। সপ এসিস্টেণ্টদের জন্য দয়া বা নির্দয়তা সমস্ত জিনিষই তাঁর উপর নির্ভর করছে। এর ফলে ব্যারাকপুরে একটা ওয়ান ম্যান ডিকটেটরসিপ হয়ে দাঁড়িয়েছে। এই ভদ্রলোকটির বিরুদ্ধে নানারকম দুর্নীতির অভিযোগ এসেছে এবং এ সম্বন্ধে অনেক রিপ্রেজেণ্টেসান সরকারের কাছে গিয়েছে, লেবার মিনিস্টারের কাছে গিয়েছে। কিন্তু আজ পর্যন্ত সেই যে উপ-প্রধান পরিদর্শক, তাঁর সম্বন্ধে কোন রকম ইনভেসটিগেসান হয়নি। রাউণ্ড এবাউট হিম, তাঁর চারিদিকে একটা করাপসান এর রিং গড়ে উঠেছে। সেই রিং এর পরামর্শদাতারা হচ্ছেন বড়বাজার, নর্থ ও পার্ক ষ্ট্রীট থানা এলাকার যাঁরা পরিদর্শক, তাঁরা এবং তালতলা, বউবাজার এলাকার পরিদর্শকরা। তাঁরাই এই ডেপুটি চিফ ইনস্পেক্টারকে নিয়ে যে একটা বিরাট চক্র গড়ে তুলেছেন, সেখানে ভীষণ করাপসান চলেছে। আজ আপনি স্যার, যদি ঘুরে দেখেন, তাহলে দেখতে পাবেন যে এমন বহু দোকান আছে যা রাত্রি সাড়ে আটটার সময় বন্ধ হয় না, এবং সকালে যখন দোকান খোলা উচিত, তার বহু আগেই তাদের দোকানগুলো খোলা হয়। সপ এসিস্টেণ্ট অ্যাক্ট বা বিল অনুযায়ী যেসমস্ত প্রভিসান্স রয়েছে, সেগুলো কোথাও প্রতিপালিত হয় না।

সপ্তাহে ছুটি দেওয়া হয় না, বা ছুটি দিলেও সে ছুটি অল্প সময়ের জন্য দেওয়া হয়। এমন দোকান আছে যে সেই দোকানের দুটো হিসাব রেখে দিয়েছে, যেমন একটা মুদির দোকানের সঙ্গে একটা পানের দোকান রেখে দিয়েছে, যাতে করে সারা সপ্তাহব্যাপি সেই দোকান খুলে রাখতে পারে। অর্থাৎ যেদিন মুদির দোকান বন্ধ থাকবে, সেদিন ঐ পানের দোকানে রুটি বিক্রয়ের জন্য খোলা রেখে, ছুটির দিনেতেও তাঁরা দোকান চালান।

আজকে সপ এসিস্টেণ্টস এর সংখ্যা অত্যন্ত বেশী এবং এত তাদের মালিক, যে তারা ঠিক ভাবে অরগেনাইজড হতে পারে না। যেমন ট্রেড ইউনিয়ন অরগেনাইজেসন তাদের দাবী দাওয়া, সুযোগ, সুবিধার জন্য মালিকের বিরুদ্ধে লড়াই করে আদায় করে থাকেন, এরা তা পারে না। এঁদের বেশী মালিক হওয়ার দরুণ এঁরা বাধ্য হন সরকারের দয়ার উপর, তাঁদের সুবিচারের জন্য নির্ভর করতে। কিন্তু সরকারের তরফ থেকে তাদের প্রতি সুবিচার করা হয় না।

আমি আশা করি এইসব দরিদ্র দুর্গত সপ এ্যাসিস্টেণ্টদের সম্পর্কে বিশেষভাবে অনুসন্ধান হবে। এবং আগে আমি যে কথা বলেছিলাম যে পুলিশের রিপ্রেসান-এ যে সকল নিরীহ মানুষ সেই বেলঘরীয়াতে গ্রেপ্তার হয়েছে, তাদের সম্বন্ধে সরকার অনুসন্ধান করবেন এইটা আমি আশা করি।

Shri Mohitosh Rai Choudhuri:

স্যার, দীর্ঘ ১২ বছরের এই হাউসের অভিজ্ঞতার ফলে আমি দেখেছি যদি গীতার নিষ্কাম কর্ম সাধনার স্থান কোন জায়গায় থাকে তবে সেটা হচ্ছে এই বিধান পরিষদে। অর্থাৎ আমরা যাই বলি না কেন এ সরকারের কিছু আসে যায় না—সরকার যারা পরিচালনা করেন তাদের উপর খুব কম সংখ্যক লোকই খুশী, আমাদের কথা শোনেন না এবং যদি বা শোনেন শুনেও আমাদের কথা অনুযায়ী কাজ করতে পারেন না ইচ্ছা থাকলেও। ইচ্ছা করলেও—এই কথার উপরে আমি বিশেষভাবে জোর দিচ্ছি। ইচ্ছা করলেও তা করতে পারেন না তার কারণ আমাদের এখানে আমরা এমন অনেক সময় এমন সমস্ত প্রস্তাব করি যে প্রস্তাব বিশেষ দায়িত্ব এবং বুদ্ধিযুক্ত হয় না বলে আমার মনে হয়। আমি প্রথমে আমার বন্ধু শিক্ষা সম্বন্ধে যে কথা বলেছেন সেই সম্বন্ধেই কয়েকটি কথা আমি বলে নিই। আমাদের যে দাবী তা শিক্ষা

মন্ত্রী গ্রহণ করতে পারেন না অনেক সময়, তার কারণ হচ্ছে এই সেই দাবী অনেক সময় দায়িত্ব বুদ্ধি প্রনোদিত হয়ে আমরা করি না। আমরা এক সঙ্গে সব করতে চাচ্ছি, ৬ থেকে ১১ বছর পর্যন্ত দেশে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা একেবারে ইউনিভারসেল আমরা করতে চাচ্ছি। শিক্ষার গুণগত উৎকর্ষ আমরা বৃদ্ধি করতে চাচ্ছি। মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে আমরা একটা গুণগত উৎকর্ষ বৃদ্ধির চেষ্টা করছি। এবং ১৪ বছর বয়সের ছেলেমেয়েদের পর্যন্ত আমরা বিনা বেতনে শিক্ষা দিতে চাচ্ছি। ইউনিভারসিটি এডুকেসান এর ক্ষেত্রে আমরা অধ্যাপকদের বেতন সঙ্গত যা আমাদের বুদ্ধি অনুসারে হওয়া উচিত এবং শিক্ষার উৎকর্ষের জন্য যে বেতন তাদের দেওয়া উচিত আমরা তা ডিমাণ্ড করছি। কিন্তু এত একসঙ্গে ডিমাণ্ড করার মত আমাদের অর্থ নাই। কাজেই আমাদের অর্থের অভাব এ বিষয়ে কোন সন্দেহ নাই। প্রাথমিক শিক্ষক যদি সর্বব্যাপী অবৈতনিক করতে হয়—গুণগত উৎকর্ষ যদি তার বৃদ্ধি করতে হয়, মাধ্যমিক শিক্ষা যদি সেরকম উন্নত করতে হয়, ইউনিভারসিটি এডুকেসান যা করা দরকার তা যদি করতে হয় সেজন্য যে কত কোটি টাকা প্রয়োজন হয়—সে কোটি টাকা আমাদের এখানে আছে কি? আমরা কি সেই ব্যয়ভার বহন করতে পারি? একসঙ্গে এতগুলি ডিমাণ্ড আমরা করি এবং সেই ডিমাণ্ড পূর্ণ করবার জন্য আমরা যদি সরকারের উপর চাপ দিই সরকারের পক্ষে তা পূরণ করা কোন অংশেই সম্ভব নয়। কাজেই আমাদের একটু বুঝে সুঝে আমাদের সরকারের কাছে দাবী জানাতে হবে। এবং সরকারের যে অপারগতা সেগুলি সহানুভূতির সঙ্গে আমাদের বিচার করতে হবে। শিক্ষামন্ত্রী মহাশয়, আমাদের শিক্ষা বিষয়ে যতদূর করেছেন তার চেয়ে বেশী কিছু করা বিশেষ সম্ভব ছিল না। প্রাথমিক শিক্ষকদের বেতন যেভাবে বাড়িয়েছেন, সেকেণ্ডারী শিক্ষকদের বেতন যেভাবে বাড়িয়েছেন, ইউনিভারসিটি টিচারদের বেতন বাড়াবার যে ভাবে চেষ্টা করছেন তার চেয়ে এই আয়ের ভিতর আর বেশী কিছু করা সম্ভবপর ছিল বলে আমি মনে করি না। যদিও সমস্ত অত্যন্ত কম প্রয়োজনের তুলনায় আরও বেশী হওয়া উচিত। কিন্তু এই অবস্থায় আর কিছু করার উপায় নেই। কাজেই যদিও আমি শিক্ষাবিদ এবং শিক্ষাব্রতী যদিও আমি মনে করি শিক্ষকদের বেতন তাদের পারিশ্রমিক আরও বেশী না বাড়ালে তাদের কাছ থেকে আমরা যে কাজ চাই তা পাবনা। তবু দুঃখের সঙ্গে এই অবস্থা স্বীকার করে নেওয়া ছাড়া আর কিছু উপায় দেখি না। আমাদের যোগ্য অর্থ মন্ত্রী যতদূর সম্ভব যা করার তিনি তা করেছেন।

[1-40—1-50 p.m.]

এক পয়সার দুধ আমাদের, সেই দুধ যতদূর সম্ভব তাদের মধ্যে ভাগ করে দিয়েছেন। দুটো বিষয়ের জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। যদিও অল্প তবুও প্রাথমিক শিক্ষকদের ডিয়ারনেস এ্যালাওয়েন্স কিছু বাড়িয়ে দিয়েছেন, সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানানই। আমার বন্ধু নির্মাল্য বাগচি ইতিপূর্বে জানালেন যে যে ৫ টাকা ডিয়ারনেস এ্যালাওয়েন্স দিয়ে ছেন তা নাকি সকলে পাবে না। কিন্তু আমার যতদূর বিশ্বাস এবং আমাদের অর্থমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছ থেকে যতটুকু জেনেছি তাতে বলতে পারি এই যে সামান্য ৫ টাকা বৃদ্ধি হয়েছে সেটা সকলেই পাবে। আর মাধ্যমিক শিক্ষকরা যে ১০ টাকা পাবেন এটা সকলেই পাবেন এই বিষয়ে কোন সন্দেহ নেই। এটা যা দিয়েছেন এর চেয়ে বেশী দেওয়া আপাততঃ সম্ভব নয়। আমি বন্ধুদের বলি যে বড় একসংগে হয় না। সুতরাং তিনটা পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভেতর যদি আমাদের প্রাথমিক শিক্ষা অবৈতনিক সর্বব্যাপি না হয় তাহলে তাতে দুঃখ করবার কিছু নেই, তাতে চণ্ডী অশুদ্ধ হয়ে যাবে না। এতে সর্বনাশ কিছু হবে না। শিক্ষা মানে আক্ষরিক শিক্ষা নয়, নাম সই করতে পারায় মত শিক্ষা যদি সর্বব্যাপি কিছু দিন না হয় তাহলে তাতে ক্ষতি নেই। যতদূর শিক্ষা হবে সেই শিক্ষার গুণগত উৎকর্ষ যাতে বৃদ্ধি হয় সেদিকে লক্ষ্য রাখা উচিত। কারণ, লিটিল লার্নিং ইজ এ ডেঞ্জারাস থিং। আমি বরং মনে কর প্রাথমিক শিক্ষা এই রকমভাবে সর্বব্যাপী হওয়া অপেক্ষা ইউনিভার্সিটি এডুকেশান আরো ভালভাবে হওয়া উচিত। কারণ, আমরা যদি সমাজের যাঁরা নেতৃত্ব গ্রহণ করবেন সেই যোগ্যতম নেতা ভাল শিক্ষা দিয়ে সৃষ্টি করতে না পারি তাহলে মোটের উপর ইন দি লং রাণ দেশের ক্ষতি হবে। আপাততঃ ইউনিভার্সিটি এডুকেশানের

জন্য যদি এঁরা আরো বেশ খরচ করতে পারতেন তাহলে ভাল হত। কিন্তু উপায় নেই আমরা নিচের থেকে অনবরত দাবি জানাচ্ছি যে সর্বনাশ হয়ে যাবে যদি এই কয়েক বছরের ভেতর প্রাথমিক শিক্ষা সর্বব্যাপি না হয়। সুতরাং বেচারী মন্ত্রীদের উপায় বা কি আছে। এক পায়সার দুধ তাঁদের হাতে, তা দিয়ে এত ডিমাণ্ড তাঁরা মেটাবেন কি করে তারপর বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে নির্মাল্য বাগচি মহাশয় বলেছেন এবং নির্মল ভট্টাচার্য্য মহাশয় এ সম্বন্ধে তিনি আগে না বলে আমাকে বক্তৃতা দেবার জন্য অগ্রাধিকার দিয়েছেন, কারণ বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে আমি নাকি কিছু বলতে পারি। আমি এই কথা বলতে পারি বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে যে সমালোচনা করা হয়েছে সেটা নির্মাল্য বাগচি মহাশয় একটু ভুল করে করেছেন। আগে যেভাবে বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা করা হয়েছিল মহাত্মা গান্ধীজীর আমলে তাতে এই রকম বুনিয়াদী শিক্ষার আমরা বিরোধী ছিলাম। আমি তীব্র ভাবে প্রতিবাদ করে এসেছি এবং যে কোন কারণেই হোক বুনিয়াদী শিক্ষার সেই আকার এখন নেই, খোল নলচে বদলে গেছে। আজকে যেভাবে বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা করা হয়েছে, বিশেষতঃ পশ্চিমবঙ্গে যেভাবে বুনিয়াদী শিক্ষাব প্রচারের চেষ্টা হচ্ছে সেটা সর্বতো গ্রাহ্য হওয়া উচিত, সে বিষয়ে কোন সন্দেহ নেই। গোঁড়া বুনিয়াদী শিক্ষায় বিশ্বাসী লোকেরা এর বিরুদ্ধে বিশেষভাবে আলোচনা করেছেন, ইভ্যালুয়েসান অব দি প্রাইমারী এডুকেশান যাঁরা করেন তাঁরাও পশ্চিমবঙ্গে এই যে মডিফায়েড বুনিয়াদী শিক্ষা এর বিরুদ্ধে অনেক কথা বলেছেন। কিন্তু এটা সত্বেও আমি মনে করি পশ্চিমবঙ্গে যে বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা করা হয়েছে সেটা দিলেই ভাল হয়। রাশিয়াতে অনেকটা এইভাবে বুনিয়াদী শিক্ষা দেবার জন্য চেষ্টা করছে। এইভাবে বুনিয়াদী শিক্ষা দিতে গেলে অনেক বাধা আছে। সেই বাধা সহজে দূর করা সম্ভব নয়। ধীরে ধীরে এই বিষয়ে অগ্রসর হওয়া ছাড়া উপায় নেই। কাজেই বর্তমানে বুনিয়াদী বিদ্যালয় যদি কিছু কম হয়ে থাকে তার জন্য আমাদের দুঃখ করার কারণ নেই। ধীরে ধীরে সেই ধরণের বুনিয়াদী শিক্ষা দেশে প্রচারিত হবে। ৫ বছরের প্রাথমিক শিক্ষা হওয়া উচিত সেই বিষয়ে কিছুমাত্র সন্দেহ নেই। কিন্তু ৫ বছরের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং অবৈতনিক করতে গেলে কত টাকা খরচ হবে সেই বিষয়ে আমার বন্ধুরা ভেবে দেখেছেন কিনা জানি না। একসঙ্গে সব কিছু হতে পারে না। ধীরে ধীরে ৫ বছরের প্রাথমিক শিক্ষা করবার চেষ্টা করা হচ্ছে। আমার মনে হয় এই যে ধীর ভাবে সাবধানতার সঙ্গে চেষ্টা করা হচ্ছে এটা খুব ভাল।

চার বছর প্রাথমিক শিক্ষা যদি শতকরা ৮০ জন লোকের ভেতর দেয়া যায় সেটাও খারাপ হবে না। সুতরাং সামথিং ইজ বেটার দ্যান নাথিং সেই হিসাবে আমাদের দুঃখিত হওয়া উচিত নয় এবং অকারণ শিক্ষামন্ত্রী মহাশয়কে কর্কশ সমালোচনা করা উচিত নয়। আমি এর আগেও বলেছি তিনি এতদিন শিক্ষার ভার নিয়া যা করেছেন তার জন্য আমি অন্ততঃ নিরপেক্ষভাবে এটা বলতে পারি যে তার কাছে আমাদের কৃতজ্ঞ থাকা উচিত — হি হ্যাজ মেইড দি বেস্ট অব এ ব্যাড জব আর একটা কথা হচ্ছে আমাদের অর্থমন্ত্রী মহাশয় আর একটা ভাল কাজ করেছেন আফটারনুন ক্লিনিক করে চিকিৎসা করার ব্যবস্থা করেছেন। এটা সম্বন্ধে আমি আরো বিশেষ করে বলছি এজন্য যে এটা খুব ভাল হয়েছে এবিষয়ে কোন সন্দেহ নেই। যারা এখানে আছেন তাঁদের হয়ত মনে আছে যে অমূল্যবাবু যখন মন্ত্রী ছিলেন তখন এই আফটারনুন ক্লিনিক করার জন্য আমি অনেকবার বলেছি, ডাঃ রায়ের কাছেও অনেকবার বলেছিলাম এবং এখানে বক্তৃতাও করেছিলাম, আফটারনুন ক্লিনিক যে করা হয়েছে এটা খুব ভাল, একথা আমি বলেছিলাম এবং একথা আমি বারবার বলছি যে সমস্ত বিশেষজ্ঞদের নিযুক্ত করা হয়েছে সেই সমস্ত বিশেষজ্ঞদের অধিকাংশই যান না, যান তারা অতি নিম্নস্তরের। অবশ্য আমি তাঁদের বিশেষ দোষ দিই না কারণ তারা সেখানে যেয়ে যে অর্থ উপার্জন করেন তার চেয়ে অনেক বেশী অর্থ উপার্জন তাঁরা চেম্বারে বসে করতে পারেন। অথচ আমাদের দেশের যাঁরা বিশেষজ্ঞ তাদের সাহায্য সকলেরই পাওয়া উচিত। এজন্য আমি অনেকদিন ধরে ডাঃ রায়কে বলেছিলাম, অমূল্যবাবুকেও বলেছিলাম যে মেডিকেল ফি আমাদের ডাক্তারদের একটা নির্ধারিত করে দেয়া উচিত। ভারতবর্ষের কোন জায়গায় ডাক্তারের এত হাইফি নেই বোম্বেতে ৩২ টাকার বেশী কেউ ফি নিতে পারেন না। আমাদের এখানে ৬৪ টাকা ১২৮ টাকা। আমার কাছে কিন্তু একথা বলা উচিত

নয় কারণ আমার কাছে দয়া করে কোন ডাক্তার ফি নেন না। আজকে ৩০ বছর ধরে আমি দেখছি পত্রিকায় যখন প্রথম জীবনে কাজে নিযুক্ত হয় সেই সময় থেকে কোন বড় ডাক্তার, কবিরাজ আমার উপর দয়া পরবস হয়ে আমার কাছে ফি নেন না, তাঁদের সকলের কাছেই আমি কৃতজ্ঞ কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলছি বাস্তবিক পক্ষে তাঁদের ফি- এর পরিমাণ স্টেট থেকে বেঁধে দেয়া উচিত। এটা যদি বেঁধে দেয়া হত তাহলে মনে হয় তাঁদের অনেককেই এই আফটারনুন যে ক্লিনিক করা হয়েছে সেখানে আমরা পেতে পারতাম এবং মেডিকেল কলেজ প্রভৃতি হসপিটালে ভর্তি হওয়া সম্বন্ধে যে সমস্ত অনাচারের কথা মাঝে মাঝে আমরা শুনতে পাই এ সমস্ত জিনিস হত না। সুতরাং এখানে অর্থমন্ত্রী আছেন, শিক্ষামন্ত্রীও আছেন ওঁদের বলছি যদি সম্ভব হয় তাহলে এটা দেখুন যাতে তাঁদের মেডিকেল ফি বেঁধে দেয়া যায় বা কমিয়ে দেয়া যায়। আফটারনুন ক্লিনিকগুলি আরো যাতে সাকসেসফুল হয়, সেখানে স্পেশালিস্টরা যাতে যান নিয়মিতভাবে সেই ব্যবস্থা যেন করেন। আমি নিজে কয়েকবার গেছি, আমার আত্মীয়রা আমার ছেলেরা বিশেষ শিক্ষাবিদ, তারাও গিয়ে সেখানে বড়দের পায়নি। কাজেই এটা সম্বন্ধে যেন আবার দেখেন একথা আমি বলছি। আর একটা কথা বলবো শিক্ষা সম্বন্ধে ইউনিভার্সিটি বিল সম্বন্ধে যা বলা হচ্ছে ইউনিভার্সিটি বিল ভাইস চ্যান্সেলার একটা নিয়ে এসেছেন সে বিষয় কিছুমাত্র সন্দেহ নেই। এবং সেটা তিনি ভাইস চান্সেলার হিসাবে আনেন নি—শ্রীবিধুভূষণ মল্লিক এই বলে প্রাইভেট মেম্বারস বিলের মত একটা বিল গভর্নমেণ্টের কাছে দিয়েছেন শিক্ষাবিভাগে। শিক্ষাবিভাগের তার সমন্ধে যথেষ্ট সমালোচনা করে যা সিদ্ধান্ত সেটা জানিয়ে দিয়েছে। সে সম্বন্ধে শীঘ্রই আমাদের সিনেট সভায় আলোচনা হবে।

[1-50—2 p.m.]

আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। এখানে ইউনিভার্সিটি এডুকেশন সম্বন্ধে কথা উঠেছে। শিক্ষা বিভাগ তাদের সঙ্গে যথেষ্ট সমালোচনা না করে, তাঁদের বিবেচনায় তাঁরা যে সিদ্ধান্তে উপনীত হয়েছেন সেটা তারা জানিয়ে দিয়েছেন। সে বিষয় নিয়ে শীঘ্রই আমাদের সেনেট সভাতে আলোচনা হবে, এবং সেই আলোচনাতে আমরা যথাসাধ্য অংশ গ্রহণ করবো। কিন্তু এখানে আমি একটা কথা সরকারকে জানিয়ে দিতে চাই যে শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর অভিমত, যে এই বিলে দিয়েছেন, সেই অভিমতগুলির ১৫ আনার সঙ্গে আমি সম্পূর্ণ এক মত। সেগুলির বিশেষ সুচিন্তিত বলে আমি মনে করি কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয়ত এখানে আর বেশী দিন থাকবেন না, তিনি চলে যাবেন কাজেই শিক্ষামন্ত্রী মহাশয়কে আমি বলি যদি সম্ভব হয় তাহলে এখন ব্যবস্থা করে যান, যাতে তাঁর মতামতগুলি, তাঁর পরবর্তীকালে যিনি মন্ত্রী হয়ে আসবেন, তিনি যেন সামারিলি রিজেক্ট করতে না পারেন। সরকারকে আমি এই কথাও বলি যে যে ভাবে ইউনিভার্সিটি বিলের উপর ড্রাফট ভাইস চ্যান্সেলার করেছেন, সেই ড্রাফট আমাদের সমর্থনযোগ্য নয়, এবং সেই ড্রাফট যেন সরকার তাড়াতাড়ি গ্রহণ না করেন। চারিদিকে রটনা করা হয়েছে যে সরকার, বা মুখ্যমন্ত্রী ও চ্যান্সেলার নাকি ইতিপূর্বেই সেই ড্রাফট গ্রহণ করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। আমি আশা করি এই সংবাদ সম্পূর্ণ ভিত্তিহীন এবং সরকার সেটা বিশেষ ভাবে বিবেচনা না করে যেন ঐ রকম কোন বিল গ্রহণ না করেন। যে বিল এসেছে, সেই বিলের অনেক গুলি প্রভিসন ভাল থাকা সত্ত্বেও তা আপত্তিজনক, এবং সেটা আপত্তিজনক বিল বলেই, আমাদের সঙ্গে কনসালট না করে, যেন কোন প্রতিশ্রুতি দেওয়া না হয়।

আমি আবার বলছি রাজস্বমন্ত্রী ও অর্থমন্ত্রী মহাশয় যে বাজেটের উপর এ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন, তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, I shall take this opportunity to clarify my position regarding a question that was raised by a very distinguished member of this House—a former pupil of mine and in a sense my leader—I mean Mr. Jatin Chakravorty. Sir, he doubted whether India was having an adverse balance in foreign trade vis-a-vis Pakistan. It is my duty to clarify what the actual position is.

Sir, the position is this. In 1950-55 we had an adverse balance of 133 million; in 1955-56 we had an adverse balance of 188 million; in 1960-61 an adverse balance of 37 million, in 1961-62 an adverse balance of 45 million and in 1962-63 we had an adverse balance of 73 million. I have given these figures from India Pocket Book of Economic Information published by the Minister of Finance, Government of India.

Sir, coming to the Appropriation Act, I shall take up in the first instance Grant No. 16—Fire Services. The Hon'ble Minister for Finance might remember that about a year and a half ago a very brave officer of the Fire Services had to sacrifice his life in actual attempt to put out fire and to save human life because he did not have enough protective appliances to wear for the purpose of fighting the fire with which he was faced.

I hope, Sir, that by now the fire service have equipped itself with a sufficient number of fire fighting equipments including suits that are used by fire fighting personnel.

Sir, I will next go to Grant No. 19. I take this opportunity to thank the Minister of Education for having extended his support to an association with which I am connected—I mean the Socio-Economic Research Institute. We applied for a grant of Rs. 54,000 as block grant and Rs. 5,000 as recurring grant. We do not know what is the position today but we have just heard that the Education Minister was good enough to send it with his recommendations to the Ministry of Finance and that is pending before them. I express my gratitude on behalf of the Institute for this very good act of his.

I will next come to the problem of basic education. When basic education came to be introduced in India I studied the problem with some eagerness because I thought that basic education would solve some of the problems of our country, including the problem of unemployment. It has been stated that out of thirty-two thousand schools there are eighteen hundred basic schools only. I wish the number was much more because I am of the opinion that basic education conducted on right lines gives the pupils an opportunity to develop dexterity of head and simultaneously dexterity of mind also. In this connection I would refer to an able note that was submitted to the Saddler Commission in the year 1918 by Mr. Ramananda Chatterjee who was a distinguished educationist and a great thinker of our country. He said that craft-centeric education, an education which is associated with some kind of craft, develops the mind and the character of the pupil more than under any other system of Government. But, Sir, in our country education was first introduced for the purpose of producing some clerks. We have not yet been able to emerge from that stage, and mentally we are living—some of us, if not all—at that stage. We seem to think that some knowledge of 'R's is quite sufficient for the purpose of education. After independence the importance of basic education cannot be over-emphasised. Before the system of basic education was introduced finally in our country, the former Secretary to the Department of Education, Government of India, Shri Humayun Kabir went to some European countries, including Russia, and he saw the kind of primary education that was prevalent in Russia. After his return he gave the opinion that it was necessary to continue the basic education on right lines. Basic education should be given, I feel, some kind of regional bias, that is to say, in a predominantly agricultural area it should be given an agricultural bias and in a predominantly industrial area where jute mills, for example, are situated, it should be given an industrial bias, particularly a bias relating to jute industries or things like that. What actually the

system of basic education will be taken up by a particular school will be decided by the Ministry of Education with reference to the local conditions and the local needs. So, localism is of very great importance in giving a shape to the character of basic education.

[2—2-10 p.m.]

Sir, ordinarily I leave the problems of education under the abler hands of my friend like Shri Nirmalya Bagchi and Shri S. P. Roy but I cannot but refer to certain aspects of the University, particularly the new draft and that references have been made to it frequently in the course of this very debate.

Sir, the first point that I would like to make in connection with the Calcutta University is this that the Calcutta University is very much handicapped for want of funds. I acknowledge with gratitude the support that has been given by the University Grants Commission and the Government of West Bengal to the University of Calcutta but the support that this University has received is out of all proportion is far smaller compared to the needs of the University. When Sir Ashutosh died in 1924 there were 46 colleges and the number of student was in the neighbourhood of 40,000. Today we have got to teach as many as 130,000 students and the number of colleges is now in the neighbourhood of 125, besides 35 University Colleges. This is the problem but what is the grant that we get from the Government of West Bengal statutory grant of Rs. 16 lakhs only and we get by way of compensation for not holding the Matriculation Examination Rs. 5,51,000. That is all we get besides other grants—of course there are the matching grants. Even then our needs are not adequately met. It is for this reason that I would make an appeal to the Education Minister to increase the assistance to the University.

I will refer to one matter, the Intermediate Examinations. On account of the Intermediate Examinations the University used to make—I would not say 'profit'—it is not profit-making concern—Rs. 14 lakhs. I moved a resolution in the Senate which was unanimously accepted and forwarded to the Government of West Bengal but the Government found itself unable to accept the proposal that the University is entitled to compensation for giving up the right to hold the Intermediate Examination for the introduction of the new three-year degree course. I understand the position of Government but at the same time I would press upon the attention of the Education Minister the necessity of further assistance to the Calcutta University.

I will now refer very briefly indeed to the present attempts that are being made for the reform of the Calcutta University. It has been suggested that the reform is taking place under duress. That is entirely wrong. It is also wrong to connect the reported grant of Rs. 5 crores with the attempted reform of the University. I will in the first place support what has been stated by a very distinguished former pupil of mine Shri Nanda Kishore Ghose, a member of the Senate, Academic Council and the Syndicate. He has left certain gaps and I shall with your permission, Sir, fill up those gaps. Sir, a representative of the Ford Foundation in India is Dr. Douglas Esminger.

He is the representative of the Ford Foundation in India. He was responsible, with the assistance of certain others,—all belonging to the Ford Foundation—for laying down certain propositions. His propositions were not many, just three in number. Dr. Esminger and his colleagues

believed that it was necessary for the purpose of fulfilling the purposes of the Calcutta University in the interest of better administration to bring about some kind of reform of the present Calcutta University Act of 1951 and they thought that three main principles, if adhered to, might in fact meet the needs of the situation. The first principle was this. There must be, they said, a single clearly recognised governing body which shall have the sole responsibility for exercising the powers of management of the University. At present there is inter-locking of functions—the same function is given to many bodies. If we are to appoint a bearer permanently, then the Senate has to sanction it, the recommendation has to come from the Syndicate. Now, the proposal of the Ford Foundation experts is that executive authority should be concentrated in the hands of the Syndicate. That is the proposal. The experts of the Ford Foundation also believe that the Senate should be a large body representative of all interests connected with higher education and if it is to be a large body and if it is to fulfil its functions properly, then it should not be entrusted with executive functions. That is a very sound principle—it is one of the elementary principles of public administration. Sir, you may remember that when Sir Asutosh used to rule the University, the total membership was in the neighbourhood of 100. But as you are aware, Sir Asutosh was a benevolent dictator and that benevolent dictator could do things with the assistance of that Senate of 100 persons which nobody else can do. So the analogy does not hold good at all. Sir, that is what led the Ford Foundation to make this recommendation. Sir, the second principle that they enunciated was that within the framework of the Act there should be provision for the delegation of authority. This is also a very sound principle. And the third principle that they laid down was that academic matters must be decided by academic people, that is to say, the Academic Council should be the final authority with regard to all academic questions. These are principles consistent with the elementary principles of public administration and also consistent with high educational principles. These are the three principles. They do not say anywhere that they will give money if the University is reformed according to their suggestions. So that is neither here nor there. Sir, commenting on the proposals that have been framed by the Vice-Chancellor along the recommendations of the experts of the Ford Foundation, the College and University Teachers' Association in their Executive Committee have adopted a resolution which is with me. They have said, "The Executive Committee are of opinion that Shri B. Malik's draft, being based on the fundamental principles merits general support. The Committee also feel that the functioning of the University is likely to improve if the lengthy, complicated and often conflicting procedures which have developed under the provisions of the Calcutta University Act of 1951 can be simplified by the proposed Act". The College and University Teachers' Association practically gave unstinted support to the draft of the Vice-Chancellor.

[2-10—2-20 p.m.]

There may be modifications here and there but my friend Prof. Mohitosh Rai Chaudhuri seems to think that a body composed of 160 members—that is the present composition—should be given all kinds of powers.

Shri Mohitosh Rai Chaudhuri: It must be representative.

Shri Nirmal Chandra Bhattacharyya: Government of West Bengal considered the draft of the Vice-Chancellor, Mr. B. Mallik and I am happy

to communicate to you that Government have accepted in principle the ideas upon which the Vice-Chancellor's draft is based. They, however, made certain suggestions here and there which do not cut at the root of any of the principles. I take this opportunity to congratulate the Ministry of Education for the very wise note that they have appended to the draft made by the Vice-Chancellor of the University. There is no politics in it. I hope my friend like Mr. Halim and others will judge the proposed Act on its own merits and take the elementary consideration of the principles of educational administration upon which the draft is made. That's all that I have to say in respect of the University Bill. (At this stage the red light was lit). Since I have exceeded the time limit I do not want to go into the other questions which I would have liked to touch.

Thank you, Sir.

Shri Monoranjan Sen Cupta:

মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে বাজেট প্রসঙ্গে পাকিস্তানের বিরুদ্ধে ইকনমিক স্যানকসনের কথা উঠেছে। অধ্যাপক নির্মল চন্দ্র ভট্টাচার্য্য মহাশয় এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এ সম্বন্ধে বিশদভাবে আলোচনা করবেন। কিন্তু আপনার কাছে আমি আনন্দবাজার পত্রিকায় ২৬এ তারিখে প্রকাশিত একটি বড় সম্পাদকীয় স্তম্ভের লেখা থেকে উদ্ধৃত করে জানাচ্ছি ১৯৬২-৬৩ সালে পাকিস্তান ভারতে ১৬ কোটি ৬৭ লক্ষ টাকার মালপত্র বিক্রয় করিয়াছে। উক্ত বৎসরে পাকিস্তানে ভারত হইতে ৯ কোটি ৪০ লক্ষ টাকার বেশী মালপত্র বিক্রয় হয় নাই।

Shri Nirmal Chandra Bhattacharyya: This is entirely wrong. I have collected from Government statistics.

Shri Monoranjan Sen Cupta:

আনন্দবাজার পত্রিকা একটি রেসপনসেবল পত্রিকা, তার সম্পাদকীয়তে এই কথা বলছে। যাই হোক

whatever might it be the case, the point is in dispute

এ বিষয়ে

further enquiry is necessary. That is my point of view. I am quoting from a responsible paper like Ananda Bazar Patrika.

আমি সেই আনন্দবাজার পত্রিকা থেকে কোট করছি তারা একটা বড় এডিটোরিয়ালে লিখেছেন ; (এ ভয়েস—ইকেসপনসিবল স্টেইটমেণ্ট লিখেছেন। রেসপনসিবল কি হোয়াট এভার ইট মে বি কি ইররেসপনসিবল আমি সেটা উদ্ধৃত করে বলছি। তারপর আর একটা পয়েণ্ট হচ্ছে ভারতবর্ষ থেকে প্রতি মাসে পাকিস্তানে এক লক্ষ টন কয়লা সরবরাহ করা হয়। এটা খুব আনডিসপিউটেড যে কয়লা এখান থেকে পাকিস্তানে গিয়ে থাকে। তাছাড়া এখান থেকে অভ্র, ম্যাঙ্গানিজ, গ্লিসারিণ প্রভৃতি আরও অনেক জিনিষ পাকিস্তানে যায়। এখন আমাদের ইকনমিক স্যাঙ্কসন করতে গেলে সেখানে অবশ্য আমাদের ও ভাবতে হবে যে আমরা ক্ষতিগ্রস্ত হব কিনা? কিন্তু বর্তমানে আমরা কোন পরিস্থিতির মাঝে এসে দাঁড়িয়েছি, সেটা আমি আনন্দবাজার পত্রিকার কথা কোট করে দেখাচ্ছি দুর্ভাগ্য এই যে পাকিস্তানের হিন্দুস্থানের উপর বর্বরতা ও উৎপীড়ন হওয়া সত্ত্বেও ভারত সরকার নির্বিকার। যাঁহারা পাকিস্তানকে জব্দ করবার জন্য কোন ব্যবস্থা অবলম্বনে অগ্রাহাগ্রিত নন। ফলে পাকিস্তানে হিন্দুদের উপর নিপীড়ন ক্রমাগত চালিয়াছে, আঘাতের কোন প্রতিঘাত নাই। ভারতবর্ষ এই অবস্থা আর কত দিন বরদাস্ত করিবে। আমার পয়েণ্ট অব ভিউ হচ্ছে এইখানেতে যে যদি আজকে পাকিস্তানে কয়লা পাঠান বন্ধ করে দেওয়া যায় লাভ, লোকসান ক্ষতি বাদ

দিয়ে, পাকিস্তানকে জব্দ করার বা প্রতিশোধ নেওয়ার উদ্দেশ্য, তাদের রেল চলাচল ও শিল্প প্রতিষ্ঠানকে আমরা কিছু কালের জন্য অচল বা অকেজো করে দিতে পারি

(এ ভয়েস—১৫ দিনের মধ্যে তারা অন্য জায়গা থেকে এনে সব ঠিক করে নেবে)

তারা ১৫ দিনের মধ্যে কিছুই ব্যবস্থা করতে পারবে না। তাদের আফ্রিকা থেকে কয়লা আনতে হবে। ইট ইজ এ লং টাইম একবার সেখান থেকে তারা আনতে চেষ্টা করেছিল, পারে নি, ফেল করেছেন। আজও এটা হবে না। আজ তাদের বাধ্য হয়ে আমাদের কাছ থেকে কয়লা নিতে হচ্ছে। সুতরাং আপনারা যা ভাবছেন তা হবে না, হতে পারে না।

এখানেতে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর যা বলে গিয়েছেন আমি সেটা কোট করে বলছি "অন্যায় যে করে, আর অন্যায় যে সহে, তব ঘৃণা তাদের যেন তৃণ সম দহে।" আমরা আজ বসে, বসে পাকিস্তানের কাছে মার খেয়ে যাচ্ছি। আমাদের মধ্যে মনুষ্যত্ব নেই, আমরা তা হারিয়ে ফেলেছি। সেন্স অব সিকিউলারিজিমের অপব্যবহারের ফলেতে আমাদের মনুষ্যত্ব পর্যন্ত নষ্ট হয়ে গিয়েছে পাকিস্তানে আমাদের মা, বোনের উপর যে অত্যাচার হচ্ছে, তা আমরা নির্বিকারচিত্তে সহ্য করে যাচ্ছি, তার কোন প্রতিবাদ বা প্রতিকার নেই।

ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় তিনিও দশ বছর পূর্বে ইকনমিক স্যাঙ্কসন সম্বন্ধে বহুবার বলে-গিয়েছেন। হি ওয়াজ নট এ ইরেসপনসেবল ম্যান যে তিনি এই রকম কথা উচ্চারণ করে যাবেন। যাই হউক এই বিষয়ে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করিলাম এখন বাজেট সম্বন্ধে সাপ্লিমেণ্টারী বাজেট সম্বন্ধে আমি শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। মাদার্স সীস্টেম যেটা করা হয়েছে সেটা আমি সমর্থন করছি।

training facilities for school mothers are providing appointment for school mothers

এটা খুব ভাল ব্যবস্থা এবং এর ফলেতে যে সমস্ত ছোট ছেলেমেয়ে স্কুলে যায় তার বেশ স্নেহ ভালবাসা পেয়ে থাকে। কিন্তু এই জিনিষটা আরও ভাল ভাবে প্রসার হওয়া দরকার। এখন যে গোটা কয়েক স্কুল আছে তাতে মাদারলিওয়েতে শিক্ষা দেবার ব্যবস্থা হয়ে থাকে। কিন্তু এটা খুব লিমিটেড নাম্বর। এর ফলেতে অনেক যোগ্য ছাত্রী আছেন যারা নাইন টেন পর্যন্ত পড়েছেন তারা এই কাজের জন্য আগ্রাহান্বিত। এটা আরও প্রসার করতে পারলে আমার মনে হয় এটা শিক্ষার দিক থেকে অল্প বয়স্ক ছাত্রছাত্রীদের বিশেষ উপকার করা হবে। তাতে আরেকটা জিনিষ হবে আজ যে আনএমপ্লয়মেণ্ট প্রোবলেম মেয়েদের মধ্যেও যেটা আছে তারও খানিকটা সলভ হবে। সব মেয়ে মেট্রিকুলেশান বা স্কুল ফাইনাল পাশ করতে পারে না তাদেরও একটা চাকরীর ব্যবস্থা এর দ্বারা হতে পারে। সেজন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রি মহাশয়ের কাছে নিবেদন করছি—যদিও তিনি শীঘ্র বিদায় গ্রহণ করবেন, এবং যাতে এই বিষয়ে প্রসার লাভ করে সে বিষয়ে তিনি ব্যবস্থা করে যাবেন। তারপরে দ্বিতীয়তঃ হচ্ছে শিক্ষা—আপনারা জানেন যে ক্লাস এইট পর্যন্ত বালিকাদের মফঃস্বলে বিনা বেতনে শিক্ষা দেবার ব্যবস্থা আছে। কিন্তু সহরে যে সমস্ত মেয়েরা আছে তারা সে সুযোগ পায় না। সহরের মধ্যেও অনেক গরীব আছে—সে রকম অনেক মেয়ে আছে যারা স্কুলে শিক্ষা পায়না, দারিদ্রের জন্যই পায় না। সুতরাং যাতে তারা এই সুবিধা সহরেও বিস্তৃতি লাভ করে—যদি তিনি অক্ষম হন এ বিষয়ে অক্ষমতা জ্ঞাপন করেন তাহলে অন্তত যাতে ফ্রি ষ্টুমেণ্টসিপ কিছু বাড়ে তার ব্যবস্থা করবেন। কলকাতায় মাত্র ১০ পার্সেণ্ট ফ্রি স্টুডেণ্টসিপএর ব্যবস্থা আছে সেটা অন্তত বাড়িয়ে দিয়ে যদি ২৫ কিম্বা ৩০ পারসেণ্ট করা যায় তাহলে গরীব ছাত্রী যারা তারা উপকার পেতে পারে। সে দিকে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর আমি দেখছি

improvement of condition of service of non-teaching staff of secondary school contingency

বাজেটে সাপ্লিমেণ্টারি এসটিমেটএ ১২ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে করণিক গ্রন্থাগারিক ও নিম্ন শ্রেণী কর্মচারীদের জন্য। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ব্যবস্থা যখন করেছেন তখন

সেদিন কেন করনিক গুল্লগারিক যারা এখানে এসেছিলেন তাদের ডেপুটেসান কেন গ্রহণ করেননি তা আমি বুঝতে পারলাম না। যারা সেদিন এসেছিলেন তাদের সঙ্গে আলোচনা করলে তিনি তাঁর যে বক্তব্য তা পরিষ্কার করে তাদের কাছে বলতে পারতেন। এবং না বলার ফলে তারা যে ক্ষুব্ধ হয়ে ফিরে গিয়েছে এবং তাঁর বিরুদ্ধে অনেকরকম বক্তৃতাও হয়েছে সেগুলি আমাদের শুনতেও খুব ভাল লাগেনি। সেদিন যদি তিনি ডেপুটেসান গ্রহণ করতেন তাহলে তার পক্ষে সেটা শোভনীয় হত। এবং তার পরে সেদিন যে প্রাথমিক শিক্ষকেরা এসেছিলেন তার দর্শনার্থী হয়ে তাদের সঙ্গে যদি দেখা করতেন তাহলে আমরা খুব খুসী হতাম। এবং তারাও খুব সন্তুষ্ট চিত্তে ফিরে যেতেন। তিনি নিজে শিক্ষক তিনি শিক্ষামন্ত্রী এবং যারা শিক্ষক এসেছিলেন তারাও বুঝতে পারত যে তাদের উন্নত করবার জন্য তিনি উন্মুখ হয়ে আছেন আমি বলব তাঁর এই বিদায় মুহূর্তে তিনি যদি তাদের সঙ্গে সদব্যবহার করতেন তাহলে আমরা খুব সুখী হতাম। এবং এই সূত্রে আমি বলতে চাই উনি যখন শিক্ষামন্ত্রী হননি তখন ১৯৪৮ সালের কথা, আমি ওঁর সঙ্গে দেখা করেছিলাম।

[2-20—2-34 p.m.]

তিনি আমাকে বললেন যে আমি শিক্ষকদেরই একজন, ওয়ান অব দেম। এবং যাবার সময় তিনি যদি সেই পরিচয় দিয়ে যেতেন তাহলে আমরা খুব খুশী হতাম। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে তিনি যথেষ্ট উন্নতি করে গেছেন। যখন নতুন পার্টিসান হয়েছে তখন বাংলাদেশে মাত্র ১ শো স্কুল সরকারের কাছে থেকে সাহায্য পেত, আর বাকি ৫ শো স্কুল সাহায্য পেত না। তখন আমি তাঁর কাছে প্রস্তাব করেছিলাম যাতে এই ৫ শো স্কুল সরকারী সাহায্য পায়। তিনি আমার সেই প্রস্তাব গ্রহণ করেছিলেন এবং তার ফলে তখন যদিও সামান্য তবুও ১ শো থেকে ১৫০ টাকা গ্রেড হয়েছিল। তিনিই প্রথমে সূচনা করে গিয়েছিলেন। এই সূচনাই এখন প্রসার লাভ করে আজকে শিক্ষকদের বেতনের দিক থেকে যে অভাব ছিল সেটা অনেকখানি মিটে গেছে, সেকথা আমরা স্বীকার করব। একজন বি এ পাশ করা শিক্ষক ১৬০ টাকা এবং অনার্স হলে ২১০ টাকা পাবেন এই যে ব্যবস্থা হয়েছে এটা সন্তোষজনক এবং সেই কৃতিত্ব তাঁরই। সেজন্য আজকে আমি আমার হৃদয় থেকে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আবার মাঝখানে শিক্ষার মধ্যে যে গলদ ঢুকেছিল তারজন্য তিনি দায়ী নন। তিনি আমাদের দিয়ে গেছেন সেকেণ্ডারী এডুকেশান এ্যাক্ট অব ১৯৫০, সেটা একেবারে অর্থশতাব্দির ছিল, তিনি দিয়েছেন ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট অব ১৯৫১ এবং এই সমস্ত অবদান তাঁরই, এগুলি আমরা কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করব। শিক্ষা বিভাগে যে গলদ ঢুকেছে সেটার সম্বন্ধে আমি সামান্য কিছু বলতে চাই। পান্নালাল বসু মহাশয়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই কথা বলছি যে শিক্ষক বা শিক্ষা সম্বন্ধে তাঁর অভিজ্ঞতা ছিল না। তিনি আইনজীবী ছিলেন, তিনি বিচারক ছিলেন, তাঁকে শিক্ষামন্ত্রী করার ফলে সেই সময় শিক্ষা বিভাগে বহু গলদ ঢুকে গেছে। সেই গলদ তাঁকে দূর করতে হয়েছে, তিনি শিক্ষামন্ত্রী হয়ে কিছু কিছু ত্রুটি দূর করেছেন। যে সমস্ত জঞ্জাল তাঁকে দূর করতে হয়েছে তারজন্য তাঁকে অনেক অপ্রিয়-তার সম্মুখীন হতে হয়েছে। আমি জানি শিক্ষা সম্বন্ধে তাঁর সহানুভূতি আছে, তাঁর সঙ্গে আমি ৩০ বছর কাল সংশ্লিষ্ট আছি। তারপর ছাত্রদের স্বাস্থ্য সম্বন্ধে আমি দীর্ঘকাল হতে বলে আসছি। কিন্তু এবারকার বাজেটে দেখছি এ সম্বন্ধে কোন সুষ্ঠ ব্যবস্থা বিভাগ থেকে করা হয়নি। আমরা জানি সমস্ত উন্নত দেশে আজকাল ছাত্রদের স্বাস্থ্যের জন্য ব্যবস্থা করা হয়ে থাকে। স্কুল হাইজিন সার্ভিস প্রত্যেক সভ্যদেশে আছে। অথচ আমাদের দেশে সেই রকম কোন ব্যবস্থা হচ্ছে না। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে প্লে গ্রাউণ্ড সম্বন্ধে। ছাত্রদের ব্যায়ামের কোন ব্যবস্থা না করলে স্বাস্থ্যের কোন উন্নতি হতে পারে না। আমরা বলি যে ছাত্ররা বক পলোটিক্স করে, লেখাপড়া করে না। আজকে তাদের যে অবকাশ থাকবে সেটার সদ্ব্যবহার করাতে হবে। তারজন্য ব্যবস্থা আছে, সেটা হচ্ছে খেলাধূলা এবং সেটাই বড় ব্যবস্থা। খেলাধূলার মাধ্যমে ছাত্রদের পিসফুলি অকুপায়েড রাখা যায় এবং তাতে তাদের স্বাস্থ্যেরও উন্নতি হয়। অথচ সেদিক

থেকে ব্যায়াম বিভাগের যে সমস্ত কর্মচারী আছে তাদের সঙ্গে আমি আলোচনা করে দেখেছি, তারা দুঃখ করে বলেছেন যে শিক্ষা বিভাগে যেসমস্ত উচ্চপদস্থ কর্মচারী আছেন তাঁরা সেই বিষয়ে উদাসীন। এবারে কটেজ ইণ্ডাস্ট্রি সম্বন্ধে দু'একটা কথা বলতে চাই। বাংলাদেশে যদি বেকার সমস্যা দূর করতে হয় তাহলে কটেজ ইণ্ডাস্ট্রিজ হচ্ছে তার একটা প্রকৃষ্ট উপায়। বেকার সমস্যা এখানে দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সুতরাং কটেজ ইণ্ডাস্ট্রি যদি আমরা বেশী করে স্থাপন করি তাহলে বেকার সমস্যা অনেকটা দূর হবে। আমাদের শিল্প বিভাগের মন্ত্রী বলেছিলেন আমাদের দেশে ২০ হাজার রেজিস্টার্ড কটেজ ইণ্ডাস্ট্রি রয়েছে এবং আনরেজিস্ট্রার্ড ২।৩ লক্ষ রয়েছে।

আর আনরেজিস্টার্ড বোধ হয় ২।৩ লাখ আছে কিন্তু আমরা চাই এটাকে আরো বেশী বাড়াতে। আমি বলি অক্সফোর্ড ইউনিভারসিটির ছাত্রেরা নিজেরা অবসর সময়ে খেটে অর্থোপার্জন করে। শিক্ষায় ব্যয় নির্বাহ করে। আজকে যদি ছোট ছোট ইণ্ডাস্ট্রী করে এক দিকে বেকার সমস্যার সমাধান করার জন্য এবং অপরদিকে ছাত্রদের আর্থিক সমস্যা দূরীভূত করবার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করতে পারি ছোটা পাশ্চাত্য দেশে গ্রহণ করেছে তাহলে পর ছাত্রদের পক্ষেও সুবিধা হয় এবং অভিভাবকদের পক্ষেও সুবিধা হয়। অধ্যক্ষ মহাশয় আমি আর একটা কথা বলেনি সেই টিফিন এবং মিলের ব্যাপারে এই সম্বন্ধে যে সিম্পল টোকেনের ব্যবস্থা করেছেন সেটা খুব সন্তোষজনক বলে মনে হয় না। ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্রে টিফিনের এবং মিলের জন্য যে ব্যবস্থা করা হয়েছে। আমাদের দেশে নাকি সেটা হবে বলে শুনছি জুন মাস থেকে—সেটা সমস্ত স্তরে যাতে বিস্তৃত হয় সে বিষয়ে চেষ্টা করা দরকার। এবং আমার প্রস্তাব হচ্ছে যারা অথশালী যারা অ্যাফোর্ড করতে পারে তাদের কাছ থেকে চার্জ নিয়ে বাকি ছাত্রের জন্য যেন অবিলম্বে বিনা মূল্যে করা হয়। বাংলাদেশের ছাত্রদের স্বাস্থ্য ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্রের ছাত্রদের স্বাস্থ্যের চেয়ে অনেক খারাপ, আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এ বিষয়ে একটু মন দেবেন। কারণ ছাত্রেরাই হচ্ছে জাতির ভবিষ্যত।

Shri Nirmal Chandra Bhattacharyya: On a point of personal explanation, Sir. A reference has been made to the Ananda Bazar Patrika. I have very great respect for the views of the Ananda Bazar Patrika but with all respect to it I cannot accept it as the authority so far as the economic statistics are concerned. I have quoted figures from India Pocket Book on Economic Information, Government of India, Ministry of Finance, Department of Economic Affairs. I have quoted the figures from the latest issue and according to that book between the years 1950-51 and 1962-63 we have been having an adverse balance of the figures that I have already quoted.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, my task has been made very easy because in course of the speeches my friends in the Opposition have mostly referred to the details of the different departmental grants particularly in regard to the Education grant. This item is only for Rs. 3,14,92,000. This amount was cut last year due to the Emergency. Our budgeted amount was raised by that amount but, Sir, it was the credit of the Government that even during the Emergency they have not yielded to any heavy cut on Education and we tried our utmost and straightaway effected further limit to see that activities of Education Department do not suffer for want of money. Therefore, the entire amount has been restored and that is why we have come forward with the Appropriation Bill and the Supplementary Budget.

Sir, on the question of education the Education Minister had extensively replied yesterday to certain charges when we were discussing the Appropriation Bill. Shri Nirmalya Bagchi has raised a fundamental question about giving American aid to the Calcutta University and Prof. Nirmal Chandra Bhattacharyya and Shri Nanda Kishore Ghosh, both respectable

members of the Senate and the Syndicate, have given documentary evidence to show that there is no truth in the allegation. The insinuation behind the statement of Shri Bagchi is as if the Government was in collusion with the American to get some financial help or that some political strings are attached to it. This is absolutely unfounded as has been shown by the documentary evidence. Government has not made its opinion. Government thinks that the University is a democratic body and that is the proper forum where teachers are adequately represented, and where they can give their views. Government is awaiting their views.

Sir, I was shocked and surprised to hear Shri Narendra Nath Das making a reference in connection with the alleged police actions when he was seriously complaining about some aspects of Belghuria incident. I was surprised to hear that in one night due to organised attack nearly 20 people were killed and several injured. And when the Police makes a screening search and takes effective measures even that is commented upon as if Police were inefficient and they were not there at the time.

If the police were not vigilant disastrous calamity would have taken place. Sir, some very unnecessary remarks have been made. However, I need not go into details. The observations of the different honourable members have been noted and the respective ministries will be informed.

Shri Nirmal Chandra Bhattacharyya has referred to the death of an unfortunate fire service man. I can assure him that Government has already provided sanction for asbestos suits from U.K. and necessary funds have been provided in this year's budget. Besides this most uptodate fire service equipments worth nearly 39 lakhs have been ordered. Moreover in Calcutta and industrial areas 30 tube-wells have been ordered to be sunk so that there may be adequate water to the fire-fighting squad. I hope that Appropriation Bill will be passed by the House.

Mr. Chairman: There is no amendment before the House.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Appropriation Bill (No. 2) as passed by the Assembly be taken into consideration was then put and agreed to.

Clauses 2, 3, schedule, the Preamble, the title and clause 1.

The question that clauses 2, 3, schedule, the Preamble, the title and clause 1 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I move that the Appropriation Bill (No. 2) as settled in the Council be passed.

The motion was then put and agreed to.

Mr. Chairman: The Appropriation Bill (No. 2) is returned.

Prorogation.

I have to make an announcement. I have it in command from the Governor that in exercise of the power conferred by sub-clause (a) of clause (2) of Article 174 of the Constitution the Governor has been pleased to ask that the Council shall stand prorogued with effect from the 30th March, 1964.

The House stands adjourned till then.

(The Council then adjourned at 2-34 p.m.)

Members absent.

Acharyya, Shri Snehangshu Kanta.
Bhattacharyya, Shri Santosh Kumar.
Bose, Shri Aurobindo.
Chakravarti, Shri Tripurari.
Chatterjee, Shri Devaprasad.
Choudhuri, Shri Annada Prosad.
Dossani, Shri G. A.
Ghosh, Shri Ashutosh.
Haldar, Shri Gopal.
Khaitan, Shri G. N.
Majumdar, Shri Rajendranath.
Muliah, Shri Pashupatinath.
Mohammad Jan, Shri Shaikh.
Moitra, Shri Mohit Kumar.
Prasad, Shri R. S.
Prodhan, Shri Lakshman,
Ray, Dr. Biswaranjan.
Roy, Shri Chittaranjan.
Roy, Shri Satya Priya.
Roy, Shri Surendra Kumar.
Sahu, Shri Jogindralal.
Sanyal, Shri Sasanka Sekhar.
Singha, Shri Jatindra.
Syed Shahedullah, Shri.
Dhandhania, Shri Kishori Lal.

Index to the

WEST BENGAL LEGISLATIVE COUNCIL DEBATES

Official Report

Vol. XXXIII—Thirty-third Session (Budget) 1964

(The 10th, 12th, 13th, 14th, 17th, 19th, 20th, 21st, 24th, 25th, 26th, 27th, 28th, 29th February, 2nd, 3rd, 23rd, 24th, 25th and 26th March, 1964.)

[(Q) Stands for question.]

Abandoned Development Schemes (Q):

p. 681.

Abdul Halim, Shri

Deaths due to the recent disturbances and police firing (Q): p. 646.

Death of Shri Bhudeb Sen: p. 646.

Destroyed factories and industrial establishments (Q): p. 454.

Discussion on Governor's Address: pp. 90-92.

Discussion on Supplementary Estimate for the year, 1963-64: pp. 739-741.

The disturbances (Q): p. 553.

General discussion on the budget: pp. 359-365.

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1964: pp. 178-179.

Number of unemployed persons (Q): p. 554.

Rate of wages of agricultural workers (Q): p. 647.

Rehabilitation of displaces families (Q): p. 454.

Relief to the affected families of the disturbances (Q): p. 553.

Value of properties looted or destroyed in the disturbances (Q): p. 553.

The West Bengal (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964: pp. 189-190.

Abdullah Rasul, Shri

Abandoned Development Schemes (Q): p. 681.

Discussion on Governor's Address: pp. 70-72, 73, 74, 75, 76, 77.

Discussion on the motion under Rule 162 regarding role of British representative in the U.N. Society Council on the Kashmir issue: pp. 606-607.

General discussion on the Budget for 1964-65: pp. 419-422.

Acharyya, Shri Snehangshu Kanta

Discussion on Governor's Address: pp. 286-289.

Act

The minimum wages—(Q): pp. 637-639.

Adult franchise

In Municipal Elections (Q): p. 203.

Advertisement(s)

Regarding National Defence (Q): p. 771.

Alcohol

From fruits (Q): p. 761.

Alleged molestation

Of a girl and a woman (Q): pp. 158-159.

Annual Report

Placing of—in the working and affairs of the Durgapur Projects Ltd. for the year 1962-63: p. 660.

Arrest of

Hindus fleeing from East Pakistan (Q): p. 215.

Award

Passed by the fifth industrial tribunal (Q): pp. 628-629.

Bagchi, Shri Nirmalya

Advertisements regarding National Defence (Q): p. 771.

Calling attention notice regarding non-availability of Peacock Reader published by the Education Directorate: p. 593.

Calling attention notice regarding supplies of copies of Rabindra Rachanabali: p. 650.

Discussion on Governor's Address: pp. 291-295.

General discussion on the Budget for 1964-65: pp. 500-503.

Non-official Resolutions regarding male teacher serving in any recognised aided girls' high school: p. 570.

Primary education (Q): pp. 768-769.

"Special cadre"—I.A. passed primary teachers (Q): p. 761.

Teachers serving in "State Plan" primary schools (Q): p. 766.

The West Bengal Appropriation (No. 2) Bill, 1964: p. 776-781.

Banerjee, Dr. Srikumar

Discussion on Governor's Address: pp. 237-240.

Purulia-Kotshila Railway Service (Q): p. 392.

Banerjee, Shri Sudhir Kumar

Discussion on Governor's Address: pp. 249-251.

General discussion on the Budget for 1964-65: pp. 504-505.

Basu, Shri Bijoy Behari

Discussion on Governor's Address: pp. 232-234.

General discussion on the Budget for 1964-65: pp. 508-510.

Non-official Resolutions: pp. 572-573.

Beldanga

Sugar Mill (Q): p. 59.

Bhattacharyya, Dr. Janaki Ballabha

Adult franchise in Municipal Elections (Q).: p. 203.

Bus services at Chinsurah (Q): p. 159.

Calcutta Telephone Directory (Q): p. 158.

The Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1964: pp. 182-183.

Calling attention notice regarding arrangement of migration certificates for the workers of Narayangunge Mill in East Pakistan: p. 70.

Calling attention notice regarding issue of migration certificates to the intending migrants from East Pakistan and arrangement of security for them en route: pp. 34-35.

Discussion on Governor's Address: pp. 243-246.

Discussion on supplementary Estimate for the year, 1963-64: pp. 741-743.

General discussion on the Budget for 1964-65: pp. 518-521.

The Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1964: pp. 185-186.

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1964: p. 179.

"Military Science" as an optional subject (Q): p. 33.

Number of employees in Refugee Relief and Rehabilitation Department (Q): p. 215-216.

Recruitment to the post of Secretary to the Board of Secondary Education, West Bengal (Q): p. 210.

Requisition of the Services of the N.C.C. (Q): p. 115.

Superannuated employees of the Finance Department (Q): p. 17.

Terms of appointment of the Secretary, Education Department (Q): pp. 159-160.

Use of Russian vaccination lymphs (Q): p. 54.

West Bengal Appropriation Bill, 1964: pp. 703-704.

The West Bengal Criminal Law (Amendment) Bill, 1964: p. 171.

The West Bengal (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964: p. 189.

Bhattacharyya, Shri Nagendra Kumar

Beldanga Sugar Mill (Q): p. 59.

Compensation payable to intermediaries (Q): pp. 766-767.

State Co-operative Council: p. 762.

Discussion on Governor's Address: pp. 220-222.

Discussion on the motion under Rule 162 regarding role of British representative in the U.N. Society Council on the Kashmir issue: pp. 601-603.

Distribution of chemical fertilisers to agriculturists (Q): p. 61.

Electrification in Murshidabad and Jangipur Municipalities (Q): p. 158.

Electric traction (Q): p. 401.

Free and compulsory education in Urban areas (Q): p. 50.

General discussion on the Budget for 1964-65: pp. 466-469.

Homoeopathic College and Hospital (Q): p. 496.

Increased production of crops in the Burdwan district (Q): p. 31.

Inspection of district courts (Q): pp. 623-627.

Bhattacharyya, Shri Nagendra Kumar—Concld.

Japanese method of cultivation (Q): p. 104.

State prosecution in magistrate's courts: p. 627.

Lalgola Mental Hospital (Q): p. 407.

Non-official Resolutions: p. 571.

Separation of the Judiciary from the Executive (Q): p. 16.

Subdivisional hospital at Lalbagh (Q): p. 22.

Textile mills in West Bengal (Q): p. 551.

